THE CALCUTTA SANSKRIT SERIES

Edited by

NARENDRACHANDRA VEDANTATIRTHA, M. A.

No. II — Vol. V

VĀLMĪKI-RĀMĀYAṆAM

(Bengal Recension)

SUNDARAKĀṆḌAM

(বাল্মীকীয়ং)

(রামায়ণম্)

(গৌড়ীয়-পাঠঃ)

লোকনাথ-চক্রবর্ত্তিকৃত-টীকয়া টীকান্তরসারভূয়িষ্ঠ-টিপ্পন্যা

বঙ্গানুবাদ-পাঠান্তরাদিভিশ্চ সমলঙ্কৃতম্

(সুন্দরকাণ্ডম্)

সাংখ্যতীর্থ-মীমাংসাতীর্থ-তত্ত্বরত্ন-শাস্ত্রি-

শ্রীনরেন্দ্রচন্দ্র বেদান্ততীর্থ-এম্-এ-

ভট্টাচার্য্যেণ সংস্কৃতম্

METROPOLITAN PRINTING & PUBLISHING HOUSE, LTD.

90, LOWER CIRCULAR ROAD, CALCUTTA

পাঠসঙ্কলনার্থমুপাত্তানাং পুস্তকানাং পরিচয়ঃ

ক-পুস্তকম্—(মুদ্রিতম্) ইটালীবাস্তব্যেন গোরেসিয়ো-মহাশয়েন সম্পাদিতম্।

ঘ-পুস্তকম্—(হস্তলিখিতম্) সংস্কৃত-সাহিত্যপরিষৎ-পুস্তকালয়াৎ প্রাপ্তম্।

ছ-পুস্তকম্— " পঞ্চনদবিশ্ববিদ্যালয়তো লব্ধম্।

ত-পুস্তকম্— " ঢাকা "মিউজিয়াম্" ইত্যস্মাল্লব্ধম্।

থ-পুস্তকম্— " বঙ্গীয়-সাহিত্যপরিষৎ-পুস্তকালয়াৎ প্রাপ্তম্ (১)।

দ-পুস্তকম্— " " " (২)।

উপাত্তানামেকদেশানাং টীকানাং বিবৃতিঃ

লো-টী—লোকনাথচক্রবর্ত্তি-কৃতা মনোহরাখ্যা টীকা।

গোঃ রাঃ—
গোঃ— } গোবিন্দরাজ-কৃতা রামায়ণভূষণাখ্যা টীকা।

শিরোঃ—
রাঃ— } রামায়ণ-শিরোমণিনাম্নী টীকা।

তিঃ—তিলক-টীকা।

নিবেদন

করুণাময় পরমেশ্বরের কৃপায় রামায়ণের সুন্দরকাণ্ড সম্পূর্ণ প্রকাশিত হইল। আশা করি, আগামী দুই বৎসরের মধ্যেই রামায়ণের শেষ খণ্ড পাঠকগণের হস্তে অর্পণ করিয়া ভগবানের আশীর্ব্বাদ-ভাজন হইতে পারিব।

এই দুঃসাধ্য কার্য্যে শ্রীযুক্ত হেমন্তকুমার কাব্য-ব্যাকরণ-তর্কতীর্থ মহাশয় ও শ্রীযুক্ত রামধন কাব্যতীর্থ মহাশয় নানাপ্রকারে সাহায্য করিয়া আমাকে উপকৃত করিয়াছেন।

পরিশেষে বক্তব্য এই যে, পাঠকগণ আমার ভুল-ভ্রান্তি উপেক্ষা করিয়া রামায়ণ পাঠের জন্য এই গ্রন্থের আদর করিলে শ্রম সফল জ্ঞান করিব। ইতি—

জুন, ১৯৫৮। শ্রীনরেন্দ্রচন্দ্র দেবশর্ম্মা।

দ্রষ্টব্য—রামায়ণের ৪০৯৯ পৃষ্ঠার পর হইতে ৪১৮১ পৃষ্ঠার পূর্ব্ব পর্য্যন্ত কয়েকটী পৃষ্ঠায় পৃষ্ঠাসংখ্যা ভুল মুদ্রিত হইয়াছে। ৪০৯৯-এর পর পৃষ্ঠা হইতে ৫০০০-এর পরিবর্ত্তে ৪১০০ ইত্যাদি হইবে।

কিষ্কিন্ধ্যা-কাণ্ডের ২৭শ সর্গের ১২শ শ্লোকের অনুবাদ ভ্রমক্রমে মুদ্রিত হয় নাই। তাহা এইরূপ হইবে—

আমাকে বনে যাইতে দেখিয়া অযোধ্যানগরীর যেরূপ আর্ত্তনাদ হইয়াছিল, [সম্প্রতি বর্ষাজলে] পরিপূর্ণ সরযূর কল্লোলধ্বনি নিশ্চয়ই সেইরূপ বর্দ্ধিত হইতেছে।

সুন্দরকাণ্ড-সূচী

প্রথম সর্গ। (১)

"সমুদ্রক্রমণ-চিন্তা"

বানরগণের সমুদ্রের উত্তর তীরে উপস্থিতি, সমুদ্রদর্শনে কাহারও কাহারও বিষাদ এবং তাহাদের প্রতি অঙ্গদের আশ্বাস-দান। বানরগণের নিকট অঙ্গদের সমুদ্রলঙ্ঘনের সামর্থ্যবিষয়ে প্রশ্ন, বহু বানরের আত্মশ্লাঘা-সহকারে স্ব স্ব উল্লঙ্ঘন-সামর্থ্যপ্রকাশ, জাম্ববান্ কর্তৃক হনুমানের প্রশংসা। (৩৪৭৯-৩৪৯৬ পৃঃ)।

দ্বিতীয় সর্গ। (২)

"হনুমদুত্তেজন"

জাম্ববান্ ও অঙ্গদ কর্তৃক হনুমানের প্রশংসা। বানরগণের মুখে হনুমানের বিচিত্র জন্ম-বৃত্তান্ত ও বাল্যকালে [illegible] সূর্য্যধারণপ্রয়াস-বর্ণন এবং সকলের হনুমানকে সমুদ্র লঙ্ঘন করিতে অনুরোধ। (৩৪৯৭-৩৫০৬ পৃঃ)।

তৃতীয় সর্গ। (৩)

"সমুদ্রলঙ্ঘন-ব্যবসায়"

সকলের প্রশংসায় আনন্দিত হইয়া হনুমানের বিশাল আকৃতি ধারণপূর্ব্বক সমুদ্রলঙ্ঘনে সামর্থ্যপ্রকাশ এবং স্বীয় পিতা 'কেশরী'র অত্যাচারী হস্তিবধপূর্ব্বক মুনিগণের নিকট অতুল পরাক্রমশালী চিরজীবী পুত্রবরলাভবৃত্তান্ত-কথন। হনুমানের আত্মমাহাত্ম্য-কীর্ত্তন এবং স্বীয় জন্মবৃত্তান্ত ও বাল্যকালীন সূর্য্যধারণ-প্রয়াস-বর্ণন। (৩৫০৭-৩৫২১ পৃঃ)।

চতুর্থ সর্গ। (৪)

"মহেন্দ্রারোহণ"

হনুমানের মহেন্দ্রপর্ব্বতে আরোহণ। মহেন্দ্রপর্ব্বতের বর্ণনা। হনুমানের পদভরে পর্ব্বতের চাঞ্চল্য—বৃক্ষাদির কম্পন, শিখরভঙ্গ, প্রস্রবণাদির বেগবৃদ্ধি, গৈরিকস্রাব, তত্রত্য পশুপক্ষীর সন্ত্রাস ইত্যাদি। (৩৫২২-৩৫২৫ পৃঃ)।

পঞ্চম সর্গ। (৫)

"হনুমৎপ্লবন"

বানরগণকর্তৃক সংবর্দ্ধিত হইয়া হনুমানের লঙ্কাভিমুখে লম্ফ প্রদান. তাঁহার বেগে বৃহৎ বৃহৎ বৃক্ষের উৎপাটিত হইয়া আকাশে উত্থান এবং চারিদিকে পুষ্পরাশির পতন। পুষ্পপুঞ্জ-সমাচ্ছন্ন হনুমানের বর্ণনা। হনুমানের গতিবেগে সমুদ্রে উত্তাল তরঙ্গসৃষ্টি। (৩৫২৬-৩৫৩৩ পৃঃ)।

ষষ্ঠ সর্গ। (৬)

"সুরসাবক্ত্রপ্রবেশ"

অনন্তর দেবতা ও গন্ধর্ব্ব প্রভৃতির আদেশে নাগমাতা সুরসার রাক্ষসীবেশে হনুমানের বিঘ্ন-উৎপাদন। সুরসা হনুমান্‌কে ভক্ষণ করিতে উদ্যত হইলে হনুমানের কলেবরবৃদ্ধি এবং

উত্তরোত্তর সুরসার মুখব্যাদান, পরিশেষে সুকৌশলে তাহার মুখ হইতে হনুমানের নিষ্কৃতি-লাভ। (৩৫৩৪-৩৫৩৯ পৃঃ)।

সপ্তম সর্গ। (৭)

"সুনাভোদ্গম"

সমুদ্রের ইক্ষ্বাকুবংশের প্রতি সম্মানপ্রদর্শনে অভিলাষ। সমুদ্রের অনুরোধে তাহার অভ্যন্তরমগ্ন মৈনাকপর্ব্বতের আকাশে মস্তক-উত্তোলন এবং বিশ্রামার্থে হনুমানের প্রতি অনুরোধ। হনুমানের প্রশ্নে মৈনাকের সমুদ্রগর্ভে অবস্থিতির কারণ-কথন। মৈনাকের অনুরোধ-বাক্যে হনুমানের সন্তোষ এবং কার্য্যব্যস্ততায় বিশ্রাম করিতে অসম্মতি-প্রকাশ। দেবরাজ ইন্দ্র-কর্ত্তৃক মৈনাককে অভয়দান। (৩৫৪০-৩৫৫৩ পৃঃ)।

অষ্টম সর্গ। (৮)

"সাগর-লঙ্ঘন"

পথিমধ্যে সিংহিকারাক্ষসীর আক্রমণ। সুকৌশলে তাহাকে বধ করিয়া হনুমানের পুনরায় আকাশমার্গে গমন। আকাশচারী প্রাণিগণের হনুমানের প্রতি আশীর্ব্বাদ। হনুমানের দূর হইতে লঙ্কানগরী-দর্শন এবং কিছু পরে সুবেল পর্ব্বতে অবতরণ। (৩৫৫৪-৩৫৫৯ পৃঃ)।

নবম সর্গ। (৯)

"হনুমানের লঙ্কাপ্রবেশ"

হনুমানের লঙ্কায় উপস্থিতি। লঙ্কানগরীর বর্ণনা। লঙ্কায় রক্ষণাবেক্ষণের সুব্যবস্থা-দর্শনে হনুমানের চিন্তা এবং সীতান্বেষণার্থে ক্ষুদ্র দেহ ধারণের সংকল্প। রাত্রিকালে বিড়ালপ্রমাণ দেহ ধারণ করত প্রাচীরোপরি আরোহণ এবং লঙ্কার অভ্যন্তরভাগ সন্দর্শনে হর্ষ ও বিষাদ। (৩৫৬০-৩৫৭২ পৃঃ)।

দশম সর্গ। (১০)

"লঙ্কাবিচয়"

হনুমানের বহুবিচিত্র অট্টালিকা দর্শনে আনন্দ, বহু রাক্ষস-দর্শন ও রাক্ষসীসঙ্গ-দর্শন। প্রসঙ্গতঃ লঙ্কানগরীর সুখ-সমৃদ্ধি ও আনন্দ-মুখরতার বর্ণনা। (৩৫৭৩-৩৫৭৭ পৃঃ)।

একাদশ সর্গ। (১১)

"প্রদোষবর্ণনা"

চন্দ্রোদয়-বর্ণনা। চন্দ্রোদয়ে রাক্ষসগণের বিহারপ্রবৃত্তি ও মত্ততা-প্রকাশ। সুন্দরী রমণীগণের কামোন্মাদ। হনুমানের বহু সুন্দরী রমণী সন্দর্শন ও সীতাকে না দেখিয়া দুঃখ। (৩৫৭৮-৩৫৮৭ পৃঃ)।

দ্বাদশ সর্গ। (১২)

"রাবণভবন-দর্শন"

হনুমানের সীতান্বেষণার্থে গৃহে গৃহে ভ্রমণ এবং ক্রমে রাবণের গৃহে উপস্থিত। রাবণের গৃহের রক্ষি-সমাবেশ ও গৃহসজ্জা প্রভৃতি-বর্ণনা। (৩৫৮৮-৩৫৯৪ পৃঃ)।

ত্রয়োদশ সর্গ। (১৩)

"সীতান্বেষণ"

রাবণের গৃহবর্ণনার শেষাংশ। সেখানে চারিদিকে অন্বেষণ করিয়াও সীতার দর্শন না পাইয়া হনুমানের দুঃখ। (৩৫৯৫-৩৫৯৯)।

চতুর্দ্দশ সর্গ। (১৪)

"অবরোধদর্শন"

অন্বেষণ করিতে করিতে হনুমানের পুষ্পকরথ দর্শন এবং একটি গৃহমধ্যে সহস্র সহস্র সুন্দরী রমণী-দর্শন। সেই রমণীগণের মত্ততা ও শয়নভঙ্গী প্রভৃতি-বর্ণনা। হনুমানের সীতার গুণোৎকর্ষ-অনুমান। (৩৬০০-৩৬১৬ পৃঃ)।

পঞ্চদশ সর্গ। (১৫)

"অন্তঃপুর-দর্শন"

অন্তঃপুরমধ্যে হনুমানের বহু সুন্দরী রমণী পরিবৃত নিদ্রিত রাবণকে দর্শন। মন্দোদরীকে প্রথমে সীতা বলিয়া সন্দেহ, পরে 'সীতা নহে' এইরূপ নিশ্চয়। পরদার-দর্শনজন্য হনুমানের অনুতাপ। সীতাকে না দেখিয়া, 'তিনি জীবিত নাই' এইরূপ নিশ্চয়। (৩৬১৭-৩৬৩১ পৃঃ)।

ষোড়শ সর্গ। (১৬)

"প্রাকারস্থ হনুমানের চিন্তা"

হনুমানের নানাভাবে সীতান্বেষণ। উপরে উঠিয়া, নীচে নামিয়া, রুদ্ধগৃহের কপাট খুলিয়া, রথাদির তলদেশে এবং অভ্যন্তরে প্রবেশ করিয়া—নানাভাবে অন্বেষণ করিয়াও সীতাকে না দেখিয়া প্রাচারোপরি উপবেশনপূর্ব্বক হনুমানের দুঃখ, সীতার মৃত্যু সম্বন্ধে আশঙ্কা, কর্ত্তব্যচিন্তা এবং আত্মহত্যা করিবার অথবা তপস্বী হইবার সংকল্প। (৩৬৩২-৩৬৬৫ পৃঃ)।

সপ্তদশ সর্গ। (১৭)

"অশোকবনিকা-প্রবেশ"

অনন্তর অদূরে অশোকবন দেখিতে পাইয়া হনুমানের তাহা অন্বেষণের সংকল্প। প্রসঙ্গতঃ অশোকবনের বর্ণনা। অন্বেষণার্থে হনুমানের গমনাগমনে বৃক্ষশাখার-ভঙ্গ, পুষ্প-পত্রাদিপতন এবং তত্রত্য পশু-পাখিপ্রভৃতির ত্রাস। হনুমানের কাঞ্চনময় বৃক্ষ ও পদ্মসরোবর-দর্শন এবং সেখানে জানকীর আগমন-সম্ভাবনায় পত্রান্তরালে লুক্কায়িত থাকিয়া পর্য্যবেক্ষণ। (৩৬৪৬-৩৬৫৭ পৃঃ)।

অষ্টাদশ সর্গ। (১৮)

"সীতাদর্শন"

অনুসন্ধান করিতে করিতে হনুমানের কদাকার রাক্ষসীবৃন্দে পরিবেষ্টিতা একটি রমণী-দর্শন। প্রসঙ্গতঃ অশোকবন-বর্ণনা, রাক্ষসীদিগের বর্ণনা এবং সীতার তাৎকালিক অবস্থা-বর্ণনা। সেই রমণীকে সীতা বলিয়া হনুমানের সন্দেহ। (৩৬৫৮-৩৬৭৪ পৃঃ)।

ঊনবিংশ সর্গ। (১৯)

"হনুমদ্-বিলাপ"

সেই রমণীকে সীতা বলিয়া নিশ্চয় এবং তাঁহার তাৎকালিক অবস্থা-দর্শনে হনুমানের শোক ও বিলাপ। (৩৬৭৫-৩৬৮১ পৃঃ)।

বিংশ সর্গ। (২০)

"রাবণ-দর্শন"

চন্দ্রোদয়ে হনুমানের সীতাকে স্পষ্টরূপে দর্শন। কামোন্মত্ত রাবণের সীতার নিকট আগমন। বৃক্ষশাখায় পত্রান্তরালে লুক্কায়িত থাকিয়া হনুমানের রাবণের কার্য্য-কলাপদর্শন। (৩৬৮২-৩৬৮৭ পৃঃ)।

একবিংশ সর্গ। (২১)

"সীতাসংস্থান-বর্ণন"

রাবণকে দেখিয়া সীতার ভয়ে সঙ্কুচিত হইয়া উপবেশন। রাবণের সীতাসন্দর্শন। প্রসঙ্গতঃ সীতার আকৃতিবর্ণনা। সীতার রোদন। হত্যার ভয় দেখাইয়া রাবণের সীতাকে প্রলুব্ধ করিবার চেষ্টা। (৩৬৮৮-৩৬৯৩ পৃঃ)।

দ্বাবিংশ সর্গ। (২২)

"সীতাপ্রলোভন"

রাবণ-কর্তৃক সীতার সৌন্দর্য্যবর্ণনা, সীতাকে প্রলুব্ধ করিবার জন্য স্বীয় বলবীর্য্যাদি-কীর্ত্তন, রামের রাজ্যভ্রংশ, দারিদ্র্য ও বনবাস ইত্যাদির উল্লেখ এবং নিজের অতুল সম্পদের প্রতি সীতার দৃষ্টি আকর্ষণের চেষ্টা। সীতার নিকট রাবণের কামভাব-প্রকাশ, সীতাকে প্রধান মহিষী হইতে অনুরোধ। (৩৬৯৪-৩৭০০ পৃঃ)।

ত্রয়োবিংশ সর্গ। (২৩)

"সীতাবাক্য"

রাবণের প্রতি সীতার ভর্ৎসনা। তাহাতে রাবণের ক্রোধ। রাবণের ক্রোধ ও তিরস্কারে সীতার ক্রোধ ও রামচন্দ্রের বীর্য্যাধিক্য-বর্ণনাপূর্ব্বক রাবণকে 'কুক্কুর' ইত্যাদি বলিয়া তিরস্কার। (৩৭০১-৩৭০৯ পৃঃ)।

চতুর্ব্বিংশ সর্গ। (২৪)

"রাবণ-গর্জ্জন"

সীতার কর্কশ বাক্যে রাবণের ক্রোধ হইলেও কামবশে ক্রোধের উপশম এবং মৃদু বাক্যে সীতাকে ভর্ৎসনা ও অনুনয়। সীতাকে মনোভাব পরিবর্ত্তনের জন্য দুই মাস সময়-দান। সীতা কর্ত্তৃক পুনরায় তীব্রভাষায় রাবণের প্রতি ভর্ৎসনা। সীতাকে বাধ্য করিবার জন্য রাক্ষসীদিগের প্রতি আদেশ দান করিয়া মন্দোদরী ও অন্যান্য রমণীগণের সহিত রাবণের প্রস্থান। (৩৭১০-৩৭১৮ পৃঃ)।

পঞ্চবিংশ সর্গ। (২৫)

"রাক্ষসী-তর্জ্জন"

অনন্তর রাক্ষসীগণের সীতাকে রাবণের প্রতি অনুরক্ত হইতে অনুরোধ। সীতার অসম্মতিতে তাহাদের ক্রোধ ও কর্কশ বাক্যে ভর্ৎসনা। তাহাদের লোলিহান জিহ্বা ও খড়্গাদি উত্তোলন-দর্শনে সীতার রোদন। (৩৭১৯-৩৭৩০ পৃঃ)।

ষড়্‌বিংশ সর্গ। (২৬)

"সীতানির্ব্বেদ"

রাক্ষসীগণের প্রলোভন এবং ভয়প্রদর্শনেও সীতার দৃঢ়তা। রাম-লক্ষ্মণের উদ্দেশে সীতার বিলাপ। রামের বিরহে স্বীয় জীবনের প্রতি বিতৃষ্ণা। রামচন্দ্রের পরাক্রমের প্রতি গভীর শ্রদ্ধার ফলে কথঞ্চিৎ আশার সঞ্চার। (৩৭৩১-৩৭৪০পৃঃ)।

সপ্তবিংশ সর্গ। (২৭)

"ত্রিজটার স্বপ্নদর্শন"

ত্রিজটানাম্নী একটী রাক্ষসীর—রামচন্দ্রের সহিত সীতার মিলন, রাক্ষসগণের পরাজয়, রাবণের শিরশ্ছেদ ইত্যাদি স্বপ্ন-দর্শন এবং অপর রাক্ষসীগণের নিকট সেই দুঃস্বপ্নের বৃত্তান্ত-কথন এবং সীতার ভবিষ্যৎ শুভ ফলের সূচনা। (৩৭৪১-৩৭৪৭ পৃঃ)।

অষ্টাবিংশ সর্গ। (২৮)

"সীতার শুভনিমিত্ত-সূচনা"

সীতার বিলাপ করিতে করিতে রাম, লক্ষ্মণ, সুমিত্রা, কৌশল্যা প্রভৃতির বিষয়-স্মরণ। 'কৃতান্তই মায়ামৃগ রূপে রামচন্দ্রকে নিহত করিয়াছে' এইরূপ ধারণা, পরিশেষে কতিপয় শুভলক্ষণ-দর্শনে কোনরূপে আশায় আশায় জীবন-ধারণ এবং সন্তাপের কথঞ্চিৎ লাঘব। (৩৭৪৮-৩৭৫২ পৃঃ)।

ঊনত্রিংশ সর্গ। (২৯)

"হনুমদ্বিচার"

সীতাকে দেখিয়া হনুমানের আনন্দ এবং তাঁহাকে আশ্বাস দান করিবার উপায়-চিন্তা। বহুচিন্তার পর রামচন্দ্রের গুণকীর্ত্তন করিয়া সীতার সহিত আলাপ আরম্ভ করিবার সঙ্কল্প। (৩৭৫৩-৩৭৬০ পৃঃ)।

ত্রিংশ সর্গ। (৩০)

"সীতাসম্মোহ"

হনুমান্ কর্ত্তৃক দশরথের গুণকীর্ত্তন, রামচন্দ্রের বনবাসবৃত্তান্ত-কথন এবং সীতাকে সম্বোধন করিয়া রামচন্দ্রের কুশল-জ্ঞাপন। তৎ-শ্রবণে সীতার আনন্দ, উদ্ধাদিকে নিরীক্ষণ ও মূর্চ্ছা। মূর্চ্ছাভঙ্গে 'বানরবাক্য সত্য হউক' এইরূপ প্রার্থনা। (৩৭৬১-৩৭৬৫ পৃঃ)।

একত্রিংশ সর্গ। (৩১)

"হনুমৎসম্ভাষণ"

হনুমানের প্রশ্নে সীতার আত্ম-পরিচয়-প্রদান এবং বিবাহের পর হইতে তৎকাল-পর্য্যন্ত কয়েকটী ঘটনার বর্ণনা। রাক্ষসীগণের অত্যাচার এবং রাবণকর্ত্তৃক দুইমাসমাত্র সময়-নির্দ্দেশের

বৃত্তান্ত-কথন। সীতার সন্দেহ-দূরীকরণার্থে হনুমানের আত্মপরিচয়-প্রদান। সীতার হনুমানের নিকটে আগমন। (৩৭৬৬-৩৭৮০ পৃঃ)।

দ্বাত্রিংশ সর্গ। (৩২)

"অঙ্গুরীয়-প্রদান"

সীতার প্রশ্নে হনুমানের রামলক্ষ্মণের আকৃতি, রূপ ও চরিত্র-বর্ণনা। সীতাহরণের পরবর্তী ঘটনার উল্লেখ। নিজেদের নানাস্থানে অন্বেষণের বিবরণ। সত্বর রাবণবধের সম্ভাবনা জ্ঞাপন করিয়া সীতাকে আশ্বাস-প্রদান। রামনামাঙ্কিত অঙ্গুরীয় সমর্পণ, তদ্দর্শনে সীতার আনন্দ। (৩৭৮১-৩৭৯৩ পৃঃ)।

ত্রয়স্ত্রিংশ সর্গ। (৩৩)

"সীতাবাক্য"

হনুমানের সীতার পাদমূলে প্রণাম। হনুমানকে যথার্থ দূত বলিয়া বিশ্বাস করিয়া সীতার আনন্দ। সীতা কর্তৃক হনুমানের প্রশংসা এবং রামচন্দ্রের বিষয়ে বিবিধ প্রশ্ন। লক্ষ্মণ, সুমিত্রা, কৌশল্যা, ভরত ও তদীয় সৈন্যবর্গের কুশলপ্রশ্ন এবং সত্বর রাবণকে সবংশে নিহত দেখিবার অভিলাষ-প্রকাশ। (৩৭৯৪-৩৮০৩ পৃঃ)।

চতুস্ত্রিংশ সর্গ। (৩৪)

"হনুমদ্বাক্য"

হনুমান্ কর্তৃক সীতার বিরহে রামচন্দ্রের শোক, বিলাপ ও দৈন্যপ্রাপ্তি প্রভৃতি বর্ণন এবং তাঁহাকে উদ্ধার করিতে রামচন্দ্র সচেষ্ট, এই বলিয়া সীতাকে আশ্বাস দান। (৩৮০৪-৩৮০৯ পৃঃ)।

পঞ্চত্রিংশ সর্গ। (৩৫)

"হনুমৎ-প্রত্যয়"

হনুমানের নিকট সীতার স্বীয় উদ্ধারবিষয়ে উৎসুক্যপ্রকাশ। রাবণের নির্দ্দিষ্ট সময়ের দুইমাস মাত্র অবশিষ্ট আছে, এই কথার পুনরুল্লেখ। বিভীষণ ও 'অবিন্ধ্য'-নামক রাক্ষসের রাবণকে সদুপদেশদানের কথা। হনুমানের সীতাকে লইয়া যাইবার ইচ্ছা প্রকাশ এবং স্বীয় বিশাল দেহ-প্রদর্শন। সীতার হনুমানের পৃষ্ঠে আরোহণ করিতে অসম্মতি-প্রকাশ এবং সত্বর সদলবলে রামচন্দ্রকে লঙ্কায় উপস্থিত করিতে অনুরোধ। (৩৮১০-৩৮১৯ পৃঃ)।

ষট্‌ত্রিংশ সর্গ। (৩৬)

"চূড়ামণি-প্রদান"

সীতার নিকট হনুমানের অভিজ্ঞান-প্রার্থনা। রামচন্দ্রের উদ্দেশে সীতার কয়েকটী উত্তেজনাপূর্ণ উক্তি এবং অভিজ্ঞানস্বরূপ বনবাসকালীন চিত্রকূট পর্ব্বতের একদিনের ঘটনা ও একটী কাকের প্রতি ঈষীকাস্ত্র নিক্ষেপের বৃত্তান্ত-বর্ণন। রাম ও লক্ষ্মণের উদ্দেশে সীতার বহু প্রার্থনাগর্ভ উক্তি এবং হনুমানের প্রার্থনায় বেণীসম্বন্ধ মণি-প্রদান। (৩৮২০-৩৮২৫ পৃঃ)।

সপ্তত্রিংশ সর্গ। (৩৭)

"অশোকবনিকাভঙ্গ"

গমনোদ্যত হনুমানের প্রতি সীতার পুনরায় কাতর অনুরোধ-জ্ঞাপন। হনুমানের সীতাকে আশ্বাস-দান। সীতার নিকট বিদায় লইয়া হনুমানের বিক্রমপ্রকাশের ইচ্ছা, যুদ্ধ-সংঘটনের

উপায়-অন্বেষণ এবং রাবণকে ক্রুদ্ধ করিবার অভিপ্রায়ে তাহার আদরের অশোকবন বিধ্বংসিত করিয়া প্রাচারোপরি আরোহণ। (৩৮৩৮-৩৮৪৫ পৃঃ)।

অষ্টাত্রিংশ সর্গ। (৩৮)

"চৈত্যবিধ্বংসন"

হনুমানের গর্জ্জন ও বনভঙ্গের শব্দে তত্রত্য পশু-পক্ষিগণের সন্ত্রাস এবং লঙ্কাবাসিগণের চাঞ্চল্য। রাক্ষসীগণের সীতার নিকট হনুমানের পরিচয়-জিজ্ঞাসা, সীতার রাক্ষসী মায়া সম্বন্ধে স্বীয় অনভিজ্ঞতা-কথন। রাবণের নিকট এই সংবাদ-জ্ঞাপন। রাবণের ক্রোধ ও হনুমানকে ধরিবার জন্য একদল রাক্ষস-প্রেরণ। তাহাদিগকে দেখিয়া হনুমানের চৈত্য-প্রাসাদে আরোহণ। হনুমানের বহু রাক্ষস-সংহার এবং স্বীয় পরিচয়-ঘোষণা। (৩৮৪৬-৩৮৫৬ পৃঃ)।

ঊনচত্বারিংশ সর্গ। (৩৯)

"সৈন্যসংক্ষয়"

হনুমানের চৈত্যপ্রাসাদ ও কাননভঙ্গ। পূর্ব্বপ্রেরিত রাক্ষসগণের নিধনসংবাদ-শ্রবণে রাবণের ক্রোধ এবং পুনর্ব্বার একদল রাক্ষস-প্রেরণ। হনুমানের হস্তে সেই রাক্ষসগণের নিধন। তৎ শ্রবণে প্রহস্তের পুত্র জম্বুমালীর প্রতি রাবণের যুদ্ধার্থে আদেশ। (৩৮৫৭-৩৮৫৯ পৃঃ)।

চত্বারিংশ সর্গ। (৪০)

"জম্বুমালিবধ"

গর্দ্দভবাহিত রথে জম্বুমালীর যুদ্ধযাত্রা। জম্বুমালীর শরক্ষেপে হনুমানের শিলা ও বৃক্ষ-ক্ষেপণের ব্যর্থতা। হনুমানের পরিঘনিক্ষেপে জম্বুমালীর প্রাণত্যাগ। সংবাদ শ্রবণে রাবণের ক্রোধ এবং মন্ত্রিপুত্রদিগের প্রতি যুদ্ধার্থে আদেশ। (৩৮৬০-৩৮৬৩ পৃঃ)।

একচত্বারিংশ সর্গ। (৪১)

"মন্ত্রিপুত্রবধ"

সুসজ্জিত রথারোহণে সাতজন মন্ত্রিপুত্রের যুদ্ধযাত্রা। তাহাদের হনুমানের প্রতি শরবৃষ্টি। হনুমানের দ্রুত-সঞ্চরণ-কৌশলে তাহাদের শরক্ষেপের বিফলতা। হনুমানের পদাঘাত, চপেটাঘাত ও নখাঘাতে তাহাদের মৃত্যু। (৩৮৬৪-৩৮৬৭ পৃঃ)।

দ্বিচত্বারিংশ সর্গ। (৪২)

"পঞ্চসেনাপতিবধ"

হনুমানের বন্ধনার্থে রাবণের পঞ্চসেনাপতি-প্রেরণ। সাধারণ বানরবোধে হনুমানকে উপেক্ষা করিতে নিষেধ। রাবণের আদেশে যুদ্ধসজ্জায় সজ্জিত হইয়া তাহাদের প্রস্থান। হনুমানের সহিত যুদ্ধে একে একে সকলের মৃত্যু। (৩৮৬৮-৩৮৭৬)।

ত্রিচত্বারিংশ সর্গ। (৪৩)

"অক্ষকুমার-বধ"

অনন্তর হনুমানের সহিত যুদ্ধার্থে অক্ষাসুরকে প্রেরণ। অক্ষাসুরের শরাঘাতে হনুমানের সাময়িক ক্লেশ এবং তাহাকে মারিয়া ফেলিবার সংকল্প। হনুমানের করাঘাতে অক্ষাসুরের রথভঙ্গ ও সারথির মৃত্যু। পরে হনুমানের হস্তে অক্ষাসুরের মৃত্যু এবং যক্ষ, বিদ্যাধর, পন্নগ ও দেবগণের বিস্ময়। (৩৮৭৭-৩৮৮২ পৃঃ)।

চতুশ্চত্বারিংশ সর্গ। (৪৪)

"ইন্দ্রজিতের যুদ্ধযাত্রা"

তারপর সেই সংবাদ শুনিয়া রাবণের ইন্দ্রজিতের প্রতি যুদ্ধার্থে আদেশ। রাবণ কর্ত্তৃক ইন্দ্রজিতের প্রশংসা। সাবধানে যুদ্ধ করিবার নির্দ্দেশ-দান। রাবণকে প্রদক্ষিণ করিয়া ইন্দ্রজিতের রথারোহণে যুদ্ধযাত্রা। (৩৮৮১-৩৮৮৬ পৃঃ)।

পঞ্চচত্বারিংশ সর্গ। (৪৫)

"হনুমদ্গ্রহণ"

হনুমানের সহিত ইন্দ্রজিতের যুদ্ধ। ব্রহ্মাস্ত্রদ্বারা ইন্দ্রজিতের হনুমান্‌কে বন্ধন। তারপর রাক্ষসগণ-কর্ত্তৃক শণ, পাট ও গাছের বল্কলদ্বারা হনুমান্ বদ্ধ হইলে ইন্দ্রজিৎ-কর্ত্তৃক ব্রহ্মাস্ত্র-মোচন। রাক্ষসগণের হনুমান্‌কে রাবণের নিকট আনয়ন। (৩৮৮৭-৩৮৯২ পৃঃ)।

ষট্‌চত্বারিংশ সর্গ। (৪৬)

"রাবণ-দর্শন"

হনুমানের রাবণকে নিরীক্ষণ। রাবণের বল-বীর্য্য ও সৌন্দর্য্যদর্শনে হনুমানের বিস্ময়। মনে মনে তাঁহার পরাক্রমের প্রশংসা ও "অধর্ম্ম-পরায়ণ না হইলে ইনি স্বর্গেরও রাজা হইতে পারিতেন," ইত্যাদি নানাবিধ চিন্তা। (৩৮৯৩-৩৮৯৬ পৃঃ)।

সপ্তচত্বারিংশ সর্গ। (৪৭)

"প্রহস্তবাক্য"

রাবণের আদেশে হনুমানের প্রতি প্রহস্তের 'তুমি কে? কোথা হইতে আসিয়াছ'? ইত্যাদি প্রশ্ন। তদুত্তরে হনুমানের আত্মপরিচয়-দান এবং 'রাবণকে দেখিবার জন্যই বনভঙ্গ', 'আত্মরক্ষার্থে রাক্ষস-নিধন' ইত্যাদি-কথন। (৩৮৯৭-৩৯০০ পৃঃ)।

অষ্টচত্বারিংশ সর্গ। (৪৮)

"দূতবাক্য"

রাবণের নিকট হনুমানের সুগ্রীবের আদেশে সীতান্বেষণার্থে স্বীয় আগমন এবং সুগ্রীবের সহিত রামের সখ্যস্থাপন ইত্যাদি বৃত্তান্ত-কথন। বানরগণের পরাক্রমকীর্ত্তন, সীতাকে রামচন্দ্রের নিকট প্রত্যর্পণের উপদেশ। রামের পরাক্রম এবং ভার্য্যাপহারী শত্রুর সংহারে প্রতিজ্ঞা-কথন। হনুমানের কথায় রাবণের ক্রোধ এবং তাঁহাকে বধ করিবার আদেশ-দান। (৩৯০১-৩৯০৮ পৃঃ)।

ঊনপঞ্চাশ সর্গ। (৪৯)

• "বিভীষণবাক্য"

রাবণ হনুমানের বধাদেশ করিলে 'দূতকে বধ করা উচিত নহে', এই বলিয়া বিভীষণের নিবারণ এবং 'হনুমানের বধে কোন লাভ হইবে না' ইত্যাদি-কথন। (৩৯০৯-৩৯১১ পৃঃ)।

পঞ্চাশ সর্গ। (৫০)

"লাঙ্গূল-প্রদীপন"

বিভীষণের কথায় রাবণের হনুমান্‌কে বধ করিবার সংকল্প-পরিত্যাগ এবং তাঁহার লাঙ্গূল দগ্ধ করিবার আদেশ। রাবণের আদেশে ক্রুদ্ধ রাক্ষসগণের বস্ত্ররাশি ও তৈলসংযোগে হনুমানের

লাঙ্গুলে অগ্নিপ্রদান এবং তাহাকে লইয়া লঙ্কানগরীর চারিদিকে ভ্রমণ। এই সংবাদ শ্রবণে সীতার কাতরতা ও অগ্নির উদ্দেশ্যে হনুমানের মঙ্গল-প্রার্থনা। হনুমানের কৌশলে বন্ধনমোচন ও রাক্ষস-সংহার। (৩৯১৩ ৩৯২০ পৃঃ)।

একপঞ্চাশ সর্গ। (৫১)

"লঙ্কাদাহ"

লাঙ্গুলস্থ অগ্নিদ্বারা হনুমানের লঙ্কানগরীর প্রতিগৃহে অগ্নিসংযোগ। তদ্দ্বারা সমগ্র লঙ্কানগরী দাহ। তদ্দর্শনে বহু রাক্ষসের হনুমান্‌কে আক্রমণ এবং হনুমানের হস্তে মৃত্যু। সমুদ্র-সলিলে হনুমানের লাঙ্গুল-নির্বাপণ। (৩৯২১-৩৯২৬ পৃঃ)।

দ্বিপঞ্চাশ সর্গ। (৫২)

"সীতাসংশয়"

লঙ্কার অবস্থা দর্শনে হনুমানের চিন্তা এবং সীতার জীবনসম্বন্ধে সংশয়। 'সীতার মরণে রামচন্দ্র ও ইক্ষ্বাকুবংশের নিধন হইবে' এই ভাবিয়া হনুমানের স্বকৃত কার্য্যের জন্য অনুতাপ ও আত্মহত্যা করিবার ইচ্ছা। পরে কয়েকটী শুভ লক্ষণ দর্শনে এবং আকাশচারী চারণগণের বাক্যে সীতাকে জীবিত জানিয়া হনুমানের আশ্বাস ও প্রত্যাবর্ত্তনের সংকল্প। (৩৯২৭-৩৯৩৩ পৃঃ)।

ত্রিপঞ্চাশ সর্গ। (৫৩)

"সরমাবাক্য"

সীতার নিকট সরমার উপস্থিতি এবং হনুমানের কুশল-কথন ও পরাক্রম-কীর্ত্তন। সেই প্রসঙ্গে সরমার দগ্ধ লঙ্কানগরীর অবস্থা-বর্ণনা এবং সীতাকে আশ্বাস-প্রদান। (৩৯৩৪-৩৯৩৯ পৃঃ)।

চতুঃপঞ্চাশ সর্গ। (৫৪)

"সীতাশ্বাসন"

হনুমানের পুনরায় সীতার নিকট গমন। তাহার নিকট সীতার কাতরতা-প্রকাশ ও তাহাকে বিশ্রাম করিতে অনুরোধ। হনুমানের সীতাকে নানাভাবে আশ্বাস-প্রদান। (৩৯৪০-৩৯৪৫ পৃঃ)।

পঞ্চপঞ্চাশ সর্গ। (৫৫)

"অরিষ্টারোহণ"

সীতাকে অভিবাদনপূর্ব্বক সমুদ্রলঙ্ঘনার্থে হনুমানের অরিষ্ট-পর্ব্বতে আরোহণ। হনুমানের পদভরে সেই পর্ব্বতের শিখরভঙ্গ ও অবনতি ইত্যাদি তাৎকালিক অবস্থা-বর্ণনা। (৩৯৪৬-৩৯৫০ পৃঃ)।

ষট্‌পঞ্চাশ সর্গ। (৫৬)

"হনুমানের প্রত্যাবর্ত্তন"

হনুমানের আকাশে আরোহণ। তাহার গর্জ্জন শ্রবণে পরপারস্থিত বানরগণের আনন্দ। হনুমানের গতিবেগের বর্ণনা। হনুমানের পরপারে অবতরণ ও সংক্ষেপে "সীতাকে দেখিয়াছি" এই উক্তি। বানরগণের হনুমান্‌কে ঘিরিয়া উপবেশন। (৩৯৫১-৩৯৫৮ পৃঃ)।

সপ্তপঞ্চাশ সর্গ। (৫৭)

"হনুমদ্বাক্য"

হনুমানের নিকট জাম্ববানের কার্য্যবৃত্তান্ত বিষয়ে প্রশ্ন। হনুমানের পথিমধ্যে 'সুরসা', 'সিংহিকা' ও 'মৈনাকে'র বৃত্তান্ত-বর্ণনা। তারপর লঙ্কায় প্রবেশ, সীতান্বেষণ, বনভঙ্গ, যুদ্ধ, লঙ্কাদাহ, সীতার সহিত কথোপকথন ইত্যাদি সমস্ত বিষয়ের আনুপূর্ব্বিক বর্ণনা। (৩৯৫৯-৩৯৮৮ পৃঃ)।

অষ্টপঞ্চাশ সর্গ। (৫৮)

"সীতাপ্রশংসা"

বানরগণের নিকট হনুমানের—সীতার পাতিব্রত্য, বনমধ্যে রাক্ষসীগণের তিরস্কার ও দুঃখ-দুর্দ্দশা কথন এবং তাঁহার চরিত্রমাহাত্ম্য কীর্ত্তন। (৩৯৮৯-৩৯৯২ পৃঃ)।

একোনষষ্টিতম সর্গ। (৫৯)

"অঙ্গদবাক্য"

হনুমানের কথা শুনিয়া অঙ্গদের সীতাকে উদ্ধার করিবার জন্য পুনরায় সমুদ্রলঙ্ঘনের ইচ্ছা প্রকাশ এবং স্বীয় বলবীর্য্যাদি কীর্ত্তন। সকল বানরকে কষ্ট না দিয়া কয়েকজন দলপতির সাহায্য প্রার্থনা। (৩৯৯৩-৩৯৯৭ পৃঃ)।

ষষ্টিতম সর্গ। (৬০)

"মধুবনাগমন"

অঙ্গদের প্রস্তাবে জাম্ববানের অসম্মতি জ্ঞাপন এবং তাহার কারণ-নির্দ্দেশ। অন্যান্য বানরগণের জাম্ববানের উক্তি সমর্থন। অনন্তর বানরগণের মধুবনে উপস্থিতি এবং অঙ্গদের নিকট মধুবনে মধুপান করিবার অনুমতি প্রার্থনা। (৩৯৯৮-৪০০২ পৃঃ)।

একষষ্টিতম সর্গ। (৬১)

"মধুবনবিধ্বংসন"

অঙ্গদের অনুমতি লাভে বানরগণের আনন্দ এবং মধুবনে যথেচ্ছ বিহার ও মধুপান। তাহাদের উদ্ধত বিহারে বনের সৌন্দর্য্যহানি, বৃক্ষরাজির পত্র-পুষ্পাদিভঙ্গ। তদ্দর্শনে বৃদ্ধ বনপালক দধিমুখের বাধা প্রদান। (৪০০৩-৪০০৭ পৃঃ)।

দ্বিষষ্টিতম সর্গ। (৬২)

"দধিমুখ-নিবারণ"

মধুপানপূর্ব্বক বানরগণের গর্জ্জন এবং দধিমুখের নিযুক্ত বনরক্ষক বানরগণের প্রতি অবজ্ঞা ও তাহাদিগকে গুহ্যপ্রদর্শন। তাহাদের অভিযোগে ক্রুদ্ধ হইয়া দধিমুখের আগমন। তাহাদের সহিত দধিমুখ ও তদীয় অনুচরগণের সংঘর্ষ, অঙ্গদের হস্তে দধিমুখের পরাজয়। (৪০০৮-৪০১২ পৃঃ)।

ত্রিষষ্টিতম সর্গ। (৬৩)

"দধিমুখবাক্য"

পরাজিত দধিমুখের সদলবলে সুগ্রীবের নিকট গমন এবং বিষণ্ণবদনে কৃতাঞ্জলি হইয়া অবস্থিতি। (৪০১৩-৪০১৫ পৃঃ)।

চতুঃষষ্টিতম সর্গ। (৬৪)

"দধিমুখ-নিবেদন"

সুগ্রীবের দধিমুখের প্রতি কুশলপ্রশ্ন এবং বিমর্ষভাব কারণ-জিজ্ঞাসা। দধিমুখ কর্তৃক সুগ্রীবের নিকট বানরগণের মধুবন বিধ্বংসন ইত্যাদি সমস্ত বৃত্তান্তকথন এবং তাহার প্রতিকার প্রার্থনা। ইহা শ্রবণে অঙ্গদাদির কৃতকার্য্যতা বিষয়ে সুগ্রীবের অনুমান এবং 'দধিমুখ'কে সান্ত্বনা-দানপূর্ব্বক হনুমান্ প্রভৃতিকে উপস্থিত হইবার জন্য আদেশ দান। (৪০১৬-৪০২২ পৃঃ)।

পঞ্চষষ্টিতম সর্গ। (৬৫)

"বানর-প্রয়াণ"

সুগ্রীবের আদেশে 'দধিমুখের' অঙ্গদের নিকট গমন। দধিমুখের নিকট সুগ্রীবের আদেশ অবগত হইয়া অঙ্গদ প্রভৃতি বানরগণের তথা হইতে আগমন। (৪০২৩-৪০২৮ পৃঃ)।

ষট্‌ষষ্টিতম সর্গ। (৬৬)

"সুগ্রীববাক্য"

'অঙ্গদ ও হনুমান্ প্রভৃতি বানরগণ নিশ্চয়ই সীতার সংবাদ জানিয়াছে' এই বলিয়া সুগ্রীবের শোকসন্তপ্ত রামচন্দ্রকে আশ্বাস দান। ইত্যবসরে বানরগণের তথায় উপস্থিতি। (৪০২৯-৪০৩৩ পৃঃ)।

সপ্তষষ্টিতম সর্গ। (৬৭)

"অভিজ্ঞানমণি-সমর্পণ"

বানরগণের সুগ্রীবের নিকট আগমন ও সীতার সংবাদ কথন। রামচন্দ্রের প্রশ্নের উত্তরে হনুমানের সংক্ষেপে সমস্ত বৃত্তান্ত কথন এবং অভিজ্ঞান-মণি প্রদানপূর্ব্বক সীতার কথিত মনঃশিলার তিলক ও কাকের প্রতি ইষীকাস্ত্র নিক্ষেপের বৃত্তান্তকথন ও তাঁহাকে উদ্ধার করিতে অনুরোধ। (৪০৩৪-৪০৪১ পৃঃ)।

অষ্টষষ্টিতম সর্গ। (৬৮)

"রামপরিদেবন"

সেই মণি দর্শনে রামচন্দ্রের বিলাপ এবং সীতা কি বলিয়াছেন, তাহা পুনঃ পুনঃ বলিবার জন্য হনুমানের প্রতি আদেশ। (৪০৪২-৪০৪৫ পৃঃ)।

ঊনসপ্ততিতম সর্গ। (৬৯)

"হনুমদ্বাক্য"

রামের আদেশে হনুমানের পুনরায় সীতার কথিত কাকের বৃত্তান্ত সবিস্তরে বর্ণনা এবং সীতার প্রত্যেকটী কাতরতাপূর্ণ উক্তি ও অনুরোধের যথাযথভাবে উল্লেখ। (৪০৪৬-৪০৫৫ পৃঃ)।

সপ্ততিতম সর্গ। (৭০)

"হনুমদ্বাক্য"

রামের নিকট হনুমানের সীতার উক্তির অবশিষ্টাংশ কথন। সীতার সন্দেহ ভঞ্জনার্থে হনুমানের উক্তি এবং তাহাতে সীতার প্রসন্নতার কথা রামের নিকট হনুমানের উল্লেখ। (৪০৫৬-৪০৬২ পৃঃ)।

একসপ্ততিতম সর্গ। (৭১)

"হনুমৎপ্রশংসা"

হনুমানের কথায় রামচন্দ্রের আনন্দ, হনুমানের ভূয়সী প্রশংসা এবং পুরস্কারার্থে হনুমানকে আলিঙ্গন। সমুদ্রলঙ্ঘনের উপায় না দেখিয়া চিন্তা। (৪০৬৩-৪০৬৭ পৃঃ)।

দ্বিসপ্ততিতম সর্গ। (৭২)

"সুগ্রীববাক্য"

রামচন্দ্রের শোকাকুলতা দর্শনে সুগ্রীবের সান্ত্বনা দান, সমুদ্রলঙ্ঘন বিষয়ে আশা প্রদান এবং যুদ্ধার্থে উৎসাহ দান। (৪০৬৮-৪০৭২ পৃঃ)।

ত্রিসপ্ততিতম সর্গ। (৭৩)

"লঙ্কার দুর্গসন্নিবেশবর্ণন"

রাক্ষসদিগের সৈন্যসংখ্যা, লঙ্কানগরীর দুর্গনির্ম্মাণ-পদ্ধতি ইত্যাদি বিষয়ে রামচন্দ্রের হনুমানের নিকট প্রশ্ন। তদুত্তরে হনুমানের যথাযথভাবে সমস্ত বর্ণনা ও রামচন্দ্রকে উৎসাহ-দান। (৪০৭৩-৪০৭৭ পৃঃ)।

চতুঃসপ্ততিতম সর্গ। (৭৪)

"বানরানীকপ্রয়াণ"

রামচন্দ্রের পুনরায় প্রশ্নে হনুমান্ কর্তৃক সমুদ্রের ভীষণত্ব, লঙ্কার পরম সমৃদ্ধি, দুর্গসংখ্যা, বাহিনী-সন্নিবেশ এবং সৈন্যসম্পদ্ ইত্যাদি বিশদভাবে বর্ণনা। রামচন্দ্রের সেই মুহূর্ত্তেই যাত্রা

করিবার অভিলাষ। সুগ্রীবের আদেশে বানরসৈন্যগণের বিপুল উদ্যমে যুদ্ধযাত্রা ও যাত্রাকালীন শুভ লক্ষণ ইত্যাদি। (৪০৭৮-৪০৯২ পৃঃ)।

পঞ্চসপ্ততিতম সর্গ। (৭৫)

"সাগরদর্শন"

বানরগণ সহ রামচন্দ্রের বিন্ধ্যপর্ব্বতে উপস্থিতি, তথাকার সৌন্দর্য্য দর্শন এবং বানরগণের সেখানে মধুপান। ক্রমে ক্রমে তাহাদের বিন্ধ্য, মলয় ও মহেন্দ্রপর্ব্বত অতিক্রম করিয়া সমুদ্রতীরে উপস্থিতি। রামচন্দ্রের আদেশে সেই স্থানে সৈন্য-সংস্থাপন। সমুদ্রদর্শনে বানরগণের আনন্দ। (৪০৯৩-৪১০১ পৃঃ)।

ষট্‌সপ্ততিতম সর্গ। (৭৬)

"রামবিলাপ"

লক্ষ্মণের নিকট রামচন্দ্রের স্বীয় ভাগ্যবিপর্য্যয় ও সীতার বর্ত্তমান দুঃখ-দুর্দ্দশার উল্লেখপূর্ব্বক অতিশয় বিলাপ। (৪১০২-৪১০৬ পৃঃ)।

সপ্তসপ্ততিতম সর্গ। (৭৭)

"নিকষাবাক্য"

হনুমানের লঙ্কা হইতে প্রস্থানের পর রাক্ষস-রাজমাতা নিকষার বিভীষণের প্রতি রাবণকে সদুপদেশ প্রদানার্থে অনুরোধ এবং রামচন্দ্রের পরাক্রম ও রাবণের দুর্নীতির উল্লেখপূর্ব্বক ভীতি প্রকাশ। মাতার আদেশে বিভীষণের রাবণের নিকট গমন। (৪১০৭-৪১১২ পৃঃ)।

অষ্টসপ্ততিতম সর্গ। (৭৮)

"উৎপাতবর্ণন"

বিভীষণের রাজসভায় প্রবেশ এবং "সীতার আগমনের পর হইতে নানা অনিষ্ট সংঘটিত হইতেছে এবং নানা অশুভ লক্ষণ দেখা যাইতেছে" ইত্যাদি বলিয়া সীতাকে রামচন্দ্রের নিকট প্রত্যর্পণ করিবার জন্য রাবণকে অনুরোধ, রাবণের তাহাতে অসম্মতি প্রকাশ। (৪১১৩-৪১১৮ পৃঃ)।

ঊনাশীতিতম সর্গ। (৭৯)

"রাবণবাক্য"

হনুমানের অত্যাচারে ক্রুদ্ধ হইয়া তাহার প্রতিকারের উপায় সম্বন্ধে রাবণের মন্ত্রিগণের নিকট প্রশ্ন। প্রসঙ্গতঃ মন্ত্রণার উৎকর্ষাপকর্ষ-বর্ণনা। (৪১১৯-৪১২৩ পৃঃ)।

অশীতিতম সর্গ। (৮০)

"রাবণব্যবস্থাপন"

মন্ত্রিগণ কর্ত্তৃক রাবণের স্তুতিবাদ ও পূর্ব্ব পরাক্রম কীর্ত্তনপূর্ব্বক বর্ত্তমান বিপদকে তুচ্ছজ্ঞান

করিতে উপদেশ। "রামকে ইন্দ্রজিতই বধ করিতে পারিবে" এই বলিয়া ইন্দ্রজিতের পরাক্রম কীর্ত্তন। (৪১২৪-৪১২৮ পৃঃ)।

একাশীতিতম সর্গ। (৮১)

"মন্ত্রিবাক্য"

প্রহস্ত ও ত্রিশিরা প্রভৃতি রাক্ষসগণের আস্ফালন এবং রাম-লক্ষ্মণ ও বানরসৈন্যগণকে বধ করিবার ইচ্ছা প্রকাশ। (৪১২৯-৪১৩২ পৃঃ)।

দ্ব্যশীতিতম সর্গ। (৮২)

"বিভীষণবাক্য"

রাক্ষসগণের উদ্ধত আস্ফালন দর্শনে বিভীষণের পুনরায় হিতোপদেশ-দান এবং বহু যুক্তি প্রদর্শনপূর্ব্বক সীতাকে প্রত্যর্পণ করিতে অনুরোধ এবং না করিলে বহু অনিষ্টের সম্ভাবনা কথন। (৪১৩৩-৪১৪০ পৃঃ)।

ত্র্যশীতিতম সর্গ। (৮৩)

"প্রহস্তবাক্য"

মন্ত্রিগণের নিকট রাবণের মন্ত্রণা প্রার্থনা। তদুত্তরে প্রহস্ত কর্ত্তৃক যুদ্ধার্থে সজ্জিত হইবার পরামর্শদান এবং রাম ও তদীয় দূতের দুর্নীতি কথন। (৪১৪১-৪১৫৪ পৃঃ)।

চতুরশীতিতম সর্গ। (৮৪)

"মহোদরবাক্য"

'মহোদর' কর্ত্তৃক প্রহস্তের উক্তি সমর্থন, যুদ্ধ করিবার অনুকূলে বহু যুক্তির অবতারণা এবং রাত্রিযুদ্ধে রাক্ষসগণের জয়লাভের সম্ভাবনায় রাত্রিযুদ্ধের পরামর্শ দান। (৪১৫৫-৪১৫৯ পৃঃ)।

পঞ্চাশীতিতম সর্গ। (৮৫)

"বিরূপাক্ষবাক্য"

'রাক্ষসগণের নিকট বানরসৈন্যগণ অতি তুচ্ছ' এই বলিয়া বিরূপাক্ষকর্ত্তৃক যুদ্ধ-পরামর্শ সমর্থন এবং যুদ্ধার্থে স্বীয় উদ্যম প্রকাশ। (৪১৬০-৪১৬৩ পৃঃ)।

ষড়শীতিতম সর্গ। (৮৬)

"পুনর্বিভীষণবাক্য"

বিভীষণ কর্ত্তৃক পূর্ব্বোক্ত মন্ত্রিবর্গের মন্ত্রণার নিন্দা এবং রামকে নিরপরাধ প্রতিপাদন। 'পরস্ত্রীধর্ষণ ধর্ম্মবিরুদ্ধ' এই বলিয়া সীতাকে রামচন্দ্রের নিকট প্রত্যর্পণ করিবার পরামর্শ-দান। (৪১৬৪-৪১৬৭ পৃঃ)।

সপ্তাশীতিতম সর্গ। (৮৭)

"রাবণবাক্য"

বিভীষণের বাক্যে রাবণের ক্রোধ, বহু শ্লেষপূর্ণ বাক্যে বিভীষণকে তিরস্কার এবং তাঁহাকে পরিত্যাগ করিয়া সকলকে যুদ্ধার্থে প্রস্তুত থাকিতে আদেশ। (৪১৭১-৪১৭৬ পৃঃ)।

অষ্টাশীতিতম সর্গ। (৮৮)

"বিভীষণবাক্য"

বিভীষণের পুনরায় রাবণকে সদুপদেশ প্রদান এবং রাবণের আশ্রয় ত্যাগ করিয়া রামের শরণাপন্ন হইবার অভিপ্রায় প্রকাশ। (৪১৭৭-৪১৮২ পৃঃ)।

নবাশীতিতম সর্গ। (৮৯)

"বিভীষণবাক্য"

বিভীষণের বাক্যে রাবণের ক্রোধ এবং অসিহস্তে উত্থিত হইয়া বিভীষণকে পদাঘাত। রাবণের পদাঘাতে বিভীষণের আসন হইতে পতন। প্রহস্তের নিবারণে নিষ্কাশিত অসি পুনরায় কোষমধ্যে স্থাপন করিয়া রাবণের উপবেশন। বিভীষণের মৃদুবাক্যে মন্ত্রিগণের প্রতি ভর্ৎসনা এবং রামের নিকট গমন করিবার অভিপ্রায় প্রকাশ। (৪১৮৩-৪১৮৯ পৃঃ)।

নবতিতম সর্গ। (৯০)

"পুনর্বিভীষণবাক্য"

রাবণের বিভীষণকে বিদ্বেষভাবাপন্ন জ্ঞাতিশত্রু বলিয়া তিরস্কার। বিভীষণের ক্রোধ ও রাবণকে ধিক্কার দান এবং রামের বাণে মৃত্যুর আসন্নতা কথন। (৪১৯০-৪১৯৫ পৃঃ)।

একনবতিতম সর্গ। (৯১)

"বিভীষণাগমন"

বিভীষণের কৈলাসপর্ব্বতে গমন এবং কুবের ও মহাদেবের উপদেশে তথা হইতে রামচন্দ্রের নিকট গমন। তাঁহাকে দেখিয়া বানরগণের শত্রুসন্দেহে বধ করিবার অভিলাষ। বিভীষণের উচ্চৈঃস্বরে আত্ম-পরিচয় দান এবং রামচন্দ্রের চরণাশ্রিত হইবার অভিলাষ প্রকাশ। সুগ্রীব প্রভৃতি বানরের তাঁহাকে রাবণপ্রেরিত গুপ্তচর বলিয়া সন্দেহ। (৪১৯৬-৪২১০ পৃঃ)।

দ্বিনবতিতম সর্গ। (৯২)

"বিভীষণ-পরীক্ষা"

রামচন্দ্রের সমস্ত বানরদলপতির সহিত পরামর্শ। অঙ্গদ প্রভৃতির বিভীষণকে পরীক্ষা করিবার পরামর্শ-দান। হনুমানের তাহা অসমর্থন এবং পরীক্ষার অসৌকর্য্য কথন। বিভীষণের যথার্থ আশ্রিত হওয়ার অনুকূলে যুক্তিপ্রদর্শন। রামচন্দ্র এবং সুগ্রীবের তাহা সমর্থন। (৪২১১-৪২১৯ পৃঃ)।

ত্রিনবতিতম সর্গ। (৯৩)

"বিভীষণবাক্য"

রামচন্দ্রের বিভীষণকে আশ্রয় প্রদানের অভিপ্রায়। সুগ্রীবের আহ্বানে বিভীষণের রামের নিকট আগমন। রামকর্তৃক বিভীষণের সহিত সখ্য স্থাপন। রামের নিকট বিভীষণের আত্ম-পরিচয় দান ও রাক্ষসসংহারে সাহায্য করিবার অভিলাষ প্রকাশ। (৪২২০-৪২২৪ পৃঃ)।

চতুর্নবতিতম সর্গ। (৯৪)

"সমুদ্রোপবেশ"

রামের আদেশে লক্ষ্মণকর্তৃক সমুদ্রসলিলদ্বারা বিভীষণকে রাক্ষসরাজ্যে অভিষিক্ত করণ। হনুমান্ ও সুগ্রীবের বিভীষণের নিকট সমুদ্রলঙ্ঘনের উপায় জিজ্ঞাসা। বিভীষণের উপদেশে সমুদ্রের শরণাগত হইবার জন্য সমুদ্রদর্শনাভিলাষে রামচন্দ্রের সংযত ও মৌনী হইয়া কুশাসনে উপবেশন। ৪২২৫-৪২২৮ পৃঃ)।

পঞ্চনবতিতম সর্গ। (৯৫)

"শরদাহ"

কুশশয্যায় ত্রিরাত্র অতিবাহিত হইল, তথাপি সমুদ্রের দর্শন না পাইয়া রামচন্দ্রের সমুদ্রের প্রতি ক্রোধ এবং শরক্ষেপণ। তাঁহার শরজালে সমুদ্রের বিক্ষোভ, অভ্যন্তরবর্ত্তী মকর-কুম্ভীরাদির আর্ত্তনাদ। অনন্তর সমুদ্রের দর্শনদান। (৪২২৯-৪২৩৩ পৃঃ)।

ষণ্ণবতিতম সর্গ। (৯৬)

"সমুদ্রোদ্গম"

রক্তবস্ত্র এবং রক্তমালা পরিধানপূর্ব্বক সমুদ্রের অভ্যুত্থান এবং কৃতাঞ্জলিপুটে রামচন্দ্রের নিকট উপস্থিত হইয়া তাঁহাকে পথপ্রদান করিতে অঙ্গীকার। সমুদ্রের পরামর্শে নলের সমুদ্রোপরি সেতুনির্ম্মাণে সম্মতি প্রকাশ। (৪২৩৪-৪২৪০ পৃঃ)।

সপ্তনবতিতম সর্গ। (৯৭)

"সেতুবন্ধন"

সুগ্রীবের আদেশে বানরগণের পর্ব্বত, বৃক্ষ, লতা প্রভৃতি আহরণ। তদ্দ্বারা নলকর্তৃক সমুদ্রোপরি দশযোজন প্রস্থ শতযোজন দীর্ঘ সেতু নির্ম্মাণ। আকাশস্থ দেবতা, গন্ধর্ব্ব, সিদ্ধ ও ঋষিগণকর্তৃক রামচন্দ্রের প্রশংসা। একমাস মধ্যেই সেতুবন্ধন করিয়া বানরগণের সমুদ্র অতিক্রম। শত্রুবিনাশার্থে বিভীষণের গদাহস্তে সমুদ্রতীরে অবস্থান। (৪২৪৮-৪২৫৭ পৃঃ)।

সুন্দরকাণ্ড-সূচী সমাপ্ত।

রামায়ণম্

সুন্দরকাণ্ডম্

——:০:——

(১) প্রথমঃ সর্গঃ

আখ্যাতে গৃধ্ররাজেন সমুৎপত্য[1] প্লবঙ্গমাঃ।
সহিতাঃ প্রীতিসংহৃষ্টাঃ[2] সিংহনাদং বিনেদিরে[3] ॥ ১ ॥
তে[4] তু গত্বা সমুদ্রস্য দক্ষিণস্যোত্তরং[5] গিরিম্[6]।
সমুদ্রং দদৃশুর্ভীমং তিমি-নক্র-সমাকুলম্[7] ॥ ২ ॥

নত্বা রঘুকুলনন্দং পবনং নঃ স্বপ্রভুপদকমলনিরতং তমোহপনোদম্।
শ্রীলোকনাথবুধ এষ মনোহরাখ্যাং রামায়ণস্য বিবৃতিং প্রমুদে তনোতি ॥
অধুনা সুন্দরং কাণ্ডং ব্যাখ্যাস্যামো যথামতি।
হনূমদ্বিক্রমাদীনি যত্রাপূর্বাণি বাহবাৎ ॥

[লো-টী] রাত্রিন্দিবমৈর্গজ্জন্ একাদশ্যাং রাত্রিং প্রাপ্য রামায় অবস্থিতয়ে বরুণালয়মাসেতুঃ। [তৃতীয়পাঠান্তরং দ্রষ্টব্যম্।]

গৃধ্ররাজ সম্পাতী [লঙ্কানগরীর কথা] বলিলে বানরগণ সকলে মিলিত হইয়া প্রীতি-প্রফুল্লচিত্তে উল্লম্ফনপূর্ব্বক সিংহের ন্যায় গর্জ্জন করিতে লাগিলেন ॥ ১ ॥

তাঁহারা দক্ষিণ সমুদ্রের উত্তর তীরবর্ত্তী পর্ব্বতে গমন করিয়া তিমি ও কুম্ভীর-পরিপূর্ণ ভীষণ সমুদ্র দেখিতে পাইলেন ॥ ২ ॥

১। খ 'সমতীত্য'। ২। দ '-সংহৃষ্টাঃ'। ৩। অতঃ পরং খ-ক-পুস্তকয়োঃ "সম্পাতের্বচনং শ্রুত্বা হরয়ো বরুণালয়ম্। হৃষ্টাঃ সাগরমাজগ্মুঃ সীতাদর্শনকাঙ্ক্ষিণঃ ॥ রাত্রিন্দিবৈঃ সৈশ্চেব হরয়স্তে সমুৎসুকাঃ। ('-স্তাপি কম্পয়ন্তো বসুন্ধরাম্' ক)। অতীতৈকাদশাং রাত্রিমাসেদুর্বরুণালয়ম্ ॥" ইত্যধিকম্। ৪। ক 'গত্বা তু তে', খ 'তেঽপি'। ৫। খ '-ণাং দিশম্'। ৬। অতঃ পরং দ-পুস্তকে "রাত্রিন্দিবৈঃ সৈশ্চেব হরয়স্তে সমুৎসুকাঃ। মাত্রাদেকাদশীরাত্রে (?) গবেষুর্বরুণালয়ম্ ॥" ইত্যধিকম্। ৭। ছ '-ঝষা-'।

তং সমুদ্রং সমালোক্য বানরা ভীমবিক্রমাঃ ।
সর্ব্বলোকস্য[১] মহতঃ প্রতিবিম্বমিবার্ণবম্[২] ॥ ৩ ॥
সত্ত্বৈর্মহদ্ভির্ব্বিকৃতৈঃ ক্রীড়দ্ভির্ব্বহুভির্জ্জলে ।
ব্যাদিতাস্যৈর্মহাকায়ৈরূর্ম্মিভিশ্চ[৩] সমাবৃতম্[৪] ॥ ৪ ॥
প্রসুপ্তমিব চান্যত্র ক্রীড়ন্তমিব কুত্রচিৎ ।
ক্বচিৎ[৫] পর্ব্বতমাত্রৈশ্চ জলরাশিভিরুচ্ছ্রিতৈঃ[৬] ॥ ৫ ॥
সঙ্কুলং দানবেন্দ্রৈশ্চ পাতালতলবাসিভিঃ[৭] ।
লোমহর্ষণমক্ষোভ্যং দৃষ্ট্বা[৮] তে সাগরং তদা ॥ ৬ ॥
দক্ষিণস্য সমুদ্রস্য তীরমুত্তরমাগতাঃ ।
সন্নিবেশং ততশ্চক্রুঃ সর্ব্বে তে হরিযূথপাঃ ॥ ৭ ॥

৩। লো-টী। তং সমুদ্রমিতি। সর্ব্বলোকস্য যো মহান্ শ্রীনারায়ণস্তস্য প্রতিবিম্বমিব আশ্রয়ভূতম্ অর্ণবং ক্ষীরার্ণবমিব, নিত্যং ক্ষীরোদশায়িত্বাৎ, অতিবিস্তারং সমুদ্রং সমালোক্য বিস্মিতা বভূবুরিতি শেষঃ। 'অন্তর'মিতি পাঠে অন্তরবর্ত্তিনং মধ্যে সমালোক্য। 'স্বর্গলোকস্যে'তি-পাঠে স্বর্গীয়জনস্য মহতো হরেঃ, অন্যৎ সমানম্।

৪। লো-টী। সমুদ্রং বিশিনষ্টি সত্ত্বৈরিত্যাদিনা। সত্ত্বৈঃ প্রাণিভিঃ বিকৃতৈঃ বিকটাকারৈঃ।

৫। লো-টী। অন্যত্র কুত্রচিৎ।

৬। লো-টী। রোমাণি হৃষ্যন্তি যতঃ লোমহর্ষণম্।

৭। লো-টী। সন্নিবেশমবস্থানম্।

ভীম-পরাক্রম বানরগণ সমস্ত জগতের মধ্যে যিনি মহান্, তাঁহার অর্থাৎ নারায়ণের প্রতিবিম্ব অর্থাৎ আশ্রয়ভূত ক্ষীরার্ণবের ন্যায় [অতি বিশাল] এবং জলে ক্রীড়াশীল বিকটাকার বিশালকায় বিস্ফারিত-মুখ বহু জন্তু ও তরঙ্গমালায় সমাচ্ছন্ন সেই সমুদ্র দেখিয়া [বিস্মিত হইলেন] ॥ ৩-৪ ॥

তখন কোথাও নিদ্রিতের ন্যায় [নিশ্চল], কোথাও ক্রীড়াপরায়ণের ন্যায় [চঞ্চল], কোথাও পর্ব্বত-প্রমাণ অত্যুচ্চ জলরাশি-দ্বারা এবং পাতালতলবাসী শ্রেষ্ঠ দানবগণকর্ত্তৃক পরিব্যাপ্ত, রোমাঞ্চজনক, অক্ষোভণীয় সমুদ্র সন্দর্শন করিয়া সেই দক্ষিণ সমুদ্রের উত্তর তীরগত বানরদলপতিগণ সকলেই সেইখানে অবস্থান করিতে লাগিলেন ॥ ৫--৭ ॥

১। খ 'স্বর্গলো-'। ২। খ '-ন্তরম্'। ৩। '-ভুজগেন্দ্রৈঃ'। ৪। চ-খ 'সমাকুলম্'। ৫। চ 'কুত্রচিৎ পর্ব্বতাকারৈ'। ৬। খ 'চলদ্ভিশ্চক্রবাটিভিঃ', চ-ত-খ 'চলদ্ভিশ্চক্রচারিভিঃ'। ৭। খ '-চারিভিঃ'। ৮। ত 'ততঃ'।

আকাশমিব নিষ্পারং[1] দৃষ্ট্বা[2] তে সাগরং ততঃ[3]।
নিষেদুঃ[4] কপয়ঃ কেচিৎ কেচিজ্জহৃষিরে[5] তদা ॥ ৮ ॥
বিষণ্ণবদনান্[6] দৃষ্ট্বা[7] তত্র কাংশ্চিৎ প্লবঙ্গমান্।
আশ্বাসনার্থং তেজস্বী তারেয়ো বাক্যমব্রবীৎ[8] ॥ ৯ ॥
অনুমান্য হরীন্ বৃদ্ধানিতরাননুশাস্য চ।
উবাচ মা পুনর্ভৈষ্ট কৃতকৃত্যা দৃঢ়ং[9] বয়ম্ ॥ ১০ ॥
নিশাং তাবদিমাং সর্ব্বে বসন্তু[10] বিগতজ্বরাঃ।
শ্বঃ প্রভাতে করিষ্যামো যন্নঃ শ্রেয়ো ভবিষ্যতি[11] ॥ ১১ ॥
অথ রাত্র্যাং ব্যতীতায়ামঙ্গদো হরিসত্তমঃ[12]।
সহ তৈর্ব্বানরৈঃ সর্ব্বৈর্নিষসাদ[13] গিরেস্তটে ॥ ১২ ॥

১০। গো-টী। দৃঢ়ং 'নিশ্চয়ং যথা ভব'তি তথা।

সেই বানরগণ, তখন আকাশের ন্যায় অন্তহীন সমুদ্র দেখিয়া কেহ বা বিষণ্ণ হইলেন, কেহ বা আনন্দিত হইলেন ॥ ৮ ॥

তাহাদের মধ্যে কোন কোন বানরের মুখ বিষণ্ণ দেখিয়া তারা-পুত্র তেজস্বী অঙ্গদ আশ্বাস প্রদানের জন্য এই কথা বলিলেন—॥ ৯ ॥

[অঙ্গদ] বৃদ্ধ বানরদিগকে অভিনন্দন করিয়া এবং অন্যান্য বানরদিগকে উপদেশ দিয়া বলিলেন—"আপনারা আর ভীত হইবেন না, আমরা নিশ্চয়ই কৃতকার্য্য হইব ॥ ১০ ॥

সকলে সন্তাপশূন্য হইয়া এই রাত্রি অবস্থান করুন, আগামী কল্য প্রভাতে আমাদের যাহা ভাল হইবে তাহা করিব" ॥ ১১ ॥

অনন্তর রাত্রি অতীত হইলে, বানরশ্রেষ্ঠ অঙ্গদ সমস্ত বানরের সহিত পর্ব্বতের তটদেশে উপবেশন করিলেন ॥ ১২ ॥

১। ছ-ধ 'দুষ্পারং'। ২। ভ 'গ্রহনক্ষত্রসঙ্কুলম্'। ৩। অতঃ পরং ভ-পুস্তকে "জীমূতমিব গচ্ছন্তং মন্দরভ্রমণাদিব। হুঙ্কারভীষণং নাদং দৃষ্ট্বা তে সাগরং ততঃ।" ইত্যধিকম্। ৪। ছ-ধ-ন 'বিষেদুঃ'। ৫। ক 'মুদা'। ৬। ঘ-দ 'বিবর্ণ-'। ৭। প '-নাংস্তত্র দৃষ্ট্বা'। ৮। অতঃ পরং ভ-দ-পুস্তকয়োঃ "ন হি বো গমনে ভঙ্গঃ কদাচিৎ কস্য কুত্রচিৎ।" ইত্যধিকম্। ৯। ভ-দ 'দৃঢা', থ 'বয়ং দৃঢম্'। ১০। ঘ-ছ-ভ 'বসত প্রগত-', থ 'বসধ্বং' দ 'বহুবুদ্ধি-'। ১১। ভ 'ভবেদিতি'। ১২। ক '-যূথপঃ'। ১৩। দ '-ন্বিষ-'।

[১]সা বানরাণাং ধ্বজিনী পরিবার্য্যাঙ্গদং বভৌ।
বাসবং পরিবার্য্যেব[২] বাহিনী মরুতাং[৩] যথা ॥ ১৩ ॥
কোঽন্যস্তাং বানরীং সেনাং শক্তঃ স্তম্ভয়িতুং[৪] ভবেৎ।
অঙ্গদাদ্[৫] দ্বিবিদান্মৈন্দাদন্যতো বা হনূমতঃ ॥ ১৪ ॥
তান্ বিষাদেন মহতা সহসাঽভিপরিপ্লু[৬]তান্ !
বালিপুত্রোঽঙ্গদো ধীমানিদং বচনমব্রবীৎ ॥ ১৫ ॥
ন বিষাদং মহাবীর্য্যাঃ কর্ত্তুমর্হথ বানরাঃ।
বিষণ্ণো হি জনঃ শক্তো[৭] ন ভবত্যর্থসাধকঃ[৮] ॥ ১৬ ॥
যো বিষাদং[৯] প্রসহতে বিক্রমে সমুপস্থিতে।
তেজসা তস্য যুক্তস্য পুরুষার্থো ন রিচ্যতে[১০] ॥ ১৭ ॥
ন বিষাদে[১১] মনঃ কার্য্যং বিষাদো বিষমুত্তমম্[১২]।
মারয়ত্যকৃতপ্রজ্ঞং বালং ক্রুদ্ধ ইবোরগঃ[১৩] ॥ ১৮ ॥

১৪। লো-টী। স্তম্ভয়িতুং স্তম্ভনং স্থিরীকর্ত্তুম্।
১৭। লো-টী। প্রসহতে পরিত্যজতি। ন রিচ্যতে রিক্তো ন ভবতি, 'ন হীয়তে' ইতি বা পাঠঃ।
১৮। লো-টী। ন বিদ্যতে কৃতা শাস্ত্রবিহিতা প্রজ্ঞা জ্ঞানং যস্য তম্। 'কৃতং যুগে সমর্থেঽথ বিহিতে হিংসিতে ত্রিষু' ইতি কোষঃ।

অমর-বাহিনী যেরূপ ইন্দ্রকে বেষ্টন করিয়া শোভা পায়, সেইরূপ সেই বানর-বাহিনী অঙ্গদকে বেষ্টন করিয়া শোভা পাইতে লাগিল ॥ ১৩ ॥

অঙ্গদ, দ্বিবিদ, মৈন্দ অথবা হনূমান্ ভিন্ন অন্য কোন্ ব্যক্তি সেই বানর-সৈন্যকে সংযত করিতে পারে ? ॥ ১৪ ॥

বালিপুত্র বুদ্ধিমান্ অঙ্গদ সহসা বিষাদমগ্ন সেই বানর-সৈন্যদিগকে এই কথা বলিলেন—॥ ১৫ ॥

হে মহাবলশালী বানরগণ, আপনাদের বিষণ্ণ হওয়া উচিত নহে ; কারণ, বিষণ্ণ ব্যক্তি শক্তিমান্ হইলেও কার্য্য সাধন করিতে পারে না। ॥ ১৬ ॥

সঙ্কট উপস্থিত হইলে যে ব্যক্তি বিষাদ পরিত্যাগ করে, সেই তেজস্বী পুরুষের পৌরুষ কখনও বিফল হয় না। ॥ ১৭ ॥

১। দ 'তদ্'। ২। ক '-বার্য্যেব'। ৩। ঙ 'বাহিনী', দ 'মরুতাং'। ৪। দ 'স্থাপয়িতুং ভবেৎ'। ৫। দ '-বন্দ্যো', খ '-দস্য এব হ-'। ৬। ব '-প্লাবি-'। ৭। গ-ঙ 'শক্তো'। ৮। গ '-সাধনে'। ৯। ঙ 'বিষ-', খ 'ব স-'। ১০। খ-ঙ 'হীয়তে', ছ 'ভিদ্যতে', গ-দ 'বিচ্যতে'। ১১। দ '-বাদং'। ১২। ছ 'বিষমুচ্যতে'। ১৩। দ '-মিবো-'।

কো যোজনশতং সাগ্রং লঙ্ঘয়েত প্লবঙ্গমাঃ।
ক ইমান্ বানরান্ সর্ব্বান্ মোক্ষয়েদ্ বধবন্ধনাৎ ॥ ১৯ ॥
বাসবস্য সবজ্রস্য ব্রহ্মণো বা স্বয়ম্ভুবঃ।
বিক্রম্য সহসা[২] হস্তাদমৃতং স ইহানয়েৎ ॥ ২০ ॥
চন্দ্রাদপহরেল্লক্ষ্মীং[৩] তেজো বা রবিমণ্ডলাৎ।
লঙ্কামিতো বিক্রমেণ গচ্ছেদ্[৪] য ইতি মে মতিঃ ॥ ২১ ॥
বিক্রম্য য ইতো[৫] লঙ্কাং গত্বা[৬] তু পুনরাব্রজেৎ।
বুদ্ধ্বা[৭] বুদ্ধ্বা[৮] সমাখ্যাতু যস্য যা পরমা গতিঃ ॥ ২২ ॥
যস্য প্রসাদাৎ পুত্রাংশ্চ[৯] দারাংশ্চৈব ধনানি চ।
ইতো নিবৃত্তাঃ পশ্যামঃ[১০] সিদ্ধার্থাঃ সুখিনো বয়ম্ ॥ ২৩ ॥
কস্য[১১] প্রসাদাদ্রামঞ্চ লক্ষ্মণঞ্চ[১২] মহারথম্[১৩]।
অভিগচ্ছেম[১৪] সংহৃষ্টাঃ সুগ্রীবঞ্চ[১৫] মহাবলম্ ॥ ২৪ ॥

মনকে বিষাদমগ্ন করা উচিত নহে; বিষাদ উৎকট বিষ-স্বরূপ; ক্রুদ্ধ সর্প যেরূপ বালককে বিনাশ করে, বিষাদ সেইরূপ বিজ্ঞানহীন লোকের বিনাশের হেতু হয় ॥১৮॥

বানরগণ, কে এই শত-যোজনবিস্তৃত সমুদ্র লঙ্ঘন করিবেন এবং কে এই সকল বানরকে মৃত্যুপাশ হইতে মোচন করিবেন? ॥ ১৯ ॥

আমার মনে হয়—যিনি এই স্থান হইতে বিক্রমপূর্ব্বক লঙ্কায় গমন করিবেন, তিনি বজ্রধারী ইন্দ্রের অথবা স্বয়ম্ভু ব্রহ্মার হস্ত হইতে বলপূর্ব্বক অমৃত আনয়ন করিবেন অথবা চন্দ্র হইতে শোভা ও সূর্য্যমণ্ডল হইতে তেজ আহরণ করিবেন ॥ ২০-২১ ॥

এখান হইতে যিনি বিক্রমপূর্ব্বক লঙ্কায় গমন করিয়া পুনরায় আগমন করিতে পারিবেন এবং যাঁহার যতটুকু গমনশক্তি আছে, তাহা তিনি বিবেচনাপূর্ব্বক বলুন; তাঁহার অনুগ্রহে আমরা কৃতকৃত্য ও আনন্দিত হইয়া এখান হইতে প্রত্যাবর্ত্তন-পূর্ব্বক পুত্র-কলত্র এবং ধন দেখিতে পাইব ॥ ২২-২৩ ॥

আমরা কাহার অনুগ্রহে হৃষ্টচিত্তে মহারথ রাম-লক্ষ্মণ ও বলবান্ সুগ্রীবের নিকট গমন করিতে পারিব? ॥ ২৪ ॥

১। দ '-ভ্রয়েৎ প্লবগোত্তমঃ'। ২। ঘ 'ক', দ 'সহসা বলাৎ'। ৩। ক '-অপি হরে-', ছ '-দথ স লক্ষ্মীক'। ৪। ত 'গচ্ছেয়মিতি'। ৫। দ 'ইমাং'। ৬। খ ঙ 'গত্বা স', ছ-ত 'গত্বাসৌ', দ 'গত্বা তাং'। ৭। খ 'বুদ্ধ্যাভ্যস্তমাখ্যাত যস্য শীঘ্রতয়া', দ 'বুদ্ধ্যা মে তথামাখ্যাত'। ৮। ত 'মাং তং সমাখ্যাতু'। ৯। খ 'দারাংশ্চ পুত্রাংশ্চৈব'। ১০। ক 'পশ্যেম'। ১১। ধ 'যস্য'। ১২। দ '-ণং তং'। ১৩। ক 'মহাবলম্'। ১৪। দ '-গচ্ছাম'। ১৫। ক 'কপীশ্বরম্'।

যদি কশ্চিৎ সমর্থো বঃ সাগরপ্লবনে[1] হরিঃ।
স দদাতু জনস্যাস্য পুণ্যামভয়দক্ষিণাম্ ॥ ২৫ ॥
অঙ্গদস্য বচঃ শ্রুত্বা ন কশ্চিৎ[2] কিঞ্চিদব্রবীৎ।
স্তিমিতা[3]শ্চাভবন্ সর্ব্বে তত্র তে হরিযূথপাঃ ॥ ২৬ ॥
অথ তান্[4] স্তিমিতান্ দৃষ্ট্বা স্বিন্ন[5]গাত্রান্ ব্যবস্থিতান্[6]।
অঙ্গদো হরিশার্দ্দূলঃ পুনর্ব্বচনমব্রবীৎ ॥ ২৭ ॥
বানরাঃ ক ইদানীং বো[7] লঙ্ঘয়িষ্যতি সাগরম্।
কঃ করিষ্যতি রামস্য নৃপস্য[8] প্রিয়মুত্তমম্ ॥ ২৮ ॥
ক ইমান্ বানরান্ সর্ব্বান্ প্রাণসংশয়মাগতান্।
মোচয়িষ্যতি[9] সুগ্রীবাৎ ক্রুদ্ধান্মৃত্যুমুখাদিব ॥ ২৯ ॥
কঃ করিষ্যতি সুগ্রীবং সত্যসন্ধমসংশয়ম্।
কঃ করিষ্যতি রামস্য প্রিয়মাত্যন্তিকং হরিঃ ॥ ৩০ ॥

২৬। গো-টী। স্তিমিতা অনুত্তরবচসঃ।

আপনাদের মধ্যে যদি কোন বানর সমুদ্র লঙ্ঘন করিতে সমর্থ হ'ন, তবে তিনি এই ব্যক্তিকে (আমাকে) পুণ্যজনক অভয়-দক্ষিণা প্রদান করুন ॥ ২৫ ॥

অঙ্গদের কথা শুনিয়া কেহই কিছু বলিলেন না ; সেই বানরদলপতিগণ সকলেই সেখানে মৌনী হইয়া রহিলেন ॥ ২৬ ॥

অনন্তর সেই বানর-সৈন্যদিগকে মৌনী এবং ঘর্ম্মাক্তকলেবর দেখিয়া বানর-শ্রেষ্ঠ অঙ্গদ পুনরায় বলিলেন—॥ ২৭ ॥

বানরগণ, আপনাদের মধ্যে কে এক্ষণে সমুদ্র লঙ্ঘন করিবেন ? কে মহারাজ রামচন্দ্রের অতিশয় প্রিয়কার্য্য সাধন করিবেন ? ॥ ২৮ ॥

কে এই প্রাণ-সংশয়ে উপনীত বানরদিগকে যমের মুখের ন্যায় ক্রুদ্ধ সুগ্রীবের নিকট হইতে মুক্ত করিবেন ? ॥ ২৯ ॥

কে নিঃসংশয়ে সুগ্রীবকে সত্য-প্রতিজ্ঞ করিবেন ? কোন্ বানর রামের অত্যন্ত প্রিয়কার্য্য করিবেন ? ॥ ৩০ ॥

১। দ '-রাপ্লব-'। ২। ক 'কিঞ্চিৎ কশ্চি-'। ৩। ক 'স্তিমিতা-'। ৪। ক 'তাংস্তিমি-'। ৫। ঘ-ছ 'খিন্ন-'। ৬। ঙ-দ '-ত্রানবস্থিতান্'। ৭। ছ 'বা'। ৮। ক 'প্রিয়মাত্যন্তিকং হরিঃ'। ৯। ক 'মোক্ষয়িষ্যতি'।

সর্ব্বে হি প্লবতাং[1] শ্রেষ্ঠাঃ সর্ব্বে বিশ্রুতপৌরুষাঃ[2] ।
উপদেশে চ বিখ্যাতাঃ পূজিতাশ্চাপ্যভীক্ষ্ণশঃ ॥ ৩১ ॥
ন হি বো[3] গমনে[4] ভঙ্গঃ কদাচিৎ কস্যচিৎ ক্বচিৎ[5] ।
সর্ব্বে ভবন্তো বিখ্যাতা গরুড়ানিলরংহসঃ ॥ ৩২ ॥
যদি কশ্চিৎ সমর্থো বঃ সাগরপ্লবনে হরিঃ ।
স ব্রবীতু[6] হরিশ্রেষ্ঠো বীর্য্যমূর্জ্জিতমাত্মনঃ ॥ ৩৩ ॥
[7]দৃষ্টপূর্ব্বো[8]ঽপি বা লোকে শ্রুতপূর্ব্বো[9]ঽপি বা ভবেৎ[10] ।
কো বঃ[11] কিং বা প্রক্রমতে হরিশ্রেষ্ঠো মহাবলঃ ॥ ৩৪ ॥
দৃষ্ট্বা বীর্য্যমহন্তস্য[12] ভবদ্ভিঃ সহিতস্ত্বরন্ ।
কৃতকৃত্যো ভবিষ্যামি ধ্রুবং প্লবগসত্তমাঃ ॥ ৩৫ ॥

৩১। গো-টী। বিশ্রুতপৌরুষাঃ 'বিশ্রুতং পৌরুষং কর্ম্ম তেজো বা যেষাং তে'। 'পৌরুষং পুরুষস্যৈব ভাবে তেজসি কর্ম্মণী'তি কোষঃ। উপদেশে পরেষাং শিক্ষার্থোপদেশে বিখ্যাতাঃ প্রতিষ্ঠিতাঃ।

৩৩। গো-টী। ঊর্জ্জিতং বলবত্তরম্।

৩৪। গো টী। সাগরতরণং দৃষ্টং পূর্ব্বস্মিন্ যেন স দৃষ্টপূর্ব্বঃ। সমুৎপত্তা উত্থায় (?)।

বানরগণ, আপনারা সকলেই উল্লম্ফনে শ্রেষ্ঠ, বিখ্যাত পরাক্রমশালী, উপদেশ দানে বিখ্যাত এবং [এই সমস্ত গুণে] পুনঃ পুনঃ পূজিত হইয়াছেন ॥ ৩১ ॥

বানরগণ, আপনাদের মধ্যে কাহারও কখনও গতিভঙ্গ হয় নাই ; আপনারা সকলেই গরুড় এবং বায়ুর ন্যায় বেগবান্ বলিয়া প্রসিদ্ধ ॥ ৩২ ॥

আপনাদের মধ্যে যদি কোন বানর সমুদ্র লঙ্ঘন করিতে সমর্থ হন, তবে সেই বানরশ্রেষ্ঠ নিজের বিখ্যাত বলের কথা বলুন ॥ ৩৩ ॥

কেহ [হয়ত] পূর্ব্বে [সমুদ্রলঙ্ঘন] দেখিয়া থাকিবেন অথবা কেহ পূর্ব্বে শুনিয়া থাকিবেন ; আপনাদের মধ্যে কোন্ বলশালী শ্রেষ্ঠ বানর কিরূপ গমন করিতে পারেন ? ॥ ৩৪ ॥

শ্রেষ্ঠ বানরগণ, আমি তাঁহার পরাক্রম দেখিয়া আপনাদের সহিত মিলিত হইয়া চেষ্টা করিলে নিশ্চয়ই কৃতকার্য্য হইব ; অতএব আপনারা শীঘ্র যাঁহার যেরূপ গমনশক্তি আছে তাহা বলুন। অনন্তর অঙ্গদের বাক্য শুনিয়া শ্রেষ্ঠ বানরগণ আনন্দিত হইলেন ॥ ৩৫-৩৬ ॥

১। ঘ-থ 'প্লবগশ্রে-'। ২। দ '-বিক্রমাঃ'। ৩। ক 'বো'। ৪। ছ '-নংশক্তঃ'। ৫। ঘ-থ দ 'ভবেৎ'। ৬। থ 'চাপ্যোদয়তু শ্রেষ্ঠো'। ৭। দ 'শ্রুত-'। ৮। ঘ '-র্ব্বো হি'। ৯। দ '-র্ব্বো হি বা'। ১০। ক 'কচিৎ'। ১১। দ 'বা'। ১২। ছ 'বীর্য্যং মহত্তস্য'।

তদ্[১] ব্রূত ত্বরিতাঃ সর্ব্বে যস্য[২] যা পরমা গতিঃ।
অথাঙ্গদবচঃ শ্রুত্বা হৃষ্টাঃ শাখামৃগর্ষভাঃ[৩] ॥ ৩৬ ॥
কৃতাঞ্জলিপুটাঃ[৪] সর্ব্বে বাক্যমঙ্গদমব্রুবন্।
সেনামধ্যাৎ সমুৎপত্য হর্ষয়ন্তঃ[৫] প্লবঙ্গমান্ ॥ ৩৭ ॥
গয়ো গবাক্ষো গবয়ঃ শরভো[৬] গন্ধমাদনঃ।
মৈন্দশ্চ দ্বিবিদশ্চৈব[৭] হনূমান্ জাম্ববান্[৮] নলঃ ॥ ৩৮ ॥
নীলস্তারশ্চ রম্ভশ্চ ঋষভঃ ক্রথনস্তথা।
সানুপ্রস্থোঽথ পনসস্তথা দধিমুখো হরিঃ ॥ ৩৯ ॥
এতচ্ছ্রুত্বা মহদ্ বাক্যমঙ্গদেন সমীরিতম্।
বক্তুকামা মহাত্মানস্তস্থুঃ প্রাঞ্জলয়স্তদা ॥ ৪০ ॥
গয়ঃ পূর্ব্বমুবাচেদং গমিষ্যে দশ যোজনম্।
গবাক্ষো যোজনান্যাহ[৯] গমিষ্যে বিংশতিং পরম্ ॥ ৪১ ॥
অব্রবীদ্ গবয়ঃ শ্রীমাংস্তস্যাং বানরসংসদি।
যামি ত্রিংশতমেকাহ্না যোজনানাং তু বীর্য্যবান্ ॥ ৪২ ॥

৩৭। লো-টী। সেনামধ্যাৎ সমুৎপত্য ইত্যত্র, 'সেনামুখাদি'তি পাঠে সেনানিঃসারণাৎ স্বসেনায়া নিঃসৃত্য সমুৎপত্য চ উৎপ্লুত্য চ।

সৈন্যগণের মধ্য হইতে সকলেই উত্থানপূর্ব্বক বানরদিগকে আনন্দিত করিয়া কৃতাঞ্জলিপুটে অঙ্গদকে [নিজ নিজ বিক্রমের কথা] বলিলেন ॥ ৩৭ ॥

গয়, গবাক্ষ, গবয়, শরভ, গন্ধমাদন, মৈন্দ, দ্বিবিদ, হনূমান্, জাম্ববান্, নল, নীল, তার, রম্ভ, ঋষভ, ক্রথন, সানুপ্রস্থ, পনস, দধিমুখ প্রভৃতি শ্রেষ্ঠ বানরগণ অঙ্গদের এই উত্তম বাক্য শুনিয়া বলিবার অভিপ্রায়ে কৃতাঞ্জলিপুটে অবস্থান করিতে লাগিলেন ॥ ৩৮—৪০ ॥

প্রথমে 'গয়' বলিলেন—'আমি দশ-যোজন গমন করিব', পরে 'গবাক্ষ' বলিলেন—'আমি বিংশতি-যোজন গমন করিব' ॥ ৪১ ॥

সেই বানরসভায় শ্রীমান্ তেজস্বী গবয় বলিলেন—'আমি একদিনে ত্রিশ-যোজন গমন করিতে পারি' ॥ ৪২ ॥

১। ঙ 'বদত'। ২। ঘ 'যস্য পরা'। ৩। দ '-গাম্বরা'। ৪। ক '-টাঞ্জ'। ৫। ছ '-মমাঃ'। ৬। ঘ 'সর-'। ৭। ঙ '-শ্চাপি'। ৮। দ '-নপি'। ৯। খ-দ '-ঘ্যহং'।

অথাদ্রিশিখরাকারো বিক্রমেঽপ্রতিমো হরিঃ।
শরভঃ সুমহাতেজাঃ[1] প্রত্যুবাচেদমঙ্গদম্।
চত্বারিংশতমেকাহ্না যোজনানাং[2] ব্রজাম্যহম্ ॥ ৪৩ ॥
ততো হেমোপমঃ[3] শ্রীমানব্রবীদ্ গন্ধমাদনঃ।
সুখং[4] যোজনপঞ্চাশৎ ক্রমেয়ং বানরর্ষভাঃ ॥ ৪৪ ॥
ততস্তু হিমবৎপ্রায়ো[5] মৈন্দো বাক্যমথাব্রবীৎ।
যোজনানামহং ষষ্টিং[6] ক্রমেয়ং নাত্র সংশয়ঃ ॥ ৪৫ ॥
দ্বিবিদস্তু মহাতেজাঃ প্রত্যুবাচেদমঙ্গদম্।
গমিষ্যামি ন সন্দেহঃ সপ্ততিং যোজনান্যহম্ ॥ ৪৬ ॥
অগ্নিপুত্রস্ততো ধীমান্ নীলো বচনমব্রবীৎ।
অশীতিং বৈ গমিষ্যামি যোজনানাং প্লবঙ্গমাঃ ॥ ৪৭ ॥
ত্বষ্টুঃ[7] পুত্রো নলঃ শ্রীমানব্রবীদ্ধরিপুঙ্গবঃ।
গচ্ছেয়ং নবতিং পূর্ণাং যোজনানীতি হৃষ্টবৎ ॥ ৪৮ ॥

৪৩। লো টী। অপ্রতিমস্তুলনাশূন্যঃ, ক্রমঃ পরাক্রমঃ।

অনন্তর বিক্রমে অতুলনীয় অত্যন্ত তেজস্বী পর্ব্বতশিখরতুল্য বানর 'শরভ' অঙ্গদকে লক্ষ্য করিয়া এই বলিলেন—'আমি একদিনে চল্লিশ যোজন গমন করিতে পারি' ॥ ৪৩ ॥

পরে স্বর্ণকান্তি শ্রীমান্ গন্ধমাদন বলিলেন—শ্রেষ্ঠ বানরগণ, 'আমি অনায়াসে পঞ্চাশ যোজন গমন করিতে সমর্থ' ॥ ৪৪ ॥

তার পর হিমালয়সদৃশ 'মৈন্দ' বলিলেন, 'আমি ৬০ যোজন গমন করিতে সমর্থ, এ-বিষয়ে কোন সন্দেহ নাই' ॥ ৪৫ ॥

মহাতেজস্বী 'দ্বিবিদ' অঙ্গদকে বলিলেন, 'আমি ৭০ যোজন গমন করিব, সন্দেহ নাই' ॥ ৪৬ ॥

পরে অগ্নি-পুত্র বুদ্ধিমান্ 'নীল' বলিলেন—বানরগণ, 'আমি ৮০ যোজন গমন করিতে পারিব' ॥ ৪৭ ॥

বিশ্বকর্ম্মার পুত্র বানরশ্রেষ্ঠ শ্রীমান্ 'নল' বলিলেন, 'আমি অক্লেশে সম্পূর্ণ ৯০ যোজন গমন করিতে সমর্থ' ॥ ৪৮ ॥

১। খ 'স মহা-', দ '-শ্চ মহা-'। ২। ক '-নানি'। ৩। ছ 'হেমপ্রভঃ', খ 'হেমময়ঃ'। ৪। খ পঞ্চাশতং যোজনানাং', দ 'অহং'। ৫। ছ '-প্রাণো'। ৬। ক 'ষষ্টিমুপক্রমিতুমুৎসহে'। ৭। ত 'ত্বষ্টু-পু-'।

তারোঽব্রবীত্তত[১] স্তত্র মহাবলপরাক্রমঃ।
নবতিং যোজনে[২] দ্বে চ গমিষ্যামীতি বীর্য্যবান্॥ ৪৯॥
ততঃ সাগরগম্ভীরো বানরঃ পবনো জবে।
মন্দরশ্চ[৩] প্রমাণেন ভাস্করাগ্নিসমপ্রভঃ॥ ৫০॥
তত্র[৪] সর্ব্বান্ হরিবরান্ জাম্ববাননুমান্য[৫] হ।
উবাচ হরিমুখ্যানাং সন্নিধৌ প্রহসন্নিব॥ ৫১॥
তারুণ্যে মে বলং বীর্য্যং যশ্চাসীদ্বিক্রমো মম।
নৈতাবানেব[৬] খল্বস্তি গমনে বা পরাক্রমে[৭]॥ ৫২॥
যৎ কৃতং যৌবনস্থেন ময়া তচ্ছ্রোতুমর্হথ।

৫০। লো-টী। পবনো জবে বেগে বায়ুরিব, প্রমাণেন দৈর্ঘ্যেণ, স্থূলতয়া বা, মন্দরঃ পর্ব্বত ইতি।

৫২। লো-টী। যচ্চ বলং শারীরং, বীর্য্যমুৎসাহঃ, বিক্রমঃ শক্তিসম্পৎ, 'বিক্রমস্তু পুমান্ ক্রান্তিমাত্রে স্যাৎ শক্তিসম্পদী'তি বিশ্বঃ। এতাবান্ বিক্রমঃ শক্তিঃ, গমনে, পরাক্রমে বা, উদ্যোগে বা, নাসীদিদানীং নাস্তি খলু। 'অস্তী'তি বা পাঠঃ। 'পরাক্রমো বিক্রমে স্যাৎ সামর্থ্যোদ্যোগযোরপী'তি কোষঃ। 'পরাক্রম' ইতি বা পাঠঃ।

অনন্তর মহাবিক্রমশালী বলবান্ 'তার' সেই সভায় বলিলেন—'আমি ৯২ যোজন গমন করিব'॥ ৪৯॥

তার পর সমুদ্রের ন্যায় গম্ভীর, বেগে পবনতুল্য, পরিমাণে মন্দর-পর্ব্বতের ন্যায়, সূর্য্য এবং অগ্নির ন্যায় প্রভাবিশিষ্ট জাম্ববান্ সেই সভায় সমস্ত শ্রেষ্ঠ বানরকে সম্মান করিয়া প্রধান প্রধান বানরগণের সম্মুখে হাসিতে হাসিতেই যেন বলিলেন—॥ ৫০-৫১॥

যৌবনে আমার যেরূপ বল, বীর্য্য এবং বিক্রম ছিল, এক্ষণে গমনে অথবা পরাক্রম বিষয়ে সেরূপ নাই। আমি যৌবনাবস্থায় যাহা করিয়াছি, তাহা আপনারা [ইচ্ছা হইলে] শুনিতে পারেন। পূর্ব্বে বলির যজ্ঞে যখন সনাতন বিষ্ণু তিনটি পাদক্ষেপ [দ্বারা ত্রিভুবন আক্রমণ] করিতেছিলেন, তখন আমি এবং জটায়ু তাঁহাকে তিন তিন বার প্রদক্ষিণ করিয়াছিলাম॥ ৫২—৫৫॥

১। চ '-স্তত্র', ন '-স্তত্রৎ'। ২। ছ 'যোজনাস্তেব'। ৩। ক '-রশ্চ'। ৪। ত 'ততঃ', দ-পুস্তকে অত আরভ্য দ্বিপঞ্চাশচ্ছ্লোকপর্য্যন্তং নাস্তি। ৫। প 'চ'। ৬। দ-ছ 'পশ্যাসীদ্ প-'। ৭। ঘ-ঙ-থ '-ক্রমঃ'।

মরা জটায়ুষা চৈব বলিযজ্ঞে সনাতনঃ।
বিক্রমাংস্ত্রীন্[1] ক্রমন্[2] বিষ্ণুস্ত্রিস্ত্রিঃ[3] প্রদক্ষিণীকৃতঃ ॥ ৫৩ ॥
[4]পুনরন্যত্তু[5] বক্ষ্যামি তদপি শ্রোতুমর্হথ।
উদয়াৎ পর্ব্বতাচ্চাহমস্তং[6] গিরিবরোত্তমম্।
গত্বা প্রাপ্য চ কৈলাসং গচ্ছামি বিবুধালয়ম্ ॥ ৫৪ ॥
[7]বালভাবে তদাসান্মে বলমপ্রতিমং[8] পরৈঃ।
স ইদানীমহং বৃদ্ধো ন তথা বিক্রমান্বিতঃ ॥ ৫৫ ॥
সম্প্রত্যেতাবতীং শক্তিং[9] গমনে তর্কয়াম্যহম্।
[10]দশোনং যোজনশতং [11]নবোনং বা ন সংশয়ঃ ॥ ৫৬ ॥
[12]এতাবতা সমাপ্তিশ্চ [13]ন কার্য্যস্যাস্য দৃশ্যতে।
হেতুমদ্ গ্রাহকং বাক্যং তথোক্তবতি জাম্ববে ॥ ৫৭ ॥
ততঃ পর্ব্বতসঙ্কাশো হনূমানঞ্জনাসুতঃ।
ন কিঞ্চিদব্রবীত্তত্র বলং পৌরুষমাত্মনঃ ॥ ৫৮ ॥

৫৩। লো-টী। ক্রমন্ কুর্ব্বন্।

৫৫। লো-টী। যদ্ বলমাসীৎ। কিম্ভূতম্? পরৈর্বলৈঃ সহ ন বিদ্যতে প্রতিমা উপমা যস্য তৎ, অনুপমমিত্যর্থঃ।

৫৭। লো-টী। হেতুমৎ সযুক্তিকং, গৃহ্যত ইতি গ্রাহঃ গ্রাহ্যঃ, কঃ স্বার্থে, জাম্ববে জাম্ববতি, উদারো মহানর্থঃ প্রয়োজনং যস্য তৎ।

পুনরায় আরও কিছু বলিব, তাহাও শুনিতে পারেন। আমি [যৌবনে] উদয় পর্ব্বত হইতে পর্ব্বতশ্রেষ্ঠ অস্তাচলে গমন করিয়া [তথা হইতে] কৈলাস পর্ব্বতে উপস্থিত হইয়া দেবতাদিগের বাসস্থানে গমন করিতে পারিতাম ॥ ৫৪ ॥

সেই অল্পবয়সে আমার অনন্যসদৃশ শক্তি ছিল. এ-ক্ষণে সেই আমি বার্দ্ধক্য বশতঃ তাদৃশ বলশালী নহি ॥ ৫৫ ॥

বর্ত্তমানে দশ কম একশত (নব্বই) অথবা নয় কম একশত (একানব্বই) যোজন গমন করিবার শক্তি আছে বলিয়া নিঃসংশয়ে অনুমান করি ; কিন্তু ইহাদ্বারা ত বর্ত্তমান কার্য্যের সমাপ্তি দেখা যায় না ; জাম্ববান্ এইরূপ বিশ্বাসযোগ্য যুক্তিযুক্ত

১। ঙ 'বিক্রমং'। ২। ছ 'ক্রমান্'। ৩। ঘ-থ 'বিষ্ণুস্ত্রিঃ প্রদক্ষিণতঃ কৃতঃ'। ৪। ক-পুস্তকে ষট্‌পাদোঽয়ং শ্লোকো নাস্তি। ৫। দ '-ন্তৎ প্রব-'। ৬। দ '-মস্তাথাং গিরিমুত্তমম্'। ৭। ক-ছ 'বলাভাবে'। ৮। ক 'পরম্'। ৯। খ 'বিক্রমে'। ১০। দ 'পঞ্চোনং'। ১১। থ 'সন্দেহো নাস্তি বানরাঃ'। ১২। ত 'এতাবতাহস্য কার্য্যাস্য সমাপ্তির্নৈব'। ১৩। থ 'কার্য্যস্যাস্য ন'।

[১]অথোত্তরমুদারার্থমঙ্গদো বাক্যমব্রবীৎ।
অনুমান্য মহাত্মানং জাম্ববন্তং মহাকপিম্[২] ॥ ৫৯ ॥
ক্রমেয়ং যোজনশতং সন্দেহো নাস্তি বানরাঃ।
পুনস্ত্বাগমনে[৩] শক্তিং শীঘ্রং নামর্ষয়াম্যহম্ ॥ ৬০ ॥
বাল্যাদক্লিষ্টভাবাচ্চ গুণদোষাবিচারণাৎ।
পিত্রাহহং লালিতঃ স্নেহান্ন শ্রমং গ্রাহিতঃ পুরা ॥ ৬১ ॥
তমুবাচ মহাপ্রাজ্ঞো জাম্ববান্ প্রহসন্নিব।
নৈবং[৪] যুক্তং ত্বয়া বীর বক্তুং বানরসংসদি ॥ ৬২ ॥
বয়ং সর্ব্বে বিজানীমো যুবরাজ বলং তব।
গত্বা গত্বা নিবর্ত্তেথাঃ শতকৃত্বো[৫] মহার্ণবম্ ॥ ৬৩ ॥

৬০। লো-টী। নামর্ষয়ামি ন পশ্যামি।
৬১। লো-টী। অক্লিষ্টভাবাৎ অদুঃখিত্বাৎ। কস্যচিদ্ বাক্যমিতি শেষঃ।

বাক্য বলিলে তখন পর্ব্বততুল্য অঞ্জনা-পুত্র হনুমান্ সেখানে নিজের শক্তি ও সামর্থ্যের বিষয়ে কিছুই বলিলেন না ॥ ৫৬—৫৮ ॥

অনন্তর অঙ্গদ বানরশ্রেষ্ঠ মহাত্মা জাম্ববান্‌কে অভিনন্দিত করিয়া উদারার্থ-যুক্ত এই কথা বলিলেন—॥ ৫৯ ॥

বানরগণ, আমি শত-যোজন গমন করিতে পারি, এ বিষয়ে সন্দেহ নাই; কিন্তু শীঘ্র পুনরায় প্রত্যাগমন করিবার শক্তি আছে বলিয়া মনে করিতেছি না ॥৬০॥

কারণ, আমি বালক এবং [কোন দিন কোনরূপ] কষ্ট পাই নাই; পূর্ব্বে পিতা আমাকে দোষ-গুণ বিচার না করিয়া সস্নেহে পালন করিয়াছেন, কোন পরিশ্রম করিতে দেন নাই ॥ ৬১ ॥

মহাবুদ্ধিমান্ জাম্ববান্ হাসিয়াই তাঁহাকে বলিলেন—বীর, এই বানরসভায় আপনার এইরূপ বলা সঙ্গত নয় ॥ ৬২ ॥

হে যুবরাজ, আমরা সকলেই আপনার বল অবগত আছি। আপনি শতবার মহাসমুদ্র অতিক্রম করিয়া প্রত্যাবর্ত্তন করিতে পারেন ॥ ৬৩ ॥

১। দ 'তথো-'। ২। ভ-দ '-কপিঃ'। ৩। ভ '-স্ত্যাগ-'। ৪। ভ 'নৈব'। ৫। ক 'শতকৃত্বা'।

ত্বং হি বালিবলাদ্ধীনঃ[1] কিঞ্চিদ্ বানরপুঙ্গব।
যোজনানাং সহস্রস্য ভবান্ শক্তো হি লঙ্ঘনে ॥ ৬৪ ॥
যাদৃশো হরিশার্দ্দূলো[2] বালী[3] প্রথিতবিক্রমঃ।
সুগ্রীবশ্চ মহাবাহুস্তাদৃশস্ত্বং[4] হরীশ্বর[5] ॥ ৬৫ ॥
ত্বং হি প্রেষয়িতাঽস্মাকং নিগ্রহানুগ্রহে[6] প্রভুঃ।
তবাজ্ঞানিরতাঃ সর্ব্বে বয়ং মার্গাম মৈথিলীম্ ॥ ৬৬ ॥
অস্মাকং যদি ন স্যাস্ত্বমগ্রণীর্বানরেশ্বর।
ন কস্যচিদ্ বয়ং কিঞ্চিচ্ছৃণুয়াম[7] পরস্পরম্ ॥ ৬৭ ॥
ন চ প্রেষয়িতা কশ্চিৎ প্রেষ্যৈঃ[8] সমনুযুজ্যতে।
ভবতশ্চ বয়ং সর্ব্বে প্রেষ্যা বানরসত্তম[9] ॥ ৬৮ ॥
ভবান্ সর্ব্বত্র চাস্মাকং স্বামিভাবে[10] ব্যবস্থিতঃ।
স্বামী[11] কিল ত্বং সৈন্যস্য মতি[12]রেষা[13] পরা সতাম্[14] ॥ ৬৯ ॥

৬৮। লো-টী। সমনুযুজ্যতে সংপ্রেষ্যতে। 'কস্যস্য যুজ্যতে' ইতি পাঠে নিযুজ্যতে।

বানরশ্রেষ্ঠ, আপনার শক্তি বালীর শক্তি অপেক্ষা কিছু কম। আপনি সহস্র-যোজন লঙ্ঘন করিতে সমর্থ ॥ ৬৪ ॥

বানররাজ, বানরশ্রেষ্ঠ বালী এবং মহাবাহু সুগ্রীব যেরূপ বিখ্যাত-পরাক্রম আপনিও সেইরূপ ॥ ৬৫ ॥

আপনিই আমাদের প্রেরক এবং নিগ্রহ ও অনুগ্রহে সমর্থ। আমরা সকলেই আপনার আদেশানুসারে মিথিলারাজ-নন্দিনী সীতাকে অন্বেষণ করিব ॥৬৬॥

বানরেশ্বর, যদি আপনি আমাদের অগ্রণী (নেতা) না হন, তবে আমরা পরস্পর কাহারও কিছুই (কোন কথাই) শুনিব না ॥ ৬৭ ॥

কোনও নিয়োগকর্ত্তা নিয়োগার্হ ব্যক্তিদ্বারা পরিচালিত হন না; হে বানর-শ্রেষ্ঠ, আমরা সকলেই আপনার নিয়োগার্হ ॥ ৬৮ ॥

আপনিই আমাদের সর্ব্ববিষয়ে প্রভুরূপে স্থিরীকৃত এবং আপনিই সৈন্য-দিগের অধিনায়ক, সজ্জনগণের ইহাই দৃঢ় ধারণা ॥ ৬৯ ॥

১। ত 'নৈব বলাদ্ধীনঃ'। ২। ত '-ল বা-'। ৩। ক 'বালিঃ'। ৪। দ '-তেজা-'। ৫। ত 'কপীশ্বর'। ৬। দ 'নিগ্রহানিগ্রহে'। ৭। থ-দ '-য়ামঃ'। ৮। দ 'প্রেষ্যকর্ম্ম ন গৃহ্যতে'। ৯। থ '-সত্তমাঃ'। ১০। ছ '-ভাবো'। ১১। ছ-থ 'কলত্রং'। ১২। ঘ-ত-থ 'গতি-'। ১৩। দ '-রেকা'। ১৪। দ 'মতা'।

অস্মাকঞ্চ[১] মহাবাহো ভবান্ মূলমরিন্দম।
তস্মাৎ[২] কলত্রবত্তাত পরিপাল্যঃ সদা ভবান্ ॥ ৭০ ॥
মূলং হি সর্ব্বদা[৩] রক্ষ্যং বৃক্ষস্য হরিপুঙ্গব।
মূলে হি রক্ষিতে তাত গুণাঃ পুষ্পফলোদয়াঃ ॥ ৭১ ॥
তদ্ ভবানস্য সৈন্যস্য মূলং সত্যপরাক্রম[৪]।
বয়ং তব মহাবাহো শাখা-পত্র-ফলোপমাঃ ॥ ৭২ ॥
গুরুশ্চ গুরুপুত্রশ্চ ত্বং হি নঃ কপিসত্তম[৫]।
ভবন্তমাশ্রিত্য[৬] বয়ং[৭] সমর্থা হ্যর্থনিশ্চয়ে[৮] ॥ ৭৩ ॥
তন্ন শক্যং ত্বয়া গন্তুমস্মানুৎসৃজ্য বৈ ক্বচিৎ।
ন চাস্মাকং[৯] ক্ষমং বীর মোক্তুং[১০] ত্বাং হরিপুঙ্গব ॥ ৭৪ ॥
উক্তবন্তং মহাপ্রাজ্ঞং[১১] জাম্ববং হরিযূথপম্[১২]।
প্রত্যুবাচোত্তরং[১৩] বাক্যং হৃষ্টদীনমুখো[১৪]হঙ্গদঃ ॥ ৭৫ ॥

৭৪। লো-টী। অস্মাকন্তু ত্বাং মোক্তুং ত্যক্তুং ন ক্ষমং ন যুক্তম্, 'ক্ষমা ভূমৌ ক্ষমা ক্ষান্তৌ স্ত্রিয়াং যুক্তে নপুংসক'মিতি বিশ্বঃ।

৭৫। লো-টী। হৃষ্টং দীনঞ্চ মুখং যস্য সঃ।

৭১। টিপ্পনী। গুণাঃ গুণভূতাঃ, অপ্রধানভূতা ইতি যাবৎ ॥ ৭১ ॥

হে মহাবাহো, হে শত্রুতাপন, আপনিই আমাদের মূল; অতএব বৎস, সর্ব্বদাই আমাদের আপনাকে পত্নীর ন্যায় রক্ষা করা উচিত ॥ ৭০ ॥

হে বানরশ্রেষ্ঠ, সর্ব্বদাই বৃক্ষের মূল রক্ষা করা উচিত। বৎস, মূল রক্ষিত হইলে অপ্রধানভূত পুষ্প ও ফলোদ্গম [স্বভাবতই] হইয়া থাকে ॥ ৭১ ॥

হে সত্যপরাক্রম, আপনিই এই সৈন্যদিগের মূল। মহাবাহো, আমরা সকলেই আপনার শাখা, পত্র ও ফলস্বরূপ ॥ ৭২ ॥

হে বানরশ্রেষ্ঠ, আপনি আমাদের গুরু এবং গুরু-পুত্র। আপনাকে আশ্রয় করিয়াই আমরা কার্য্য নির্দ্ধারণ করিতে সমর্থ ॥ ৭৩ ॥

অতএব, আমাদিগকে পরিত্যাগ করিয়া আপনার কোথাও যাওয়া উচিত নহে এবং হে বীর, হে বানরশ্রেষ্ঠ, আমাদেরও আপনাকে পরিত্যাগ করা উচিত নহে ॥ ৭৪ ॥

১। ঙ '-ক্বাস্ত কার্য্যাস্ত'। ২। ব '-দস্মাকমপি হি'। ৩। ছ-দ 'সর্ব্বথা'। ৪। দ '-ক্রমঃ'। ৫। থ '-নন্দনঃ'। ৬। ব 'বয়ং ভবন্তমা-'। ৭। দ '-র্থাস্ত্বর্থ-'। ৮। ঙ '-নির্ণয়ে'। ৯। থ 'হ্যস্মাকং'। ১০। ব 'মোক্তুং বৈ', ছ-ঙ 'ত্বাং মোক্তুং'। ১১। ব '-বন্তং হরি-'। ১২। ছ '-পুঙ্গবম্'। ১৩। ব 'প্রতিবাচোত্তরং'। ১৪। ঙ 'হৃষ্টং দীন-'।

যদি নাহং গমিষ্যামি ন চান্যো[১] বানরর্ষভঃ।
গমিষ্যতি দ্রুতং লঙ্কাং তে বয়ং সংশয়ং গতাঃ।
পুনঃ খল্বিদমস্মাকং প্রাপ্তং প্রায়োপবেশনম্ ॥ ৭৬ ॥
ন হ্যকৃত্বা হরিপতেঃ সন্দেশং তস্য ধীমতঃ।
তত্রাপি[২] গত্বা প্রাণানাং পশ্যামি[৩] পরিরক্ষণম্ ॥ ৭৭ ॥
অতীতসময়ান[৪]স্মান্ দৃষ্ট্বা[৫] স[৬] হরিসত্তমঃ।
শঙ্কমান[৭]শ্চ মাং দৃষ্ট্বা বধায়া[৮]জ্ঞাপয়িষ্যতি ॥ ৭৮ ॥
বিশেষেণ চ সুগ্রীবো মন্যেব হরিপুঙ্গবঃ।
নিপাতয়িষ্যতি ক্রূরং[৯] দণ্ডং প্রাণাপহারিণম্ ॥ ৭৯ ॥
নিঃসংশয়ো[১০]ঽপি হি বধঃ সুগ্রীবান্মম দৃশ্যতে।
সসংশয়ঞ্চ গত্বা মে[১১] পুনঃ প্রতিনিবর্ত্তনম্ ॥ ৮০ ॥

৭৬। লো-টী। দৈন্যমাহ—যদীতি। প্রায়োপবেশনমনশনব্রতং।
৭৭। লো-টী। ন পশ্যামি ইত্যন্বয়ঃ।
৭৮। লো-টী। জনকাত্মজামদৃষ্ট্বা অতীতসময়ান্; মাঞ্চ দৃষ্ট্বা শঙ্কমানঃ, এতৈঃ সহ মিলিত্বা বাচ্যা ভবিষ্যতীতি শঙ্কমানঃ। 'দৃষ্ট্বা চ হরিসত্তমঃ' ইতি পাঠঃ ক্বচিৎ।
৮০। লো-টী। লঙ্কাং দৃষ্ট্বা প্রতিনিবর্ত্তনং পুনরাগমনম্।

হৃষ্ট ও বিষণ্ণমুখ অঙ্গদ মহাপ্রাজ্ঞ বানরদলপতি জাম্ববানের কথার প্রত্যুত্তরে বক্ষ্যমাণ বাক্য বলিলেন— ॥ ৭৫ ॥

যদি আমি লঙ্কায় না যাই এবং অন্য কোন শ্রেষ্ঠ বানরও সত্বর না যান, তবে আমরা সংশয়াপন্ন হইব, [দেখিতেছি] পুনরায় আমাদের এই প্রায়োপবেশন উপস্থিত হইল, কারণ, সেই বুদ্ধিমান্ বানররাজ সুগ্রীবের আদেশ পালন না করিয়া কিষ্কিন্ধ্যায় গেলেও প্রাণ-রক্ষার উপায় দেখি না ॥ ৭৬-৭৭ ॥

সেই বানরশ্রেষ্ঠ সুগ্রীব আমাদের সময় অতিবাহিত হইয়াছে দেখিয়া এবং আমাকে দেখিয়া শঙ্কিত হইয়া নিশ্চয়ই বধের নিমিত্ত আদেশ করিবেন ॥ ৭৮ ॥

বানর-প্রধান সুগ্রীব বিশেষভাবে আমার উপরই প্রাণনাশক কঠিন দণ্ড বিধান করিবেন ॥ ৭৯ ॥

দেখা যাইতেছে সুগ্রীবের হস্তে আমার মৃত্যু নিশ্চিত, কিন্তু [লঙ্কায়] গমন করিয়া পুনরায় প্রত্যাবর্ত্তন সন্দিগ্ধ [হইলেও অসম্ভব নহে] ॥ ৮০ ॥

১। ঘ-দ 'নান্যো বা হরিপুঙ্গবঃ', ছ-থ-দ 'নান্যো বানরপুঙ্গবঃ'। ২। ঘ 'ন চাপি', থ 'ন তত্র গত্বা পশ্যামঃ প্রাণানাং'। ৩। ঘ-ত-দ 'পশ্যামঃ'। ৪। ধ '-সময়ান্ সন্মান্'। ৫। ঘ-ত-থ-দ 'চ'। ৬। দ 'জনকাত্মজাম্'। ৭। ঘ '-মানশ্চ', থ '-মানঃ স'। ৮। ঘ-ছ 'বধমা-'। ৯। ত-দ 'ক্রূরো'। ১০। ঘ '-য়ো হি বৈ বধঃ', ছ '-য়ো মহান্ দণ্ডঃ সুগ্রীবাচ্চ বধস্তথা', দ '-য়োঽয়ং হি বধঃ'। ১১। থ 'মনঃ'।

নিঃসংশয়াদভাবাচ্চ[১] শ্রেয়ান্[২] সংশয়িতো বধঃ।
ইত্যেবমর্থশাস্ত্রেষু[৩] প্রবৃত্তিরুপলভ্যতে[৪] ॥ ৮১ ॥
স নিগ্রহে[৫] প্রসাদে চ প্রভুরস্মাকমীশ্বরঃ[৬]।
অকৃত্বা তস্য সন্দেশং বিনাশো[৭] নিয়তো[৮] ভবেৎ ॥ ৮২ ॥
সোঽহং নিঃসংশয়ং যাস্যে পরং পারং মহোদধেঃ।
আগমিষ্যামি চ পুনর্দৃষ্ট্বৈব[৯] জনকাত্মজাম্ ॥ ৮৩ ॥
তদেতৎ[১০] সুবিনিশ্চিত্য[১১] বুদ্ধ্যা সর্ব্বে বনৌকসঃ।
যন্নঃ[১২] ক্ষেমং কৃত্যতমং[১৩] দ্রুতং[১৪] তদ্ বক্তুমর্হথ ॥ ৮৪ ॥
তদ্ যথা[১৫] হ্যস্য কার্য্যস্য ন ভবেদন্যথা গতিঃ।
যূয়ং হি বুদ্ধিশাস্ত্রজ্ঞাঃ সঞ্চিন্তয়িতুমর্হথ ॥ ৮৫ ॥
তথোক্তবতি তদ্বাক্যং যুবরাজেঽঙ্গদে তদা।
কৃতাঞ্জলিপুটাঃ[১৬] সর্ব্বে বানরাঃ সংপ্রণেদিরে[১৭] ॥ ৮৬ ॥

৮১। লো-টী। অভাবাৎ মরণাৎ, নিঃসংশয়াৎ নিঃসন্দিগ্ধাৎ, উপলভ্যতে জ্ঞায়তে।

৮৪। লো-টী। কৃত্যতমং কার্য্যতমম্।

অর্থশাস্ত্রে এইরূপ নির্দ্দেশ পাওয়া যায়—নিঃসন্দিগ্ধ অর্থাৎ নিশ্চিত মৃত্যু [বরণ করা] অপেক্ষা সন্দিগ্ধ অর্থাৎ অনিশ্চিত মৃত্যু [বরণ করা]ই ভাল ॥ ৮১ ॥

সেই রাজা সুগ্রীব আমাদের নিগ্রহে এবং অনুগ্রহে সমর্থ, তাঁহার আদেশ পালন না করিলে অবশ্যই মৃত্যু হইবে ॥ ৮২ ॥

অতএব, আমি নিশ্চয়ই সমুদ্রের পরপারে গমন করিব এবং জনকনন্দিনী সীতাকে দেখিয়াই পুনরায় আগমন করিব ॥ ৮৩ ॥

সুতরাং বানরগণ আপনারা বিবেচনাপূর্ব্বক নিশ্চয় করিয়া আমাদের যাহা মঙ্গলকর এবং কর্ত্তব্য তাহা শীঘ্র বলুন ॥ ৮৪ ॥

আপনারা নীতিশাস্ত্রবিষয়ে প্রবীণ, অতএব যাহাতে এই কার্য্যের অন্যরূপ কিছু না হয় সে বিষয়ে চিন্তা করিতে পারেন ॥ ৮৫ ॥

যুবরাজ অঙ্গদ এইরূপ বলিলে, সমস্ত বানর কৃতাঞ্জলিপুটে ভক্তিসহকারে বলিতে লাগিলেন—আপনি এখান হইতে একপাও গমন করিতে পারিবেন না;

১। থ '-বাদ্ধি'। ২। দ '-ন্নঃ সংশ্রিতো'। ৩। খ '-বং সর্ব্ব-', দ '-ব সর্ব্ব-'। ৪। দ '-লক্ষিতা'। ৫। ক 'হি ক্রোধে'। ৬। ছ '-দৃপঃ'। ৭। দ 'নাশো হি'। ৮। ক '-তং'। ৯। থ 'দৃষ্ট্বা চ'। ১০। খ 'তৎ সর্ব্বং হি সুনিশ্চিত্য'। ১১। দ '-তদ্বৈ বিনি-'। ১২। ঘ-থ-দ 'ক্ষমং'। ১৩। দ 'কার্য্য-'। ১৪। খ 'তদ্ দ্রুতং বক্তু-'। ১৫। ঘ 'যথা হ্যর্থস্য কার্য্যস্য'। ১৬। ত 'পুটাস্তত্র'। ১৭। ত '-প্রণেমিরে'।

ন শক্যং ভবতা গন্তুমিতঃ পদমপি ক্বচিৎ।
দৃষ্ট্বা মন্যামহে সর্ব্বে ত্বাং বয়ং বালিদর্শনম্ ॥ ৮৭ ॥
শুভং বা যদি বা পাপং প্রিয়ং বা যদি বাঽপ্রিয়ম্।
[1]সহিতাস্তৎ সহিষ্যামঃ সুগ্রীবাদ্ [2]যদ্ ভবিষ্যতি ॥ ৮৮ ॥
[3]অঙ্গদং তু শুভে বাক্যে প্রত্যুক্তে প্লবগর্ষভৈঃ।
অথ তত্র মহাবুদ্ধির্বুদ্ধ্যা সঞ্চিন্ত্য বানরান্ ॥ ৮৯ ॥
বানরপ্রীতিজননমুদারং বাক্যকোবিদঃ।
জাম্ববা[4]নুত্তরং বাক্যমব্রবীদ্ বালিনঃ সুতম্ ॥ ৯০ ॥
[5]সেৎস্যতে বীর কার্য্যার্থো ন কিঞ্চিৎ পরিহাস্যতে।
[6]অহং সংচোদয়াম্যেনং যঃ কার্য্যং সাধয়িষ্যতি ॥ ৯১ ॥
মুহূর্ত্তমাত্রং নিঃশব্দা ভবত[7] প্লবগর্ষভাঃ।
যাবন্নিঃশ্রেয়সং বাক্যং কিঞ্চিৎ[8] প্রকথয়াম্যহম্ ॥ ৯২ ॥

৮৭। লো-টী। ভবত ইতি কর্ত্তরি ষষ্ঠী। 'ভবতা' ইতি বা পাঠঃ।

৮৮। লো-টী। পাপং দুঃখম্। 'অপাপ'মিতি বা পাঠঃ।

৯২। লো-টী। নিঃশ্রেয়সং কল্যাণং 'নিঃশ্রেয়সস্তু কল্যাণমোক্ষয়োঃ শঙ্করে পুমানি'তি কোষঃ।

আমরা সকলে আপনাকে দেখিয়া বালীকেই দেখিতেছি বলিয়া মনে করি ॥ ৮৬-৮৭ ॥

সুগ্রীব হইতে শুভ অথবা অশুভ, প্রিয় অথবা অপ্রিয়, যাহাই হউক, তাহা আমরা মিলিত হইয়া সহ্য করিব ॥ ৮৮ ॥

শ্রেষ্ঠ বানরগণ অঙ্গদের প্রতি [এইরূপ] শুভ (অর্থাৎ স্নিগ্ধ) বাক্য প্রয়োগ করিলে, বাক্যনিপুণ মহাবুদ্ধিমান্ জাম্ববান্ মনে মনে বানরদিগের বিষয় চিন্তা করিয়া বালিপুত্র অঙ্গদকে বানরদিগের প্রীতিকর বক্ষ্যমাণ উদার বাক্য বলিলেন—॥৮৯-৯০॥

বীর, কর্ত্তব্য কর্ম্ম সিদ্ধ হইবে, কিছুই পরিত্যক্ত থাকিবে না। যিনি কার্য্য সম্পন্ন করিবেন, আমি তাঁহাকে প্রেরণ করিতেছি ॥ ৯১ ॥

শ্রেষ্ঠ বানরগণ, আপনারা মুহূর্ত্তমাত্র নীরব থাকুন, ততক্ষণে আমি কল্যাণকর কোন কথা বলিতেছি ॥ ৯১ ॥

১। দ 'সহিষ্যামশ্চ সুগ্রীবাদ্ যদ্ ভাব্যং তদ্ ভবিষ্যতি'। ২। প 'যদুপৈষ্যতি'। ৩। ক 'অঙ্গদে তু শুভং বাক্যং'। ৪। ত '-নব্রবীদ্ বাক্যমুত্তমং বালি-'। ৫। ত 'নেশ্যতে' (?)। ৬। ক 'সংনোদয়া-', দ 'প্রচোদ-'। ৭। ত-প-দ 'ভবন্তু'। ৮। খ 'সঞ্চিন্ত্য কথ-'।

[1]জাম্ববেন তথোক্তে [2]তু বাক্যে বানরসংসদি।
[3]সর্ব্বা সা বানরচমূস্তূষ্ণীং [4]তমভিতঃ স্থিতা ॥ ৯৩ ॥
সোঽব্রবীত্তু[5] ম[6]হাবা[7]হুর্জ্জাম্ববো হরিযূথপঃ।
অঙ্গদাভিমুখঃ স্থিত্বা সংপ্রহৃষ্টতনূরুহঃ ॥ ৯৪ ॥
অহং জানামি তং বীরং [8]বানরং বানরর্ষভাঃ।
যো গত্বা যোজনশতং কৃতার্থঃ পুনরেষ্যতি ॥ ৯৫ ॥
[9]শলাকাঽক্ষিপ্রবিষ্টা তু সন্নিকর্ষান্ন দৃশ্যতে।
সৈব [10]দূরস্থিতা দৃশ্যা ভবত্যনভিসংবৃতা ॥ ৯৬ ॥
ততঃ কপির্[11]বৃদ্ধতমস্তু জাম্ববান্ তূষ্ণীকমাসাদ্য [12]সুখোপবিষ্টম্।
আমন্ত্রয়ামাস কপিপ্রবীরম্ একান্তশান্তং হনু[13]মন্তমেকম্ ॥ ৯৭ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে সমুদ্রক্রমণচিন্তা নাম
প্রথমঃ সর্গঃ ॥ ১ ॥

৯৭। লো-টী। একান্তশান্তম্ একান্তে শান্তিরসমালম্ব্য স্থিতম্। 'শান্তো রসে চ শমিতে বারণে শান্তমব্যয়'মিতি ভূবিঃ। সমুদ্রক্রমণ-চিন্তা। ১ ॥

বানরসভায় জাম্ববান্ সেইরূপ বলিলে, সমগ্র বানর-বাহিনী তাঁহার চতুর্দ্দিকে নিঃশব্দে অবস্থান করিতে লাগিল ॥ ৯৩ ॥

সেই বানরদলপতি মহাবাহু জাম্ববান্ পুলকিত হইয়া অঙ্গদের অভিমুখে অবস্থান করতঃ বলিতে লাগিলেন—॥ ৯৪ ॥

শ্রেষ্ঠ বানরগণ, আমি সেই বীর বানরকে জানি— যিনি শত-যোজন গমন করিয়া কৃতকার্য্য হইয়া পুনরায় প্রত্যাগমন করিবেন ॥ ৯৫ ॥

চক্ষুঃপ্রবিষ্ট শলাকা সামীপ্যবশতঃ দেখা যায় না। সেই শলাকাই অনাবৃত অবস্থায় দূরস্থিত হইলে দেখা যায় ॥ ৯৬ ॥

তারপর সর্ব্বপ্রাচীন বানর জাম্ববান্ মৌনভাবে সুখে উপবিষ্ট অত্যন্ত শান্ত বানরপ্রধান হনুমান্‌কে আহ্বান করিলেন ॥ ৯৭ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে সমুদ্রক্রমণচিন্তা-
নামক ১ম সর্গ সমাপ্ত ॥ ১ ॥

১। ঘ '-জাম্ববতি'। ২। চ-থ 'চ'। ৩। ত 'সা সর্ব্বা'। ৪। দ 'তত্র গতত্বরা'। ৫। ছ-দ '-ন্তুঃ', ত '-স্তান', থ 'স্তুং'। ৬। দ 'মহাপ্রাজ্ঞঃ'। ৭। চ-থ '-হুং জা-'। ৮। ঘ 'বানরা বানরর্ষভম্'। ৯। ত 'সলা-'। ১০। দ 'দূরে'। ১১। ছ '-তরস্তু'। ১২। ত-দ '-বিষ্টঃ'। ১৩। ছ '-মেবম্', ধ-দ '-মেব'।

(২) দ্বিতীয়ঃ সর্গঃ

অনেকশতসাহস্রাং বিষণ্ণাং হরি[১]-বাহিনীম্‌ ।
জাম্ববান্‌ সমু[২]দীক্ষ্যাথ হনূমন্তমুবাচ হ ॥ ১ ॥
মু[৩]খ্যং বানরসৈন্যস্য সর্ব্বশা[৪]স্ত্রার্থকো[৫]বিদম্‌ ।
তূষ্ণীমেকান্তমাসাদ্য হনূম[৬]ন্‌ কিং ন ভা[৭]ষসে ॥ ২ ॥
যো যুক্তো বুদ্ধিশাস্ত্রাভ্যাং যশসা বিক্রমেণ চ ।
ক[৮]র্ম্মণাং চাপ্যুপায়জ্ঞঃ সোঽস্যাং ধুরি নিযুজ্যতে ॥ ৩ ॥
অথাব্রবীন্মহাতেজাস্তারেয়ো বানরোঽঙ্গদঃ ।
অহমেতান্‌ গুণান্‌ মন্যে ভূয়ি[৯]ষ্ঠাংশ্চ গুণোত্তরান্‌ ।
বানরা বানরশ্রেষ্ঠে ব[১০]পুষ্মতি হনূমতি ॥ ৪ ॥

২। লো-টী। মুখ্যং বানরসৈন্যস্যেতি। অত্র 'ঋক্ষবানরসৈন্যস্যে'তি পাঠে ঋক্ষবানর-সৈন্যস্যৈকান্তমাসাদ্যেত্যর্থঃ।

৪। লো-টী। এতান্‌ বুদ্ধিযুক্তত্বাদীন্‌, অন্যান্‌ ভূয়িষ্ঠান্‌ বহুলান্‌, গুণোত্তরান্‌ উত্তম-গুণান্‌, মন্যে জানামি। বপুষ্মতি—বপুঃ শস্তাকৃতিঃ, তদ্যুক্তে, 'বপুঃ শস্তাকৃতৌ দেহে' ইতি ভূরিঃ। শোভনরূপবতীত্যর্থঃ।

জাম্ববান্‌ বহু শত-সহস্র বানর-সেনাকে বিষণ্ণ দেখিয়া বানর-সৈন্যগণের প্রধান সর্ব্বশাস্ত্রে পারদর্শী একপ্রান্তে মৌনভাবে অবস্থিত হনুমান্‌কে বলিলেন—হনুমন্‌, তুমি কেন কথা বলিতেছ না? ॥ ১-২ ॥

যে ব্যক্তি বুদ্ধিমান্‌, শাস্ত্রজ্ঞ, যশস্বী, বলবান্‌ এবং কার্য্য সাধনের উপায় সম্বন্ধে অভিজ্ঞ, সে-ই এই ভার বহনে নিযুক্ত হইবার উপযুক্ত ॥ ৩ ॥

অনন্তর মহাতেজস্বী তারা-পুত্র বানর অঙ্গদ বলিলেন—বানরগণ, আমি মনে করি, এই সমস্ত গুণ এবং ইহারও অধিক গুণসকল বানরশ্রেষ্ঠ বিশাল-কায় হনুমানে বিদ্যমান আছে ॥ ৪ ॥

১। থ 'কপি-'। ২। দ 'সংবিচিন্ত্যাথ'। ৩। চ থ 'ঋক্ষ-বানর-'। ৪। ঘ '-শাস্ত্রবিশারদঃ'। ৫। ছ-ত '-কোবিদঃ', দ '-কোবিদ'। ৬। ছ-থ '-মান্‌'। ৭। ত-থ 'ভাষতে'। ৮। থ '-ণা বাপ্যুপা-'। ৯। ঘ-ত-থ '-ষ্ঠক', ছ '-ষ্ঠং বা'। ১০। ছ 'হনূমতি বপুষ্মতি'।

এষ বায়োর্বলে [১]তুল্যস্তদ্বেগ ইব শীঘ্রগঃ ।
হনূমান্ [২]বায়ুপুত্রস্তু [৩]কার্য্যেঽত্র বিনিযুজ্যতাম্ ॥ ৫ ॥
যশস্বী [৪]দ্যুতিমাংশ্চৈব [৫]রামসুগ্রীবয়োর্হিতঃ ।
অনেন সহ সখ্যঞ্চ [৬]বিহিতং লোকবীরয়োঃ ॥ ৬ ॥
[৭]ধর্ম্মজুষ্টমিদং কার্য্যং লোকজুষ্টং যশস্করম্ ।
প্রিয়ং বানররাজস্য করিষ্যতি ন সংশয়ঃ ॥ ৭ ॥
ইতি [৮]বানরমুখ্যস্য [৯]সমনুজ্ঞায় শাসনম্ ।
[১০]অথোচুর্হনুমন্তং তে বানরা বানরর্ষভম্ ॥ ৮ ॥
হনুমন্ হরিরাজস্য সুগ্রীবস্য সমো হ্যসি ।
রামলক্ষ্মণয়োশ্চাপি [১১]তেজসা চ বলেন চ ॥ ৯ ॥
অরিষ্টনেমিনো ভ্রাতা বৈনতেয়ো মহাবলঃ ।
[১২]গরুত্মানিতি বিখ্যাত উত্তমঃ সর্ব্বপক্ষিণাম্ ॥ ১০ ॥

---

৫ । লো-টী । তস্য বায়োর্বেগ ইব বেগো যস্য সঃ ।
৭ । লো-টী । ইদং কার্য্যং ধর্ম্মায় জুষ্টমুপযুক্তঞ্চেৎ তদা তৎ কর্ম্ম যশস্করং লোকে ।
৮ । লো-টী । বানরমুখ্যস্য অঙ্গদস্য, শাসনমাজ্ঞাম্ ।
১০ । লো-টী । অরিষ্টনেমা অরুণঃ ।

বায়ুপুত্র হনুমান্ বলে বায়ুর তুল্য এবং বায়ুর বেগের তুল্যই শীঘ্রগামী, ইনিই এই কার্য্যে নিযুক্ত হউন ॥ ৫ ॥

ইনি রাম এবং সুগ্রীবের হিতকারক, যশস্বী এবং দীপ্তিশালী ; জগতের প্রধান বীর রাম এবং সুগ্রীবের সহিত ইহার বন্ধুত্বও ঘটিয়াছে ॥ ৬ ॥

হনুমান্ এই ধর্ম্মানুমোদিত লোকপূজিত যশস্কর এবং বানররাজ সুগ্রীবের প্রিয় কার্য্য করিবেন, সন্দেহ নাই ॥ ৭ ॥

অনন্তর বানরপ্রধান অঙ্গদের এই আদেশ অনুমোদন করিয়া সেই বানরগণ বানরশ্রেষ্ঠ হনুমান্‌কে বলিলেন— ॥ ৮ ॥

হনুমন্, আপনি বলে ও পরাক্রমে বানররাজ সুগ্রীব এবং রাম ও লক্ষ্মণের সমকক্ষ ॥ ৯ ॥

---

১ । দ '-স্তদ্বীর্য্যবেগশীঘ্রগঃ' । ২ । দ '-পুত্রশ্চ' । ৩ । দ '-হস্মিন্ ভুবি যুজ্য-' । ৪ । ত 'কৃতিমাং-' । ৫ । অতঃপরং দ-পুস্তকে 'ইতি বানরমুখ্যস্য সমনুজ্ঞায় শাসনম্' । ইত্যধিকম্ । ৬ । দ 'বিদিতং' । ৭ । ত '-যুক্ত-' । ৮ । ত '-রাজস্য' । ৯ । দ 'সমর্থস্য যশস্বিনঃ' । ১০ । দ '-চুস্তে হনুমন্তং' । ১১ । ত '-সাপি' । ১২ । ক-খ-ত-পুস্তকেষু ইতঃ পাদাষ্টকং নাস্তি ।

বহুশো[1] হি ময়া দৃষ্টঃ[2] সাগরে মকরালয়ে।
[3]ভুজগানুদ্ধরন্ পূর্ব্বং মহাতেজা মহাবল ॥ ১১ ॥
পক্ষয়োর্যদ্ বলং তস্য তাবদ্ ভুজবলং তব।
বিক্রমশ্চৈব বেগশ্চ তেন তে নাবহীয়তে ॥ ১২ ॥
বলং বুদ্ধিশ্চ তেজশ্চ[4] সত্ত্বঞ্চ হরিপুঙ্গব।
[5]বিশিষ্টং সর্ব্বভূতানামাত্মানং কিং[6] ন বুধ্যসে ॥ ১৩ ॥
অপ্সরা[7]ঽপ্সরসাং শ্রেষ্ঠা বিখ্যাতা পুঞ্জিকস্থলা[8]।
অভিশাপাদ[9]ভূত্[10]তাত বানরী কামরূপিণী ॥ ১৪ ॥
দুহিতা হরিমুখ্যস্য কুঞ্জরস্য মহাত্মনঃ[11]।
অঞ্জনেতি পরিখ্যাতা[12] পত্নী কেশরিণঃ কপেঃ[13]।
অভিশাপক্ষয়াজ্জাতা পুনশ্চ দিবিচারিণী ॥ ১৫ ॥

১২। গো-টী। তেন গরুড়েণ সহ, বিক্রমো বেগঃ, ন হীয়তে হীনো ন ভবতি।
১৩। গো-টী। বলং শারীরং, তেজঃ প্রভাবঃ, সত্ত্বং স্বভাবঃ, ইন্দ্রিয়বলং বা। 'সত্ত্বং গুণে পিশাচাদৌ বলে দ্রব্যস্বভাবয়োঃ' ইতি কোষঃ। অত আত্মানং কিং ন বুধ্যসে ন জানাসি।
১৪। গো-টী 'অপ্সরাশব্দঃ আকারান্তঃ, 'অপ্সরাঽপ্সরসা সহে'তি দ্বিরূপকোষঃ।

অরিষ্টনেমীর ভ্রাতা বিনতা-নন্দন মহাবলশালী পক্ষি-জাতির মধ্যে শ্রেষ্ঠ গরুড় নামে বিখ্যাত মহাতেজস্বী পক্ষিরাজকে মকরালয় সমুদ্রে সর্পদিগকে উত্তোলন করিতে আমি বহুবার দেখিয়াছি। তাঁহার পক্ষদ্বয়ের যেরূপ বল, তোমার বাহুবলও সেইরূপ। বানরশ্রেষ্ঠ, তোমার বেগ, বিক্রম, বল, বুদ্ধি, প্রভাব এবং সাহস [অথবা স্বভাব] গরুড় অপেক্ষা হীন নয়। তুমি কি নিজকে সর্ব্বজীবের মধ্যে বিশিষ্ট বলিয়া বুঝিতেছ না? ॥ ১০—১৩ ॥

অপ্সরাগণের মধ্যে শ্রেষ্ঠা প্রসিদ্ধা পুঞ্জিকস্থলানাম্নী অপ্সরা ঋষির শাপে বানরশ্রেষ্ঠ মহাত্মা কুঞ্জরের কন্যারূপে অঞ্জনা নামে বিখ্যাতা কামরূপিণী বানরী হইয়া জন্মগ্রহণ করেন। [তিনি] বানর 'কেশরী'র ভার্য্যা হন, [পরে] শাপাবসানে পুনরায় স্বর্গে গমন করেন ॥ ১৪-১৫ ॥

১। থ '-শোঽপি'। ২। থ 'সম্পতন সাগরে পুরা-'। ৩। দ 'ভুজগো ভক্ষিতঃ', থ 'ভুজঙ্গানুৎক্ষিপন্ পক্ষী মহাবেগো'। ৪। ত-থ-দ 'সত্ত্বঞ্চ তেজশ্চ'। ৫। ছ 'বরিষ্ঠং'। ৬। দ 'নাববুধ্যসে'। ৭। ঘ '-রাঽপ্সরসঃ শ্রেষ্ঠা', ছ-থ-দ '-রা অপ্সরঃশ্রেষ্ঠা'। ৮। ত '-স্থলী'। ৯। ছ '-পাৎ প্রভূতা সা'। ১০। ত '-ভূৎ পশ্চাৎ'। ১১। অতঃ পরং ত-পুস্তকে 'মানুষং বিগ্রহং কৃত্বা সাক্ষাদমরবর্ণিনী' ইত্যধিকম্। ১২। ঘ-ছ-ত '-জ্ঞাতা'। ১৩। অতঃ পরং ছ-পুস্তকে 'বিখ্যাতা ত্রিষু লোকেষু রূপেণাপ্রতিমা ভুবি'। ইত্যধিকম্।

কপিত্বে[১] চারুসর্ব্বাঙ্গী[২] কদাচিৎ[৩] কামরূপিণী।
মানুষং[৪] বিগ্রহং[৫] কৃত্বা সাক্ষাদমরবর্ণিনী ॥ ১৬ ॥
ব্যচরৎ পর্ব্বতস্যাগ্রে প্রাবৃড়ম্বুদসন্নিভে।
বিচিত্রমাল্যাভরণা মহার্হক্ষৌমবাসিনী[৬] ॥ ১৭ ॥
বস্ত্রং তস্যা বিশালাক্ষ্যাঃ পীতরক্তং[৭] সুশোভনম্।
স্থিতায়াঃ পর্ব্বতস্যাগ্রে মারুতোঽপাহরচ্ছনৈঃ[৮] ॥ ১৮ ॥
স দদর্শ ততস্তস্যা বৃত্তাবূরূ সুসংহতৌ[৯]।
স্তনৌ[১০] চ পীনৌ রুচিরৌ সুরূপৌ প্রিয়দর্শনৌ ॥ ১৯ ॥
তাং বিশালায়তশ্রোণীং তনুমধ্যামনিন্দিতাম্।
দৃষ্ট্বৈব চারুসর্ব্বাঙ্গীং মারুতঃ কামমোহিতঃ ॥ ২০ ॥[১]

১৬। লো-টী। অমরবর্ণিনী অমরাণাং বর্ণিনী মত্তাঙ্গনা নর্ত্তকী বা। 'মত্তাঙ্গনা বিদগ্ধ-স্ত্রী-নর্ত্তকীষু চ বর্ণিনী'তি হারাবলী।

১৮। লো-টী। পীতা রক্তা চ দশা যস্মিন্ তৎ। 'পীত'মিতি ক্বচিৎ পাঠঃ।

১৯। লো-টী। প্রিয়ং প্রীতিজনকং দর্শনং যয়োস্তৌ। 'কুম্ভাবয়সং চারু চানন'মিতি পাঠঃ ক্বচিৎ।

বানরজন্মে এক সময়ে সাক্ষাৎ দেবীর ন্যায় সর্ব্বাঙ্গসুন্দরী কামরূপিণী অঞ্জনা মনুষ্যরূপ ধারণ করিয়া বর্ষাকালে মেঘ-সদৃশ পর্ব্বতশিখরে নানাপ্রকার মালা এবং অলঙ্কারে ভূষিতা হইয়া মহামূল্য ক্ষৌমবস্ত্র পরিধান করিয়া বিচরণ করিতেছিলেন ॥ ১৬-১৭ ॥

বায়ু ধীরে ধীরে পর্ব্বতশিখরে অবস্থিতা সেই বিশালাক্ষীর পীত এবং রক্তবর্ণ সুন্দর বস্ত্র অপহরণ করিলেন ॥ ১৮ ॥

অনন্তর বায়ু তাহার পরস্পর-সংশ্লিষ্ট বর্ত্তুল উরুদ্বয় এবং অতি মনোহর সুন্দর সুদৃশ্য স্থূল স্তনদ্বয় দেখিতে পাইলেন ॥ ১৯ ॥

পবন সেই অনিন্দ্য-সুন্দরীর বিশাল নিতম্ব, ক্ষীণ কটিদেশ এবং অতি মনোহর অঙ্গ সকল দেখিয়াই কামমোহিত হইলেন ॥ ২০ ॥

১। ঘ পুস্তকে ইদমর্দ্ধং নাস্তি। ২। গ-ছ-ত '-স্বাচ্চারু-'। ৩। ছ 'কর্হিচিৎ'। ৪। ত-পুস্তকে ইদমর্দ্ধং নাস্তি। ৫। গ '-মস্থ বপুঃ'। ৬। দ 'মহার্হা ক্ষৌ-'। ৭। ঘ-ছ-দ '-রক্তদশং শুভম্', গ 'পীতং রক্তদশাশুভম্'। ৮। ঘ '-তঃ প্রাহর-'। ৯। ঘ-ছ-থ 'সমাহিতৌ'। ১০। ক-খ 'পীনৌ চ রুচিরৌ'।

স তাং ভুজাভ্যাং দীর্ঘাভ্যাং পর্য্যষ্বজত ভাবিনীম্।
[1]মন্মথাবিষ্টসর্ব্বাত্মা [2]তে মাতরমনিন্দিতাম্ ॥ ২১ ॥
[3]তত্র সা [4]কোপসংরক্তা সুনেত্রা বাক্যমব্রবীৎ।
একপত্নীব্রতমিদং কো নাশয়িতুমিচ্ছতি ॥ ২২ ॥
অঞ্জনায়া বচঃ শ্রুত্বা প্রত্যভাষত মারুতঃ।
ন ত্বাং হিংসামি কল্যাণি মারুতোঽস্মি শুভাননে[5] ॥ ২৩ ॥
মনসা[6]ঽস্মি গতো [7]যত্ত্বাং পরিষ্বজ্য [8]যশ[9]স্বিনি।
বীর্য্যবান্ [10]বুদ্ধিসম্পন্ন[11]স্তব পুত্রো ভবিষ্যতি ॥ ২৪ ॥
স ত্বং কেশরিণঃ ক্ষেত্রে সম্ভূতোঽমিতবিক্রমঃ।
মারুত[12]স্যৌরসঃ পুত্রস্তেজসা [13]চাসি তৎসমঃ ॥ ২৫ ॥

২১। গো-টী। 'তে মাতর'মিতি তে তব ইত্যর্থং পদম্। 'ত্বন্মাতর'মিত্যপি পাঠঃ ক্বচিৎ।

২৩। গো-টী। ন ত্বাং হিংসামি তব একপত্নীব্রতং ন নাশয়ামি।

সেই কামান্ধ পবন তোমার অনিন্দনীয়া যশস্বিনী মাতাকে বিশাল বাহুদ্বারা [বেষ্টন করতঃ] আলিঙ্গন করিলেন ॥ ২১ ॥

তখন সেই সুলোচনা (সুন্দরী) ক্রোধে চক্ষু রক্তবর্ণ করিয়া বলিলেন—কে আমার এই পাতিব্রত্য-ধর্ম্ম নষ্ট করিতে ইচ্ছা করিতেছে? ॥ ২২ ॥

পবন অঞ্জনার বাক্য শুনিয়া প্রত্যুত্তর দিলেন—"হে কল্যাণি, আমি বায়ু; তোমার ধর্ম্ম নষ্ট করি নাই ॥ ২৩ ॥

হে যশস্বিনি, আমি যে তোমাকে আলিঙ্গন করিয়া মনে মনে তোমাতে উপগত হইয়াছি, তাহাতেই তোমার বলশালী বুদ্ধিমান্ এক পুত্র হইবে" ॥ ২৪ ॥

সেই তুমি কেশরীর ক্ষেত্রে, বায়ুর ঔরসে, প্রবল পরাক্রমশালী হইয়া জন্মগ্রহণ করিয়াছ, তুমি বিক্রমেও বায়ুরই তুল্য ॥ ২৫ ॥

১। ছ 'বৃত্তাভ্যাং'। ২। থ 'ত্বন্মাতর-'। ৩। ছ 'ততঃ'। ৪। ধ '-সংযুক্তা'। ৫। অতঃ পরং ছ-পুস্তকে 'মহাসত্ত্বো মহাকায়ো মহাবলপরাক্রমঃ। লঙ্ঘনে প্লবনে বাপি ভবিষ্যতি ময়া সমঃ॥ এবমুক্তা ততস্তুষ্টা জননী তে মহাবল। গুহায়াং ত্বাং মহাবাহো সুষুবে প্লবগর্ষভম্॥' ইত্যধিকম্। ৬। দ '-সাঽভিগতো'। ৭। ক 'যত্নাং'। ৮। ঘ-থ-দ 'তপস্বিনীম্'। ৯। ক 'স্বিনীম্'। ১০। দ 'গুণ-'। ১১। অতঃ পরং ঙ-পুস্তকে 'মহাসত্ত্বো মহাকায়ো মহাবলপরাক্রমঃ। লঙ্ঘনে প্লবনে বাপি ভবিষ্যতি ময়া সমঃ॥ এবমুক্তা ততস্তুষ্টা জননী তে মহাবল। গুহায়াং ত্বাং মহাবাহো প্রজজ্ঞে বানরর্ষভ॥" ইত্যধিকম্। ১২। ঘ-ছ-থ দ '-সম্ভূত তে-'। ১৩। ঘ-ঙ-থ 'চাপি'।

উদ্যন্তং হি [1]ত্বমাদিত্যং [2]বালো দৃষ্ট্বা [3]মহাচলে।
গ্রহীতুকামঃ ক্রীড়ার্থং গিরেরুৎপতিতো দিবম্ ॥ ২৬ ॥
[4]যমেব দিবসং [5]ত্বঞ্চ ভাস্করং প্লুতবাংস্ততঃ।
তস্মিন্নেব দিনে রাহুঃ সংজিঘৃক্ষুর্দিবাকরম্ ॥ ২৭ ॥
[6]উপাজগাম ত্বাং দৃষ্ট্বা ত্বরিতং [7]সোঽপচক্রমে।
ইন্দ্রস্য ভবনং গত্বা সহ শক্রেণ [8]চাভ্যয়াৎ ॥ ২৮ ॥
[9]ঐরাবতস্থঃ সুরপতির্দৃষ্ট্বা ত্বান্তু সমাগতঃ।
[10]সমায়ান্তং হি শক্রস্ত্বাং [11]কুলিশেনাভ্যতাড়য়ৎ ॥ ২৯ ॥
শতানি ত্রীণি তত্রোর্দ্ধং যোজনানাং [12]মহাকপে।
[13]তেজসাঽর্কস্য নির্ধূতো ন বিষাদং গতস্তদা ॥ ৩০ ॥
[14]ভবত্যুৎপতিতে শীঘ্রমন্তরাক্ষং মহাকপে।
ক্ষিপ্তমিন্দ্রেণ বজ্রং তে ক্রোধাবিষ্টেন ধীমতা ॥ ৩১ ॥

৩০। লো-টী। শতানি ত্রীণি গতোঽপি বিষাদং ন গতঃ। নির্ধূতঃ কম্পিতোপি। 'সম্ভূত' ইতি ক্বচিৎ পাঠঃ।

তুমি বাল্যকালে অত্যুচ্চ পর্ব্বতে [থাকিয়া] সূর্য্য উদিত হইতেছে দেখিয়া খেলিবার জন্য তাহাকে ধরিতে ইচ্ছুক হইয়া পর্ব্বত হইতে আকাশে উল্লম্ফন করিয়াছিলে ॥ ২৬ ॥

তুমি যেদিন সূর্য্যের প্রতি উল্লম্ফন করিয়াছিলে, সেই দিনই রাহু সূর্য্যকে গ্রাস করিতে ইচ্ছুক হইয়া আসিয়াছিল, সে তোমাকে দেখিয়া ভয়ে দ্রুতবেগে পলায়ন করিল এবং ইন্দ্রালয়ে গমন করিয়া ইন্দ্রের সহিত প্রত্যাগমন করিল ॥ ২৭-২৮ ॥

ঐরাবতে আরোহণ-পূর্ব্বক সমাগত দেবরাজ ইন্দ্র তোমাকে আসিতে দেখিয়া বজ্রদ্বারা আঘাত করিলেন ॥ ২৯ ॥

বানরশ্রেষ্ঠ, তখন তুমি সূর্য্যের তেজে [প্রতপ্ত হইয়া,] তিনশত যোজন ঊর্দ্ধে গমন করিয়া এবং [বজ্রাঘাতে] বিকম্পিত হইয়াও বিষণ্ণ হও নাই ॥ ৩০ ॥

কপিশ্রেষ্ঠ, তুমি দ্রুতবেগে আকাশে উঠিতে লাগিলে ধীমান্ ইন্দ্র ক্রোধাবিষ্ট হইয়া তোমার প্রতি বজ্র নিক্ষেপ করিয়াছিলেন ॥ ৩১ ॥

১। ক 'ত্বমা-'। ২। ঙ-খ 'বাল্যাদ দৃষ্ট্বা'। ৩। প '-বলঃ'। ৪। দ-পুস্তকে ইদমর্দ্ধং নাস্তি, ক-ঘ-প-পুস্তকেষু ইতঃ শ্লোকত্রয়ং নাস্তি। ৫। ত 'ত্বং হি গ্রহীতুং ভাস্করং গতঃ'। ৬। ত 'উপক্রমন্তং তং'। ৭। দ 'নোপ-'। ৮। দ 'চাব্রয়াৎ'। ৯। ত 'ঐরাবতস্কন্ধগতং দৃষ্টঃ শক্রং ত্বয়া প্লুতম্', দ 'ঐরাবতস্থঃ'। ১০। দ-ঙ 'দেবরাট্ ত্বাং সমালোক্য'। ১১। দ '-নাপ্য-'। ১২। দ '-কপিঃ'। ১৩। ত '-সা নির্দ্ধূতোঽর্কস্য'। ১৪। ছ-প-পুস্তকয়োরয়ং শ্লোকো নাস্তি। ত 'ত্বং হ্যুৎপতন্তূর্ণমন্ত-'।

তত্রাধঃ[1] পততো দিব্যাদন্তরীক্ষাৎ[2] কপে[3] তব।
হনুঃ শৈলেন্দ্রশিখরে[4] বাম এষ ব্যভজ্যত ॥ ৩২ ॥
ততস্তু নামধেয়ং[5] তে হনুমানিতি[6] বিশ্রুতম্।
ত্বং হি বায়ুসুতস্তাত বলবান্ কপিকুঞ্জরঃ[7] ॥ ৩৩ ॥
বয়মদ্য গতপ্রাণা ন তথা বিক্রমোঽস্তি নঃ।
তেজোবলসমাযুক্তঃ পক্ষিরাজসমক্রমঃ[8] ॥ ৩৪ ॥
ত্রিবিক্রমঃ[9] পুরা[10]ঽস্মাভিঃ কৃতো বিষ্ণুঃ প্রদক্ষিণঃ[11]।
ত্রিঃসপ্তকৃত্বঃ[12] পৃথিবী কৃতাঽস্মাভিঃ প্রদক্ষিণা[13] ॥ ৩৫ ॥
[14]তথা চৌষধয়োঽস্মাভিঃ সঞ্চিতা দেবশাসনাৎ।
নিষ্পন্ন[15]মমৃতং তাভি[16]স্তদাসীন্মে[17] মহদ্[18] বলম্ ॥ ৩৬ ॥

৩২। লো-টী। তত্রাপি ততোঽপি।

৩৪। লো-টী। ক্রমে পরাক্রমে, সমস্তুল্যঃ।

৩৫। লো-টী। 'অস্মাভিরি'তি জাম্ববতা কৃতত্বাৎ, বিষ্ণুঃ প্রদক্ষিণীকৃতঃ, কতি বারা ইত্যপেক্ষায়ামাহ—'ত্রিঃসপ্তে'তি।

বানর, সেই শ্রেষ্ঠ পর্ব্বতশিখরে আকাশের অন্তরাল হইতে নিম্নে পতিত হওয়ায়, তোমার এই বাম হনু (গণ্ডের ঊর্দ্ধদেশ) ভগ্ন হইয়াছিল ॥ ৩২ ॥

সেই জন্যই তোমার 'হনুমান্' এই নাম বিখ্যাত হইয়াছে। বৎস, তুমি বায়ুর পুত্র, বানরদের মধ্যে শ্রেষ্ঠ এবং বলবান্ ॥ ৩৩ ॥

সম্প্রতি আমি মৃতপ্রায় হইয়াছি, আমার পূর্ব্বের ন্যায় শক্তি নাই। বল-বিক্রমশালী তুমিই বিক্রমে পক্ষিরাজ গরুড়ের তুল্য ॥ ৩৪ ॥

আমি পূর্ব্বে (বামনাবতারে) ত্রিবিক্রম বিষ্ণুকে প্রদক্ষিণ করিয়াছি এবং একবিংশতিবার এই পৃথিবীকে প্রদক্ষিণ করিয়াছি ॥ ৩৫ ॥

দেবগণের আদেশে আমি ঔষধিসমূহ সংগ্রহ করিয়াছিলাম, তদ্দ্বারা অমৃত প্রস্তুত হইয়াছিল, তখন আমার অতিশয় শক্তি ছিল ॥ ৩৬ ॥

১। ছ 'তত্রাবপততো', ক 'তত্রাধঃ পতিতো', দ 'তত্রাপি পততো'। ২। থ 'মহাকপে'। ৩। অতঃ পরং থ-পুস্তকে 'ক্ষিপ্তমিন্দ্রেণ বজ্রং বৈ ক্রোধাবিষ্টেন ধীমতা।' ইত্যধিকম্। ৪। ত 'ভুভজ্যাত'। ৫। থ 'তু'। ৬। ত-দ '-তঃ'। ৭। ত 'কপিকুঞ্জর'। ৮। ঘ-ত-দ '-রাট্সমবিক্রমঃ'। ৯। ছ 'ত্রৈবি-'। ১০। ঘ-ত-থ-দ '-মে'। ১১। থ '-ক্ষণম্'। ১২। ত '-কৃত্বা'। ১৩। থ '-ক্ষণম্'। ১৪। ছ-থ 'তদা'। ১৫। ত-টি 'নিষ্পন্নামৃতমস্মাভিঃ'। ১৬। ক 'যাভি-'। ১৭। থ '-নীং মে'। ১৮। দ 'মহাব-'।

[১]তদিদানীমহং বৃদ্ধো ব্যতিক্রান্তপরাক্রমঃ।
সাম্প্রতং মৃত্যুকালোঽয়ং[২] ভবান্ সর্ব্বগুণান্বিতঃ ॥ ৩৭ ॥
তদ্ বিজৃম্ভস্ব বিক্রান্ত[৩] প্লবতাং প্রবরো[৪] হ্যসি।
যো হি বিক্রমতে[৫] ধৃষ্টং[৬] বিষমে[৭] পর্য্যুপস্থিতে[৮] ॥ ৩৮ ॥
[৯]পর্জ্জন্যমিব ভূতানি লোকস্তমনুজীবতি।
এতাবান্ পুরুষার্থো হি বিক্রমস্য প্রয়োজনম্ ॥ ৩৯ ॥
যস্য পৌরুষমশ্নন্তি মিত্রস্বজনবান্ধবাঃ।
অমরা ইব শক্রস্য সফলং তস্য জীবিতম্ ॥ ৪০ ॥
যুক্তো যো বুদ্ধিশাস্ত্রাভ্যাং প্রশস্তঃ পৌরুষেণ চ।
কর্ম্মণাং[১০] চাপ্যুপায়জ্ঞঃ সোঽস্যাং ধুরি নিযুজ্যতে[১১] ॥ ৪১ ॥
তদপ্রমেয়ং[১২] বচনং সম্যগ্ বিজ্ঞায় তত্ত্বতঃ।
হনূমন্তমথোচুস্তে লঙ্কাং গচ্ছেতি বানরাঃ ॥ ৪২ ॥

৩৮। লো-টী। তৎ তস্মাৎ বিজৃম্ভস্ব বর্দ্ধস্ব, বিক্রান্তে বিক্রমে, বিষমে সঙ্কটে, ধৃষ্টং প্রগল্ভং যথা ভবতি তথা বিক্রমতে বিক্রমং করোতি।

৪২। লো-টী। অপ্রমেয়ং কদাপি ন জ্ঞানবিষয়ম্।

বর্ত্তমানে আমি বৃদ্ধ হইয়া শক্তিহীন হইয়াছি, সম্প্রতি আমার মৃত্যুসময় উপস্থিত। তুমিই [আমাদের মধ্যে] সর্ব্ব-গুণসম্পন্ন ॥ ৩৭ ॥

অতএব হে মহাবীর, বিক্রম প্রকাশ কর, তুমি বানরদিগের মধ্যে শ্রেষ্ঠ। সঙ্কট উপস্থিত হইলে যে ব্যক্তি হৃষ্ট হইয়া বিক্রম প্রকাশ করে, প্রাণিগণ যেরূপ মেঘকে অবলম্বন করিয়া জীবন ধারণ করে, [অনুজীবী] লোকে সেইরূপ তাহার অনুবর্ত্তন করিয়া জীবিত থাকে। ইহাই (পরকে রক্ষা করাই) পুরুষার্থ এবং এই জন্যই বিক্রমের প্রয়োজন ॥ ৩৮-৩৯ ॥

দেবগণ যেরূপ ইন্দ্রের পুরুষকার [দ্বারা দেবত্ব] উপভোগ করেন, সেইরূপ আত্মীয় বন্ধুবান্ধবগণ যাঁহার পুরুষকার [দ্বারা উপার্জ্জিত সম্পদ] উপভোগ করেন, তাঁহার জীবন সার্থক ॥ ৪০ ॥

যে ব্যক্তি বুদ্ধিমান্, শাস্ত্রজ্ঞ, প্রশংসনীয় পরাক্রমশালী এবং কার্য্যসিদ্ধির উপায় সম্বন্ধে যাঁহার জ্ঞান আছে, তিনিই এই ভার বহনে নিযুক্ত হইতে পারেন ॥ ৪১ ॥

১। ক 'স ইদা-'। ২। থ '-য়ং প্রত্যুতগুণবিক্রমঃ', ছ-ত-থ-দ '-য়মতো ত্বগুণবিক্রমঃ'। ৩। ত '-ক্রান্তং', থ '-ক্রান্তিং'। ৪। দ 'প্রবগো'। ৫। দ '-মতো বিক্রোর্জ্জিক্রমে'। ৬। ছ-প 'হৃষ্টো'। ৭। থ-ছ-ত থ 'বিক্রমে'। ৮। ছ-ত 'সমুপস্থিতে'। ৯। দ 'পর্জ্জন্য ইব'। ১০। ঘ '-ণামপ্যুপা-', প '-ণা চাপ্যুপা-'। ১১। ঘ '-জ্যতাম্'। ১২। ছ-থ-দ '-মব-'।

দর্শয়স্ব [1]মহাতেজো লোকে [2]লোকাধিকো হ্যসি।
[3]অপ্রমেয়াপ্রমেয়স্য পারং [4]গচ্ছ মহোদধেঃ ॥ ৪৩ ॥
বিস্মাপয় জগৎ সর্ব্বং বিক্রমস্ব দিবং কপে।
সীতায়াশ্চিরনষ্টায়াস্ত্বমদ্য [5]পদবীং চর ॥ ৪৪ ॥
কথ্যতাং ত্রিষু লোকেষু কর্ম্ম তে পুণ্যকর্ম্মণঃ।
অমানুষমিদং কর্ম্ম লঙ্ঘনং লবণা[6]ম্ভসঃ ॥ ৪৫ ॥
যশসা যোজয়াত্মানমা[7]য়ুষা চাপি [8]বান্ধবান্।
[9]নির্দ্দেশসিদ্ধ্যা ভর্ত্তারং পরিজ্ঞানেন রাঘবম্ ॥ ৪৬ ॥
ত্বদ্‌বীর্য্যং দ্রষ্টুকামেয়ং সর্ব্বা বানরবাহিনী।
উত্তিষ্ঠ হরিশার্দ্দূল লঙ্ঘয়স্ব মহার্ণবম্ ॥ ৪৭ ॥

৪৩। লো-টী। হে অপ্রমেয়, বলপরাক্রমাদিভির্জ্ঞাতুমশক্য, অপ্রমেয়স্য পারবত্ত্বেন জ্ঞানাবিষয়স্য। 'অপারস্যে'তি বা পাঠঃ।

৪৪। লো-টী। দিবম্ আকাশং প্রতি বিক্রমস্ব বিক্রমং কুরু। চিরনষ্টায়াঃ চিরাদদৃষ্টায়াঃ পদবীং পস্থানং চর গচ্ছ।

৪৬। লো-টী। পরিজ্ঞানেন, সীতায়া ইতি শেষঃ।

যুক্তি-তর্কদ্বারা অকাট্য সেই বাক্য যথার্থরূপে পরিজ্ঞাত হইয়া সেই বানরগণ হনুমান্‌কে বলিলেন 'আপনি লঙ্কায় গমন করুন' ॥ ৪২ ॥

হে অপরিমিত শক্তিসম্পন্ন হনুমন্, আপনি জগতে সর্ব্বলোকশ্রেষ্ঠ; আপনি [স্বীয়] প্রবল পরাক্রম প্রদর্শন করুন; অসীম মহাসমুদ্রের পরপারে গমন করুন ॥৪৩॥

হে বানর, অন্তরীক্ষে বিক্রম প্রকাশ করিয়া সমস্ত জগৎকে বিস্মিত করুন। আপনি আজ বহুকাল অপহৃত সীতার পথ অনুসরণ করুন ॥ ৪৪ ॥

পুণ্যকর্ম্মা আপনার এই অমানুষিক লবণ-সমুদ্রলঙ্ঘনের কথা ত্রিজগতে ঘোষিত হউক ॥ ৪৫ ॥

[আপনি] নিজকে যশস্বী করুন এবং বান্ধবদিগকে (আমাদিগকে) আয়ুষ্মান্ করুন। প্রভুর আদেশ পালন করুন; রামচন্দ্রকে সীতার বৃত্তান্ত জ্ঞাপন করুন ॥৪৬॥

হে বানরশ্রেষ্ঠ, এই সমস্ত বানর-সেনা আপনার পরাক্রম দেখিতে ইচ্ছুক; উঠুন, মহাসমুদ্র লঙ্ঘন করুন ॥ ৪৭ ॥

১। ঘ-ছ-থ 'মহস্তে-'। ২। ঘ '-ধিপো'। ৩। দ '-ন্নাৎ প্রমে-'। ৪। থ 'গন্তুং'। ৫। ত 'ব্রজ'। ৬। থ '-মুধেঃ'। ৭। ক-ছ 'বাপি'। ৮। ঘ-থ 'বানরান্'। ৯। ঘ-ত 'নিদেশ-'।

বায়োরপি গতির্নৈষা হনূমন্ যা গতিস্তব ।
বিষণ্ণান্ প্লবগান্ সর্ব্বান্ হনূমন্ কিমুপেক্ষসে ॥ ৪৮ ॥
বিক্রমস্ব মহাবাহো বিষ্ণুস্ত্রীন্ বিক্রমানিব ।
সমর্থো[3] হ্যনিলস্যাপি গতিং গন্তুং সুদুর্গমাম্ ॥ ৪৯ ॥
ততঃ কপীনাং প্রবরেণ চোদিতঃ[4] প্রতীতবেগঃ[5] পবনাত্মজঃ[6] কপিঃ ।
প্রহর্ষয়ংস্তাং হরিবাহিনীং তদা চকার রূপং প্লবনায় বিস্তৃতম্[7] ॥ ৫০

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে হনুমত্তেজনং
নাম দ্বিতীয়ঃ সর্গঃ ॥ ২ ॥

৫০ । লো-টী । প্রতীতবেগঃ খ্যাতবেগঃ, 'প্রতীতঃ খ্যাত-হৃষ্টয়ো'রিতি বিশ্বঃ । বিস্তৃতং মহৎ । সুন্দরকাণ্ডে হনুমত্তেজনম্ ॥ ২ ॥

হনুমন্, আপনার গতি যেরূপ, বায়ুর গতিও সেরূপ নহে। এই বিষণ্ণ বানর-দিগকে কি জন্য উপেক্ষা করিতেছেন ? ॥ ৪৮ ॥

হে মহাবাহো, বিষ্ণু যেরূপ তিনটি পদক্ষেপ করিয়াছিলেন, আপনিও সেইরূপ (অর্থাৎ ত্রিভুবনব্যাপী) পদক্ষেপ করুন। আপনি বায়ুরও সুদুর্গম গতির অনুগমন করিতে সমর্থ ॥ ৪৯ ॥

অনন্তর বানরশ্রেষ্ঠ জাম্ববান্-কর্ত্তৃক প্রেরিত হইয়া বিখ্যাতবেগশালী পবন-নন্দন হনুমান্ সেই বানর-সেনাদিগকে আনন্দিত করত সমুদ্র-লঙ্ঘনের জন্য বিশাল আকার ধারণ করিলেন ॥ ৫০ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে হনুমত্তেজন-
নামক ২য় সর্গ সমাপ্ত ॥ ২ ॥

১ । ত '-তিব্বেষা', খ 'মহাতীব্রা' । ২ । দ 'যা গতিস্তনুমংস্তব' । ৩ । গ '-র্থস্ত্বনিল-', ছ '-র্থোহস্থনিল-' ।
৪ । ট-খ-গ 'বোধিতঃ' । ৫ । ত গ-দ 'প্রতীপবেগ-' । ৬ । গ '-জস্তথা' । ৭ । ঘ 'বিক্রমম্', ত-গ-দ 'বিক্রমম্' ।

(৩) তৃতীয়ঃ সর্গঃ

সংস্তূয়মানো হনুমান্ [১]ব্যবর্দ্ধত মহাকপিঃ ।
সমা[২]বিধ্যত লাঙ্গূলং চরণৌ চান্ত[৩]কোপমঃ ॥ ১ ॥
তস্য সংস্তূয়মানস্য [৪]বৃদ্ধৈর্ব্বানরপুঙ্গবৈঃ ।
তেজসা পূর্য্যমাণস্য রূপমা[৫]সাদনু[৬]ত্তমম্ ॥ ২ ॥
যথা চন্দ্রমসো বৃদ্ধ্যা পূর্য্যতে সাগরোঽম্ভসা ।
[৭]ববৃধে স্তূয়মানস্য তথা বীর্য্যং হনূমতঃ ॥ ৩ ॥
[৮]যথা বিজৃম্ভতে সিংহঃ [৯]প্রবৃদ্ধঃ [১০]কাননান্তরে ।
মারুতস্যৌরসঃ পুত্র[১১]স্তথা সংপ্রত্য[১২]জৃম্ভত ॥ ৪ ॥
অশোভত মুখং তস্য জৃম্ভমাণস্য ধীমতঃ ।
অম্বরীষোপমং দীপ্তং বিধূম [১৩]ইব পাবকঃ ॥ ৫ ॥

১। লো-টী। সমাবিধ্যত ভ্রাময়ামাস।
৫। লো-টী। অম্বরীষোপমং সূর্য্যোপমম্। 'অম্বরীষং রণে ভ্রাষ্ট্রে না কিশোরে নৃপে হরে। নবৌ চে'তি ভূরিঃ। যদ্বা, ভর্জ্জনপাত্রোপমম্ অতিরক্তমতিশুক্লমিতি বা।

অন্তকসদৃশ বানরপ্রধান হনুমান্ বানরগণ-কর্ত্তৃক স্তুত হইয়া লাঙ্গুল এবং চরণদ্বয় আস্ফালন করিতে লাগিলেন ॥ ১ ॥

প্রধান প্রধান বৃদ্ধ বানরগণ-কর্ত্তৃক স্তুত এবং তেজে পরিপূর্ণ হনুমানের সেই আকৃতি অতি অদ্ভুত হইল ॥ ২ ॥

যেরূপ চন্দ্রের বৃদ্ধিতে সাগরের জল বৃদ্ধি পায়, সেইরূপ বানরগণকর্ত্তৃক প্রশংসিত হনুমানের পরাক্রম বৃদ্ধি পাইতে লাগিল ॥ ৩ ॥

বনমধ্যে যেরূপ প্রচণ্ড সিংহ মুখব্যাদান করে, সেইরূপ বায়ুর ঔরসজাত পুত্র হনুমান্ মুখব্যাদান করিলেন ॥ ৪ ॥

মুখব্যাদানকারী ধীমান্ হনুমানের উত্তপ্ত ভর্জ্জনপাত্রের ন্যায় প্রদীপ্ত মুখমণ্ডল ধূমবিহীন অগ্নির ন্যায় শোভা পাইতে লাগিল ॥ ৫ ॥

১। ত 'বর্ধতে চ', থ 'প্রাবর্ধত'। ২। ছ-থ '-ধ্যা চ'। ৩। ঘ '-পমৌ'। ৪। ত 'তথা বীর্য্যং হনূমতঃ'। ৫। ক '-ত্তদদ্ভুতম্'। ৬। অতঃপরং থ-পুস্তকে 'কপিভিঃ স্তূয়মানস্য তদা বলবতো বলম্। ববৃধে হৃষ্টমনসঃ পর্ব্বণীব মহোদধেঃ॥ আত্মনীনেন তোয়েন ববৃধে সাগরো যথা। তথাত্মস্থেন বীর্য্যেণ ববৃধে হরিপুঙ্গবঃ॥' ইত্যধিকম্। ৭। ঘ-ছ-পুস্তকয়োঃ ইদমর্দ্ধং পরশ্লোকপূর্ব্বার্দ্ধং চ নাস্তি। ৮। দ-পুস্তকে ইদমর্দ্ধং নাস্তি। ৯। থ '-দ্ধো গিরিগহ্বরে'। ১০। ত 'কারণান্তরে'। ১১। ছ-থ 'স প্রত্য-'। ১২। অতঃ পরং থ-পুস্তকে 'অবর্দ্ধতাস্য লাঙ্গূলং চকম্পে চ মহাবলঃ। ননাদ চ মহানাদং ত্রিদিবং নাদয়ন্নিব॥' ইত্যধিকম্। ১৩। অতঃপরং থ-পুস্তকে

হরীণামুত্থিতো মধ্যাৎ সংপ্রহৃষ্টতনূরুহঃ।
অভিবাদ্য কপীন্ বৃদ্ধানিদং বচনমব্রবীৎ ॥ ৬ ॥

এবং ভবতু বিক্রম্য লঙ্ঘয়িষ্যামি সাগরম্।
কৃতার্থশ্চ[১] নিবর্ত্তিষ্যে শ্রদ্ধদ্ধং[২] মে প্লবঙ্গমাঃ ॥ ৭ ॥

যদ্যেতচ্ছত[৩]কৃত্বো[৪]ঽপি গন্তব্যং শতযোজনম্।
অহমেতদ্[৫] গমিষ্যামি প্রীতাঃ সন্তু বনৌকসঃ ॥ ৮ ॥

বলঞ্চ[৬] মম বীর্য্যঞ্চ পিতা যশ্চ মম প্রভুঃ।
মাতুশ্চ মম যদ্ বৃত্তং[৭] সর্ব্বং তচ্ছ্রোতুমর্হথ ॥ ৯ ॥

প্রত্যয়ার্থং স্ববীর্য্যস্য কুলং বক্ষ্যামি যাদৃশম্।
ন বিস্ময়কৃতাদ্ ভাবান্নোৎসেকাৎ[৮] প্রবদাম্যহম্ ॥ ১০ ॥

৮। লো-টী। বানরান্ প্রশংসতি—'যদী'তি। যদি যদ্যপি যুষ্মাভিরেতৎ শতযোজনং শতকৃত্বো গন্তুং শক্যং তথাপ্যহমেতৎ হনিষ্যামি। [লোকনাথমতে 'গমিষ্যামী'ত্যত্র 'হনিষ্যামী'তি পাঠো ভাতি।]

১০। লো-টী। প্রত্যয়ার্থং জ্ঞানার্থম্। বিস্ময়কৃতাৎ সাহঙ্কারকৃতাৎ, ভাবাৎ অভিপ্রায়াৎ, উৎসাহাৎ কৌতুকাৎ। 'উৎসেকাদি'তি পাঠে স এবার্থঃ।

[আনন্দে] রোমাঞ্চিত-কলেবর হনুমান্ বানরগণের মধ্য হইতে উত্থিত হইয়া বৃদ্ধ বানরদিগকে নমস্কার-পূর্ব্বক এই কথা বলিলেন—॥ ৬ ॥

এইরূপই হউক; আমি বিক্রম প্রকাশ করিয়া সমুদ্র লঙ্ঘন করিব এবং কৃত-কার্য্য হইয়া প্রত্যাবর্ত্তন করিব। বানরগণ, [আপনারা] আমার প্রতি শ্রদ্ধাশীল হউন ॥ ৭ ॥

যদি এই শত-যোজন পথ শত বারও গমন করিতে হয়, তাহা হইলেও আমি গমন করিব, বানরগণ সন্তুষ্ট হউন ॥ ৮ ॥

আমার বল-বীর্য্য এবং আমার প্রভাবশালী পিতার পরিচয় ও মাতার বৃত্তান্ত সমস্তই আপনারা শুনিতে পারেন ॥ ৯ ॥

স্বীয় পরাক্রমে বিশ্বাস স্থাপনার্থ বংশের কথা যেরূপ বলিতেছি, তাহা কৌতুক অথবা গর্ব্ব করিয়া বলিতেছি না ॥ ১০ ॥

'তস্য সংহৃষ্যমাণস্য রূপমুত্তমমভিজ্বলৎ। দদৃশেঽর্ক ইবাস্তাদ্রৌ রশ্মিজাল ইবাবৃতঃ। পীতকাঞ্চনলোমা চ লাঙ্গূলেন মহাবলঃ। পদ্মকেশরজালেব বভূব সমলংকৃতঃ।' ইত্যধিকম্।

১। থ '-র্থঃ সংনি-'। ২। ত 'বৈ'। ৩। দ '-তৎ কৃতকৃত্বোঽপি'। ৪। থ '-কৃতকৃত্যাপি'। ৫। ঘ '-মেকো', ঙ '-মেব'। ৬। ছ-ত-দ 'কুলঞ্চ'। ৭। থ 'বৃত্তং হি'। ৮। ত-থ '-দুৎস্যাৎ'।

ইদং কেশরিণস্তস্য পিতুরাসীন্ময়া শ্রুতম্ ।
মম জন্ম যথা সত্যমদ্ভুতং মাতরিশ্বনঃ ॥ ১১ ॥
পশ্চিমস্য সমুদ্রস্য তীর্থং পুণ্যমভিষ্টুতম্[১] ।
প্রভাসম্[২] ঋষয়ো যত্র নিমজ্জন্তি সমাহিতাঃ[৩] ॥ ১২ ॥
তত্রাথ[৪] ধবলো নাম দুষ্টঃ[৫] কশ্চন দিগ্‌গজঃ ।
স তানৃষীন্ ভীমবলো[৬] জঘান কিল বীর্য্যবান্ ॥ ১৩ ॥
তদুপস্পর্শনং পুণ্যং গচ্ছন্তমৃষিপূজিতম্[৭] ।
ভরদ্বাজমৃষিস্তত্র সোঽভ্যদ্রবদ্[৮] গজস্তদা[৯] ॥ ১৪ ॥
ততঃ পর্ব্বতকূটাভঃ পিতা মম মহাবলঃ ।
তং দদর্শ মহাত্মানং হস্তিনা সমভিদ্রুতম্ ॥ ১৫ ॥

১১। লো-টী। পিতুঃ স্থানে।

১২। লো-টী। অভিষ্টুতং বৈদিকৈঃ স্তুতম্। ‘প্রভাষ’মিতি মত্বমার্ষম্।

১৪। লো-টী। উপস্পর্শনং স্নানং, কর্ত্তুমিতি শেষঃ। ‘কৃত্বে’তি বা পাঠঃ। ‘স্যাদুপস্পর্শনং স্পর্শে স্নানাচমনয়োরপী’তি বিশ্বঃ।

১৫। লো-টী। পর্ব্বতকূটস্য পর্ব্বতরাশেরিবাভা সাদৃশ্যং যস্য সঃ।

আমি সেই পিতা ‘কেশরী’র নিকট হইতে ইহা শুনিয়াছি যে, সত্যই, পবনদেব হইতে আশ্চর্য্যরূপে আমার জন্ম হইয়াছে ॥ ১১ ॥

পশ্চিম সমুদ্রের পবিত্র প্রভাস তীর্থ অত্যন্ত প্রশংসিত, সেখানে সমাহিত ঋষিগণ স্নান করেন ॥ ১২ ॥

সেখানে ধবল নামে কোন এক ভয়ঙ্কর বলশালী তেজীয়ান্ দুষ্ট দিগ্‌হস্তী সেই ঋষিদিগকে বধ করিত ॥ ১৩ ॥

ঋষিগণ-পূজিত ভরদ্বাজ ঋষি সেই প্রভাসতীর্থে স্নান করিতে যাইতেছিলেন, এমন সময়ে সেই হস্তী তাঁহাকে আক্রমণ করে ॥ ১৪ ॥

তার পর মহাবলশালী পর্ব্বতশৃঙ্গ-সদৃশ আমার পিতা সেই মহাত্মা ভরদ্বাজ ঋষিকে হস্তিদ্বারা আক্রান্ত দেখিতে পাইলেন ॥ ১৫ ॥

১। ঘ ‘-মৃষিপূজিতম্’, ছ ‘-মৃষিসংস্তুতম্’, ত ‘-মৃষিষ্টুতম্’। ২। ছ ‘প্রভাষ-’। ৩। থ ‘সুভাষিতাঃ’। ৪। ঘ-ছ-থ-দ ‘তস্মাদথ-’, ত ‘যচ্ছত্রবরণো নাম’। ৫। ত ‘হৃষ্টঃ’। ৬। ত-থ ‘-বলান্’। ৭। ত ‘-সত্তমম্’। ৮। ছ ‘গজঃ সোঽভ্যদ্রবত্তদা’। ৯। থ ‘-স্তুপা’।

স তু তূর্ণং মহাভীমং রূপং কৃত্বা পিতা মম ।
তস্যোপরিষ্টান্ন্যপতৎ[1] কুঞ্জরস্য তরস্বিনঃ ॥ ১৬ ॥
স নখৈশ্চ সুতীক্ষ্ণাগ্রৈর্দ্দশনৈশ্চ[2] মহাবলঃ ।
সংপ্রমথ্যাক্ষিণী তস্য বিভেদ কপিকুঞ্জরঃ ॥ ১৭ ॥
অবপ্লুত্য চ বেগেন পিতা মম কপীশ্বরঃ ।
তস্য বক্ত্রাদুভৌ[3] দন্তাবুজ্জহার বলাদ্[4] বলী[5] ॥ ১৮ ॥
তাভ্যামেব জঘানৈনং[6] দন্তাভ্যামেব[7] বেগিতঃ ।
স পপাত হতো[8] ভূমৌ নাগো নগ ইবাপরঃ ॥ ১৯ ॥
তস্মিন্[9] হতে গজে রৌদ্রে গৃহীত্বা[10] পিতরং মুনিঃ ।
আজগাম মুনিভ্যশ্চ ন্যবেদয়ত তং হতম্ ॥ ২০ ॥

১৯। লো-টী। অপরো নগঃ শৈল ইব।
২০। লো-টী। মুনির্ভরদ্বাজঃ, তত্র তেম্। 'মুনিভ্যশ্চে'তি কচিৎ পাঠঃ।

সেই আমার পিতা ভয়ঙ্কর মূর্ত্তি ধারণ করিয়া সত্বর সেই বেগবান্ হস্তীর উপরে পতিত হইলেন ॥ ১৬ ॥

সেই মহাবলশালী বানরশ্রেষ্ঠ [আমার পিতা 'কেশরী'] সুতীক্ষ্ণ নখাগ্র এবং দন্তদ্বারা তাহার নেত্রদ্বয় মথিত করিয়া বিদীর্ণ করিলেন ॥ ১৭ ॥

বানররাজ বলিষ্ঠ আমার পিতা বেগে লম্ফপ্রদান করত বলপূর্ব্বক তাহার মুখ হইতে দন্তদ্বয় উৎপাটিত করিলেন ॥ ১৮ ॥

আমার বেগশালী পিতা সেই (উৎপাটিত) দন্তদ্বারাই তাহাকে আঘাত করিলেন ; তখন দ্বিতীয় পর্ব্বতের ন্যায় সেই হস্তী হত হইয়া ভূমিতে পতিত হইল ॥ ১৯ ॥

সেই ভয়ঙ্কর হস্তী হত হইলে মুনি আমার পিতাকে লইয়া আসিলেন এবং মুনিদিগকে হস্তি-বধের সংবাদ জানাইলেন ॥ ২০ ॥

১। দ '-ষ্টাৎ স্থপ-'। ২। ত '-সনঃ'। ৩। থ দন্তাবুভৌ বক্ত্রাদু-'। ৪। ঙ-দ 'মহা-'। ৫। দ 'বলঃ'। ৬। থ '-নাসৌ'। ৭। ঘ '-ভ্যামতিবেগবান্'। ৮। দ 'হতো'। ৯। দ '-স্মুপহতে'। ১০। ঘ-প দ 'তং হতো', 'মে পিতা মুনিম্'।

যোঽসৌ[১] রৌদ্রো গজঃ পুণ্যং তীর্থমুৎসাদয়ত্যলম্[২] ।
সোঽনেন কপিরাজেন নিহতোঽক্লিষ্টকর্ম্মণা ॥ ২১ ॥
পরস্পরেণ সংগম্য প্রীতো মুনিগণোঽব্রবীৎ ।
যমিচ্ছতি[৩] কপিস্তং[৪] বৈ বরমস্মৈ প্রদায়তাম্ ॥ ২২ ॥
ততস্তে মুনয়ঃ সর্ব্বে বরমস্মৈ দদুস্তদা ।
পিত্রে মম মহাত্মানো[৫] বরং বেদবিদাং বরাঃ ॥ ২৩ ॥
ততো মম পিতা বব্রে পুত্রং মারুতবিক্রমম্ ।
দ্বিজপ্রসাদাদিচ্ছেয়ং কামরূপিণমব্যয়ম্ ॥ ২৪ ॥
ততস্তে মুনয়ঃ প্রীতা অব্রুবন্ পিতরং মম ।
ভবিষ্যতি সুতস্তে হি যথোদ্দিষ্টো[৬] মহাকপে ॥ ২৫ ॥
ইতি লব্ধ্বা[৭] বরং হৃষ্টঃ পিতা মম মহাবলঃ ।
বিজহার যথাকামং[৮] বনেষু মধুগন্ধিষু ॥ ২৬ ॥

২১। লো-টী। অলমত্যর্থম্, উৎসাদয়তি নাশয়তি। ন বিদ্যতে ক্লিষ্টেন ক্লেশেন কর্ম্ম যস্য তেন।

২৩। লো-টী। দদুর্দাতুমুদ্যুক্তাঃ। বরং প্রকৃষ্টম্।

২৬। লো-টী। মধূনাং গন্ধো বর্ত্ততে যেষু তেষু।

"যে ভয়ঙ্কর হস্তী পবিত্র তীর্থ উৎসাদিত করিত, সেই হস্তীকে এই অক্লান্তকর্ম্মী বানররাজ নিহত করিয়াছেন" ॥ ২১ ॥

[ইহা শ্রবণে] মুনিগণ সন্তুষ্ট হইয়া পরস্পর সম্মিলিত হইয়া বলিলেন—"এই বানর [-রাজ] যাহা ইচ্ছা করেন, ইহাকে সেই বর প্রদান করা হউক" ॥ ২২ ॥

তার পর সেই বেদবিদ্‌গণের অগ্রগণ্য মহামনাঃ মুনিগণ তখন আমার পিতাকে উত্তম বর প্রদান করিলেন ॥ ২৩ ॥

পরে আমার পিতা এই বর প্রার্থনা করিলেন—"আমি ব্রাহ্মণের অনুগ্রহে বায়ুর ন্যায় বলবান্ কামরূপী অবিনাশী পুত্র কামনা করি" ॥ ২৪ ॥

অনন্তর মুনিগণ সন্তুষ্ট হইয়া আমার পিতাকে বলিলেন—"বানরশ্রেষ্ঠ, তোমার ইচ্ছানুরূপ পুত্র হইবে" ॥ ২৫ ॥

মহাবলশালী আমার পিতা এই বর লাভ করিয়া আনন্দিত হইয়া মধুগন্ধ-যুক্ত অরণ্যে ইচ্ছামত বিহার করিতে লাগিলেন ॥ ২৬ ॥

১। ঙ-দ 'গজো মহারৌদ্রস্তীর্থ-'। ২। ছ-থ '-মুচ্ছাদয়-'। ৩। ক 'যদিচ্ছতি'। ৪। ক '-স্তদ্ বৈ'। ৫। থ '-ত্মানঃ প্রীতা'। ৬। থ 'যথাদিষ্টো'। ৭। ঘ 'লব্ধবরো'। ৮। ছ-থ '-কালং'।

ততো মে বর্ত্তমানা সা যৌবনে[1] জননী পুরা।
বিচচারাঞ্জনা নাম প্রোক্তং জাম্ববতা যথা ॥ ২৭ ॥
দুহিতা বানরেন্দ্রস্য কুঞ্জরস্য মহাত্মনঃ[2]।
সংবৃদ্ধা[3] মলয়ে দিব্যে পর্ব্বতে কামরূপিণী ॥ ২৮ ॥
সাগরে[4] সা শিরঃস্নাতা[5] রক্তচন্দনরূষিতা।
প্রকীর্য্য কেশাংস্তোয়ার্দ্রাংস্তস্থৌ মলয়মূর্দ্ধনি[6] ॥ ২৯ ॥
রূপযৌবনসম্পন্নাং তাং দৃষ্ট্বা মারুতস্তদা।
বাহুভ্যাং সংপরিষ্বজ্য[7] ততঃ প্রাঞ্জলিরব্রবীৎ ॥ ৩০ ॥
মারুতোঽস্মি বিশালাক্ষি প্রাণঃ সর্ব্বশরীরিণাম্।
অবশস্ত্বামভিগতঃ কন্দর্পশরপীড়িতঃ ॥ ৩১ ॥
মমাভিগমনাদ্দোষং ন প্রাপ্স্যসি বরাননে।
বানরেন্দ্রশ্চ[8] তে পুত্রো ভবিষ্যতি মহাবলঃ ॥ ৩২ ॥

২৮। গো-টী। সংবৃদ্ধা রূপযৌবনাভ্যাং বর্দ্ধমানা। 'সংবদ্ধা' ইতি পাঠে স এবার্থঃ।

তার পর জাম্ববান্ যাহা বলিয়াছেন [তাহা ঘটিয়াছিল]; পূর্ব্বে আমার জননী বানরশ্রেষ্ঠ মহাত্মা 'কুঞ্জরে'র কন্যা কামরূপিণী অঞ্জনা যৌবনস্থায় [সৌন্দর্য্যে] সমৃদ্ধ হইয়া মনোরম মলয়পর্ব্বতে বিচরণ করিতেন ॥ ২৭-২৮ ॥

[একদা] তিনি সমুদ্রে অবগাহন করত রক্তচন্দনে চর্চ্চিত হইয়া মলয়-পর্ব্বতের শিখরে জলসিক্ত কেশপাশ [শুষ্ক করিবার জন্য] বিক্ষিপ্ত করত অবস্থান করিতেছিলেন ॥ ২৯ ॥

এমন সময়ে বায়ু সেই রূপ-যৌবন-সম্পন্না আমার মাতাকে দেখিয়া দুই বাহুদ্বারা আলিঙ্গন করত কৃতাঞ্জলিপুটে বলিলেন—॥ ৩০ ॥

"হে বিশালাক্ষি, আমি সমস্ত প্রাণীর প্রাণস্বরূপ বায়ু, কামবাণে পীড়িত হইয়া তোমাতে উপগত হইয়াছি ॥ ৩১ ॥

সুন্দরি, আমার অভিগমনে তুমি দুষ্টা হইবে না এবং তোমার মহা-বলশালী বানরশ্রেষ্ঠ পুত্র হইবে" ॥ ৩২ ॥

১। ঘ 'জননী যৌবনে'। ২। ঘ-ছ 'তরস্বিনঃ'। ৩। থ '-র্দ্দিব্যে'। ৪। ছ 'সা সাগরে'। ৫। ঘ 'রক্তঃ-', ঙ 'রক্ত-'। ৬। অতঃ পরং ধ-পুস্তকে 'ততো মনীষিণাং তেষাং বচনাৎ পুণ্যকর্ম্মণাম্। সা বৈ দিব্যে গিরিবরে সদৃশে মাতরিশ্বনা ॥' ইত্যধিকম্। ৭। ঘ 'পরিসংস্বজ্য'। ৮। ঘ '-শ্চ'।

মম লক্ষ্মীশ্চ তেজশ্চ বলং বীর্য্যঞ্চ যাদৃশম্[1] ।
তাদৃশেনোপপন্নস্তে পুত্রঃ শীঘ্রং ভবিষ্যতি ।
ইত্যেবং মারুতঃ শ্রীমান্ জনন্যৈ মে দদৌ[2] বরম্ ॥ ৩৩ ॥

প্রাণদঃ সর্ব্বভূতানাং হুতাশনসখোঽনিলঃ ।
বেগবানপ্রমেয়শ্চ বায়ুরাকাশগোচরঃ ॥ ৩৪ ॥

তস্যাহং ভীমবেগস্য শীঘ্রগস্য মহাত্মনঃ ।
মারুতস্যৌরসঃ পুত্রঃ প্লবনে নাস্তি[3] মৎসমঃ ॥ ৩৫ ॥

উৎসহে[4] চাপি[5] বিস্তীর্ণমুল্লিখন্তমিবাম্বরম্ ।
মেরুং গিরিম[6]সঙ্গেন পরিগন্তুং[7] সহস্রশঃ[8][9] ॥ ৩৬ ॥

মমোরুভুজবেগেন ভবিষ্যতি সমুদ্ধতঃ ।
[10]সমুত্থিতমহাগ্রাহঃ সমুদ্রো বরুণালয়ঃ ॥ ৩৭ ॥

৩৫ । লো-টী । প্লবনে গমনে ।

৩৬ । লো-টী । অম্বরম্ আকাশম্ উল্লিখন্তমিব বিস্তীর্ণং মেরুম্ অসঙ্গেন সহায়ং বিনৈব সহস্রশঃ পরিগন্তুমুৎসহে ইত্যন্বয়ঃ ।

৩৭ । লো-টী । সমুদ্ধতশ্চালিতঃ, সমুত্থিতো মহাগ্রাহো যস্য সঃ ।

"শীঘ্রই আমার সৌন্দর্য্য, প্রতাপ, বল ও বীর্য্যের অনুরূপ সৌন্দর্য্য, প্রতাপ, বল ও বীর্য্যযুক্ত তোমার একটী পুত্র হইবে।" শ্রীমান্ বায়ু আমার মাতাকে এইরূপ বর দান করিলেন ॥ ৩৩ ॥

সমস্ত প্রাণীর প্রাণদাতা অনলসখা আকাশগামী বায়ু অতি বলবান্ এবং অপরিচ্ছেদ্য ; আমি সেই ভীমবেগশালী শীঘ্রগামী মহাত্মা মারুতের ঔরসজাত পুত্র ; উল্লম্ফনে আমার সমান [কেহ] নাই ॥ ৩৪-৩৫ ॥

আমি বিশ্রাম না করিয়া গগনচুম্বী বিশাল মেরু-পর্ব্বতেও সহস্রবার গমন করিতে পারি ॥ ৩৬ ॥

বরুণালয় সমুদ্র আমার বিশাল বাহুবেগে আলোড়িত হইবে এবং তাহা হইতে ভীষণ [কুম্ভীরাদি] জলজন্তু উত্থিত হইবে ॥ ৩৭ ॥

১। থ 'তাদৃশম্'। ২। ঙ-থ-দ 'বরং দদৌ'। ৩। ঙ 'চাপি'। ৪। থ 'উৎসাহে'। ৫। ঙ 'চাতিবি-'। ৬। চ 'শিখরিণাং শ্রেষ্ঠং'। ৭। দ 'পারং গন্তুং'। ৮। ঙ '-স্রধা'। ৯। অতঃ পরং ঙ-পুস্তকে 'যস্মৈ তচ্ছতকৃত্বোঽপি গন্তব্যং শতযোজনম্। অহমেতদ্ গামিষ্যামি প্রীতাঃ সন্তু বনৌকসঃ॥' ইত্যধিকম্। ১০। ক 'সংমূচ্ছিত-', ঙ 'সংমূচ্ছিতো মহাবাহুঃ'।

বাহুবেগপ্রণুন্নেন সমুদ্রেণ সমুৎসহে।
[২]সর্ব্বাং প্লাবয়িতুং লঙ্কাং সপর্ব্বতবনদ্রুমাম্ ॥ ৩৮ ॥
পন্নগাশনমাকাশে পতন্তং পক্ষিসেবিতে।
অভিভূয় জবেনাশু লঙ্কাং [৩]সংপাতয়ে ধ্রুবম্।
[৪]সংস্পৃশন্ ভুবমাগন্তুং [৫]পুনরপ্যহমুৎসহে ॥ ৩৯ ॥
উদয়াদুত্থিতং চাহং [৬]স্বতেজোরশ্মিমালিনম্।
অনস্তংগত[৭]মাদিত্য[৮]মপ্যতিক্রান্তুমুৎসহে ॥ ৪০ ॥
উরুবেগেণ মহতা ভামেন [৯]পারকর্ষিণা।
[১০]উৎসহেহহং [১১]পরিক্রান্তুং সর্ব্বানাকাশগোচরান্ ॥ ৪১ ॥
[১২]হরিষ্যে চোরুবেগেণ প্লবমানো মহার্ণবম্।
লতানাং বিবিধং পুষ্পং পাদপানাঞ্চ সর্ব্বশঃ ॥ ৪২ ॥

৩৮। লো-টী। প্রণুন্নেন প্রেরিতেন।

৩৯। লো-টী। পন্নগাশনং গরুড়ম্, লঙ্ক্যাং লঙ্কাম্, 'সর্ব্বা'মিতি বা পাঠঃ। সম্পাদয়ে সম্পাদয়েয়ম্।

৪০। লো-টী। স্বতেজঃ এবং মম স্বীয়শক্তিরিত্যর্থঃ। রশ্মিবিশেষণং বা। অনস্তংগতং পশ্চিমাচলমগচ্ছন্তম্।

৪১। লো-টী। পরিকর্ষিণা আকর্ষণশীলেন, পরিক্রান্তুং পরিভবিতুম্।

৪২। লো-টী। উরুবেগেণ লতানাং পাদপানাঞ্চ পুষ্পং হরিষ্যন্ পাতয়িষ্যন্ গচ্ছামীতি বা, মহার্ণবং প্লবমানঃ প্লবনং করিষ্যামীত্যর্থঃ। 'হরিষ্যে' ইতি বা পাঠঃ।

আমি আমার বাহুবেগে সংক্ষোভিত সমুদ্রের সাহায্যে পর্ব্বত, কানন ও বৃক্ষের সহিত সমস্ত লঙ্কা নগরীকে প্লাবিত করিতে পারি ॥ ৩৮ ॥

[আমি] পক্ষীদিগের বিচরণস্থল—আকাশে উড্ডীয়মান গরুড়কেও বেগে পরাভূত করিয়া অতি শীঘ্র লঙ্কায় পতিত হইতে এবং ভূতল স্পর্শ করিয়াই পুনরায় প্রত্যাবর্ত্তন করিতে পারি ॥ ৩৯ ॥

আমি উদয়াচল হইতে উত্থিত স্বীয় অত্যুজ্জ্বল কিরণমালামণ্ডিত সূর্য্যদেবকেও অস্তাচল গমন করিবার পূর্ব্বেই অতিক্রম করিতে পারি ॥ ৪০ ॥

আমি আকর্ষণশীল মহাভয়ঙ্কর উরু-বেগে আকাশচারী সমস্ত জীবকে অতিক্রম করিতে [অথবা পশ্চাদ্ভাগে আকর্ষণ করিয়া লইতে] পারি ॥ ৪১ ॥

১। দ 'প্রপন্নেন'। ২। দ 'সমাপ্লাব-'। ৩। ক-প 'সম্পাদয়ে'। ৪। চ ত-থ 'অস্পৃ-'। ৫। অতঃ পরং দ ত-দ-পুস্তকেষু 'ইতি মাং তর্কয়িষ্যন্তি সিদ্ধাশ্চ পরমর্ষয়ঃ।' ইত্যধিকম্। ৬। প 'অনস্তং রশ্মি-'। ৭। ছ '-মপরি-'। ৮। ঘ-ছ '-ক্রান্ত-'। ৯। ঘ-ছ 'চ প্রকর্ষিণা', প 'চ বিকর্ষিণা'। ১০। ঘ-ছ '-হেহহং', ত '-হে সংপরি-'। ১১। দ '-ক্রান্তান্'। ১২। ত 'তরিষ্যন্', দ 'তরিষ্যে'।

অনুবন্ধেন পুষ্পাণাং[3] বিবিধেন সুগন্ধিনাম্ ।
ভবিষ্যতি চ মে পন্থাঃ স্বর্গমার্গ ইবাম্বরে[4] ॥ ৪৩ ॥
পার্শ্বে তু মলয়স্যাস্য রম্যে প্রস্রবণে গিরৌ ।
ত্যজন্তু হরয়ঃ শোকং নির্মোকমিব পন্নগাঃ ॥ ৪৪ ॥
বলং হি সুমহন্মন্যে আত্মনঃ[5] প্লবনং প্রতি ।
কারণঞ্চাভিধাস্যামি শ্রোতুমিচ্ছথ[6] তৎপরাঃ[7] ॥ ৪৫ ॥
ততো নিঃশব্দসংবৃত্তে বিস্তীর্ণে জ্ঞাতিমণ্ডলে ।
পবনস্যাত্মজঃ শ্রীমান্ হনূমান্ বাক্যমব্রবীৎ ॥ ৪৬ ॥
তদা কিল ময়া বাল্যে মাতুরুৎসঙ্গশায়িনা ।
জবাপীড়[8]নিভস্তাম্রো বালসূর্য্যো নিরীক্ষিতঃ ॥ ৪৭ ॥

৪৩। লো-টী। পুষ্পাণাং বিবিধেনানুবন্ধেন প্রকারেণ। 'সুগন্ধিনা', 'সুগন্ধিনা'মিতি বা পাঠঃ।

৪৪। লো-টী। প্রস্রবণনামনি গিরৌ গচ্ছতেতি শেষঃ।

৪৫। লো-টী। তৎপরাঃ শ্রবণপরাঃ। জবা ওড্রপুষ্পম্, সৈবাপীড়ঃ শিরোভূষণম্, তন্নিভঃ তৎসদৃশঃ। 'নিভস্তু কথিতো ব্যাজে পুংলিঙ্গঃ সদৃশে ত্রিষ্বি'তি কোষঃ।

আমি মহাবেগে মহাসমুদ্র লঙ্ঘন করিতে করিতে বৃক্ষ এবং লতার বিবিধ পুষ্প হরণ করিব (অর্থাৎ উড়াইয়া লইব) ॥ ৪২ ॥

সুগন্ধি পুষ্পসমূহের নানাপ্রকার শ্রেণীবদ্ধ রচনায় আকাশে আমার পথ স্বর্গ-পথের ন্যায় হইবে ॥ ৪৩ ॥

এই মলয়-পর্ব্বতের পার্শ্বস্থিত রমণীয় প্রস্রবণ-গিরিতে সর্পগণ যেরূপ খোলস পরিত্যাগ করে, বানরগণ সেইরূপ শোক পরিত্যাগ করুন ॥ ৪৪ ॥

আমি লম্ফ-প্রদানে নিজের অত্যন্ত শক্তি আছে বলিয়া মনে করি ; তাহার কারণ বলিতেছি, একাগ্র হইয়া শ্রবণ করুন ॥ ৪৫ ॥

অনন্তর জ্ঞাতিবর্গ নিঃশব্দে অবস্থান করিলে পবন-নন্দন শ্রীমান্ হনুমান্ বলিতে লাগিলেন—॥ ৪৬ ॥

আমি বাল্যকালে মাতার ক্রোড়ে শয়ন করিয়া জবাপুষ্পের তুল্য তাম্রবর্ণ নবোদিত সূর্য্য অবলোকন করিয়াছিলাম ॥ ৪৭ ॥

১। দ '-বাঢেন'। ২। ঘ ছ-প দ 'না'। ৩। ঘ-ছ-থ 'হি'। ৪। অতঃপরং থ-পুস্তকে 'বিরাজন্ত-মিবাকাশমূর্দ্ধা ত্বষ্টমেব চ। দ্রক্ষ্যান্তি নিপতন্তঞ্চ সর্ব্বভূতানি বানরাঃ॥ মহামেঘপ্রতীকাশং মাং দ্রক্ষ্যান্তি বনৌকসঃ। নভঃ সংবৃত্য বাহুভ্যাং গ্রসমানমিবাম্বরম্॥ বিধমিষ্যামি জীমূতান্ কম্পয়িষ্যামি মেদিনীম্। সাগরং ক্ষোভয়িষ্যামি যোজনানাং শতং প্লবেঃ॥ মহাসংঘট্টনোপান্তৌ মহান্তৌ পুরুষর্ষভৌ। ঋষ্যমূকাদ্ দ্রুতং শৈলাদ্বহেয়ং রামলক্ষ্মণৌ॥' ইত্যধিকম্। ৫। ঙ-দ '-নস্তুলনং পরৈঃ'। ৬। ঘ। 'শ্রুতোমিচ্ছামি', ছ-থ '-শ্রোতুমর্হথ', দ 'শ্রোতুমিচ্ছত'। ৭। ঘ 'তৎপরৈঃ'। ৮। থ-দ '-পুষ্প-'।

তত্র কৌতূহলং[1] জাতং মম[2] স্প্রষ্টুং দিবাকরম্ ।
চাপলাৎ[3] ক্ষেত্রদোষস্য[4] মার্ত্তণ্ডমনুগচ্ছতঃ ॥ ৪৮ ॥
জনন্যা গিরিসঙ্কাশাদঙ্কাদুৎপত্য[5] সত্বরঃ[6] ।
দীর্ঘং[7] কৃত্বাত্মনঃ কায়মাকাশং ক্রান্তবানহম্ ॥ ৪৯ ॥
সমাসাদ্য তু দীপ্তাংশুং ভাস্করং জ্বলনপ্রভম্ ।
নির্দগ্ধঃ পতিতস্তেন তস্মিন্নেব শিলোচ্চয়ে ॥ ৫০ ॥
ময়া চ[8] পততা তত্র স্বৈর্গাত্রৈঃ শর্করীকৃতম্ ।
শিখরঞ্চ[9] গিরেস্তস্য[10] শিলাশ্চ সমনঃশিলাঃ ॥ ৫১ ॥
তদিদং[11] বিকৃতং গাত্রং[12] হনুদেশে নিরীক্ষ্যতাম্ ।
যেনাস্মি কারণেনাহং[13] হনূমানিতি বিশ্রুতঃ ॥ ৫২ ॥
তদহং বানরান্[14] সর্ব্বানঙ্গদপ্রমুখান্ ভয়াৎ ।
সুগ্রীবান্মোক্ষয়ন্নেকো[15] লঙ্ঘনেন মহোদধেঃ ॥ ৫৩ ॥

৪৮। লো-টী। ক্ষেত্রদোষস্য বালেন জাতিদোষস্য চাপলাৎ চাপল্যাত্ত সাকল্যমনুগচ্ছতঃ প্রাপ্তবতো মম। 'মার্ত্তণ্ড'মিতি বা পাঠঃ। তস্মাদেব চাপলাৎ। 'মাতুলা'মিতি ক্বচিৎ পাঠঃ। নরাণাং মাতুলক্রমঃ। কৌতুকং জাতম্।

৫১। লো-টী। শর্করীকৃতং শর্করাংশীকৃতং 'শর্করা শর্করাংশেঽপি সিতাশর্করদেশয়ো'-রিতি ভূরিঃ।

মাতার দোষে চপলতাবশতঃ সূর্য্যের অনুগমন করিতে করিতে আমার তাঁহাকে স্পর্শ করিতে কৌতূহল জন্মিল ॥ ৪৮ ॥

আমি মাতার পর্ব্বততুল্য ক্রোড়দেশ হইতে সহসা ঊর্দ্ধে গমন করিয়া স্বীয় শরীর বিস্তৃত করতঃ গগন অতিক্রম করিলাম ॥ ৪৯ ॥

উজ্জ্বল অগ্নিতুল্য সূর্য্যের সমীপে গমন করিয়া তৎকর্ত্তৃক দগ্ধ হইয়া সেই পর্ব্বতেই পতিত হইলাম ॥ ৫০ ॥

আমি সেই পর্ব্বতে পতিত হওয়ায় আমার শরীরের আঘাতে পর্ব্বতের শিখর এবং মনঃশিলাযুক্ত প্রস্তরসমূহ চূর্ণ বিচূর্ণ হইল ॥ ৫১ ॥

আমার হনু (গণ্ডের ঊর্দ্ধ ভাগ)-দেশে এই বিকৃত অঙ্গ লক্ষ্য করুন, যে-কারণে আমি হনুমান নামে বিখ্যাত হইয়াছি ॥ ৫২ ॥

১। গ 'ঘাতং'। ২। ঘ 'দ্রষ্টুং মম'। ৩। ড 'চাপল্যাৎ'। ৪। জ-গ 'সাফল্য-', ঘ 'সতুল্যমতি-গচ্ছতো'। ৫। ড '-দুৎপ্লুত্যাকাশে সুস্বরঃ'। ৬। ঘ '-মুক্তা'। ৭। গ '-নো দেহ'। ৮। ড-গ 'বৈ'। ৯। খ '-ক্লান্ত', ঘ '-স্তব্ধ'। ১০। গ 'শিরাশ্চ মনসঃ শিলাঃ'। ১১। গ 'বিক্ষতং'। ১২। ঘ 'গাত্রে'। ১৩। ক-খ-ঘ '-নেহ'। ১৪। খ '-নেতান'। ১৫। গ '-মোষ'।

বিমলং ঘোরমাকাশমুৎপতিষ্যন্তমেব হি।
দ্রক্ষ্যন্তি[1] নিপতন্তং চ সর্ব্বভূতানি বানরাঃ[2] ॥ ৫৪ ॥
মহামেঘপ্রতীকাশং মাং দ্রক্ষ্যন্তি দিবৌকসঃ।
নভ আবৃত্য বাহুভ্যাং গ্রসমানমিবাম্বরম্[3] ॥ ৫৫ ॥
[4]বিধমিষ্যামি জীমূতান্ কম্পয়িষ্যামি পর্ব্বতান্।
সাগরং ক্ষোভয়িষ্যামি প্লবমানঃ সমাহিতঃ ॥ ৫৬ ॥
মনস্বিনোর্ধর্ম্মবতোর্মহাসংহননাঙ্গয়োঃ[5]।
ঋষ্যমূকে নিবসতোঃ শূরয়ো রাজপুত্রয়োঃ ॥ ৫৭ ॥
তয়োঃ প্রিয়ং[6] করিষ্যামি বৈদেহীলম্ভজং[7] মহৎ।
আনয়িষ্যামি বৈদেহীং রামস্য মহিষীং প্রিয়াম্ ॥ ৫৮
[8]বিসৃত্য গরুড়ঃ পক্ষৌ[9] হরন্নিব মহোরগম্।
বিহরিষ্যামি বেগেন আকাশং[10] বিহগালয়ম্[11] ॥ ৫৯ ॥

৫৫। গো-টী। অম্বরমাকাশম্। 'আমর্ধম্'ও বা পাঠঃ।
৫৬। গো-টী। বিধমিষ্যামি আবধিষ্যামি। 'বর্দ্ধয়িষ্যামি'ও বা পাঠঃ।
৫৮। গো টী। বৈদেহীলম্ভজং লাভজম।
৫৯ গো টী। পক্ষৌ বলাৎ বিসৃত্য প্রসার্য্য

অতএব আমি একাই অঙ্গদ প্রভৃতি সমস্ত বানরকে বিশাল সমুদ্র লঙ্ঘন করিয়া সুগ্রীবের ভয় হইতে মুক্ত করিব ॥ ৫৩ ॥

বানরগণ, জীবগণ সকলে আমাকে ভয়ঙ্কর নির্ম্মল আকাশে উত্থিত হইতে এবং নিপতিত হইতে দেখিবে ॥ ৫৪ ॥

দেবগণ মহামেঘতুল্য আমাকে দেখিবেন—যেন আমি দুই বাহুদ্বারা গগনমণ্ডল আচ্ছাদন করিয়া গ্রাস করিতেছি ॥ ৫৫ ॥

আমি একাগ্রচিত্তে [সমুদ্র] লঙ্ঘন করিতে করিতে মেঘ সকলকে ছিন্নভিন্ন, পর্ব্বত-সকলকে কম্পিত এবং সাগরকে বিক্ষুব্ধ করিব ॥ ৫৬ ॥

আমি মনস্বী ধার্ম্মিক দৃঢ়-দেহবিশিষ্ট ঋষ্যমূকপর্ব্বতবাসী সেই বীর রাজপুত্রদ্বয়ের সীতাপ্রাপ্তিজন্য সন্তোষ উৎপাদন করিব—রামচন্দ্রের প্রিয়-মহিষী বিদেহরাজনন্দিনী সীতাকে আনয়ন করিব ॥ ৫৭-৫৮ ॥

১। ঙ-দ 'মুনয়স্তত্র'। ২। দ 'মানবাঃ'। ৩। ঘ-ঙ-ঘ-দ '-র্ণবম্'। ৪। ঙ বর্দ্ধয়িষ্যামি', ছ-ধ 'বর্দ্ধয়িষ্যামি', দ 'বিক্ষিপ্স্যামি'। ৫। ছ '-বোঃ সিংহসংহননা-', ঙ 'তেজস্বিনোঃসংহাননাঙ্গিনঃ', ঙ '-তেজস্বিনোঃসংহনিনাঙ্গিনোঃ'। ৬। ধ 'প্রীতিং'। ৭। ধ '-মার্গণে মহৎ', দ '-লাভজং'। ৮। ঘ-ঙ 'প্রবাহ্য', ঙ-ধ 'প্রসহ্য', দ 'প্রসহ্য গরুড়ো'। ৯। ঘ-ছ-ধ দ 'ভূত্বা পন্নগেন্দ্রবধূমিব'। ১০। ঘ-ছ-ধ-দ 'নাগনক্রঝষাকুলম্', ঙ 'নাগনক্রঝষালয়ম্'। ১১। অতঃ পরং ঘ ছ-ঙ-দ-পুস্তকেষু 'বিহৃত্য গরুড়ঃ পক্ষৌ হরন্নিব মহোরগম্।' ইত্যধিকম্।

ইহৈব মাং প্রতীক্ষধ্বং সর্ব্বে বানরপুঙ্গবাঃ।
অহমেতদ্[১] গমিষ্যামি যোজনানাং শতং দ্রুতম্ ॥ ৬০ ॥

আদিত্যচন্দ্রচরিতে[২] গ্রহনক্ষত্রসেবিতে।
বৈনতেয়স্য বা[৩] শক্তির্মম বা মারুতস্য বা ॥ ৬১ ॥

ঋতে সুপর্ণরাজাচ্চ[৪] মারুতাচ্চ[৫] মহাজবাৎ।
ন[৬] তং ভূতং প্রপশ্যামি যো মাং দ্রুতমনুব্রজেৎ[৭] ॥ ৬২ ॥

নিমেষান্তরমাত্রেণ নিরালম্বনমম্বরম্।
সহসা নিপতিষ্যামি ঘনাদ্ বিদ্যুদিবাম্বরে ॥ ৬৩ ॥

ভবিষ্যতি হি[৮] মে রূপং প্লবমানস্য সাগরম্।
বিষ্ণোর্বিক্রমমাণস্য যথা দেবাসুরে পুরা ॥ ৬৪ ॥

বুদ্ধ্যা যথা চ পশ্যামি শংসতীব মনশ্চ মে।
অহং দ্রক্ষ্যামি বৈদেহীং প্রমোদধ্বং প্লবঙ্গমাঃ ॥ ৬৫ ॥

৬১। লো-টী। আদিত্যচন্দ্রচরিতে সেবিতে দেশে।
৬২। লো-টী। দ্রুতং শীঘ্রম্, গচ্ছন্তং বা।
৬৪। লো-টী। দেবাসুরে দেবাসুরযুদ্ধে।

গরুড় যেরূপ সর্প আহরণার্থে তাহার পক্ষদ্বয় প্রসারিত করে, আমি সেইরূপ পক্ষিসমূহের আবাসস্থান আকাশে বেগে বিচরণ করিব ॥ ৫৯ ॥

শ্রেষ্ঠ বানরগণ, আপনারা সকলে এই স্থানেই আমার জন্য অপেক্ষা করুন ; আমি এই শত-যোজন অতি শীঘ্র গমন করিব ॥ ৬০ ॥

সূর্য্য, চন্দ্র এবং গ্রহনক্ষত্রযুক্ত নভোমণ্ডলে গরুড় অথবা বায়ুর যেরূপ শক্তি, আমারও সেইরূপ ॥ ৬১ ॥

বিহঙ্গরাজ গরুড় এবং মহাবেগশালী বায়ু ভিন্ন এমন কাহাকেও দেখি না, আমি গমন করিতে থাকিলে, যে-ব্যক্তি আমার অনুগমন করিতে পারে ॥ ৬২ ॥

আকাশে মেঘ হইতে সহসা বিদ্যুৎপাতের ন্যায় আমি নিমেষ-মধ্যেই বিনা অবলম্বনে গগনে উৎপতিত হইব ॥ ৬৩ ॥

সমুদ্র-লঙ্ঘনকালে আমার আকৃতি পুরাকালে দেবাসুরযুদ্ধে বিক্রম প্রকাশকারী বিষ্ণুর আকৃতির ন্যায় হইবে ॥ ৬৪ ॥

১। খ '-মেক'। ২। ড '-চন্দ্রকচিরে', প '-চরিতে দেশে'। ৩। প 'বা'। ৪। ড 'গরুড়াচ্চ'। ৫। ঘ '-তাদ্বা'। ৬। ক 'এবম্ভূতং'। ৭। অতঃ পরং খ-পুস্তকে 'বাহ্বাঃং যোজনানাং হি গচ্ছেয়মিতি মে মতিঃ।' ইত্যধিকম্। ৮। ক-খ 'চ'।

মারুতস্য সমো বেগে বৈনতেয়সমো বলে।
অযুতং যোজনানাং হি গচ্ছেয়মবিচারয়ন্ ॥ ৬৬ ॥
বাসবস্য সবজ্রস্য ব্রহ্মণো বা স্বয়ম্ভুবঃ।
বিক্রম্য সহসা হস্তাদানয়েয়ং[১] সুধামহম্ ॥ ৬৭ ॥
চন্দ্রাদপি তথা[২] কান্তিং সূর্য্যাদপি তথা[৩] প্রভাম্।
লঙ্কামপি সমুৎক্ষিপ্য সীতাং তামহমানয়ে ॥ ৬৮ ॥
[৪]তমেবং বানরশ্রেষ্ঠং গর্জ্জন্তং মরুতঃ সুতম্।
প্রত্যুবাচ শুভং বাক্যমঙ্গদোঽথ[৫] বিশারদঃ ॥ ৬৯ ॥
বীর কেশরিণঃ পুত্র[৬] বীর্য্যবন্ মারুতাত্মজ।
জ্ঞাতীনাং[৭] সুমহান্ শোকস্ত্বয়া প্লবগ নাশিতঃ ॥ ৭০ ॥
তব কল্যাণরুচয়ঃ কপিমুখ্যাঃ সমাগতাঃ।
মঙ্গলান্যথ[৮] সিদ্ধ্যর্থং করিষ্যন্তি প্লবঙ্গমাঃ ॥ ৭১ ॥

আমি বুদ্ধিদ্বারা দেখিতেছি এবং আমার মনও যেন বলিতেছে যে আমি বিদেহরাজ-নন্দিনী সীতাকে দেখিতে পাইব; বানরগণ, আপনারা আনন্দিত হউন ॥ ৬৫ ॥

আমি বেগে বায়ুর তুল্য এবং বলে বিনতানন্দন গরুড়ের সমান; আমি নির্ব্বিচারে অযুত-যোজন গমন করিতে পারি ॥ ৬৬ ॥

বজ্রধারী ইন্দ্র এবং স্বয়ম্ভু ব্রহ্মার হস্ত হইতেও আমি সহসা বলপূর্ব্বক অমৃত আনয়ন করিতে পারি ॥ ৬৭ ॥

অধিক কি, চন্দ্রের লাবণ্য এবং সূর্য্যের প্রভাও আনয়ন করিতে পারি; আমি [প্রয়োজন হইলে] লঙ্কানগরী উৎপাটিত করিয়াও সীতাকে আনয়ন করিতেছি ॥৬৮॥

পবননন্দন বানরশ্রেষ্ঠ হনুমান্ এইরূপ বলিলে বিচক্ষণ অঙ্গদ তাহাকে প্রত্যুত্তরে উত্তম বাক্য বলিলেন ॥ ৬৯ ॥

হে কেশরিপুত্র পবননন্দন বীর বানর, (হনুমন্,) আপনি জ্ঞাতিগণের মহাশোক দূর করিলেন ॥ ৭০ ॥

আপনার কল্যাণকামী প্রধান বানরগণ মিলিত হইয়া কার্য্যসিদ্ধির জন্য মাঙ্গল্যকার্য্য সম্পাদন করিবেন ॥ ৭১ ॥

১। চ '-য়েয়ন্ত্বামহম্'। ২। ছ-প 'পুনঃ'। ৩। থ 'যথা'। ৪। ঘ 'তমেব'। ৫। ঘ '-স্তোহর্থবিদাং বরঃ', থদ '-দোঽর্থবিশারদঃ'। ৬। ঘ-দ 'পুত্রো'। ৭। ক '-মহাশো-', ঙ-দ '-মহচ্ছোক-'। ৮। ত-প-দ '-স্থার্থসিদ্ধার্থং'।

ব্রহ্মর্ষীণাং[১] প্রসাদেন কপিবৃদ্ধমতেন চ।
গুরূণাঞ্চ প্রসাদেন প্রক্রম[২] ত্বং মহার্ণবম্ ॥ ৭২ ॥
স্থাস্যামশ্চৈ[৩]কপাদেন যাবদাগমনং তব[৪]।
ত্বদ্গতা[৫]নি হি জী[৬]বানি সর্ব্বেষাং নঃ প্লবঙ্গম ॥ ৭৩ ॥
এবমুক্তঃ পরিষদা সোঽঙ্গদেন চ বানরঃ।
অভিবাদ্যাভিবাদ্যাংশ্চ ব্যজৃম্ভত মহাকপিঃ ॥ ৭৪ ॥
বীক্ষাংচক্রে চ সংহৃষ্টঃ সমন্তাদ্ বা[৭]নরর্ষভান্।
উৎপত্য[৮] চ হরিস্তূর্ণমুবাচ হরিযূথপান্ ॥ ৭৫ ॥
ক্রাম[৯]ন্তং বর্দ্ধমানঞ্চ ধরণী মাং ন ধারয়েৎ।
প্লবতো হি মমাধারং ন করিষ্যতি মেদিনী ॥ ৭৬ ॥

৭৩। লো-টী। ত্বদ্গতানি জীবানি জীবিতানি। "জীবোঽস্ত্রী জীবিতে ত্রিষ্বি"তি ভূরিঃ। 'চিত্তানী'তি বা পাঠঃ।

৭৪। লো-টী। পরিষদা গোষ্ঠ্যা। ব্যজৃম্ভত আত্মানং বর্দ্ধয়ামাস।

ব্রহ্মর্ষিগণের ও গুরুজনগণের অনুগ্রহে এবং বৃদ্ধ বানরগণের সম্মতিক্রমে আপনি বিশাল সমুদ্র লঙ্ঘন করুন ॥ ৭২ ॥

হনুমন্, আমরা আপনার আগমন পর্য্যন্ত একপদে [নির্ভর করিয়া] অবস্থান করিব; আমাদের সকলেরই জীবন আপনার অধীন ॥ ৭৩ ॥

বানরগোষ্ঠী এবং অঙ্গদ বানরশ্রেষ্ঠ হনুমানকে এইরূপ বলিলে, তিনি পূজনীয়গণকে অভিবাদন করত বর্দ্ধিত হইতে লাগিলেন এবং প্রফুল্ল হইয়া চারিদিকে শ্রেষ্ঠ বানরদিগের প্রতি দৃষ্টি নিক্ষেপ করত সহসা ঊর্দ্ধে উত্থিত হইয়া বানরদলপতিগণকে বলিলেন—॥ ৭৪-৭৫ ॥

আমি সমুদ্র লঙ্ঘন করিতে এবং বর্দ্ধিত হইতে থাকিলে পৃথিবী আমাকে ধারণ করিতে পারিবেন না এবং লম্ফপ্রদানকালেও পৃথিবী আমাকে ধারণ করিতে (অর্থাৎ আমার বেগ সহ্য করিতে) পারিবেন না ॥ ৭৬ ॥

১। প '-মুখ্যমতেন'। ২। চ 'প্রক্রামস্ত্বং', ত 'প্রক্রমেস্ত্বং', প-দ 'প্রক্রাম ত্বং'। ৩। ছ '-ম এক-', দ '-মি এক-'। ৪। অতঃ পরং ত-দ পুস্তকয়োঃ 'চক্রুঃ প্রয়াণমুদিতাঃ শক্রস্যেব মরুদ্গণাঃ। তস্য পুষ্পবতীং চিত্রাং বনমালাং মহোজ্জ্বলাম্॥ চক্রুস্তে বানরশ্রেষ্ঠাশ্চন্দনৈরঙ্গদাদয়ঃ। স তৈঃ পরিবৃতঃ শ্রীমান্ হনুমান্ বানরর্ষভঃ॥' ইত্যধিকম্। ৫। ত '-নীহ'। ৬। ঘ-ছ প 'চিত্তানি'। ৭। ঘ-ছ প '-র্ষভঃ'। ৮। ঘ 'উৎপত্য'। ৯। ছ 'ক্রামমাণস্য মে বীর্য্যা ভারং কো ভুবি ধারয়েৎ।'

উচ্ছ্রিতং শৈলশিখরং বিশালং সুদৃঢ়ং মহৎ।

আয়তাং[১] তত্র গচ্ছামো[২] যন্মে[৩] বেগং সহিষ্যতি ॥ ৭৭ ॥

পার্শ্বে হি মলয়স্যায়ং[৪] রম্যঃ প্রস্রবণো গিরিঃ।

আরুহ্যৈনং ক্রমিষ্যামি[৫] সাগরং সরিতাং পতিম্ ॥ ৭৮ ॥

[৬]অচিরাদাগমিষ্যামি প্রাপ্য লঙ্কাং মহাপুরীম্।

অঙ্কেনাদায় বৈদেহীং হত্বা রাবণমাহবে ॥ ৭৯ ॥

এতাবদুক্ত্বা বচনং প্রতীতঃ প্রিয়ং কপীন্দ্রস্য চ রাঘবস্য।

আমন্ত্র্য চামন্ত্র্য চ বানরাংস্তান্ স লঙ্ঘনার্থং[৭] গিরিমারুরোহ ॥ ৮০ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে সমুদ্রলঙ্ঘনব্যবসায়ো নাম তৃতীয়ঃ সর্গঃ ॥ ৩ ॥

৭৮। লো-টী। 'মলয়স্যে'তি বা পাঠঃ। ....সমুদ্র-ক্রমণব্যবসায়ঃ ॥ ৩ ॥

বিশাল, উত্তম, সুদৃঢ় ও অত্যুচ্চ [এরূপ একটি] পর্ব্বতশিখর নির্দ্ধারিত করুন—যাহা আমার বেগ সহ্য করিতে পারিবে; আমি তাহাতে আরোহণ করি ॥ ৭৭ ॥

মলয়-পর্ব্বতের পার্শ্বে এই রমণীয় প্রস্রবণ-পর্ব্বত; ইহার উপরে আরোহণ করিয়া আমি সরিৎপতি সমুদ্রকে অতিক্রম করিব ॥ ৭৮ ॥

আমি মহানগরী লঙ্কায় উপস্থিত হইয়া যুদ্ধে রাবণকে বধ করত বিদেহরাজ-নন্দিনী সীতাকে কোলে লইয়া অচিরেই আগমন করিব ॥ ৭৯ ॥

আনন্দিত হনুমান্ বানররাজ সুগ্রীবের এবং রামচন্দ্রের প্রীতিকর এই বাক্য বলিয়া সেই বানরদিগকে পুনঃ পুনঃ সম্ভাষণ করত সমুদ্র-লঙ্ঘনের জন্য পর্ব্বতোপরি আরোহণ করিলেন ॥ ৮০ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে সমুদ্রলঙ্ঘন-ব্যবসায় নামক ৩য় সর্গ সমাপ্ত ॥ ৩ ॥

১। ভ '-গচ্ছামি'। ২। ঘ 'যো মে'। ৩। ঙ-দ 'তায়ং'। ৪। ভ 'হিমালয়স্যায়ং'। ৫। ঙ-দ 'গমিষ্যামি'। ৬। ক-ছ-পুস্তকয়োরিতঃ শ্লোকদ্বয়ং নাস্তি। ৭। খ 'সংলঙ্ঘ-'।

(৪) চতুর্থঃ সর্গঃ

এবং তস্য ব্রুবাণস্য সর্ব্বে তে বানরর্ষভাঃ।
চক্রুঃ প্রণামং মুদিতাঃ শক্রস্যেব মরুদ্গণাঃ ॥ ১ ॥
[১]তস্য পুষ্পবতীং চিত্রাং বনমালাং মহাত্মনঃ।
চক্রুস্তে বানরশ্রেষ্ঠাশ্চন্দনৈরঙ্গদাদয়ঃ ॥ ২ ॥
স তৈঃ পরিবৃতঃ শ্রীমান্ বা[২]নরৈর্বানরর্ষভঃ।
আরুরোহ গিরিশ্রেষ্ঠং[৩] মহেন্দ্রমরিমর্দ্দনঃ[৪] ॥ ৩ ॥
বৃতং[৫] নানাবিধৈর্বৃক্ষৈর্মৃ[৬]গসেবিতশাদ্বলম্।
লতাবিতানসংছন্নং নিত্যপুষ্পফলদ্রুমম্ ॥ ৪ ॥
মত্তদ্বিজগণো[৭]দ্ঘুষ্টং সলিলোৎপী[৮]ড়সঙ্কুলম্।
সিংহশার্দ্দূ[৯]লচরিতং মত্তমাতঙ্গসেবিতম্ ॥ ৫ ॥

২। লো-টী। চন্দনৈঃ সহ বনমালাং চক্রুঃ। উপলক্ষণমেতদিতি শেষঃ।

৩। লো-টী। মহেন্দ্রং মহেন্দ্রপর্বতমিব। 'মহেন্দ্র'মিতি প্রস্রবণস্য নামান্তরং বা।

৪। লো-টী। মৃগৈঃ সেবিতঃ শাদ্বলঃ শষ্পবদ্ভূপ্রদেশো যস্য তম্। লতানাং বিতানেন বিস্তারেণ, যদ্বা লতা এব বিতানানি চন্দ্রাতপাঃ তৈঃ সংছন্নম্।

৫। লো-টী। সলিলোৎপীড়সঙ্কুলং সলিলসমূহব্যাপ্তম্, সিংহ-শার্দ্দূলানাং চরিতং গতির্যস্মিন্ তম্।

হনুমান্ এইরূপ বলিলে, সেই শ্রেষ্ঠ বানরগণ সকলে সন্তুষ্ট হইয়া দেবগণ যেরূপ ইন্দ্রকে প্রণাম করেন, সেইরূপ তাঁহাকে প্রণাম করিলেন ॥ ১ ॥

সেই অঙ্গদপ্রভৃতি শ্রেষ্ঠ বানরগণ মহাত্মা হনুমানের জন্য চন্দনচর্চ্চিত উৎকৃষ্ট পুষ্পময় বিচিত্র বনমালা রচনা করিলেন ॥ ২ ॥

বানরশ্রেষ্ঠ শত্রু-বিনাশকারী শ্রীমান্ হনুমান্ বানরগণে পরিবেষ্টিত হইয়া পর্ব্বতশ্রেষ্ঠ মহেন্দ্র (প্রস্রবণ)-পর্ব্বতে আরোহণ করিলেন ॥ ৩ ॥

সেই পর্ব্বত নানাবিধ বৃক্ষে পরিপূর্ণ এবং লতামণ্ডপে সমাচ্ছন্ন, তাহার তৃণ-শ্যামল প্রদেশে মৃগগণ অধিষ্ঠিত এবং তত্রত্য বৃক্ষসকল সর্ব্বদা ফল-পুষ্পসমন্বিত ॥৪॥

সেই পর্ব্বতে মত্ত পক্ষিগণ কূজন করিতেছিল; চারিদিকে ঝরণার জল পড়িতেছিল এবং সিংহ, ব্যাঘ্র ও মত্ত হস্তিগণ বিচরণ করিতেছিল ॥ ৫ ॥

১। ক-খ 'ততঃ'। ২। ন 'হনুমান্ বা-'। ৩। খ '-গিরি-'। ৪। খ '-নম্'। ৫। দ 'বৃতং'। ৬। দ '-বৃক্ষৈঃ সেবি-'। ৭। দ '-গণৈর্জুষ্টং'। ৮। ত-দ '-পাত-'। ৯। ক-দ 'রচিতং'।

মহদ্ভিরুচ্ছ্রিতৈঃ শৃঙ্গৈরুল্লিখন্তমিবাম্বরম্[1] ।
সর্ব্বসত্ত্বালয়ং[2] শ্রীমৎ[3] সানুমন্তং সমন্ততঃ ॥ ৬ ॥
স তস্য শিখরে শ্রীমান্ মহেন্দ্রস্য মহাকপিঃ ।
বিররাজ মহাতেজা দ্বিতীয় ইব পর্ব্বতঃ ॥ ৭ ॥
স পদ্ভ্যাং পীড়িতস্তেন কপিনা পর্ব্বতোত্তমঃ ।
[4]ররাস সিংহাভিহতো মহামত্ত ইব দ্বিপঃ ॥ ৮ ॥
মুমোচ সলিলোৎপীড়ং বিশীর্ণ[5]শিখরো[6]চ্ছ্রয়ঃ[7] ।
বিত্রস্ত[8]কপিমাতঙ্গঃ[9] প্রকম্পিতমহাদ্রুমঃ ॥ ৯ ॥
[10]গিরিরাক্রম্যমাণস্তু তেন প্রক্রমতা মুদা ।
মুমোচ রঞ্জনাবন্তং[11] রসং[12] কমলবর্চ্চসম্ ॥ ১০ ॥

৬। গো-টী। শ্রীমান্ সানুঃ প্রান্তো বর্ত্ততে যস্মিন্ তম্।

তস্য[৩] সা কায়মুদ্বীক্ষ্য[৪] বর্দ্ধমানং মহাকপেঃ।
বক্ত্রং ব্যবৃণুতাত্যর্থং[৫] পাতালসদৃশং তদা[৬] ॥ ৮ ॥
স দদর্শ ততস্তস্যাঃ সুমহদ্ বিবৃতং মুখম্।
কার্য্যবত্ত্বাচ্চ[৭] মেধাবী মর্ম্মাণি[৮] চ মহাকপিঃ ॥ ৯ ॥
তস্মিন্ স বিবৃতে[৯] বক্ত্রে বজ্রসংহননঃ[১০] কপিঃ।
সংক্ষিপ্য[১১] মুহুরাত্মানং প্রবিবেশ মহাবলঃ[১২][১৩] ॥ ১০ ॥

৮। লো-টী। প্রাবৃণুত প্রকটিতবতী।

৯। লো-টী। কার্য্যবত্ত্বাৎ সুগ্রীবেণোক্তলেন বা কার্য্যং কর্ত্তব্যং কর্ম্মাণি সংপ্রতি যানি। 'কায়বত্ত্বা'মিতি পাঠে তস্যাঃ কায়ং কর্ম্মাণি চ দদর্শ।

১০। লো-টী। মুহুঃ পুনঃ কায়ং সংক্ষিপ্য অতিস্বল্পং কৃত্বেত্যর্থঃ। 'পুন'রিতি ক্বচিৎ পাঠঃ।

বানররাজ সুগ্রীব মহাসমুদ্রে অবস্থিত ছায়া-আকর্ষণকারী অত্যন্ত বলবান্ যে প্রাণীর কথা বলিয়াছিলেন, এ-ই সেই প্রাণী; এবিষয়ে সন্দেহ নাই ॥ ৬ ॥

বুদ্ধিমান্ হনুমান্ নিশ্চয়রূপে তাহাকে সিংহিকা মনে করিয়া বর্ষাকালে জলধরের ন্যায় বিশাল আকার ধারণপূর্ব্বক বর্দ্ধিত হইতে লাগিলেন ॥ ৭ ॥

সেই সিংহিকা বানরপ্রধান হনুমানের শরীর বর্দ্ধিত হইতে দেখিয়া স্বীয় মুখ পাতালের ন্যায় অতিশয় বিস্তারিত করিল ॥ ৮ ॥

অনন্তর মেধাবী বানরশ্রেষ্ঠ সেই হনুমান সিংহিকার বিকটাকার বিশাল মুখ এবং তাহার অন্তঃস্থল দেখিতে পাইলেন ॥ ৯ ॥

বজ্রের ন্যায় দৃঢ়কায় বীর হনুমান্ স্বীয় শরীর অতিশয় সঙ্কুচিত করিয়া সেই বিস্তৃত মুখমধ্যে প্রবেশ করিলেন ॥ ১০ ॥

১। খ 'তদেবেদং ন সং-'। ২। খ 'বলাহকঃ'। ৩। ঙ 'সা তস্য', খ 'তস্য কায়ং সমুদ্বীক্ষ্য'। ৪। দ 'কাম-'। ৫। খ 'বিবৃতমত্যর্থং'। ৬। খ 'তয়া'। ৭। চ 'কায়মস্তুল্যং', খ 'কায়ং বিস্তুক্ত', দ 'কায়বত্ত্বাচ্চ'। ৮। ত 'কর্ম্মাণি'। ৯। ত-দ 'পরিবৃতে'। ১০। খ '-সারমহাকপিঃ'। ১১। ত-খ 'বহুধা-'। ১২। খ 'মহাসুখম্', ছ-দ 'মহাকপিঃ', ত-খ 'মহামতিঃ'। ১৩। অতঃ পরং ক-পুস্তকে 'সা তু তেনাতিবেগেন মনোমারুতরংহসা। নিহতা বানরেন্দ্রেণ নিপপাত মহোদধৌ॥' ইতি, খ-পুস্তকে পুনঃ 'অন্তে তস্যা নিমজ্জন্তং দদৃশুস্তে জলাশয়াঃ। গ্রস্তমানং যথা চন্দ্রং পূর্ণং পর্ব্বণি রাহুণা॥" ইত্যধিকম্।

ততস্তস্যা নখৈস্তীক্ষ্ণৈর্মর্ম্মাণ্যুৎকৃত্য বানরঃ।

উৎপপাতাথ বেগেন মনোমারুতবিক্রমঃ ॥ ১১ ॥

দৃষ্ট্যা[১] দার্ঢ্যেন ধৃত্যা[২] চ দাক্ষ্যেণ[৩] চ[৪] বলেন চ।

স কপিঃ পরমং বেগং বিদধে পুনরাত্মবান্ ॥ ১২ ॥

সা[৫] তু তেনাতিবেগেন[৬] মনোমারুতরংহসা।

নিহতা বানরেন্দ্রেণ নিপপাত মহোদধৌ ॥ ১৩ ॥

স সিংহিকাবধং কৃত্বা বেগবান্[৭] সুসমাহিতঃ।

লঙ্কাং[৮] প্রতি জগামাশু বেগেন গরুড়ো যথা ॥ ১৪ ॥

নিহতাং বানরেন্দ্রেণ পতিতাং বীক্ষ্য সিংহিকাম্।

ভূতান্যাকাশচারীণি তমূচুঃ প্লবগর্ষভম্ ॥ ১৫ ॥

১১। রা-টী। উৎকৃত্য ছিত্ত্বা।

১২। রা-টী। দৃষ্ট্যা দৃষ্ট্যা, দার্ঢ্যেন প্রযত্নেন, ধৃত্যা ধৈর্য্যেণ, দাক্ষ্যেণ সর্ব্বত্র দক্ষতয়া, বলেন শরীরবলেন, আত্মবান্ ধৈর্য্যবান্। 'সিংহিকাং নিহত্য চেতি' পাঠে নিহত্য তস্যাঃ সকাশাৎ 'নিবৃত্তো ভূত্বা'। 'নিহতাং' ইতি কচিৎ পাঠঃ।

১৩। রা-টী। মনোমারুতরংহসা তদ্বেগেনোৎপতিতবেগেন।

১৪। রা-টী। প্রতিপ্রস্থে প্রাপ্তুমিচ্ছুঃ। 'প্রতিপেদে প্লবঙ্গম' ইতি পাঠে লঙ্কাদ্বীপং প্রতি যা উক্তা তাং প্রবৃত্তিং প্রাপ [পাঠঃ স্বরং গৃহীতম্]।

অনন্তর মন এবং বায়ুর ন্যায় বেগশালী হনুমান্ তীক্ষ্ণ নখদ্বারা তাহার মর্ম্ম-স্থল বিদীর্ণ করিয়া বেগে আকাশে উত্থিত হইলেন ॥ ১১ ॥

সেই হনুমান্ সূক্ষ্মদৃষ্টি, দৃঢ়তা, ধৈর্য্য, কৌশল এবং শক্তির সহিত পুনরায় [পূর্ব্বের ন্যায়] অত্যন্ত বেগ অবলম্বন করিলেন ॥ ১২ ॥

সেই সিংহিকারাক্ষসী মন এবং বায়ুর ন্যায় বেগশালী বানরশ্রেষ্ঠ হনুমান্ কর্ত্তৃক নিহত হইয়া প্রচণ্ডবেগে মহাসমুদ্রে নিপতিত হইল ॥ ১৩ ॥

বেগশালী সংযতচিত্ত সেই হনুমান্ সিংহিকারাক্ষসীকে বধ করিয়া গরুড়ের ন্যায় বেগে সত্বর লঙ্কাভিমুখে গমন করিলেন ॥ ১৪ ॥

সিংহিকারাক্ষসীকে বানরশ্রেষ্ঠ হনুমান্ কর্ত্তৃক নিহত এবং [সমুদ্রে] পতিত দেখিয়া আকাশচারী প্রাণিগণ বানরশ্রেষ্ঠ সেই হনুমান্‌কে বলিলেন— ॥ ১৫ ॥

১। ঙ 'দৃষ্ট্বা দাক্ষ্যেন', ক 'দৃষ্ট্যা দার্ঢ্যেন', ত 'দৃষ্ট্বা ধার্ঢ্যেন'। ২। থ-দ 'ধৃত্যা চ'। ৩। দ 'দাক্ষ্যেণ'। ৪। ছ-ম 'বিনিহতা চ', ঘ 'বিনিহতা চ'। ৫। ত-পুস্তকে অয়মর্দ্ধশ্লোকো নাস্তি। ৬। থ 'তেনৈব বেগেন'। ৭। থ 'বেগেন'। ৮। চ 'লঙ্কাদ্বীপং প্রতি প্রেপ্সুরুৎপপাত পপাত চ'; থ 'লঙ্কাং কালবতীং প্রেপ্সুর্গমনে কৃতনিশ্চয়ঃ।'

ভীমং কর্ম্ম কৃতং তাত মহৎ সত্ত্বং ত্বয়া হতম্।
[১]যস্যা ভয়াৎ সুরপতির্দ্দেবাশ্চ সহ চারণৈঃ ॥ ১৬ ॥
ইমং দেশং বর্জ্জয়ন্তি সা ত্বয়া নিহতা বলাৎ।
কৃতাঃ ক্ষেমাশ্চ পন্থানঃ সুখং [২]গচ্ছন্তি খেচরাঃ ॥ ১৭ ॥
অজেয়া নিহতা হ্যেষা রাক্ষসী কাম[৩]রূপিণী।
[৪]সাধয়ার্থমভিপ্রেতমরিষ্টং ব্রজ বানর ॥ ১৮ ॥
[৫]এতানি যস্য চত্বারি বানরেন্দ্র [৬]যথা তব।
ধৃতির্মতির্বলং [৭]দাক্ষ্যং স কর্ম্মসু ন সীদতি ॥ ১৯ ॥
স তৈঃ সম্ভাবিতঃ প্রাজ্ঞঃ প্রতিপন্নপ্রয়োজনঃ।
জগামাকাশমাবিশ্য ত্বরমাণো মহাকপিঃ ॥ ২০ ॥

১৭। গো-টী। ক্ষেমাঃ কল্যাণভবাঃ গন্তৄণাং নিরপায়াঃ।

১৮। গো-টী। অরিষ্টং নিরপায়ং যথা তথা ব্রজ।

১৯। গো-টী। ন সীদতি নাবসন্নো ভবতি।

২০। গো-টী। প্রতিপন্নমঙ্গীকৃতং প্রয়োজনং সীতান্বেষণরূপং কার্য্যং যেন সঃ। “প্রতি-পন্নোঽঙ্গীকৃতঃ স্বীকৃতোঽভ্যুপগতঃ [illegible] ইতি কোষঃ।

মহাশয়, আপনি এই মহাকায় প্রাণীকে বধ করিয়া ভয়ঙ্কর কর্ম্ম করিয়াছেন; যে-সিংহিকার ভয়ে দেবরাজ ইন্দ্র এবং দেবগণ চারণগণের সহিত এই দেশ বর্জ্জন করিয়াছেন, আপনি তাহাকে বলপূর্ব্বক নিহত করিয়াছেন এবং পথসকল মঙ্গলময় করিয়াছেন; এক্ষণে খেচরগণ সুখে গমন করিতেছে ॥ ১৬-১৭ ॥

হনুমন্, আপনি এই অপরাজেয়া কামরূপিণী রাক্ষসীকে বধ করিয়াছেন। আপনি নির্ব্বিঘ্নে গমন করুন এবং আপনার অভিপ্রেতার্থ সাধন করুন ॥ ১৮ ॥

বানরশ্রেষ্ঠ হনুমন্, আপনার ন্যায় যাহার ধৈর্য্য, বুদ্ধি, বল এবং প্রগল্‌ভতা—এই চারিটী গুণ আছে, সে কোন কার্য্যে অবসন্ন হয় না ॥ ১৯ ॥

সেই প্রাজ্ঞ মহাকপি হনুমান্ তাহাদের দ্বারা সম্মানিত এবং অভীষ্ট কার্য্যে অবহিত হইয়া পুনরায় আকাশমার্গে সত্বর চলিতে লাগিলেন ॥ ২০ ॥

১। ছ-ঝ-ণ 'অস্যা', দ 'তস্যা'। ২। ঝ-ঞ 'গচ্ছন্তু'। ৩। দ '-চারিণী'। ৪। ছ 'সাধয় ত্ব-'। ৫। থ 'সত্ত্বানি', দ 'নিত্যানি'। ৬। ঞ 'তথা'। ৭। ঃ 'দাক্ষ্যং', থ 'ধার্ষ্ট্যং'।

স সাগরমনাধৃষ্যং ক্রমিত্বা বানরর্ষভঃ।
যোজনানাং শতস্যান্তে বনরাজীং[১] দদর্শ হ ॥ ২১ ॥
প্রাপ্তভূয়িষ্ঠপারশ্চ[২] সর্ব্বতঃ স বিলোকয়ন্।
দদর্শ মহতীং[৩] লঙ্কাং ত্রিকূটশিখরে স্থিতাম্।
সংপূর্ণাং রাক্ষসৈর্ঘোরৈরিন্দ্রস্যেবামরাবতীম্ ॥ ২২ ॥
স মহামেঘসঙ্কাশং সমীক্ষ্যাত্মানমাত্মনা।
নিরুন্ধন্তমিবাকাশং[৪] প্রদধ্যাবাত্মবান্ কপিঃ ॥ ২৩ ॥
কায়বৃদ্ধিং[৫] প্রবেশঞ্চ মম দৃষ্টৈব রাক্ষসাঃ।
ময়ি কৌতূহলং কুর্য্যুরিতি মে নিশ্চিতা মতিঃ ॥ ২৪ ॥
ততঃ শরীরমত্যর্থং সংক্ষিপ্যাথ সুসংবৃতঃ[৬]।
কপিঃ প্রকৃতিমাপেদে বিষ্ণুর্ব্বিক্রান্তবানিব ॥ ২৫ ॥

২২। লো-টী। প্রাপ্তঃ ভূয়িষ্ঠং বহুলং পারং তটং যেন সঃ। "পারং পরতটে প্রান্তে ন স্ত্রী পারা নদীভিদি" ইতি কোষঃ।

২৫। লো-টী। প্রকৃতিং বানরস্বভাবম্।

বানরশ্রেষ্ঠ হনুমান্ অনতিক্রমণীয় সমুদ্র অতিক্রম করিয়া শতযোজনের পর বনরাজি দেখিতে পাইলেন ॥ ২১ ॥

তিনি পরপারের নিকটবর্ত্তী হইয়া চতুর্দ্দিকে অবলোকন করিতে করিতে ইন্দ্রের অমরাবতীর ন্যায় ত্রিকূট পর্ব্বতের শিখরে অবস্থিত ভয়ঙ্কর রাক্ষসগণে পরিপূর্ণ বিশাল লঙ্কানগরী দেখিতে পাইলেন ॥ ২২ ॥

তাঁহার বিশাল মেঘতুল্য শরীর যেন গগনমণ্ডল আচ্ছাদিত করিতেছিল। বুদ্ধিমান্ হনুমান্ নিজের শরীর দেখিয়া নিজে চিন্তা করিতে লাগিলেন—॥ ২৩ ॥

"আমার দৃঢ় বিশ্বাস এই যে, রাক্ষসগণ আমার শরীরের বিশালতা এবং পুরীমধ্যে প্রবেশ দেখিয়াই আমার প্রতি কৌতূহলাক্রান্ত হইবে" ॥ ২৪ ॥

তারপর, ত্রিপাদবিক্ষেপের পর বিষ্ণু যেরূপ স্বাভাবিক রূপ ধারণ করিয়াছিলেন, হনুমান্ সেইরূপ স্বীয় শরীর অত্যন্ত সঙ্কুচিত করিয়া স্বাভাবিক অবস্থা প্রাপ্ত হইলেন ॥ ২৫ ॥

১। খ '-রাজীদ্ধি-'। ২। খ '-স্ত্র'। ৩। গ-ছ-প 'নগরীং'। ৪। ছ '-ধ্যন্ত-'। ৫। খ '-ব্যঙ্গং', দ '-বৃদ্ধিপ্রবেশঞ্চ'। ৬। দ '-ভৃতঃ'।

[১] স সাগরং দানবপন্নগালয়ং বলেন বিক্রম্য মহোর্ম্মিমালিনম্ ।
নিপত্য পারে চ মহোদধেস্তদা দদর্শ লঙ্কামমরাবতীমিব ॥ ২৬ ॥
ততঃ সুবেলস্য গিরেঃ প্রবৃদ্ধে বিচিত্রকূটে[২] নিপপাত শৃঙ্গে ।
সকেতকোদ্দালকনারিকেলে[৩] মহাভ্রকূটপ্রতিমে[৪] মহাত্মা ॥ ২৭ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে সাগরলঙ্ঘনং নাম
অষ্টমঃ সর্গঃ ॥ ৮ ॥

২৬। লো-টী। মহোর্ম্মীণাং মালা শ্রেণী বিদ্যতে যস্মিন্ তম্ ।

২৭। লো-টী। বিবিক্তকূটে বিজনে শৃঙ্গে উৎকর্ষাশ্রয়ে। "কূটোঽস্ত্রী নিশ্চয়ে রাশৌ লোহমুদ্গরদম্ভয়োঃ। মায়াদ্রিশৃঙ্গয়োস্তুচ্ছে সীরাবয়বযন্ত্রয়োঃ।" "শৃঙ্গং প্রভুত্বে শিখরে চিহ্নে ক্রীড়াম্বুযন্ত্রকে। বিষাণোৎকর্ষয়োশ্চাথ শৃঙ্গঃ কূর্চ্চঽপ শীর্ষকে" ইতি চ কোষঃ। উদ্দালকো বৃক্ষবিশেষঃ, এতৈরবিশিষ্টে। সপ্তম্যন্তপাঠে তৈঃ সহিতৈঃ। মহাভ্রকূটপ্রতিমে মহামেঘরাশিতুল্যে।

সাগরলঙ্ঘনম্ ॥ ৮ ॥

তখন হনুমান্ প্রচণ্ড বিক্রমে দানব এবং সর্পগণের আবাসভূমি বিশাল তরঙ্গযুক্ত সমুদ্র লঙ্ঘনপূর্ব্বক মহাসমুদ্রের পরপারে নিপতিত হইয়া অমরাবতীর ন্যায় লঙ্কা নগরী দেখিতে পাইলেন ॥ ২৬ ॥

অনন্তর মহাত্মা হনুমান্ কেতক, উদ্দালক ও নারিকেল বৃক্ষযুক্ত পরিপূর্ণ পুঞ্জীকৃত বিশাল মেঘরাশিতুল্য সুবেলপর্ব্বতের বর্দ্ধনশীল উৎকৃষ্ট বিচিত্র শিখরে নিপতিত হইলেন ॥ ২৭ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে সাগরলঙ্ঘন-
নামক ৮ম সর্গ সমাপ্ত ॥ ৮ ॥

১। ক-খ-পুস্তকয়োরয়ং শ্লোকো নাস্তি। ২। ক-খ 'বিবিক্ত-'। ৩। ছ '-কেলকে'। ৪। খ '-প্রতিমো'।

(৯) নবমঃ সর্গঃ

ততঃ স হনুমান্ ক্রান্তঃ সাগরং মকরালয়ম্।
নিপত্য চ পরে পারে বিশ্রম্য চ মহাবলঃ[১]।
দদর্শ তাং পুরীং লঙ্কাং ত্রিকূটশিখরে স্থিতাম্ ॥ ১ ॥
[২]সারবান্ সাগরস্যান্তে নিপত্যোত্তমবিক্রমঃ।
সমাশ্বস্য কপিস্তত্র ন[৩] গ্লানিমধ্যগচ্ছত ॥ ২ ॥
যোজনানাং সহস্রাণি ক্রমেয়ং সুবহূন্যপি।
কিং পুনঃ সাগরস্যান্তং পরিসংখ্যাতযোজনম্ ॥ ৩ ॥
ইতি বীর্যাবতাং শ্রেষ্ঠো মতিং কৃত্বাঽনিলাত্মজঃ।
প্রাতিষ্ঠত সমাশ্বস্তো লঙ্কাং প্রতি মহাবলঃ[৪] ॥ ৪ ॥
শাদ্বলানি চ নীলানি বিবিধানি বনানি চ।
গন্ধবন্তি চ সংপশ্যন প্রফুল্লনগবন্তি[৫] চ ॥ ৫ ॥

২। লোটী। সারবান্ সারো বলং তদ্বান্। নাধ্যগচ্ছত ন প্রাপ্তবান্।
৫। লোটী। প্রফুল্লনগবন্তি প্রফুল্লতরুবন্তি।

অনন্তর সেই মহাবলশালী হনুমান্ মকরালয় সমুদ্র অতিক্রম করিয়া তাহার পরপারে পতিত হইয়া বিশ্রামপূর্ব্বক ত্রিকূটপর্ব্বতের শিখরে অবস্থিত সুপ্রসিদ্ধ লঙ্কা নগরী দেখিতে পাইলেন ॥ ১ ॥

মহাবিক্রমশালী বলবান্ হনুমান্ সাগরপ্রান্তে অবতরণপূর্ব্বক আশ্বস্ত হইয়া পরিশ্রম অনুভব করেন নাই ॥ ২ ॥

"নির্দ্দিষ্ট শতযোজন মাত্র সমুদ্রের পার ত দূরের কথা, আমি বহু-সহস্র যোজনও গমন করিতে পারি" ॥ ৩ ॥

বীর্য্যবান্‌দিগের মধ্যে শ্রেষ্ঠ অতিশয় বলবান্ হনুমান্ এইরূপ মনে করিয়া আশ্বস্ত হইয়া তৃণপূর্ণ শ্যামল স্থানসমূহ এবং প্রফুল্ল বৃক্ষবিশিষ্ট সৌরভাকীর্ণ বিবিধ বনরাজি দেখিতে দেখিতে লঙ্কানগরী অভিমুখে প্রস্থান করিলেন ॥ ৪-৫ ॥

১। ব '-কপিঃ'। ২। ত 'বেগবান্'। ৩। ছ-ধ 'স গ্লানিং নাধ্য-', ড 'স শ্রমং নাভ্যাগচ্ছত', ব 'স শ্রমং নাধ্যগচ্ছত'। ৪। ঘ-ছ-ণ '-কপিঃ'। ৫। ত-দ '-রস-'।

শৈলাংশ্চ তরুসংচ্ছন্নান্ বনরাজীশ্চ[১] পুষ্পিতাঃ।
সরলান্[২] কর্ণিকারাংশ্চ খর্জ্জুরাম্রাংশ্চ[৩] পুষ্পিতান্ ॥ ৬ ॥

পিয়ালান্[৪] মুচুকুন্দাংশ্চ নীপান্ সপ্তচ্ছদাংস্তথা।
অশোকান্[৫] কোবিদারাংশ্চ করবীরাংশ্চ চম্পকান্[৬] ॥ ৭ ॥

পুষ্পভারাবনদ্ধাংশ্চ[৭] তথা মুকুলিতানপি।
পাদপান্ বিহগাকীর্ণান্ পবনোদ্ধূতমস্তকান্ ॥ ৮ ॥

হংসকারণ্ডবাকীর্ণা বাপীঃ পদ্মোৎপলাযুতাঃ[৮]।
নদীঃ শুভজলাশ্চৈব[৯] পাদপৈরুপশোভিতাঃ ॥ ৯ ॥

আক্রীড়ান্ বিবিধান্[১০] রম্যান্[১১] বিবিধাংশ্চ জলাশয়ান্।
সংবৃতান্[১২] বিবিধৈর্ব্বৃক্ষৈঃ সর্ব্বর্তুফলপুষ্পিতৈঃ[১৩] ॥ ১০ ॥

উদ্যানানি চ রম্যাণি নিরীক্ষ্য কপিসত্তমঃ।
আসসাদ স লক্ষ্মীবাঁল্লঙ্কাং রাবণপালিতাম্ ॥ ১১ ॥

১১—১৩। গো-টী। লঙ্কাং বহিঃ সাগরেণাবৃতাং সমুদ্রে পার ইতি ক্রমেণান্বয়ঃ। সাগরং বিশিনষ্টি—মৌক্তিকং মুক্তা এতৎসংঘাতৈরবকীর্ণেন ব্যাপ্তেন, পর্ব্বসু পৌর্ণমাস্যাদিষু অধিকমুদ্বৃত্তং

ভাগ্যবান্ কপিশ্রেষ্ঠ হনুমান্ বৃক্ষসমাচ্ছন্ন পর্ব্বতসকল, পুষ্পিত বনরাজি, পুষ্পিত সরল, কর্ণিকার, খর্জ্জুর, আম্র, পিয়াল, মুচুকুন্দ, কদম্ব, সপ্তচ্ছদ, অশোক, কোবিদার, করবীর ও চম্পকবৃক্ষ, পুষ্পভারে অবনত মুকুলিত পক্ষিসমাকীর্ণ বায়ু-সঞ্চালিত অগ্রভাগবিশিষ্ট বৃক্ষসমূহ, পদ্ম এবং উৎপলশোভিত হংস ও কারণ্ডব [প্রভৃতি] পক্ষিপরিপূর্ণ বাপীসকল, তটস্থিত বৃক্ষসমূহে উপশোভিত নির্ম্মল জলবিশিষ্ট নদীসকল, রমণীয় বিবিধ ক্রীড়ার স্থানসকল, সকল ঋতুতে পত্রপুষ্প-শোভিত নানাবিধ বৃক্ষে পরিবেষ্টিত বহুবিধ জলাশয় এবং রমণীয় উদ্যানসকল অবলোকন করিয়া রাবণ-পালিতা লঙ্কায় উপস্থিত হইলেন ॥ ৬—১১ ॥

১। ড '-জীন্ সুপু', ঢ '-জীঃ সুপুষ্পিতাঃ'। ২। ধ 'মন্দারান্'। ৩। ঢ 'খর্জ্জুরাংশ্চ সুপুষ্পিতান্'। ৪। ব 'প্রিয়া-'। ৫। ছ 'অসনান্', ধ 'অশনান্'। ৬। ক 'পুষ্পিতান্'। ৭। ছ-ড-থ '-নম্রাংশ্চ'। ৮। ক-ছ 'বৃতাঃ'। ৯। ছ 'শীত-'। ১০। ছ-থ 'সুবহুন্'। ১১। ঢ 'বৃক্ষান্'। ১২। ঘ-চ-ড-থ-ঢ 'সংশ্রিতান্'। ১৩। থ '-পুষ্পদৈঃ'।

শঙ্খমৌক্তিকসংঘাতৈরবকীর্ণেন[১] পর্ব্বসু।
অধিকোদ্ধৃত[২]তোয়েন[৩] বেলালোলমহোর্ম্মিণা ॥ ১২ ॥
নানারত্নাকরবতা কিন্নরাবাসদায়িনা।
নাগাসুরনিবাসেন পবনোদ্ধৃতবীচিনা।
গ্রসতেব নভঃ কৃৎস্নং সাগরেণাভিসংবৃতাম্[৪] ॥ ১৩ ॥
বপ্রৈঃ শ্বেতচয়াকারৈঃ[৫] পরিখাভিশ্চ সর্ব্বতঃ[৬]।
অগাধাব্যয়তোয়াভিরধঃ পরিহিতামিব ॥ ১৪ ॥
শাতকুম্ভেন মহতা প্রাকারেণ সুসংবৃতাম্।
অচিন্ত্যাং সুকৃতপ্রাপ্যাং[৭] কুবেরাধ্যাসিতাং পুরা[৮] ॥ ১৫ ॥

বর্দ্ধিতং তোয়ং যস্য তেন, বেলায়াং লোলাশ্চঞ্চলা মহোর্ম্ময়ো যস্য তেন। নানা নানাবিধা রত্নাকরা রত্নোৎপত্তিস্থানানি, তদ্বতা। পবনেন বায়ুনা উদ্ধৃতাঃ কম্পিতা বীচয়ো যস্মিন্ তেন। কৃৎস্নং সর্ব্বং নভো গ্রসতা গ্রাসং কুর্ব্বতেব।

১৪। লো-টী। অধো বহিঃ পরিখাভিঃ পরি সর্ব্বতোভাবেন হিতাং বৃতামাবৃতামিত্যর্থঃ। "হিতং পথ্যে বৃতে বৃত্তে" ইতি কোষঃ। অগাধমনল্পং চ তোয়ং যাসু তাভিঃ। বপ্রৈঃ প্রাকারৈঃ সর্ব্বতঃ সর্ব্বস্যাং দিশি পরিবৃতাম্। "বপ্রস্ত্রহস্ত্রিয়াং ক্ষেত্রে তীরপ্রাকারসানকে" ইতি ভূরিং। কিম্ভূতৈঃ? শ্বেতবর্ণঃ কৈলাসশিখরসদৃশঃ, তস্যাকার ইব আকারো যেষাং তৈঃ, কৈলাস-পর্ব্বতাকারৈর্বপ্রৈরিত্যর্থঃ। "শ্বেতঃ রূপ্যে সিতে নাগেন্দ্রে দ্বীপে শ্বেতা কপর্দকে" ইতি ভূরিং। "আকার ইঙ্গিতাকৃত্যো"রিতি, "চয়ঃ সমূহে প্রাকারে মূলবন্ধে চ সঞ্চয়ে" ইতি কোষঃ। যদ্বা শ্বেতচয়ঃ পর্ব্বতসমূহঃ, তদাকারৈঃ বর্ণিতৈর্গোপুরাদিভিস্তুঙ্গৈঃ। রুক্মবর্ণৈর্হৈমৈর্বপ্রৈঃ প-রিবৃতার্থঃ। বক্ষ্যতে চ হনুমান্ লঙ্কাপ্রবেশ সর্গে--"কাঞ্চনস্য মহা ন প্রাকারো দৃশ্যবর্ণঃ" ইতি।

১৫। লো-টী। তদ্বক্ষ শাতকুম্ভময়েনেতি। সুকৃতেন পুণ্যেন প্রাপ্যাং লভ্যাম্। অচিন্ত্যাম্ ঈদৃশী অস্তীতি চিন্তয়িতুমশক্যাম্। 'সুকৃতস্পৃষ্টা'মিতি [পাঠে] সুকৃতৈঃ পুণ্যবদ্ভিঃ স্পৃষ্টাম্

সেই লঙ্কানগরী—প্রত্যেক পর্ব্বকালে (অর্থাৎ পূর্ণিমা ও অমাবস্যায়) যাহার জল অতিমাত্রায় বর্দ্ধিত হয় এবং যাহা সমগ্র গগন গ্রাস করিতে সমুদ্যত বলিয়া মনে হয়, সেই তটলগ্ন তরঙ্গশালী বহু রত্নের আকর শঙ্খ ও মুক্তাসমূহে সমাকীর্ণ কিন্নরদিগের বাসস্থানপ্রদানকারী নাগ ও অসুরগণের আবাসস্থল বাতান্দোলিত তরঙ্গশালী সমুদ্রদ্বারা পরিবেষ্টিতা; চতুর্দ্দিকে পর্ব্বতমালার ন্যায় প্রাচীর এবং বহির্ভাগে অগাধ অক্ষয় জলপূর্ণ পরিখাদ্বারা পরিবেষ্টিতা এবং বিশাল সুবর্ণময় প্রাচীরদ্বারা সুরক্ষিতা; তাহা অচিন্তনীয় এবং পুণ্যলভ্যা, পুরাকালে কুবের সেখানে বাস করিতেন ॥ ১২—১৫ ॥

১। ঙ-খ-ঘ '-র্ণেষু'। ২। চ-ঙ-খ-ন '-কোদ্ধৃত-'। ৩। খ '-তোয়-'। ৪। খ '-পালিতান'। ৫। খ '-তয়াকারৈঃ'। ৬। ঘ 'সর্ব্বশঃ'। ৭। ঘ 'সুকৃতিপ্রস্তাং', ঙ 'সুকৃতাকৃষ্টাং', ছ-ক 'সুকৃতিস্পৃষ্টাং'। ৮ ঘ 'পুরীম্'।

অট্টালকশতাকীর্ণাং পতাকাধ্বজশোভিতাম্ ।
স্ফাটিকৈঃ কাঞ্চনৈশ্চৈব শোভিতামিন্দ্রকোষকৈঃ[১] ॥ ১৬ ॥
প্রাকারতলবিন্যস্তৈস্তৈশ্চ[২]চন্দ্রসূর্য্যশতৈরিব ।
[৩]হেমসারময়ৈঃ শুভ্রৈঃ স্তম্ভৈরুচ্ছ্রিত[৪]তোরণাম্ ॥ ১৭ ॥
স্ফাটিকৈর্হেম[৫]ভক্ত্যন্তৈঃ কপাটৈর্ভূষিতামিব ।
রাক্ষসৈরভিযুক্তৈশ্চ যন্ত্রৈঃ সায়ুধসঞ্চয়ৈঃ ।
অলঙ্কৃতপুরদ্বারাং সমৃদ্ধি[৬]মিব রূপিণীম্ ॥ ১৮ ॥
বিমানৈ[৭]র্হেমনির্য্যূহৈর্ভাস[৮]দ্ভির্মণিবেদিকৈঃ ।
ঘণ্টাধ্বজ[৯]পতাকা[১০]ভিরুন্মালন্তীমিব শ্রিয়ম্ ॥ ১৯ ॥
নানাতূর্য্যনিনাদৈশ্চ হয়ানাং হ্রেষিতেন[১১] চ ।
বৃংহিতেন চ নাগানাং রথ[১২]নেমিস্বনেন চ ॥ ২০ ॥
সিংহনাদৈশ্চ দৃপ্তানাং[১৩] রাক্ষসানাং ভয়াবহৈঃ ।
সাগরস্য চ ঘোষেণ হর্ষাৎ প্রহসিতামিব[১৪] ॥ ২১ ॥

তাহা শত শত অট্টালিকায় সমাকীর্ণ, পতাকা এবং ধ্বজদ্বারা পরিশোভিত, স্ফটিক এবং কাঞ্চননির্ম্মিত নাগদন্তে শোভিত, শত শত চন্দ্রসূর্য্যের ন্যায় প্রাচীরের নিম্নে প্রোথিত স্বর্ণময় উজ্জ্বল স্তম্ভদ্বারা উন্নত তোরণবিশিষ্ট এবং সোনার ফ্রেমে আঁটা স্ফটিকনির্ম্মিত কপাটদ্বারা যেন অলঙ্কৃত ; সেই নগরীর দ্বার নিযুক্ত রাক্ষসবৃন্দে এবং যন্ত্র ও অস্ত্রসমূহে শোভা পাইতেছিল ; [এক কথায়] সেই নগরী যেন ঐশ্বর্য্যের প্রতিমূর্ত্তি ॥ ১৬—১৮ ॥

উজ্জ্বল মণিবেদিকাযুক্ত সুবর্ণময় তোরণবিশিষ্ট বিমানদ্বারা এবং ঘণ্টা ও ধ্বজ-পতাকাদ্বারা সেই নগরী যেন স্বীয় ঐশ্বর্য্য প্রকাশ করিতেছিল ; নানাবিধ বাদ্যধ্বনি, অশ্বগণের হ্রেষা-শব্দ, হস্তিগণের বৃংহণ-ধ্বনি, রথের ঘর্ঘর-শব্দ, দর্পিত রাক্ষসগণের সিংহনাদ এবং সাগরের গর্জ্জনদ্বারা সেই নগরী যেন আনন্দে হাস্য করিতেছিল ॥ ১৯—২১ ॥

১। ছ-ঙ-দ '-গোপকৈঃ'। ২। ঙ '-স্তম্ভৈ-'। ৩। ক 'মহাস্তম্ভরুক্ময়ৈঃ' (?), ব 'অসাবেগাদর্কময়ৈঃ'। ৪। দ '-রত্নৈঃ'। ৫। খ ঙ '-কক্ষাট্যৈঃ', ঙ-টী-ব '-ভাভিস্তৈঃ', গ '-ভক্ত্যগ্রৈঃ'। ৬। ক '-দ্ধামিব'। ৭। ঙ '-হর্ম্ম্যানি-', খ '-হর্ম্ম্যসংযুক্তৈঃসিতৈঃক্ষ্মাণি-'। ৮। ছ-ঙ-দ '-দ্বিতৈঃ'। ৯। দ '-ধ্বনি-'। ১০। ছ '-রুদ্গিরন্তীমি-'। ১১। ক 'হেষিতেন চ'। ১২। থ 'রথানাং নিস্ব-'। ১৩। ঙ-দ 'হৃষ্টানাং'। ১৪। ঙ 'হর্ষিতাং হসিতামিব', দ 'হর্ষিতাং হর্ষিতামিব'।

গিরিমূর্দ্ধি স্থিতাং দিব্যাং নির্ম্মিতাং বিশ্বকর্ম্মণা।
প্লবমানামিবাকাশে পুরীং[1] দেবপুরোপমাম্ ॥ ২২ ॥
উত্তরদ্বারমাসাদ্য[2] তস্যাশ্চ হরিপুঙ্গবঃ।
কৈলাসশিখরপ্রখ্যং সমুল্লিখদিবাম্বরম্[3] ॥ ২৩ ॥
লঙ্কায়াং মহতীং গুপ্তিং সাগরং চ নিরীক্ষ্য সঃ।
রাবণং চাপি রাজানং চিন্তয়ামাস বানরঃ ॥ ২৪ ॥
আগতা হরয়ো হ্যত্র গমিষ্যন্তি নিরর্থকাঃ।
নেহ[4] যুদ্ধেন বা শক্যং[5] কিঞ্চিদ্ ব্যবসিতেন বা ॥ ২৫ ॥
ইমাং সুবিষমাং দুর্গাং লঙ্কাং রাবণপালিতাম্[6]।
প্রাপ্য দাশরথী রামঃ কিং করিষ্যতি বীর্য্যবান্ ॥ ২৬ ॥
অবকাশো ন সান্ত্বস্য[7] রাক্ষসেষ্বিহ[8] দৃশ্যতে।
ন দানস্য ন ভেদস্য নৈব যুদ্ধস্য দৃশ্যতে ॥ ২৭ ॥

২৫। লো-টী। যুদ্ধেনেহ কিমপি কার্য্যং নাস্তি, ইহ ব্যবসিতেন প্রয়োজননিমিত্তাগমনেন কিমপি কার্য্যং নাস্তি। 'শক্যমিতি' বা পাঠঃ। 'অব্যবসিতেন' ইতি পাঠে অব্যবসনমনুশোচনমিতি।
২৬। লো-টী। কুতস্তরাং—ইত্যাদিঃ। বীর্য্যবানপি।
২৭। লো-টী। 'ন সান্ত্বস্য' ইতি পাঠঃ কচিৎ। অবকাশঃ প্রকাশঃ।

পর্ব্বতমস্তকে অবস্থিতা বিশ্বকর্ম্মার নির্ম্মিতা সেই দেবপুরীর ন্যায় রমণীয়া লঙ্কাপুরী যেন আকাশে ভাসিতেছিল ॥ ২২ ॥

বানরশ্রেষ্ঠ হনুমান্ সেই লঙ্কানগরীর কৈলাস পর্ব্বতের শিখরের ন্যায় আকাশস্পর্শী উত্তর দ্বারে গমন করত লঙ্কার বিশাল দুর্গ-প্রাচীর, সমুদ্র এবং রাবণরাজার কথা বিবেচনা করিয়া চিন্তা করিতে লাগিলেন ॥ ২৩-২৪ ॥

"বানরগণ এখানে আসিয়া ব্যর্থকাম হইয়া গমন করিবে, এখানে যুদ্ধ অথবা অধ্যবসায়দ্বারা কিছুই করা যাইবে না ॥ ২৫ ॥

এই রাবণ-রক্ষিত অতি দুর্গম লঙ্কায় আসিয়া দশরথনন্দন বলবান্ রামচন্দ্রই বা কি করিবেন ? ॥ ২৬ ॥

এখানে রাক্ষসগণের মধ্যে সাম, দান, ভেদ অথবা যুদ্ধের অবকাশ দেখিতেছি না ॥ ২৭ ॥

১। ত-ব '-রীমিমা-'। ২। গ-চ-ঙ-ঝ 'উত্তরং দ্বা-', ত 'উত্তরাং দ্বার-'। ৩। ঘ '-করম্'। ৪। ঘ '-হোপি তচ্ছক্যং'। ৫। চ-প '-নির্গমনেন বা'। ৬। এতৎ পরং ত-পুস্তকে নক্ষত্রমধ্যগতঃ 'তত্রৈব চিন্তয়িত্বাথি তাং দৃষ্ট্বা চনকাঙ্গরাম্' ইত্যধিকং দৃশ্যতে। ৭। ঘ-ঘ-ব 'সান্ত্বস্য', ত 'সত্ত্বস্থ রাক্ষসৈরিহ'। ৮। গ 'বিক্রান্ত'।

গতিরত্র চতুর্ণাং হি বানরাণাং মহাত্মনাম্।
বালিপুত্রস্য নীলস্য মম রাজ্ঞশ্চ ধীমতঃ ॥ ২৮ ॥

যাবজ্জানামি[1] বৈদেহীং যদি[2] জীবতি বা ন বা।
তত্রৈব[3] চিন্তয়িষ্যামি তাং দৃষ্ট্বা[4] জনকাত্মজাম্ ॥ ২৯ ॥

রূপেণানেন তু[5] ময়া ন শক্যং[6] রাক্ষসীং[7] পুরীম্।
প্রবেষ্টুং রাক্ষসৈর্দৃপ্তৈর্[8]গুপ্তাং[9] বলসমন্বিতৈঃ ॥ ৩০ ॥

উগ্রৌজসো মহাবীর্য্যা বলবন্তশ্চ রাক্ষসাঃ।
বঞ্চনীয়া ময়া সর্ব্বে জানকীং পরিমার্গতা ॥ ৩১ ॥

লক্ষ্যালক্ষ্যেণ[10] রূপেণ রাত্রৌ লঙ্কাং[11] পুরীমিমাম্।
প্রবেষ্টুং প্রাপ্তকালং[12] মে কৃত্যং সাধয়িতুং[13] মহৎ ॥ ৩২ ॥

২৯। গো-টী। যদি বৈদেহীং যাবৎ সাকল্যেন যাথার্থ্যেন জানামি তত্রৈব বানরা জীবন্তি জীবিষ্যন্তি। 'যদি জীবতি বা ন বে'তি পাঠে—'বৈদেহী'মিতি চ পাঠে—জীবতি বা ন বেতি বৈদেহীং যাবৎ অবশ্যমহং জানামি জ্ঞাতুমিচ্ছামি। 'যোগাজ্জানামী'তি পাঠে যোগাত্ উপায়াৎ। তত্রৈব সীতায়াঃ সমীপে।

৩২। গো-টী। লক্ষ্যালক্ষ্যেণ রূপেণ লক্ষ্যালক্ষ্যে সূক্ষ্মেণেতি বিবরঃ। যদ্বা লক্ষ্যো দৃষ্টোঽপি অলক্ষ্যঃ কপিত্বেনাজ্ঞেয়ঃ। তেন রূপেণ। প্রবেষ্টুমিত্যস্য বিশেষণং 'প্রাপ্তকাল'মিতি।

বালিপুত্র অঙ্গদ, নীল, আমি এবং বুদ্ধিমান্ মহারাজ সুগ্রীব এই চারিজন প্রধান বানরের লঙ্কায় গমন করিবার শক্তি আছে ॥ ২৮ ॥

[অগ্রে] বিদেহরাজ-নন্দিনী সীতা জীবিত আছেন কি না তাহাই ভাল করিয়া জানি, [পরে] তাঁহাকে দেখিয়াই তখন [উদ্ধারের উপায়] চিন্তা করিব ॥ ২৯ ॥

বলবান্ দর্পিত রাক্ষসগণকর্তৃক রক্ষিত লঙ্কানগরীতে আমি এই [প্রকাশ্য বানর] রূপে প্রবেশ করিতে পারিব না ॥ ৩০ ॥

জনকনন্দিনী সীতার অন্বেষণার্থে আমাকে মহাবিক্রমশালী বলবান্ রাক্ষসগণকে প্রতারিত করিতে হইবে ॥ ৩১ ॥

সীতা-উদ্ধাররূপ সময়োচিত মহৎ কার্য্য সাধন করিবার জন্য আমাকে লক্ষ্য (অর্থাৎ কার্য্যাদিদ্বারা অনুমেয়) অথচ অলক্ষ্য (অর্থাৎ চক্ষুর অগোচর) রূপ ধারণ করিয়া রাত্রিকালে এই লঙ্কায় প্রবেশ করিতে হইবে" ॥ ৩২ ॥

১। খ 'ন হি জানামি'। ২। খ 'যাপি'। ৩। ঙ '-বং'। ৪। অতঃ পরং খ-পুস্তকে 'এতৎ সংচিন্তয়ামাস মুহূর্ত্তং কপিকুঞ্জরঃ। সংক্ষিপ্যাত্মানং স্থিতবানস্মিন্ রামস্যাভ্যুদয়ে রতঃ।' ইত্যধিকম্। ৫। চ-ছ-জ 'চ'। ৬। চ 'শক্যা'। ৭। ঘ খ 'রক্ষসাং'। ৮। চ-ঙ '-গুপ্তৈ'। ৯। ছ '-গুপ্তাবল-'। ১০। ছ 'লক্ষ্যালক্ষ্যেণ', খ 'লক্ষ্যাং লক্ষ্যেণ'। ১১। খ-দ 'লঙ্কাপুরী-'। ১২। ক '-কালো'। ১৩। ত 'ধারয়িতুং'।

[1]পুনশ্চ চিন্তয়ামাস হনুমান্ মারুতাত্মজঃ।
কেনোপায়েন পশ্যেয়ং[3] মৈথিলীং জনকাত্মজাম্।
অদৃষ্টো রাক্ষসেন্দ্রেণ রাবণেন দুরাত্মনা ॥ ৩৩ ॥
ন বিনশ্যেৎ কথং কার্য্যং রামস্য বিদিতাত্মনঃ।
পশ্যেয়ং কথমেকান্তে রহিতাং[4] জনকাত্মজাম্ ॥ ৩৪ ॥
ভূতা[5] হ্যর্থা[6] বিনশ্যন্তি দেশকালবিরোধিতাঃ।
বিক্লবং[7] দূত[8]মাসাদ্য তমঃ সূর্য্যোদয়ে যথা ॥ ৩৫ ॥
অর্থানর্থান্তরে বুদ্ধি[9]নিশ্চিতাঽপি ন শোভতে।
ঘাতয়ন্তি হি[10] কার্য্যাণি দূতাঃ পণ্ডিতমানিনঃ ॥ ৩৬ ॥
ন বিনশ্যেৎ কথং কার্য্যং বৈক্লব্যং ন কথং ভবেৎ।
[11]লঙ্ঘনঞ্চ সমুদ্রস্য কথং নু ন বৃথা ভবেৎ ॥ ৩৭ ॥

৩৪। লো-টী। সর্বৈর্বিদিত আত্মা যেষাং তস্য তস্য, নিভৃতাং রহিতাম্।

৩৫। লো-টী। বিক্লবং বিকলং দূতমাসাদ্য ভক্তিমিত্যর্থঃ। ভূতাঃ প্রাপ্তা অপি, অর্থাশ্চ দেশকালবিরোধিতাঃ দেশকালবিরুদ্ধাঃ নশ্যন্তি। সম্প্রদায়ঃ। 'হ্যর্থা' ইত্যপি পাঠঃ।

৩৬। লো-টী। অর্থানর্থান্তরে অর্থানর্থয়োর্মধ্যে, উভয়সন্নিধাবিত্যর্থঃ।

পবননন্দন হনুমান্ পুনরায় চিন্তা করিতে লাগিলেন—"কি উপায়ে রাক্ষসরাজ দুরাত্মা রাবণের দৃষ্টির অগোচরে থাকিয়া জনকনন্দিনী সীতাকে দেখিতে পাইব ॥ ৩৩ ॥

কি উপায়ে আত্মদর্শী রামচন্দ্রের কার্য্যও বিনষ্ট না হয়, অথচ নির্জ্জনে অবস্থিতা জনকনন্দিনী সীতাকেও দেখিতে পাই ॥ ৩৪ ॥

অন্ধকার যেরূপ সূর্য্যোদয়ে বিনষ্ট হয়, সেইরূপ সিদ্ধপ্রায় কার্য্যও অনভিজ্ঞ দূতের হাতে পড়িলে দেশ এবং কালের প্রতিকূলে প্রযুক্ত হইয়া বিনষ্ট হয় ॥ ৩৫ ॥

অর্থ এবং অনর্থের অন্তরালে স্থিরীকৃত বুদ্ধিও সঙ্গত হয় না। পাণ্ডিত্যাভিমানী দূতগণ কার্য্য ধ্বংস করে ॥ ৩৬ ॥

কিরূপে সীতা-উদ্ধাররূপ কার্য্যও বিনষ্ট না হয় এবং চপলতাও প্রকাশ না পায়, অথচ সমুদ্রলঙ্ঘনও অনর্থক না হয় (অর্থাৎ চপলতা প্রকাশ না করিয়া কিরূপে কার্য্য উদ্ধার করা যায়)? ॥ ৩৭ ॥

১। ড-ব 'স পুনশ্চি-'। ২। খ '-স্থানং'। ৩। গ 'পশ্যামি'। ৪। খ 'নিভৃতাং'। ৫। ঙ 'দূতাদহো', খ 'দূতা'। ৬। ঙ '-পার্থা'। ৭। ব 'বৈক্লব্যং'। ৮। ব 'বুদ্ধ-'। ৯। খ '-নিশ্চিতাপি'। ১০। ছ 'চ'। ১১। ছ-ড-ব 'নং হি', খ 'নং তু'।

ময়ি দৃষ্টে[1] হি রক্ষোভী রামস্য বিদিতাত্মনঃ।
ভবেদ্ ব্যর্থমিদং কার্য্যং রাবণানর্থমিচ্ছতঃ[2] ॥ ৩৮ ॥
কথং[3] শক্যমিহ[4] স্থাতুমবিজ্ঞাতেন[5] রাক্ষসৈঃ।
অপি রাক্ষসরূপেণ ন শক্যমটিতুং[6] ময়া ॥ ৩৯ ॥
বায়ুরপ্যত্র[7] নাজ্ঞাতশ্চরেদিতি[8] মতির্মম।
ন হ্যত্রাবিদিতং[9] কিঞ্চিদ্রাক্ষসানাং বলীয়সাম্ ॥ ৪০ ॥
ইহাহং যদি[10] তিষ্ঠামি স্বেন রূপেণ সংবৃতঃ।
বিনাশং শীঘ্রমেষ্যামি ভর্ত্তুরর্থশ্চ হাস্যতে[11] ॥ ৪১ ॥
তদনেনৈব রূপেণ রজন্যাং হ্রস্বতাং গতঃ।
লঙ্কামভিপতিষ্যামি রাঘবস্যার্থসিদ্ধয়ে ॥ ৪২ ॥

৩৮। লো-টী। রাবণস্যানর্থং 'বিনাশমিচ্ছতো রামস্য'। 'রাবণানর্থমিচ্ছত' ইত্যপি পাঠঃ।

৪১। লো-টী। এষ্যামি, প্রাপ্তো ভবিষ্যামি। যদ্বা, হাস্যতি হাস্যতে, গমিষ্যতীত্যর্থঃ।

৪২। লো-টী। হ্রস্বতাং খর্ব্বতাম্।

রাক্ষসগণ যদি আমাকে দেখিতে পায়, তবে রাবণের অশুভাকাঙ্ক্ষী আত্মজ্ঞ রামচন্দ্রের [সীতা-উদ্ধাররূপ] এই কার্য্য ব্যর্থ হইবে ॥ ৩৮ ॥

রাক্ষসগণকর্তৃক অজ্ঞাত হইয়া আমি কিরূপে এইখানে অবস্থান করিতে সমর্থ হইব? রাক্ষসমূর্ত্তি ধারণ করিয়াও ত এইখানে ভ্রমণ করিতে পারিব না ॥৩৯॥

আমার মনে হয়, এই লঙ্কাপুরীতে বায়ুও অজ্ঞাত হইয়া বিচরণ করিতে পারে না। এখানে বলবান্ রাক্ষসগণের অজ্ঞাত কিছুই নাই ॥ ৪০ ॥

আমি যদি এইখানে নিজরূপ ধারণ করিয়া অবস্থান করি, তবে শীঘ্রই ধ্বংসপ্রাপ্ত হইব এবং প্রভুর প্রয়োজনও সিদ্ধ হইবে না ॥ ৪১ ॥

অতএব, রাত্রিতে এই [বানর-]রূপেই, [পরন্তু] খর্ব্বাকৃতি হইয়া, রামচন্দ্রের কার্য্য সম্পাদনার্থ লঙ্কায় প্রবেশ করিব ॥ ৪২ ॥

১। ঙ-দ '-ষ্টেঽপি'। ২। ঙ-দ '-নর্থ-'। ৩। ঙ-দ 'ন হি শক্যং কচিৎ স্থাতুমজ্ঞাতেনেহ'। ৪। খ 'শক্যং কচিৎ'। ৫। খ '-মজ্ঞাতেনেহ'। ৬। ছ 'শক্যং সাবিতুং'। ৭। ঙ-দ 'ন জ্ঞাত ইতি মে বর্ত্ততে মতিঃ'। ৮। খ '-দিহ'। ৯। ঙ '-হ্যত্রাবি-'। ১০। খ 'স্বেন রূপেণ যদি তিষ্ঠামি'। ১১। খ 'হন্যতে', ছ-ঙ 'হাস্যতি'।

রাবণস্য পুরীং রাত্রৌ[1] সংপ্রবিশ্য দুরাসদাম্।
ভবনানি বিচিন্বানো দ্রক্ষ্যামি জনকাত্মজাম্ ॥ ৪৩ ॥

ইতি সঞ্চিন্ত্য হনুমান্ সূর্য্যস্যা[2]স্তমনং[3] প্রতি।
রক্ষসামন্তরপ্রেক্ষী তস্থাবাশ্রিত্য কাননম্ ॥ ৪৪ ॥

বৃষদংশপ্রমাণস্তু ততো ভূত্বা গতেঽহনি।
নিশি[4] লঙ্কাং মহাতেজাঃ প্রবেক্ষ্যন্[5] মারুতাত্মজঃ ॥ ৪৫ ॥

নিবিষ্টাং পর্ব্বতস্যাগ্রে লঙ্কামঙ্কগতামিব।
কৃৎস্নামালোকয়ামাস প্রাকারমভিরুহ্য[6] সঃ ॥ ৪৬ ॥

সাগরোপমনির্ঘোষাং সাগরানিলসেবিতাম্।
সুগুপ্তাং[7] রাক্ষসেন্দ্রেণ যথেন্দ্রেণামরাবতীম্ ॥ ৪৭ ॥

সুবিভক্তমহারথ্যাং চত্বরাপণশোভিতাম্।
অনেকযোজনায়ামামুদ্যান[8]শত[9]শোভিতাম্ ॥ ৪৮ ॥

৪৪। লো-টী। অন্তরপ্রেক্ষী ছিদ্রদর্শী। 'স তদা সময়াপেক্ষী' ইতি গ পাঠঃ।
৪৫। লো-টী। বৃষদংশো বিড়ালঃ। প্রাবিক্ষৎ প্রবিষ্টবান্।
৪৬। লো-টী। অঙ্কগতামারোহগতাম্।
৪৮। লো-টী। সুষ্ঠু বিভক্তা 'বিভাগেন স্থাপিতা মহতী রথ্যা রথোপযো বর্ত্ম বা যস্যাং তাম্। 'রথো রথ্যাবৃতে রথ্যা রথৌঘে বিশিখাধ্বনো'রিতি ভুবিঃ।

রাত্রিতে রাবণের দুর্গম পুরীমধ্যে প্রবেশ করিয়া গৃহসকল অন্বেষণ করিলে, জনকনন্দিনী সীতাকে দেখিতে পাইব" ॥ ৪৩ ॥

রাক্ষসদিগের ছিদ্রদর্শী হনুমান্ এইরূপ চিন্তা করিয়া সূর্য্যাস্তের প্রতীক্ষায় বনমধ্যে অবস্থান করিতে লাগিলেন ॥ ৪৪ ॥

অনন্তর দিবাবসানে মহাতেজস্বী পবননন্দন হনুমান্ বিড়ালপ্রমাণ হইয়া রাত্রিতে লঙ্কায় প্রবেশ করিবার জন্য প্রাচীরের উপরে আরোহণ করত পর্ব্বতাগ্রে অবস্থিত সমগ্র লঙ্কা নগরীকে ক্রোড়ে অবস্থিতের ন্যায় অবলোকন করিতে লাগিলেন ॥ ৪৫-৪৬ ॥

[সেই নগরী] ইন্দ্ররক্ষিতা অমরাবতীর ন্যায় রাক্ষসরাজ রাবণকর্ত্তৃক সুরক্ষিত; সমুদ্র-বায়ুসেবিত; সমুদ্রের ন্যায় 'কল-কল' ধ্বনিপূর্ণ; সুনির্ম্মিত প্রশস্ত

১। ছ-ঙ-খ-ব 'প্রবিশ্য সুদু-'। ২। ঘ-ঙ '-নয়ং'। ৩। অতঃ পরং প-পুস্তকে 'চকারেক্ষ মনসা বীরো বৈদেহ্যা দর্শনে ত্বরা' ইত্যধিকম্। ৪। ব 'লঙ্কাং স তু'। ৫। ঘ 'প্রবিশ্য', ছ 'প্রাবিশন', থ 'প্রাবেক্ষন্', ব 'প্রাবেক্ষ'। ৬। খ-ব '-মধিরুহ্য'। ৭। ব 'প্রগু-'। ৮। ক '-বন-'। ৯। ঘ '-সেবিতাম্'।

সজ্জযন্ত্রোপকরণাং প্রভূতবলবাহনাম্[১] ।
হৃষ্টরাক্ষসসংপূর্ণাং[২] সর্ব্বকামসমৃদ্ধিনাম্ ॥ ৪৯ ॥
শিলাপ্রবালবৈদূর্য্যমুক্তাকাঞ্চনরাজতৈঃ[৩] ।
জাম্বূনদময়ৈর্দ্বারৈর্বৈদূর্য্যমণিবেদিকৈঃ ॥ ৫০ ॥
মণিসোপানসম্পন্নৈঃ[৪] প্রবালাচিতভূমিভিঃ[৫] ।
কৈলাসশিখরাকারৈঃ শারদাম্বুদপাণ্ডরৈঃ ॥ ৫১ ॥
ভ্রাজমানাং গৃহশ্রেষ্ঠৈর্নক্ষত্রৈর্গগনং যথা ।
বীক্ষমাণামিবাকাশমুচ্ছ্রিতৈর্ভবনোত্তমৈঃ[৬][৭] ॥ ৫২ ॥
ধন্বিভির্ব্বলিভির্ব্বীরৈঃ শূলপট্টিশধারিভিঃ[৮] ।
রক্ষিতাং রাক্ষসৈর্ঘোরৈর্নাগৈর্ভোগবতীমিব[৯] ॥ ৫৩ ॥

৪৯। লো-টী। সজ্জানি সম্যক্‌সজ্জিতানি যন্ত্রাণি অন্যানি চ যুদ্ধোপকরণানি যস্যাং তাম্। "সজ্জঃ স্যাৎ সন্নদ্ধে সংভৃতে ত্রিষ্বি"তি কোষঃ। প্রভূতমনেকং বলং, বাহনমশ্বাদিকং চ যস্যাং তাম্।

৫০-৫২। লো-টী। শিলাপ্রবালাদিময়ৈর্দ্বারৈর্বিশিষ্টৈর্গৃহশ্রেষ্ঠৈর্ভ্রাজমানামিতি সার্দ্ধেনান্বয়ঃ। কিম্ভূতৈস্তৈঃ? জাম্বূনদময়ৈঃ কেবলসুবর্ণময়ৈঃ, বৈদূর্য্যমণীনাং বেদিকা যেষু তৈর্ভ্রাজমানাম্। গৃহশ্রেষ্ঠানাং বিশেষণানি মণীত্যাদীনি। প্রবালৈরাচিতা ব্যাপ্তা ভূময়ো যেষু তানি। বীক্ষমাণা পশ্যন্তীব।

রাজপথ, চত্বর (অঙ্গন, রঙ্গমঞ্চ) এবং হাট-বাজারে পরিশোভিত ; বহু যোজন-বিস্তৃত ; শত শত উদ্যানদ্বারা সুশোভিত ; সুসজ্জিত যন্ত্র ও অন্যান্য যুদ্ধোপকরণ এবং প্রচুর সৈন্য ও যান-বাহনে পরিপূর্ণ ; আনন্দিত রাক্ষসগণে পরিব্যাপ্ত এবং সমস্ত ভোগ্য বস্তুদ্বারা সমৃদ্ধ ॥ ৪৭—৪৯ ॥

[সেই নগরী] প্রস্তর, প্রবাল, বৈদূর্য্য, মুক্তা, কাঞ্চন, রজত এবং সুবর্ণ-নির্ম্মিত দ্বারবিশিষ্ট—বৈদূর্য্যমণিরচিত বেদিকাযুক্ত—মণিময় সোপানশালী—প্রবাল-খচিত চত্বরবিশিষ্ট—কৈলাসপর্ব্বতের শৃঙ্গের ন্যায় উন্নত এবং শরৎকালীন মেঘের ন্যায় শুভ্র শ্রেষ্ঠ গৃহসমূহদ্বারা নক্ষত্রশোভিত আকাশের ন্যায় শোভা পাইতেছিল ; এবং অত্যুন্নত শ্রেষ্ঠ গৃহসমূহের সাহায্যে যেন গগনমণ্ডল অবলোকন করিতেছিল ॥ ৫০—৫২ ॥

[সেই নগরী] ধনুর্ব্বাণ, শূল এবং পট্টিশধারী ভয়ঙ্কর বলবান্ বীর রাক্ষস-

১। ঘ '-বাহিনীম্'। ২। ঙ 'পতাকাশতমালিনীম্'। ৩। ছ '-রাজতকাঞ্চনৈঃ'। ৪। ঙ-ব '-সংপূর্ণৈঃ'। ৫। দ '-লোচিত-'। ৬। ছ 'প্রাসা-'। ৭। ঙ-ব '-মাণমিব'। ৮। থ '-পাণিভিঃ'। ৯। থ '-গুহামাশীবিষৈরিব'।

[1]উৎসিক্তৈরবলিপ্তৈশ্চ ভোগিভির্ব্বলিভিঃ সদা।
সংপূর্ণাং[2] রাক্ষসৈর্ভীমৈ[3]র্গুহামাশীবিষৈরিব ॥ ৫৪ ॥
[4]সাভ্রজ্যোতির্গণাকীর্ণাং বিদ্যুজ্জ্বালাভিপীড়িতাম্।
চন্দ্রমারুতসংপূর্ণাং শক্রস্যেবামরাবতীম্ ॥ ৫৫ ॥
চারুতোরণনির্যূহাং[5] পাণ্ডুরদ্বার[6]গোপুরাম্।
মহাচক্র-মহাশক্তি-প্রাস[7]-প্রহরণাযুতাম্।
কিঙ্কিণীজালবাচালাং পতাকাভিরলঙ্কৃতাম্ ॥ ৫৬ ॥
ক্রৌঞ্চ[8]সারসসংঘুষ্টৈ[9]র্হং[10]সকারণ্ডবা[11]রুতৈঃ।
[12]তূর্য্যভূষণঘোষৈশ্চ সর্ব্বতঃ প্রতিনাদিতাম্ ॥ ৫৭ ॥

৫৪। লো-টী। উৎসিক্তৈঃ কৃতানুরূপচেষ্টৈঃ, অবলিপ্তৈর্গর্ব্বিতৈঃ, ভোগিভিঃ সর্পৈঃ।

৫৫। লো-টী। সাভ্রঃ সমেঘঃ। বিদ্যুজ্জ্বালাভিপীড়িতাং বিদ্যুৎপ্রকাশসম্বদ্ধাম্।

৫৬। লো-টী। চারুমনোহরস্তোরণেষু নির্যূহঃ শিখরো যস্যাস্তাম্। পাণ্ডুরাণি শুক্লানি দ্বারাণি গোপুরাণি চ পুরদ্বারাণি যস্যাস্তাম্। মহচ্চক্রং মহতী শক্তিঃ, প্রাসঃ খড্গঃ, অন্যানি চ প্রহরণানি আয়ুধানি, তৈরা সম্যক্ যুতাং যুক্তাম্। কিঙ্কিণীজালেন ক্ষুদ্রঘণ্টিকাসমূহেন বাচালাং শব্দায়মানাম্।

৫৭। লো-টী। সংঘুষ্টৈঃ সংঘোষৈঃ প্রতিনাদিতাম্। তূর্য্যো বাদ্যবিশেষঃ।

গণদ্বারা সর্পরক্ষিত সর্পপুরীর ন্যায় সুরক্ষিত; বিষধর সর্পগণদ্বারা পরিপূর্ণ গুহার ন্যায় উদ্ধত এবং গর্ব্বিত বিলাসী বলবান্ ভীষণ রাক্ষসগণে পরিপূর্ণ; মেঘযুক্ত গ্রহনক্ষত্র পরিব্যাপ্ত, বিদ্যুতের শিখাদ্বারা সমুজ্জ্বল, চন্দ্র এবং বায়ুদ্বারা পূর্ণ ইন্দ্রের অমরাবতীর ন্যায়; সুন্দর তোরণদ্বারযুক্ত এবং শ্বেতবর্ণ পুরদ্বারবিশিষ্ট; মহাচক্র, মহাশক্তি, প্রাস প্রভৃতি আয়ুধপূর্ণ; কিঙ্কিণী (ঘুঙুর) সমূহের শব্দে মুখরিত; পতাকাশোভিত; ক্রৌঞ্চ, সারস, হংস, কারণ্ডব প্রভৃতি পক্ষিসমূহের শব্দে এবং বাদ্য ও অলঙ্কারের ধ্বনিতে সর্ব্বত্র প্রতিধ্বনিত ॥ ৫৩—৫৭ ॥

১। খ পুস্তকে ইহরর্দ্ধং নাস্তি। ২। ধ 'রক্ষিতাং'। ৩। ধ '-ঘোরৈ-'। ৪। ধ '-সর্পজ্যোতি-'। ৫। খ-ব '-নির্বূহাং'। ৬। খ '-শ্বেতপাণ্ডুরগো-'। ৭। ব '-পাশ-'। ৮। গ-ছ-ঙ-ধ '-বর্হিণ-'। ৯। ঙ '-সংঘুষ্টাং'। ১০। খ-ঘ '-হংসসারসকূজিতৈঃ', ছ '-হংসসারসনাদিতৈঃ', ঙ 'হংসসারসকূজিতাম্'। ১১। ঘ '-ঙ্গনেবিতৈঃ'। ১২। ঙ '-ঘোষৈশ্চ বহুভিঃ সর্ব্বশঃ'।

বিস্ময়োৎফুল্লনয়নঃ সমন্তাদবলোকয়ন্।
[1]বস্বোকসারাপ্রতিমাং রাবণস্য পুরীং শুভাম্ ॥ ৫৮ ॥
অচিন্ত্যামদ্ভুতাকারাং হনুমান্ মারুতাত্মজঃ।
আসীদ্বিষণ্ণো হৃষ্টশ্চ বৈদেহ্যা দর্শনোৎসুকঃ ॥ ৫৯ ॥
তাং সমীক্ষ্য পুরীং [2]লঙ্কাং [3]রাক্ষসাধিপতেঃ শুভাম্।
অনুত্তমা[4]মৃদ্ধিমতীং চিন্তয়ামাস [5]বানরঃ ॥ ৬০ ॥
নেয়মন্যেন নগরী শক্যা ধর্ষয়িতুং বলাৎ।
রক্ষিতা [6]রাবণবলৈরুদ্যতা[7]য়ুধপাণিভিঃ ॥ ৬১ ॥
সুগ্রীবাঙ্গদ[8]য়োশ্চৈব সুষেণস্য কপেস্তথা।
প্রসাধ্যে[9]য়ং ভবেদ্ভূমির্মৈন্দ[10]দ্বিবিদয়োরপি ॥ ৬২ ॥
[11]কুমুদস্যাথ নীলস্য হরেশ্চ বৃষপর্ব্বণঃ।
ঋক্ষস্য কেতুমালস্য [12]মম চেহ গতির্ভবেৎ ॥ ৬৩ ॥

৫৮। গো-টী। বস্বোকসারা ইন্দ্রপুরী, তৎসদৃশীম্। "বস্বোকসারা কৌবেরনলিন্যাং দেবরাট্‌পুরে" ইতি হৈ'ম০।
৫৯। গো টী। বিস্মিতঃ কার্যং কর্তুমসামর্থ্যাৎ, হৃষ্টশ্চ পুনস্তস্যা দর্শনাৎ।
৬০। গো টী। ন বিদ্যতে উত্তমা যস্যাস্তাম্।
৬৩। গো টী। হরেঃ কপেঃ। ঋক্ষস্য জাম্ববতঃ।

চারিদিকে অমরাবতীর ন্যায় মনোহর অচিন্তনীয় এবং অদ্ভুতাকৃতি রাবণনগরী বিস্ময়-বিস্ফারিত নেত্রে দর্শন করিয়া সীতাসন্দর্শনোৎসুক পবননন্দন হনুমান্ হৃষ্ট ও বিষণ্ণ হইলেন ॥ ৫৮-৫৯ ॥

হনুমান্ রাক্ষসরাজ রাবণের সেই সুন্দর অতুলনীয় সমৃদ্ধিশালী লঙ্কাপুরী দর্শন করিয়া চিন্তা করিতে লাগিলেন ॥ ৬০ ॥

"উত্তোলিতঅস্ত্রধারী রাবণ-সৈন্যকর্ত্তৃক সুরক্ষিত এই নগরী বলপূর্ব্বক ধর্ষণ করা অন্যের পক্ষে সম্ভব নহে ॥ ৬১ ॥

[কেবল] সুগ্রীব, অঙ্গদ, সুষেণ, মৈন্দ এবং দ্বিবিদের পক্ষেই এই স্থানে আগমন করা সম্ভব ॥ ৬২ ॥

এখানে কুমুদ, নীল, বৃষপর্ব্বা, কেতুমাল এবং আমার গমন করা সম্ভব ॥৬৩॥

১। ঘ '-বাসুকীসারপ্রতীতাং'। ২। ক-ছ 'রম্যাং'। ৩। দ 'রাবণস্য পুরীং শুভাম্'। ৪। ত-থ '-যুতাং'। ৫। ত 'মারুতিঃ'। ৬। ঘ-ঙ 'রাক্ষস-'। ৭। থ '-বাহুভিঃ'। ৮। ত '-য়োশ্চাপি'। ৯। ত '-স্তেয়ং'। ১০। ছ '-স্তথা'। ১১। দ 'কৃপণস্য চ'। ১২। থ 'হরেশ্চৈব'।

সমীক্ষ্য তু[1] মহাবাহো রাঘবস্য পরাক্রমম্।
লক্ষ্মণস্য চ[2] বিক্রান্তং[3] তেন হৃষ্যামাহং[4] পুনঃ ॥ ৬৪ ॥

সত্ত্বমাস্থায়[5] মেধাবী ততো মারুতনন্দনঃ।
প্রদোষসময়ে ধীমাংস্তূর্ণমুৎপত্য বেগবান্।
প্রবিবেশ পুরীং লঙ্কাং সুবিভক্তমহাপথাম্[6] ॥ ৬৫ ॥

[7] স পাণ্ডুরোদ্ধৃতবিমানমালিনীং মহার্হজাম্বূনদচিত্রতোরণাম্।
যশস্বিনীং রাবণবাহুপালিতাং বিবেশ লঙ্কাং হনুমান্ মহাকপিঃ ॥ ৬৬ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে হনূমতো লঙ্কাপ্রবেশো নাম নবমঃ সর্গঃ ॥ ৯ ॥

৬৫। লো-টী। মেধাবী প্রশস্তবুদ্ধিমান্। "মেধা বুদ্ধৌ ক্রতৌ পুমান্" ইতি কোষঃ। ধীমান্—ধ্যানং ধীঃ, 'ধ্যাপ্যোশ্চে'তি সংপ্রসারণম্, শ্রীমান্ ধ্যানবানিত্যর্থঃ। সুবিভক্তঃ শাস্ত্রক্রমেণ বিভাগীকৃতো মহাপথো রাজপথো যস্যাং তাম্।

৬৬। লো-টী। পাণ্ডুরাণি উদ্ধৃতানি চ যানি বিমানানি, তেষাং মালাঃ শ্রেণ্যো যস্যাং তাম্। যদ্বা, 'মল সন্ধারণে' ইতি ধাতুঃ, তানি মলিতুং ধারয়িতুং শীলং যস্যাস্তাম্। 'উদ্ধৃতং স্যাৎ বিধূতোৎক্ষেপে' ইতি কোষঃ। মহার্হেণ অমূল্যেন জাম্বূনদেন চিত্রাণি চিত্রীকৃতানি তোরণানি যস্যাস্তাম্।

হনূমতো লঙ্কাপ্রবেশঃ ৯ ॥

আবার, মহাবাহু রামচন্দ্রের পরাক্রম এবং লক্ষ্মণের বিক্রম দেখিয়া সেই ভরসায় আমি আনন্দিতও হইতেছি" ॥ ৬৪ ॥

মেধাবী, বুদ্ধিমান্ এবং শীঘ্রগামী পবননন্দন হনুমান্ সাহস অবলম্বন করিয়া সন্ধ্যাকালে সত্বর উল্লম্ফন করিয়া সুবিভক্ত রাজপথশালী লঙ্কানগরীতে প্রবেশ করিলেন ॥ ৬৫ ॥

বানরপ্রধান হনুমান্ শ্বেতবর্ণ উন্নত বিমানশালী, বহুমূল্যসুবর্ণদ্বারা চিত্রিত তোরণবিশিষ্ট, রাবণের বাহুবলে পরিপালিত, গৌরবমণ্ডিত লঙ্কা-নগরীতে প্রবেশ করিলেন ॥ ৬৬ ॥

মহর্ষি বাল্মীকিপ্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে হনুমানের লঙ্কাপ্রবেশ নামক ৯ম সর্গ সমাপ্ত ॥ ৯ ॥

১। ঘ 'চ'। ২। ঙ 'তু'। ৩। ঘ '-ন্তং'। ৪। 'হৃষ্টামা-' গ)। ৫। ঘ 'সত্ত্ব-'। ৬। খ '-পথাম্'। ৭। ক-পুস্তকে অয়ং শ্লোকো নাস্তি।

(১০) দশমঃ সর্গঃ

স রত্নবসনাং লঙ্কাং কোষ্ঠাগারাবতংসকাম্[১][২] ।
সুন্যস্তাং সুসমৃদ্ধার্থাং[৩] প্রমদামিব রূপিণীম্ ॥ ১ ॥
প্রনষ্টতিমিরাং দীপ্তৈর্[৪]ভাস্বরৈশ্চ[৫] মহাগৃহৈঃ ।
নগরীং রাক্ষসেন্দ্রস্য প্রবিশন্ রুরুচে কপিঃ ॥ ২
জল্পিতোৎক্রুষ্টহসিতৈস্[৬]তূর্য্যঘোষপুরঃসরৈঃ[৭] ।
জজল্পেব[৮] তদা লঙ্কা রাক্ষসানাং[৯] হি বেশ্মসু[১০] ॥ ৩ ॥
ধ্বজাগ্রহসিতৈশ্[১১]চিত্রৈঃ পদ্মস্বস্তিকসংস্থিতৈঃ ।
বর্দ্ধমানবিশেষৈশ্[১২]চ বর্দ্ধমানাজিরৈস্[১৩]তথা ॥ ৪ ॥

১-২। লো-টী। স কপিঃ লঙ্কাং পুরীং প্রবিশন্ রুরুচে ইতি দ্বয়েনান্বয়ঃ। রত্নান্যেব রসনা ক্ষুদ্রঘণ্টিকা যস্যাং তাম্, কোষ্ঠাগারাণি রত্নগৃহাণি অবতংসৌ কর্ণভূষণে যস্যাস্তাম্। কঃ স্বার্থে। সুন্যস্তাং শাস্ত্রক্রমেণ কৃতাম্। ভাস্বরৈর্মহাগৃহৈর্যানি দীপ্তানি দীপ্যস্তৈঃ, 'দীপ্তা'মিতি চ পাঠঃ।

৩। লো-টী। জল্পিতং পরস্পরং জল্পনং কথা, উৎক্রুষ্টমুচ্চৈরন্যস্যাহ্বানম্ 'উৎক্রুষ্ট'মিত্যপি পাঠঃ। হসিতং হাস্যং তৈঃ।

৪-৫। লো-টী। ধ্বজাগ্রে হসিতৈর্হাস্যমিব কুর্ব্বদ্ভিশ্চিত্রৈঃ পুরী শুশুভে ইতি দ্বয়েনান্বয়ঃ। 'ধ্বজাগ্রনিহিতৈ'রিতি পাঠে নিহিতধ্বজাগ্রৈরিত্যর্থঃ। 'বর্দ্ধমানং' প্রাকারে পুরদ্বারং তদ্বিশেষৈশ্চ, 'প্রাঙ্গণৈ'রিতি সর্ব্বজ্ঞঃ। বস্তুতস্তু "বর্দ্ধমানশ্চন্দ্রশালা কুশীদস্তু কলান্বিকা" ইতি হারাবলী। 'বর্দ্ধমান'শ্চন্দ্রশালা প্রাসাদোপরিগৃহম্ তস্মিন্ বিশিষ্যন্তে ইতি বিশেষাঃ তৈঃ।

সেই হনুমান্ রত্ন-বসনা রত্নগৃহরূপ কর্ণালঙ্কারভূষিতা, সুসজ্জিতা সুন্দরী রমণীর ন্যায় সমৃদ্ধিশালিনী এবং অত্যুজ্জ্বল গৃহসমূহে যাহার অন্ধকার তিরোহিত এতাদৃশ রাক্ষসরাজ রাবণের নগরীতে প্রবিষ্ট হইয়া শোভা পাইতে লাগিলেন ॥১-২॥

গৃহে গৃহে রাক্ষসদিগের পরস্পর কথাবার্ত্তা, চীৎকার, হাস্য ও বাদ্যধ্বনি প্রভৃতিদ্বারা লঙ্কা নগরী যেন কথা বলিতেছিল ॥ ৩ ॥

পদ্ম এবং স্বস্তিকাদি চিহ্নযুক্ত, [উড্ডীয়মান] ধ্বজের অগ্রভাগদ্বারা যেন হাস্যপরায়ণ, বিশাল চত্বর (উঠান)সমন্বিত, প্রাসাদের উপরিস্থিত বিচিত্র গৃহদ্বারা

১। দ 'কোষা-'। ২। ছ-ত '-সিকাম্'। ৩। ত 'সমমৃ-'। ৪। থ 'দীপ্তাং ভা-'। ৫। ছ-দ '-ভাস্বরৈশ্চ'। ৬। খ-চ-ত-থ '-তৈঃ স্মৃতি-'। ৭। ত '-পুরস্কৃতৈঃ'। ৮। ছ '-ল্লে চ'। ৯। ক '-নাঞ্চ'। ১০। থ '-নি'। ১১। দ '-প্রকুসি-'। ১২। থ-পুস্তকে অস্য পরার্দ্ধং নাস্তি। ১৩। ত-দ '-জিরৈ-'।

বজ্রবৈদূর্য্যচিত্রৈশ্চ হেমজালবিভূষিতৈঃ[1] ।
গৃহমেঘৈঃ[2] পুরী ভূয়ঃ শুশুভে দ্যৌরিবাম্বুদৈঃ ॥ ৫ ॥
স মহাপথমাস্থায় সর্ব্বতঃ[3] পরিলোকয়ন্ ।
মাতঙ্গমদগন্ধাঢ্যং[4] চকার মতিমান্ মতিম্ ॥ ৬ ॥
অমীষাং গৃহমুখ্যানাং নক্ষত্রগ্রহশোভিনাম্ ।
নিবেশমনুপশ্যামি খং সমুৎপততামিব ॥ ৭ ॥
বিচিত্রনানাভরণাংস্ততস্তান্[5] ভবনোত্তমান্ ।
রাঘবার্থে কপিঃ শ্রীমান্ দদর্শ চ ননন্দ চ ॥ ৮ ॥
প্রাসাদমালা[6] বিবিধাঃ স্তম্ভৈঃ কাঞ্চনরাজতৈঃ[7] ।
শাতকুম্ভময়ৈর্জ্জালৈর্গন্ধর্ব্বনগরোপমৈঃ ॥ ৯ ॥

পদ্মং স্বস্তিকং চতুষ্কোণো লিখনবিশেষঃ, তেষাং সম্যক্ স্থিতং স্থিতির্যেষু তৈঃ। "স্বস্তিকো মঙ্গলদ্রব্যে চতুষ্কগৃহভেদয়ো"রিতি ভরিঃ। যদ্বা, স্বস্তিকং ত্রিকোণাকারতণ্ডুলপিষ্টবিশেষঃ। তথা তেষামঙ্কিতৈরলঙ্কৃতৈঃ।

৬। লো-টী। মাতঙ্গমদগন্ধাঢ্যং মহাপথবিশেষণম্।

৭। লো-টী। নক্ষত্রগ্রহগণানিব শোভিতুং শীলং যেষাম্। নিবেশং বিন্যাসং সংস্থানমিত্যর্থঃ। "নিবেশঃ পুংসি বিন্যাসে শিবিরোদ্বাহয়োরপী"তি কোষঃ।

৯-১১। লো-টী। প্রাসাদমালাঃ শ্রেণীঃ দদর্শেতি তৃতীয়েনান্বয়ঃ। স্তম্ভৈরুপেতা জালৈর্গবাক্ষৈশ্চোপেতা ইত্যন্বয়ঃ। স্তম্ভবিশেষণদ্বয়ম্। জালৈঃ কিম্ভূতৈঃ? গন্ধর্ব্বনগরোপমৈরাশ্চর্য্য-

এবং হীরক ও বৈদূর্য্যমণিখচিত সুবর্ণময় গবাক্ষভূষিত গৃহরূপ মেঘসমূহদ্বারা সেই লঙ্কানগরী মেঘমালাপরিবৃত আকাশের ন্যায় শোভা পাইতেছিল ॥ ৪-৫ ॥

সেই বুদ্ধিমান্ হনুমান্ হস্তিমদগন্ধে পরিপূর্ণ প্রশস্ত পথ অবলম্বন করিয়া চতুর্দ্দিকে অবলোকন করিতে করিতে [এইরূপ] মনে করিলেন ॥ ৬ ॥

"গ্রহ-নক্ষত্রগণের ন্যায় শোভমান ঐ সমস্ত শ্রেষ্ঠ গৃহের সন্নিবেশ দেখিতেছি, [উহারা] যেন আকাশাভিমুখে উত্থিত হইতেছে" ॥ ৭ ॥

অনন্তর শ্রীমান্ হনুমান্ রামচন্দ্রের কার্য্যব্যপদেশে বহুবিধ বিচিত্র সজ্জায় সুসজ্জিত সেই উত্তম গৃহসকল দেখিতে পাইয়া আনন্দিত হইলেন ॥ ৮ ॥

হনুমান্ সুবর্ণ এবং রজতময়স্তম্ভযুক্ত, গন্ধর্ব্বনগরসদৃশ সুবর্ণময়গবাক্ষযুক্ত,

১। ছ '-বিশেষিতৈঃ'। ২। দ 'গৃহং মেঘান্ পরাভূয়'। ৩। ঘ 'সংবি-', ছ-ত-প-দ 'প্রবি-'। ৪। দ '-ঢ্যাং'। ৫। ছ দ '-ত্র তা-'। ৬। ত '-মাল্যা'। ৭। দ 'রাজতকাঞ্চনৈঃ'।

বৈদূর্য্যমণিসঙ্কাশৈর্ম্মুক্তারাজতচিত্রিতৈঃ।[১]
তলৈঃ স্ফাটিকসংকাশৈরুপেতাঃ সুমনোহরৈঃ ॥ ১০ ॥[২]
দদর্শ বহুভৌমাংশ্চ সপ্তভৌমাংশ্চ বানরঃ।[৩][৪]
শুশ্রাব মধুরং গীতং তন্ত্রীতালসমন্বিতম্ ॥ ১১ ॥[৫]
স্ত্রীণাং মদসমৃদ্ধানাং ত্রিদিবেঽপ্সরসামিব।[৬]
ক্বচিচ্চ কাঞ্চীনিনদং নূপুরস্বনসংহিতম্ ॥ ১২ ॥
প্রস্বাপননিনাদাংশ্চ ভবনেষু মহাকপিঃ।
আস্ফোটননিনাদাংশ্চ বালানাং ক্ষ্বেলতাং তথা ॥ ১৩ ॥[৭][৮]
রাবণাস্তবযুক্তানি রক্ষসাং জল্পিতানি চ।[৯]
অথ রাজপথে তত্র স্থিতং রক্ষোবলং মহৎ ॥ ১৪ ॥

ক্লৃপ্তৈঃ। তদেবাশ্চর্য্যং দর্শয়ন্ত দ্বয়েন বিশেষণেন—বৈদূর্য্যাণাং মণীনাং সংকাশঃ প্রকাশো যেষু তৈঃ, তলৈঃ পুষ্করিণীভিঃ। "জলকূপী জলাচ্ছেনী তলকং পুষ্করিণ্যপী"তি বিশ্বঃ। 'বৈদূর্য্যমণিসোপানৈ'রিতি পাঠঃ। স্ফাটিকসংকাশৈস্তত্তুল্যৈস্তলৈ'স্তালা' ইতি পশ্চিমদেশপ্রসিদ্ধৈঃ। বহুভৌমান্ বহুভীরাক্ষসৈরাবৃতান্ ভূপ্রদেশান্। ন্যূনসংখ্যাং ব্যবচ্ছিনত্তি সপ্তভিরাবৃতান্ ভূপ্রদেশান্। এতেন অনাবৃতান্ ন বা ষট্পঞ্চাদ্যাবৃতান্ ভূভাগান্ দদর্শ ইতি লঙ্কায়া অতীব রাক্ষসৈরাবৃতত্বং দর্শিতম্। তন্ত্রী বীণাগুণঃ, তস্যাস্তালো গীতং বৃদ্ধিক্ষয়েতরে ইতি কোষঃ। "তন্ত্রীলয়সমন্বিত"মিতি পাঠে লয়ো মূর্চ্ছনা।

১৩। লো-টী। প্রস্বাপনং যন্ত্রবিশেষঃ। ক্ষ্বেলতাং ক্রীড়তাম্।

বৈদূর্য্যমণি এবং স্ফটিকমণিসদৃশ মুক্তা এবং রৌপ্যদ্বারা চিত্রিত অতি মনোহর তলভাগ (মেঝে)-সমন্বিত, বহুবিধ অট্টালিকাশ্রেণী অবলোকন করিলেন ॥ ৯-১০ ॥

হনুমান্ বহু রাক্ষস-পরিবৃত—ন্যূনকল্পে সপ্ত রাক্ষসপরিবৃত ভূ-ভাগ দেখিলেন এবং স্বর্গীয় অপ্সরাদিগের ন্যায় মদমত্ত স্ত্রীলোকদিগের তাল-লয়যুক্ত বীণার ঝঙ্কারের সহিত সুমধুর গীত এবং কোথাও নূপুরধ্বনিমিশ্রিত মেখলার (চন্দ্রহার) শব্দ শুনিতে পাইলেন ॥ ১১-১২ ॥

হনুমান্ সেই লঙ্কার কোন কোন গৃহে গভীরনিদ্রাজনিত [নাসিকার] শব্দ, কোথাও বা ক্রীড়াপরায়ণ বালকগণের আস্ফালন-শব্দ [শুনিতে পাইলেন] ॥ ১৩ ॥

[কোথাও বা] রাবণের স্তুতিবাদযুক্ত রাক্ষসদিগের কথোপকথন শুনিতে পাইলেন। অনন্তর রাজপথে রাবণের বশবর্ত্তী নানাবিধ শস্ত্রধারী বিশাল রাক্ষসসৈন্য

১। খ-ছ-দ '-রজত-'। ২। থ '-তান্'। ৩। থ '-ভৌমাশ্চ'। ৪। থ '-ভৌমাশ্চ'। ৫। ত '-স্বান', থ '-লয়-'। ৬। দ '-শোভিতম্'। ৭। খ-ছ-থ '-টিত-'। ৮। খ '-খেলতাং', ছ 'ক্ষ্বেরিতাং', ত 'ক্ষ্বেরতাং', দ 'খেলিনাং'। ৯। দ '-জুষ্টানি'।

দদর্শ বহুশস্ত্রাঢ্যং রাবণস্য বশানুগম্।

দীক্ষিতান্ জটিলান্[1] মুণ্ডান[2]জিনাম্বরবাসসঃ ॥ ১৫ ॥

স্বাধ্যায়নিরতাং[3]স্তত্র যাতুধানান্ সহস্রশঃ।

দর্ভমুষ্টিপ্রহরণানগ্নিকু[4]ণ্ডায়ুধাংস্তথা ॥ ১৬ ॥

পা[5]শমুদ্‌গরপাণীংশ্চ দ[6]ণ্ডায়ুধধরানপি।

[7]অতিস্থূলানতি[8]কৃশান্ দীর্ঘান্ [9]কুব্জাংস্তথাহপরান্ ॥ ১৭ ॥

স দদর্শ মহাবা[10]হূন্ রাক্ষসান্ ঘোরদর্শনান্।

একাক্ষানেককর্ণা[11]ংশ্চ চ[12]ললম্বস্তনোদরান্ ॥ ১৮ ॥

করালান্ ভগ্ন[13]সক্থাংশ্চ বিকটান্ বামনাংস্তথা।

বিরূপান্ বহুরূপাংশ্চ সুরূপাংস্তিগ্ম[14]বর্চ্চসঃ ॥ ১৯ ॥

১৫। লো-টী। অজিনাম্বরবাসসঃ অজিনান্যেবাম্বরাণি তৈর্বাস আচ্ছাদনং যেষাং তান্। 'গোহজিনাম্বরবাসস' ইতি ক্বচিৎ পাঠঃ। "মৌঞ্জিনাম্বরবাসস" ইতি পাঠে মৌঞ্জো মুঞ্জাসমূহঃ, সোহস্তি যেষু তানি অম্বরাণি, মুঞ্জাসমঙ্কৃতবস্ত্রাণীত্যর্থঃ। অত্র ইন্ প্রত্যয়ঃ।

১৬। লো-টী। দর্ভমুষ্টিঃ কুশমুষ্টিঃ প্রহরণমস্ত্রং যেষাং তান্। অগ্নিকুণ্ডমগ্নিস্থালী অগ্নি-কমণ্ডলুর্বা আয়ুধং যেষাং তান্। 'কুণ্ডং খ্যাতং নবা স্থাল্যাং দণ্ডাখ্যাতা কমণ্ডলা'বিতি ভূরিঃ।

১৮। লো-টী। চলা লোলাঃ, লম্বা লম্বমানাঃ স্তনা উদরেষু যেষাং তান্।

১৯। লো-টী। করালান্ ভয়ঙ্করান্। ভগ্নসক্থীন্ ভগ্নোরূন্। ভগ্নদন্তানিতি বা পাঠঃ। বিকটান্ দন্তুরান্। "বিকটো দন্তুরে পুংসী"তি ভূরিঃ।

দেখিতে পাইলেন। তিনি দীক্ষিত, জটাধারী, মুণ্ডিতমস্তক, মৃগচর্ম্মপরিহিত বেদাধ্যায়ী সহস্র সহস্র রাক্ষস এবং দর্ভমুষ্টিরূপ প্রহরণযুক্ত অগ্নিকুণ্ডরূপ অস্ত্রধারী পাশ, মুদ্‌গর এবং দণ্ডধারী অতিশয় মোটা, অতিশয় কৃশ, দীর্ঘাকৃতি, কুব্জ, দীর্ঘবাহু, ভয়ঙ্করদর্শন, একচক্ষু, এককর্ণ, বিলম্বিত চঞ্চল-স্তনযুক্তউদরশালী রাক্ষস-গণকে দেখিতে পাইলেন ॥ ১৪-১৮ ॥

মহাকপি হনুমান্ ভীষণাকৃতি, ভগ্ন-উরু, বিকটাকার, খর্ব্বকায়, বিরূপ, বহুরূপী, সুন্দর, তেজস্বী, বিস্তৃত রাজপথে যথাযথ অবস্থিত, মালাপরিহিত, সর্ব্বাঙ্গে চন্দনলিপ্ত,

১। খ '-মুণ্ডান্'। ২। ভ '-ন্ গোহজিনা-', দ '-ন্ লোহিতাম্বর-'। ৩। দ '-শ্চৈব'। ৪। ভ '-দণ্ডা-'। ৫। ক 'প্রাস-'। ৬। ভ 'খড়্গায়ুধধরানপি'। ৭। দ 'নাতি-'। ৮। দ '-ন্নাতি-'। ৯। ছ-ভ 'খর্ব্বাং-'। ১০। ভ '-হ্রস্বা-'। ১১। দ '-বক্ত্রাংশ্চ'। ১২। দ 'লম্বকর্ণান্ মহাবলান্', ছ-ভ 'চলল্লম্ব-'। ১৩। ভ-দ '-নগ্নাংশ্চ'। ১৪। ছ-ভ-থ-দ '-ন্নগ্নিবর্চ্চসঃ'।

বিশালে[১] রাজমার্গে তু যথাযথমবস্থিতান্।
স্রগ্বিণো[২] লিপ্তকায়াংশ্চ পরমাভরণাম্বরান্ ॥ ২০ ॥
বিবৃত্তোরুশিরোগ্রীবান্[৩] বিকটানুৎকটানপি।
শক্তিশূলায়ুধান্[৪] কাংশ্চিৎ পট্টিশায়ুধধারিণঃ[৫] ॥ ২১ ॥
ধন্বিনঃ খড়্গিনশ্চাপি[৬] শতঘ্নীমুষলায়ুধান্।
পরিঘোত্তমহস্তাংশ্চ স দদর্শ মহাকপিঃ।
রাক্ষসান্[৭] শতশস্তস্মিন্নারক্ষে[৮] মধ্যমে স্থিতান্ ॥ ২২ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে লঙ্কাবিচয়ো
নাম দশমঃ সর্গঃ ॥ ১০ ॥

২১। লো-টী। বিশেষেণ বৃত্তা বর্ত্তুলা উরবঃ, শিরাংসি, গ্রীবাশ্চ যেষাম্। 'নিবৃত্তোরুশিরোগ্রীবে'তি পাঠে নিবৃতা বিস্তৃতাঃ। 'বিবৃতা ক্ষুদ্ররোগভেদে বিস্তৃতেহপ্যভিধেয়বদি'তি কোষঃ। বিকটান্ পৃথূন্। উৎকটান্ 'উদ্গতকটিভাগা'নিতি সম্প্রজ্ঞঃ। উৎকটান্ মত্তানিতি বা। 'উৎকটস্তীব্রমত্তয়ো'রিতি কোষঃ। শক্তিঃ শূলশ্চ আয়ুধমস্ত্রং যেষাং তান্।

২২। লো-টী। মধ্যমে আরক্ষে প্রহরণস্থানে গুল্মে।

সুন্দরে লঙ্কাবিচয়ঃ ॥ ১০ ॥

২২। টিপ্পনী। আরক্ষে রক্ষাস্থানে।

উত্তম বস্ত্র ও অলঙ্কারধারী বর্ত্তুল উরু, মস্তক এবং গ্রীবাযুক্ত, বিকট এবং উৎকট, শক্তি এবং শূলাস্ত্রধারী, পট্টিশধারী, ধনুর্দ্ধারী এবং খড়্গ, শতঘ্নী, মুষল ও উত্তম পরিঘরূপ অস্ত্রধারী শত শত রাক্ষসদিগকে মধ্যবর্ত্তী রক্ষাস্থানে অবস্থিত দেখিলেন ॥ ১৯-২২ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে লঙ্কা-বিচয়
নামক ১০ম সর্গ সমাপ্ত ॥ ১০ ॥

১। ত '-শালরাজ-'। ২। দ 'সুখিনো'। ৩। ত 'নিবৃ-', দ 'নিবৃত্তোরঃশিরো-'। ৪। ত '-গদাপ্রাসান্ বিবিধাম্বরধারিণঃ'। ৫। ঘ-ছ '-শাম্বর-'। ৬। ত '-শ্চৈব'। ৭। চ 'রক্ষসাং'। ৮। দ '-স্তস্মিন্ দুর্গমে', দ '-স্তস্মিন নানারূপানবস্থিতান্'।

(১১) একাদশঃ সর্গঃ

চন্দ্রশ্চ[১] সাচিব্যমিবাস্য কুর্ব্বন্ তারাগণৈর্মধ্যগতো বিরাজন্।
জ্যোৎস্নাবিতানেন বিতত্য[২] লোকানভ্যুত্থিতোঽনেকসহস্ররশ্মিঃ ॥ ১ ॥
শঙ্খ[৩]প্রভাক্ষীরমৃণালগৌর[৪]মুদ্যন্তমাশাং নিশি ভাসয়ন্তম্।
দদর্শ চন্দ্রং[৫] স কপিপ্রবীরঃ[৬] পোপ্লূয়মানং[৭] সরসীব হংসম্ ॥ ২ ॥
ততঃ স মধ্যে[৮] গতমংশুমন্তং[৯] জ্যোৎস্নাবিতানং মহদুদ্বহন্তম্[১০]।
দদর্শ বীরো[১১] দিবি ভানুমন্তং গোষ্ঠে বৃষং মত্তমিব ভ্রমন্তম্ ॥ ৩ ॥
লোকস্য পাপানি[১২] বিশাতয়ন্তং মহোদধিং চাপি সমেধয়ন্তম্।
ভূতানি সর্ব্বাণি বিরাজয়ন্তং দদর্শ শীতাংশুমথোদয়ন্তম্ ॥ ৪ ॥

১। লো-টী। মধ্যগতো ব্যোমমধ্যগতঃ। জ্যোৎস্নৈব বিতানশ্চন্দ্রাতপঃ। বিতানেন বিস্তারেণ বা। বিতত্য পরি(?)-ব্যাপ্য, "বিচিত্তো"তি পাঠেঽপ্যেষ এবার্থঃ।

২। লো-টী। আশা দিশঃ। পোপ্লূয়মানং পুনঃ পুনঃ প্লবন্তম্। 'প্রোপ্লবমান'মিতি চ পাঠঃ।

৩। লো-টী। অংশুমন্তং চন্দ্রম্। দিবি আকাশে মধ্যগতং, ভানুমন্তং কিরণবন্তম্। সুমহদ্ জ্যোৎস্নাবিতানং বিস্তারম্ উদ্বহন্তম্ উদ্গিরন্তম্। 'বিতানো যজ্ঞ উল্লোচে বিস্তারে পুংনপুংসক'মিতি কোষঃ।

৪। লো-টী। দিবসে সূর্য্যতাপেন দুঃখিতস্য লোকস্য পাপানি দুঃখানি বিশাতয়ন্তং নাশয়ন্তম্।

তারাগণের সহিত বিরাজমান বহু-সহস্র কিরণমণ্ডিত চন্দ্র হনুমানের সাহায্য করিবার জন্যই যেন জ্যোৎস্না-বিস্তারে সমস্ত জগৎ আবৃত করিয়া [আকাশের] মধ্যদেশে উত্থিত হইলেন ॥ ১ ॥

বানরপ্রধান হনুমান্ রাত্রিকালে দিঙ্মণ্ডল উদ্ভাসিত করিয়া [আকাশমধ্যে] সমুত্থিত, দুগ্ধ, মৃণাল এবং শঙ্খের কান্তির ন্যায় শুভ্রবর্ণ চন্দ্রকে সরোবরে সন্তরণকারী হংসের ন্যায় দেখিতে পাইলেন ॥ ২ ॥

অনন্তর বীর হনুমান্ প্রচুর জ্যোৎস্না-প্রকাশক কিরণশালী দ্যুতিমান্ চন্দ্রকে আকাশের মধ্যদেশে গোষ্ঠমধ্যে ভ্রমণকারী মত্ত বৃষের ন্যায় দেখিতে পাইলেন ॥ ৩ ॥

[তিনি] চন্দ্রকে জগতের পাপসকল বিনষ্ট করিয়া, মহাসমুদ্র উচ্ছ্বসিত করিয়া এবং সমস্ত প্রাণীকে শোভিত করিয়া উত্থিত হইতে দেখিলেন ॥ ৪ ॥

১। খ '-স্য'। ২। ক-ত 'বিচিত্তা'। ৩। ক '-ভং ক্ষীর-'। ৪। ঙ-প '-মাশা', ত '-মাস্তং'। ৫। চ 'প্লবগাবতংসঃ'। ৬। দ 'কপিঃ প্র-'। ৭। প 'প্রদীপ্যমান', চ 'চ°সং যথা ক্ষীরনিধিং প্লবন্তম্'। ৮। ঙ-দ 'মধ্যংগত-'। ৯। দ 'মহদংশুমন্তং'। ১০। চ '-মুদ্বহন্তং'। ১১। খ 'চন্দ্রং'। ১২। দ 'বিনাশয়ন্তং'।

[১]যথা হি লক্ষ্মীর্ভুবি মন্দরস্থা যথা প্রভাতেষু চ পুষ্করস্থা[২]।
যথৈব তোয়েষু চ সাগরস্থা[৩] তথাররাজৈব[৪] নিশাকরস্থা ॥ ৫ ॥

হংসো যথা রাজতি পুষ্করস্থঃ সিংহো যথা রাজতি কন্দরস্থঃ[৫]।
বীরো যথা রাজতি[৬] সঙ্গরস্থো ররাজ চন্দ্রোঽপি তথাম্বরস্থঃ ॥ ৬ ॥

[৭]সিতঃ ককুদ্মানিব তীক্ষ্ণশৃঙ্গো মহাচলঃ[৮] শ্বেত ইবোচ্চশৃঙ্গঃ।
হস্তীব জাম্বূনদবদ্ধশৃঙ্গো ররাজ চন্দ্রঃ পরিপূর্ণশৃঙ্গঃ ॥ ৭ ॥

প্রকাশচন্দ্রোদয়রম্যদোষঃ[৯] প্রবৃত্তরক্ষঃপিশিতাশদোষঃ[১০]।
রামাভিরামেরিতচিত্তদোষঃ স্বর্গোপমোঽভূদ্[১১] ভগবান্ প্রদোষঃ ॥৮॥

৫। লো-টী। ভুবি খ-স্থলে স্বর্গে মন্দরস্থা মন্দারপাদপস্থা কল্পপাদপস্থেত্যর্থঃ। 'মন্দারস্তু পুমান্ মহাশৈলে মন্দারপাদপে' ইতি কোষঃ। মন্দরস্থা মন্দরশৈলস্থা যথা ভূমৌ রাজতে ইতি বা।

৭। লো-টী। ককুদ্মান্ বৃষঃ। মহাবলঃ 'মহাচল' ইত্যপি পাঠো দৃশ্যতে। তীক্ষ্ণং শৃঙ্গং বিষাণং যস্য সঃ। শ্বেতঃ কৈলাসঃ, উচ্চং শৃঙ্গং শিখরং যস্য সঃ। জাম্বূনদবদ্ধে শৃঙ্গে দন্তৌ যস্য সঃ। পরি সর্ব্বতোভাবেন পূর্ণং শৃঙ্গমেব শৃঙ্গং কোটিদ্বয়ং যস্য সঃ। যদ্বা, পরি বর্জ্জিতং ত্যক্তং পূর্ণং পূর্ণত্বং যাভ্যাং হ্রস্বশৃঙ্গ ইব শৃঙ্গে দ্বে কোটৌ যস্য সঃ। 'পরি স্যাৎ সর্ব্বতোভাবে বর্জ্জনে ব্যাধিশোকয়ো'রিতি কোষঃ। অতএব চন্দ্রং প্রতি প্রহেলিকাশ্লোকঃ—"উৎপত্তৌ চাপি শৃঙ্গে দ্বে ন গৌশ্চাপি ন বা মৃগঃ" ইতি। কৃষ্ণাষ্টমীরাত্রিরিত্যর্থঃ।

৮। লো-টী। ভগবান্ প্রদোষঃ কালঃ স্বর্গোপমোঽভূৎ। "প্রদোষো দোষকালয়ো"-রিতি ভূরি০। তত্র স্বর্গসাম্যমাহ—প্রকাশবতা চন্দ্রোদয়েন রম্যা দোষা রাত্রির্যত্র সঃ প্রকাশঃ।

লক্ষ্মী পৃথিবীতে মন্দরপর্ব্বতে অবস্থান করিয়া, প্রাতঃকালে পদ্মে অবস্থান করিয়া এবং সমুদ্রের জলে অবস্থান করিয়া যেরূপ শোভা পান, চন্দ্রে অবস্থান করিয়া সেইরূপ শোভা পাইতে লাগিলেন ॥ ৫ ॥

আকাশস্থিত চন্দ্র পদ্মোপরি অবস্থিত হংসের ন্যায়, গুহামধ্যে অবস্থিত সিংহের ন্যায় এবং যুদ্ধক্ষেত্রে অবস্থিত বীরের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥ ৬ ॥

পরিপূর্ণমণ্ডল চন্দ্র তীক্ষ্ণশৃঙ্গ শ্বেতকায় বৃষের ন্যায়, উচ্চশৃঙ্গ কৈলাসপর্ব্বতের ন্যায় এবং সুবর্ণমণ্ডিত দন্তযুক্ত হস্তীর ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥ ৭ ॥

প্রদোষকাল সৌন্দর্য্যমণ্ডিত হইয়া স্বর্গতুল্য হইল—প্রকাশিত চন্দ্রের উদয়ে রজনী রমণীয় হইয়া উঠিল ; রাক্ষসগণের মাংসভক্ষণ দোষ প্রবৃত্ত হইল ; রমণীর সহিত বিহারের জন্য [কামুকগণের] চিত্ত কলুষিত হইয়া উঠিল ॥ ৮ ॥

১। থ 'তথা'। ২। থ 'দুষ্ক-'। ৩। ছ 'ররাজ সা চারুনিশা-'। ৪। ত '-জৈব'। ৫। ত-ছ 'কুঞ্জরস্থো'। ৬। থ-দ 'রাজতে'। ৭। ঘ-ছ-থ 'স্থিতঃ', দ 'ততঃ', ক '-সিতঃ ককুদ্মা-'। ৮। ক '-বলঃ'। ৯। থ '-নষ্টদায়ঃ', দ '-নষ্টদোষঃ'। ১০। ক '-পিশিতাশি-'। ১১। ত '-ভুচ্চ ভবান্ প্রদোষঃ'।

তন্ত্রীস্বনাঃ কর্ণসুখাঃ প্রবৃত্তাঃ স্বপন্তি নার্য্যঃ পতিভিঃ সুবৃত্তাঃ[১]।
নক্তঞ্চরাশ্চাপি তদা প্রবৃত্তা বিহর্ত্তু[২]মত্যদ্ভুতরৌদ্রবৃত্তাঃ ॥ ৯ ॥
[৩]মত্তপ্রমত্তানি সমাকুলানি রথাশ্বভদ্রাসনসংকুলানি।
বীরশ্রিয়া চাপি সমাকুলানি দদর্শ ধীমান্ বিচরন্ কুলানি ॥ ১০ ॥
পরস্পরং বাগ্‌ভিরুপক্ষিপন্তি ভুজাংশ্চ পীনান[৪]ভিতঃ ক্ষিপন্তি।
ধূর্ত্তপ্রলাপান[৫]ভিতঃ ক্ষিপন্তি মত্তা যথাঽন্যোন্যমধিক্ষিপন্তি ॥ ১১ ॥
রক্ষাংসি রক্ষাংসি বি[৭]নিক্ষিপন্তি গাত্রাণি কান্তাসু চ নিক্ষিপন্তি[৮]।
দদর্শ কান্তাশ্চ[৯] পরিস্পৃশন্তি[১০] যথাযথং চাপি পুনঃ স্বপন্তি ॥ ১২ ॥

'নষ্টোদয়' ইতি ক্বচিৎ পাঠঃ। প্রকর্ষেণ বৃদ্ধো হতীতো রক্ষসাং পিশিতাশো মাংসভোজনরূপো দোষো যত্র সঃ। রামাভিরামাখ্যং সাত্ত্বায়মাবিতঃ প্রেরিতঃ 'চন্দ্রপ্রদোষো' যেন সঃ। যদ্বা, রামা স্ত্রীমাত্রং তস্যাভিরামায় অভিতো রমণায় প্রেরিতচন্দ্রদোষঃ। "রামা যোষা হিঙ্গুনখ্যোঃ ক্লীবং বাস্তুকহুষ্ঠয়ো"রিতি কোষঃ।

৯। তো-টী। প্রবৃত্তাঃ প্রকর্ষেণ বর্ত্তমানাঃ। 'সুবৃত্তা' ইতি বা পাঠঃ। রৌদ্রং ভয়ানকং বৃত্তং চরিতম্।

১০। তো-টী। মত্তাঃ পুষ্পাসবেন, প্রমত্তাঃ গানেন, যৌবনাদ্যৈশ্চ সমাকুলানি কুলানি গৃহাণি। ভদ্রাসনং সিংহাসনম্। 'মত্তপ্রমত্তানা'মিতি পাঠে মত্তানি শ্রিয়া, প্রমত্তানি মদ্যাদিনা, অতঃ সমাকুলানি অনবস্থিতচিত্তানি রক্ষসাং কুলানি।

১১-১২। তো-টী। কান্তাঃ কামিনীঃ পরিস্পৃশন্তি রক্ষাংসি ইতি দ্বয়েনান্বয়ঃ। রক্ষসাং বিশেষণং পরস্পরং বাগ্‌ভিরিতি। পরিক্ষিপন্তি রক্ষাংসি অন্যানি রক্ষাংসি পরিক্ষিপন্তি। ধূর্ত্তানামিব প্রলাপান্ অধিসংক্ষিপন্তি বদন্তি বা। যথাযথং যথাযোগ্যম্।

তখন শ্রুতি-সুখকর বীণার ঝঙ্কার আরম্ভ হইল; সাধ্বী মহিলাগণ পতির সহিত শয়ন করিতে লাগিল; অতি অদ্ভুত ভীষণ-স্বভাব রাক্ষসগণও বিহার করিতে প্রবৃত্ত হইল ॥ ৯ ॥

বুদ্ধিমান্ হনুমান বিচরণ করিতে করিতে রথ, অশ্ব ও সিংহাসনে সমাকীর্ণ এবং বীরগণের কান্তিতে পরিপূর্ণ গৃহসকল দেখিতে পাইলেন ॥ ১০ ॥

হনুমান্ দেখিলেন—রাক্ষসগণ উন্মত্তের ন্যায় পরস্পর গালি পাড়িতেছে, স্থূল হস্তসকল ইতস্ততঃ ক্ষেপণ করিতেছে; ধূর্ত্তের ন্যায় প্রলাপ-বাক্য বর্ষণ করিতেছে; কেহ কেহ অপরকে ঠেলিয়া দিতেছে, রমণীর সহিত গাত্রের সংঘর্ষ ঘটাইতেছে; কেহ বা ভার্য্যাকে আলিঙ্গন করিতেছে; আবার কেহ বা যথাযথ ভাবে নিদ্রা যাইতেছে ॥ ১১-১২ ॥

১। ঙ 'বর্ত্তন্তাঃ', থ 'প্রবৃত্তাঃ'। ২। গ '-চিত্তাঃ'। ৩। ক '-ত্তানাং'। ৪। ছ-খ-ঘ '-নভিসংক্ষি-'। ৫। ঘ '-নভিসংক্ষি-'। ৬। ছ '-নবি-', থ '-নভি-'। ৭। ঘ ছ-থ-ঘ 'চ বিক্ষি-'। ৮। গ-ঘ 'বি-'। ৯। ঘ 'কান্তাংশ্চ'। ১০। থ '-ক্ষিপন্তি'।

মহাগজৈর্জাতমদৈর্ভ্রমদ্ভিঃ সংপূজিতৈর্লক্ষণতঃ সুহৃদ্ভিঃ।
ররাজ রক্ষোভিরভিশ্বসদ্ভি[1]র্হ্রদো ভুজঙ্গৈরিব নিশ্বসদ্ভিঃ ॥ ১৩ ॥
প্রধানবুদ্ধীন্[2] রুচিরপ্রধানান্ সচ্ছ্[3]দ্দধানাংস্তপসো নিধানান্।
নানাবিধান্[4] ব্রহ্ম সমাদধানান্ দদর্শ তস্যাং পুরি যাতুধানান্ ॥ ১৪ ॥
নিনিন্দ দৃষ্ট্বা[5] তু স তান্ বিরূপান্ ননন্দ কাংশ্চিচ্চ পুনঃ সুরূপান্[6]।
নানাগুণা[7]নাত্মকুলা[8]নুরূপান্ নিষ্ঠাবতো[9] ন্যায়বতোঽনুরূপান্ ॥ ১৫ ॥
ততো বরার্হাঃ সু[10]বিশুদ্ধভাবাস্তেষাং স্ত্রিয়স্তত্র মহানুভাবাঃ।
প্রিয়স্য ভাবেষু চ সক্ত[11]ভাবা দদর্শ তারা ইব সুপ্রভাবাঃ ॥ ১৬ ॥

১৩। লো-টী। ভ্রমদ্ভির্ভ্রমদৈঃ। 'জাতমদৈ'রিতি পাঠো বা। রক্ষো ররাজ, কিম্ভূতৈঃ? সুহৃদ্ভিরভিষ্টৈঃ। অভিরত্যা অভিরাগেণ শ্বসদ্ভিঃ। 'অভিরতী'তি পাঠে অভিতো রাগেণ। "রতিঃ স্ত্রী স্মরদারেষু রাগে সুরতগুহ্যয়ো"রিতি কোষঃ।

১৪। লো-টী। প্রধানেন প্রজ্ঞয়া বুদ্ধান্। 'প্রধানবুদ্ধী'নিতি পাঠে প্রকৃষ্টবুদ্ধীন্। রুচিরং মনোহরং প্রধানং প্রকৃতির্যেষাং তান্। সচ্ছ্রদ্দধানান্ সৎকর্ম্মণি শ্রদ্ধালূন্। ব্রহ্ম বেদং সমাদধানান্ উচ্চরতঃ।

১৫। লো-টী। স কপিঃ তান্ নিনিন্দ, ননন্দ প্রশশংস চ। সুরূপান্ শোভনরূপান্। নানা অনেকে গুণা যেষাং তান্। আত্মা বুদ্ধিঃ, গুণাশ্চাত্মা চ, তৈরনুরূপান্ যোগ্যান্। আত্মনঃ স্বস্য গুণেন অনুরূপান্, স্বভাবসিদ্ধগুণানুরূপানিতি বা। নিষ্ঠাবতঃ ধর্ম্মনিষ্ঠাবতঃ। বিষ্ঠাবত ইতি ক্বচিৎ পাঠঃ, 'ইজ্যাবত' ইতি ক্বচিৎ। অনুরূপান্ স্বতো যোগ্যান্।

১৬। লো-টী। ততস্তেষাং স্ত্রিয়ো দদর্শ। বরঃ স্বামী অর্হঃ পূজ্যো যাসাং তাঃ। সুষ্ঠু বিশুদ্ধো ভাবোঽভিপ্রায়ো যাসাং তাঃ। ভাবেষু অভিপ্রায়েষু সক্তচিত্তাঃ। "ভাবঃ সত্তা স্বভাবাভিপ্রায়চেষ্টাত্মজন্মসু" ইতি কোষঃ।

বন্ধুগণের সহিত সুলক্ষণাক্রান্ত অত্যুত্তম মদমত্ত প্রকাণ্ড হস্তীতে ভ্রমণকারী নিশ্বাসত্যাগকারী রাক্ষসগণের দ্বারা সেই লঙ্কা নিশ্বাসত্যাগকারী সর্পের দ্বারা হ্রদের ন্যায় শোভা পাইতে লাগিল ॥ ১৩ ॥

[হনুমান্] সেই লঙ্কানগরীতে অতিশয় বুদ্ধিমান্ সুন্দর সৎকার্য্যে শ্রদ্ধাশীল তপস্যার রক্ষক বেদপাঠপরায়ণ বহুবিধ রাক্ষস দেখিতে পাইলেন ॥ ১৪ ॥

সেই হনুমান্ তাহাদিগের মধ্যে কোন কোন রাক্ষসকে কুৎসিত দেখিয়া নিন্দা করিতে লাগিলেন এবং কোন কোন রাক্ষসকে বহুগুণশালী, নিজ বংশের অনুরূপ নিষ্ঠাবান্, ন্যায়বান্, উপযুক্ত ও সুন্দর দেখিয়া আনন্দলাভ করিলেন ॥ ১৫ ॥

তারপর সেখানে প্রভাবিশিষ্ট নক্ষত্রের ন্যায় স্বামীর অনুরূপা, স্বামীর মনোবৃত্তির অনুবর্ত্তনকারিণী অতিশয় সৎস্বভাবা তাহাদের স্ত্রীগণকে দেখিতে পাইলেন ॥১৬॥

১। দ 'বিশ্বসদ্ভিঃ'। ২। দ 'সচিবপ্র-'। ৩। ত ঙ-খ 'সংশ্র-'। ৪। ত '-বিধব্রহ্ম-'। ৫। খ 'দৃষ্ট্বাপি'। ৬। ঙ-খ 'স্বরূপান'। ৭। ঙ 'বুধা-'। ৮। ধ '-গুণানু-'। ৯। ঙ-ত 'ইজ্যাব-'। ১০। দ 'শুচি-'। ১১। খ 'শক্তভাবা-'।

শ্রিয়া জ্বলন্তীর্দয়িতোপগূঢ়া দদর্শ কাশ্চিৎ প্রমদা নবোঢ়াঃ।
লতাস্তমালস্য নবপ্ররূঢ়া যথা বিহঙ্গৈঃ[১] কুসুমোপগূঢ়াঃ[২] ॥ ১৭ ॥
অন্যাঃ পুনর্হর্ম্ম্যতলোপবিষ্টাঃ কাশ্চিৎ প্রিয়াঙ্গেষু[৩] সুখোপবিষ্টাঃ।
ভর্ত্তৃপ্রিয়া[৪] ধর্ম্মপথে নিবিষ্টা দদর্শ কাশ্চিন্মদনাভিবিষ্টাঃ ॥ ১৮ ॥
অপাশ্রিতান্ কাঞ্চনরাশিবর্ণাং[৫]স্তথা[৬] পরার্দ্ধ্যাস্তরণীয়পূর্ণান্[৭]।
অপাশ্রয়ান্[৮] কাঞ্চনচিত্র[৯]বর্ণান্ দদর্শ বীরো[১০] রুচিরাঙ্গবর্ণান্[১১] ॥ ১৯ ॥
এবং স্ত্রিয়ো বৈ ক্রমশোঽভিরামাঃ[১২] সুপ্রীতি[১৩]যুক্তাঃ সুমনোঽভিরামাঃ।
গৃহে গৃহে তাঃ স হরিপ্রবীরঃ[১৪] পরিভ্রমংস্তত্র দদর্শ রামাঃ ॥ ২০ ॥

১৭। লো-টী। দয়িতেন প্রিয়েণ উপগূঢ়া আলিঙ্গিতাঃ।

১৮। লো-টী। উপবিষ্টাঃ শয়িতাঃ।

১৯। লো-টী। হরিঃ তাসাং রুচিরাঙ্গবর্ণান্ দদর্শ। কীদৃশান্? কাঞ্চনরাশিবর্ণান্ অপাশ্রিতান্। পুনঃ কীদৃশান্? পরার্দ্ধ্যানমূল্যান্ আস্তরণং শয্যা, তত্র উপপন্নান্ সম্বদ্ধান্। 'পরার্দ্ধ্যাস্তরণীয়বর্ণানি'তি পাঠে পরার্দ্ধ্যা আস্তরণীয়বর্ণা আস্তরণভেদা যেষাং তান্। 'পরার্দ্ধ্যাস্তরণীয়পূর্ণানি'তি পাঠে পরার্দ্ধ্যৈঃ আস্তরণীয়ৈঃ বস্ত্রৈঃ পূর্ণান্ সম্বদ্ধান্। কাঞ্চনশ্চম্পকঃ, চন্দ্রঃ কর্পূরম্, তত্তুল্যবর্ণান্ অপাশ্রিতান্। 'অপাশ্রয়ানি'তি পাঠেঽপ্যয়মেবার্থঃ। কচিদপাশ্রিতা' ইত্যপি পাঠঃ। 'রুচিরাঙ্গবর্ণানি'তি পাঠঃ কচিৎ। রুচিরং রুক্মং রুক্তং বা।

২০। লো-টী। এবং ক্রমশস্তৎ তত্রস্থঃ পরিভ্রমন্ স্ত্রিয়ো দদর্শ। স্বামিনং রময়ন্তীতি রামাঃ, অভিরামাঃ সন্তোষভাবেন রামাঃ প্রীতিদাঃ, সুমনোভিঃ পুষ্পৈরভিরামাঃ মনোহরাঃ। যদ্বা,

তমালতরুর কুসুমাচ্ছন্ন বিহগসমাকীর্ণ নবজাত লতিকার ন্যায়, শরীর-শোভায় দেদীপ্যমানা নব-পরিণীতা কোন কোন রমণীকে প্রিয়তম কর্ত্তৃক আলিঙ্গিতা দেখিলেন ॥ ১৭ ॥

ধর্ম্মপথে অবস্থিতা পতিপ্রিয়া অপর রমণীদিগকে প্রাসাদতলে উপবেশন করিতে এবং কাহাকেও বা কামোন্মত্ত হইয়া প্রিয়তমের গাত্রোপরি সুখে উপবেশন করিতে দেখিলেন ॥ ১৮ ॥

বীর হনুমান্ সেই রমণীদিগের দেহের মনোহর বর্ণ অবলোকন করিলেন; সেই বর্ণ পুঞ্জীকৃত সুবর্ণের বর্ণ এবং চম্পকের বিচিত্র বর্ণকেও অতিক্রম করে ॥ ১৯ ॥

সেই বানরশ্রেষ্ঠ হনুমান্ এইরূপে ভ্রমণ করিতে করিতে ক্রমে ক্রমে প্রতিগৃহে

যে লম্পট স্বীয় ভার্য্যায় সন্তুষ্ট নহে, যাহার ইন্দ্রিয় চঞ্চল (অর্থাৎ পরদার-লোলুপ), তাহার বুদ্ধি অভিভূত হইয়াছে, সে পরদার হইতে পরাভব (অর্থাৎ বিনাশ) প্রাপ্ত হয় ॥ ৬ ॥

এখানে কি পণ্ডিত নাই? অথবা তুমি পণ্ডিতগণের অনুবর্ত্তন কর না? তুমি কি ধর্ম্মশাস্ত্র অধ্যয়ন কর নাই? তোমাকে কি বিচক্ষণগণ হিত উপদেশ প্রদান করেন নাই? ॥ ৭ ॥

[এই] রক্ষোরাশিসমাবৃত লঙ্কানগরী ইন্দ্রিয়াসক্ত ব্যক্তিকে (অর্থাৎ তোমাকে) [পতিরূপে] লাভ করিয়া, একমাত্র তোমারই অপরাধে অচিরেই বিনষ্ট হইবে ॥ ৮ ॥

১। চ-ছ-ঝ-ঞ 'ন সংশয়ঃ'। ২। ঘ 'চঞ্চলং'। ৩। ছ-ঘ 'চপলে-'। ৪। গ-ড 'নিকৃতি', ঘ 'নিকৃতে', ঙ 'নিবৃত্ত-'। ৫। ছ 'ইহৈব সন্তো ন ভবন্তি যথা হ্যনুবর্ত্তসে'। ৬। ঘ '-পৃচ্ছসি'। ৭। খ-ঘ 'বা'। ৮। ছ 'ধর্ম্মপ্রণী-', ড 'ধর্ম্মঃ প্রণীতস্তে'। ৯। ড '-যুক্তা'। ১০। ঘ 'রক্ষোগণাকীর্ণা'। ১১। ড 'সঙ্কুলা'। ১২। খ-ড 'বিনশ্যতি'।

[1]ভিন্নবৃত্তং সমাসাদ্য নাথং রক্ষোগণাধিপ[2]।
ধনধান্যসমাকীর্ণা রক্ষোগণসমাবৃতা ॥ ৯ ॥
অকৃতাত্মানমাসাদ্য ভর্ত্তারমনয়ে[3] স্থিতম্।
[4]সুসমৃদ্ধা [5]বিনশ্যন্তি দেশাশ্চ[6] নগরাণি চ ॥ ১০ ॥
[7]স্বদোষৈর্হন্যমানস্য [8]রাবণা[9]দীর্ঘদর্শিনঃ।
অভিনন্দন্তি ভূতানি বিনাশং পাপকর্ম্মণঃ[10] ॥ ১১ ॥
এবং ত্বাং পাপকর্ম্মাণং বক্ষ্যন্তি নিকৃতং[11] জনাঃ।
দিষ্ট্যায়ং ব্যসনং প্রাপ্তো রৌদ্রকর্ম্মেতি হর্ষিতাঃ[12] ॥ ১২ ॥

৯। লো-টী। ভিন্নং পরিত্যক্তং বৃত্তং সচ্চরিত্রং যেন তং ত্বাম্, লঙ্কাতীতি পূর্ব্বেণান্বয়ঃ।

১১। লো-টী। হে রাবণ, অদীর্ঘদর্শিনস্তব।

১২। লো-টী। নিকৃতাননা ভূতা হর্ষিতাঃ সন্তঃ ত্বামেবং বক্ষ্যন্তি বদন্তি। কিমেবং? অয়ং রৌদ্রকর্ম্মা ব্যসনং মরণরূপং প্রাপ্ত ইতি সিদ্ধবন্নির্দ্দেশঃ। তদ্ দিষ্ট্যা অস্মাকং ভাগ্যেন।

হে রাক্ষসরাজ, চরিত্রহীন ব্যক্তিকে অধিপতিরূপে লাভ করিলে, ধনধান্য-পরিপূর্ণা রাক্ষসগণসমাকীর্ণা লঙ্কানগরী বিনষ্ট হইবে ॥ ৯ ॥

দুর্নীতিপরায়ণ ইন্দ্রিয়াসক্ত ব্যক্তির আধিপত্যে সুসমৃদ্ধ দেশ ও নগরসমূহ বিনষ্ট হয় ॥ ১০ ॥

হে রাবণ, অদীর্ঘদর্শী পাপকারী ব্যক্তি স্বীয় দোষে বিনষ্ট হয়, প্রাণিগণ তাহার নিধন কামনা করেন ॥ ১১ ॥

এইরূপ তুমি পাপকারী [হইয়া] নিহত হইলে, জনগণ উল্লসিত হইয়া, তোমার উদ্দেশ্যে বলিতে থাকিবে—"[আমাদের] ভাগ্যক্রমে এই ভীষণকার্য্যকারী ব্যক্তি নিহত হইয়াছে" ॥ ১২ ॥

১। ক-পুস্তকে অয়ং শ্লোকো নাস্তি, ঘ 'কৃষ্ণ-'। ২। ত-থ-দ '-ধিপম্'। ৩। দ '-রং মনসেপ্সিতম্'। ৪। দ 'অস-'। ৫। ক 'বিনঙ্ক্ষ্যন্তি', গ 'বিনক্ষ্য-'। ৬। অতঃ পরং দ-পুস্তকে 'তথেয়ং ত্বাং সমাসাদ্য লঙ্কা রত্নৌঘসংবৃতা' ইত্যর্দ্ধমধিকম্। ঘ-ঙ-পুস্তকয়োঃ পুনঃ এতৎক্রম্ 'অপরাধান্তবৈকস্য নচিরেণ বিনঙ্ক্ষ্যতি' ইত্যর্দ্ধমাধিকম্। ৭। ধ 'সুহৃদ্‌ভির্হ-'। ৮। গ 'নরস্যাদী-'। ৯। ত '-ণং দী-'। ১০। থ '-ধর্ম্মিণঃ'। ১১। ছ 'বিবুধা', ত 'বিকৃতং', দ 'বিকৃতা'। ১২। ঘ 'গর্ব্বিতাঃ'।

নাহং লোভয়িতুং শক্যা ঐশ্বর্য্যেণ ধনেন বা[1]।
অনন্যা রাঘবস্যাহং ভাস্করস্য[2] প্রভা যথা[3] ॥ ১৩ ॥
তস্যাহং[4] লোকনাথস্য রামস্য বিদিতাত্মনঃ।
উপধায় ভুজং[5] সর্ব্বং[6] লোককান্তস্য সংকৃতম্।
কথং নামোপধাস্যামি ভুজমন্যস্য কস্যচিৎ ॥ ১৪ ॥
অহমৌপয়িকা ভার্য্যা তস্যৈব[7] সুমহাত্মনঃ[8]।
স্নাতব্রতস্য[9] বিপ্রস্য বিদ্যেব বিজিতাত্মনঃ[10] ॥ ১৫ ॥
সাধু[11] রাবণ রামেণ মাং সমানয় দুঃখিতাম্[12]।
বনে বাসিতয়া মত্তং[13] করেণ্বা যূথপং[14] যথা ॥ ১৬ ॥

১৪। লো-টী। উপধায় উপধানীকৃত্য।

১৫। লো-টী। স্নাতব্রতস্য প্রাপ্তব্রতস্য।

১৬। লো-টী। সাধু যথা ভবতি তথা মাং সমানয়। কয়েব কিমিব? বাসিতয়া ভাবিতয়া প্রাপ্তমৈথুনয়া। 'বাসিতা করিণ্যাং গোষ্ঠে স্ত্রী ভাবিতেঽপি চ' ইতি মেদিনী। বাসিতয়া ঋতুমত্যা বা।

ধন বা ঐশ্বর্য্য দ্বারা আমাকে প্রলুব্ধ করিতে পারিবে না। সূর্য্যের প্রভার ন্যায় আমি রামচন্দ্রের সহিত অভিন্ন ॥ ১৩ ॥

সর্ব্বলোকের স্পৃহণীয় সেই বিশ্ববিখ্যাত লোকাধিপতি রামচন্দ্রের বামবাহুকে উপাধান করিয়া, আমি কিরূপে অপর কাহারও বাহুকে উপাধান করি ? ॥ ১৪ ॥

বিদ্যা যেমন স্নাতকব্রতধারী (অর্থাৎ কৃতবিদ্য) জিতেন্দ্রিয় বিপ্রের উপযুক্ত, আমি সেইরূপ মহাত্মা রামচন্দ্রেরই উপযুক্ত ভার্য্যা ॥ ১৫ ॥

রাবণ, তুমি অরণ্যমধ্যে প্রাপ্তা করিণীর সহিত যূথপতি মত্ত করিরাজের ন্যায় রামচন্দ্রের সহিত দুঃখিতা আমাকে ঠিকমত মিলাইয়া দাও ॥ ১৬ ॥

১। ঘ-ঙ 'চ'। ২। ঘ 'প্রভাকরপ্রভা'। ৩। দ 'যথা প্রভা'। ৪। গ 'রাঘবস্য কৃতাত্মনঃ'। ৫। ঘ 'তস্য'। ৬। ঘ 'চন্দনাগুরুসংস্কৃতম্'। ৭। দ 'রামস্য'। ৮। গ 'সমুদাপাতঃ', ঙ 'হি মহা-'। ৯। দ-পুস্তকে ইদমর্দ্ধং নাস্তি। ১০। ছ-ট-প 'বিদিতা-'। ১১। গ 'পুনঃ'। ১২। ঘ 'শোচিতাম্'। ১৩। ঘ 'নিত্যং'। ১৪। ঘ-ঘ '-বেব গজাধিপম্', ঙ '-গোযু-'।

মিত্রমৌপয়িকং কর্ত্তুং[১] রাঘবং রাবণ ত্বয়া ।
বধং চানিচ্ছতা ঘোরং পুরাঞ্চ[২] পরিরক্ষতা[৩] ॥ ১৭ ॥
বর্জ্জয়েদন্তকন্মর্ত্ত্যং[৪][৫] বর্জ্জয়েদনিলোঽনলম্ ।
ন[৬] তু[৭] ত্বাং রাবণ ক্রুদ্ধো লোকনাথঃ স রাঘবঃ ॥ ১৮ ॥
রামস্য ধনুষঃ শব্দং[৮] শ্রোষ্যসে[৯] ঘোরনিস্বনম্ ।
বজ্র[১০]হস্তবিমুক্তায়া[১১] বিস্ফূর্জ্জিতমিবাশনেঃ ॥ ১৯ ॥
ইহ শীঘ্রং সুপর্ব্বাণো জ্বলিতাস্যা[১২] ইবোরগাঃ ।
শরা[১৩]স্তীব্রাঃ পতিষ্যন্তি রামলক্ষ্মণলক্ষিতাঃ ॥ ২০ ॥

১৭। গো-টী। ঔপয়িকং যুক্তম্। বধং চেতি 'বা' স্বমনাদরে।

১৯। গো-টী। ঘোরং ভয়ঙ্করং নির্ঘোষং শব্দং যস্য তম্। 'ঘোরনিস্বন'মিতি পাঠে ঘোরাশনেরিব নিস্বনম্।

২০। গো-টী। রাম ইতি লক্ষ্মণ ইতি লক্ষিতং দৃষ্টং যেষু তে। তাভ্যাং প্রেরিতা বা।

রাবণ, তুমি যদি নিজের ভয়ানক নিধন কামনা না কর এবং যদি [লঙ্কা]পুরী রক্ষা করিতে চাও, তবে তোমার রামের সহিত মৈত্রী স্থাপন করা উচিত ॥ ১৭ ॥

যম মানুষকে পরিত্যাগ করিতে পারেন, বায়ু অগ্নিকে পরিত্যাগ করিতে পারেন, কিন্তু রাবণ, সেই লোকাধিপতি রামচন্দ্র ক্রুদ্ধ হইলে [কিছুতেই] তোমাকে পরিত্যাগ করিবেন না ॥ ১৮ ॥

তুমি ইন্দ্রের হস্তমুক্ত বজ্রের ধ্বনির ন্যায় রামচন্দ্রের ভয়ানক নিস্বন (অর্থাৎ প্রতিধ্বনি)যুক্ত ধনুকের নির্ঘোষ শ্রবণ করিবে ॥ ১৯ ॥

শীঘ্রই এখানে জ্বালামুখ সর্পসমূহের ন্যায়, রাম ও লক্ষ্মণের লক্ষিত (নিঃক্ষিপ্ত) উত্তম গ্রন্থিযুক্ত তীব্র শরনিকর পতিত হইবে ॥ ২০ ॥

১। ঘ 'রাঘব'। ২। ঘ 'পুর'। ৩। ক-ঘ '-ক্ষিতুম্'। ৪। ঘ '-ন্মৈনমুৎসৃষ্টো মানবং কুপিতোঽন্তকঃ'। ৫। ঙ '-কো মুহুঃ', চ '-কৃন্মুহুঃ'। ৬। ঘ 'ত্বামিমং ন তু সংক্রু-'। ৭। ঘ-ঙ 'ত্বাঞ্চ রা-'। ৮। ঘ 'স্বানং'। ৯। ঘ 'শ্রোষ্যসি ত্বং সুদারুণম্'। ১০। চ 'বজ্র-', ঘ 'শতক্রতুবিসৃষ্টস্য নির্ঘাতমশনেরিব'। ১১। ঘ-ছ '-ক্তস্য'। ১২। ঘ 'জ্বলিতাগ্নিশিখোপমাঃ'। ১৩। ছ-থ-দ '-স্তীক্ষ্ণাঃ'।

রক্ষসাং বধ্যমানানাম[২]স্যাং পুর্য্যাং সমন্ততঃ।
[৩]অসংবাধা ভবিষ্যন্তি পন্থানঃ শরবৃ[৪]ষ্টিভিঃ ॥ ২১ ॥
রাক্ষসেন্দ্র [৫]মহাসর্পং স রা[৬]মো গরুড়ো মহান্।
ত্বাং হনিষ্যতি বে[৭]গেন বৈনতেয় ইবোরগম্ ॥ ২২ ॥
[৮]অচিরাদ্রাঘবঃ ক্রুদ্ধঃ প্রাপ্য ত্বামপকারিণম্।
[৯]অপনেষ্যতি মাং ভর্ত্তা [১০]ত্বত্তঃ শীঘ্রমরিন্দমঃ।
অসুরেভ্যঃ শ্রিয়ং দীপ্তাং বিষ্ণু[১১]স্ত্রিভিরিব ক্রমৈঃ ॥ ২৩ ॥
এবমুক্তস্তু সংক্রুদ্ধো মৈথিল্যা রাক্ষ[১২]সাধিপঃ।
[১৩]অমর্ষাদভবৎ ক্রুদ্ধো বচনঞ্চেদমব্রবীৎ ॥ ২৪ ॥

২১। লো-টী। ন বিদ্যতে সংবাধঃ সঙ্কটং যেভ্যস্তে অতিসঙ্কটাঃ পন্থানো ভবিষ্যন্তি। 'সঙ্কটং না তু সম্বাধ' ইত্যমরঃ।

২৩। লো-টী। ত্বত্তঃ সকাশাৎ অপনেষ্যতি নেষ্যতি। 'অপনেষ্যতি মে ভর্ত্তাঽপি'(?) ইত্যপি পাঠঃ।

২৪। লো-টী। ক্রুদ্ধ ইত্যেকং বাক্যম্, অমর্ষাদিত্যপরম্। অমর্ষাদসহনাৎ।

এই পুরীমধ্যে চারিদিকে শরবৃষ্টিদ্বারা হন্যমান রাক্ষসগণের গমনপথ অতিশয় সংকট হইয়া উঠিবে ॥ ২১ ॥

হে রাক্ষসরাজ, গরুড় যেমন সর্পকে নিহত করে, সেই মহাত্মা রামরূপী গরুড় সেইরূপ সর্পের ন্যায় তোমাকে বেগে নিহত করিবেন ॥ ২২ ॥

শত্রুদমনকারী স্বামী রামচন্দ্র ক্রুদ্ধ হইয়া অচিরেই শত্রুভূত তোমার নিকট উপস্থিত হইবেন এবং বিষ্ণু যেমন ত্রিপাদবিক্ষেপদ্বারা অসুরগণের নিকট হইতে সমুজ্জ্বল সম্পদ্ গ্রহণ করিয়াছিলেন—সেইরূপ তোমার নিকট হইতে আমাকে লইয়া যাইবেন ॥ ২৩ ॥

সীতার এই বাক্যে রাক্ষসরাজ রাবণ ক্রুদ্ধ হইল এবং সহ্য করিতে না পারিয়া ক্রুদ্ধ হইয়া এই কথা বলিল—॥ ২৪ ॥

১। খ 'হন্যমানা-'। ২। দ '-ং পুর্য্যামস্যাং'। ৩। ক 'অসং-', চ 'সুসং-'। ৪। অতঃ পরং ঘ-ছ-ব-পুস্তকেষু 'রাবণং পরিবিদ্ধাঙ্গং কঙ্কপত্রৈঃ শিলাশিতৈঃ' ইত্যর্দ্ধমধিকম্। ৫। দ-ছ 'রামপক্ষ-'। ৬। ঘ '-ক্রোধনঃ'। ৭। দ 'ক্রুদ্ধেন'। ৮। চ-প 'ন চিরা-'। ৯। ট-ব 'অপনেষ্যতি মে'। ১০। ঘ-চ-ব 'ত্বাং তু'। ১১। অতঃ পরং দ-পুস্তকে 'শোকার্ত্তৈব পুরীং লঙ্কাং প্রবাক্ষ্যতি স রাঘবঃ' ইত্যর্দ্ধমধিকম্। ১২। ঘ '-লোচনঃ'। ১৩। ছ '-প্রত্যাপন্নো'।

স্ত্রীত্বাদবধ্যমাত্মানং মন্যসে[1] ত্বমসংশয়ঃ[2]।
তথা হি পরুষাণ্যেবং[3] ভাষসে গতসাধ্বসা[4] ॥ ২৫ ॥
ন যুক্তং পরুষং বক্তুমীশ্বরে[5] বিপ্রিয়াণি[6] চ।
জনস্য[7] মহতো মধ্যে[8] প্রভবিষ্ণোর্বিশেষতঃ ॥ ২৬ ॥
অলঙ্কারো হি নারীণাং দাক্ষিণ্যং পরমুচ্যতে।
দুর্ল্লভং[9] তচ্চ তে ভদ্রে ভর্ত্তুরিষ্টা[10] কথং হ্যসি[11] ॥ ২৭ ॥
যাদৃশোঽয়ং মম ক্রোধো[12] যথা[13] চ ত্বামুপস্থিতঃ।
বধায় বিসৃজেয়ং ত্বাং[14] স্ত্রীস্বভাবেন ধার্য্যসে ॥ ২৮ ॥
তস্য রাক্ষসরাজস্য সীতা ন মমৃষে বচঃ।
পুণ্যকীর্ত্তিরিবাকীর্ত্তিং ততঃ কোপাদুবাচ[15] হ[16] ॥ ২৯ ॥

২৬। গো-টী। পরুষং নিষ্ঠুরম্। বিপ্রিয়াণ্যপ্রীতিকরাণি বাক্যানি।
২৭। গো-টী। দাক্ষিণ্যমনৈষ্ঠুর্য্যম্।
২৮। গো-টী। অ[illegible]ত্বেন স্ত্রীত্বেন ধার্য্যসে রক্ষ্যসে।

তুমি নিশ্চয়ই স্ত্রীলোক বলিয়া নিজকে অবধ্য মনে করিতেছ। যেহেতু, তুমি নির্ভীক হইয়া এইরূপ কর্কশ বাক্য প্রয়োগ করিতেছ ॥ ২৫ ॥

ঐশ্বর্য্যসম্পন্ন ব্যক্তির প্রতি কর্কশ ও অপ্রীতিকর বাক্যপ্রয়োগ উচিত নহে, বিশেষতঃ যিনি মহান্ এবং জনগণের মধ্যে প্রভাবশীল ॥ ২৬ ॥

রমণীগণের অলংকার অতিশয় কোমলতা; হে ভদ্রে, তোমার নিকট তাহা দুর্ল্লভ; তুমি কি প্রকারে আমার অভিমতা (প্রিয়া) হইলে? ॥ ২৭ ॥

আমার যেরূপ ক্রোধ এবং এই ক্রোধ যেভাবে তোমার প্রতি উপস্থিত হইয়াছে, তাহাতে তোমাকে বধার্থে উৎসর্গ করিতাম, কেবল, তুমি স্ত্রীলোক বলিয়াই বাঁচিয়া গেলে ॥ ২৮ ॥

পুণ্যকীর্ত্তি সীতাদেবী অকীর্ত্তির ন্যায় সেই রাক্ষসরাজের বাক্য সহ্য করিতে না পারিয়া ক্রোধবশে বলিতে লাগিলেন—॥ ২৯ ॥

১। দ 'ত্বং ন সং-'। ২। ছ-প '-য়ম্'। ৩। ঘ-ঙ '-পি'। ৪। ঘ-ব 'ত্বমসাধুবৎ'। ৫। ছ-ঙ-দ 'বক্ত-'। ৬। ঙ-প 'বা'। ৭। খ 'লোকস্য'। ৮। ঙ 'মধ্যে'। ৯। খ 'দুষ্প্রাপং'। ১০। ক-খ '-রিচ্ছা'। ১১। ক গ ঙ 'ত্বমি'। ১২। খ 'কোপো'। ১৩। খ '-জাতঃ'। ১৪। দ 'অবলাত্বেন বাধ্যসে'। ১৫। ঘ 'কোপা-'। ১৬। খ 'চ'।

জনস্থানবধং[1] শ্রুত্বা হতৌ[2] চ খরদূষণৌ ।
পূর্ব্ববৈরমনুধ্যায় মামিহানীতবানসি ॥ ৩০ ॥
আলয়ং হি তয়োঃ[3] শূন্যমাসীৎ[4] তন্নরসিংহয়োঃ ।
মৃগয়াং গতয়োর্ভ্রাত্রোস্তদানীং সিংহয়োরিব ॥ ৩১ ॥
ন হি গন্ধং সমাঘ্রায় রামলক্ষ্মণয়োস্ত্বয়া ।
শক্যং সন্দর্শনে স্থাতুং শুনা শার্দ্দূলয়োরিব ॥ ৩২ ॥
তস্য তে বিগ্রহস্তাভ্যামযুক্তোহয়মুপস্থিতঃ ।
বৃত্রস্যেবেন্দ্রবাহুভ্যাং[5] রাহোরেকস্য[6] বিগ্রহঃ ॥ ৩৩ ॥
ক্ষিপ্রং তব সসৈন্যস্য রামঃ সৌমিত্রিণা সহ ।
তোয়মল্পমিবাদিত্যঃ[7] প্রাণানাদায় যাস্যতি[8] ॥ ৩৪ ॥

৩১। গো-টী। আলয়মিতি নপুংসকমার্ষম্ ।

৩৩। গো-টী। ইন্দ্রস্য ইব [illegible] সম্যক্ [illegible], তাভ্যাং সহ রাহোর্[illegible] [illegible]বিগ্রহঃ। "[illegible]" ইতি কেচিৎ ।

তুমি জনস্থানের উচ্ছেদ এবং খর-দূষণবধের কথা শুনিয়া পূর্ব্ব শত্রুতা স্মরণ করতঃ আমাকে এখানে আনয়ন করিয়াছ ॥ ৩০ ॥

তৎকালে সিংহতুল্য সেই পুরুষসিংহদ্বয়ের ঐ কুটীর শূন্য ছিল—তাঁহারা দুই ভ্রাতা মৃগয়ায় গমন করিয়াছিলেন ॥ ৩১ ॥

ব্যাঘ্রতুল্য রামলক্ষ্মণের গন্ধ পাইলেই, তুমি কুকুরের ন্যায় সম্মুখে অবস্থান করিতে পারিবে না ॥ ৩২ ॥

সেই তোমার তাঁহাদের সহিত এই অসমীচীন সংগ্রাম উপস্থিত হইয়াছে—ইহা সূর্য্য ও চন্দ্রের সহিত একক রাহুর যুদ্ধের ন্যায় (অর্থাৎ এ যুদ্ধে তোমার পরাভব সুনিশ্চিত) ॥ ৩৩ ॥

সূর্য্য যেরূপ অল্প সলিল শোষণ করিয়া ফেলেন, সেইরূপ রামচন্দ্র লক্ষ্মণের সহিত শীঘ্রই সৈন্য-সমন্বিত তোমার প্রাণ হরণ করিয়া প্রস্থান করিবেন ॥ ৩৪ ॥

১। খ '-স্থানে'। ২। গ 'নিহতৌ'। ৩। খ-গ 'তু'। ৪। খ 'মীৎ'। ৫। ঙ-ছ-খ '-[illegible]'। ৬। গ-ঙ '[illegible]', ঘ '[illegible]'। ৭। ঙ '-[illegible]'। ৮। গ 'পাস্যতি'।

গিরিং কুবেরস্য গতস্ত্বমালয়ং ভয়াদ্ গতো বা বরুণালয়ং পরম্।
অসংশয়ং দাশরথের্ন মোক্ষ্যসে মহাদ্রুমঃ কালহতো যথাহ্শনেঃ[৪] ॥ ৩৫ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে সীতাবাক্যং নাম ত্রয়োবিংশতিতমঃ সর্গঃ ॥ ২৩ ॥

৩৫। গো-টী। অশনের্বজ্রস্য সকাশাৎ।

সীতাবাক্যম্ ॥ ২৩ ॥

তুমি যদি কুবেরের বাসস্থান কৈলাস পর্ব্বতে গমন কর, অথবা ভয়ে বরুণালয় মহাসমুদ্রে নিমগ্ন হও, তথাপি বিশাল বৃক্ষ যেমন বজ্র হইতে রক্ষা পায় না, কালকর্ত্তৃক নিহত তুমিও সেইরূপ রামচন্দ্রের নিকট অব্যাহতি পাইবে না ॥৩৫॥

মহর্ষি বাল্মীকি প্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে সীতাবাক্য-নামক ২৩শ সর্গ সমাপ্ত ॥ ২৩ ॥

১। ক-পুস্তকে অয়ং শ্লোকো নাস্তি। ২। খ 'বরুণালয়ে'। ৩। খ '-গতস্ত্বালয়ম্', ঘ '-গালয়াৎ'।
৪। খ 'শনেঃ'।

(২৪) চতুর্ব্বিংশতিতমঃ সর্গঃ

সীতায়াস্তু[1] বচঃ শ্রুত্বা পরুষং রাক্ষসেশ্বরঃ[2]।
প্রত্যুবাচ পুনঃ সীতাং বিপ্রিয়ং[3] প্রিয়দর্শনাম্ ॥ ১ ॥
যথা যথা সান্ত্বয়িতা[4] বশ্যঃ স্ত্রীণাং[5] তথা তথা।
যথা যথা প্রিয়ং বক্তা পরিভূতস্তথা তথা ॥ ২ ॥
সংনিযচ্ছতি মে ক্রোধং ত্বয়ি কামঃ সমুত্থিতঃ[6]।
দ্রবতো[7]ঽমার্গ[8]মাসাদ্য হয়ানিব সুসারথিঃ ॥ ৩ ॥
কামং কামো মনুষ্যাণাং[9] যস্মিন্ কিল[10] নিবধ্যতে।
জনে তস্মিন্ননুক্রোশঃ স্নেহশ্চ খলু জায়তে ॥ ৪ ॥

২। গো-টী। স্ত্রীপুংসস্বভাবমাহ—যথা ইতি। যথা যথা সান্ত্বয়িতা সান্ত্বয়তে, তথা তথা স্ত্রীণাং বশ্যোঽনুগ্রাহ্যো ভবতি। এব তু মমাননুগ্রাহ্যো বৈপরীত্যেন দৃশ্যতে। অতঃ যথা যথা প্রিয়ং বক্তা বদামি, তথা তথা পরিভূতো ভবামি।

৩। গো-টী। সংনিযচ্ছতি নিরুণদ্ধি। অমার্গং ধাবমান।

৪। গো-টী। কামঃ [illegible]। অনুক্রোশো দয়া, স্নেহঃ প্রীতিঃ।

রাক্ষসরাজ রাবণ সীতার কর্কশবাক্য শ্রবণ করিয়া প্রিয়দর্শনা সীতাকে পুনরায় অপ্রিয় বাক্য বলিতে লাগিল— ॥ ১ ॥

[লোকে] যতই অনুনয়-বিনয় করে, ততই রমণীগণের অনুগ্রহভাজন হয়, [কিন্তু আমি] যতই প্রিয়বাক্য বলিতেছি, ততই [তোমার নিকট] উপেক্ষিত হইতেছি ॥ ২ ॥

উত্তম সারথি যেমন অপথে ধাবমান অশ্বকে সংযত করে, সেইরূপ তোমার প্রতি কাম উদ্রিক্ত হইয়া আমার ক্রোধকে নিয়ন্ত্রিত করিতেছে ॥ ৩ ॥

মানুষের কাম (আসক্তি) যাহার প্রতি নিবদ্ধ হয়, সেই ব্যক্তির প্রতি যথার্থ স্নেহ ও দয়া জন্মে ॥ ৪ ॥

১। ঘ-ঙ '-রাক্ষসঃ'। ২। ঘ '-সাধিপঃ'। ৩। ক '-গাং'। ৪। ছ-ঝ-ঞ '-যতে'। ৫। ঘ-ঙ 'যথা'। ৬। ঘ-ঙ '-স্থিতম্'। ৭। ঘ 'তে'। ৮। ছ-জ-ঝ 'তুর্গং'। ৯। ঘ 'হি লোকানাং'। ১০। ক 'তু পরিবধ্যতে', ঘ 'কামং ন বুধ্যতে'।

[১]এতস্মাৎ কারণান্ন ত্বাং ঘাতয়ামি বরাননে।
বধার্হামপমানার্হাং মিথ্যা প্রব্রজিতে রতাম্[২] ॥ ৫ ॥

পরুষাণি হি[৩] বাক্যানি যানি যানি ব্রবীষি মাম্।
তেষু তেষু বধো যুক্তস্তব মৈথিলি দারুণঃ ॥ ৬ ॥

দ্বৌ মাসৌ ক্ষমিতব্যৌ মে কালো[৪] যস্তে কৃতো ময়া।
ততঃ শয়ন[৫]মারোহ মামকং মদিরেক্ষণে ॥ ৭ ॥

দ্বাভ্যা[৬]মূর্দ্ধ্বন্তু মাসাভ্যাং ভর্তারং মামনিচ্ছতীম্।
[৭]মম ত্বাং প্রাতরাশায় সূদাশ্ছেৎস্যন্তি খণ্ডশঃ ॥ ৮ ॥

৫। গো-টী। বধার্হামপি হননার্হামপি। প্রব্রজিতে রাজ্যাদ্ বনগতে রামে মিথ্যা প্রয়োজনশূন্যেন হেতুনা রতামপি।

৮। গো-টী। প্রাতরাশায় প্রাতর্ভোজনায়। সূদাঃ পাচকাঃ।

হে বরাননে (সুমুখি), এই জন্যই আমি তোমাকে বধ করিতে আদেশ করিতেছি না। [বস্তুতঃ] তুমি বধার্হ এবং অপমানার্হ; তুমি মিথ্যা বৈরাগ্যে আসক্ত হইয়াছ ॥ ৫ ॥

মৈথিলি, তুমি আমাকে যে-সমস্ত কর্কশ বাক্য বলিতেছ, তাহাতে তোমার নিদারুণ হত্যাদণ্ডই যুক্তিযুক্ত ॥ ৬ ॥

আমি তোমাকে যে সময় নির্দ্দিষ্ট করিয়া দিয়াছি, সেই দুইমাস ক্ষমা করিব; হে মদিরাক্ষি, অতঃপর তুমি আমার শয্যায় আরোহণ করিও ॥ ৭ ॥

দুই মাস পরে যদি তুমি আমাকে পতিরূপে কামনা না কর, তাহা হইলে পাচকগণ আমার প্রাতঃকালীন জলযোগের জন্য তোমাকে খণ্ড খণ্ড করিয়া ছেদন করিবে ॥ ৮ ॥

১। ঙ 'তস্মাচ্চ'। ২। খ 'সুতাম্'। ৩। ক 'চ'। ৪। খ-ঙ 'তু'। ৫। খ 'পর্য্যঙ্ক-'। ৬। খ '-ক্ষ'। ৭। খ 'অহং ত্বাং ছেদয়িষ্যামি [illegible]'।

ন চ[1] মৈথিলি রামস্ত্বাং[2] পুনঃ সমুপলপ্স্যতে ।
হিরণ্যকশিপোর্[3] লক্ষ্মী[4]মিন্দ্রো হস্তগতামিব[5] ॥ ৯ ॥
তাং[6] তর্জ্জ্য[7]মানাং সংলক্ষ্য দশগ্রীবেণ জানকীম্ ।
দেবগন্ধর্ব্বকন্যাস্তা বিষেদুর্ব্বিপুলেক্ষণাঃ ॥ ১০ ॥
কটাক্ষৌ[8]ষ্ঠবিকারৈশ্চ মুখাকারৈস্তথাঽপরাঃ ।
সীতামাশ্বাসয়ন্তি স্ম তর্জ্জিতাং তেন রক্ষসা ॥ ১১ ॥
তাভিরাশ্বা[9]সিতা দেবী রাবণং লোকরাবণম্ ।
উবাচা[10]ত্মহিতং বাক্যং বৃত্ত[11]শৌটীর্য্য[12]গর্ব্বিতা ॥ ১২ ॥

৯ । লো-টী । আশ্বস আশ্বসিহি । [২য়-পাঠান্তরং দ্রষ্টব্যম্ ।]
[লো-টী] । পুরা নিকটে বলাকা যেষাং তৈঃ, অসিতৈঃ কৃষ্ণৈঃ । [৫ম-পাঠান্তরং দ্রষ্টব্যম্ ।]
১০ । লো-টী । দেবগন্ধর্ব্বকন্যা বিষেদুর্বিষণ্ণা বভূবুঃ ।
১১ । লো-টী । কটাক্ষৈরোষ্ঠবিকারৈশ্চ, মুখানামাকারৈরিঙ্গিতৈঃ । 'আকার ইঙ্গিতাকৃতো'রিতি কোষঃ ।
১২ । লো-টী । বৃত্তং স্বস্য সচ্চরিতং, শৌটীর্য্যং রামস্য শৌর্য্যম্, তাভ্যাম্ । আত্মনো রাবণস্য হিতম্ ।

মৈথিলি, ইন্দ্র যেমন হিরণ্যকশিপুর হস্তগত সম্পত্তি ফিরিয়া পায় নাই, রামও সেইরূপ তোমাকে ফিরিয়া পাইবে না ॥ ৯ ॥

রাবণ সীতাকে ভর্ৎসনা করিতেছে দেখিয়া, সেই বিশাললোচনা দেবকন্যা ও গন্ধর্ব্বকন্যাগণ বিষণ্ণ হইলেন ॥ ১০ ॥

কেহ কেহ কটাক্ষ, ওষ্ঠসঞ্চালন ও মুখভঙ্গীদ্বারা রাবণকর্ত্তৃক তর্জ্জিতা সীতাকে আশ্বাস প্রদান করিতে লাগিলেন ॥ ১১ ॥

চরিত্রবলে গর্ব্বিতা (অথবা [স্বীয়] চরিত্র ও [পতির] বীরত্বে গর্ব্বিতা) সীতাদেবী তাঁহাদের নিকট আশ্বাসপ্রাপ্ত হইয়া লোকভয়ঙ্কর রাবণকে স্বীয় হিতকর বাক্য বলিলেন ॥ ১২ ॥

১ । ছ-থ-দ 'হি' । ২ । ষ-ছ-দ 'প্রাপ্স্যতে কামমাবস' । ৩ । ক '-পু-' । ৪ । ক '-মিন্দ্র-' । ৫ । অতঃ পরং ঘ-ঙ-ড-থ দ-পুস্তকেষু 'ন চ মৈথিলি রামস্ত্বাং পুনঃ সমুপলপ্স্যতে পুরো ('পুরা' ব) বলাকৈ ('বলৈর্ম-হীধৈ-' থ) রসিতৈরবৈর ('-র্ধনৈ-' ঘ-থ) শুক্রবিবাধুতম্' ইত্যয়ং শ্লোকোঽধিকঃ । ৬ । ছ 'সর্জ্জা-' । ৭ । ঘ-থ 'ভর্ৎস-' । ৮ । ড-থ-দ '-কৈষ্ঠবি-' । ৯ । দ '-শ্বসিতা' । ১০ । ড '-চ বহি-' । ১১ । দ '-চীর-' । ১২ । অতঃ পরং ঘ-ড-পুস্তকয়োঃ 'তস্য রাক্ষসরাজস্য সীতা ন মনুতে বচঃ । পুণ্যকীর্ত্তিরিবাকীর্ত্তিঃ পুনঃ কোপাদুবাচ হ ।' ইত্যয়ং শ্লোকোঽধিকঃ ।

[1]নূনং ন তে জনঃ কশ্চিদস্তি নিঃশ্রেয়সে [2]পরঃ।
নিবারয়তি যো ন ত্বাং কর্ম্মণোঽস্মাদ্ বিগর্হিতাৎ ॥ ১৩ ॥
[3]ন হি ধর্ম্মাত্মনঃ [4]পত্নীং শচীমিব শচীপতেঃ।
ত্বদন্যস্ত্রিষু লোকেষু [5]প্রার্থয়েন্মনসাপি মাম্ ॥ ১৪ ॥
রাক্ষসাধম রামস্য [6]পত্নীমমিততেজসঃ।
উক্ত[7]বানীদৃশং বাক্যং দ্রক্ষ্যসে তস্য [8]নিশ্চয়ম্ ॥ ১৫ ॥
যথা দৃপ্তশ্চ মাতঙ্গঃ শশশ্চাসদৃশো [9]যুধি।
তথা মাতঙ্গবদ্রামস্ত্বং [10]নীচঃ [11]শশবন্মতঃ ॥ ১৬ ॥
স ত্বমিক্ষ্বাকুদায়াদং [12]ক্ষিপন্নেবং ন বুধ্যসে।
চক্ষুষোর্ব্বিষয়ে তস্য ন তাবদ[13]বতিষ্ঠসে ॥ ১৭ ॥

১৩। গো-টী। নিঃশ্রেয়সে কল্যাণে কর্ম্মণি পরঃ অভিতো নিযুক্তঃ কশ্চন জনো নূনং তে তব নাস্তি। "পরঃ শত্রৌ পরঃ শ্রেষ্ঠে পরোঽন্যস্মিন্ পরোঽম্বিতে" ইতি নিঘণ্টঃ। "নিঃশ্রেয়সন্তু কল্যাণমোক্ষয়োঃ সঙ্করে পুমানি"তি কোষঃ।

[গো-টী]। কামমাশ্বসেত্যাদি বাক্যমিদম্। এবমাত্মানং শশমিব।

কেহই তোমাকে এই নিন্দিত কর্ম্ম হইতে নিবারণ করিতেছেন না, নিশ্চয়ই এমন কোন ব্যক্তি নাই—যিনি তোমার কল্যাণকামী ॥ ১৩ ॥

ত্রিভুবনে তুমি ভিন্ন এমন কোন ব্যক্তি নাই, যে ব্যক্তি ইন্দ্র-পত্নী শচীদেবীর ন্যায় ধাৰ্ম্মিক [রামচন্দ্রের]-পত্নী আমাকে মনে মনেও কামনা করিতে পারে ॥ ১৪ ॥

রাক্ষসাধম, তুই অপরিমিত-পরাক্রমশালী রামচন্দ্রের পত্নীকে এইরূপ (কুৎসিত) বাক্য বলিয়াছিস, [অচিরেই] তাঁহার সিদ্ধান্ত (অর্থাৎ তদনুযায়ী কার্য্য) দেখিতে পাইবি ॥ ১৫ ॥

যুদ্ধক্ষেত্রে মত্তহস্তী ও শশক যেমন সমান [প্রতিদ্বন্দ্বী] নহে, সেইরূপ মনে হয়, রামচন্দ্র হস্তীর ন্যায় এবং তুই অধম শশকের ন্যায় ॥ ১৬ ॥

সেই তুই ইক্ষ্বাকুবংশধরকে এইরূপ অবজ্ঞা করিতেছিস; তাঁহার চক্ষুর অগোচরে আছিস, তাই [ইহার ফল] বুঝিতেছিস না ॥ ১৭ ॥

১। ছ 'তে ন জনঃ'। ২। ঘ 'রতঃ', দ 'রম্'। ৩। ত 'মাং'। ৪। দ 'পত্নী-'। ৫। ঘ-ছ-ঙ-ণ '-সাপুত্র'। ৬। ধ-ণ '-বর্চ্চসঃ'। ৭। ছ প ধ '-বান্ মামিদং'। ৮। ঘ-ত 'নির্ণয়ম্'। ৯। ঘ 'রণে', ছ 'ভুবি'। ১০। দ '-চ শশ-'। ১১। থ '-বং স্মৃতঃ'। ১২। ঘ 'ক্ষিপ্রং প্রাপ্য ন', ছ 'কিমেবমবমন্যসে', ঙ 'ক্ষিপ্রমেবং ন', থ 'ক্ষিপ্রং প্রাপ্য বিনশ্যসি'। ১৩। দ '-প্রতি-'।

ইমে তে[1] নয়নে ক্রূরে বিষমে কৃষ্ণপিঙ্গলে।

ক্ষিপ্রং[2] ন পতিতে কস্মাদ্দৈবং মাং হি পশ্যতঃ ॥ ১৮ ॥

তস্য ধর্ম্মাত্মনঃ পত্নীং স্নুষাং দশরথস্য চ।

কথং ব্যাহরতঃ পাপং[3] জিহ্বা ন পতিতা[4] তব ॥ ১৯ ॥

অসন্দেশাত্তু[6] রামস্য তপসশ্চানুপালনাৎ[7]।

ন ত্বাং[8] করোমি পাপাত্মন্ ভস্মসাদগ্য তেজসা ॥ ২০ ॥

নাপহর্ত্তুমহং[9] শক্যা তস্য রামস্য ধীমতঃ[10]।

বিধিস্তব বধার্থায় বিহিতো[11]হয়ং ন সংশয়ঃ[12] ॥ ২১ ॥

সীতায়াস্তদ্বচঃ শ্রুত্বা রাবণো[13] রাক্ষসাধিপঃ।

বিবৃত্য[14] নয়নে[15] রৌদ্রে জানকীমন্ববৈক্ষত ॥ ২২ ॥

১৯। রামা-টী। ব্যাহরতঃ পাং উচ্চারয়তঃ বদতঃ।

২০। রামা-টী। রামস্যাসন্দেশাৎ অজ্ঞানাৎ। গুরুরাজ্ঞাং বিনা কিমপি ন করিষ্যামীতি যৎ তপস্তস্যানুপালনাৎ।

২১। রামা-টী। ধীমতঃ সতঃ। তথাপি যোঽহং, মম হরণবিধিঃ, স কেবলং তব বধায় বিধাত্রা বিহিতঃ।

তুই আমাকে এই ভাবে অবলোকন করিতেছিস—তোর এই কৃষ্ণ-পিঙ্গলবর্ণ বিষম কুটিল চোখ দুটা সত্বর খসিয়া যায় নাই কেন? ॥ ১৮ ॥

ধর্ম্মাত্মা রামের পত্নী এবং দশরথের পুত্রবধূর নিকট কুৎসিত প্রস্তাব করিতে তোর জিহ্বা খসিয়া গেল না কেন? ॥ ১৯ ॥

পাপিষ্ঠ, রামের নির্দ্দেশ না থাকায় এবং অতি সারূপ ধর্ম্মরক্ষার অনুরোধেই আজ আমি তোকে তেজঃপ্রভাবে ভস্মীভূত করিতেছি না ॥ ২০ ॥

সেই রাম বাঁচিয়া থাকিতে কেহ আমাকে অপহরণ করিতে পারে না; তোর বিনাশের জন্যই এই ঘটনা ঘটিয়াছে—সন্দেহ নাই ॥ ২১ ॥

সীতার সেই বাক্য শুনিয়া রাক্ষসরাজ রাবণ অতি রৌদ্র (ভয়ানক) নয়নদ্বয় বিস্ফারিত করিয়া সীতার প্রতি দৃষ্টিপাত করিতে লাগিল ॥ ২২ ॥

১। ঘ 'চ'। ২। খ 'দ্রুতং', ঙ 'ক্ষিপ্রবাপতিতে কস্মাবশ্য মামতিপ-'। ৩। ক 'পাপ'। ৪। ঘ 'কথিতা', ঙ 'পততে'। ৫। ঙ 'তুহি'। ৬। ঙ '-হাত্তি'। ৭। ঘ '-লক্ষনাৎ'। ৮। খ '-মাহং ক্রুদ্ধা'। ৯। খ '-কর্ত্তু-'। ১০। খ-গ 'ধীমতঃ'। ১১। খ '-মবশং-'। ১২। অতঃপরং ভ-খ-পুস্তকয়োঃ 'পুরাণ ধনবস্যা বন্ধ্যৈ সমুদ্যতৈব চ। যথাপবাহ্ রাবঃ কিং ('বধা পরাক্রমং রামস্য' ঙ) দাক্ষৌবাবিনং কৃতম্।' ইত্যয়ং শ্লোকোঽধিকঃ। ১৩। ঘ '-দেবকঃ'। ১৪। খ-গ '-নে রৌদ্রেক্ষা-'। ১৫। ভ-খ 'ক্রূরে'।

নীলজীমূতসংকাশো মহাভুজশিরোধরঃ ।
সিংহসত্ত্বগতিঃ শ্রীমান্ দীপ্তাস্যো দীপ্তলোচনঃ ॥ ২৩ ॥
চলাগ্রমুকুটঃ প্রাংশুশ্চিত্রমাল্যানুলেপনঃ ।
রক্তাম্বরধরঃ শ্রীমান্ তপ্তকাঞ্চন[১]ভূষণঃ ॥ ২৪ ॥
[২]তরুণাদিত্যবর্ণাভ্যাং কুণ্ডলাভ্যাং বিভূষিতঃ ।
রক্তপল্লব[৩]পুষ্পাভ্যামশোকাভ্যামিবাচলঃ ॥ ২৫ ॥
শ্রোণীসূত্রেণ[৪] মহতা[৫] মেখলেন[৬] সুসংবৃতঃ ।
অমৃতোৎপাদনে নদ্ধো[৭] ভুজঙ্গেনেব[৮] মন্দরঃ ॥ ২৬ ॥
অবেক্ষমাণো বৈদেহীং ক্রোধ[৯]সংরক্ত[১০]লোচনঃ ।
উবাচ রাবণঃ[১১] সীতাং ভুজঙ্গ[১২] ইব নিশ্বসন্ ॥ ২৭ ॥

২৩। গো-টী। মহান্তো ভুজাঃ শিরোধরা গ্রীবা চ যস্য সঃ। সিংহস্যেব সত্ত্বং বলং গতিশ্চ যস্য সঃ।

২৫। গো-টী। রক্তে পল্লবপুষ্পে যয়োস্তাভ্যাম্।

২৬। গো-টী। শ্রোণিসূত্রেণ মেখলেন মেখলয়া কাঞ্চ্যা। "মেখলা খড়্গবন্ধে স্যাৎ কাঞ্চী-শৈলনিতম্বয়োঃ" ইতি কোষঃ। 'মেচকেনে'তি পাঠে শ্যামলেন।

রাবণ [দেখিতে] কালো মেঘের ন্যায়, তাহার গ্রীবা ও বাহু বিশাল, তাহার বীর্য্য ও গতি সিংহের ন্যায়, মুখমণ্ডল উজ্জ্বল এবং লোচনদ্বয় প্রদীপ্ত ॥ ২৩ ॥

সে উন্নতদেহ, সুন্দর, তাহার মুকুটের অগ্রভাগ চঞ্চল, মালা ও অনুলেপন বিচিত্র, পরিধানে রক্ত বস্ত্র, বিশুদ্ধ কাঞ্চনময় অলঙ্কার ॥ ২৪ ॥

সে রক্তবর্ণ পল্লব ও পুষ্পমণ্ডিত অশোক বৃক্ষদ্বয়ে পরিশোভিত পর্ব্বতের ন্যায় নবোদিত সূর্য্যতুল্য রক্তবর্ণ কুণ্ডলযুগলে অলংকৃত ॥ ২৫ ॥

সে অমৃতোৎপাদন (অর্থাৎ সমুদ্রমন্থন)-কালে [মধ্যদেশে] ভুজঙ্গ-পরিবেষ্টিত মন্দরপর্ব্বতের ন্যায় কৃষ্ণবর্ণ বিশাল কটিসূত্রদ্বারা [কটিদেশে] পরিবেষ্টিত ॥ ২৬ ॥

[সেই] রাবণ বিদেহরাজ-নন্দিনী সীতাকে দেখিতে দেখিতে ক্রোধে রক্তচক্ষু হইয়া ভুজঙ্গের ন্যায় [সশব্দে] নিশ্বাস ফেলিতে ফেলিতে বলিতে লাগিল—॥ ২৭ ॥

১। খ-ঘ '-ভূষিতঃ'। ২। গ 'অর্ক-'। ৩। খ-ঙ '-শাখা-'। ৪। ঘ 'বৃহ-'। ৫। ছ-খ-দ 'মেচকেন'। ৬। গ '-বৃতঃ'। ৭। ঘ 'বদ্ধো'। ৮। দ '-গেনে-'। ৯। ঘ 'কোপ-'। ১০। দ '-রক্ত-বিলো-'। ১১। ছ-ঙ-খ-দ '-ণো বাক্যং'। ১২। ঘ 'শ্বস-'।

অনয়েনাভিসংযুক্তামর্থহীনামননুব্রতাম্[১]।
নাশয়াম্যহমদ্য ত্বাং সূর্য্যঃ সন্ধ্যামিবোদিতঃ ॥ ২৮ ॥
ইত্যুক্ত্বা[২] মৈথিলীং তত্র রাবণো লোকরাবণঃ।
সন্দিদেশ ততঃ সর্ব্বা রাক্ষসীর্ঘোরদর্শনাঃ[৩] ॥ ২৯ ॥
নানাপ্রহরণা ঘোরা নানারূপসমন্বিতাঃ[৪]।
মাংসশোণিতদিগ্ধাঙ্গীর্মেদোদিগ্ধকরাননাঃ ॥ ৩০ ॥
অনাশিতা অসন্তুষ্টাঃ সদা মাংসবসা[৫]প্রিয়াঃ।
নানারূপ[৬]সমুত্থানা নানাবেশ[৭]ধরাঃ সদা ॥ ৩১ ॥
[৮]আত্তমুদ্গরনিস্ত্রিংশশক্তি[৯]প্রাসপরশ্বধাঃ।
বিচিত্রমাল্যাভরণা রক্তমাল্যানুলেপনাঃ ॥ ৩২ ॥

২৮। গো-টী। অনয়েন অনীত্যা। অর্থহীনা প্রয়োজনশূন্যাম্। অননুব্রতাং মামননুব্রতং সংকল্পো যস্যাস্তাং, মামননুবর্ত্তমানাং বা।

তুমি অবিনয় (অর্থাৎ ঔদ্ধত্য) যুক্তা, [পাতিব্রত্য] ব্রতচারিণী [অতএব আমার] অপ্রয়োজনীয়া; সূর্য্য যেরূপ উদিত হইয়া সন্ধ্যা (অর্থাৎ উষা, অথবা সূর্য্যোদয়ের পূর্ববর্ত্তী উপাসনা)কে বিনষ্ট করে, আমিও আজ সেইরূপ তোমাকে নিহত করিতেছি ॥ ২৮ ॥

তারপর সর্ব্বলোকভয়াবহ রাবণ সীতাকে এই কথা বলিয়া তত্রত্য সমস্ত ভীষণকায় রাক্ষসীকে আদেশ করিল ॥ ২৯ ॥

তাহারা নানাবিধ-অস্ত্রধারিণী, নানাবিধ-আকৃতিযুক্ত ও ভয়াবহা, তাহাদের গাত্র মাংস ও শোণিতলিপ্ত, হস্ত ও মুখ মেদলিপ্ত ॥ ৩০ ॥

তাহারা অপরিতৃপ্ত, অসন্তুষ্ট, সর্ব্বদা মাংস ও বসাভিলাষিণী; তাহাদের নানাবিধ গতিভঙ্গী, তাহারা সর্ব্বদা নানা বেশ ধারণ করে ॥ ৩১ ॥

তাহারা মুদ্গর, খড়্গ, শক্তি, প্রাস ও পরশু প্রভৃতি অস্ত্র ধারণ করিয়াছে, তাহাদের মালা ও আভরণ বিচিত্র, তাহারা রক্তবর্ণ-মাল্যধারিণী ও রক্তবর্ণের অনুলেপনে অনুলিপ্তা ॥ ৩২ ॥

১। ঘ-ঙ '-নাভি-'। ২। ঙ-ঝ ব 'তদা'। ৩। খ '-লোচনাঃ'। ৪। খ '-মাবৃতাঃ'। ৫। খ '-মাসব-'। ৬। খ-ঙ '-মুৎপন্না'। ৭। গ-ঙ '-বাসসা'। ৮। খ 'অসি-'। ৯। ঙ-ঝ '-পাশ-'।

যথা মদ্বশগা সীতা ক্ষিপ্রং ভবতি জানকী[১]।
তথা কুরুত[২] রাক্ষস্যো নিঃশঙ্কং[৩] মম শাসনাৎ ॥ ৩৩ ॥
সামদানবিভেদৈশ্চ[৪] প্রতিলোমানুলোমতঃ[৫]।
আবর্ত্তয়ত বৈদেহীং বহুদণ্ডোদ্যমৈরপি[৭] ॥ ৩৪ ॥
ইতি প্রতিসমাদিশ্য রাক্ষসী রাক্ষসেশ্বরঃ।
কামমন্যুপরীতাত্মা জানকীং পর্য্যতর্জ্জয়ৎ[৮] ॥ ৩৫ ॥
উপগম্য ততস্তূর্ণং প্রিয়া মন্দোদরী তদা।
পরিষ্বজ্য[৯] দশগ্রীবমিদং বচনমব্রবীৎ[১০] ॥ ৩৬ ॥
ময়া ক্রীড় মহারাজ সীতয়া কিং করিষ্যসি[১১]।
অকামাং কামমানস্য[১২] শরীরং পরিপীড্যতে ॥ ৩৭ ॥

৩৪। গো টী। আবর্ত্তয়ত মদ্বশাং কুরুত। যদ্বা, রামান্নিবর্ত্তয়ত।
৩৫। গো টী। পর্য্যগচ্ছত পরি বর্জ্জয়িত্বা। 'পর্য্যবর্জ্জয়'দিতি বা পাঠঃ।
৩৭। গো-টী। শরীরং পরিপীড্যতে কর্ম্মকর্ত্তরি প্রয়োগঃ। তথা পরিপীড্যতে ইতি বা।

রাবণতর্জ্জনম্ ॥ ২৪ ॥

[রাবণ আদেশ করিল—] "রাক্ষসীগণ, জনকনন্দিনী সীতা যাহাতে সত্বর আমার বশবর্ত্তিনী হয়, আমার আদেশে নির্ভয়ে তাহা করিতে থাক ॥ ৩৩ ॥

প্রতিলোম ও অনুলোমভাবে সাম, দান ও ভেদ-প্রয়োগে এবং বহুদণ্ড-প্রদানে সীতাকে [রাম হইতে নিবৃত্ত করিয়া আমার প্রতি] আকৃষ্ট কর" ॥ ৩৪ ॥

রাক্ষসরাজ রাক্ষসীগণকে এই আদেশ করিয়া কাম ও ক্রোধে পরিব্যাপ্ত হইয়া সীতাকে পরিত্যাগ করিল (অর্থাৎ তথা হইতে প্রস্থান করিল) ॥ ৩৫ ॥

তার পর সেই সময়ে রাবণের পত্নী মন্দোদরী আসিয়া রাবণকে আলিঙ্গন করত এই কথা বলিল— ॥ ৩৬ ॥

"মহারাজ; আমার সহিত বিহার করুন, সীতাদ্বারা কি করিবেন, অকামা রমণীকে কামনা করিলে শরীর ক্লিষ্ট হয় [মাত্র] ॥ ৩৭ ॥

১। ঘ 'মৈথিলী'। ২। দ 'হত্তঃ'। ৩। ঘ-ঙ 'নির্ভয়ং'। ৪। ঙ '-নাদিভিশ্চৈব'। ৫। ঙ '-মান্তি-'। ৬। ঘ-ধ '-মকৈঃ'। ৭। ঘ 'দণ্ডোপক্ষমনেন চ', দ 'বাহু-'। ৮। ক '-বর্জ্জ-'। ৯। ঘ 'সমালিঙ্গ্য'। ১০। ঘ 'বাক্যমথাব্রবীৎ'। ১১। দ '-ক্রীড়'। ১২। ঙ-দ '-মানস্য'।

ইচ্ছন্তীং[1] কামমানস্য[2] রতির্ভবতি শোভনা।
প্রীতিমাহুস্তু বিদ্বাংসঃ কামস্য ফলমুত্তমম্ ॥ ৩৮ ॥
এবমুক্তো দশগ্রীবঃ প্রিয়য়া সোঽনুরূপয়া।
তপ্তকাঞ্চনবর্ণাভং প্রবিবেশ গৃহং[3] ততঃ[4] ॥ ৩৯ ॥
[5] দেবগন্ধর্ব্বকন্যাশ্চ নাগকন্যাশ্চ[6] তাস্তদা।
পরিবার্য্য দশগ্রীবং প্রাবিশন্ গৃহমুত্তমম্ ॥ ৪০ ॥
স মৈথিলীং ধর্ম্মপরাম[7]বস্থিতাং প্রবেপমানাং পরিতর্জ্জ্য রাবণঃ।
বিহায় সীতাং মদনেন মোহিতঃ স্বমেব[8] বেশ্ম প্রবিবেশ দুর্ম্মনাঃ ॥৪১॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে রাবণগর্জ্জনং
নাম চতুর্ব্বিংশতিতমঃ সর্গঃ ॥ ২৪ ॥

কামুকীর প্রতি কামনা করিলে রতিক্রিয়া উত্তম হয়, বিদ্বান্‌গণ সন্তোষকেই কামক্রীড়ার ফল বলিয়া থাকেন" ॥ ৩৮ ॥

তার পর অনুরূপা পত্নী এইরূপ বলিলে, সেই রাবণ [তাহার সহিত] তপ্ত-কাঞ্চনবর্ণ গৃহমধ্যে প্রবেশ করিল ॥ ৩৯ ॥

তখন সেই দেবকন্যা, নাগকন্যা ও গন্ধর্ব্বকন্যাগণ রাবণকে পরিবৃত করিয়া [সেই] উত্তম গৃহমধ্যে প্রবেশ করিলেন ॥ ৪০ ॥

সেই কামমোহিত রাবণ ধর্ম্মপরায়ণা অবস্থিতা মিথিলারাজ-নন্দিনী সীতাকে তর্জ্জনপূর্ব্বক পরিত্যাগ করিয়া দুঃখিত হইয়া স্বীয় [বিলাস-] ভবনেই প্রবেশ করিল ॥ ৪১ ॥

মহর্ষি বাল্মীকিপ্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে 'রাবণগর্জ্জন'
নামক ২৪শ সর্গ সমাপ্ত ॥ ২৪ ॥

১। খ-ধ '-ন্তীং'। ২। ক-ঙ '-মানস্থ'। ৩। ঘ 'গৃহোত্তমম্'। ৪। ঘ 'মুদা', গ 'তথা'। ৫। ক-পুস্তকে ইদং শ্লোকদ্বয়ং নাস্তি। ৬। গ 'স্তদা'। ৭। খ-ধ 'শোকপরা-'। ৮। ঘ 'স্বমেব'।

(২৫) পঞ্চবিংশতিতমঃ সর্গঃ

ইত্যুক্ত্বা মৈথিলীং রাজা রাবণো[1] লোকরাবণঃ।
সন্দিশ্য[2] চ ততঃ সর্ব্বা রাক্ষসীর্নির্জগাম হ ॥ ১ ॥
নির্যাতে[3] রাক্ষসেন্দ্রে তু পুনরন্তঃপুরং গতে।
রাক্ষস্যো ভীমরূপাস্তাঃ[4] সীতাং সমভিদুদ্রুবুঃ ॥ ২ ॥
ততঃ[5] প্রহস্য তাং সীতাং রাক্ষস্যো বিকৃতাননাঃ।
পরুষং পরুষানর্হামপ্রিয়ং বাক্যমব্রুবন্[6] ॥ ৩ ॥

সর্ব্বলোকভয়াবহ রাজা রাবণ সীতাকে এই কথা বলিয়া এবং তারপর সমস্ত রাক্ষসীকে [এইরূপ] আদেশ দিয়া [অশোক বন হইতে] নির্গত হইল ॥ ১ ॥

রাক্ষসরাজ বহির্গত হইয়া পুনরায় অন্তঃপুরে প্রবেশ করিলে সেই ভীমরূপা রাক্ষসীগণ সীতার নিকট উপস্থিত হইল ॥ ২ ॥

তারপরে বিকৃতবদনা রাক্ষসীগণ কর্কশ বাক্যের অযোগ্যা সেই সীতাকে অপ্রিয় কর্কশ বাক্য বলিতে লাগিল ॥ ৩ ॥

১। অস্য শ্লোকস্য স্থানে ক-পুস্তকে, দেবগন্ধর্ব্বকন্যাশ্চ নাগকন্যাশ্চ তাস্তদা। পরিবার্য্য দশগ্রীবং প্রাবিশন্ গৃহমুত্তমম্। ইত্যয়ং শ্লোকঃ। ২। ত 'হিত্বাঃ', প 'স তাঃ'। ৩। ছ-ত-প '-গতে'। ৪। ঘ-ত '-বিক্রান্তাঃ'। ৫। ঘ 'ততঃ সীতাং সমন্তাস্তাঃ গ্র-'। ৬। অতঃ পরং ত-প-দ-পুস্তকেষু ষোড়শ শ্লোকা অধিকাঃ দৃশ্যন্তে—ছ-ঘনন্তরং সর্গসমাপ্তিশ্চ দৃশ্যতে—'ততস্তাঃ সমুপাগম্য রাক্ষস্যঃ ক্রোধমূর্চ্ছিতাঃ। পরং পরুষয়া বাচা বৈদেহীমিদমব্রুবন্। পৌলস্ত্যানাং বরিষ্ঠস্য রাবণস্য মহাত্মনঃ। দশগ্রীবস্য ভার্য্যাত্বং সীতে ন বহু মন্যসে। ততস্ত্বেকজটা নাম রাক্ষসী বাক্যমব্রবীৎ। আমন্ত্র্য ক্রোধতাম্রাক্ষী সীতাং করতলোদরীম্। প্রজাপতীনাং ষণ্ণাং তু চতুর্থো যঃ প্রজাপতিঃ। মানসো ব্রহ্মণঃ পুত্রঃ পুলস্ত্য ইতি বিশ্রুতঃ। পুলস্ত্যস্য তু তেজস্বী মহর্ষির্মানসঃ সুতঃ। নাম্না তু বিশ্রবা নাম প্রজাপতিসমঃ প্রভুঃ। তস্য পুত্রো বিশালাক্ষো রাবণঃ শত্রুরাবণঃ। পুত্রাংকর্তা মায়ুৎপন্নশ্চতুর্থাৎ প্রপিতামহাৎ। তস্য রক্ষঃপতেঃ সা ত্বং ভার্য্যাত্বং কিং ন মন্যসে। ময়োক্তং চারুসর্ব্বাঙ্গি বাক্যং কিং নানুমন্যসে। ততোহনেকজটা নাম রাক্ষসী ঘোরদর্শনা। রক্তপিঙ্গেক্ষণা ক্রুদ্ধা মার্জ্জারসদৃশেক্ষণা। যেন দেবাস্ত্রয়স্ত্রিংশদ্দেবরাজশ্চ নির্জ্জিতঃ। তস্য রাক্ষসসিংহস্য ভার্য্যাত্বং নানুমন্যসে। বীর্য্যোৎসিক্তস্য শূরস্য সংগ্রামেষ্বনিবর্ত্তিনঃ। বলিনো বীর্য্যযুক্তস্য ভার্য্যাত্বং কিং ন মন্যসে। প্রিয়াং বহুমতাং ভার্য্যাং ত্যক্ত্বা রাজা মহাবলঃ। তস্য সর্ব্বসমৃদ্ধস্য রাবণস্য মহাত্মনঃ। কিমর্থং রাক্ষসেন্দ্রস্য ভার্য্যাত্বং নাভিমন্যসে। যদ্ভয়াৎ ন তপত্যর্কো ভীতো যস্মাচ্চ মারুতঃ। ন বাতি বায়ুর্যস্যাগ্রে তস্যাবং ন বিভেষি কিম্। পুষ্পবৃষ্টিং প্রমুঞ্চন্তি তরবো যস্য বৈ মহাদ্রুমাঃ। শৈলাশ্চ সুভ্রুপানীয়ং জলদাশ্চ যথেচ্ছয়া। তস্য নৈর্ঋতরাজস্য রাজরাজস্য ভামিনি। কিং ত্বং ন কুরুষে বুদ্ধিং ভার্য্যার্থে রাবণস্য হ ॥ সা ত্বমেতদ্ বচো দেবি ভাষিতং সাধুভাষিণি। গৃহাণ পুষ্পিতং বাক্যং মা তু মনসি তে ব্যথা ॥ সমরশিরসি যস্য প্রগবিবস্তবেঃ পিতৃপতিরপি তূর্ণং প্রাক্ পলায়িষ্ট মুক্তা। বিজিতসকললোকং রাবণং তং মহেশং কিমিতি ন বহুমানাদাশ্রয়স্যাশ্রয়াক্ষি ॥' ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে সীতাতর্জ্জনং নাম পঞ্চবিংশঃ সর্গঃ ॥ ২৫ ॥' ইতি।

কিন্ত্বমন্তঃপুরে সাতে [1]সর্ব্বকামসমন্বিতে ।
মহার্হশয়নোপেতে [2]নিবাসং নাভিনন্দসি ॥ ৪ ॥

[3]মনসা মানুষঞ্চৈব ভর্ত্তারং বহু মন্যসে ।
[4]নিবর্ত্তয় মতিং রামাৎ ত্বং [5]জাতু গমিষ্যসি ॥ ৫ ॥

কিন্ত্বমাবসথে রম্যে [6]নানারত্নবিভূষিতে ।
[7]সহ রাক্ষসরাজেন [8]রমসে নাদ্য মৈথিলি ॥ ৬ ॥

যেন [9]দেবাস্ত্রয়স্ত্রিংশৎ সুররাজশ্চ নির্জ্জিতঃ ।
তস্য [10]নৈর্ঋতরাজস্য [11]ভার্য্যার্থে কিং ন কল্পসে ॥ ৭ ॥

মানুষী মানুষং কিন্ত্বং রামমিচ্ছসি শোভনে ।
রাজ্যভ্রষ্টমসিদ্ধার্থং বিক্লবং হীনবান্ধবম্ ॥ ৮ ॥

রাক্ষসীনাং বচঃ শ্রুত্বা সীতা পদ্মনিভাননা ।
নেত্রাভ্যামশ্রুপূর্ণাভ্যামিদং বচনমব্রবীৎ ॥ ৯ ॥

৮। গো-টী। ন সিদ্ধো নিষ্পন্নোঽর্থো রাজ্যাভিষেকরূপো যস্য তম্। অতো বিক্লবং বিহ্বলম্।

৯। গো-টী। নেত্রাভ্যাং বিশিষ্টা।

হে সীতে, তুমি মহামূল্যশয্যাযুক্ত অন্তঃপুরমধ্যে বাস করা পছন্দ করিতেছ না কেন? ॥ ৪ ॥

এবং মনে মনে মনুষ্য স্বামীকে শ্রেষ্ঠ মনে করিতেছ কেন? মনকে রাম হইতে নিবৃত্ত কর, তুমি কখনও ফিরিয়া যাইবে না ॥ ৫ ॥

মৈথিলি, তুমি আজ নানারত্নবিভূষিত রমণীয় গৃহমধ্যে রাক্ষসরাজের সহিত বিহার করিতেছ না কেন? ॥ ৬ ॥

যিনি ৩৩ [কোটী] দেবতা ও দেবরাজ ইন্দ্রকে পরাভূত করিয়াছেন, সেই রাক্ষসরাজের ভার্য্যারূপে পরিগৃহীত হইতেছ না কেন? ॥ ৭ ॥

সুন্দরি, তুমি মানবী (অর্থাৎ রাক্ষসরাজ যে তোমাকে কামনা করিয়াছেন ইহা তোমার সৌভাগ্য); তুমি রাজ্যভ্রষ্ট বন্ধুহীন অকৃতকার্য্য শক্তিহীন মানুষ—রামকে কামনা করিতেছ কেন? ॥ ৮ ॥

১। ছ-ত-দ '-সমাবৃতে'। ২। ধ-প 'ন বাস-'। ৩। ন-প 'মানুষী মানুষস্যৈব পত্নীত্বং'। ৪। খ 'প্রত্যাহর মনো'। ৫। দ 'তত্র'। ৬। প 'নিত্যং লোকমনোরমে'। ৭। ঙ 'মহং'। ৮। ন-ঙ 'বসসে'। ৯। খ 'লোকা-'। ১০। ন-প 'রাক্ষস-'। ১১। ন-খ 'ভার্য্যাত্বং কিং ন মন্যসে'।

যদিদং লোকবিদ্বিষ্টমুদাহরথ দারুণম্ ।
ন তন্মনসি বাক্যং মে কিল্বিষং সংপ্রবর্ত্ততে ।[1]
দীনো বা রাজ্যহীনো বা যো মে ভর্ত্তা স মে গুরুঃ ॥ ১০ ॥
যথা[2] ভৃগুর্ম্মহাবীর্য্যঃ[3] স্বস্যাঃ পত্ন্যা মতোঽভবৎ ।
তথাঽশক্যঃ পরিত্যক্তুং[4] মমাসৌ দৈবতং পতিঃ ॥ ১১ ॥
সীতায়াস্তদ্বচঃ শ্রুত্বা রাক্ষস্যঃ ক্রোধমূর্চ্ছিতাঃ ।
ভর্[5]ৎসয়ন্তি স্ম বৈদেহীং ক্রূরৈর্ব্বাক্যৈস্ততস্ততঃ[6] ॥ ১২ ॥
অবলীনস্তু তদ্বাক্যং হনুমান্ শিংশপাদ্রুমে ।
সীতাং[7] সন্তর্জ্জয়ন্তীনাং রাক্ষসীনাং[8] স[9] শুশ্রুবে[10] ॥ ১৩ ॥

১০। লো-টী। ৩২ কিল্বিষং পাপং বাক্যম্ ।
১১। লো-টী। অশক্য ইতি চ্ছেদঃ।
১৩। লো-টী। অবলীনঃ বিলীনঃ।

রাক্ষসীদিগের কথা শুনিয়া পঙ্কজবদনা সীতাদেবী অশ্রুপূর্ণ নেত্রে এই কথা বলিলেন— ॥ ৯ ॥

[তোমরা] জগতের অপ্রীতিকর এই যাহা বলিতেছ, সেই নিদারুণ পাপ-বাক্য আমার হৃদয়ে স্থান পাইতেছে না ; দরিদ্র হউন অথবা রাজ্যভ্রষ্টই হউন, যিনি আমার স্বামী তিনি আমার গুরু ॥ ১০ ॥

মহাবলশালী ভৃগু যেমন স্বীয় পত্নীর সমাদর লাভ করিয়াছিলেন, সেইরূপ আমার সেই পতিদেবতা অপরিত্যাজ্য ॥ ১১ ॥

সীতার সেই কথা শুনিয়া রাক্ষসীগণ ক্রোধান্ধ হইয়া কর্কশ বাক্যে তাহাকে ভর্ৎসনা করিতে লাগিল ॥ ১২ ॥

সেই শিংশপাবৃক্ষে লুক্কায়িত হনূমান্ সীতার প্রতি তর্জ্জনকারিণী রাক্ষসী-গণের সেই বাক্য শুনিতে পাইলেন ॥ ১৩ ॥

১। অতঃ পরং ঘ-ঙ পুস্তকয়োঃ 'ন মানুষী রাক্ষসস্য ভার্য্যা ভবিতুমর্হতি। কামং খাদত মাং সর্ব্বা ন করিষ্যামি বো বচঃ' ইত্যধিকম্ । ২। ঙ 'গুরু-'। ৩। থ '-স্যাং পত্ন্যাং রতো-'। ৪। ঙ 'ময়া-'। ৫। ঙ 'তর্জ্জ-'। ৬। ঘ '-কৈঃ সমন্ততঃ'। ৭। ঘ-ঙ 'স তাং'। ৮। ঘ-থ 'শুশ্রুবে পবনাত্মজঃ'। ৯। ছ '-নাঞ্চ'। ১০। ঙ 'হি'।

তামতিক্রম্য সংরব্ধা[1] বেপমানাং সমন্ততঃ।

ভৃশং সংলিলিহুর্জ্জিহ্বাঃ প্রলম্বরদনচ্ছদাঃ[2] ॥ ১৪ ॥

ঊচুশ্চৈনাং সুসংরব্ধা গৃহীত্বাসিপরশ্বধান্[3]।

যদি নেচ্ছসি ভর্ত্তারং রাবণং বধ্যসে ধ্রুবম্ ॥ ১৫ ॥

সা ভর্ৎস্যমানা ঘোরাভী রাক্ষসীভির্ব্বরাঙ্গনা[4]।

সবাষ্পমপসর্পন্তী শিংশপাং তামুপাগমৎ[5] ॥ ১৬ ॥

ততস্তাং শিংশপাং সীতা রাক্ষসীভিরভিক্রুতা[6]।

অভিগম্য বিশালাক্ষী তস্থৌ শোকপরিপ্লুতা[7] ॥ ১৭ ॥

তাং কৃশাং দীনবদনাং মলিনাম্বরসংবৃতাম্[8]।

অত্রাসয়ন্ত[9] বৈদেহীং রাক্ষস্যস্তাঃ[10] সমন্ততঃ ॥ ১৮ ॥

১৪। লো-টী। প্রলম্বা দশনচ্ছদা ওষ্ঠা যাসাং তাঃ।

বিলম্বিত-ওষ্ঠশালিনী কুপিত-রাক্ষসীগণ কম্পিতা সীতাকে চতুর্দ্দিকে আক্রমণ করিয়া [নিজ নিজ] রসনা অত্যন্ত লেহন করিতে লাগিল ॥ ১৪ ॥

এবং অত্যন্ত কুপিত হইয়া খড়্গ ও পরশু [প্রভৃতি অস্ত্র] গ্রহণপূর্ব্বক বলিতে লাগিল—যদি রাবণকে পতিরূপে কামনা না কর, তবে নিশ্চয়ই তোমাকে হত্যা করিব ॥ ১৫ ॥

সেই সুন্দরী, ভীষণ-রাক্ষসীগণের ভর্ৎসনায় কাঁদিতে কাঁদিতে পলায়নপূর্ব্বক সেই শিংশপাবৃক্ষের নিকট উপস্থিত হইলেন ॥ ১৬ ॥

রাক্ষসীগণ তাঁহার অনুসরণ করিল, শোকার্ত্তা সীতা সেই শিংশপাবৃক্ষের নিকট উপস্থিত হইয়া অবস্থান করিতে লাগিলেন ॥ ১৭ ॥

চতুর্দ্দিকে সেই রাক্ষসীগণ সেই মলিনবসনা দীনবদনা কৃশাঙ্গী সীতাকে সন্ত্রাসিত করিতে লাগিল ॥ ১৮ ॥

১। ঙ-ধ '-ব্ধাং'। ২। ক '-বদন-', ছ-ঙ-দ '-দশন-'। ৩। ঘ-দ 'প্রগৃহ্যাশু'। ৪। ছ-ঙ-ধ '-বলা'। ৫। দ 'সমুপা-'। ৬। ছ '-ক্রম-'। ৭। ধ '-পরা সতী'। ৮। ধ '-সংবৃতাম্', দ '-বাসিনীম্'। ৯। ঙ 'অত্রা-'। ১০। ঘ-ধ '-সঙ্ঘাং', ছ '-সংঘ'।

ততস্তু বিনতা নাম রাক্ষসী ঘোরদর্শনা।
অব্রবীৎ কুপিতাকারা[1] করালা বিনতোদরী[2] ॥ ১৯ ॥
সীতে পর্য্যাপ্তমেতাবদ্ ভর্ত্তৃস্নেহনিদর্শনম্।
সর্ব্বত্রাতিকৃতং[3] ভদ্রে ব্যসনায়োপকল্পতে ॥ ২০ ॥
পরিতুষ্টাঽস্মি তে[4] ভদ্রে কর্ত্তব্যং মানুষং[5] কৃতম্।
মম চাপি[6] বচস্তথ্যং ব্রুবত্যাঃ[7] শৃণু মৈথিলি[8] ॥ ২১ ॥
রাবণং ভজ ভর্ত্তারং ভর্ত্তারং সর্ব্বরক্ষসাম্।
বিক্রান্তং রূপবন্তঞ্চ বীরমিন্দ্রসমং যুধি[9] ॥ ২২ ॥
দক্ষিণঞ্চার্য্যশীলঞ্চ[10] সর্ব্বস্য[11] প্রিয়বাদিনম্।
মানুষং কৃপণং রামং[12] ত্যক্ত্বা রাবণমাশ্রয়[13] ॥ ২৩ ॥

১৯। লো টী। কুপিতঃ কোপযুক্ত আকারঃ শরীরং যস্যাঃ সা। করালা ভয়ঙ্করা। নিঃশেষেণ নতং দেহলগ্নমুদরং যস্যাঃ সা।

২০। লো টী। নিদর্শনং দর্শনম্। সর্ব্বত্র কর্ম্মণি অতিকৃতমত্যন্তকরণং ব্যসনায় দুঃখায়।

তারপর বিনতানাম্নী নিম্নোদরী করালমূর্ত্তি কুরূপা রাক্ষসী ক্রুদ্ধপ্রায় হইয়া বলিতে লাগিল—॥ ১৯ ॥

সীতে, পতিস্নেহের এই পর্য্যন্ত নিদর্শন যথেষ্ট হইয়াছে [আর আবশ্যক নাই]; সব বিষয়ে বাড়াবাড়ি করা বিপদের হেতু হইয়া পড়ে ॥ ২০ ॥

ভদ্রে, আমি তোমার প্রতি সন্তুষ্ট হইয়াছি. মৈথিলি, তুমি মনুষ্যোচিত কর্ত্তব্য করিয়াছ; আমি বলিতেছি, আমার এই যথার্থ বাক্যও শ্রবণ কর ॥ ২১ ॥

যুদ্ধক্ষেত্রে ইন্দ্রের ন্যায় পরাক্রান্ত বীর ও রূপবান্ সমস্ত রাক্ষসের অধিপতি রাবণকে পতিরূপে ভজনা কর ॥ ২২ ॥

রাম দুর্দ্দশাগ্রস্ত মনুষ্য, তাহাকে পরিত্যাগ করিয়া সর্ব্বলোকের প্রিয়বাদী সৎস্বভাব অনুগত রাবণকে আশ্রয় কর ॥ ২৩ ॥

১। ত '-তাঃ ক্রুরাঃ'। ২। ক 'নির্ণ-'। ৩। ঘ-থ '-ত্র নিকৃতং', দ '-ত্রাবিকৃতং'। ৪। থ 'ভদ্রে তে'। ৫। দ '-সুখী'। ৬। ছ-ব 'মমাত্রাপি'। ৭। থ ছ '-বত্যাঃ'। ৮। ব 'জানকি'। ৯। ঘ 'রণে' ১০। থ '-ণং বীর্য্য-'। ১১। ঘ '-কারিণম্'। ১২। থ 'ত্যক্ত্বা রামং'। ১৩। দ 'রাক্ষস-'।

দিব্যাঙ্গরাগা বৈদেহি দিব্যাভরণভূ[১]ষিতা।
অদ্য প্রভৃতি লোকানাং[২] সর্ব্বেষামীশ্বরী ভব ॥ ২৪ ॥
অগ্নেঃ[৩] স্বাহা যথা পত্নী শক্রস্য চ যথা শচী।
উমা রুদ্রস্য[৪] দেবস্য সূর্য্যস্য চ সুবর্চ্চলা ॥ ২৫ ॥
দীক্ষা সোমস্য মহিষী লক্ষ্মীর্[৫]বিষ্ণোর্যশস্বিনী।
ব্রহ্মণো হ্রী[৬]র্যথা ভার্য্যা সন্ধ্যা পূষ্ণো বরাঙ্গনা[৭]।
এবং ত্বং রাক্ষসেন্দ্রস্য ভব[৮] পত্নী বরাননে[৯] ॥ ২৬ ॥
কিন্তে রামেণ সুভগে কৃপণেন[১০] গতায়ুষা।
রাবণং ভজ ভর্ত্তারং ত্বচ্চিত্তং ত্বৎপরায়ণম্ ॥ ২৭ ॥
এতদুক্তঞ্চ মে বাক্যং যদি[১১] ত্বং ন করিষ্যসি।
অস্মিন্ মুহূর্ত্তে সর্ব্বাস্ত্বাং[১২] ভক্ষয়িষ্যামহে বয়ম্[১৩] ॥ ২৮ ॥

২৪। গো-টী। দিব্যোঽঙ্গরাগশ্চন্দনগন্ধাদিলেপঃ সা।

বৈদেহি, তুমি বিচিত্র অঙ্গরাগে এবং মনোরম অলঙ্কারে ভূষিত হইয়া আজ হইতে সর্ব্বলোকের অধীশ্বরী হও ॥ ২৪ ॥

হে বরাননে, স্বাহা যেমন অগ্নির, শচী যেমন ইন্দ্রের এবং উমা যেমন রুদ্রদেবের পত্নী, দীক্ষা যেমন সোমের মহিষী, যশস্বিনী লক্ষ্মী যেমন বিষ্ণুর, হ্রী যেমন ব্রহ্মার এবং সুন্দরী সন্ধ্যা যেমন পূষার ভার্য্যা, তুমিও সেইরূপ রাক্ষসরাজের পত্নী হও ॥ ২৫—২৬ ॥

সুন্দরি, রাম তোমার কি করিবে? সে দুর্দ্দশাগ্রস্ত এবং মরণোন্মুখ; রাবণ তোমার অনুগত এবং তাঁহার চিত্ত তোমার প্রতি অনুরক্ত, তুমি তাঁহাকেই ভজনা কর ॥ ২৭ ॥

যদি তুমি আমার এই কথামত কার্য্য না কর, তবে এই মুহূর্ত্তেই আমরা সকলে তোমাকে ভক্ষণ করিব ॥ ২৮ ॥

১। খ '-ভূষিতা'। ২। খ-ঙ 'সর্ব্বেষাং লোকানা-', ঘ সর্ব্বেষাং ভূতানা-'। ৩। খ 'স্বাহা চাগ্নের-'। ৪। ঙ-খ 'দেবস্য রুদ্রস্য' ৫। খ-ছ-খ 'বিষ্ণোর্যশস্বিনী-'। ৬। ক 'বা ক্রিয়া', ঘ 'বাক্ প্রিয়া'। ৭। খ-ঙ-খ '-ননা'। ৮। ছ-ঙ-খ-ঘ 'যুক্তা'। ৯। ঘ '-ননা'। ১০। ঘ 'মানুষেণ'। ১১। ঘ 'নাঙ্গীকরি-'। ১২। খ 'ত্বা'। ১৩। খ 'অদ্য'।

অন্যা তু বিকটা[১] নাম রাক্ষসী ঘোর[২]দর্শনা।
অব্রবীৎ কুপিতাকারা মুষ্টি[৩]মুদ্যম্য গর্জ্জতী ॥ ২৯ ॥
বহূন্যপ্রতিরূপাণি বচনানি সহা[৪]মহে।
অনুক্রো[৫]শান্মৃদুত্বাচ্চ স্নে[৬]হাচ্চ তব জা[৭]নকি ॥ ৩০ ॥
তব হেতোর্ব্বয়ং বালে পরিক্লিশ্যামহে ভৃ[৮]শম্।
ইচ্ছ[৯] বা রাবণং[১০] সীতে[১১] নশ্য বা কিং চিরেণ তে[১২] ॥ ৩১ ॥
এতদুক্তঞ্চ মে বাক্যং যদি[১৩] ত্বং ন করিষ্যসি।
অস্মিন্ মুহূর্ত্তে সর্ব্বা[১৪]স্ত্বাং ভক্ষয়িষ্যন্ত্যসংশয়ম্ ॥ ৩২ ॥
ততো হয়মুখী[১৫] ঘোরা লম্বিতাস্যা নিশাচরী।
অব্রবীৎ কুপিতা[১৬] সীতাং[১৭] দীপ্তাস্যা দীপ্তলোচনা ॥ ৩৩ ॥

৩০। লো-টী। অনুক্রোশাৎ কৃপাতঃ।

বিকটা নামে অপর একটি ভীষণাকার রাক্ষসী কুপিতপ্রায় হইয়া মুষ্টি উত্তোলন পূর্ব্বক গর্জ্জন করিতে করিতে বলিতে লাগিল ॥ ২৯ ॥

জানকি, স্নেহ, দয়া ও কোমলতাবশে আমরা তোমার অনেক বিসদৃশ বাক্য সহ্য করিতেছি ॥ ৩০ ॥

বালিকে, তোমার জন্য আমরা অত্যন্ত ক্লেশ ভোগ করিতেছি। সীতে, তুমি হয় [অবিলম্বে] রাবণকে [পতিরূপে] কামনা কর, অথবা [আমাদের হস্তে] নিহত হও ॥ ৩১ ॥

যদি তুমি আমার এই কথা রক্ষা না কর, তবে এই মুহূর্ত্তেই সকলে তোমাকে ভক্ষণ করিবে, সন্দেহ নাই ॥ ৩২ ॥

তারপর লম্বিতবদনা হয়মুখীনাম্নী ভীষণ রাক্ষসী ক্রোধোদ্দীপ্তনেত্রে সীতাকে বলিতে লাগিল ॥ ৩৩ ॥

১। থ 'ঘোরা'। ২। ঘ 'ভীম-'। ৩। অত্র চতুর্থপাদে ঘ-ছ-থ-দ-পুস্তকেষু 'দীপ্তাস্যা দীপ্তলোচনা। জানকীং কুপিতাকারা ('-তা বাক্যং' দ) মুষ্টিমুদ্যম্য গর্জ্জতী ('তর্জ্জতী' ছ, 'গর্জ্জতীং' থ)' ইত্যেতাবান্ পাঠঃ। ৪। ঘ-থ '-মি তে'। ৫। দ '-স্মহত্ত্বাচ্চ'। ৬। ঘ 'সৌহার্দ্দাত্তব'। ৭। ঘ 'মৈথিলি'। ৮। ছ 'ধ্রুবম্', ত 'সদা'। ৯। ঘ-ত-থ 'ত্বং'। ১০। ছ 'ভদ্রে'। ১১। ছ-ত-থ 'নেচ্ছ'। ১২। ঘ 'হি'। ১৩। থ 'যদিদং'। ১৪। ছ-থ 'ভক্ষয়িষ্যামহে বয়ম্', থ 'ভক্ষামো নাত্র সংশয়ঃ'। ১৫। ঘ 'নাম'। ১৬। ঘ-থ '-তাকারা দী-'। ১৭। ত 'ভীতাং'।

অনুনীতা ত্বমস্মাভিশ্চিরং[1] সান্ত্বেন[2] মৈথিলি।
ন চ নঃ কুরুষে বাক্যং হিতং কালপরি[3]ষ্কৃত[4]ম্ ॥ ৩৪ ॥
আনীতাসি সমুদ্রস্য পারমন্যৈর্দুরাসদম্[5]।
[6]রাবণা[7]ন্তঃপুরং ঘোরং প্রবিষ্টাসি চ মৈথিলি[8] ॥ ৩৫ ॥
অলমশ্রুপ্রপাতেন ত্যজ শোকং[9] নিরর্থকম্।
রাবণান্তঃপুরে রুদ্ধামস্মাভিশ্চ সুরক্ষিতাম্।
ন ত্বাং শক্তঃ পরিত্রাতুমপি দেবঃ পুরন্দরঃ[10] ॥ ৩৬ ॥
কুরুষ হিতবাদিন্যা বচনং মম মৈথিলি[11]।
ভজ প্রীতিঞ্চ হর্ষঞ্চ ত্যজৈ[12]তাং নিত্যদীনতাম্।
সীতে রাক্ষসরাজেন সহ ক্রীড় যথাসুখম্[13] ॥ ৩৭ ॥

৩৪। লো-টী। পুরা পূর্ব্বম্। 'পর'মিতি ক্বচিৎ পাঠঃ। কালপরিষ্কৃতমেতৎ কালযোগ্যম্।

মৈথিলি, আমরা তোমাকে দীর্ঘকাল মধুর বাক্যে অনুনয় করিয়াছি, তুমি কিন্তু আমাদের কালোপযোগী হিতবাক্য শ্রবণ করিতেছ না ॥ ৩৪ ॥

মৈথিলি, তুমি অন্যের দুর্গম সমুদ্রপারে আনীত হইয়াছ এবং ভয়াবহ রাবণের অন্তঃপুরে প্রবিষ্ট হইয়াছ ॥ ৩৫ ॥

অশ্রুপাত করিও না, নিরর্থক শোক পরিত্যাগ কর. তুমি রাবণের অন্তঃপুরে অবরুদ্ধ হইয়াছ, আমরা তোমাকে রক্ষা করিতেছি, ইন্দ্রদেবও তোমাকে উদ্ধার করিতে পারিবেন না ॥ ৩৬ ॥

মিথিলারাজনন্দিনি সীতে, আমি তোমার হিতকর বাক্য বলিতেছি, আমার কথা রক্ষা কর; তুমি সন্তুষ্ট ও আনন্দিত হও, এই নিয়তবিষণ্ণতা পরিত্যাগ কর এবং রাক্ষসরাজ রাবণের সহিত আনন্দে বিহার করিতে থাক ॥ ৩৭ ॥

১। ঙ-ছ-ঝ '-ভিঃ পরং'। ২। 'জানকি'। ৩। ঙ 'কালে পরি-'। ৪। ঝ '-পুর-'। ৫। ঙ-ছ-ঝ '-পদম্'। ৬। খ-পুস্তকে শ্লোকার্দ্ধং নাস্তি। ৭। ঝ '-শাকরোধং'। ৮। ঝ 'জানকি'। ৯। ঙ-ছ-ঝ '-কমনর্থ-'। ১০। ঝ 'সবাসবঃ'। ১১। ঝ 'জানকি'। ১২। ঝ 'জহি ত্বং'। ১৩। ঝ '-সুখম্'।

[১]ন জানাসি যথা [২]ভীরু স্ত্রিয়া [৩]যৌবনমধ্রুবম্ ।
[৪]যাবন্ন তদ্ব্যতিক্রামেৎ তাবৎ [৫]সুখমবাপ্নুহি ॥ ৩৮ ॥
[৬]উদ্যানানি চ রম্যাণি পর্ব্বতোপবনানি চ ।
সহ রাক্ষসরাজেন ভ্রম ত্বং মদিরোৎকটা ॥ ৩৯ ॥
[৭]স্ত্রীসহস্রাণি তে সপ্ত বশে [৮]স্থাস্যন্তি মৈথিলি ।
রাবণং ভজ ভর্ত্তারং ভর্ত্তারং [৯]সর্ব্বরক্ষসাম্ [১০]॥ ৪০ ॥
উৎপাট্য বা তে হৃদয়ং ভক্ষয়িষ্যামহে বয়ম্ ।
যদি মে ব্যাহৃতং বাক্যং [১১]যথাবন্ন করিষ্যসি ॥ ৪১ ॥
ততো [১২]বজ্রোদরী নাম রাক্ষসী ঘোরদর্শনা ।
ভ্রাময়ন্তী মহচ্ছূলমিদং বচনমব্রবীৎ ॥ ৪২ ॥
ইমাং হরিণলোলাক্ষীং [১৩]ত্রাসোৎকম্পিপয়োধরাম্ ।
রাবণেন হৃতাং দৃষ্ট্বা [১৪]মমাভূদ্দোহদো মহান্ ॥ ৪৩ ॥

৩৯। গো-টী। মদিরোৎকটা মদিরয়া যৌবনমদেন উৎকটা মত্তা, 'উৎকটস্তীব্রমত্তয়ো'-রিতি কোষঃ।

সুন্দরি, তুমি জান না যে, স্ত্রীলোকের যৌবন অস্থায়ী ; যতদিন তাহা অতীত না হয়, ততদিন সুখভোগ কর ॥ ৩৮ ॥

তুমি মদ্যপানে মত্ত হইয়া রাক্ষসরাজের সহিত রমণীয় উদ্যান এবং পর্ব্বতের উপবনসমূহে বিহার কর ॥ ৩৯ ॥

মৈথিলি, তুমি সমস্ত রাক্ষসের অধিপতি রাবণকে পতিরূপে ভজনা কর, সাত হাজার রমণী তোমার অধীনে থাকিবে ॥ ৪০ ॥

আর যদি আমার কথা যথাযথভাবে রক্ষা না কর, তবে আমরা তোমার হৃদয় (হৃৎপিণ্ড) উৎপাটিত করিয়া ভক্ষণ করিব ॥ ৪১ ॥

তারপর বজ্রোদরী নামে ভীষণকায়া এক রাক্ষসী বৃহৎ শূল ভ্রামিত করিতে করিতে এই কথা বলিতে লাগিল ॥ ৪২ ॥

এই হরিণের ন্যায় চটুল-লোচনা ভয়কম্পিত-স্তনশালিনী রমণীকে রাবণ হরণ করিয়া আনিয়াছেন দেখিয়া আমার খুব লোভ হইয়াছিল ॥ ৪৩ ॥

১। ছ-ত-থ 'জানাসি চ'। ২। ঘ 'বালে'। ৩। দ '-মস্থিরম্'। ৪। ঘ-ছ যাবত্তন্ন বাতি-'। ৫। ঘ 'শান্তি-'। ৬। ঘ 'মনোজ্ঞানি'। ৭। ছ 'স্ত্রীণাং সপ্তসহস্রাণি বশে'। ৮। ঘ 'জানকি'। ৯। ঘ 'রক্ষসাং সদা'। ১০। অতঃপরং দ-পুস্তকে 'এতদুক্তং ময়া বাক্যং যদি ত্বং ন করিষ্যসি' ইত্যধিকম্। ১১। ঘ-থ 'ত্বং বৃথা ন'। ১২। ত-দ 'বজ্রো-'। ১৩। ধ-ছ-দ '-কম্পা-'। ১৪। ছ-থ-দ '-দাদয়ো'।

যকৃৎপিণ্ডমথো ক্রোড়ং হৃদয়ং রসবন্ধনম্[১]।
অন্ত্রাণি[২] চ তথা শীর্ষং স্বাদেয়[৩]মিতি মে মতিঃ ॥ ৪৪ ॥

পুনর্ব্বৈ[৪] বিকটা নাম রাক্ষসী বাক্যমব্রবীৎ।
কণ্ঠমস্যা[৫] নিপীড্যৈব মৃতেতি[৬] প্রতিবেদ্যতাম্[৭] ॥ ৪৫ ॥

দৃষ্ট্বা হ্যেতাং[৮] নিরুচ্ছ্বাসাং বৈবস্বতবশং গতাম্।
ভক্ষ্যতামিতি সুব্যক্তং প্রভুরাজ্ঞাপয়িষ্যতি ॥ ৪৬ ॥

ততস্ত্বজমুখী[৯] নাম রাক্ষসী প্রত্যুবাচ তাম্।
বিভজাম[১০] বয়ং সর্ব্বা বিবাদো মে ন রোচতে ॥ ৪৭ ॥

ততঃ শূর্পণখা নাম রাক্ষসী বাক্যমব্রবীৎ।
অজমুখ্যা[১১] যদেবোক্তং তদেব মম রোচতে ॥ ৪৮ ॥

৪৪। লো-টী। যকৃদ্দেহান্তরঙ্গবিশেষম্, পিণ্ডং দেহম্, ক্রোড়ং বক্ষঃ। রসেন বধ্নাতীতি রসবন্ধনম্। 'ক্রোড়ঃ শনৌ শূকরে না ন পুমানঙ্কবক্ষসো'রিতি মেদিনী। 'হৃদয়ঞ্চ সবন্ধন'মিতি পাঠে নর্ম্মবন্ধনসহিতম্।

৪৭। লো-টী। বিভজামঃ ভক্ষণার্থং বিভাগং কুর্মঃ।

[ইহার] যকৃৎপিণ্ড ক্রোড়দেশ, রসাল হৃৎপিণ্ড, অন্ত্রসমূহ এবং মস্তক আস্বাদন করিব, আমার এই অভিলাষ ॥ ৪৪ ॥

বিকটা নামে রাক্ষসী পুনরায় বলিতে লাগিল—"ইহার গলা টিপিয়া 'মরিয়া গিয়াছে' বলিয়া জানাইয়া দাও ॥ ৪৫ ॥

ইহাকে শ্বাসহীন এবং মৃত্যুমুখে পতিত দেখিয়া রাজা নিশ্চয়ই 'খাইয়া ফেল' বলিয়া আদেশ দান করিবেন" ॥ ৪৬ ॥

তারপর অজমুখী নামে রাক্ষসী প্রত্যুত্তরে তাহাকে বলিল—"আমরা সকলেই ভাগ করিয়া লইব, আমার ঝগড়া ভাল লাগে না" ॥ ৪৭ ॥

তারপর রাক্ষসী শূর্পণখা বলিল—"অজমুখী যাহা বলিয়াছে আমার তাহাই ভাল লাগে ॥ ৪৮ ॥

১। ছ-ঙ-ণ '-হৃচ্চ সবন্ধনম্', ব '-হৃচ্চ সবন্ধুরম্'। ২। দ-গ '-ণ্যস্যাঃ শিরশ্চৈব খাদয়ামি-'। ৩। ছ-ঙ-ণ 'খাদেয়-'। ৪। ঘ-ধ 'পুনস্তু', চ 'ততস্তু প্রঘসা'। ৫। গ 'মুণ্ডমস্যাঃ পীড়য়ামি কিমেতয়া'। ৬। ছ-দ 'প্রমৃতেতি নিবে-'। ৭। অতঃপরং ঘ-গ-পুস্তকয়োঃ 'নিবেদ্যতাং ততো রাজ্ঞে মানুষীয়ং মৃতেতি হি। অত্র কশ্চিন্ন সন্দেহঃ খাদতেত্যেব বক্ষ্যতি' ইতি শ্লোকোঽধিকঃ। ৮। ঙ 'চৈনাং'। ৯। দ-গ '-মুখী-'। ১০। ছ-ঙ-ণ '-জামো'। ১১। ঘ-ধ 'অমুখ্যা চ'।

[১]সুরা চানীয়তাং [২]ক্ষিপ্রং মাল্যং চ বিবিধং [৩]বহু।
মানুষং মাংসমাস্বাদ্য [৪]প্রনৃত্যাম নিকুম্ভিলে ॥ ৪৯ ॥
উচ্যমানৈবমস্মাভিঃ করোতি বচনং ন [৫]চেৎ।
তস্মাদেনাম[৬]বষ্টভ্য খাদাম সহিতা বয়ম্ ॥ ৫০ ॥
এবং নির্ভৎর্স্যমানা সা সীতা [৭]সুরসুতোপমা।
রাক্ষসীভিঃ সুঘোরাভির্ধৈর্য্যং ত্যক্ত্বা রুরোদ [৮]হ ॥ ৫১ ॥
[৯]তথা তাসাং বদন্তীনাং [১০]পরুষং দারুণং বহু।
রাক্ষসীনামসৌম্যানাং রুরোদ জনকাত্মজা ॥ ৫২ ॥
বিপুলৌ স্নপয়ন্তী সা স্তনৌ [১১]নেত্রজলস্রবৈঃ।
চিন্ত[১২]য়ন্তী চ শোকস্য [১৩]তস্যান্তং নাধিগচ্ছতি ॥ ৫৩ ॥

৪৯। লো-টী। নিকুম্ভিলে স্থানবিশেষে।
৫০। লো-টী। অবষ্টভ্য ছিত্ত্বা খণ্ডখণ্ডং কৃত্বা।
৫৩। লো-টী। নেত্রজলস্রবৈঃ নেত্রজলস্রবণৈঃ।

নিকুম্ভিলে, সত্বর মদ্য এবং নানা রকমের প্রচুর মালা আনয়ন কর। আমরা মানুষের মাংস খাইয়া নৃত্য করিব ॥ ৪৯ ॥

আমরা এইরূপ বলিতেছি, আমাদের কথা যদি রক্ষা না করে, তবে আমরা সকলে ইহাকে আক্রমণ করিয়া ভোজন করিব" ॥ ৫০ ॥

দেবকন্যাসদৃশী সেই সীতা ভীষণ রাক্ষসীগণের এইরূপ ভর্ৎসনায় অধীর হইয়া রোদন করিতে লাগিলেন ॥ ৫১ ॥

সেই বিকটাকার রাক্ষসীগণ সেইরূপ বিস্তর কর্কশ ও নিষ্ঠুর বাক্য বলিতে লাগিল এবং জনকনন্দিনী সীতা রোদন করিতে লাগিলেন ॥ ৫২ ॥

তাঁহার বিশাল স্তনদ্বয় অশ্রুপাতে আপ্লুত হইতে লাগিল, তিনি চিন্তা করিয়াও সেই শোকের অন্ত পাইলেন না ॥ ৫৩ ॥

১। ঘ 'মদ্যং'। ২। ঘ 'শীঘ্রং'। ৩। থ 'কুরু'। ৪। থ 'নিধামশ্চ নিকুম্ভিলায়্', বিভূপামো'। ৫। ছ-থ 'যৎ'। ৬। ঘ-ছ 'খাদামঃ'। ৭। ঘ 'দেবসু-'। ৮। থ 'চ'। ৯। ঘ 'তথৈ-'। ১০। ঘ 'সুঘোরং। ১১। দ 'বাষ্পপরিস্রবৈঃ'। ১২। দ '-ন্তীব'। ১৩। ছ-থ-দ 'নাধ্যগচ্ছত'।

সর্ব্বোপায়ৈরুপক্রম্য সীতাং তাং রাবণস্ত্রিয়ঃ[১]।
তূষ্ণীং বভূবুর্যুগপৎ কৃত্বাজ্ঞাং ভর্ত্তুরাদৃতাঃ[২] ॥ ৫৪ ॥
[৩]রাক্ষসীনাং বিরূপাণাং শ্রুত্বা বাচঃ সুদারুণাঃ।
অব্রবীদ্ ভয়সংবিগ্না সীতা বাষ্পোত্তরং বচঃ ॥ ৫৫ ॥
নূনং শরীরং মম পাপকর্ম্মা শস্ত্রৈঃ শিতৈশ্ছেৎস্যতি রাক্ষসেন্দ্রঃ।
তস্মিন্ননাগচ্ছতি লোকনাথে গর্ভান্ বিনষ্টানিব শল্যহর্ত্তা[৪] ॥ ৫৬ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে রাক্ষসীতর্জ্জনং
নাম পঞ্চবিংশতিতমঃ সর্গঃ ॥ ২৫ ॥

৫৪। লো-টী। রাবণায় রাবণার্থং সর্ব্বোপায়ৈরুপক্রম্য রাবণবশগাঃ কর্ত্তুমশক্তা।
৫৬। লো-টী। শল্যহর্ত্তা অন্তঃপ্রবিষ্টস্য শল্যস্য দেহান্নিঃসারয়িতা, স যথা গর্ভানত্তি।

রাক্ষসীতর্জ্জনম্ ॥ ২৫ ॥

রাবণ-রমণীগণ সেই সীতাকে সমস্ত উপায়ে আয়ত্ত করিতে চেষ্টা করিয়া প্রভুর আদেশ সাদরে পালনপূর্ব্বক সকলেই একসঙ্গে নীরব হইল ॥ ৫৪ ॥

সীতা বিকটাকার রাক্ষসীগণের নিদারুণ বাক্য শ্রবণ করিয়া ভয়ে উদ্বিগ্ন হইয়া বাষ্পপূর্ণবাক্যে বলিতে লাগিলেন—॥ ৫৫ ॥

পৃথিবীর অধীশ্বর রামচন্দ্র আগমন না করিলে, নিশ্চয়ই শল্য-উদ্ধারকারী যেমন গর্ভ বিনাশ করে সেইরূপ পাপকর্ম্মা রাবণ শাণিত অস্ত্রে আমার শরীর খণ্ড খণ্ড করিবে ॥ ৫৬।

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে রাক্ষসীতর্জ্জন-নামক
২৫শ সর্গ সমাপ্ত ॥ ২৫ ॥

১। ঙ-খ '-পায় তাঃ'। ২। ঘ-থ '-য়াহিতাম্'। ৩। ক-পুস্তকে ইমৌ শ্লোকৌ ন স্তঃ। ৪। 'খ '-হন্তা'।

(২৬) ষড়্‌বিংশতিতমঃ সর্গঃ

[১] শ্রুত্বা তদ্বেপমানা সা প্রবাতে কদলী যথা।
রাক্ষসীনাং ভয়াত্তত্র বিবর্ণবদনাঽভবৎ ॥ ১ ॥
তস্যাঃ সুবিপুলা দীর্ঘা বেপন্ত্যাঃ পরমস্ত্রিয়াঃ।
দৃশ্যতে কম্পিতা বেণী ব্যালীব পরিবর্ত্তিনী ॥ ২ ॥
এবমুক্তা তু বৈদেহী রাক্ষসীভির্ম্মনস্বিনী[২]।
উবাচ পরমত্রস্তা বাষ্পগদ্‌গদয়া গিরা ॥ ৩ ॥
ন মানুষী রাক্ষসস্য ভার্য্যা ভবিতুমর্হতি[৩]।
কামং খাদত মাং সর্ব্বা ন করিষ্যামি বো বচঃ ॥ ৪ ॥
[৪] নিঃশ্বসন্তী সুদুঃখার্ত্তা দুঃখোপহতচেতনা।
আর্ত্তা ব্যসৃজদশ্রূণি মৈথিলী বিললাপ চ[৫] ॥ ৫ ॥

[লো-টী] পরিবর্ত্তিনাং ধূলিষু পরিবর্ত্তনং লোটনং কুর্ব্বতাম্।
৫। লো-টী। আর্ত্তা তাভিঃ পীড়িতা।

সীতা তাহা শুনিয়া রাক্ষসীগণের ভয়ে বাত্যাপূর্ণ-প্রদেশস্থ কদলীতরুর ন্যায় কাঁপিতে লাগিলেন। তাঁহার বদন বিবর্ণ হইল ॥ ১ ॥

সেই কম্পিতা সুন্দরীর বিলুণ্ঠিত বিপুল দীর্ঘ বেণী কম্পিতা ভুজঙ্গীর ন্যায় দেখাইতেছিল ॥ ২ ॥

রাক্ষসীগণ এইরূপ বলিলে মনস্বিনী বিদেহরাজ-নন্দিনী সীতা অত্যন্ত ভীত হইয়া বাষ্পগদ্‌গদস্বরে বলিলেন—॥ ৩ ॥

মানবী কখনও রাক্ষসের ভার্য্যা হইতে পারে না। তোমরা সকলে আমাকে খাইয়া ফেল, তাহাও ভাল, আমি তোমাদের কথা রক্ষা করিব না ॥ ৪ ॥

মৈথিলী অতি দুঃখে কাতর এবং অচেতন হইয়া বিলাপ এবং অশ্রুমোচন করিতে লাগিলেন ॥ ৫ ॥

১। ঘ-ছ 'প্রাপতদ্-', দ 'পতিতা বে-'। ২। ঘ '-যশস্বি-', দ '-রভিক্রন্তা'। ৩। ঘ '-মিচ্ছতি'। ৪। ঘ-ণ '-স্যাতিদুঃ-', দ '-ন্তী চ দুঃ-'। ৫। ঘ 'হ'।

লোকপ্রবাদঃ সত্যোঽয়ং পণ্ডিতৈরুপলক্ষিতঃ[১]।

* অকালে দুর্ল্লভো মৃত্যুঃ স্ত্রিয়া বা পুরুষেণ বা[২] ॥ ৬ ॥

যদাহমা[৩]ভিঃ ক্রূরাভী[৪] রাক্ষসীভিরভিদ্রুতা।

জীবামি পতিহীনা চ মুহূর্ত্তমপি[৫] দুঃখিতা ॥ ৭ ॥

সা[৬] রাক্ষসীমধ্যগতা সীতা সুরসুতোপমা।

ন[৭] শর্ম[৮] তত্রালভত রাঘবেণ[৯] বিনাকৃতা[১০] ॥ ৮ ॥

স্বগাত্রং প্রবিশন্তীব সা[১১] চাবেপত[১২] মৈথিলী[১৩]।

বনে যূথপরিভ্রষ্টা মৃগী কোকৈরিবাদ্দিতা[১৪] ॥ ৯ ॥

সা ত্বশোকস্য বিপুলাং শাখামালম্ব্য পুষ্পিতাম্।

চিন্তয়ামাস শোকার্ত্তা ভর্ত্তারং গতমানসা[১৫] ॥ ১০ ॥

৬। লো-টী। উপলক্ষিতো দৃষ্টঃ।
৭। লো-টী। যদা যস্মাৎ।
৯। লো-টী। কোকৈর্ব্যাঘ্রবিশেষৈঃ।

এই লোকপ্রবাদ সত্য, পণ্ডিতগণ ইহা লক্ষ্য করিয়াছেন, 'স্ত্রীই হউক অথবা পুরুষই হউক অকালে মৃত্যু দুর্ল্লভ' ॥ ৬ ॥

যেহেতু, আমি এই ক্রূর-রাক্ষসীবৃন্দে পরিবেষ্টিত, দুঃখিত এবং পতিবিরহিত হইয়া মুহূর্ত্ত কালও বাঁচিয়া আছি ॥ ৭ ॥

সেই দেবকন্যাসদৃশী সীতা রামবিরহিতা এবং রাক্ষসীগণের মধ্যবর্ত্তিনী হইয়া সেখানে শান্তি লাভ করিতে পারিলেন না ॥ ৮ ॥

তিনি অরণ্যমধ্যে ব্যাঘ্রাক্রান্তা হরিণীর ন্যায় কাঁপিতে কাঁপিতে যেন নিজ গাত্রেই প্রবিষ্ট হইতেছিলেন ॥ ৯ ॥

শোকার্ত্তা সীতা অশোকবৃক্ষের একটি বিশাল পুষ্পিত শাখা ধারণ করিয়া তদ্গতচিত্তে স্বামীর চিন্তা করিতে লাগিলেন ॥ ১০ ॥

১। ধ-রুপলক্ষিতঃ'। ২। চ-ধ-ঞ '-বঞ্চ'। ৩। চ-ত 'যদাহং-', ধ 'যদাহ-'। ৪। ছ 'কৃষ্ণাভী'। ৫। ঘ 'জীবিত্বা'। ৬। ঞ 'রাক্ষসীনাং মধ্য-'। ৭। ত 'ন তত্র শর্ম্মালভত'। ৮। ঞ 'শর্ম্ম'। ৯। চ-ধ-ঞ 'রাঘবেন চ বর্জ্জিতা'। ১০। ঘ 'বিনা-'। ১১। ধ 'প্রাবেপত চ'। ১২। ধ-ছ 'প্রাবেপত', ত '-বেপত চ', ধ '-ব্যবেপত'। ১৩। 'জানকী'। ১৪। ছ 'ব্যাঘ্রৈর্বিবর্দ্ধিতা', ধ 'লোকেরভিদিতা', ঘ 'কাকৈরিবা-'। ১৫। ঘ 'স্বগতা চ সা'।

হা রাম ইতি শোকার্ত্তা হা পুনর্ল্লক্ষ্মণেতি চ।
হা শ্বশ্রু[১] মম কৌশল্যে সুমিত্রে চৈব ভাবিনি[২] ॥ ১১ ॥
এষাহল্পপুণ্যা কৃপণা বিলপামি[৩] যথাসুখম্।
সমুদ্রমধ্যে নৌঃ পূর্ণা তাড়িতা মারুতৈর্যথা[৪] ॥ ১২ ॥
ভর্ত্তারং তমপশ্যন্তী পশ্যন্তী রাক্ষসীগণম্[৫]।
সীদামি খলু শোকেন[৬] কূলং[৭] তোয়হতং যথা ॥ ১৩ ॥
তং পদ্মদলরক্তাক্ষং সিংহবিক্রমশালিনম্[৮]।
ধন্যাঃ পশ্যন্তি কাকুৎস্থং কৃতজ্ঞং প্রিয়বাদিনম্[৯] ॥ ১৪ ॥
সর্ব্বথা তেন হীনায়া রামেণ বিদিতাত্মনা।
তীক্ষ্ণং বিষমিবাসাদ্য[১০] দুর্ল্লভং[১১] জীবিতং[১২] মম ॥ ১৫ ॥
কীদৃশং তু[১৩] ময়া পাপং পুরা দেহান্তরে কৃতম্।
যদয়ং প্রাপ্যতে শোকো ময়া ঘোরা[১৪] চ যাতনা ॥ ১৬ ॥

১২। লো-টী। যথাসুখম্, অসুখমিত্যাকারো বোধ্যঃ।
১৫। লো-টী। আসাদ্য প্রাপ্য ভুক্তেত্যর্থঃ। 'আস্বাদ্যে'তি চ পাঠঃ।

তিনি শোকার্ত্তা হইয়া 'হা রাম', 'হা লক্ষ্মণ', 'হা শ্বশ্রু কৌশল্যে' 'হা সুমিত্রে' এই অভাগিনী অল্পপুণ্যা আমি যথেচ্ছভাবে বিলাপ করিতেছি। সমুদ্রমধ্যবর্ত্তিনী বায়ুচালিত পরিপূর্ণ নৌকার ন্যায় [আমি অচিরেই বিনষ্ট হইব] ॥ ১১—১২ ॥

আমি স্বামী রামচন্দ্রকে না দেখিয়া রাক্ষসীগণকে দেখিতে দেখিতে শোক-ভারে সলিলাহত তীরের ন্যায় অবসন্ন হইয়া পড়িতেছি ॥ ১৩ ॥

সেই পদ্মপলাশের ন্যায় রমণীয়নয়নশালী, সিংহের ন্যায় পরাক্রান্ত কৃতজ্ঞ ও প্রিয়বাদী রামচন্দ্রকে যাঁহারা দেখিতে পাইতেছেন, তাঁহারাই ধন্য ॥ ১৪ ॥

তীব্র-বিষভোজনে যেমন জীবনের আশা থাকে না, সর্ব্বপ্রকারে সেই আত্মজ্ঞ রামচন্দ্রের বিরহে আমারও সেইরূপ জীবনের আশা নাই ॥ ১৫ ॥

১। ক 'শ্বশ্রূর্মম'। ২। ঘ-ত 'মানিনি'। ৩। থ-ত 'বিনশ্যামি', ছ 'বিনশ্যামি', ঘ 'বিনশ্যামি যথাগৃহম্'। ৪। ছ-ত-দ '-রিব'। ৫। থ '-ফলম্'। ৬। ঘ-ত 'দুঃখেন'। ৭। দ 'নদীকূলং হতং'। ৮। ছ-থ-দ '-গামিনম্'। ৯। ঘ '-ভাষিণম্'। ১০। ছ '-স্বাদ্য'। ১১। দ 'জীবিতং দুর্ল্লভং'। ১২। ঘ 'জীবনং'। ১৩। থ 'হি'। ১৪। ঘ '-রা যথা চ'।

জীবিতং[১] ত্যক্তুমিচ্ছামি শোকেন মহতা বৃতা।
ময়া নাবাপ্যতে কামো[২] রাক্ষসীকৃতরক্ষয়া[৩] ॥ ১৭ ॥

ধিগস্তু খলু মানুষ্যং ধিগস্তু পরবশ্যতাম্।
যন্ন শক্যং পরিত্যক্তুমাত্মচ্ছন্দেন জীবিতম্[৪]।
যস্মাদপারে দুঃখে[৫] মাং প্রাপ্তাং নয়তি নান্তকঃ ॥ ১৮ ॥

প্রসক্তাশ্রুমুখীত্যেবং[৬] ব্রুবতী জনকাত্মজা।
অধোমুখমুখী[৭] বালা[৮] বিললাপ সুদুঃখিতা ॥ ১৯ ॥

উন্মত্তেব প্রমত্তেব ভ্রান্তচিত্তেব চাতুরা[৯][১০]।
উপাবৃত্তা[১১] কিশোরীব চেষ্টমানা মহীতলে ॥ ২০ ॥

১৮। লো-টী। আত্মচ্ছন্দেন আত্মেচ্ছয়া। প্রাপ্তাং পতিতাম্।

১৯। লো-টী। প্রসক্তাশ্রুমুখী সংযুক্তাশ্রুমুখী। অধোমুখমধঃ পাতস্তঃ ক্রিয়া যস্য তন্মুখং যস্যাঃ সা।

২০। লো-টী। উন্মত্তেব গ্রহগৃহীতেব, প্রমত্তেব পীতমদিরেব। উপাবৃত্তা পরিবর্ত্তিনী কিশোরী অশ্বকন্তেব। 'কিশোরস্তরুণাবস্থে তৈলপর্ণ্যাং হয়ার্ভকে' ইতি ভুরিঃ।

আমি দেহান্তরে (জন্মান্তরে) কি পাপ করিয়াছি, যাহার জন্য এই শোক এবং অসহ্য যাতনা ভোগ করিতে হইতেছে ॥ ১৬ ॥

আমি মহাশোকে আচ্ছন্ন হইয়া জীবন ত্যাগ করিতে ইচ্ছা করিতেছি, কিন্তু সেই অভিলাষ পূর্ণ করিতে পারিতেছি না; কারণ, রাক্ষসীগণ আমাকে রক্ষা করিতেছে ॥ ১৭ ॥

আমি অপার দুঃখে পড়িয়াছি, তথাপি যম আমাকে গ্রহণ করিতেছে না। মনুষ্যজীবনকে ধিক্ এবং পরাধীনতাকে ধিক্; যেহেতু স্বেচ্ছায় জীবনটা ত্যাগ করিতে পারা যায় না ॥ ১৮ ॥

সুদুঃখিতা বালিকা জানকী কাতর হইয়া অশ্রুপ্লুত অবনত মুখে এইরূপ বলিতে বলিতে এবং উন্মাদগ্রস্তার ন্যায়, প্রমত্ত ব্যক্তির ন্যায়, ভ্রান্তচিত্তার ন্যায়, উপাবৃত্তা কিশোরী বালিকার ন্যায় ভূতলে লুণ্ঠিত হইতে হইতে বিলাপ করিতে লাগিলেন ॥ ১৯-২০ ॥

১। ঘ 'জীবনং'। ২। ঘ 'রামো'। ৩। ক '-সীভিঃ সুরক্ষিতা'। ৪। ঘ 'জীবনম্'। ৫। ঘ 'দুঃখানাং'। ৬। ঘ '-খা হ্যেবং'। ৭। ঘ '-নত-'। ৮। খ-চ 'দীনা'। ৯। ঘ 'চাবলা'। ১০। অতঃপরং ঘ-পুস্তকে 'অধোমুখী বিললাপ তু বালা সমুপক্রমে' ইত্যর্দ্ধমধিকম্। ১১। ঘ '-বৃত্তা'।

রাঘবস্য[১] প্রসক্তস্য[২] রক্ষসা কামরূপিণা।
রাবণেন প্রমথ্যাহমানীতা[৩] রুদতী বলাৎ ॥ ২১ ॥
রাক্ষসীবশমাপন্না[৪] ভর্ৎস্যমানা সুদারুণম্।
চিন্তয়ন্তী সুদুঃখার্ত্তা[৫] ন হি শক্নোমি[৬] জীবিতুম্ ॥ ২২ ॥
ন হি মে জীবিতেনার্থো নাপ্যর্থৈর্ন[৭] বিভূষণৈঃ।
বসন্ত্যা[৮] রক্ষসাং[৯] মধ্যে বিনা রামং মহাবলম্ ॥ ২৩ ॥
ধিঙ্মামনার্য্যামসতীং যাহং তেন বিনাকৃতা[১০]।
মুহূর্ত্তমপি জীবামি জীবন্তী পাপজীবিকাম্[১১] ॥ ২৪ ॥
কা[১২] নাম জীবিতে শ্রদ্ধা সুখে বা তং প্রিয়ং বিনা।
ভর্ত্তারং সাগরান্তায়া বসুধায়াঃ প্রিয়ংবদম্ ॥ ২৫ ॥

২৪। লো-টী। পাপজীবিকাং দুঃখজীবনং জীবন্তীং প্রাপ্নুবতীম্।
২৫। লো-টী। প্রিয়ং জীবিতং ভর্ত্তারং বিনেতি শেষঃ। 'সুখং বা তং প্রিয়ং বিনে'তি ক্বচিৎ পাঠঃ।

রাম যখন কার্য্যান্তরে ব্যাপৃত ছিলেন, তখন কামরূপী রাক্ষস রাবণ রোদন-পরায়ণা আমাকে বলপূর্ব্বক আনয়ন করিয়াছে ॥ ২১ ॥

[সম্প্রতি] আমি রাক্ষসীগণের বশীভূত হইয়া পড়িয়াছি, তাহারা আমাকে দারুণ ভর্ৎসনা করিতেছে, আমি [স্বীয় অসহায় অবস্থা] চিন্তা করিতে করিতে অতিদুঃখে কাতর হইয়া জীবন ধারণ করিতে পারিতেছি না ॥ ২২ ॥

১। ছ 'বিহৃতা', খ 'নিবৃত্য', দ 'বিকৃত্য'। ২। ঙ-ত '-লাক্রীড়ে', থ '-লে কিন্তু ত্বাম্যেহহ-'। ৩। ঘ '-ন্বাম্যেহহম্-'। ৪। গ '-ন্ত্যা'। ৫। ঙ-ছ 'যদা', দ 'কদা'। ৬। চ 'তাক পৃহ্য', থ 'বর্ধিতাস্ত'। ৭। খ 'সংক্রান্ত-'। ৮। ছ 'বাশ্রমং'। ৯। ঙ-ত '-কঃ স্তনয়োঃ'। ১০। ছ 'পরিহীয়তে', ক 'পরিপীড়য়েৎ'। ১১। ঙ-ছ '-প্যুপাহর-'। ১২। ছ 'প্রসহ্য'।

উৎকর্ষন্ত্যাশ্চ বসনং[১] ক্রুদ্ধায়াস্তস্য পক্ষিণঃ।
স্রংস্যমানে[২] চ বসনে ত্বয়োপেক্ষা কৃতা ময়ি ॥ ৩৭ ॥
ত্বয়াবহসিতা চাহং ক্রুদ্ধা বিপরিধাবতী[৩]।
ভক্ষ্যগৃধ্রেণ[৪] কাকেন বলবৎ[৫] পরিনির্জ্জিতা[৬] ॥ ৩৮ ॥
আসীনস্য চ তে শ্রান্তা পুনরঙ্কে[৭] সমাশ্রিতা।
ক্রুধ্যন্তী[৮] চ প্রহৃষ্টেন ত্বয়াহং তোষিতা তদা[৯] ॥ ৩৯ ॥
তূর্ণমভ্যেত্য কাকেন স্তনয়োরস্মি তাড়িতা।
বাষ্পপূর্ণমুখী দীনা চক্ষুষী পরিমার্জ্জতী ॥ ৪০ ॥
লক্ষিতাহহং ত্বয়া[১০] তত্র বায়সেন প্রকোপিতা[১১]।
তস্যোদ্ধৃত্য ত্বয়েষীকা ক্ষিপ্তা বরদপাণিনা[১২] ॥ ৪১ ॥

৩৭। লো-টী। বসনং বস্ত্রম্, 'রসনা'মিতি পাঠে ক্ষুদ্রঘণ্টিকাম্, উৎকর্ষন্ত্যা আকর্ষন্ত্যাঃ, পক্ষিণঃ ক্রুদ্ধায়াঃ মম বসনে বস্ত্রে স্রংস্যমানে সতি। 'ভ্রমমানে' ইত্যপি পাঠঃ কচিৎ।

৩৮। লো-টী। 'বিপরিধাবতী'তি পাঠঃ। ভক্ষ্যগৃধ্রেণ ভক্ষ্যাকাঙ্ক্ষিণা, বলবৎ বলিনেব, পরিমার্জ্জিতা, কারিতান্তং পদম্।

আমি সেই কাকের উপর ক্রুদ্ধ হইয়া [স্খলিত] বস্ত্র সংযত করিতে লাগিলাম, আমার কাপড় খুলিয়া গেলেও তুমি আমার প্রতি উপেক্ষা করিতে লাগিলে (অর্থাৎ কাকটিকে তাড়াইয়া দিলে না) ॥ ৩৭ ॥

তোমার উপহাসে ক্রুদ্ধ হইয়া এবং ভক্ষ্যলোলুপ কাকের নিকট অত্যন্ত পরাজিত হইয়া আমি দৌড়াইতে লাগিলাম এবং পরিশ্রান্ত হইয়া পুনরায় উপবিষ্ট তোমার অঙ্কে আশ্রয় লইলাম। তখন আমি রুষ্ট হইলেও তুমি আনন্দিত হইয়া আমাকে সন্তুষ্ট করিলে ॥ ৩৮-৩৯ ॥

কাকটা হঠাৎ আসিয়া আমার স্তনদ্বয়ে আঘাত করিল, আমার মুখমণ্ডল অশ্রুপ্লুত হইল, আমি কাতর হইয়া চক্ষু মার্জ্জিত করিতে লাগিলাম ॥ ৪০ ॥

তুমি তখন দেখিলে—কাকটা আমাকে ক্রুদ্ধ করিয়া তুলিয়াছে। তুমি অভীষ্ট-ফলপ্রদ হস্তে একটি তৃণ উত্তোলন করিয়া ব্রহ্মাস্ত্রে সংযোজিত (অর্থাৎ ব্রহ্মাস্ত্র-

১। ঘ 'রসনাং'। ২। ছ-ত 'ভ্রশ্যমানে চ', দ 'ভ্রাম্যমানে'। ৩। ঘ-থ 'চ পরিধাবতী', চ 'তত্র প্রধাবতী'। ৪। ত 'ভক্ষ্যঃ গৃহীতুং', থ 'ভক্ষ্যলুব্ধেন'। ৫। ছ 'বলাৎ পরিবিনির্জ্জিতা', থ 'বলরূপবিবর্জ্জিতা'। ৬। ত-দ 'পরিবর্জ্জিতা'। ৭। ছ '-রঙ্গে', ত '-রঙ্কং'। ৮। ছ '-ন্তীব'। ৯। ত 'তথা'। ১০। ছ 'তদা'। ১১। ঘ-ত 'চ কোপি-'। ১২। ত 'হি বর-'।

ব্রহ্মাস্ত্রেণাভিসন্ধায় সা প্রজজ্বাল খে তদা।

অনুবিদ্ধস্তয়া কাকো জগাম বিবিধা[1] গতীঃ ॥ ৪২ ॥

সংপতন্ স ইমং[2] লোকং ভয়াদনুচচার হ।

[3]স চ বর্ষতি পর্জ্জন্যে ক্রীড়তে পৃষতান্তরে[4] ॥ ৪৩ ॥

তস্যেষীকা[5] ত্বয়া ক্ষিপ্তা চ্ছায়েবানুগতা দ্রুতম্[6]।

অলব্ধ্বা শর্ম্ম লোকেষু ত্বামেব শরণং গতঃ ॥ ৪৪ ॥

পরিদ্যূনো[7] বিষণ্ণশ্চ স ত্বয়োক্তস্তদা বিভো।

অমোঘোঽয়মিষুঃ ক্ষিপ্তঃ কিমঙ্গং শাতয়ামি তে ॥ ৪৫ ॥

৪৩। লো-টী। পর্জ্জন্যে মেঘে বর্ষতি, স চ কাকশ্চ। 'যশ্চ'ত্যাপি পাঠঃ। পৃষতান্তরৈ-র্মৃগভেদৈঃ। 'পৃষন্ মৃগে পুমান্ বিন্দৌ ন দ্বয়োঃ পৃষতোঽপি চে'তি কোষঃ।

৪৪। লো-টী। শর্ম্ম কুশলম্।

৪৫। লো-টী। পরিদ্যূনো দুঃখিতঃ। 'পরিচ্ছন্ন' ইতি পাঠে দুঃখেনাচ্ছাদিতো ব্যাপ্ত ইত্যর্থঃ। বিষণ্ণো বিবর্ণঃ, শাতয়ামি পীড়য়ামি।

মন্ত্রে অভিমন্ত্রিত) করত তাহার প্রতি ক্ষেপণ করিলে; তাহা আকাশে প্রজ্বলিত হইয়া উঠিল; কাকটা তাহা দ্বারা তাড়িত হইয়া [রক্ষা পাইবার জন্য] বিবিধ উপায় অবলম্বন করিতে লাগিল ॥ ৪১-৪২ ॥

সে ভয়ে পৃথিবীতে অবতীর্ণ হইয়া বিচরণ করিতে লাগিল। বৃষ্টি পড়িতে থাকিলে সে জলবিন্দুর মধ্যে ক্রীড়া করিতে লাগিল ॥ ৪৩ ॥

তুমি যে ইষীকা (তৃণ) ক্ষেপণ করিয়াছিলে, তাহা ছায়ার ন্যায় দ্রুত তাহার অনুসরণ করিতে লাগিল। সে ত্রিভুবনে [কুত্রাপি] শান্তি না পাইয়া তোমারই শরণাপন্ন হইল ॥ ৪৪ ॥

স্বামিন্, সন্তাপ ও বিষাদগ্রস্ত সেই কাককে তখন তুমি বলিলে—"যে বাণ ক্ষেপণ করিয়াছি ইহা অব্যর্থ, তোমার [প্রাণ সংহার না করিয়া] কোন্ অঙ্গ ছেদন করিব? [বল] ॥ ৪৫ ॥

১। 'খ বহুধা'। ২। খ 'ত্বিমং'। ৩। ছ-ত 'গঃ স'। ৪। ঘ-ছ-ত '-স্তরৈঃ', খ '-ন্তরৈঃ'। ৫। ত-হ 'তস্যৈষীকা'। ৬। ত 'দ্রুতম্'। ৭। চ '-প্রাণো'।

তেনৈকং নয়নং ত্যক্তং তদীষীকা ব্যশাতয়ৎ।
মৎকৃতে কাকমাত্রে [1]তে ব্রহ্মাস্ত্রং সমুদীরিতম্।
কস্মাদ্ [2]যো মাং হরেত্ত্বত্তঃ ক্ষমেথাস্ত্বং মহীপতে ॥ ৪৬ ॥

[3]এবমস্ত্রবিদাং শ্রেষ্ঠঃ সত্ত্ববান্ বলবানপি।
কিমর্থমস্ত্রং রক্ষঃসু ন যোজয়সি রাঘব ॥ ৪৭ ॥

[4]তৎ কুরুষ্ব মহেষ্বাস কৃপাং ময়ি [5]নরর্ষভ।
আনৃশংস্যং [6]পরো ধর্ম্মস্ত্বত্ত এব শ্রুতো ময়া ॥ ৪৮ ॥

ন নাগা ন চ গন্ধর্ব্বা নাসুরা [7]ন চ রাক্ষসাঃ।
তব রাম রণে শক্তাঃ [8]শরবেগং সমাসিতুম্ ॥ ৪৯ ॥

৪৬। লো-টী। যো হরতে মামিতি শেষঃ। 'যো মাং হরেদি'তি কচিৎ পাঠঃ।
৪৮। লো-টী। আনৃশংস্যমক্রূরত্বম্।
৪৯। লো-টী। সমাসিতুং সোঢ়ুং শক্তাঃ সমর্থাঃ।

সে একটী চক্ষু পরিত্যাগ করিল, ইষীকা তাহা নিপাতিত (উৎপাটিত) করিল। হে রাজন্, আমার জন্য তুচ্ছ একটা কাকের প্রতি-ই ব্রহ্মাস্ত্র ক্ষেপণ করিয়াছিলে, আর যে আমাকে তোমার নিকট হইতে হরণ করিয়াছে তাহাকে ক্ষমা করিবে কেন? ॥ ৪৬ ॥

হে রাঘব, তুমি এইরূপ অস্ত্রবিদ্‌গণের শ্রেষ্ঠ এবং সত্ত্ব ও বলসম্পন্ন হইয়াও রাক্ষসদিগের প্রতি অস্ত্র প্রয়োগ করিতেছ না কেন? ॥ ৪৭ ॥

অতএব, হে মহাধনুর্দ্ধর, হে নরশ্রেষ্ঠ, আমার প্রতি কৃপা কর, আমি তোমার নিকট হইতেই শুনিয়াছি—দয়ালুতা পরম ধর্ম্ম ॥ ৪৮ ॥

হে রাম, নাগ, গন্ধর্ব্ব, অসুর ও রাক্ষসগণ—কেহই যুদ্ধে তোমার শরবেগ সহ্য করিতে সমর্থ নহে ॥ ৪৯ ॥

১। ঘ-থ 'তু', ত 'চ'। ২। ঘ-থ 'তস্মাদ্ব্রহ্মকোরিপূত্তত্ত সংক্ষমেথা মহীপতে'; ছ 'কস্মাদ্ যো হরতে মাং ত্বং তং ক্ষমেথা'; ত 'কস্মাদ্ যো হরতে ত্বত্তস্তং ক্ষমেথা'; দ 'কস্মাদ্ যো হরতে দুষ্টং ত্বং ক্ষমেথা'। ৩। ঙ-পুস্তকে ইদমর্দ্ধং পরশ্লোকপূর্ব্বার্দ্ধঞ্চ নাস্তি। ৪। ছ 'সংকুরু ত্বং', ত 'সংকুরুষ্ব'। ৫। দ 'নরোত্তম'। ৬। থ-'ত্বপ-', দ-'স্তুঃ প-'। ৭। দ 'মরুদ্গণাঃ'। ৮। ছ-ত-দ 'বেগং প্রতিসমা-'।

তব[1] বীর্য্যবতঃ কশ্চিদ্[2] যদ্যস্তি ময়ি সম্ভ্রমঃ।
কিমর্থং ন শরৈস্তীক্ষ্ণৈঃ ক্ষয়ং নয়সি রাক্ষসান্ ॥ ৫০ ॥
ভ্রাতুরাদেশ[3]ধর্ম্মজ্ঞো লক্ষ্মণো বা পরন্তপঃ।
অস্ত্রবিৎ[4] স মহাবীর্য্যো[5] ন পরিত্রাতি মামিতঃ[6] ॥ ৫১ ॥
তৌ যদা[7] নরশার্দ্দূলৌ বায়ুগ্নিসমতেজসৌ।
সুরাণামপি দুর্দ্ধর্ষৌ কিমর্থং মামুপেক্ষতঃ[8] ॥ ৫২ ॥
মমৈব দুষ্কৃতং মন্যে মহদস্তি[9] ন সংশয়ঃ।
সমর্থাবপি তৌ[10] যন্মাং নাবেক্ষেতে সুদুঃখিতাম্ ॥ ৫৩ ॥
স বাচ্যো রাঘবো বীরঃ পূর্ণচন্দ্রনিভাননঃ।
প্রণাম[11]পূর্ব্বং[12] সৌহার্দ্দাৎ সস্নেহং বচনং মম ॥ ৫৪ ॥

৫০। লো-টী। তব স্বতঃ কশ্চিদন্যো বীর্য্যবান্ যদ্যস্তি, তদ্ ময়ি সম্ভ্রমঃ সাধ্বসং ভবেৎ। "সম্ভ্রমঃ সাধ্বসেঽপি স্যাৎ সংবেশাবেশয়োরপী"তি কোষঃ।

৫১। লো-টী। আদেশরূপং ধর্ম্মং জানাতীতি সঃ। পরিত্রাতি পরিত্রায়তে।

৫২। লো-টী। যদা যদীত্যর্থে, অসন্দেহে সন্দেহবচনম্, 'যদি বেদাঃ প্রমাণং স্যু'রিতিবৎ।

তুমি বীর্য্য-সম্পন্ন, আমার প্রতি যদি তোমার কিছুমাত্র আগ্রহ (আদর) থাকে, তবে তীক্ষ্ণ শরজালে রাক্ষসদিগকে বধ করিতেছ না কেন? ॥ ৫০ ॥

শত্রু-সন্তাপকারী অস্ত্রবিদ্ মহাবীর লক্ষ্মণও ভ্রাতার আদেশ গ্রহণ করিয়া আমাকে এ স্থান হইতে উদ্ধার করিতেছেন না ॥ ৫১ ॥

সেই নরশ্রেষ্ঠযুগল যখন বায়ু এবং অগ্নির সমান তেজস্বী এবং দেবগণেরও অপরাজেয়, তখন কিজন্য আমাকে উপেক্ষা করিতেছেন? ॥ ৫২ ॥

মনে হয়, [ইহার মূলে] আমারই মহাপাপ রহিয়াছে, সন্দেহ নাই; যেহেতু শক্তিমান্ হইয়াও তাঁহারা দুঃখিতা আমার প্রতি দৃষ্টিপাত করিতেছেন না ॥ ৫৩ ॥

পূর্ণচন্দ্রনিভানন সেই বীর রামচন্দ্রকে আমার প্রণামপূর্ব্বক সৌহার্দ্দ্য ও স্নেহসহকৃত [এই] বাক্য জ্ঞাপন করিবে—॥ ৫৪ ॥

১। ত 'স্বতো'। ২। ঘ-থ 'ন হুতি'। ৩। থ-'মাদায়'। ৪। ঘ-থ 'কিং'। ৫। ঘ-ত-দ-'বীরো'। ৬। ত 'ভ্রাতু-'। ৭। ত 'যদা তৌ'। ৮। দ 'মামুপেক্ষতাম্', ক 'মামুপেক্ষতাম্'। ৯। ঘ-'ম্নম্'। ১০। দ 'তৌ'। ১১। ক 'প্রণম্য পূ-'। ১২। থ '-র্ব্বসৌহার্দ্যসস্নেহবচনং'।

কস্মান্ন কুরুষে বীর কৃপাং ময়ি নরর্ষভ।
জানামি [1]ত্বাং মহোৎসাহং মহাসত্ত্বং মহাবলম্ ॥ ৫৫ ॥
মহাপ্রাজ্ঞং মহেষ্বাসং[2] [3]বেগবন্তমরিন্দমম্।
অপরাজিতমক্ষোভ্যং [4]গাম্ভীর্য্যে সাগরোপমম্ ॥ ৫৬ ॥
কৌশল্যা [5]লোকভর্ত্তারং সুষুবে [6]যং [7]যশস্বিনী।
[8]তং [9]রামং ত্বং সুখং পৃচ্ছেঃ শিরসা চ [10]প্রসাদয়েঃ ॥ ৫৭ ॥
[11]তৎ কুরুষ্ব [12]মহেষ্বাস কৃপাং ময়ি নরর্ষভ।
কথিতং চেষ্টিতঞ্চৈব যদি [13]স্মরসি রাঘব ॥ ৫৮ ॥
[14]মমার্থে সর্ব্বরত্নানি [15]প্রিয়াশ্চৈব বরাঙ্গনাঃ।
ঐশ্বর্য্যঞ্চ বিশালায়াং পৃথিব্যাং নাভিনন্দসি ॥ ৫৯ ॥

"হে বীর, হে নরশ্রেষ্ঠ, আপনি কি জন্য আমার প্রতি কৃপা করিতেছেন না? আমি জানি, আপনি মহাসত্ত্ব, মহাবলশালী, অত্যন্ত উৎসাহসম্পন্ন, অতিশয় বিচক্ষণ, বেগবান্, মহাধনুর্দ্ধর, শত্রুদমনকারী, অপরাজেয়, অক্ষোভ্য এবং গাম্ভীর্য্যে সমুদ্র-তুল্য" ॥ ৫৫-৫৬ ॥

যশস্বিনী কৌশল্যা যে লোকপালককে প্রসব করিয়াছেন, তুমি সেই রামচন্দ্রকে [তাঁহার] সুখ-স্বাচ্ছন্দ্যের বিষয়ে জিজ্ঞাসা করিবে এবং মস্তক দ্বারা [নত হইয়া] প্রসন্ন করিবে ॥ ৫৭ ॥

হে মহাধনুর্দ্ধর, হে নরশ্রেষ্ঠ, হে রাঘব, যদি আমার কথা ও কার্য্যাবলী তোমার স্মৃতিপথে বিদ্যমান থাকে, তবে আমার প্রতি করুণা প্রকাশ কর ॥ ৫৮ ॥

আমার জন্য তুমি সমস্ত রত্ন, প্রীতিপদ উত্তম অঙ্গনাসমূহ এবং বিশাল পৃথিবীর আধিপত্যও কামনা কর না ॥ ৫৯ ॥

১। ঙ 'মহাবাহো'। ২। ঙ 'মহোৎসাহং মহোজসম্'। ৩। ঘ-থ '-বন্তং মহাবলম্'। ৪। থ '-র্য্যাসাগ-'। ৫। দ 'শোকহর্ত্তারং'। ৬। দ 'যৎ'। ৭। ঘ-চ-ঙ-দ 'মনস্বিনী'। ৮। দ 'ত্বাং'। ৯। দ 'ত্বাং ১০। থ '-য়ে'। ১১। দ 'ত্বং'। ১২। ঘ '-হাভাগ'। ১৩। থ '-ত্তি'। ১৪। ঘ-দ-থ 'মদর্থে'। ১৫। ঘ 'বরাননাঃ'।

পিতরং মাতরঞ্চৈব[1] যোঽনুমান্য[2] প্রসাদ্য চ।
অনুপ্রব্রজিতো রামং সুমিত্রা যেন সুপ্রজাঃ[3] ॥ ৬০ ॥
অনুক্রোশেন ধর্ম্মাত্মা ত্যক্ত্বা সুখমনুত্তমম্[4]।
অনুগচ্ছতি কাকুৎস্থং পালয়ন্ ভ্রাতরং বনে ॥ ৬১ ॥
সিংহস্কন্ধো মহাবাহুর্মনস্বী প্রিয়দর্শনঃ।
বৃদ্ধোপসেবী হ্রীমাংশ্চ শূরো ন বহুজল্পিতা ॥ ৬২ ॥
রাজপুত্রঃ[5] প্রিয়ো রাজ্ঞঃ[6] সদৃশঃ শ্বশুরস্য মে।
মত্তঃ প্রিয়তরো নিত্যং মন্যে রামস্য লক্ষ্মণঃ ॥ ৬৩ ॥
[7]পিতৃবদ্ বর্ত্ততে রামে মাতৃবচ্চ তথা ময়ি।
হ্রিয়মাণাং তদা বীরো ন মাং জানাতি লক্ষ্মণঃ ॥ ৬৪ ॥

৬১। লো-টী। অনুক্রোশেন দয়য়া। 'কৃপা দয়ানুকম্পা স্যাদনুক্রোশোঽপাথোঽহসঃ' ইত্যমরঃ।

৬২। লো-টী। হ্রীমান্ হ্রীরনুচিতে কর্ম্মণি লজ্জা, তদ্বান্।

৬৩। লো-টী। মন্যে ইত্যেকং বাক্যার্থকর্ম্ম।

যে লক্ষ্মণ পিতা ও মাতাকে প্রসন্ন করিয়া এবং তাঁহাদের অনুমতি গ্রহণ করিয়া রামচন্দ্রের সহিত প্রব্রজ্যা গ্রহণ করিয়াছেন, সুমিত্রা যাঁহার দ্বারা সৎপুত্র-শালিনী, যে ধর্ম্মাত্মা স্নেহবশে উত্তম সুখ বিসর্জ্জন করিয়া বনমধ্যে ভ্রাতা রামচন্দ্রকে রক্ষা করিতে করিতে অনুগমন করিতেছেন, যিনি সিংহস্কন্ধ, মহাবাহু, মনস্বী, প্রিয়দর্শন, বৃদ্ধোপসেবী, অসৎকার্য্যে লজ্জাপরায়ণ, বীর ও মিতভাষী, আমার শ্বশুর রাজা দশরথের অনুরূপ প্রিয় পুত্র সেই লক্ষ্মণ—মনে হয়, আমা অপেক্ষাও রামচন্দ্রের অধিকতর প্রিয় ॥ ৬০-৬৩ ॥

লক্ষ্মণ রামচন্দ্রের প্রতি পিতার ন্যায় এবং আমার প্রতি মাতার ন্যায় ব্যবহার করেন, যখন আমি অপহৃতা হই, লক্ষ্মণ তাহা জানিতেন না ॥ ৬৪ ॥

১। ঘ-ঙ '-কৈব'। ২। ঙ '-মত্তু'। ৩। ক-ড-ঙ 'সুপ্রজা'। ৪। ঘ-'মনুপমম্'। ৫। ঙ '-রাঃ প্রাজ্ঞঃ'। ৬। ঘ 'স তুল্যঃ'। ৭। ঘ-পুস্তকে ইতঃ সার্দ্ধশ্লোকদ্বয়ং নাস্তি।

যুজ্যতে ধুরি যস্যাং হি স তামুদ্বহতে[1] ধুরম্ ।
রামস্নেহাদ্[2] বসমেবং বৃত্তমার্য্যমনুস্মরন্[3] ॥ ৬৫ ॥
মৃদুর্দ্দান্তঃ শুচির্দ্দক্ষঃ প্রিয়ো রামস্য লক্ষ্মণঃ ।
স চ মদ্বচনাদ্ বাচ্যঃ কুশলং বলবত্তরঃ[4] ॥ ৬৬ ॥
অপ্রমত্তেন কাকুৎস্থে[5] ভবিতব্যং ত্বয়েতি[6] চ ।
উত্থায়োত্থায় বক্তব্যঃ সৌমিত্রির্ব্বচনান্মম ॥ ৬৭ ॥
কুশলং লক্ষ্মণং পৃষ্ট্বা সুগ্রীবঞ্চ মহাবলম্ ।
ইদং ব্রুয়াশ্চ[7] মে বাক্যং রামং[8] শূরং পুনঃ পুনঃ ॥ ৬৮ ॥
জীবিতং[9] ধারয়িষ্যামি মাসং[10] দশরথাত্মজ ।
মাসাদূর্দ্ধং ন জীবেয়ং সত্যমেতদ্[11] ব্রবীমি তে ॥ ৬৯ ॥

৬৫ । লো-টী । ধুরি ভারে, তাং ধুরং ভারম্ ।

৬৯ । লো-টী । মাসং দ্বিমাসম্ ।

রামের প্রতি স্নেহবশে এবং আর্য্যাচার স্মরণ করিয়া লক্ষ্মণ এইরূপে অবস্থান করেন—তাঁহাকে যে কার্য্যভার অর্পণ করা যায় তিনি তাহাই বহন করেন ॥ ৬৫ ॥

রামচন্দ্রের প্রিয় কোমলতা ও পবিত্রতা-সমন্বিত মহাবলশালী জিতেন্দ্রিয় সেই লক্ষ্মণকে আমার কথানুসারে [আমার] কুশল জ্ঞাপন করিবে ॥ ৬৬ ॥

লক্ষ্মণকে আমার কথানুসারে উপর্য্যুপরি এই কথা বলিও—"তুমি রামের প্রতি অবহিত হইবে" ॥ ৬৭ ॥

মহাবলশালী সুগ্রীব এবং লক্ষ্মণকে কুশলপ্রশ্ন করিয়া বীর রামচন্দ্রকে পুনঃ পুনঃ আমার এই কথা বলিবে—॥ ৬৮ ॥

"হে দশরথনন্দন, আমি এক মাস জীবন ধারণ করিব, আপনাকে যথার্থই জ্ঞাপন করিতেছি যে, এক মাসের বেশী আমি বাঁচিব না ॥ ৬৯ ॥

১। ঘ-ঙ 'ধ্রুবম্' । ২। ছ-দ '-স্নেহানুবন্ধেন', ঙ '-স্নেহবশাদেবং' । ৩। অতঃ পরং ছ-দ-পুস্তকয়োঃ "সাসুরাঃ সহগন্ধর্ব্বাঃ ভুজঙ্গনরদেবতাঃ। হন্যাৎ স সময়ে ক্রুদ্ধঃ কিং পুনা রাবণং রণে ॥" ইত্যধিকম্ । ৪। ঘ '-ত্তমঃ' । ৫। ঙ 'কাকুৎস্থ' । ৬। ঙ 'হ' । ৭। ঙ '-ব্রূচ্চ' । ৮। ছ-থ-দ 'শূরং রামং' । ৯। ঘ 'জীবনং' । ১০। ঘ 'মাসমেকং রঘূদ্বহ' । ১১। ঘ-থ '-মাহম্' ।

রাবণেনোপসৃষ্টাং[1] মাং নিকৃত্যা প্রাকৃতামিব[2]।
ত্রাতুমর্হসি নশ্যন্তীং পৃথিবীমিব মাধবঃ[3] ॥ ৭০ ॥
সীতায়া বচনং শ্রুত্বা হনূমানিদমব্রবীৎ।
সর্ব্বং করিষ্যতে[4] রামো যদুক্তং[5] মৈথিলি ত্বয়া ॥ ৭১ ॥
যত্তু[6] রামোঽভিজানীয়াদভিজ্ঞানমনিন্দিতে।
প্রীতিসংজননং তস্য[7] তৎ প্রদাতুং ত্বমর্হসি ॥ ৭২ ॥
সা নিরীক্ষ্য ততঃ সর্ব্বং[8] বেণ্যাং[9] গ্রথিতমুত্তমম্।
বিমুচ্য প্রদদৌ তস্মৈ মণিরত্নং হনূমতে।
দেয়োঽয়ং[10] রাঘবায়েতি সীতা সুরসুতোপমা ॥ ৭৩ ॥

৭০। লো-টী। নিকৃত্যা শাঠ্যেন, প্রাকৃতো যথা পরস্ত্রিয়মুপসৃজতি উপস্পৃশতি তথা তেন উপসৃষ্টামুপস্পৃষ্টাম্। যথা, প্রাকৃতঃ প্রাকৃতেন। [পাঠান্তরং দ্রষ্টব্যম্।]

৭২। লো-টী। প্রতিসংজননং প্রত্যয়জননম্।

৭৩। লো-টী। মণিরয়ং রামায় দেয় ইত্যুক্তেতি শেষঃ। সীতা প্রদদাবিত্যন্বয়ঃ।

রাবণ শঠতা করিয়া সাধারণ রমণীর ন্যায় আমাকে স্পর্শ করিয়াছে। বিষ্ণু যেমন পৃথিবী উদ্ধার করিয়াছিলেন, আমাকেও সেইরূপ উদ্ধার করা আপনার উচিত" ॥ ৭০ ॥

সীতার কথা শুনিয়া হনূমান্ বলিলেন—"মিথিলারাজনন্দিনি, আপনি যাহা বলিলেন, রামচন্দ্র সেই সমস্তই করিবেন ॥ ৭১ ॥

হে অনিন্দিতে, রাম যাহা চিনিতে পারিবেন—তাঁহার প্রীত্যর্থে এইরূপ একটী অভিজ্ঞান প্রদান করুন" ॥ ৭২ ॥

তারপর দেবকন্যাপ্রতিমা সীতা সমস্ত পর্য্যবেক্ষণ করিয়া বেণীমধ্যে গ্রথিত উৎকৃষ্ট 'মণিরত্ন' মোচন করিয়া 'ইহা রামচন্দ্রকে প্রদান করিবে', এই বলিয়া হনূমান্কে প্রদান করিলেন ॥ ৭৩ ॥

১। ঘ-ঙ '-সৃষ্টাং'। ২। ছ-ঝ-ঞ 'প্রাকৃতা যথা'। ৩। ক 'বাসবঃ'। ৪। ঘ-ঙ 'বিজ্ঞাস্যতে'। ৫। ছ-ঝ-ঞ 'যদুক্তং'। ৬। ঝ 'যেন'। ৭। ঘ 'প্রীতিং সংজননাং তস্য'। ৮। ঘ-ঙ 'তস্যা'। ৯। ছ-ঘ 'বেণ্যা-'। ১০। ঝ 'প্রদেয়োঽয়ং', ঘ 'দেয়ক'।

মণিরত্নং হরিবরঃ প্রতিগৃহ্যাভিবাদ্য[1] চ।
[2]সীতাং প্রদক্ষিণং কৃত্বা প্রাঞ্জলিঃ পার্শ্বতঃ স্থিতঃ।
আপৃচ্ছে ত্বাং বিশালাক্ষি নোৎকণ্ঠাং কর্ত্তুমর্হসি[3] ॥ ৭৪ ॥
[4]হর্ষেণ [5]মহতাবিষ্টঃ [6]সীতাদর্শনজেন সঃ
হৃদয়েন গতো রামং শরীরেণ তু[7] বিষ্ঠিতঃ ॥ ৭৫ ॥
[8]মণিবরমুপগৃহ্য তং মহার্হং জনকনৃপাত্মজয়া ধৃতং পুরস্তাৎ।
দ্রুম ইব পবনাবধূতমূর্ত্তিঃ ক্ষুভিত[9]তনুর্হনুমান্ কৃতস্তদানীম্ ॥ ৭৬ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে চূড়ামণিপ্রদানং নাম
ষট্‌ত্রিংশঃ সর্গঃ ॥ ৩৬ ॥

৭৬। লো·টী। কৃতঃ হর্ষেণেতি শেষঃ। ক্ষুভিততনুর্লোমাঞ্চিততনুঃ।

চূড়ামণিপ্রদানম্ ॥ ৩৬ ॥

কপিশ্রেষ্ঠ হনুমান্ সেই 'মণিরত্ন' গ্রহণ করতঃ সীতাকে অভিবাদন ও প্রদক্ষিণ করিয়া কৃতাঞ্জলিপুটে পার্শ্বে অবস্থানপূর্ব্বক বলিলেন—'হে বিশালাক্ষি, আপনার নিকট বিদায় গ্রহণ করিতেছি, আপনি উৎকণ্ঠিতা হইবেন না' ॥ ৭৪ ॥

হনুমান্ সীতাদর্শনজনিত মহা আনন্দে আবিষ্ট হইয়া, [কেবল] শরীরদ্বারাই অবস্থান করিতে লাগিলেন, মনে মনে রামচন্দ্রের নিকট গমন করিলেন ॥ ৭৫ ॥

তখন হনুমান্ জানকী যাহা পূর্ব্বে ধারণ করিয়াছিলেন, সেই মহামূল্য মণি গ্রহণ করিয়া বায়ুবিকম্পিত বৃক্ষের ন্যায় ক্ষুভিতদেহ (রোমাঞ্চিত) হইলেন ॥ ৭৬ ॥

মহর্ষি বাল্মীকিপ্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে 'চূড়ামণিপ্রদান'
নামক ৩৬শ সর্গ সমাপ্ত ॥ ৩৬ ॥

১। ক-খ '-বন্দ্য চ'। ২। খ 'স তাং'। ৩। ঘ '-মিচ্ছসি'। ৪। ঘ-ছ-খ '-ত্রা যুক্তঃ'। ৫। ছ 'সীতায়া দর্শনেন চ'। ৬। খ 'চ'। ৭। ছ 'চ'। ৮। ঘ-ছ '-জয়া ধৃতং প্রভাবাৎ', ক '-জাধৃতং পুরস্তাৎ'। ৯। ঙ '-নতুর্মহাত্মা', ক -'র্ কৃতত্বণা'।

(৩৭) সপ্তত্রিংশঃ সর্গঃ

এবমুক্ত্বা হনূমন্তং প্রিয়ং[১] বাক্যং মনোরমম্[২]।
উবাচাত্মহিতং সীতা গমিষ্যন্তং প্লবঙ্গমম্ ॥ ১ ॥
ত্বাং দৃষ্ট্বা প্রিয়বক্তারং প্রহৃষ্যামি প্লবঙ্গম[৩]।
অর্দ্ধসঞ্জাতসস্যেব তোয়ং[৪] প্রাপ্য বসুন্ধরা ॥ ২ ॥
অন্যং রামাদ্ পুরুষং গাত্রৈর্স্মতিমতাং[৫] বর।
সংস্পৃশেয়ং সকামাহহং বর[৬] এষ বৃতো ময়া ॥ ৩ ॥
অভিজ্ঞানং তু রামায় দদ্যাস্ত্বং হরিপুঙ্গব।
ক্ষিপ্তামিষীকাং কাকস্য রোষাদেকাক্ষশাতনীম্ ॥ ৪ ॥
মনঃশিলায়াস্তিলকো গণ্ডপার্শ্বে[৭] নিবেশিতঃ।
ত্বয়া প্রসৃষ্টঃ[৮] স চ মে তচ্চ[৯] সংস্মর্ত্তুমর্হসি ॥ ৫ ॥

৫। লো টী। ত্বয়া প্রসৃষ্টো দত্তস্তিলকঃ, স চ গণ্ডপার্শ্বে তব গণ্ডপার্শ্বে নিবেশিতঃ প্রতিবিম্বিতঃ।

বানর হনূমান্ এইরূপ মনোরম প্রিয় বাক্য কহিয়া গমন করিতে উদ্যত হইলে সীতা তাঁহাকে আত্মহিতকর বাক্য বলিতে লাগিলেন—॥ ১ ॥

হে বানর, অর্দ্ধসঞ্জাতশস্যা পৃথিবী জল পাইলে যেমন প্রফুল্ল হয়, প্রিয়বাদী তোমাকে দেখিয়া সেইরূপ আমি প্রহৃষ্ট হইতেছি ॥ ২ ॥

ধীমন্, আমি এই সংকল্প গ্রহণ করিয়াছি যে, ইচ্ছা করিয়া রাম ভিন্ন অন্য কোন পুরুষকে গাত্রদ্বারা স্পর্শ করিব না ॥ ৩ ॥

কপিবর, তুমি রামকে [এই] অভিজ্ঞান প্রদান করিবে যে, [তিনি] কাকের প্রতি রোষবশে যে ইষীকা ক্ষেপণ করিয়াছিলেন তাহা [কাকের] একটি অঙ্গের হানি করিয়াছিল ॥ ৪ ॥

[হে রাঘব,] তুমি আমার গণ্ডপার্শ্বে মনঃশিলার তিলক রচনা করিয়াছিলে, আবার তোমার গাত্রেই তাহা লগ্ন হইয়াছিল—ইহাও স্মরণ করিতে পার ॥ ৫ ॥

১। ঙ 'প্রিয়ং বাক্যং হনুমন্তং প্লবঙ্গমম্'। ২। ছ-খ '-হরম্'। ৩। খ 'হি বানর'। ৪। খ 'জলং'। ৫। ঘ-ঙ '-পঙ্‌ক্তি-'। ৬। খ 'ব্রতং চৈতদ্ ধৃতং'। ৭। ঘ-ঙ 'গণ্ডে পার্শ্বে', দ 'গণ্ডদেশে'। ৮। ছ-ঙ 'প্রসৃষ্টঃ'। ৯। খ 'তৎ'।

কিং[১] রাবণগৃহে[২] সীতামুপেক্ষসি পরন্তপ।
বসন্তীং রাক্ষসাবাসে[৩] মহেন্দ্রবরুণোপম ॥ ৬ ॥

ব্রুয়াশ্চৈব হরিশ্রেষ্ঠ মম কান্তং[৪] রঘূত্তমম্।
এষ চূড়ামণির্দ্দিব্যো ময়া সুপরিরক্ষিতঃ ॥ ৭ ॥

যং দৃষ্ট্বা সংপ্রহৃষ্যামি ব্যসনেঽপি তবানঘ।
এষ নির্যাতিতঃ শ্রীমান্ ময়া তে বারিসম্ভবঃ ॥ ৮ ॥

মাসমেকঞ্চ[৫] জীবেয়ং তবাগমনকাঙ্ক্ষয়া।
অতঃ[৬] পরং ন শক্যামি[৭] জীবিতুং[৮] শোককর্ষিতা ॥ ৯ ॥

অসহ্যানি[৯] চ দুঃখানি[১০] বাচশ্চ হৃদয়চ্ছিদঃ।
রাক্ষসীনাং সুঘোরাণাং ত্বৎকৃতে মর্ষয়াম্যহম্ ॥ ১০ ॥

৮। লো-টী। নির্যাতিতো দত্তঃ।

হে পরন্তপ, হে মহেন্দ্র এবং বরুণতুল্য, রাক্ষসগণের আবাসস্থান—রাবণের গৃহে অবস্থিতা সীতাকে কি জন্য উপেক্ষা করিতেছেন ? ॥ ৬ ॥

কপিবর, আমার স্বামী রামচন্দ্রকে বলিবে—এই মনোহর চূড়ামণিটী আমি সযত্নে রক্ষা করিয়াছি ॥ ৭ ॥

"হে অনঘ, (হে রাম,) তোমার বিরহেও আমি যাহা দেখিয়া আনন্দিত হইতাম, এই সেই সমুদ্রসম্ভূত মণিটী তোমার উদ্দেশ্যে প্রদান করিলাম ॥ ৮ ॥

তোমার আগমনের আশায় আমি একমাস বাঁচিয়া থাকিব, শোকপীড়িতা আমি ইহার অধিক কাল বাঁচিব না ॥ ৯ ॥

তোমার জন্য আমি অসহ্য দুঃখ এবং ভীষণ রাক্ষসীগণের হৃদয়বিদারক বাক্যাবলী সহ্য করিতেছি ॥ ১০ ॥

১। ঘ-ঙ 'কারণং গৃহে'। ২। ঙ-থ দ '-কেথাঃ'। ৩। '-সগৃহে'। ৪। ঘ 'মনঃকান্তং'। ৫। খ '-ন্তু'। ৬। ক 'ততঃ'। ৭। ঘ-ছ 'পশ্যামি', দ 'গচ্ছামি'। ৮। ছ '-তং শত্রুসূদন', দ '-তং শত্রুকর্ষণ', ঘ-ঙ-থ '-তুং শত্রুকর্ষণ'। ৯। খ 'অশক্যানি'। ১০। ঙ 'হি'।

ঘোরো রাক্ষসরাজোঽয়মধ্রুবশ্চ রণে[১] জয়ঃ।
ত্বাঞ্চ দৃষ্ট্বা[২] বিষীদন্তং ন জীবেয়মহং ক্ষণম্[৩] ॥ ১১ ॥
অনাময়ঞ্চ ব্রূয়াস্ত্বং[৪] সহিতৌ রামলক্ষ্মণৌ।
সুগ্রীবঞ্চ মহাসত্ত্বং সর্ব্বান্ বানরপুঙ্গবান্[৫] ॥ ১২ ॥
জীবন্তীং মাং যথা রামঃ সন্তারয়তি[৬] কীর্ত্তিমান্।
তত্ত্বয়া হনুমন্ বাক্যং বাচ্যং[৭] ধর্ম্মমবাপ্নুহি ॥ ১৩ ॥
নিত্যমুৎসাহযুক্তস্য শ্রুত্বা বাক্যং তবানঘ।
বর্দ্ধিষ্যতে দাশরথেঃ পৌরুষং মদবাপ্তয়ে[৮] ॥ ১৪ ॥
ততঃ স হনুমান্ বীরো[৯] রাঘবপ্রিয়কাম্যয়া[১০]।
সীতামাশ্বাসয়ামাস পুনশ্চৈবমথাব্রবীৎ[১১] ॥ ১৫ ॥

১১। গো-টী। 'ঘোরো রাক্ষসরাজোঽয়'মিত্যনেন সাবধানেন ভবিতব্যমিতি সূচিতম্।

১৩। গো-টী। ত্বয়া হনুমতা বাচ্যং তৎ তথা বাচ্যমিত্যর্থঃ। ধর্ম্মং ধর্ম্মরাজং রামমবাপ্নুহি যাহি। 'তত্ত্বয়া হনুমন্ বাক্যং বাচ্য'মিতি পাঠে ধর্ম্মং ধর্ম্মফলম্।

রাক্ষসরাজ রাবণ অতি ভয়ানক, যুদ্ধে জয়লাভ অনিশ্চিত; তোমাকেও নিরুৎসাহ দেখিলে আমি ক্ষণকালও জীবিত থাকিব না" ॥ ১১ ॥

[বানর,] তুমি সম্মিলিত রাম-লক্ষ্মণ, মহাবলশালী সুগ্রীব এবং সমস্ত শ্রেষ্ঠ বানরকে [আমার] অনাময় (কুশল) জ্ঞাপন করিও ॥ ১২ ॥

হনুমন্, তুমি ধর্ম্ম লাভ কর; আমি বাঁচিয়া থাকিতেই কীর্ত্তিমান্ রামচন্দ্র যাহাতে আমাকে উদ্ধার করেন, তুমি সেইরূপ বাক্য বলিও ॥ ১৩ ॥

হে অনঘ, তুমি নিয়ত উৎসাহযুক্ত; তোমার কথা শুনিয়া আমাকে পাইবার জন্য রামচন্দ্রের উদ্যম বর্দ্ধিত হইবে ॥ ১৪ ॥

তারপর সেই হনুমান্ রামচন্দ্রের প্রীতিকামনায় সীতাকে আশ্বাসিত করিতে লাগিলেন এবং পুনরায় এইরূপ বলিতে লাগিলেন—॥ ১৫ ॥

১। ধ 'মুখে'। ২। ধ 'তামদৃষ্ট্বা', দ 'হন্ত'। ৩। ঙ '-মন'শয়ম্'। ৪। দ 'সর্ব্বং বৈ'। ৫। ঘ 'সর্ব্বাংশ্চ হরিপুঙ্গবান্', ঙ-দ 'সর্ব্বান্ বৃদ্ধাংশ্চ বানরান্', ত 'সর্ব্বানন্যাংশ্চ বানরান্'। ৬। ঙ-থ-দ 'সন্তারয়-'। ৭। ঘ-থ 'বাচ্যং বাচ্য ধর্ম্মমবা-', চ 'বাচ্যং বাচ্য ধর্ম্মং মমা-'। ৮। থ 'বর্দ্ধতে কপে', দ 'মহদাপ্নুয়াৎ'। ৯। ঘ 'ধীরো'। ১০। ঘ '-বক্তু চিত্তচ্ছন্দা'। ১১। ঙ-ত-ব '-শ্চৈনা-'।

ক্ষিপ্রমেষ্যতি কাকুৎস্থো হর্য্যৃক্ষ[1]প্রবরৈর্[2]বৃতঃ।
কস্তস্য সৃজতো বাণান্ স্থাতুমুৎসহতেঽগ্রতঃ ॥ ১৬ ॥
[3]অপ্যর্কমপি পর্জ্জন্যমপি বৈবস্বতং যমম্।
রণে যোধয়িতুং শক্তস্তব হেতোর্ব্বিলাসিনি ॥ ১৭ ॥
স হি সাগরপর্য্যন্তাং মহীং শাসিতুমর্হতি।
ত্বন্নিমিত্তে[4] হি রামস্য জয়ো জনকনন্দিনি ॥ ১৮ ॥
স হি মর্ম্মসু সর্ব্বেষু তাড়িতো মন্মথেষুণা[5]।
ন শর্ম্ম[6] লভতে রামঃ সিংহার্দ্দিত ইব দ্বিপঃ ॥ ১৯ ॥
মা দেবি শোচমানা[7] হি ত্যজ শোকমনিন্দিতে।
[8]বিষ্ণুনা শ্রীরিবেন্দ্রেণ ভর্ত্রা নাথবতী[9] শচী ॥ ২০ ॥

১৬। লো-টী। হর্য্যাণ কপিশানি অক্ষাণি যেষাং তেষাং প্রবরৈঃ। 'হরির্না কপিলে ত্রিষু' ইত্যমরঃ। 'হর্য্যৃক্ষপ্লবগৈ'রিতি পাঠে হর্য্যক্ষাঃ সিংহা ইব যে প্লবগাঃ তৈঃ।

১৭। লো-টী। পর্জ্জন্যমিন্দ্রম্। শক্তো রাম ইত্যর্থঃ।

১৯। লো-টী। শর্ম্ম সুখম্।

২০। লো-টী। বিষ্ণুনা ভর্ত্রা স্বামিনা ইন্দ্রেণ পরমৈশ্বর্য্যযুক্তেন, শ্রীরিব নাথবতী। 'শ্রীমতে'ত্যপি ক্বচিৎ পাঠঃ। শ্রীরিন্দ্রলক্ষ্মীঃ।

রামচন্দ্র শ্রেষ্ঠ বানর ও ভল্লুকসমূহে পরিবৃত হইয়া শীঘ্রই আগমন করিবেন। তিনি শরক্ষেপ করিতে থাকিলে কে তাঁহার সম্মুখে অবস্থান করিতে উৎসাহিত হইবে? ॥ ১৬ ॥

হে সুন্দরি, তিনি আপনার জন্য সমরক্ষেত্রে ইন্দ্র, সূর্য্য ও সূর্য্যপুত্র যমকেও যুদ্ধ করাইতে সমর্থ ॥ ১৭ ॥

তিনি সসাগরা পৃথিবীকে শাসন করিতে পারেন। হে জনকনন্দিনি, রামচন্দ্রের জয় আপনার জন্যই ॥ ১৮ ॥

সেই রাম কামশরে সমস্ত মর্ম্মস্থলে পীড়িত হইয়া সিংহাক্রান্ত হস্তীর ন্যায় সুখ লাভ করিতে পারিতেছেন না ॥ ১৯ ॥

দেবি, আপনি শোকগ্রস্ত হইবেন না। সুন্দরি, শোক পরিত্যাগ করুন। বিষ্ণু যেমন লক্ষ্মীর এবং ইন্দ্র যেমন শচীর রক্ষাকর্ত্তা, আপনার স্বামীই সেইরূপ আপনার রক্ষক ॥ ২০ ॥

১। খ-ঙ 'প্লবগৈর্বৃ-'। ২। গ-ছ 'প্রবীরৈর্বৃতঃ'। ৩। ঘ-ণ 'স চার্কমপি', ছ 'তথার্ক-'। ৪। গ-ঙ '-ত্তং', ছ-ঘ '-ত্তো'। ৫। খ 'মদনাগ্নিনা'। ৬। ঘ 'সুখং'। ৭। ছ-ঙ '-নার্হে'। ৮। খ 'শ্রীমতা শ্রীবিচিত্রেণ', 'শ্রীমতা'। ৯। ক 'সতী'।

যস্যা[1] নাথস্ত্ব[2]বার্য্যায়া[3] রাক্ষসান্তকরঃ[4] প্রভুঃ।
অচিরেণৈব কালেন ত্বামিতো নেষ্যতে[5] বলাৎ ॥ ২১ ॥
ব্রুবন্তমেবং মধুরং হনূমন্তং প্লবঙ্গমম্।
বর্দ্ধমানং কৃতোৎসাহমুবাচ জনকাত্মজা ॥ ২২ ॥
অশ্রুপূর্ণমুখী দীনা বাষ্প[6]গদ্গদয়া গিরা।
হনূমদ্বচনো[7]দ্ভুতশোকসংভ্রান্ত[8]মানসা ॥ ২৩ ॥
হনূমন্ কপিশার্দ্দূল মম দুঃখাদ্[9] বিমোচনম্।
যথা ভবতি ভদ্রন্তে[10] তথা ত্বং কর্ত্তুমর্হসি ॥ ২৪ ॥
ইমঞ্চ তীব্রং[11] মম শোকবেগং রক্ষোগণৌঘৈঃ[12] পরিভর্ৎসনং চ।
ব্রূয়াশ্চ রামস্য গতঃ সমীপং শিবশ্চ পন্থাস্তব নিত্যমস্তু[13] ॥ ২৫ ॥
এবমুক্তস্তু বৈদেহ্যা হনূমান্ মারুতাত্মজঃ[14]।
পাদাভিবন্দনং[15] চক্রে বিনীতো[16] হরিপুঙ্গবঃ ॥ ২৬ ॥

আপনি আর্য্যাচারপরায়ণা, আপনার স্বামী রাক্ষসকুলের সংহারকর্ত্তা, তিনি আপনাকে বলপূর্ব্বক এখান হইতে উদ্ধার করিবেন ॥ ২১ ॥

বর্দ্ধমান উৎসাহশালী বানর হনুমান্ এইরূপ মধুর বাক্য বলিলে তাহার কথায় সীতার অন্তঃকরণ শোকে উদ্‌ভ্রান্ত হইয়া উঠিল। তিনি কাতর ও অশ্রুপূর্ণ-মুখী হইয়া বাষ্পগদ্‌গদস্বরে বলিতে লাগিলেন—॥ ২২-২৩ ॥

কপিশ্রেষ্ঠ হনুমন, যাহাতে আমার দুঃখমোচন হয়, তুমি তাহা কর। তোমার কল্যাণ হউক ॥ ২৪ ॥

তুমি রামের নিকটে গমন করিয়া আমার এই তীব্র শোকবেগ এবং রাক্ষস-গণের ভর্ৎসনার কথা বলিও। তোমার পথ মঙ্গলময় হউক ॥ ২৫ ॥

সীতা এইরূপ বলিলে বানরশ্রেষ্ঠ পবননন্দন বিনীত হনুমান্ তাঁহার পাদ-বন্দনা করিলেন ॥ ২৬ ॥

১। ঘ-ঙ 'যঃ সঃ'। ২। ঘ-ধ 'ত্রাম-'। ৩। ঙ '-র্য্যোহয়ং'। ৪। ছ '-সান্ত্বঃকরঃ'। ৫। ধ 'চ সঃ'। ৬। ঘ-ছ '-সন্দিগ্ধয়া'। ৭। ক '-দ্গবনোদ্ভূত-'। ৮। ছ '-সন্তপ্ত-'। ৯। ঘ '-খাদ্ধি মো-'। ১০। ঘ 'ক্ষিপ্রন্তে'। ১১। গ 'দুঃখ-'। ১২। ছ '-গণানাং'। ১৩। ছ-পুস্তকেহতঃ পরং কাচিৎ সর্গসমাপ্তির্দৃশ্যতে। ১৪। ঘ 'পবনা-'। ১৫। ঙ-থ '-বাদনং'। ১৬। ঙ '-তঃ কপিকুঞ্জরঃ'।

স রাজপুত্র্যা প্রতিবেদিতার্থঃ[১] কপিপ্রবীরঃ[২] প্রতিহৃষ্টমানসঃ[৩]।
তদল্পশেষং সমুদীক্ষ্য কার্য্যমাশামুদীচীং মনসা জগাম ॥ ২৭ ॥

স বাগ্‌ভিঃ সুপ্রসন্নাভির্গমিষ্যন্ প্রতিপূজিতঃ।
বন্দিত্বা[৪] তামতিক্রম্য[৫] চিন্তয়ামাস বানরঃ[৬] ॥ ২৮ ॥

অল্পশেষমিদং কার্য্যং দৃষ্টেয়মসিতেক্ষণা।
পূর্ব্বানুপায়ানুৎক্রম্য চতুর্থ ইহ দৃশ্যতে ॥ ২৯ ॥

ন রাবণঃ শীলগুণায়[৭] বর্ত্ততে[৮] তথা[৯] ন সান্ত্বোপনয়েষু[১০] কল্পতে।
ন ভেদসাধ্যো[১১] বলদর্পিতো জনঃ পরাক্রমস্ত্বস্য মমেহ রোচতে ॥ ৩০ ॥

২৯। লো-টী। পূর্ব্বানুপায়ান্ সামদানভেদান্ উৎক্রম্য ত্যক্ত্বা চতুর্থো দণ্ডঃ।

৩০। লো-টী। শাস্ত্রসুচিতং সচ্ছীলং গুণো যস্ত তস্মৈ ন বর্ত্ততে তদনুবর্ত্তনং ন করোতি। যদ্বা, শাস্ত্রোচিতং শীলং গুণঃ শ্রোতুমপি ন বর্ত্ততে, সান্ত্বোপনয়েষু সামোপায়েষু ন কল্পতে যোগ্যো ন ভবতি। 'তথা ন সাম্বায় চ যে প্রকম্পিতা' ইতি পাঠোঽপি ক্বচিৎ। দানস্যাসম্ভবাদনুক্তিঃ।

রাজপুত্রী সীতা এই কথা বলিলে সেই কার্য্য অল্পাবশিষ্ট দেখিয়া কপিশ্রেষ্ঠ হনুমান্ আনন্দিত হইয়া মনে মনে উত্তর দিকে গমন করিলেন ॥ ২৭ ॥

প্রসন্ন বাক্যদ্বারা সম্মানিত বানর হনুমান্ যাইবার পূর্ব্বে সীতাকে বন্দনা করতঃ তাঁহাকে অতিক্রম করিয়া চিন্তা করিতে লাগিলেন ॥ ২৮ ॥

এই অসিতেক্ষণা সীতাকে দেখিলাম, এই কার্য্য অল্পমাত্র অবশিষ্ট আছে। দেখা যায়, এ ক্ষেত্রে পূর্ব্ববর্ত্তী উপায়সমূহ (সাম, দান, ভেদ) ত্যাগ করিয়া চতুর্থ উপায়টী অবলম্বন করিতে হইতেছে ॥ ২৯ ॥

রাবণ চরিত্রগুণের অনুবর্ত্তন করে না এবং সামপ্রয়োগের যোগ্য নহে; বলদর্পিত ব্যক্তিকে ভেদনীতিদ্বারাও বশীভূত করা যায় না, আজ আমার এখানে বিক্রম-প্রকাশই রুচিকর হইতেছে ॥ ৩০ ॥

১। ঘ-ঙ '-বোধিতার্থঃ'। ২। ঘ 'হরিপ্র-', ছ 'কপিঃ প্র-'। ৩। ছ 'পরিতুষ্ট-'। ৪। থ 'নন্দিত্বা'। ৫। দ 'তামপক্রম্য'। ৬। ঘ 'মারুতিঃ'। ৭। দ 'শান্ত-'। ৮। দ 'কল্পতে'। ৯। ঙ-থ 'যথা', দ 'ন দানমর্থোপচিতেষু'। ১০। ঙ '-চয়েষু'। ১১। দ 'বেদ-'।

ন চাস্য কার্য্যস্য পরাক্রমাদৃতে বিনিশ্চয়স্ত্বন্য মমোপপদ্যতে।
[1]হতপ্রবীরস্য রণে তু রক্ষসঃ কথঞ্চি[2]দাসাদয়তেঽস্য মার্দ্দবম্ ॥ ৩১ ॥

[3]এককার্য্যে বিনির্দ্দিষ্টো যো বহূন্যপি সাধয়েৎ।
পূর্ব্বকার্য্য[4]ক্রিয়াসিদ্ধৌ স কার্য্যং কর্ত্তু[5]মর্হতি ॥ ৩২ ॥

[6]ন হ্যেকসাধকো হেতুঃ কর্ম্মণামুপপদ্যতে।
কর্ম্মণাং সমবেতানাং বহূনামর্থসিদ্ধয়ে।
[7]যস্ত্বর্থং বহুধা বেত্তি স সমর্থোঽর্থসাধনে ॥ ৩৩ ॥

৩১। লো·টী। উপপদ্যতে উচিতো ভবতি। ময়া তু হতপ্রবীরস্য কথঞ্চিন্মার্দ্দবং নাপাদয়েৎ বীরঘাত আপাদয়েদেবেত্যর্থ ইতি সম্বন্ধঃ। 'আসাদয়তে' ইতি পাঠস্যাপি স এবার্থঃ। 'আপাদয়তেঽস্য মার্দ্দব'মিতি ক্বচিৎ পাঠঃ।

৩২। লো·টী। পূর্ব্বকার্য্যং প্রকৃতে সীতোদ্দেশঃ, তদ্রূপকর্ম্মসিদ্ধৌ সত্যাং যো বহূনামিত্যন্বয়ঃ। যদ্বা, পূর্ব্বকার্য্যস্য প্রধানকার্য্যস্য হেতোঃ ক্রিয়ায়াঃ সিদ্ধৌ।

৩৩। লো·টী। কর্ম্মণাং হেতুঃ কর্ত্তা একসাধকঃ একমর্থং সাধয়তীতি ন হি। সমবেতানামুপস্থিতানাং কর্ম্মণামর্থসিদ্ধয়ে অর্থং কার্য্যং বহুধা বেত্তি অনুসন্ধাতুং সোঽর্থসাধনে কার্য্য-সাধনে সমর্থঃ।

বিক্রমপ্রকাশ ব্যতিরেকে সম্প্রতি এই কার্য্যের আর কোন সিদ্ধান্ত আমার কাছে উপপন্ন হইতেছে না। যুদ্ধে [স্বপক্ষীয়] শ্রেষ্ঠ বীর [২।১ জন] নিহত হইলে, পরে রাক্ষস রাবণ কোনরূপে মৃদু ভাব ধারণ করিতে পারে ॥ ৩১ ॥

যে ব্যক্তি এক কার্য্যে নিযুক্ত হইয়া সেই কার্য্যসিদ্ধি-ব্যপদেশে বহু কার্য্য সাধন করিতে পারে, সে-ই কার্য্য সাধন করিবার যোগ্য ॥ ৩২ ॥

যে কার্য্য সাধন করিতে সমর্থ, সে একটিমাত্র প্রয়োজন সাধন করিবে, ইহা যুক্তিযুক্ত নহে। যে উপস্থিত বহু কার্য্য সাধন করিবার জন্য প্রয়োজনটি বহুপ্রকারে বুঝিতে পারে, সে-ই কার্য্য সাধন করিতে সমর্থ ॥ ৩৩ ॥

১। ক-চ 'হতঃ প্রবী-'। ২। চ-খ দ '-দাপাদয়তে চ মা-'। ৩। ক-খ-দ '-র্য্যাবি-'। ৪। দ 'সৎকা-'। ৫। খ '-মর্হসি'। ৬। চ 'হ্যেকঃ সা-', দ 'হ্যহং'। ৭। ঙ 'যদর্থং', দ 'পরার্থং'।

ইহৈব তাবৎ কৃতনিশ্চয়ো হ্যহং[1] পরিব্রজেয়ং[2] মনুজেশ্বরালয়ম্ ।
[3]পরাত্মসংহর্ষ[4]বিশেষতত্ত্ববিৎ ততঃ কৃতং স্যাদিহ ভর্তৃ[5]শাসনম্ ॥ ৩৪ ॥
কথং নু[6] খল্বদ্য[7] ভবেৎ সুখাগতং[8] প্রসহ্য যুদ্ধং মম রাক্ষসৈঃ সহ ।
কথঞ্চ[9] খল্বাত্মবলং[10] চ তত্ত্বতঃ প্রভাবয়েন্মাং চ রণে দশাননঃ ॥ ৩৫ ॥

ইদমস্য নৃশংসস্য[11] নন্দনোপমমুত্তমম্
বনং নেত্রমনঃকান্তং নানাদ্রুমলতাযুতম্[12] ॥ ৩৬ ॥
সর্ব্বং বিধ্বংসয়াম্যদ্য[13] শুষ্কং বনমিবানলঃ ।
[14]তস্মিন্ ভগ্নে ততঃ ক্রোধং মম রাজা[15] গমিষ্যতি ॥ ৩৭ ॥

৩৪ । লো-টী । ইহৈব লঙ্কায়ামেব । 'তাবদি'তি বাক্যালঙ্কারে । পরাক্রমোঽহমস্তুং কার্য্য ইতি কৃতো নিশ্চয়ো যেন সোঽহম্, অতএব পরস্য শত্রোরাত্মনশ্চ সংহর্ষবিশেষো যুদ্ধোৎসাহবিশেষঃ, তত্ত্ববিৎ সন্ যদি মনুজেশ্বরস্য শ্রীরামস্য আলয়ং ব্রজেয়ং তত্তদা স্ববলাপেক্ষয়া পরবলস্য ন্যূনত্বজ্ঞানাৎ ইহ অস্যাং ভর্তৃ রাবণস্য সাধনং বধঃ কৃতং স্যাৎ । যদ্বা, ভর্তুঃ শ্রীরামস্য সাধনং কার্য্যসিদ্ধিঃ কৃতং স্যাৎ । 'সাধনং মৃতসংস্কারে সৈন্যে সিদ্ধৌ বধে গতা'বিতি কোষঃ । 'শাসন'মিতি পাঠঃ ।

৩৫ । লো-টী । রাক্ষসৈঃ সহ প্রসহ্য হঠাৎ মম যুদ্ধং কথং কেনাপি প্রকারেণাপি সুখাগতং সুখপ্রাপ্তমস্য মারণস্য (?) ন ভবেৎ । [মঠ পাঠান্তরং দ্রষ্টব্যম্] 'সুখাবহ'মিতি কচিৎ পাঠঃ । মামাত্মবলং চ তত্ত্বতঃ কথং প্রভাবয়েৎ পরিভাবয়েৎ । (?) রসাবলতয়া জানীয়ামি[দি ?] ত্যর্থঃ ।

৩৬-৩৭ । লো-টী । এতদর্থমিদং ময়া কার্য্যমিত্যাহ—ইদমিতি দ্বাভ্যাম্ । কক্ষমূলং বনমূলম্ 'শুষ্কবন'মিত্যপি পাঠঃ । গমিষ্যতি প্রাপ্স্যতি ।

আমি নিশ্চয় করিয়াছি যে, এইখানে শত্রুর সহিত নিজের সংঘর্ষ দ্বারা [শত্রুর বলাবল সম্বন্ধে] বিশেষ বৃত্তান্ত অবগত হইয়া রামচন্দ্রের নিকট গমন করিব, তাহা হইলেই প্রভুর আদেশ [সম্পূর্ণ] পালন করা হইবে ॥ ৩৪ ॥

কি প্রকারে সহসা রাক্ষসগণের সহিত আমার যুদ্ধ অনায়াসে সংঘটিত হইতে পারে ? রাবণ কি প্রকারে আমাকে ও স্বীয় সৈন্যকে যুদ্ধে প্রভাবিত করিতে পারে ॥ ৩৫ ॥

অনল যেমন শুষ্ক অরণ্য দগ্ধ করে, সেইরূপ আমি অস্য নৃশংস রাবণের এই নয়নমনোরম নানা-দ্রুমলতাযুক্ত নন্দনবনতুল্য উত্তম কানন নিঃশেষে বিধ্বংসিত করি, সেই বন ভগ্ন হইলে রাবণ আমার উপর ক্রুদ্ধ হইবে ॥ ৩৬-৩৭ ॥

১ । ছ-ঙ-থ 'হ্যহং' । ২ । ছ-ঙ-থ 'যদি ব্র-' । ৩ । থ 'পরার্থ-' । ৪ । ছ 'সজ্বষ-' । ৫ । দ-'সাধনম্' । ৬ । ক 'ন' । ৭ । ঘ 'খলুত্র' । ৮ । ঘ-ছ-দ '-বহম্' । ৯ । ছ-ত '-ন্নু' । ১০ । ছ 'হি তত্ত্বতঃ' । ১১ । দ '-স্থানৃ-' । ১২ । ছ-ত '-যুতম্' । ১৩ । ক -'সরিষ্যামি' । ১৪ । ছ-ঙ-থ 'অস্মিন্' । ১৫ । দ 'করিষ্যতি' ।

ততো মহৎ সাশ্বরথদ্বিপাকুলং[1] বলং[2] সমাদেক্ষ্যতি রাক্ষসাধিপঃ[3]।
ত্রিশূলকালায়সপট্টিশায়ুধং[4] ততো[5] মহদ্ যুদ্ধমিদং[6] ভবিষ্যতি ॥ ৩৮ ॥

অহন্তু তৈঃ সংযতি ভীমবিক্রমৈঃ[7] সমেত্য রক্ষোভিরভীতচারিভিঃ।
নিহত্য বৈ রাবণচোদিতং বলং ততো গমিষ্যামি কপীশ্বরালয়ম্ ॥ ৩৯ ॥

ততস্তু হনুমান্ বীরো বভঞ্জ প্রমদাবনম্।
মত্তদ্বিজগণাকীর্ণং[8] নানামৃগসমাযুতম্[9] ॥ ৪০ ॥

তদ্বনং মথিতৈর্ব্বৃক্ষৈর্ভগ্নৈশ্চ সলিলাশয়ৈঃ।
চূর্ণিতৈঃ পর্ব্বতাগ্রৈশ্চ বভূবানিষ্টদর্শনম্ ॥ ৪১ ॥

৩৮। লো-টী। কালায়সম্ লোহবিশেষঃ, তৎকৃতঃ পট্টিশঃ তাভ্যামাযুতং সমাগ্ যুতম্ বলং সৈন্যম্। 'ত্রিশূলকালায়সপট্টিশায়ুধমি'তি পাঠে ত্রিশূলাদীন্যায়ুধান্যস্ত্রাণি যত্র তৎ।

৩৯। লো-টী। সংযতি যুদ্ধে।

৪০। লো-টী। প্রমদাবনং প্রমদাশ্রিতং বনম্।

৪১। লো-টী। মথিতৈরুৎপাটিতৈঃ।

তারপর রাক্ষসরাজ অশ্ব, রথ ও হস্তিসংকুল ত্রিশূল, লৌহদণ্ড, পট্টিশ প্রভৃতি অস্ত্রধারী মহাসৈন্যকে [যুদ্ধার্থে] আদেশ করিবে, তাহা হইলেই এই (আমার আকাঙ্ক্ষিত) মহাযুদ্ধ সংঘটিত হইবে ॥ ৩৮ ॥

আমি সেই ভয়ানক-পরাক্রমশালী নির্ভয়ে বিচরণশীল রাক্ষসগণের সহিত সমরে মিলিত হইয়া রাবণপ্রেরিত সৈন্যসমূহ নিহত করিয়া তারপর সুগ্রীবের ভবনে গমন করিব ॥ ৩৯ ॥

তারপর বীর হনুমান্ প্রমত্ত পক্ষি-সমূহে পরিব্যাপ্ত বহু মৃগসমাকুল প্রমদা-গণের বিহার-কানন ভগ্ন করিলেন ॥ ৪০ ॥

প্রমথিত জলাশয়, ভগ্ন বৃক্ষ এবং বিচূর্ণিত পর্ব্বতশিখরে সেই বন দেখিতে অপ্রিয় হইয়া উঠিল ॥ ৪১ ॥

১। ছ '-রণং মহাদ্বিপম্'। ২। খ 'সর্ব্বং'। ৩। ঘ '-সেবরঃ'। ৪। ছ-খ '-পাবৃতং', খ '-পাকুলং'। ৫। ঙ 'মহান্-'। ৬। খ-ঙ 'করিষ্যতি'। ৭। খ '-রোষবিক্রমঃ'। ৮। ঘ '-গণাকুলৈঃ'। ৯। ঘ '-গণাবৃতম্', ছ-ঙ '-গণাবৃতম্'।

লতাগৃহৈশ্চিত্রগৃহৈর্বিনাশিতৈর্মনোরমৈর্বালমৃগৈশ্চ নির্ধুতৈঃ।

শিলাগৃহৈর্নির্মথিতৈস্তদা দ্রুমৈরদৃষ্টরূপং তদভূন্মহদ্ বনম্ ॥ ৪২ ॥

স তস্য কৃত্বা নৃপতের্মহাকপির্মহদ্ ব্যলীকং মহতো মনস্বিনঃ।

যুযুৎসুরেকো বহুভির্মহাবলৈঃ শ্রিয়োজ্জ্বলংস্তোরণমাশ্রিতঃ কপিঃ ॥ ৪৩ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে অশোকবনিকাভঙ্গো নাম সপ্তত্রিংশঃ সর্গঃ ॥ ৩৭ ॥

৪২। লো-টী। নির্ধুতৈঃ পলায়িতৈঃ।

৪৩। লো-টী। মহদ্ ব্যলীকং মহদপ্রিয়ং পীড়নং বা। 'ব্যলীকমপ্রিয়াকার্য্যবৈলক্ষ্যেষ্বপি পীড়নে' ইতি কোষঃ। তোরণং বহির্দ্বারম্।

সুন্দরকাণ্ডে অশোকবনিকাভঙ্গঃ ॥ ৩৭ ॥

লতাগৃহ এবং চিত্রগৃহসমূহ বিনষ্ট হইল, মনোরম মৃগশিশুগুলি পলায়ন করিতে লাগিল, শিলাগৃহ ও দ্রুমরাজি উন্মূলিত হইল—এইরূপে সেই বিশাল বন অদৃষ্ট (অর্থাৎ নূতন) রূপ ধারণ করিল ॥ ৪২ ॥

কপিলবর্ণ মহাকপি হনুমান্ মনস্বী মহারাজ রাবণের অত্যন্ত অপ্রীতিকর কার্য্য করিয়া একাকী মহাবলশালী অনেকের সহিত যুদ্ধ করিবার ইচ্ছায় স্বীয় প্রভায় উদ্ভাসিত হইয়া তোরণোপরি আরোহণ করিলেন ॥ ৪৩ ॥

মহর্ষি বাল্মীকিপ্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে 'অশোকবনিকাভঙ্গ'নামক ৩৭শ সর্গ সমাপ্ত।

১। ছ-ঙ-ধ-দ 'গৃহৈশ্চ নাশিতৈ-'। ২। ঙ '-র্মহোরগৈ-'। ৩। ঘ-চ '-হৈর-'। ৪। ধ-থ-ন 'নির্গতৈঃ', ঙ 'নিহতৈঃ'। ৫। ছ-ঙ ধ '-রূপ-'। ৬। ঙ-ধ-দ '-স্তথা'। ৭। দ '-পুঙ্গবঃ'। ৮। ছ-ঙ ধ-দ '-র্বলৌ'। ৯। থ 'শ্রিয়া জ্বলং-'।

(৩৮) অষ্টত্রিংশঃ সর্গঃ

ততঃ কপিনিনাদেন[১] বনভঙ্গস্বনেন চ।
বভূবুর্ভয়সংবিগ্না[২]ঃ সর্ব্বে লঙ্কানিবাসিনঃ ॥ ১ ॥
বিদ্রুতাশ্চ দিশঃ সর্ব্বা বিনেদুর্ম্মৃগপক্ষিণঃ।
রক্ষসাঞ্চ নিমিত্তানি ক্রূরাণি বহুশোঽভবন্ ॥ ২ ॥
ততো গতায়াং নিদ্রায়াং রাক্ষস্যো বিকৃতাননাঃ।
তদ্বনং দদৃশুর্ভগ্নং তঞ্চ বীরং মহাকপিম্[৩] ॥ ৩ ॥
স তা[৪] দৃষ্ট্বা মহাবাহুর্মহাসত্ত্বো[৫] মহাকপিঃ[৬]।
চকার সুমহদ্রূপং রাক্ষসীনাং[৭] ভয়াবহম্ ॥ ৪ ॥
ততস্তং মেঘসঙ্কাশ[৮]মতিকায়ং মহাবলম্[৯]।
রাক্ষস্যো বানরং দৃষ্ট্বা পপ্রচ্ছুর্জ্জনকাত্মজাম্ ॥ ৫ ॥

২। লো-টী। বহুশো বহূনি।

তারপর বানরের শব্দ ও বনভঙ্গের শব্দে লঙ্কাবাসিগণ সকলে ভয়ে চঞ্চল হইয়া উঠিল ॥ ১ ॥

মৃগ ও পক্ষিগণ নানাদিকে পলায়ন করিতে করিতে [ভীষণ] শব্দ করিতে লাগিল। রাক্ষসদিগের নানা দুর্লক্ষণ সংঘটিত হইতে লাগিল ॥ ২ ॥

তারপর নিদ্রাভঙ্গ হইলে বিকৃতানন৷ রাক্ষসীগণ সেই ভগ্ন বন এবং মহাকপি বীর হনুমানকে দেখিতে পাইল ॥ ৩ ॥

মহাবলশালী মহাবাহু মহাকপি হনুমান্ তাহাদিগকে দেখিয়া রাক্ষসীগণের ভয়াবহ বিশাল আকৃতি ধারণ করিলেন ॥ ৪ ॥

তারপর রাক্ষসীগণ সেই মহাবলশালী মেঘতুল্য অতিকায় বানরকে দেখিয়া সীতাকে জিজ্ঞাসা করিতে লাগিল— ॥ ৫ ॥

১। ঙ-ঞ-ধ 'পক্ষি-'। ২। গ-ঞ-দ '-সমুদ্বি-'। ৩। ঘ '-হরিম্'। ৪। ঘ 'তান্'। ৫। ঙ-ঞ-ধ '-মাত্তো'। ৬। ঘ-ধ '-বলঃ'। ৭। দ '-সানাং'। ৮। ঘ 'ঘন-'। ৯। ধ 'মনস্বিনম্'।

কোঽয়ং কস্য কুতো বাঽয়ং কিংনিমিত্তমিহাগতঃ।
কথং বা ত্বয়ি[১] সংবাদং রাজপুত্রি করোত্যয়ম্ ॥ ৬ ॥
আচক্ষ্ব নো বিশালাক্ষি ভয়ং মা ভূৎ তবাঙ্গনে[২]।
সংবাদমসিতাপাঙ্গি ত্বয়া কিং কৃতবানয়ম্ ॥ ৭ ॥
অথাব্রবীদ্রাজপুত্রী সীতা সর্ব্বাঙ্গশোভনা[৩]।
রক্ষসাং কামরূপিত্বাদ্[৪] বিজ্ঞানে নাস্তি মে মতিঃ ॥ ৮ ॥
যূয়মেব[৫] বিজানীত[৬] যোঽয়ং যচ্চ করিষ্যতি।
অহিরেব হ্যহেঃ[৭] পাদান্ বিজানীয়ান্ন সংশয়ঃ ॥ ৯ ॥
অহমপ্যস্য সংভীতা[৮] হ্যতো নিষ্ক্রমণে[৯] মতিম্।
করোমি রাক্ষসৈরস্মি বঞ্চিতা কামরূপিভিঃ ॥ ১০ ॥
সীতায়া বচনং শ্রুত্বা রাক্ষস্যো বিস্মিতা ভৃশম্।
স্থিতাঃ কাশ্চিদ্ গতাঃ কাশ্চিদ্রাবণায়[১০] নিবেদিতুম্ ॥ ১১ ॥

৭। লো-টী। হে অঙ্গনে।

১০। লো-টী। নিশ্চয়নে নির্ণয়ে যা মতিঃ এতাং ন করোমি, কশ্চ কস্যায়মিতি ন জানামীত্যর্থঃ। 'নিষ্ক্রমণে' ইতি পাঠে নিষ্ক্রমণে পলাক্রমে। যতো রাক্ষসৈরিতি।

রাজপুত্রি, এ কে, কাহার [অনুচর], কোথা হইতে কি জন্য এখানে আসিয়াছে এবং কি জন্য তোমার সহিত আলাপ করিতেছে ? ॥৬॥

হে সুন্দরি, হে আয়তনেত্রে, তোমার ভয় নাই, এ তোমার সহিত কি জন্য আলাপ করিয়াছে বল ॥ ৭ ॥

তারপর সর্ব্বাঙ্গশোভনা রাজনন্দিনী সীতা বলিলেন—"রাক্ষসগণ কামরূপী, আমার এমন বুদ্ধি নাই, যাহাতে আমি তাহাদিগকে বুঝিতে পারি ॥ ৮ ॥

তোমরাই জান—এ কে এবং কি করিবে। সাপই সাপের পা চিনিতে পারে, সন্দেহ নাই ॥ ৯ ॥

আমিও ইহার ভয়ে ভীত হইয়া এখান হইতে পলায়ন করিতে অভিলাষ করিতেছি। আমি কামরূপী রাক্ষসগণকর্ত্তৃক প্রতারিতা হইতেছি" ॥১০॥

সীতার কথা শুনিয়া রাক্ষসীগণ অত্যন্ত বিস্মিত হইল, কেহ কেহ অবস্থান করিল এবং কেহ কেহ রাবণকে জানাইতে প্রস্থান করিল ॥ ১১ ॥

১। খ 'তব'। ২। ঘ 'বরাননে'। ৩। খ-গ 'সর্ব্বাবয়ব-'। ৪। ঙ '-রূপাণাং বিজ্ঞানে'। ৫। খ-ছ 'যেতৎ'। ৬। ঙ '-নীথ'। ৭। ক 'অহেঃ'। ৮। ঘ-ছ-ঙ 'নৈতন্নিশ্চয়নে', ক 'নেতো'। ৯। খ 'নির্গমনে'। ১০। ঘ '-গতা নি-'।

[১]বদ্ধাঞ্জলিপুটা[২]শ্চাপি শিরোভির্ধরণীং গতাঃ ।
রাবণায় [৩]সুসংবিগ্নাঃ শশংসুর্ভ্রান্তলোচনাঃ ॥ ১২ ॥
অশোকবনিকামধ্যে রাজন্ [৪]ভীম[৫]বপুঃ কপিঃ ।
[৬]সীতয়া কৃতসংবাদস্তিষ্ঠত্য[৭]মিতবিক্রমঃ ॥ ১৩ ॥
ন চ তং জানকী সীতা হরিং হরিণলোচনা
[৮]অস্মাভির্ব্ব[৯]হুশঃ পৃষ্টা নিবেদয়িতুমিচ্ছতি ॥ ১৪ ॥
[১০]ইন্দ্রস্য হি ভবেদ্ [১১]দূতো রাজ্ঞো [১২]বৈশ্রবণস্য বা ।
প্রেষিতো বাপি রামেণ [১৩]সীতান্বেষণকারণাৎ ॥ ১৫ ॥
সর্ব্বঞ্চৈব বনং ভগ্নং তরসা তেন [১৪]পার্থিব ।
যত্রাস্তে জানকী [১৫]সীতা তদেব ন বিনাশিতম্ ॥ ১৬ ॥

তাহারা অত্যন্ত উদ্বিগ্ন হইয়া উঠিল, তাহাদের নয়ন ঘূর্ণিত হইতে লাগিল, তাহারা কৃতাঞ্জলি হইয়া মস্তকদ্বারা ভূমি স্পর্শ করতঃ রাবণকে বলিতে লাগিল—॥ ১২ ॥

রাজন্, অপরিমিত-পরাক্রমশালী ভীমকায় একটি বানর সীতার সহিত আলাপ করিয়া অশোকবনের মধ্যে অবস্থান করিতেছে ॥ ১৩ ॥

আমরা অনেক বার জিজ্ঞাসা করিলেও হরিণ-লোচনা জনকনন্দিনী সীতা তাহার পরিচয় প্রদান করিতে ইচ্ছা করিতেছে না ॥ ১৪ ॥

সে হয় ত' রাজা ইন্দ্র অথবা কুবেরের দূত; অথবা সীতার অন্বেষণার্থে রাম তাহাকে প্রেরণ করিয়াছে ॥ ১৫ ॥

রাজন্, সেই বানর বেগে সমস্ত অরণ্য ভগ্ন করিয়াছে; কেবল, জনকনন্দিনী সীতা যেখানে অবস্থান করিতেছে সেই স্থানটিই বিধ্বস্ত করে নাই ॥ ১৬ ॥

১। ঘ-ছ 'কৃতা-'। ২। ঘ-খ '-স্তৈব'। ৩। ছ-ঙ-দ 'সমুদ্বিগ্নাঃ'। ৪। ঘ 'ঘোর-'। ৫। ঙ '-বলঃ'। ৬। ছ 'সীতায়াঃ'। ৭। খ '-ত্যতুল-'। ৮। ছ 'চাস্মা-'। ৯। ছ '-র্বহুভিঃ'। ১০। ঘ '-স্তাপি'। ১১। ক 'দূতো'। ১২। ঘ-খ 'চ'। ১৩। ঘ-ছ-খ 'সীতার্থে ন ভবিষ্যতি', দ 'সীতার্থে বৈ ভবিষ্যতি'। ১৪। ঘ 'রাবণ'। ১৫। ছ 'দেবী'।

জানকীরক্ষণার্থং বা শ্রমাদ্বা নোপলভ্যতে[1]।
অথবা কঃ শ্রমস্তস্য সৈব তেনাভিরক্ষিতা ॥ ১৭ ॥
চারুপল্লবশাখশ্চ[2] যং সীতা সমুপাশ্রিতা[3]।
প্রবৃদ্ধঃ শিংশপাবৃক্ষঃ স তেন পরিপালিতঃ[4] ॥ ১৮ ॥

তস্যোগ্রকর্ম্মণো রাজন্ দণ্ডমাদেষ্টু[5]মর্হসি।
সীতা সংভাষিতা যেন তদ্[6] বনঞ্চ বিনাশিতম্ ॥ ১৯ ॥
স নঃ প্রতিগৃহীতাং[7] তাং তব রক্ষোগণেশ্বর[8]।
কঃ সীতাং পরিভাষেত যো ন স্যাত্ত্যক্তজীবিতঃ ॥ ২০ ॥
রাক্ষসীনাং বচঃ শ্রুত্বা রাবণো[9] রাক্ষসাধিপঃ।
হুতাগ্নিরিব[10] জজ্বাল ক্রোধসংরক্ত[11]লোচনঃ ॥ ২১ ॥

১৭। লো-টী। নোপপদ্যতে ন জ্ঞায়তে। [পাঠান্তরং দ্রষ্টব্যম্।] সা শিংশপা তেন বানরেণ।

১৮। লো-টী। কোঽসৌ ? যস্মিতি।

সীতাকে রক্ষা করিবার জন্য অথবা পরিশ্রান্ত হইয়াই [সে সেই স্থানটি বিধ্বস্ত করে নাই] জানি না ; অথবা তাহার আবার পরিশ্রম কি ? সীতাকেই সে রক্ষা করিয়াছে ॥ ১৭ ॥

সীতা যাহাকে আশ্রয় করিয়াছে, সেই মনোহর শাখা ও পল্লবযুক্ত বিশাল শিংশপা-বৃক্ষটিকেই সে রক্ষা করিয়াছে ॥ ১৮ ॥

রাজন্, সেই উগ্রকর্ম্মা বানরের দণ্ডাদেশ করিতে পারেন ; সে সীতার সহিত আলাপ করিয়াছে এবং সেই কানন বিধ্বস্ত করিয়াছে ॥ ১৯ ॥

হে রাক্ষসগণের অধীশ্বর, কে এমন আছে যে আমাদের প্রতিগৃহীত আপনার সেই সীতার সহিত আলাপ করিয়া জীবন হারাইবে না ? ॥ ২০ ॥

রাক্ষসীদিগের কথা শুনিয়া রাক্ষসরাজ রাবণ আহুতি-যুক্ত অগ্নির ন্যায় জ্বলিয়া উঠিলেন ॥ ২১ ॥

১। ঘ '-পপদ্যতে'। ২। ছ-থ '-খণ্ড'। ৩। ক '-পস্থিতাঃ'। ৪। ঘ ছ-থ '-রক্ষিতঃ'। ৫। ঘ '-আদেষ্টু-'। ৬। ঘ 'বনঞ্চ তদি-'। ৭। ছ 'পরি-'। ৮। ঘ -'গণাধিপ'। ৯। ঘ '-সেশ্বরঃ'। ১০। ঘ 'হোমাগ্নি-'। ১১। ঘ 'কোপ-'।

[১]সোঽথ মানসসম্ভূতান্ কিঙ্করান্ নাম রাক্ষসান্ ।
আদিদেশ মহাতেজা গ্রহণার্থং হনূমতঃ ॥ ২২ ॥
তেষামশীতিসাহস্রা[২] রাক্ষসানাং মহাচমূঃ ।
নির্যযৌ[৩] ভবনাত্তস্য শূলমুদ্গরপাণিনাম্ ॥ ২৩ ॥
দৃপ্তাঃ[৪] স্বামি[৫]হিতে যুক্তা ঘোর[৬]রূপা মহাবলাঃ ।
যুদ্ধাভিমনসঃ সর্ব্বে হনূমন্তমুপাদ্রবন্ ॥ ২৪ ॥
হনুমানপি বিক্রান্তঃ[৭] স্বপৌরুষ[৮]মুপাশ্রিতঃ ।
সহস্রপাদমাসাদ্য[৯] তচ্চৈত্য[১০]মধিরূঢ়বান্ ॥ ২৫ ॥
[১১]অথাধিরোহতস্তস্য বেগাদ্ বেগবতো মহৎ ।
সোপানমভবত্তত্র প্রতিশুক্রং[১২] মহত্তরম্ ॥ ২৬ ॥

২২। লো-টী। মানসসম্ভূতান্ ব্রহ্মণো মনোজাতান্ ।

২৫। লো-টী। সহস্রপাদং সহস্রস্তম্ভং চৈত্যমাসাদ্য প্রাপ্য তদেবারূঢ়বানিতি টীকা। যদ্বা, যং বৃক্ষং সীতা সমুপাশ্রিতা তং বৃক্ষং সহস্রপাদং সহস্রচরণমসংখ্যাতমূলমিত্যর্থঃ। 'স হি পাদমাসাদ্যেতি' পাঠে আসাদ্য আরুহ্য তৎশ্চৈত্যমায়তনমারূঢ়বান্। চৈত্যমুদ্দেশপাদপমাসাদ্য তদেবারূঢ়বানিতি বা। 'পাদো বুধ্নে তুরীয়াংশে শৈলপ্রত্যন্তপর্ব্বতে, চরণে চ ময়ূখে চে'তি। 'চৈত্যমায়তনে বুদ্ধবিম্বে নোদ্দেশপাদপে' ইতি চ কোষঃ।

২৬। লো-টী। মহত্তরং সোপানমভবৎ। কিম্ভূতম্? প্রতিশুক্রং সম্মুখশুক্রমিবেতি বিমলবোধঃ। 'প্রতিশুক্র'মিতি পাঠে শুক্রং শুক্রং দ-শ্রুতের্ল-শ্রুতিঃ। যদ্বা, শুক্রং বলং প্রতি

অনন্তর মহাতেজস্বী রাবণ [ব্রহ্মার] মানসসম্ভূত কিঙ্করনামক রাক্ষস-দিগকে হনুমান্‌কে ধরিবার আদেশ করিলেন ॥ ২২ ॥

সেই শূল ও মুদ্গরধারী রাক্ষসদিগের অশীতি-সহস্র-সৈন্যযুক্ত বিপুল বাহিনী রাবণভবন হইতে নির্গত হইল ॥ ২৩ ॥

প্রভুর হিতসাধনে নিযুক্ত ভীমকায় মহাবলশালী দর্পিত যুদ্ধাভিলাষী তাহারা সকলে হনুমানের নিকট উপস্থিত হইল ॥ ২৪ ॥

পরাক্রান্ত হনুমান্ স্বীয় পরাক্রম অবলম্বন করত সহস্র-স্তম্ভযুক্ত সেই চৈত্য-প্রাসাদ প্রাপ্ত হইয়া তাহাতে আরোহণ করিলেন ॥ ২৫ ॥

বেগে আরোহণ করিতে করিতে বেগশালী হনুমানের একটি বিশাল ও উন্নত সোপান পুরোবর্ত্তী শুক্র স্বরূপ হইল ॥ ২৬ ॥

১। ছ 'অথ'। ২। দ '-স্রঃ'। ৩। গ '-নাত্তস্মাৎ'। ৪। ত-গ-ব 'হৃষ্টাঃ'। ৫। ঘ 'প্রভু'। ৬। ঘ 'ভীম-'। ৭। ক-ট '-নথ'। ৮। দ '-বশম্বা'। ৯। ঘ-খ '-দং সংপ্রাপ্য'। ১০। ছ-দ 'তং চৈত্য-'। ১১। ছ-ত 'অথাতি-', দ 'তথাধি-'। ১২। ঘ-ছ 'প্রতিমকং'।

আরুহ্য[1] স হি[2] দুর্দ্ধর্ষশ্চৈত্যপ্রাসাদমুত্তমম্ ।
হনুমান্ প্রজ্বলন্[3] লক্ষ্ম্যা পারিপাত্রোপমো[4]ঽভবৎ ॥ ২৭ ॥
স ভূত্বা সুমহাকায়ঃ প্রভাবান্মারুতাত্মজঃ ।
ধৃষ্ট[5]মাস্ফোটয়ামাস লঙ্কাং শব্দেন[6] পূরয়ন্ ॥ ২৮ ॥
তস্যাস্ফোটিতশব্দেন মহতা শ্রোত্রঘাতিনা[7] ।
পেতুর্ব্বিহঙ্গমাস্তত্র চৈত্যপালাশ্চ মোহিতাঃ ॥ ২৯ ॥
জয়ত্যতিবলো[8] রামো লক্ষ্মণশ্চ মহাবলঃ ।
রাজা জয়তি সুগ্রীবো রাঘবেণা[9]ভিপালিতঃ ॥ ৩০ ॥

অনতিক্রম্যা অনায়াসেনাধিরোহতঃ। 'শুক্রং বীর্য্যং বলং বীজমিন্দ্রিয়ং রেত উচ্যতে' ইতি রত্নমালা। 'প্রতিশৃঙ্গ'মিতি পাঠে প্রতিশৃঙ্গং প্রতিশিখরং প্রতিক্রমাগ্রমিতি যাবৎ। 'শৃঙ্গং প্রভুত্বে শিখরে চিহ্নে ক্রীড়াম্বুযন্ত্রকে' ইতি কোষঃ। 'শিখরোঽস্ত্রী দ্রুশৈলাগ্রে' ইতি ভূরি০।

২৭। লো-টী। দুর্দ্ধর্ষঃ ধর্ষয়িতুং পরাভবং নেতুমশক্যঃ। চৈত্যং প্রধানগৃহং প্রাসাদং চারুহ্য পারিপাত্রঃ পর্ব্বতবিশেষঃ, তদ্বদভবৎ। 'অধৃষ্যঃ স হি দুর্দ্ধর্ষশ্চৈত্যপ্রাসাদ'মিতি পাঠে অধৃষ্যঃ ধর্ষয়িতুমাকর্ষয়িতুমশক্যঃ। উত্তমং প্রাসাদশ্রেষ্ঠং প্রাপ্য।

২৮। লো-টী। ধৃষ্টং প্রগল্ভং যথা ভবতি তথা আস্ফোটয়ামাস বাহুনা বাহৌ আঘাতং কৃতবানিত্যর্থঃ।

৩০। লো-টী। 'জয়ত্যতিবলো রাম' ইতি ক্বচিৎ পাঠঃ, 'রামোঽস্ত্রবিদ্ বিজয়তে' ইতি ক্বচিৎ।

সেই দুর্দ্ধর্ষ হনুমান্ উত্তম চৈত্য-প্রাসাদে আরোহণ করিয়া সৌন্দর্য্যে উজ্জ্বল পারিপাত্র-পর্ব্বতের ন্যায় হইলেন ॥ ২৭ ॥

পবননন্দন হনুমান্ প্রভাববশে বিশাল আকার ধারণ করিয়া শব্দদ্বারা লঙ্কানগরী পরিপূর্ণ করিতে করিতে প্রগল্ভভাবে আস্ফোটন করিতে লাগিলেন ॥২৮॥

তাঁহার আস্ফোটনের শ্রুতিপীড়াকর তুমুল শব্দে পক্ষিগণ [মূর্চ্ছিত হইয়া] সেখানে পতিত হইল এবং চৈত্যরক্ষকগণ মোহিত হইল ॥ ২৯ ॥

[তিনি বলিতে লাগিলেন—] "অতি বলশালী রাম ও মহাবলশালী লক্ষ্মণের জয়, রামকর্ত্তৃক রক্ষিত রাজা সুগ্রীবের জয় ॥ ৩০ ॥

১। ঘ-পুস্তকে ইদমর্দ্ধং নাস্তি। ঙ 'প্রধৃষ্য-', ত 'আধৃষ্য', ত টী 'প্রবিশ্য'। ২। ঙ-ত 'চ'। ৩। ছ 'প্রজ্বললক্ষ্ম্যা', ত-দ 'প্রতিশৃঙ্গঃ'। ৪। ছ '-যাত্রো-'। ৫। ছ 'প্রহৃষ্টস্ফো-'। ৬। ঘ 'নাদেন'। ৭। থ '-নাসিনা'। ৮। ঘ-ছ 'রামোঽস্ত্রবিদ্বিজয়তে', দ 'রামবাণবিজয়তে'। ৯। ছ-ত-থ '-ণানুপালিতঃ'।

দূতোঽহং কোশলেন্দ্রস্য রামস্যাক্লিষ্টকারিণঃ[১]।
হনুমান্ শত্রুসৈন্যানাং নিহন্তা মারুতাত্মজঃ[২] ॥ ৩১ ॥
ন রাবণসহস্রং মে যুদ্ধে প্রতিবলং[৩] ভবেৎ।
শিলাভিশ্চ প্রহরতঃ পাদপৈশ্চ সহস্রশঃ ॥ ৩২ ॥
নাশয়িত্বা পুরীং লঙ্কামভিবাদ্য চ মৈথিলীম্[৪]।
স সিদ্ধার্থো[৫] গমিষ্যামি মিষতাং সর্ব্বরক্ষসাম্ ॥ ৩৩ ॥
এবমুক্ত্বা বিমানাগ্রে চৈত্যস্য হরিপুঙ্গবঃ[৬]।
ননাদ ভীমনির্হ্রাদো লঙ্কাং নাদৈঃ প্রচালয়ন্[৭] ॥ ৩৪ ॥
তেনাক্রান্তঃ প্রচলিতঃ প্রাসাদঃ স হনুমতা।
ব্যশীর্য্যত গিরেঃ শৃঙ্গং বজ্রেণেব[৮] বিদারিতম্ ॥ ৩৫ ॥

৩২। লো-টী। প্রতিবলং বলতুল্যং।
৩৩। লো-টী। মিষতাং পশ্যতাম্। অনাদৃত্য।
৩৪। লো-টী। বিমানাগ্রে বিমানস্যোপরি স্থিত্বেত্যর্থঃ। তথা চৈত্যস্য উদ্দেশপাদপোপরি চ। যদ্বা, বিমানং সাপ্তভৌমগৃহম্, তস্যোপরি, চৈত্যস্য প্রাসাদতুল্যায়তনস্য উপরি চ।
৩৫। লো-টী। স প্রাসাদঃ।

আমি অক্লিষ্টকর্ম্মা কোশলেশ্বর রামচন্দ্রের দূত—শত্রুসৈন্যগণের নিধনকারী পবননন্দন হনুমান্ ॥ ৩১ ॥

আমি সহস্র সহস্র বৃক্ষ ও প্রস্তরদ্বারা প্রহার করিতে থাকিলে যুদ্ধক্ষেত্রে সহস্র রাবণ আমার সমকক্ষ হইতে পারিবে না ॥ ৩২ ॥

সেই আমি সমস্ত রাক্ষসের চোখের সামনেই লঙ্কাপুরী বিধ্বংসিত করিয়া এবং সীতাকে অভিবাদন করিয়া কৃতকৃত্য হইয়া প্রস্থান করিব" ॥ ৩৩ ॥

ভয়ানক গর্জ্জনকারী হনুমান্ এই বলিয়া শব্দে লঙ্কানগরী প্রকম্পিত করিয়া চৈত্যপ্রাসাদের বিমানাগ্রে গর্জ্জন করিতে লাগিলেন ॥ ৩৪ ॥

সেই প্রাসাদ হনুমানের আক্রমণে কম্পিত হইয়া বজ্রবিদারিত পর্ব্বত-শৃঙ্গের ন্যায় বিশীর্ণ হইল ॥ ৩৫ ॥

১। ছ-খ-গ 'কর্ম্মণঃ'। ২। অতঃ পরং গ-পুস্তকে "ঈদৃশানাং সহস্রাণি সন্তি রাবণসন্নিভৌ। বলিনাং বানরেন্দ্রাণাং সুগ্রীববশবর্ত্তিনাম্। স বানরসহস্রাণাং কোটিভিরভিসংবৃতঃ। আগমিষ্যতি সুগ্রীবঃ সর্ব্বেষাং বৈ জিঘাংসয়া।" ইত্যধিকম্। ৩। ছ '-বলো'। ৪। ব 'জানকীম্'। ৫। ছ-গ 'সমৃদ্ধার্থো'। ৬। খ 'কপিকুঞ্জরঃ'। ৭। গ 'প্রণুদন্'। ৮। গ 'শতক্রতুঃ'।

তেঽপি বানরমাসাদ্য চৈত্যে তং রাক্ষসাঃ স্থিতম্ ।
অভিপেতুর্ম্মহাবেগাঃ[১] পতঙ্গা ইব পাবকম্ ॥ ৩৬ ॥
স তৈঃ পরিবৃতঃ শ্রীমান্ সর্ব্বতো হরিপুঙ্গবঃ[২] ।
সমাবিধ্য চ[৩] লাঙ্গূলং ননাদ সুমহাস্বনম্ ॥ ৩৭ ॥
তস্য সন্নাদশব্দেন তেঽভবন্ ভয়মোহিতাঃ[৪] ।
দদৃশুর্হনুমন্তঞ্চ[৫] মহামেঘমিবোত্থিতম্[৬] ॥ ৩৮ ॥
স্বামিসন্দেশনিঃশঙ্কাস্ততস্তে রাক্ষসাঃ কপিম্ ।
চিত্রৈঃ প্রহরণৈর্ভীমৈরভিপেতুঃ[৭] সহস্রশঃ ॥ ৩৯ ॥
স তৈঃ পরিবৃতো ভীমৈঃ[৮] সর্ব্বতঃ কপিকুঞ্জরঃ[৯] ।
ক্রুদ্ধো বাতাত্মজঃ শ্রীমান্ পঞ্চরূপং[১০] সমাহিতঃ[১১] ॥ ৪০ ॥

৩৬। লো-টী। চৈত্যে তাদৃশে গৃহে স্থিতাস্তে রাক্ষসাঃ। 'স্থিত'মিত্যপি ক্বচিৎ পাঠঃ।
৩৮। লো-টী। সন্নাদো লাঙ্গূলশব্দস্তেন যুক্তঃ শব্দস্তেন।
৪০ ৪১। লো-টী। স তৈঃ পরিবৃতঃ রাক্ষসানাং শতং জঘানেতি সার্দ্ধদ্বয়েনান্বয়ঃ। পঞ্চানাং রূপাণাং সূর্য্যাণাং সমাহার একীকরণং তৎ সমাহিতঃ সমাস্থিতঃ। একীকরণত্বঞ্চ পঞ্চ-

পতঙ্গ যেমন অগ্নির দিকে ধাবিত হয়, সেইরূপ মহাবেগশালী সেই রাক্ষসগণও চৈত্যোপরি অবস্থিত সেই বানরকে পাইয়া তাহার দিকে ধাবিত হইল ॥ ৩৬ ॥

শ্রীমান্ হনুমান্ সেই রাক্ষসবৃন্দে চারিদিকে পরিবেষ্টিত হইয়া লাঙ্গূল সঞ্চালন করিতে করিতে মহাশব্দে গর্জ্জন করিতে লাগিলেন ॥ ৩৭ ॥

হনুমানের গর্জ্জনশব্দে সেই রাক্ষসগণ ভয়ে মোহিত হইল, তাহারা হনুমান্‌কে সমুত্থিত মহামেঘের ন্যায় দর্শন করিতে লাগিল ॥ ৩৮ ॥

তারপর সেই রাক্ষসগণ প্রভুর আদেশে নিঃশঙ্ক হইয়া বিচিত্র ও ভয়ানক সহস্র সহস্র অস্ত্র লইয়া হনুমানের দিকে ধাবিত হইল ॥ ৩৯ ॥

সেই শ্রীমান্ পবননন্দন হনুমান্ রাক্ষসবৃন্দে বেষ্টিত হইয়া ক্রুদ্ধ হইয়া পঞ্চসূর্য্যের তেজ ধারণ করিলেন ॥ ৪০ ॥

১। গ 'পরতা'। ২। খ 'কপিকুঞ্জরঃ'। ৩। ঘ-ছ 'তু'। ৪। ঘ '-পীড়িতাঃ'। ৫। ঘ-থ '-স্তং হনুমন্তং', দ '-স্তে হনুমন্তং'। ৬। ছ '-চ্ছ্রিতম্'। ৭। ত '-ভীমম-'। ৮। ঘ 'ঘোরৈঃ'। ৯। ঘ 'কপিসত্তমঃ'। ১০। ছ 'ষক', থ 'বভূব সুমহামতিঃ'। ১১। ত 'সমাশ্রিতঃ'।

প্রাসাদস্য সমুদ্ধৃত্য স্তম্ভং হেমবিভূষিতম্ ।
ভ্রাময়িত্বা শতগুণং নাম বিশ্রাব্য চাত্মনঃ ।
রাক্ষসানাং শতং ঘোরং জঘান কপিকুঞ্জরঃ ॥ ৪১ ॥
স হত্বা রাক্ষসান্ ঘোরান্ কিঙ্করান্ মারুতাত্মজঃ ।
অনিরুদ্ধমহোৎসাহঃ পুনর্যুদ্ধমকাঙ্ক্ষত ॥ ৪২ ॥
স তং পরিঘমুদ্যম্য তদ্বৈ রাক্ষসমণ্ডলম্ ।
সূদয়ামাস সংক্রুদ্ধো ভীমং ভীমপরাক্রমঃ ।
অন্তরীক্ষগতশ্চেদং তদা বাক্যমুদাহরৎ ॥ ৪৩ ॥
জয়ত্যতিবলো রামো লক্ষ্মণশ্চ মহাবলঃ ।
রাজা জয়তি সুগ্রীবো রাঘবেণাভিপালিতঃ ॥ ৪৪ ॥

স্থগাবৎ পূর্ণতেজস্কত্বম্, সমাহিত ইত্যর্থঃ । পারাদিত্বান্ন নদাদি । "রূপং স্বভাবে সৌন্দর্য্যে মানকে পশুস্বর্গায়ো"রিতি কোষঃ । যদ্বা, যথা একএব স্ফটিকঃ সমীপরক্তনীলপদার্থযোগাৎ নানাবর্ণো ভবতি তথা অয়মপি ক্রোধেন নানাবর্ণোঽভবদিতি । মহস্তং মহতো বিশ্বকর্ম্মণো ভূতং জাতং তন্নির্ম্মিতমিত্যর্থঃ । 'শতগুণ'মিতি চ পাঠঃ ।

কপিশ্রেষ্ঠ হনুমান্ প্রাসাদের সুবর্ণমণ্ডিত স্তম্ভ উৎপাটিত করিয়া শত গুণ ভ্রমণ করাইতে করাইতে নিজনাম কীর্ত্তন করিয়া শত শত ভয়ানক রাক্ষস বধ করিলেন ॥ ৪১ ॥

পবননন্দন হনুমান্ কিঙ্কর নামক ভয়ানক রাক্ষসদিগকে বধ করিয়া অক্ষুন্ন উৎসাহে পুনরায় যুদ্ধ কামনা করিতে লাগিলেন ॥ ৪২ ॥

ভীমপরাক্রম হনুমান্ ক্রুদ্ধ হইয়া সেই ভীষণ পরিঘ উত্তোলন করিয়া সেই ভয়ানক রাক্ষসগণকে বধ করিলেন এবং অন্তরীক্ষে অবস্থান করিয়া এই কথা বলিতে লাগিলেন—॥ ৪৩ ॥

"অতিবলশালী রামচন্দ্র ও মহাবলশালী লক্ষ্মণের জয়। রামকর্ত্তৃক রক্ষিত রাজা সুগ্রীবের জয় ॥ ৪৪ ॥

১। ঘ 'স্তম্ভ-'। ২। ঘ 'বহু চ'। ৩। ঘ '-সত্তমঃ'। ৪। ঘ 'কিঙ্করান্'। ৫। ঘ 'রাক্ষসান্'। ৬। ছ-ঘ '-সমুৎসাহঃ'। ৭। ঘ 'ঘোরং ঘোর-'। ৮। ছ '-পানুপা-'।

দূতোঽহং কোশলেন্দ্রস্য রামস্যাক্লিষ্টকর্ম্মণঃ[১] ।
হনুমান্ শত্রুসৈন্যানাং নিহন্তা মারুতাত্মজঃ[২] ॥ ৪৫ ॥
ঈদৃশানাং[৩] সহস্রাণি বিশিষ্টানাঞ্চ রক্ষসাম্[৪] ।
বলিনাং বানরেন্দ্রাণাং সুগ্রীববশবর্ত্তিনাম্ ॥ ৪৬ ॥
স বানরসহস্রাণাং কোটীভিরভিসংবৃতঃ[৫] ।
আগমিষ্যতি সুগ্রীবঃ সর্ব্বেষাং বো জিঘাংসয়া ॥ ৪৭ ॥
নেয়মস্তি পুরী লঙ্কা ন যূয়ং ন চ রাবণঃ ।
যস্য[৬] বৈ[৭] লোকবীরেণ বদ্ধং[৮] বৈরং মহাত্মনা ॥ ৪৮ ॥
ততস্তস্মাদ্ ভয়ান্মুক্তাঃ[৯] কথঞ্চিত্তত্র[১০] রাক্ষসাঃ ।
তান্ হতান্[১১] সুবহূন্ দৃষ্ট্বা বিমেতুর্[১২]ষ্টচেতসঃ ॥ ৪৯ ॥

৪৬-৪৭ । লো-টী । সহস্রাণি নিহন্তেত্যন্বয়ঃ । স সুগ্রীব আগমিষ্যতীতি সার্দ্ধেনান্বয়ঃ । বানরেন্দ্রাণাং বানরসেনাপতীনাং নল-নীলাদীনাম্ । যানি বানরসহস্রাণি তেষাং কোটীভিরভিসংবৃতঃ ।

চৈত্যাবিধ্বংসনম্ ॥ ৩৮ ॥

আমি অক্লান্ত-কর্ম্মী কোশলরাজ রামচন্দ্রের দূত—শত্রুসৈন্যগণের নিধনকারী পবননন্দন হনুমান্ ॥ ৪৫ ॥

এতাদৃশ বিশিষ্ট রাক্ষস [যেমন] হাজার হাজার, সুগ্রীবের বশবর্ত্তী বলশালী শ্রেষ্ঠ বানরও [তেমনই] হাজার হাজার ॥ ৪৬ ॥

সেই সুগ্রীব সহস্র সহস্র কোটি বানরে পরিবৃত হইয়া তোমাদের সকলকেই বধ করিবার অভিপ্রায়ে আগমন করিবেন ॥ ৪৭ ॥ •

এই লঙ্কাপুরী নাই এবং তোমরাও নাই, জগতের প্রধান বীর মহাত্মা রামচন্দ্রের সহিত যাহার শত্রুতা সংঘটিত হইয়াছে, সেই রাবণও নাই [বলিয়াই মনে কর]” ॥ ৪৮ ॥

তারপর তত্রত্য রাক্ষসগণ কোনরূপে সেই ভয় হইতে মুক্ত হইয়া বহু রাক্ষস নিহত দেখিয়া ভগ্নোৎসাহ ও বিষাদগ্রস্ত হইল ॥ ৪৯ ॥

১ । ঘ '-কারিণঃ' । ২ । ছ 'পবনা-' । ৩ । দ-পুস্তকে অত আরভ্য অষ্টচত্বারিংশশ্লোকান্তং নাস্তি । ৪ । ছ 'রাক্ষসাঃ' । ৫ । ধ '-সংযুতঃ' । ৬ । ঘ-থ 'যেষাস্তু', ত 'যেষাং' । ৭ । ছ-ত 'বো' । ৮ । দ 'বদ্ধবৈরং' । ৯ । ঘ-ছ '-ত্তয়ং মুক্তা' । ১০ । থ-দ 'কতিচিৎ' । ১১ । ত 'দৃষ্ট্বা নিহতান্ সর্ব্বান্' । ১২ । দ '-দুর্হৃ-' ।

হতাবশেষাস্তে জগ্মু রাক্ষসা রাবণালয়ম্ ।
নিহতান্ কিঙ্করান্ সর্ব্বান্ রাবণায় ন্যবেদয়ন্ ।
তদপ্রিয়ং মহাঘোরং শ্রুত্বা চুক্রোধ রাবণঃ ॥ ৫০ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে চৈত্যবিধ্বংসনং নাম অষ্টত্রিংশঃ সর্গঃ ॥ ৩৮ ॥

হতাবশিষ্ট রাক্ষসগণ রাবণের ভবনে গমন করিল এবং কিঙ্করগণ সকলে নিহত হইয়াছে বলিয়া রাবণকে জানাইল। সেই অত্যন্ত অপ্রিয় সংবাদ শুনিয়া রাবণ ক্রুদ্ধ হইলেন ॥ ৫০ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে চৈত্যবিধ্বংসন-নামক ৩৮শ সর্গ সমাপ্ত ॥ ৩৮ ॥

১। ঙ '-বশিষ্টা-'। ২। ঘ-খ 'ক্রুক্রোধ'।

(৩৯) ঊনচত্বারিংশঃ সর্গঃ

কিঙ্করান্ সুবহূন্ হত্বা হনুমান্ হরিপুঙ্গবঃ [১]।
উদ্যানং [২] দ্রুমসংচ্ছন্নং [৩] বভঞ্জ [৪] স লতাবৃতম্ [৫] ॥ ১ ॥
চম্পকান্ নাগপুষ্পাং [৬]শ্চ তিলকান্ বঞ্জুলানপি।
নারিকেলাংস্তথাঽশোকানন্যাংশ্চ বিবিধান্ দ্রুমান্।
বভঞ্জ পরমক্রুদ্ধো বৃক্ষপালান্ জঘান চ [৭] ॥ ২ ॥
তং [৮] দৃষ্ট্বা [৯] ভজ্যমানস্তু [১০] বনপালাঃ সমন্ততঃ।
বিদ্রুতাঃ সহসা [১১] ত্রস্তা জগ্মুর্যত্র [১২] দশাননঃ [১৩] ॥ ৩ ॥
বদ্ধাঞ্জলিপুটাশ্চেদমূচুস্তে প্রণতা ভুবি।
রাবণং তত্র সংক্রুদ্ধং শোকবিপ্লুতলোচনাঃ ॥ ৪ ॥

৩। লো-টী। ভজ্যমানং বনভঙ্গং কুর্ব্বন্তম্।

বানরশ্রেষ্ঠ সেই হনুমান্ বহুসংখ্যক কিঙ্করকে হত্যা করিয়া বৃক্ষ ও লতা-সমাচ্ছাদিত উদ্যানমধ্যে প্রবেশ করিলেন ॥ ১ ॥

হনুমান্ অতিশয় ক্রুদ্ধ হইয়া চম্পক, নাগপুষ্প, তিলক, অশোক, বঞ্জুল, নারিকেল এবং অন্যান্য নানাবিধ বৃক্ষ ভগ্ন করিতে লাগিলেন এবং বৃক্ষ-রক্ষকদিগকে নিহত করিলেন ॥ ২ ॥

বন-পালকগণ চারিদিকে সেই বৃক্ষসমূহ ভগ্ন হইতে দেখিয়া সহসা সন্ত্রস্ত হইয়া রাবণের নিকট গমন করিল ॥ ৩ ॥

তাহারা ভূতলে প্রণত হইয়া শোকবাষ্পাপ্লুত-নেত্রে কৃতাঞ্জলিপুটে ক্রুদ্ধ রাবণকে এই কথা বলিল—॥ ৪ ॥

১। ঘ 'কপিকুঞ্জরঃ', ছ-ঙ 'মারুতাত্মজঃ'। ২। ঘ 'বনষণ্ডং'। ৩। ঙ-'সংপূর্ণং'। ৪। ঘ 'শলভাকুলম্'। ৫। ছ-ঙ ঘ '-কুলম্'। ৬। ঘ '-পাপি'। ৭। ঘ 'সঃ', ঙ 'চ'। ৮। ঘ 'তান্'। ৯। ঙ 'তুজ্যমা-'। ১০। ঘ '-মানাংস্তু'। ১১। ঘ 'ভীতাঃ', ঙ 'তত্র'। ১২। ঙ 'গতা যত্র'। ১৩। ঘ 'স রাবণঃ'।

নাশিতঃ [1]সুমহাংশ্চৈত্যো [2]রাক্ষসপ্রবরা হতাঃ।
[3]ভগ্নঞ্চ তদ্বনং রাজন্ বানরেণ [4]গতায়ুষা ॥ ৫ ॥
তৎ প্রসাদং মহাবাহো কর্ত্তুমর্হসি [5]মানদ।
যথা বধ্যেত দুষ্টাত্মা তথা যত্নো বিধীয়তাম্ ॥ ৬ ॥
শ্রুত্বা [6]তু তেষাং [7]তদ্বাক্যং [8]স [9]ক্রোধাৎ প্রজ্বলন্নিব।
[10]আদিদেশ [11]গণাংস্তত্র রাক্ষসানাং মহাবলঃ ॥ ৭ ॥
তে [12]ঘোরাঃ [13]প্রহিতা রাজ্ঞা রাক্ষসা [14]বলদর্পিতাঃ।
মুঞ্চন্তঃ সিংহনাদাংশ্চ [15]প্রযযুর্যত্র বানরঃ ॥ ৮ ॥
সমাসাদ্য চ তং বীরং [16]হনূমন্তং গতায়ুষঃ।
[17]আজঘ্নু র্বিমলৈঃ শূলৈঃ পরিঘৈঃ সপরশ্বধৈঃ।
অন্যৈশ্চ বিবিধৈঃ শস্ত্রৈর্হনূমন্তং তথা [18]শরৈঃ ॥ ৯ ॥

৫। লো-টী। গতানি আয়ূংষি রক্ষসাং যস্মাৎ তেন গতায়ুষা।

রাজন্, মরণোন্মুখ বানর বিশাল চৈত্য ধ্বংস করিয়াছে, বড় বড় রাক্ষসকে নিহত করিয়াছে এবং সেই কানন ভগ্ন করিয়াছে ॥ ৫ ॥

হে মহাবাহো, হে মানরক্ষাকারিন্, আপনি অনুগ্রহ করিয়া এইরূপ যত্ন করুন—যাহাতে এই দুষ্টাত্মা নিহত হয় ॥ ৬ ॥

মহাবলশালী রাবণ তাহাদের সেই কথা শুনিয়া ক্রোধে প্রজ্বলিতপ্রায় হইয়া রাক্ষসগণকে আদেশ করিলেন ॥ ৭ ॥

রাজার প্রেরিত বলদর্পিত ভীষণ রাক্ষসগণ সিংহনাদ করিতে করিতে হনুমানের নিকট গমন করিল ॥ ৮ ॥

মরণোন্মুখ রাক্ষসগণ সেই বীর হনুমান্‌কে পাইয়া শাণিত শূল, পরিঘ, পরশু এবং অন্যান্য বহুবিধ অস্ত্র ও বাণ লইয়া তাহার দিকে আসিল ॥ ৯ ॥

১। ঘ 'তং সুমহচ্চৈত্যং'। ২। ঙ-ঘ 'রাক্ষসাঃ প্র-'। ৩। ঘ-ছ 'ভগ্নং তব বনং', ঙ-দ 'ভগ্নং তচ্চ বনং'। ৪। ধ 'হতা-'। ৫। ঘ 'রাবণ'। ৬। ঘ-ঙ 'তেষান্তু'। ৭। ছ 'বচনং'। ৮। ঙ 'রাবণঃ', থ 'ক্রোধাৎ সঃ'। ৯। ধ 'ক্রোধেন'। ১০। ছ 'রাক্ষসানাং গণশ্চৈব ব্যাদিদেশ মহাবলঃ'। ১১। ঙ 'গণশ্চৈব'। ১২। ঘ 'ভীমাঃ'। ১৩। দ 'মুহুঃ প্রহারিণঃ'। ১৪। ধ '-গর্ব্বিতাঃ'। ১৫। ঘ-দ '-যত্র'। ১৬। ক 'মহাবলম্'। ১৭। ঘ '-র্বিশিখৈঃ'। ১৮। ঘ 'পরৈঃ'।

ততঃ[1] ক্রুদ্ধঃ স হনুমানাদায়[2] বিপুলং[3] দ্রুমম্।
জঘান রাক্ষসান্ ঘোরান্ সমেতাংস্তান্ মহাবলঃ ॥ ১০ ॥
[4]তে পাবকমিবাসাদ্য শলভা জীবিতক্ষয়ে।
জগ্মু র্বিনাশং সর্ব্বে[5] বৈ[6] কিঙ্করাস্তে চ রাক্ষসাঃ ॥ ১১ ॥
নিহতান্ কিঙ্করান্ শ্রুত্বা রাবণো লোকরাবণঃ।
প্রহস্তস্য সুতং বীরং জম্বুমালিনমাদিশৎ।
নাহত্বা বানরং শূরং বিনিবর্ত্তিতুমর্হসি ॥ ১২ ॥
[7]স রাক্ষসানাং নিহতং মহাবলং নিশম্য রাজা পরিবৃত্তলোচনঃ।
সমাদিদেশাপ্রতিমং পরাক্রমৈঃ[8] প্রহস্তপুত্রং[9] সমরেঽতিদুর্জ্জয়ম্ ॥ ১৩ ॥

[10]ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে বলসংক্ষয়ো নাম
উনচত্বারিংশঃ সর্গঃ ॥ ৩৯ ॥

১১। লো টী। তে তে চ রাক্ষসা ইত্যন্বয়ঃ।

তারপর মহাবলশালী সেই হনুমান্ ক্রুদ্ধ হইয়া একটি বিশাল বৃক্ষ লইয়া সমাগত ভীষণ সেই রাক্ষসগণকে প্রহার করিলেন ॥ ১০ ॥

পতঙ্গ যেমন আয়ুঃশেষ হইলে অগ্নি প্রাপ্ত হইয়া বিনষ্ট হয়, তাহারা এবং সেই কিঙ্করগণ সকলেই সেইরূপ বিনষ্ট হইল ॥ ১১ ॥

লোক-ভয়ঙ্কর রাবণ কিঙ্করগণ নিহত হইয়াছে শুনিয়া প্রহস্তের পুত্র বীর জম্বুমালীকে আদেশ করিলেন যে, "তুমি [সেই] বলবান্ বানরকে নিহত না করিয়া প্রত্যাবর্ত্তন করিতে পারিবে না" ॥ ১২ ॥

রাজা রাবণ রাক্ষসদিগের মহাসৈন্য নিহত হইয়াছে শুনিয়া [ক্রোধে] ঘূর্ণিত-নেত্র হইয়া পরাক্রমে অতুলনীয় সমরে অপরাজেয় প্রহস্তপুত্রকে [যুদ্ধার্থে] আদেশ করিলেন ॥ ১৩ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে সৈন্যসংক্ষয়-নামক
৩৯শ সর্গ সমাপ্ত ॥ ৩৯ ॥

১। খ 'ততঃ স হনুমান্ ক্রুদ্ধঃ'। ২। ক '-মান্ প্রগৃহ্য'। ৩। খ 'সুমহৎ'। ৪। খ-পুস্তকে অত আরভ্য সার্দ্ধশ্লোকদ্বয়ং নাস্তি। ৫। ঙ 'ত্তে'। ৬। ঘ-ঙ 'যা যে'। ৭। ক-পুস্তকে অয়ং শ্লোকো নাস্তি। ৮। খ '-ক্রমে'। ৯। খ '-সূনুং সমরে সুদু-'। ১০। ক-পুস্তকে নাত্যাত্র সর্গসমাপ্তিঃ।

(৪০) চত্বারিংশঃ সর্গঃ

সন্দিষ্টো রাক্ষসেন্দ্রেণ প্রহস্ততনয়ো বলী।
জম্বুমালী মহাদংষ্ট্রো নির্জ্জগাম ধনুর্ধরঃ ॥ ১ ॥

রক্তমাল্যাম্বরধরঃ স্রগ্বী রুচিরকুণ্ডলঃ।
মহাবিবৃত্তনয়নশ্চণ্ডঃ সমরদুর্জ্জয়ঃ ॥ ২ ॥

ধনুঃ শক্রধনুঃপ্রখ্যং মহদ্রুচিরশায়কম্[১]।
বিস্ফারয়ন্ স বেগেন বজ্রস্বনসমস্বনম্[২] ॥ ৩ ॥

তস্য বিস্ফারঘোষেণ ধনুষো মহতা[৩] দিশঃ।
বিদিশো গগনঞ্চৈব সহসা সমপূর্য্যত[৪] ॥ ৪ ॥

রথেন[৫] খরযুক্তেন তমাগতমুদীক্ষ্য সঃ।
হনুমান্ বেগসম্পন্নো[৬] জহর্ষ[৭] চ ননাদ চ ॥ ৫ ॥

২। লো-টী। মহাবিবৃত্তনয়নঃ অতীব চঞ্চলনয়নঃ।

৩। লো-টী। বিস্ফারয়ন্ ধনুষ্টঙ্কারং কুর্ব্বন্ নির্জ্জগামেতি পূর্ব্বেণান্বয়ঃ। 'বজ্রধ্বনি-সমস্বন' ইত্যনেন সোঽপি সিংহনাদং চকার।

১। খ পুস্তকে উদ্ধৃতাংশ নাস্তি। ২। খ '-যৎ ক্রোধকলুষীকৃতা'। ৩। ঘ 'দুরা-'। ৪। ক '-পায়াং তু', ঙ '-পায়াঃ সা সবধ্যাস্তে সুদুঃখিতা', ত '-পায়া সা নবসাস্তে সুদুঃখিতা', খ '-পায়াং হি', ঘ '-পায়াঃ সা অধ্যাস্তে চ সুদুঃখিতা'। ৫। খ 'সাধ্বী-'। ৬। খ 'চ সু-'। ৭। খ 'শোক-'। ৮। ছ '-ব্রতা চ', ত-ঘ '-ব্রতা বং', খ '-ব্রতাসু সা দেবী সততং সুব্যবস্থিতা'। ৯। ঘ-ঙ-খ 'সাধ্বীকা', ঘ 'সাধুপূর্ব্বা'। ১০। খ '-ত্মনা সতী'। ১১। ঘ-ত-খ-ঘ '-চিন্তা'।

সা হ্যেকবাসঃসংবীতা রজোধ্বস্তা তথৈব[১] চ।
শোকসন্তাপদীনাঙ্গী[২] সীতা ভর্ত্তৃহিতে[৩] রতা ॥ ৯ ॥
সা ময়া রাক্ষসীমধ্যে তর্জ্জ্যমানা[৪] পুনঃ পুনঃ।
রাক্ষসীভির্বিরূপাভিঃ সংবৃতা প্রমদাবনে ॥ ১০ ॥
একবেণীধরা দীনা[৫] ভর্ত্তৃচিন্তাপরায়ণা[৬][৭]।
ভূমিশয্যা বিবর্ণাঙ্গী পদ্মিনীব হিমাগমে ॥ ১১ ॥
রাবণাদ্ বিনিবৃত্তাত্মা মর্ত্তব্যে[৮] কৃতনিশ্চয়া।
কথঞ্চিন্মৃগশাবাক্ষী বিশ্বাসমুপপাদিতা[৯] ॥ ১২ ॥
কৃতং[১০] সম্ভাষণঞ্চৈব[১১] তত্ত্বমর্থঞ্চ[১২] দর্শিতা।
রামসুগ্রীবসখ্যঞ্চ শ্রুত্বা[১৩] প্রীততরাভবৎ ॥ ১৩ ॥

১০। লো-টী। তং তস্মিন্ রক্ষসাং মধ্যে প্রমদাবনে প্রমদাবনরূপে তাভিস্তর্জ্জ্যমানা, সংবৃতা চ।

১১। লো-টী। পদ্মিনী পদ্মসংঘাতঃ।

১২। লো-টী। বিনিবৃত্ত আত্মা চিত্তং যস্যাঃ সা, 'বিনিবৃত্তার্থে'তি পাঠে অর্থঃ প্রয়োজনম্।

১৩। লো-টী। তত্ত্বমর্থং রামসুগ্রীবসখ্যং তচ্চ শ্রুত্বা।

পতিহিতরতা সেই সীতাদেবী একবস্ত্র-পরিহিতা ধূল্যবলুণ্ঠিতা এবং শোকসন্তাপে কৃশাঙ্গী হইয়া পড়িয়াছেন ॥ ৯ ॥

আমি অশোকবনে রাক্ষসীগণ-মধ্যে পুনঃ পুনঃ তিরস্কৃতা এবং কুৎসিত রাক্ষসীগণ-কর্ত্তৃক পরিবেষ্টিতা, একবেণীধারিণী, দুঃখিতা, সর্ব্বদা স্বামি-চিন্তানিরতা, ভূমিশয্যাশায়িনী, তুষারপাতক্লিষ্টা পদ্মিনীর ন্যায় বিবর্ণা, রাবণের প্রতি অনাসক্তচিত্তা এবং মরিবার জন্য কৃতসঙ্কল্পা সেই মৃগাক্ষী সীতার কোনরূপে (অতিকষ্টে) বিশ্বাস উৎপাদন করিয়াছি ॥ ১০-১২ ॥

এবং আলাপ করিয়া প্রকৃত বক্তব্য ও সুগ্রীবের সহিত রামের বন্ধুত্বের কথা জ্ঞাপন করিয়াছি, শ্রবণ করিয়া তিনি অতিশয় সন্তুষ্টা হইয়াছেন ॥ ১৩ ॥

১। ঘ 'তু'। ২। ঘ '-সন্তাপ-', ঙ '-সন্তপ্ত-'। ৩। ঘ 'পতিহিতে'। ৪। ঘ 'ভৎর্স্যমানা'। ৫। ঘ-ছ 'দেবী'। ৬। ছ-ঘ 'ভর্ত্তৃশোক-'। ৭। ঘ '-পরা সতী'। ৮। ঘ 'স্থির'। ৯। ঘ '-সং সমুপাদিতা'। ১০। ঘ-থ-ন 'কৃতসং-'। ১১। ঙ '-কাপি'। ১২। ঘ '-তং'. ১৩। ক 'প্রীতিতরা-'।

নিয়মং সমুদাচরং ভক্তিং ভর্ত্তরি চোত্তমাম্।
যা[১] ধারয়তি শোকেষু[২] মহাত্মে[৩]ত্যভিধীয়তে[৪] ॥ ১৪ ॥

এবমাস্তে মহাভাগা সীতা শোকপরায়ণা।
যদত্র প্রতিপত্তব্যং[৫] তৎ সর্ব্বং সংবিধীয়তাম্ ॥ ১৫ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে সীতাপ্রশংসা নাম অষ্টপঞ্চাশঃ সর্গঃ ॥ ৫৮ ॥

১৪। লো-টী। নিয়মং ভর্ত্তরি প্রীত্যর্থং ব্রতম্, ভক্তিং সেবাম্।
১৫। লো-টী। প্রতিপত্তব্যং প্রতিকর্ত্তব্যম্।

হনূমদ্বাক্যে সীতাপ্রশংসা ॥ ৫৮ ॥

যিনি শোকেও সদাচার এবং স্বামীর প্রতি অতিশয় ভক্তি পোষণ করেন, তাঁহার মাহাত্ম্য [জগতে] বিঘোষিত হয় ॥ ১৪ ॥

সেই দয়াদাক্ষিণ্যবতী শোকসন্তপ্তা সীতা এইরূপে অবস্থান করিতেছেন, ইহাতে যাহা করা উচিত সেই সমস্ত অনুষ্ঠান করুন ॥ ১৫ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে সীতাপ্রশংসানামক ৫৮শ সর্গ সমাপ্ত ॥ ৫৮ ॥

১। দ 'আত্মাধর্ষিত'। ২। প 'লোকেষু'। ৩। প 'তৎ সত্যমতি-'। ৪। অতঃ পরং ছ-ঙ-ঝপুস্তকেষু 'সর্ব্বথা সীতয়া কৃতক্ষেপসা স ('চ' ঠ) নিপাতঃ। নিমিত্তমাত্রং রামস্তু বধে তস্য ভবিষ্যতি।" ইত্যধিকম্।
৫। ব '-কর্ত্তব্যং'।

(৫৯) একোনষষ্টিতমঃ সর্গঃ

তস্য তদ্বচনং শ্রুত্বা বালিসূনুরভাষত[১] ।
জাম্ববৎপ্রমুখান্ সর্ব্বান্ হনূমন্তঞ্চ বানরম্ ॥ ১ ॥
অস্মিন্নেবং[২] গতে[৩] কার্য্যে ভবতাঞ্চ[৪] নিবেদিতে ।
কোঽন্যো যোঽস্মাসু বৈদেহীং[৫] তাং পশ্যেৎ পার্থিবাত্মজাম্[৬] ॥ ২ ॥
অহমেকোঽপি[৭] পর্য্যাপ্তঃ সরাক্ষসগণাং পুরীম্ ।
তাং[৮] লঙ্কাং তরসা হন্তুং রাবণঞ্চ নিশাচরম্ ॥ ৩ ॥
কিং পুনঃ সহিতৈঃ সর্ব্বৈর্বলবদ্ভিঃ[৯] কৃতাত্মভিঃ ।
কৃতাস্ত্রৈঃ প্লবনে শক্তৈর্ভবদ্ভির্ব্বিজয়ৈষিভিঃ[১০] ॥ ৪ ॥

২। লো-টী। 'কোঽন্যো যোঽস্মাসু বৈদেহীং তাং পশ্যেৎ পার্থিবাত্মজা'মিতি। অস্মাসু মধ্যে কো হনুমতোঽন্যো বর্ত্তত ইতি শেষঃ। যো বৈদেহীং পশ্যেদিত্যন্বয়ঃ। 'কো নয়োঽস্মাসু বৈদেহীং যৎ পশ্যেৎ পার্থিবাত্মজ' ইতি পাঠে অস্মাসু কো নয়ঃ, অস্মাভিঃ কা নীতিঃ কৃতা, যদ্ যস্মাৎ পার্থিবাত্মজঃ স্বয়ং গত্বা বৈদেহীং পশ্যেৎ। অস্মাভিরেব তস্যা নয়নং যুক্তম্ ইতি সর্ব্বজ্ঞঃ।

৩। লো-টী। অস্মাভিরেব সীতা আনয়িতব্যেত্যাশয়ং নিশ্চিনোতি—'অহমেক' ইত্যাদিনা 'বানরর্ষভা' ইত্যন্তেন।

৪। লো-টী। সহিতৈর্মিলিতৈঃ। কৃত আত্মা রণে বুদ্ধিযত্নৈঃ বা যৈস্তৈঃ। কৃতানি শিক্ষিতানি শক্রম্ বিহিতানি বা অস্ত্রাণি যৈস্তৈঃ।

বালিপুত্র অঙ্গদ হনূমানের সেই কথা শ্রবণ করিয়া জাম্ববান্ প্রমুখ সমস্ত বানরকে এবং হনূমান্‌কে বলিতে আরম্ভ করিলেন ॥ ১ ॥

আপনাদের নিকট বিজ্ঞাপিত এই কার্য্য এইরূপ হইলে আমাদের মধ্যে অন্য কে [আছেন,] যিনি বিদেহরাজনন্দিনী সীতাকে দেখিতে সমর্থ হইবেন ? ॥ ২ ॥

আমি একাই অতিশীঘ্র সেই রাক্ষসগণ-পরিবেষ্টিত লঙ্কানগরীকে এবং নিশাচর রাবণকে ধ্বংস করিতে সমর্থ ॥ ৩ ॥

তদুপরি যদি বলবান্ বিশ্বস্ত অস্ত্রধারী উল্লম্ফনে সমর্থ ও বিজয়াভিলাষী আপনাদের সহিত মিলিত হই, তবে আর কথা কি ? ॥ ৪ ॥

১। থ-ঙ '-পুত্রোঽভ্যভাষত'। ২। ঙ দ '-ন্নেব'। ৩। থ-ছ '-বিধে'। ৪। থ 'ভবত্যাবিনি-'। ৫। ছ 'যৎ'। ৬। ছ-থ '-ত্মজ'। ৭। থ-ঙ '-কো হি'। ৮। থ 'লঙ্কাং তাং'। ৯। ঙ-দ '-বদ্ভির্নিশাচরৈঃ'। ১০। থ-ঙ-দ '-রে রতৈঃ', ছ '-রোদ্যতৈঃ', থ '-রে বৃতৈঃ'।

অহন্তু রাবণং যুদ্ধে সসৈন্যং সপুরঃসরম্ ।
[১]সপুত্রং নিহনিষ্যামি সসুহৃদ্বান্ধবং যুধি ॥ ৫ ॥
[২]ব্রহ্মাস্ত্রঞ্চ তথা দিব্যং বায়ব্যং বারুণন্তথা ।
যানি [৩]শক্রজিতঃ সন্তি [৪]দুর্নিবারাণি সংযুগে ॥ ৬ ॥
তান্যহং বিধমিষ্যামি [৬]হনিষ্যামি চ রাবণম্ ।
ভব[৭]তামননুজ্ঞাতং রুণদ্ধি মম বিক্রমম্ ॥ ৭ ॥
মদ্বাহুবলসৃষ্টা হি [৮]শরবৃষ্টির্নিরন্তরা ।
দেবানপি রণে হন্যাৎ কিং পুনস্তান্ নিশাচরান্ ॥ ৮ ॥

৫। লো-টী। যুদ্ধে সৈন্যাদিভিঃ সহ বর্ত্তমানং যুধ্যেব নিহনিষ্যামি নাস্বত্রেতি ন পুনরুক্তিঃ। পুরঃসরাঃ পুরোগামিনঃ তৎসহিতম্।

৬। লো-টী। শক্রজিতো রাবণস্য ।

৭। লো-টী। ভবতাং সমনুজ্ঞাতং কর্ত্তৃপদম্। "ত্বং রাজপুত্রো নায়কশ্চ, বয়ং তু প্রেষ্যাঃ কর্ম্মকর্ত্তারঃ ; অস্মাসু সৎসু কথং কস্য কর্ত্তব্য"মিত্যাদিকং যদ্ ভবতাং সমনুজ্ঞাতমনুজ্ঞাতং তদেব মম বিক্রমং পরাক্রমং রুণদ্ধি আবৃণোতি। 'দর্শয়ামি চ বিক্রম'মিতি পাঠঃ ক্বচিৎ।

৮। লো-টী। মদ্বাহুবলসৃষ্টা মদ্বাহুবলেন ত্যক্তা।

আমি যুদ্ধক্ষেত্রে পুরোগামী সৈন্য, পুত্র, বন্ধু ও বান্ধবদের সহিত রাবণকে যুদ্ধে নিহত করিব ॥ ৫ ॥

ব্রহ্মাস্ত্র, দিব্যাস্ত্র, বায়ব্যাস্ত্র, বারুণাস্ত্র এবং যুদ্ধে শত্রুজয়কারী রাবণের যে সমস্ত অমোঘ অস্ত্র আছে, আমি সেই সমস্ত প্রতিহত করিব এবং রাবণকে বধ করিব ; আপনাদের অনুমোদনের অভাবই আমার বিক্রমকে প্রতিরুদ্ধ করিয়া রাখিয়াছে ॥ ৬-৭ ॥

আমার বাহুবলে নিক্ষিপ্ত অবিচ্ছিন্ন শরবৃষ্টি যুদ্ধে দেবতাদিগকেও বধ করিতে সমর্থ ; সেই নিশাচরদিগকে বধ করিবে, তাহাতে আর বক্তব্য কি ? ॥ ৮ ॥

১। ক 'সহপুত্রং হনি-'। ২। খ-ছ-গ 'ব্রাহ্মমস্ত্রং তথা রৌদ্রং', ঘ 'ব্রহ্মমস্ত্রং তথা রৌদ্রং'। ৩। ঘ-ছ-ব 'শক্র-'। ৪। খ '-জিতোহস্ত্রাণি'। ৫। গ 'তানি বধানি'। ৬। ছ 'নিহনিষ্যামি রাবণম্', ঘ 'নিহনিষ্যামি রাক্ষসান্'। ৭। ঘ-ঙ-দ '-তাং সম-' খ '-ন্তিরনুজ্ঞাতো দর্শয়ামি ন বিক্রমম্'। ৮। ছ-ঙ-থ 'শৈলবৃ-'।

অতীয়াৎ[১] সাগরো বেলাং চলেদপি[২] চ মন্দরঃ।
ন জাম্ববন্তং সমরে কম্পয়েচ্ছত্রুবাহিনী[৩] ॥ ৯ ॥
সর্ব্বরাক্ষসসংঘাতং[৪] রাক্ষসা[৫] যে চ পূর্ব্বকাঃ[৬]।
অয়মেকো নিহন্তা হি জাম্ববান্ কপিসত্তমঃ[৭][৮] ॥ ১০ ॥
পনসস্যোরুবেগেন নলস্য চ মহাত্মনঃ।
পর্ব্বতা অপি দীর্য্যেয়ুঃ কিং পুনর্যুধি রাক্ষসাঃ ॥ ১১ ॥
ন দেবাসুরযক্ষেষু পন্নগেষুরগেষু[৯] চ।
মৈন্দস্য প্রতিযোদ্ধারং মন্যেঽহং দ্বিবিদস্য চ ॥ ১২ ॥
অশ্বিপুত্রৌ[১০] মহাভাগাবেতৌ[১১] হি[১২] প্লবগোত্তমৌ[১৩]।
পিতামহবরোৎসেকাৎ পরং দর্পমবস্থিতৌ ॥ ১৩ ॥

৯। লো-টী। অতীয়াদতিক্রামেৎ। বেলাং তীরম্।
১০। লো-টী। পূর্ব্বকাঃ শ্রেষ্ঠাঃ।
১২। লো-টী। পদ্ভ্যাং ন গচ্ছন্তীতি পন্নগা অজগরসর্পাঃ, অন্যে উরগাশ্চ।
১৩। লো-টী। পরং দর্পং প্রাপোত্যর্থঃ। পরং দর্পং যথা ভবতি তথা বা। উৎসেকাদহঙ্কারাৎ।

সমুদ্র বেলাভূমি অতিক্রম করিতে পারে, অথবা মন্দর পর্ব্বতও কম্পিত হইতে পারে। কিন্তু, শত্রুসেনা জাম্ববানকে যুদ্ধে টলাইতে সমর্থ হইবে না ॥ ৯ ॥

এই বানরশ্রেষ্ঠ জাম্ববান্ একাই সমস্ত রাক্ষসসংঘ এবং যাহারা প্রধান রাক্ষস তাহাদিগকে বধ করিবেন ॥ ১০ ॥

মহাত্মা পনস এবং নলের প্রবলবেগে পর্ব্বত-সকলও বিদীর্ণ হয়, যুদ্ধে রাক্ষসেরা বিদীর্ণ হইবে, তাহার আর কথা কি ? ॥ ১১ ॥

আমি দেবতা, অসুর, যক্ষ, পন্নগ এবং সর্পের মধ্যে কাহাকেও মৈন্দ এবং দ্বিবিদের প্রতিযোদ্ধা মনে করি না ॥ ১২ ॥

এই শ্রেষ্ঠ বানরদ্বয় অশ্বিনীকুমারের পুত্র, ব্রহ্মার বরে ইহারা অত্যন্ত গর্ব্বিত হইয়াছেন ॥ ১৩ ॥

১। ঘ 'যাতী-'। ২। ছ-ঙ 'হি'। ৩। ছ 'চালয়ে-', ঘ 'জয়েযুর্যুধি রাক্ষসাঃ'। ৪। ঙ 'সঙ্ঘং রা-'। ৫। খ-ছ 'রক্ষসাং'। ৬। ক 'পূর্ব্বজাঃ', ঙ 'পূর্ব্বগাঃ'। ৭। ঙ '-নৃকম-'। ৮। ঘ '-কুঞ্জরঃ'। ৯। ছ 'বা'। ১০। ঘ 'অগ্নিপুত্রৌ'। ১১। ঘ '-বীর্য্যৌ সমস্তপ্লবগো-'। ১২। ঘ-ছ '-বিমৌ'। ১৩। ঙ 'চ'।

অশ্বিনোর্ম্মাননার্থং হি সর্ব্বলোকপিতামহঃ।[১]
সর্ব্বাবধ্যত্বমতুলং বীরাভ্যামদদাত্তদা[২] ॥ ১৪ ॥
তেনোৎসেকেন চ তদা প্রধৃষ্য মহতীং চমূম্।
সুরাণামমৃতং বীরৌ পীতবন্তৌ প্লবঙ্গমৌ ॥ ১৫ ॥
[৩]তদেতাবতিসংক্রুদ্ধৌ সবাজিরথকুঞ্জরাম্।
লঙ্কাং রাক্ষসসংপূর্ণাং[৪] দুর্দ্ধর্ষাং সূদয়িষ্যতঃ ॥ ১৬ ॥
জনকস্য সুতাং জিত্বা দেবীমসিতলোচনাম্।
যুক্তং সমীপগমনং রাঘবস্য মহাত্মনঃ ॥ ১৭ ॥
দৃষ্টা সীতা ন চানীতা ইতি তত্র নিবেদিতে।
বীর্য্যবিক্রমশৌর্য্যাণাং ঘোষণং গর্হিতং[৫] ভবেৎ ॥ ১৮ ॥

১৭। লো-টী। জিত্বা আনীয়।
১৮। লো-টী। বীর্য্যানুরূপবৃত্তানং, বিক্রমঃ শক্তিসম্পৎ, শৌর্য্যমাবম্ভ ইতি সর্ব্বজ্ঞঃ। 'শুক্রং বীর্য্যং বলং বাজবিক্রিয়ঃ রেত উচ্যতে' ইতি বহ্বলাঃ। ঘোষণং কাত্থনং গর্হিতং নিন্দিতম্।

পূর্ব্বে সমস্তলোকের পিতামহ ব্রহ্মা অশ্বিনীকুমারদ্বয়ের সম্মানার্থ এই বীরদ্বয়কে সকলের অবধ্যত্বরূপ অতুলনীয় বর প্রদান করিয়াছিলেন ॥ ১৪ ॥

এই বীর বানরদ্বয় সেই গর্ব্বে দেবতাদিগের বিশাল সেনাসমূহ পরাভূত করিয়া তাঁহাদের অমৃত পান করিয়াছিলেন ॥ ১৫ ॥

সুতরাং ইহারা অত্যন্ত ক্রুদ্ধ হইলে হস্তী, অশ্ব এবং রথযুক্ত রাক্ষসাকীর্ণ লঙ্কানগরীকে ধ্বংস করিবেন ॥ ১৬ ॥

অসিতলোচনা জনকনন্দিনী সীতাকে উদ্ধার করিয়া মহাত্মা রামচন্দ্রের সমীপে গমন করা উচিত ॥ ১৭ ॥

সীতাকে দেখিয়াছি, কিন্তু আনিতে পারি নাই, এইরূপ নিবেদন করিলে শৌর্য্য-বীর্য্য এবং পরাক্রমের ঘোষণা করা নিন্দার বিষয় হইবে ॥ ১৮ ॥

১। ঙ-ম 'চ'। ২। ক '-বধ্যতা'। ৩। ঙ 'প্রাবেব চাতি-'। ৪। খ '-সঙ্কীর্ণাং'। ৫। খ 'নিন্দিতং'।

অথবা বিক্রমে বুদ্ধির্যু[১]ক্তা দিব্যেন কর্ম্মণা।
সাগরপ্লবনে যোগ্যো ন চ কশ্চিৎ পরাক্রমে।
তু[২]ল্যঃ সামরদৈত্যেষু লোকেষু হরিপু[৩]ঙ্গবাঃ ॥ ১৯ ॥
জি[৪]ত্বা লঙ্কাং সর[৫]ক্ষৌঘাং হত্বা [৬]তং রাবণং রণে।
প্রসহ্য সীতামানীয় কৃতার্থা হৃষ্টমানসাঃ ॥ ২০ ॥
রামলক্ষ্মণয়োর্ম্মধ্যে নে[৭]ষ্যামো জনকাত্মজাম্।
কিং পরিক্লিশ্য বঃ সর্ব্বান্ বানরান্ বানরর্[৮]ষভাঃ[৯] ॥ ২১ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে অঙ্গদবাক্যং নামৈকোনষষ্টিতমঃ সর্গঃ ॥ ৫৯ ॥

১৯। গো-টী। অথবা অতএব বিক্রমে পরাক্রমে দিব্যেন প্রকৃষ্টেন কর্ম্মণা বুদ্ধির্নিযুক্তা নিযোজ্যতে। তদাপ্যহমেব পরাক্রমং করিষ্যামীত্যাহ—'সাগর' ইতি। সাগরপ্লবনে পরাক্রমে বা। হে হরিসত্তমাঃ, সামরদৈত্যেষু লোকেষু মধ্যে তুল্যো মৎসমঃ কশ্চিদ্ যোগ্যঃ শক্তো নাস্তি।

২০-২১। গো-টী। 'সরক্ষোঘা'মিতি সন্ধিরার্ষঃ। প্রসহ্য বলেন মৎকৃতেনৈব সর্ব্বে হৃষ্টমনসো নেষ্যাম ইত্যন্বয়ঃ। 'পশ্যাম' ইত্যপি পাঠঃ। বো যুষ্মান্ পরিক্লিশ্য লঙ্কাগমনে মম কিং ন কিমপি প্রয়োজনমিত্যর্থঃ।

অঙ্গদবাক্যম্ ॥ ৫৯ ॥

অথবা, উৎকৃষ্ট কার্য্যদ্বারা বিক্রম প্রকাশের সংকল্প করাই যুক্তিযুক্ত। হে বানরপুঙ্গবগণ, দেবতা, অসুর ও মনুষ্যগণের মধ্যে পরাক্রমে [আমাদের] তুল্য এবং সমুদ্রলঙ্ঘনে সমর্থ কেহই নাই ॥ ১৯ ॥

আমরা রাক্ষসগণপরিবৃত লঙ্কানগরী জয় করিয়া ও যুদ্ধে রাবণকে বধ করিয়া বলপূর্ব্বক জনকনন্দিনা সীতাকে আনয়ন করত কৃতকৃত্য ও হৃষ্টচিত্ত হইয়া রাম এবং লক্ষ্মণের মধ্যে সীতাকে নিয়া যাইব। মাননীয় বানরগণ, আপনাদের সকলকে কষ্ট দিবার প্রয়োজন নাই ॥ ২০-২১ ॥

মহর্ষি বাল্মীকিপ্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে অঙ্গদবাক্যনামক ৫৯ম সর্গ সমাপ্ত ॥ ৫৯ ॥

১। ঘ 'চেষ্টা'। ২। গ-ঘ 'তুল্যাঃ'। ৩। ছ-ঙ-প '-সত্তমাঃ'। ৪। প 'লঙ্কাং জিত্বা'। ৫। ঙ '-রক্ষোগণাঃ'। ৬। গ-ঙ 'বৈ'। ৭। চ 'গচ্ছামো', ঙ-দ 'পশ্যামো', প 'নয়ামো'। ৮। প '-সত্তমান্'। ৯। অতঃ পরং ছ-পুস্তকে "বয়মেব হি গত্বা তং হত্বা রাক্ষসপুঙ্গবম্। রাঘবং দ্রষ্টুমর্হামঃ সসুগ্রীবং সলক্ষ্মণম্॥" ইত্যধিকম্।

(৬০) ষষ্টিতমঃ সর্গঃ

অঙ্গদস্য বচঃ শ্রুত্বা জাম্ববান্ বাক্যমব্রবীৎ ।
নৈষা বুদ্ধির্ম্মহাবাহো যদ্ ব্রবীষি মহামতে ॥ ১ ॥
বিচিনুধ্বমিতি প্রোক্তং দক্ষিণাং দিশমুত্তমাম্ ।
ন জেতুং কপিরাজেন নাপি রামেণ ধীমতা ॥ ২ ॥
কথং বিনির্জ্জিতাং সীতামস্মাভিঃ সোঽভিরোচয়েৎ ।
রাঘবো নৃপশার্দ্দূলঃ কুলং ব্যপদিশন্ মহৎ ॥ ৩ ॥
প্রতিজ্ঞায় স্বয়ং রাজা সীতাবিজয়মগ্রতঃ ।
সর্ব্বেষাং কপিমুখ্যানাং কথং মিথ্যা করিষ্যতি ॥ ৪ ॥
বিপুলে কর্ম্মণি কৃতে ভবেত্তুষ্টির্ন তস্য চ ।
বৃথা চ দর্শিতং বীর্য্যং ভবেদ্বানরসত্তমাঃ ॥ ৫ ॥

৩। লো-টী। বিনির্জ্জিতাং বিনির্জ্জিতরাবণাম্। কুলং স্বকুলং মহৎ ব্যপদিশন্ কথয়ন্।
৪। লো-টী। রাজা শ্রীরামঃ।
৫। লো-টী। বিপুলে রাবণজয়রূপে। বীর্য্যং শক্তিঃ।

অঙ্গদের এই কথা শ্রবণ করিয়া জাম্ববান্ বলিলেন—হে মহাবাহো, আপনি যাহা বলিলেন, এরূপ বুদ্ধি করা উচিত নয় ॥ ১ ॥

কারণ, বানররাজ সুগ্রীব এবং ধীমান্ রামচন্দ্র আমাদিগকে দক্ষিণ দিক্ অন্বেষণ করিতেই বলিয়াছেন, জয় করিতে বলেন নাই ॥ ২ ॥

আমরা সীতাকে জয় করিয়া লইয়া যাইব, ইহা নৃপতিকুলতিলক রামচন্দ্র বংশমর্য্যাদার কথা প্রকাশ করিয়া কিরূপে অনুমোদন করিবেন ? ॥ ৩ ॥

মহারাজ রামচন্দ্র শ্রেষ্ঠ বানরগণের সকলের সম্মুখে নিজেই সীতাকে উদ্ধার করিবেন, এইরূপ প্রতিজ্ঞা করিয়া, কিরূপে তাহা লঙ্ঘন করিবেন ? ॥ ৪ ॥

১। খ-ঙ '[illegible]'। ২। খ 'বিচেতুমিতি [illegible]'। ৩। ঙ 'প্রোক্তা', চ 'প্রোক্তা', ক 'প্রোক্তাং'। ৪। খ ছ 'সাক্ষী'। ৫। খ 'নির্জ্জিত'। ৬। খ 'বৈরাগ্যং'। ৭। ক 'চ কুলে [illegible]'। ৮। ছ 'বেতুষ্টি'। ৯। ঙ-খ-গ 'তু'। ১০। খ 'তথা চ'।

তস্মাদ্ গচ্ছামহে তত্র[১] যত্র রামঃ সলক্ষ্মণঃ ।
সুগ্রীবশ্চ মহাবাহুঃ[২] কার্য্যমেতন্নিবেদ্যতাম্ ॥ ৬ ॥
বাঢ়মিত্যেব চোক্ত্বা[৩] তে প্রস্থানং[৪] সমরোচয়ন্ ।
[৫]মেরুমন্দরসঙ্কাশা মত্তা ইব মহাদ্বিপাঃ ॥ ৭ ॥
ছাদয়ন্ত ইবাকাশং মহাকায়া মহাবলাঃ[৬] ।
অগ্রে কৃত্বা হনূমন্তং সর্ব্বে বানরপুঙ্গবাঃ ॥ ৮ ॥
[৭]সভাজ্যমানং ভূতৈস্তু[৮] [৯]হনূমন্তং মহাবলম্[১০] ।
কপিশ্রেষ্ঠং[১১] মহাভাগং পিবন্ত ইব দৃষ্টিভিঃ ॥ ৯ ॥

৭-৮। গো টী। বাঢ়মিত্যেব চোক্ত্বা হনূমন্তমগ্রে কৃত্বা প্রস্থানং সমরোচয়দিতি দ্বয়েনান্বয়ঃ।

৯। গো-টী। ততশ্চ ভূতৈঃ প্রাণিভিঃ সর্ব্বৈঃ সভাজ্যমানং পূজ্যমানং হনূমন্তং দৃষ্টিভিঃ পিবন্ত ইব তন্মুখমাত্রদৃষ্টিমন্তঃ সন্তঃ বনমাসেদুরিতি চতুর্থেনান্বয়ঃ।

হে বানরপ্রধানগণ, বিপুল কার্য্য করিলেও তাঁহার পরিতৃপ্তি হইবে না, বিক্রম প্রকাশ ব্যর্থ হইবে ॥ ৫ ॥

অতএব, যে স্থানে লক্ষ্মণের সহিত রামচন্দ্র অবস্থান করিতেছেন, আমরা সেই স্থানে যাইব এবং মহাবাহু সুগ্রীবকে এই কার্য্যের বিষয় জ্ঞাপন করিব ॥ ৬ ॥

মেরুমন্দরতুল্য বিশালকায় ও মত্তহস্তীর ন্যায় মহাবলশালী সেই বানরগণ, 'আচ্ছা তাহাই হইবে', এইরূপ বলিয়া যেন গগনমণ্ডল আচ্ছাদিত করিয়াই মহাবীর হনূমানকে সম্মুখে রাখিয়া প্রস্থান করিতে অভিলাষী করিলেন ॥ ৭-৮ ॥

তারপর রামচন্দ্রের প্রয়োজন সম্পাদন করিয়া এবং রাজা সুগ্রীবের যশ বিস্তার করত কার্য্যসিদ্ধিদ্বারা গর্ব্বিত প্রিয়সম্ভাষণে সমুৎসুক রামের

১। ঘ 'যত্র রামশ্চ লক্ষ্মণঃ', ঞ 'রামো যত্র সলক্ষ্মণঃ'। ২। ঘ '-বীরঃ'। ৩। ছ '-বমুক্ত্বা চ', ত '-বমুক্ত্বা তু'। ৪। ঘ 'গমনং'। ৫। ক 'মহেন্দ্রাগ্র্যাং সমুৎপত্য পুস্প্লুবুঃ সমন্ততঃ'। ৬। ঘ '-পুরঃ'। ৭। ঘ 'গাঃ প্রাপ্নবানঃ'। ৮। ছ 'ভূতৌঘৈ'। ৯। খ-ঘ '-স্ত'। ১০। ত '-কপিম্'। ১১। ঘ '-শ্রেষ্ঠা'।

[1]রামস্য চার্থনির্বৃত্তিং ভর্ত্তুশ্চ পরমং যশঃ ।
সমাধায় সমৃদ্ধার্থাঃ[2] কার্য্যসিদ্ধিভি[3]রুন্নতাঃ[4] ॥ ১০ ॥
প্রিয়াখ্যানোৎসুকাঃ[5] সর্ব্বে সর্ব্বে যুদ্ধাভিনন্দিনঃ ।
সর্ব্বে রামপ্রীতিকারে নিশ্চিতার্থা মনস্বিনঃ ॥ ১১ ॥
প্লবমানাঃ[6] খমাবৃত্য ততস্তে কাননৌকসঃ ।
নন্দনোপমমাসেদুর্ব্বনং[7] দ্রুমলতাবৃতম্[8] ॥ ১২ ॥
যত্তন্মধুবনং[9] নাম সুগ্রীবস্য সুরক্ষিতম্[10] ।
অধৃষ্যং সর্ব্বভূতানাং সর্ব্বভূতমনোহরম্[11] ॥ ১৩ ॥
যদ্রক্ষতি মহাবাহুঃ[12] সদা দধিমুখঃ কপিঃ ।
মাতুলঃ কপিরাজস্য[13] সুগ্রীবস্য মহাত্মনঃ[14] ॥ ১৪ ॥

১০। লো-টী। অর্থনির্বৃত্তিং প্রয়োজননিষ্পাদনম্। কার্য্যসিদ্ধিভিঃ হেতুভিঃ উন্নতাঃ হর্ষিতাঃ।

১৩। লো-টী। সুরক্ষিতং বহুকালরক্ষিতম্। 'সুবাঞ্ছিত'মিতি পাঠে সুরাণামপি লভ্যম্।

প্রীতিসাধনে কৃতনিশ্চয় এবং যুদ্ধাভিলাষী উন্নতমনা সেই বনবাসী বানরগণ সর্ব্বভূতসমাদৃত মহাবলশালী বানরশ্রেষ্ঠ মহাভাগ হনুমানকে অত্যন্ত আগ্রহের সহিত দেখিতে দেখিতে আকাশপথে তরুলতাচ্ছাদিত নন্দনকানন-সদৃশ সমস্ত প্রাণীর অগম্য এবং সর্ব্বজনপ্রিয় সুগ্রীবের বহুকালের সুরক্ষিত প্রসিদ্ধ মধুবন-নামক বনে উপস্থিত হইলেন ॥ ৯-১৩ ॥

বানররাজ মহাত্মা সুগ্রীবের মাতুল দধিমুখনামক বানর সেই মধুবন রক্ষা করিতেন ॥ ১৪ ॥

১। খ-পুস্তকে অয়ং শ্লোকো নাস্তি। ২। গ-ঘ '-র্থা'। ৩। চ-ণ 'কর্ম্ম-'। ৪। ঙ '-রুদ্যমাঃ'। ৫। চ-ছ-ণ '-সুকাঃ'। ৬। চ '-ভিস্রা'। ৭। ণ 'নগোপমমাবৃতম্'। ৮। ঙ '-বিতম্', ঙ '-কুলম্'। ৯। চ-ছ-ণ 'প্রিয়ং'। ১০। খ-ঘ 'সুরক্ষিতম্'। ১১। ণ '-রমম্'। ১২। গ-ণ '-বীর্য্যঃ'। ১৩। ণ '-মুখ্যস্য'। ১৪। ঘ '-মতেঃ'।

তে তদ্বনমুপাগম্য[১] দৃষ্ট্বা প্রীতিমুপাগতাঃ ।
বানরা[২] বানরেশস্য মনঃকান্তং[৩] মনোহরম্ ॥ ১৫ ॥
ততস্তে[৪] বানরা হৃষ্টা[৫] দৃষ্ট্বা মধুবনং মহৎ ।
হনুমন্তমযাচন্ত জাম্ববৎপ্রমুখাস্তদা ॥ ১৬ ॥
সোঽপ্যঙ্গদমুপাগম্য[৬] হনূমানিদমব্রবীৎ ।
সিদ্ধার্থানাং ত্বমস্মাকং প্রসাদং কর্ত্তুমর্হসি ॥ ১৭ ॥
অঙ্গদস্তু হনূমন্তং প্রশস্য[৭] শুভয়া গিরা ।
কিমিচ্ছসি বদস্বেতি প্রীতিবাক্যমুবাচ[৮] হ ॥ ১৮ ॥
অঙ্গদস্য বচঃ শ্রুত্বা হনূমান্ মারুতাত্মজঃ[৯] ।
জ্ঞাতিভিঃ সহিতো হর্ষাদিদং বচনমব্রবীৎ ॥ ১৯ ॥

বানরগণ তথায় উপস্থিত হইয়া বানররাজ সুগ্রীবের অতিপ্রিয় সেই মনোহর উদ্যান অবলোকন করিয়া প্রীতিলাভ করিলেন ॥ ১৫ ॥

তদনন্তর জাম্ববান্ প্রমুখ বানরগণ বিশাল মধুবন দেখিয়া আনন্দিত চিত্তে হনূমানের নিকট প্রার্থনা করিলেন ॥ ১৬ ॥

সেই হনূমান্ও অঙ্গদসমীপে গমন করিয়া এই বলিলেন যে, আমরা কার্য্য সাধন করিয়াছি, আপনি আমাদিগকে কিছু প্রসাদ-চিহ্ন (অর্থাৎ পুরস্কার) প্রদান করুন ॥ ১৭ ॥

অঙ্গদও মধুরবাক্যে হনূমানকে প্রশংসা করিয়া, 'কি প্রার্থনা করেন তাহা বলুন', এইরূপ প্রীতিপূর্ণ বাক্য বলিলেন ॥ ১৮ ॥

পবননন্দন হনূমান্ অঙ্গদের বাক্য শ্রবণ করিয়া জ্ঞাতিগণের সহিত মিলিত হইয়া সানন্দে এই কথা বলিলেন— ॥ ১৯ ॥

১। খ 'বহুবৃক্ষ হৃষ্টমানসাঃ', ঘ 'যাচন্ত স্ম তদা মধু' । ২। খ 'বানরা বানরশ্রেষ্ঠ' । ৩। খ 'বনং কান্তং' । ৪। খ -'স্তু' । ৫। খ 'প্রীতাঃ' । ৬। খ 'সম্যেঽসম-' । ৭। ক 'প্রশংস্য', গ 'প্রহৃষ্ট' । ৮। ঘ ছ-ঙ 'প্রীতো বাক্য-' । ৯। খ 'কপিকুঞ্জরঃ', ছ-ঙ-খ 'হরিপুঙ্গবঃ' ।

১
ক্ষৌদ্রস্য যত্তে পিতুরপ্রধৃষ্যং বনং বভূবাপ্রতিমং সুগুপ্তম্।
২ ৩
তদ্দেহি দানং হরিপুঙ্গবানাং সুদুর্ল্লভং নো হরিরাজপুত্র ॥ ২০ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে মধুবনাগমনং
নাম ষষ্টিতমঃ সর্গঃ ॥ ৬০ ॥

২০। লো টী। ক্ষৌদ্রস্য মধুনঃ। দায়ং দানম্।

মধুবনাগমনম্ ॥ ৬০ ॥

হে বানররাজপুত্র, অন্যের অনভিগম্য এবং সুরক্ষিত আপনার পিতার যে মধুবন আছে, বানরপুঙ্গবদিগকে সেই দুর্ল্লভ বন দান করুন ॥ ২০ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে মধুবনাগমন-
নামক ৬০ম সর্গ সমাপ্ত ॥ ৬০ ॥

১। ঘ 'পুত্রক'। ২। ক-খ 'দায়ং'। ৩। খ '-সত্ত্বানাং'।

(৬১) একষষ্টিতমঃ সর্গঃ

শ্রুত্বা হনূমতো বাক্যং হরীণাং প্রবরোঽঙ্গদঃ[১]।
প্রত্যুবাচ হনূমন্তং পিবন্তু হরয়ো[২] মধু ॥ ১ ॥
অবশ্যং কৃতকার্য্যস্য কার্য্যং হনূমতো বচঃ।
অকর্ত্তব্যমপি প্রাপ্তং[৩] কিমিদং পুনরীদৃশম্ ॥ ২ ॥
এতচ্ছ্রুত্বা তু বচনমঙ্গদস্য মুখাচ্চ্যুতম্।
সাধু সাধ্বিতি সংহৃষ্টা বানরাঃ প্রত্যপূজয়ন্[৪] ॥ ৩ ॥
তেঽঙ্গদেনাভ্যনুজ্ঞাতাঃ[৫] প্রহৃষ্টাঃ[৬] বানরর্ষভাঃ[৭]।
পূজয়িত্বাঙ্গদং সর্ব্বে যূথপা যূথপর্ষভম্।
জগ্মুর্মধুবনং[৮] সর্ব্বে[৯] পানায় সগণাস্তদা[১০] ॥ ৪ ॥

২। লো-টী। অঙ্গদোক্তি প্রাপ্তোক্তি বা পাঠঃ। মধুপানরূপং কার্য্যং কিং পুনরুক্ত-মিত্যর্থঃ।

৪। লো-টী। অগণয়ন্ পালান্ ন গণিতবন্তঃ।

বানরশ্রেষ্ঠ অঙ্গদ হনূমানের বাক্য শ্রবণ করিয়া তাঁহাকে বলিলেন—'বানরগণ মধু পান করুন' ॥ ১ ॥

কৃতকৃত্য হনূমানের অসঙ্গত বাক্যও অবশ্য পালন করা উচিত, বিদ্বন্, এ আর এমন কি কথা? ॥ ২ ॥

বানরগণ অঙ্গদের মুখনিঃসৃত এইরূপ বাক্য শ্রবণ করিয়া 'সাধু সাধু' বলিয়া তাঁহাকে অভিনন্দিত করিলেন ॥ ৩ ॥

বানর-দলপতিগণ তখন অঙ্গদকর্ত্তৃক অনুজ্ঞাত হইয়া তাঁহাকে সম্মানিত করত, পান করিবার নিমিত্ত সদলবলে মধুবনে গমন করিলেন ॥ ৪ ॥

১। ঘ-ছ 'প্লবগোত্তমঃ'। ২। গ 'বানরাঃ'। ৩। ছ-ঞ-গ 'প্রাজ্ঞাঃ, ঘ 'প্রাপ্তং কিং সত্যং'। ৪। ছ 'সমপূজন্'। ৫। ঘ 'অঙ্গদেনাপ্যনু'। ৬। ঘ 'সুগ্রীবাঃ'। ৭। ক 'সর্ববানরাঃ'। ৮। ছ 'যত্র বালিনঃ সুমহাত্মনঃ' গ 'যচ্চ বালিনঃ সুমহাত্মনঃ'। ৯। ঙ 'পানারামাপানংস্তদা'। ১০। অতঃ পরং ছ-গ পুস্তকয়োঃ 'তে প্রবিশ্য মধুবনং পানারামানবাংস্তদা' ইত্যধিকম্।

অতিহর্ষাচ্চ বহবো[১] দৃষ্ট্বা শ্রুত্বা চ মৈথিলীম্[২] ।
উৎপত্য চ যথাবৃদ্ধং[৩] তদ্বনং[৪] হরিযূথপাঃ ॥ ৫ ॥
অভিসৃষ্টাঃ[৫] কুমারেণ বালিপুত্রেণ ধীমতা ।
হরয়ঃ প্রত্যপদ্যন্ত দ্রুমান্ মধুরসাকুলান্[৬] ॥ ৬ ॥
লোড়য়িত্বা[৭] তু[৮] বহুশঃ সর্ব্বং মধুবনং[৯] তদা ।
মধূনি দ্রোণমাত্রাণি বাহুভিঃ পরিগৃহ্য[১০] তে ।
শাতয়ন্তি[১১] স্ম[১২] সংহৃষ্টা ভক্ষয়ন্তি পিবন্তি চ ॥ ৭ ॥
ভক্ষয়ন্তঃ সুগন্ধীনি[১৩] মধূনি রসবন্তি চ ।
জগ্মুঃ প্রহর্ষং তে[১৪] সর্ব্বে বভূবুশ্চ মদোৎকটাঃ ॥ ৮ ॥

৫ ৬। লো-টী। যথাবৃদ্ধং বৃদ্ধানতিক্রম্য অভিসৃষ্টাঃ প্রেরিতাঃ তদ্বনং প্রত্যপদ্যন্ত ইত্যর্থঃ ।

৭। লো-টী। বহুশো বহূন্ দ্রুমান্ লোড়য়িত্বা পাতয়িত্বা চ সর্ব্বং মধুবনং চ দ্রোণমাত্রাণি পরিমাণবিশেষান্ তে বানরা বাহুভিঃ পরিগৃহ্য শাতয়ন্তি নাশয়ন্তি, ভক্ষয়ন্তি অন্নান্ পিবন্তি চ ।

ধীমান্ বালিপুত্র অঙ্গদ কর্ত্তৃক প্রেরিত হইয়া বহু বানরদলপতি, কেহ মৈথিলীকে দেখিয়া, কেহ বা তাঁহার কথা শুনিয়া অত্যধিক আনন্দে সেই বনে বৃদ্ধ-পুরঃসর উৎপতিত হইয়া মধুপূর্ণ বৃক্ষসমূহ প্রাপ্ত হইলেন ॥ ৫-৬ ॥

তখন তাঁহারা সমস্ত মধুবন আলোড়িত করিয়া বাহুদ্বারা দ্রোণ-প্রমাণ মধু আহরণ করিয়া আনন্দে কতক নষ্ট করিলেন, কতক খাইলেন, কতক পান করিলেন ॥ ৭ ॥

বানরগণ স্বাদু এবং সুগন্ধি মধু পান করিয়া আনন্দিত এবং উন্মত্ত হইয়া উঠিলেন ॥ ৮ ॥

১। ক-খ 'হরয়ো'। ২। খ 'বানরান্'। ৩। ক-খ-গ 'যুক্তং'। ৪। খ 'কপিকুঞ্জরাঃ'। ৫। খ 'অতি'। ৬। খ 'রসসম্পদা'। ৭। খ 'আলোড্যমানা'। ৮। খ চ 'চ'। ৯। ক 'বনং', খ 'তথা'। ১০। খ 'চ'। ১১। ক-খ 'পাতয়', খ 'শোধয়ন্তি'। ১২। ক চ'। ১৩। খ 'বহূনি'। ১৪। খ-ঙ 'সর্ব্বে তে'।

পীত্বা কেচিদবধ্যন্ত[1] মধুপালান্[2] বলীমুখাঃ।
অপরে মধুশিষ্টেন[3] জঘ্নু[4]রন্যোন্যমুৎকটাঃ ॥ ৯ ॥
অপরে বৃক্ষমূলেষু ব্যচেষ্টন্ত[5] প্লবঙ্গমাঃ।
[6]অত্যর্থমাশিতাঃ ক্লান্তাঃ পর্ণান্যাস্তীর্য্য শেরতে ॥ ১০ ॥
উন্মত্তভূতাঃ প্লবগা[7] মধুপানপ্রহর্ষিতাঃ।
[8]ক্ষীবাঃ কুর্ব্বন্তি হাস্যঞ্চ[9] কলহাংশ্চ তথাপরে ॥ ১১ ॥
কেচিত্তালান[10]কুর্ব্বন্ত ননৃতুশ্চ প্রহৃষ্টবৎ।
হরয়ো মধুনা মত্তাঃ কেচিৎ সুপ্তা মহীতলে ॥ ১২ ॥

৯। লো-টী। অবধ্যন্ত ববন্ধুঃ, মধুপালান্ মধুবনপালান্। 'অবিধ্যন্তে'তি পাঠে অতাড়য়ন্। মধুশিষ্টেন 'মধুসিক্থকেনে'তি পাঠে স এবার্থঃ। 'সিক্থকন্তু মধূচ্ছিষ্ট'মিতি রত্নমালা।

১০। লো-টী। আশিতা অশ্নন্তঃ। 'আসিতা' ইতি পাঠে উপবিষ্টাঃ।

১১। লো-টী। ক্ষীবা মত্তাঃ।

১২। লো-টী। তালান্ করাস্ফোটান্।

কোন কোন বানর মধু পান করিয়া মধুরক্ষকদিগকে আহত করিল, অন্য বানরগণ মধুপানে মত্ত হইয়া পানাবশিষ্ট মধুদ্বারা পরস্পর পরস্পরকে আঘাত করিল ॥ ৯ ॥

অপর বানরগণ বৃক্ষমূলে বিচরণ করিতে লাগিল, কেহ কেহ বা অত্যধিক মধুপানে ক্লান্ত হইয়া বৃক্ষপত্র বিস্তার করিয়া শয়ন করিল ॥ ১০ ॥

মধুপানে আনন্দিত বানরগণ উন্মত্ত হইয়া হাস্য করিতে লাগিল, কেহ কেহ বা পরস্পর কলহ করিতে লাগিল ॥ ১১ ॥

মধুপানমত্ত বানরগণ কেহ বা হাততালি দিতে লাগিল, কেহ বা আনন্দে নৃত্য করিতে লাগিল, কেহ বা ভূতলে শয়ন করিল ॥ ১২ ॥

১। ছ 'ধবি-'। ২। ঘ '-পালা'। ৩। ঙ '-সিক্থেন'। ৪। ঙ-খ-ন 'জগ্মু-'। ৫। ছ 'ব্যচরন্ত', খ 'ব্যলম্বন্ত'। ৬। ঙ 'অত্যর্থমাশিতাঃ ক্লান্তাঃ', খ-ন 'অত্যর্থমাশ্রিতাঃ'। ৭। ছ 'সহসা'। ৮। খ 'ধীরাঃ'। ৯। ছ-ঙ '-হঞ্চ'। ১০। ছ '-লান্ প্রকু-', ঙ-ন 'তালাশ্চকু-', খ '-লান্ প্রকুর্ব্বন্তি কেচিত্ত্বান্যে প্রহৃ-'।

[১] উদ্ধৃত্য চ তথা বৃক্ষাংস্তদ্বনং হরিযূথপাঃ।
অতৃপ্তবৎ পিবন্ত্যন্যে মধূনি মধুপিঙ্গলাঃ ॥ ১৩ ॥

[২] গায়ন্তি কেচিৎ প্রবদন্তি কেচিৎ নৃত্যন্তি কেচিৎ প্রহসন্তি কেচিৎ।
পিবন্তি কেচিদ্ [৩] বিনদন্তি কেচিৎ স্বপন্তি কেচিৎ [৪] কথয়ন্তি কেচিৎ ॥ ১৪ ॥

পরস্পরং কেচিদপা[৫]শ্রয়ন্তে ক্ষীবা দ্রুমাগ্রাৎ প্রপতন্তি কেচিৎ।
মহীতলাৎ কেচিদুদীর্ণবেগাঃ পুনর্দ্রু[৬]মাগ্রানভিসংপতন্তি ॥ ১৫ ॥

[৭] [৮] প্রতীপমন্যঃ প্রহসন্নু[৯]পৈতি প্রসুপ্তমন্যঃ প্রপতন্নু[১০]পৈতি।
[১১] প্রয়ান্তমন্যঃ সহসাভ্যুপৈতি রুদন্তমন্যঃ প্ররুদন্নুপৈতি ॥ ১৬ ॥

১৩। লো-টী। উদ্ধৃত্য আকৃষ্য। অতৃপ্তবৎ অতৃপ্তা ইব। পিঙ্গলাঃ কপয়ো মধু মদ্যমিব পিবন্তি। 'মধু পুষ্পরসে ক্ষৌদ্রমদ্যে না তু মধুদ্রুমে' ইতি কোষঃ। যদ্বা, মধুনা মধুপানেন পিঙ্গলাঃ পিঙ্গলবর্ণাঃ, মধুবৎ পিঙ্গলা বা, 'পিঙ্গলা দিক্‌করিণ্যাং স্ত্রী নাড্যাং বর্ণে কপৌ পুমা'নিতি কোষঃ।

১৪। লো-টী। প্রবদন্তীত্যত্র 'প্রণদন্তী'তি পাঠঃ সাধুঃ। প্রকর্ষেণ নদন্তীতি তদ্ব্যাখ্যানম্। বিনদন্তি বিবিধপ্রকারেণ নর্দন্তি।

১৫। লো-টী। উদীর্ণবেগা জাতবেগাঃ। অভিসংপতন্তি 'অভিসংপ্রবন্তী'তি পাঠঃ ক্বচিৎ।

১৬। লো-টী। প্রতীপং হৃষ্টম্। 'প্রতীপঃ স্যাৎ হৃষ্টয়ো'রিতি কোষঃ।

মধুর ন্যায় পিঙ্গলবর্ণ কোন কোন বানরদলপতি সেই বনে প্রবেশ করিয়া বৃক্ষসকল উৎপাটিত করত অতৃপ্তিসহকারে মধু পান করিতে লাগিল ॥ ১৩ ॥

[বানরদিগের মধ্যে] কেহ বা গান করিতে, কেহ বা বক্তৃতা দিতে, কেহ বা নৃত্য করিতে, কেহ বা হাসিতে, কেহ বা পান করিতে, কেহ বা আমোদ করিতে, কেহ বা আলাপ করিতে লাগিল ॥ ১৪ ॥

কেহ কেহ পরস্পর পরস্পরকে জড়াইয়া ধরিতে লাগিল, কেহ বা মত্ত হইয়া বৃক্ষাগ্র হইতে ভূমিতে পতিত হইল এবং পুনরায় ভূমি হইতে বৃক্ষাগ্রে লম্ফপ্রদান করিতে লাগিল ॥ ১৫ ॥

কেহ বা প্রতিকূল অন্য বানরের নিকট হাসিতে হাসিতে যাইতে লাগিল,

১। খ 'উদ্ধৃত্য' নাস্তি'। ২। খ 'কেচিদ্বদন্তি গায়ন্তি নৃত্যন্তি চ হসন্তি চ'। ৩। ছ 'বিলপন্তি'। ৪। ছ 'প্রজল্পন্তি'। ৫। খ 'চৈব'। ৬। চ-ঠ '-শ্রয়ন্তি', খ 'ক্রমন্তি'। ৭। ছ '-প্রান্ প্রতি-'। ৮। ঘ-ঙ '-প্রতীত-'। ৯। ছ '-প্রচল-'। ১০। 'প্ররুদন্নুপৈতি'। ১১। ঘ 'প্রণাম-'।

সমাকুলং তৎ কপিসৈন্যমাসীন্মধুপ্রপানোৎকটসত্ত্বচেষ্টম্[১] ।
ন তত্র কশ্চিন্ন বভূব মত্তো ন চাপি কশ্চিন্ন বভূব তৃপ্তঃ ॥ ১৭ ॥

ততো বনস্তৎ পরিভক্ষ্যমাণং[২] দ্রুমাংশ্চ বিভ্রংশিত[৩]পুষ্পপত্রান্[৪] ।
সমীক্ষ্য তদ্বৈ দধিবক্ত্রনামা নিবারয়ামাস কপিঃ কপীংস্তান্ ॥ ১৮ ॥

স তৈঃ প্রমত্তৈঃ পরিভর্ৎস্যমানো[৫] বনস্য গোপ্তা হরিবীরবৃদ্ধঃ ।
চকার ভূয়ো মতিমুগ্রতেজা বনস্য রক্ষাং প্রতি বানরেষু ॥ ১৯ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে মধুবনবিধ্বংসনং নাম
একষষ্টিতমঃ সর্গঃ ॥ ৬১ ॥

১৭। লো টী। মধুপানোৎকটং সত্ত্বং বলং চেষ্টা চ যস্য তম্।

১৮। লো-টী। তৎ তদা, দধিবক্ত্র ইতি নাম যস্য স দধিনামবক্ত্রঃ। নামশব্দস্য মধ্যে নিপাত আর্ষঃ।

১৯। লো-টী। পরিবাধ্যমানৈরভিভূয়মানৈর্মধুবনপালকৈঃ সহ রক্ষাং প্রতি বানরেষু মতিং চকারেত্যর্থঃ।

মধুবনবিধ্বংসনম্ ॥ ৬১ ॥

কেহ বা নিদ্রিত অন্য বানরের নিকট, কেহ বা গমন করিতে উদ্যত অন্য বানরের নিকট হঠাৎ উপস্থিত হইল, অপর কেহ বা রোদনকারী অন্য বানরের নিকট রোদন করিতে করিতে যাইতে লাগিল ॥ ১৬ ॥

সেই বানরসৈন্যগণ মধুপানে মত্ত হইয়া ব্যাকুল হইয়াছিল। তাহাদের মধ্যে মত্ত হয় নাই এরূপ কেহ ছিল না এবং তৃপ্ত হইয়াছিল এরূপও কেহ ছিল না (অর্থাৎ সকলেই অপরিতৃপ্ত এবং মত্ত হইয়াছিল) ॥ ১৭ ॥

তদনন্তর দধিবক্ত্রনামক বানর সেই বন ভক্ষিত এবং বৃক্ষ-সকলের পত্র-পুষ্পাদি ছিন্ন দেখিয়া সেই বানরদিগকে বারণ করিলেন ॥ ১৮ ॥

বানরবীর বৃদ্ধ বনরক্ষক সেই দধিবক্ত্র উন্মত্ত বানরগণ কর্তৃক তিরস্কৃত হইয়াও পুনরায় বানরদিগের উপদ্রব হইতে বনরক্ষায় মনোযোগ দিলেন ॥ ১৯ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে মধুবনবিধ্বংস
নামক ৬১ম সর্গ সমাপ্ত ॥ ৬১ ॥

১। খ ছ '-প্রহৃষ্টোৎ-'। ২। ছ 'প্রবিভজ্যমানং', ঙ 'পরিভজ্যমানং'। ৩। ছ-খ 'বিধ্বংসিত-'। ৪। খ-ছ-ঙ 'পত্রপুষ্পান্'। ৫। ছ 'প্রতিবাধ্যমানো', ঙ-দ 'পরিবাধ্যমানো'।

(৬২) দ্বিষষ্টিতমঃ সর্গঃ

মধু পীত্বা তু তে নাদান্ ব্যসৃজন্ত বলীমুখাঃ।
উপবিষ্টাস্তথা চান্যে জগ্মু[৩]রন্যে মদোৎকটাঃ ॥ ১

অপরে বৃক্ষশাখাসু ব্যলম্বন্ত বলীমুখাঃ।
[৪]ক্ষিপন্তি স্ম [৫]তথান্যোন্যং [৬]খেলন্তি স্ম পরস্পরম্ ॥ ২ ॥

তত্র [৭]যে মধু[৮]পালাশ্চ স্থিতা দধিমুখাজ্ঞয়া।
নাচিন্তয়ং[৯]স্তদা সর্ব্বান্ [১০]বার্য্যমাণাঃ প্লবঙ্গমাঃ ॥ ৩ ॥

[১১]তে বিকৃষ্টাশ্চ বাহুভ্যাং দেবমার্গঞ্চ দর্শিতাঃ।
তাড্যমানা দিশঃ সর্ব্বা জগ্মু[১২]র্ভীতাঃ প্লবঙ্গমাঃ ॥ ৪ ॥

১। লো-টী। তে মধুপানকর্ত্তারঃ।

৪। লো-টী। বাহুভ্যাং বিকৃষ্টা আকৃষ্টাঃ। দেবমার্গং শূন্যং দর্শিতাঃ। দেবস্য বিষ্ণোঃ সম্বন্ধী মার্গো দেবমার্গঃ, অন্তরিক্ষমিত্যর্থঃ। যদ্বা, দেবমার্গং নিজপৃষ্ঠভাগঃ। "ব্যবহারপথে লিঙ্গে অপামার্গে মহাপথে, ক্রীড়ামার্গং দেবমার্গং দৃষ্টিমার্গং চ দর্শিত" ইতি নির্ঘণ্ট ইতি বিমলবোধঃ।

বানরগণ মধুপান করিয়া শব্দ করিতে লাগিল; কেহ কেহ বসিয়া রহিল এবং কেহ কেহ মধুপানে মত্ত হইয়া চলিয়া গেল ॥ ১ ॥

কেহ কেহ বৃক্ষের শাখায় ঝুলিয়া পড়িল, কতকগুলি বানর পরস্পর পরস্পরের নিন্দা করিতে লাগিল এবং পরস্পর ক্রীড়া করিতে লাগিল ॥ ২ ॥

দধিমুখ বানরের আদেশে যে সকল মধুরক্ষক সেখানে অবস্থান করিত, বানরগণ নিষিদ্ধ হইয়াও তাহাদিগের বিষয় চিন্তা করে নাই ॥ ৩ ॥

সেই বানরগণ উহাদিগকে বাহুদ্বারা আকর্ষণ করিয়া গুহ্য প্রদর্শনপূর্ব্বক বিতাড়িত করায় তাহারা ভয়ে চতুর্দ্দিকে পলাইয়া গেল ॥ ৪ ॥

১। ছ 'চ'। ২। ঘ 'প্রলাপ', ছ 'নাদং'। ৩। ছ 'জগ্মু-'। ৪। ঙ-ঘ 'খেলন্তি'। ৫। ঘ-ঘ 'তথা-'। ৬। ছ 'ক্ষিপন্তি-', ড 'খেলন্তি'। ৭। ঘ 'তে'। ৮। ছ 'বনে'। ৯। ছ '-ন্ত তান্', ড '-ংস্ত তান্'। ১০। ব '-মানান্ প্লবঙ্গমান্'। ১১। ছ 'ক্ষেপাক্ষিপ্তাশ্চ'। ১২। ঙ '-ভীতাঃ'।

অব্রুবংশ্চ পরিত্রস্তা গত্বা দধিমুখস্তদা।
হনুমদঙ্গদাদ্যৈ[১]স্তৈর্হতং মধুবনং [২]কপে ॥ ৫ ॥

যদত্রানন্তরং কার্য্যং তদ্ ভবান্ কর্ত্তুমর্হতি।
বয়ং বিকৃষ্টা জানুভ্যাং[৩] দেবমার্গঞ্চ দর্শিতাঃ ॥ ৬ ॥

ততো দধিমুখঃ ক্রুদ্ধো বনপালাধিপস্তদা।
হতং মধুবনং শ্রুত্বা স [৪]তাংশ্চাশ্বাসয়ৎ কপীন্ ॥ ৭ ॥

[৫]এতাগচ্ছত গচ্ছামো বান[৬]রানতি[৭]দর্পিতান্।
বলেন [৮]বারয়িষ্যামো ভক্ষমাণান্ মধূত্তমম্ ॥ ৮ ॥

শ্রুত্বা দধিমুখস্যৈতদ্বচনং [৯]বানরর্ষভাঃ।
পুনর্ম্মধুবনং বীরাস্তেনৈব সহিতা যযুঃ ॥ ৯ ॥

৬। লো-টী। জানুভ্যামিতি ভূমৌ জানুনী নিপাত্য দর্শিতাঃ।
৭। লো-টী। তাংস্তাড়িতান্।
৮। লো টী। এতাগচ্ছত আগচ্ছতাগচ্ছতেতি সম্ভ্রমে দ্বিরুক্তিঃ।

তাহারা ভীত হইয়া দধিমুখ-সমীপে গমন করিয়া বলিল—'হনুমান্ ও অঙ্গদ প্রভৃতি বানরগণ মধুবন বিনষ্ট করিয়াছে ॥ ৫ ॥

এ বিষয়ে যাহা কর্ত্তব্য তাহা আপনি করিতে পারেন; তাহারা আমাদের হাঁটু ধরিয়া আকর্ষণ করিয়া আমাদিগকে গুহ্য প্রদর্শন করিয়াছে' ॥ ৬ ॥

তদনন্তর বনপালস্বামী দধিমুখ মধুবন বিনষ্ট হইয়াছে শুনিয়া ক্রুদ্ধ হইয়া তাহাদিগকে আশ্বস্ত করিলেন ॥ ৭ ॥

[তিনি বলিলেন -] 'এস এস, আমরা যাই, উৎকৃষ্টমধু-ভক্ষণকারী অত্যন্ত গর্ব্বিত সেই বানরদিগকে বলপূর্ব্বক বারণ করিব' ॥ ৮ ॥

শ্রেষ্ঠ বানরগণ দধিমুখের এই কথা শুনিয়া তাহার সহিত পুনরায় মধুবনে গমন করিল ॥ ৯ ॥

১। ঙ 'দৈন্তৈ হৃতং', ক 'দৈন্ত্য হৃতং'। ২। ঘ 'হরে'। ৩। ঘ 'বাহুভ্যাং'। ৪। ঙ 'তাংস্তেবাশ্বাসয়ৎ'। ৫। ঙ 'সমাগচ্ছত' চ-ছ 'হুতাগচ্ছত'। ৬। খ-গ '-রান্ বলা-'। ৭। ঘ-ঙ '-গর্ব্বিতান্'। ৮। ঘ-ঙ 'বাধয়ি-'। ৯। গ 'কপিকুঞ্জরাঃ'।

মধ্যে তেষাং দধিমুখো গৃহীত্বা পাদপোত্তমম্ ।
১
সমভ্যধাবদ্ বেগেন সহ তৈঃ প্লবগোত্তমৈঃ ॥ ১০ ॥
২ ৩ ৪
তে লতাঃ পাদপাংশ্চৈব পাষাণানপি বানরাঃ ।
৫
গৃহীত্বাভ্যদ্রবন্ ক্রুদ্ধা যত্র তে হরিপুঙ্গবাঃ ॥ ১১ ॥
৬
তে স্বামিবচনং বীরা হৃদয়েষ্ববসজ্য বৈ ।
৭
হরীংস্তানভ্যধাবন্ত সালতালশিলায়ুধাঃ ॥ ১২ ॥
৮ ৯
অথ দৃষ্ট্বা দধিমুখং ক্রুদ্ধং বানরপুঙ্গবাঃ ।
অভ্যধাবন্ত সংক্রুদ্ধা হনূমৎপ্রমুখাস্তদা ॥ ১৩ ॥
১০ ১১
তং সবৃক্ষং মহাবাহুমাপতন্তং মহাবলঃ ।
১২
বেগবন্তং নিজগ্রাহ ভুজাভ্যাং কুপিতোহঙ্গদঃ ॥ ১৪ ॥

১১। লো-টী। হরিপুঙ্গবা হনুমদাদয়ঃ।
১২। লো-টী। স্বামিনোহঙ্গদস্য বচনমবসজ্য অবধায়, তে হনুমদাদয়ঃ ।

তাহাদের মধ্যে দধিমুখ বিশাল এক বৃক্ষ গ্রহণ করিয়া সেই বানরদিগের সহিত বেগে ধাবিত হইলেন ॥ ১০ ॥

সেই বানরগণ ক্রুদ্ধ হইয়া বৃক্ষ, লতা এবং প্রস্তর গ্রহণ করত যেখানে সেই শ্রেষ্ঠ বানরগণ [অবস্থান করিতেছিলেন] সেইখানে দ্রুত গমন করিল ॥ ১১ ॥

সেই বীরগণ প্রভুর আজ্ঞা হৃদয়ে ধারণ করিয়া শাল, তাল এবং শিলারূপ অস্ত্র গ্রহণ করত বানরদিগের উদ্দেশ্যে ধাবিত হইলেন ॥ ১২ ॥

অনন্তর দধিমুখ-বানরকে ক্রুদ্ধ দেখিয়া হনূমান্ প্রমুখ শ্রেষ্ঠ বানরগণ ক্রুদ্ধ হইয়া উহার প্রতি ধাবিত হইলেন ॥ ১৩ ॥

মহাবলশালী অঙ্গদ ক্রুদ্ধ হইয়া বৃক্ষের সহিত আগত বেগবান্ বীর দধিমুখকে দুই বাহুদ্বারা বলপূর্ব্বক গ্রহণ করিলেন ॥ ১৪ ॥

১। ধ 'সমেত্য বাহবে-'। ২। ধ 'তেন তৈঃ'। ৩। দ 'লতাপাদপ-'। ৪। ঙ '-পাদপ্র'। ৫। ধ '-সত্তমাঃ', দ '-যূথপাঃ'। ৬। ধ-পুস্তকে অয়ং শ্লোকঃ ত্রয়োদশশ্লোকপূর্ব্বার্দ্ধঞ্চ নাস্তি। ৭। ঙ 'শাল-'। ৮। ধ 'ততো'। ৯ ধ '-কুঞ্জরাঃ'। ১০। ছ-ঙ '-রাপ-'। ১১। ঙ ধ-দ '-বলম্'। ১২। ধ 'বাহুভ্যাং'।

মদান্ধোঽপি[1] কৃপাঙ্কক্রে[2] আর্য্যকোঽয়মিতি স্মরন্।
অথৈনং নিষ্পিপেষাশু[3] বেগবান্[4] ধরণীতলে ॥ ১৫ ॥

স ভগ্নবাহূরুমুখো বিহ্বলঃ শোণিতোক্ষিতঃ[5]।
সংমুমোহ[6] মহাবীর্য্যো মুহূর্ত্তং কপিকুঞ্জরঃ ॥ ১৬ ॥

স সমাশ্বাস্য[7] বলবান্ সংক্রুদ্ধো রাজমাতুলঃ।
বানরান্ বারয়ামাস হঠেন[8] মধুরেণ চ ॥ ১৭ ॥

উবাচ কাংশ্চিন্মধুরাণি বাচা সংযুক্তমন্যাংশ্চ[9] তলৈর্জ্জঘান।
সমেত্য কাংশ্চিৎ কলহাংশ্চকার[10] ন চৈব তত্রোপজগাম কাংশ্চিৎ[11] ॥ ১৮ ॥

১৫। লো-টী। আর্য্যকোঽয়ং মদান্ধোঽপ্যয়মিতি স্মরন্। তথা তথাপি। 'অথে'তি পাঠে অথাপি। বেগবানঙ্গদঃ।

১৭। লো-টী। হঠেন নিষ্ঠুরবচসা, মধুরেণ মধুরবচসা।

১৮। লো-টী। বাচা সংযুক্তমুচিতং যথা ভবতি তথা, মধুরাণি বাক্যানি। 'সংসক্ত'মিতি পাঠঃ কচিৎ। অর্থঃ স এব। তলৈঃ করতলৈঃ, অন্যান্ হীনবলান্, কাংশ্চিৎ সমবলান্, সমেত্য প্রাপ্য, তত্র তদা কাংশ্চিৎ মহাবলান্ ন উপজগাম, তেষাং সমীপেঽপি ন জগামেত্যর্থঃ।

'এই দধিমুখ মদান্ধ হইলেও আমার মাননীয়', ইহা মনে করিয়া প্রথমে কৃপা করিয়াছিলেন, অনন্তর বলবান্ অঙ্গদ উঁহাকে ভূতলে নিষ্পেষিত করিলেন ॥ ১৫ ॥

মহাবীর সেই কপিকুঞ্জর দধিমুখ বাহু উরু এবং মুখে আহত হওয়ায় রক্তাক্ত কলেবরে বিহ্বল হইয়া মূর্চ্ছিত হইয়া পড়িলেন ॥ ১৬ ॥

ক্রুদ্ধ বলবান্ রাজমাতুল দধিমুখ আশ্বস্ত হইয়া ঔদ্ধত্য-সহকারে অথচ মধুর বাক্যে বানরদিগকে বারণ করিলেন ॥ ১৭ ॥

দধিমুখ কোন কোন বানরের প্রতি মধুর বাক্য প্রয়োগ করিলেন, অন্য বানরদিগকে চপেটাঘাতে নিহত করিলেন, অপর বানরদিগের সমীপে গমন করিয়া বিবাদ করিলেন; এবং [অধিক বলশালী] কোন কোন বানরের নিকট গমনই করিলেন না ॥ ১৮ ॥

১। ঘ-ঙ 'দয়াঞ্চক্রে'। ২। ঘ-থ 'আর্য্যঃ কোঽয়-'। ৩। ছ 'বেগেন বসুধা-'। ৪। ত-থ-দ 'বসুধা-'। ৫। থ '-তক্ষতঃ'। ৬। থ 'মুমোহ চ'। ৭। ছ 'তমা-'। ৮। থ 'স্বরেণ'। ৯। ছ-থ 'সংসক্ত-'। ১০ ছ-ঙ-থ-দ '-হক-'। ১১। ছ 'কশ্চিৎ'।

স তৈর্মদাদপ্রতিবার্য্যবেগৈর্বলাচ্চ তেনোপনিবার্য্যমাণৈঃ।

প্রহৃষিতৈস্ত্যক্তভয়ৈঃ সমেত্য প্রকৃ[1]ষ্যতা[2]কৃষ্যত চানপেক্ষৈঃ ॥ ১৯ ॥

নখৈস্তুদন্তো দশনৈর্দশন্তস্তলৈশ্চ পাদৈশ্চ হি তাড়য়ন্তঃ।

মহাকপিং তে কপয়ঃ সমেতা মহাবলং নির্ব্বিষয়ং প্রচক্রুঃ ॥ ২০ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে দধিমুখনিবারণং
নাম দ্বিষষ্টিতমঃ সর্গঃ ॥ ৬২ ॥

১৯। লো-টী। স দধিমুখস্তৈর্বানরৈঃ সমেত্য মিলিত্বা আকৃষ্যত। তৈঃ কিম্ভূতৈঃ? তেন দধিমুখেন উপবার্য্যমাণৈঃ। তেন কিম্ভূতেন? প্রকৃষ্যতা তানাকর্ষয়িতুমিচ্ছতা।

২০। লো-টী। তলৈশ্চপেটৈঃ নির্বিষয়ং বাসশূন্যং প্রচক্রমুশ্চক্রুঃ। যদ্বা, নির্ব্বিষয়ং যথা ভবতি তথা হত্বা জগ্মুঃ।

দধিমুখনিবারণম্ ॥ ৬২ ॥

দধিমুখ এবং তৎকর্তৃক নিষিদ্ধ হইয়াও মত্তভাবশতঃ অপ্রতিরুদ্ধবেগশালী নির্ভীক নিরপেক্ষ ও আনন্দিত সেই বানরগণ পরস্পর পরস্পরকে আকর্ষণ করিতে লাগিলেন ॥ ১৯ ॥

সেই কপিগণ মিলিত হইয়া নখদ্বারা বিদারণ, দন্তদ্বারা দংশন এবং চপেটাঘাত ও পাদপ্রহারদ্বারা উৎপীড়িত করত সেই বলশালী বানরপুঙ্গবকে বিতাড়িত করিলেন ॥ ২০ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে দধিমুখনিবারণ
নামক ৬২ন সর্গ সমাপ্ত ॥ ৬২ ॥

১। ঘ-ছ '-ক্ষিপ্যত'। ২। ত 'বানরকৈঃ'।

(৬৩) ত্রিষষ্টিতমঃ সর্গঃ

স কথঞ্চিদ্বিমুক্তস্তৈর্[১]বানরৈর্ব্বানরর্ষভঃ।
উবাচৈকান্ত[২]মাসাদ্য ভৃত্যাংস্তান্[৩] সমুপাগতান্ ॥ ১ ॥

সমাগচ্ছত গচ্ছামো ভর্ত্তা নো যত্র বানরাঃ।
সুগ্রীবো বিপুলগ্রীবো রামেণ সহ ধীমতা ॥ ২ ॥

[৪]ইমং সর্ব্বেঽঙ্গদে দোষং শ্রাবয়ামোঽস্য বানরাঃ।
[৫]অমর্ষী ন হি নঃ শ্রুত্বা [৬]ধর্ষণাং মর্ষয়িষ্যতি ॥ ৩ ॥

[৭]ইষ্টং মধুবনং হ্যেতৎ সুগ্রীবস্য মহাত্মনঃ।
[৮]পিতৃপৈতামহং দিব্যং [৯]দৈবৈরপি হ্যধর্ষিতম্ ॥ ৪ ॥

৩। লো-টী। অমর্ষী ক্রুদ্ধঃ, নোঽস্মাকং পরাভবং শ্রুত্বা ন হি মর্ষয়িষ্যতি। 'ধর্ষণং স্যাৎ পরিভবে রতেঽসত্যাং তু ধর্ষণী'তি কোষঃ। 'ধর্ষণা'মিতি চ ক্বচিৎ পাঠঃ।

সেই বানরশ্রেষ্ঠ দধিমুখ কোন প্রকারে বানরগণকর্ত্তৃক মুক্ত হইয়া নির্জ্জনে আসিয়া উপস্থিত ভৃত্যবর্গকে বলিলেন— ॥ ১ ॥

বানরগণ, এস, বিশালগ্রীবাবিশিষ্ট আমাদের প্রভু সুগ্রীব ধীমান্ রামচন্দ্রের সহিত যেখানে অবস্থান করিতেছেন সেইখানে যাই ॥ ২ ॥

অদ্য আমরা সকলে সুগ্রীবকে অঙ্গদের এই অন্যায়ের কথা শুনাইব। তিনি আমাদের পরাভবের কথা শুনিয়া ক্রুদ্ধ হইয়া নিশ্চয়ই [উহাদিগকে] ক্ষমা করিবেন না ॥ ৩ ॥

দেবগণকর্ত্তৃকও অধর্ষিত পিতৃ-পিতামহের এই মনোহর মধুবন মহাত্মা সুগ্রীবের প্রিয় ॥ ৪ ॥

১। থ '-ক্লান্তে-'। ২। ছ '-মাগম্য', থ '-মাগত্য'। ৩। দ 'হরীংস্তান্'। ৪। থ 'ইমে'। ৫। দ 'স মর্ষান্'। ৬। ক 'ধর্ষণং'। ৭। ত 'দৃষ্টং'। ৮। ঘ-ত 'পীত্বা'। ৯। ছ-ত-থ-দ 'দৈবতৈরপ্যধর্ষিতম্'।

স বানরানিমান্ সর্ব্বান্ মধুলুব্ধান্ গতায়ুষঃ।
ঘাতয়িষ্যতি দণ্ডেন সুগ্রীবঃ সসুহৃদ্গণান্ ॥ ৫ ॥
বধ্যা হ্যেতে দুরাত্মানো [1]নৃপাজ্ঞাপরিঘাতিনঃ।
ধর্ষণামর্ষিতো রাজা সর্ব্বান্ [2]বৈ ঘাতয়িষ্যতি ॥ ৬ ॥
এবমুক্ত্বা দধিমুখো বনপালো মহাবলঃ।
বানরৈঃ [3]সহ তৈঃ সর্ব্বৈর্জ্জগাম হরিযূথপঃ ॥ ৭ ॥
নিমেষান্তরমাত্রেণ স [4]চ প্রাপ্তো [5]বনেচরঃ।
যত্রাস্তে সহ রামেণ [6]সুগ্রীবঃ সহলক্ষ্মণঃ ॥ ৮ ॥
[7]রাঘবং লক্ষ্মণঞ্চৈব দৃষ্ট্বা সুগ্রীবমেব চ।
সর্ব্বপ্রতিষ্ঠাং জগতীমাকাশান্নিপপাত হ ॥ ৯ ॥

৫। লো-টী। স সুগ্রীব ইত্যন্বয়ঃ।
৬। লো-টী। ধর্ষণামর্ষিতঃ ধর্ষণেন পরিভবেনামর্ষিতঃ ক্রুদ্ধঃ।
৯। লো-টী। সর্ব্বপ্রতিষ্ঠাং সর্ব্বে স্থাবরজঙ্গমাঃ প্রতিষ্ঠন্ত্যস্যামিতি সর্ব্বাধারাং জগতীং পৃথ্বীম্।

সেই সুগ্রীব এই আসন্নমৃত্যু মধুলোভী বানরদিগকে বন্ধুবান্ধবসহ দণ্ডদ্বারা নিহত করিবেন ॥ ৫ ॥

রাজার আদেশ-লঙ্ঘনকারী এই দুষ্টস্বভাব বানরগণ অবশ্যই বধযোগ্য; পরাভব-ক্রুদ্ধ মহারাজ সুগ্রীব নিশ্চয়ই ইহাদের সকলকে নিহত করিবেন ॥ ৬ ॥

বনপালক মহাবীর দধিমুখ এইরূপ বলিয়া সেই সকল বানরের সহিত গমন করিলেন ॥ ৭ ॥

সেই দধিমুখ বানর যেখানে রাম এবং লক্ষ্মণের সহিত সুগ্রীব অবস্থান করিতেছিলেন, সেই স্থানে নিমেষমধ্যে উপস্থিত হইয়া রাম, সুগ্রীব এবং লক্ষ্মণকে দেখিয়া আকাশ হইতে ভূতলে অবতরণ করিলেন ॥ ৮-৯ ॥

১। ঘ 'রাজাজ্ঞাপরিঘাতিনঃ'। ২। ঘ 'নাশয়িষ্যতি'। ৩। খ-গ 'সহিতৈঃ', ছ 'সহিতঃ', ঘঙ 'সহিতৈঃ'। ৪। ছ 'তু'। ৫। ঙ 'বনেচরঃ'। ৬। খ '-বশ্চ সলক্ষ্মণঃ'। ৭। ঘ 'সহসুগ্রীবং লক্ষ্মণঞ্চ নিরীক্ষ্য সঃ'।

সন্নিপত্য[1] মহাবাহুঃ সর্ব্বৈস্তৈঃ পরিবারিতঃ।
হরির্দ্দধিমুখঃ পালৈর্ব্বনপালাধিপস্তদা ॥ ১০ ॥
স দীনবদনস্তত্র কৃত্বা শিরসি চাঞ্জলিম্।
সুগ্রীবস্য শুভৌ মূর্দ্ধা চরণৌ প্রত্যপীড়য়ৎ ॥ ১১ ॥
স[2] তৈঃ কথঞ্চিৎ কপিভির্বিমুক্তঃ সমেত্য রাজ্ঞা[3] হরিযূথপেন[4]।
নিবেদয়ামাস বনঞ্চ ভগ্নং মধূনি মুখ্যানি চ[5] ভক্ষিতানি ॥ ১২ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে দধিমুখবাক্যং নাম
ত্রিষষ্টিতমঃ সর্গঃ ॥ ৬৩ ॥

১০। লো-টী। তৈঃ কপিভিরঙ্গদাদিভিঃ।

১২। লো-টী। কথঞ্চিদ্ বিমুক্তস্তাভ্যঃ স দধিমুখঃ রাজ্ঞা সহ সমেত্য মিলিত্বা নিবেদয়ামাস সুগ্রীবমিতি শেষঃ। 'রাজ্ঞে'তি পাঠে রাজানম্।

মধুবনবিধ্বংসনে ? ॥ ৬৩ ॥

বনপালাধিপ মহাবাহু দধিমুখ সেই সকল বনরক্ষক বানরের সহিত [ভূতলে] নিপতিত হইয়া বিষণ্ণবদনে মস্তকে অঞ্জলি বন্ধন করত সুগ্রীবের মঙ্গলময় চরণযুগলে প্রণত হইলেন ॥ ১০-১১ ॥

কোনরূপে সেই বানরগণের হাত হইতে মুক্তি পাইয়া 'দধিমুখ' রাজা সুগ্রীবের সহিত মিলিত হইয়া তাঁহার নিকট বনভঙ্গ এবং সমস্ত উৎকৃষ্ট মধু ভক্ষণের কথা নিবেদন করিলেন ॥ ১২ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে দধিমুখবাক্য-নামক
৬৩ম সর্গ সমাপ্ত ॥ ৬৩ ॥

১। ছ 'স নি-'। ২। ক-ঙ-পুস্তকয়োরয়ং শ্লোকো নাস্তি। ৩। ঘ-দ 'রাজ্ঞে'। ৪। থ '-যূথপস্ত'। ৫। খ-দ 'তৈরেব চ'।

(৬৪) চতুঃষষ্টিতমঃ সর্গঃ

ততো মূর্ধ্না[১] নিপতিতং বানরং স হরীশ্বরঃ[২]।
দৃষ্ট্বৈবোদ্বিগ্নহৃদয়ং[৩] বাক্যমেতদুবাচ হ ॥ ১ ॥
উত্তিষ্ঠোত্তিষ্ঠ কস্মাত্ত্বং পাদয়োঃ পতিতো মম।
দদামি[৪] তেহভয়ং বীর[৫] তত্ত্বমেবাভিধীয়তাম্ ॥ ২ ॥
কিং সম্ভ্রমাদ্[৬] বিবক্ষুস্ত্বং ব্রূহি যন্মনসেচ্ছসি।
কচ্চিন্মধুবনে স্বস্তি শ্রোতুমিচ্ছামি বানর ॥ ৩ ॥
স তু প্রশ্বাসিতস্তেন[৭] সুগ্রীবেণ মহাত্মনা।
উত্থায়েদং মহাপ্রাজ্ঞো বাক্যং দধিমুখোহব্রবীৎ ॥ ৪ ॥

১। লো-টী। অবিগ্নহৃদয়ম্। ?। অত্যুদ্বিগ্নহৃদয়ম্।
২। লো-টী। 'দদামি তেহভয়ং বারেতি' পাঠঃ কচিৎ, কচিচ্চ 'অভয়ং দদামি তে বীর' ইতি নবাক্ষরঃ। সংভ্রমাদ্ ভয়াৎ।

অনন্তর বানররাজ সুগ্রীব দধিমুখকে অবনতমস্তক দেখিয়া উদ্বিগ্নচিত্তে এই কথা বলিলেন— ॥ ১ ॥

উঠ উঠ, কিহেতু তুমি আমার পায়ে পতিত হইয়াছ? হে বীর, তোমাকে অভয় দিতেছি, প্রকৃত সংবাদ জ্ঞাপন কর ॥ ২ ॥

তুমি ভীত হইয়া কি বলিতে ইচ্ছা করিতেছ? যাহা বলিতে ইচ্ছা কর তাহা বল। বানর! আমি শুনিতে ইচ্ছা করি—মধুবনের মঙ্গল ত? ॥ ৩ ॥

মহাত্মা সুগ্রীব আশ্বাসদান করিলে প্রাজ্ঞ দধিমুখ উঠিয়া এই কথা বলিলেন— ॥ ৪ ॥

১। ব '-মূর্ধ্নিপ-'। ২। ধ 'কপী-'। ৩। ছ-প-দ 'বো'। ৪। ছ '-ঘুষ্ট দদামীহ', ক 'অভয়ং দদামি হে বীর'। ৫। ঘ 'সত্যমে-'। ৬। ঘ-থ 'যদ্বক্তু মর্হসি'। ৭। -থ-ন 'বিশ্বাসিত-', ভ 'বিশ্বাবিত-'।

[১]যদৃক্ষপতিনা তাত ন [২]ত্বয়া নাপি বালিনা।
বনং [৩]প্রধৃষ্টপূর্ব্বং হি বানরৈস্তদ্বিনাশিতম্ ॥ ৫ ॥
অঙ্গদঃ [৪]সহিতৈঃ সর্ব্বৈর্হনুমৎ[৫]প্রমুখৈঃ কপিঃ।
দৃষ্ট্বা মধূন্যপাস্যৈব সর্ব্বানস্মানভক্ষয়ৎ ॥ ৬ ॥
ময়া [৬]চৈতৈঃ সমেতেন বানরৈর্ব্বানরা[৭]ধিপ।
প্রতিসিদ্ধা [৮]অনাদৃত্য ভক্ষয়ন্তি স্ম [৯]বানরাঃ ॥ ৭ ॥
[১০]অহন্তু সংরব্ধতর[১১]স্তথা তৈর্নাশিতে বনে।
বারয়ামি স্ম বাহুভ্যাং [১২]সহ তৈর্বনগোচরৈঃ ॥ ৮ ॥

৫। গো-টী। ঋক্ষঃ কিষ্কিন্ধাপর্ব্বতঃ, তৎপতিনা সুগ্রীবেণ। ঋক্ষকপতিনা বা। 'ঋক্ষঃ পর্ব্বতভেদে স্যাদ্ ভল্লুকে শোণকে পুমানি'তি কোষঃ। প্রধৃষ্টপূর্ব্বম্ অনাশিতপূর্ব্বম্। 'অধৃষ্টং পূর্ব্বমি'তি পাঠে স এবার্থঃ।

৬। গো-টী। মধূনি দৃষ্ট্বা, অস্মানপাস্য বহির্নিষ্কাস্য।

৮। গো-টী। সংরব্ধতরঃ অতিক্রুদ্ধঃ।

প্রভু বানররাজ, আপনি অথবা বালী যে বন পূর্ব্বে বিনষ্ট করেন নাই, সেই বন বানরগণ নষ্ট করিয়াছে ॥ ৫ ॥

অঙ্গদ হনুমান্ প্রভৃতি বানরগণের সহিত আমাদিগকে দেখিয়া তাড়াইয়া দিয়া সমস্ত মধু পান করিয়াছেন ॥ ৬ ॥

বানররাজ, এই বানরদিগের সহিত আমি তাহাদিগকে বারণ করিলেও তাহারা [আমার বারণ] অগ্রাহ্য করিয়া [মধু] ভক্ষণ করিয়াছেন ॥ ৭ ॥

তাহারা বন বিনষ্ট করিলে অধিকতর ক্রুদ্ধ হইয়া ঐ সকল বানরের সহিত আমি বাহুদ্বারা বারণ করিয়াছিলাম ॥ ৮ ॥

১। ছ-ঞ-ঝ 'যদৃক্ষপ-', দ 'সদক্ষ-'। ২। ঘ-ছ 'বালিনাপি বা'। ৩। ঙ ধ 'প্রমৃষ্ট-', ন 'প্রমৃষ্টং সর্ব্বং'। ৪। দ '-দৈঃ'। ৫। ছ-ঙ '-বেরাপি'। ৬। ঙ-দ 'চ তৈঃ', দ 'চৈতৎ-'। ৭। ঙ-ধ '-পঃ'। ৮। ঘ-ছ 'হ্যনাদৃত্য', দ '-হ্যাননাদৃত্য'। ৯। দ 'বানরান্'। ১০। দ 'অযন্তু'। ১১। ঘ-দ 'চ নাশিতে বনম্'। ১২। ঘ-ছ 'সংহতৈঃ', ধ 'সহৈর্ভির্ব্বন-', দ 'সহিতৈ-'।

ততৈস্তৈর্ব্বহুভির্ভীমৈর্ব্বানরৈরঙ্গদেন[1] চ।
সংরক্তনয়নৈঃ ক্রোধাদহমুৎপত্য তাড়িতঃ ॥ ৯ ॥
দন্তৈঃ খাদন্তি কেচিচ্চ ভর্ৎসয়ন্তি স্ম চাপরে[2]।
[3]অস্ফুরন্নপরে রোষাদ্ ভ্রূক্ষেপৈশ্চাপ্যতর্জ্জয়ন্ ॥ ১০ ॥
[4]জানুভ্যাং নিহতাঃ কেচিৎ কেচিন্মুষ্টিভিরাহতাঃ।
[5]প্রকৃষ্টাশ্চ যথাকামং দেবমার্গঞ্চ দর্শিতাঃ ॥ ১১ ॥
ইত্যেবম[6]তিসংক্রুদ্ধাঃ সংপ্র[7]হারমকুর্ব্বত।
[8]তে সর্ব্বে পরমক্রুদ্ধা বনপা[9]লাশ্চ মামকাঃ ॥ ১২ ॥
[10]এবমে[11]তে হতাঃ শূরৈস্ত্বয়ি তিষ্ঠতি ভর্ত্তরি।
কৃৎস্নং মধুবনঞ্চৈব প্রকামং [12]তব [13]ভক্ষিতম্ ॥ ১৩ ॥

১০। লো টী। দন্তৈঃ খাদন্তি অস্মান্ অস্মানিতি শেষঃ। অস্ফুরন্ ক্রোধব্যঞ্জনমকুর্ব্বন্নিত্যর্থঃ।

১১। গো-টী। প্রকৃষ্টা আকর্ষিতাঃ, দেবমার্গঃ গুদম্।

অনন্তর বহুসংখ্যক ভয়ঙ্কর বানর এবং অঙ্গদ ক্রোধে চক্ষু রক্তবর্ণ করিয়া উল্লম্ফনপূর্ব্বক আমাকে বিতাড়িত করিয়াছেন ॥ ৯ ॥

কোন কোন বানর দন্তদ্বারা দংশন করিয়াছে, কেহ কেহ ভর্ৎসনা করিয়াছে এবং কেহ কেহ ক্রোধে কম্পিত হইয়া ভ্রূকুটীদ্বারা তর্জ্জন করিয়াছে ॥ ১০ ॥

[আমাদের মধ্যে] কেহ কেহ জানু-প্রহারে নিহত হইয়াছে, কেহ কেহ মুষ্ট্যাঘাতে আহত হইয়াছে, কেহ কেহ যথেচ্ছভাবে আকৃষ্ট হইয়া গুহ্যস্থান প্রদর্শনপূর্ব্বক অবজ্ঞাত হইয়াছে ॥ ১১ ॥

এইরূপে অতিশয় ক্রুদ্ধ সেই বানরেরা [আমাদের উপর] প্রহার করিয়াছে, [সেই হেতু] আমার এই সকল বনরক্ষক অত্যন্ত ক্রুদ্ধ হইয়াছে ॥ ১২ ॥

আপনার মত প্রভু বর্ত্তমান থাকিতে সেই বীরগণকর্ত্তৃক ইহারা প্রহৃত হইয়াছে এবং আপনার প্রিয় মধুবন সম্পূর্ণরূপে ভক্ষিত হইয়াছে ॥ ১৩ ॥

১। চ '-র্নীরৈ-'। ২। ঙ 'তথাপরে'। ৩। খ 'প্রস্ফুরন্নপরে-', গ-ঙ 'অস্ফুরন্নপরে-'। ৪। ঘ-ঙ 'জপত্যাং'। ৫। চ 'প্রকৃষ্টা নৃপপাঃ কামং', ঙ দ 'প্রকৃষ্টাশ্চ যথা-'। ৬। চ-খ '-মতি-'। ৭। ঙ '-প্রহারানকুর্ব্বত'। ৮। ছ 'তৈঃ সর্ব্বৈঃ পরমক্রুদ্ধৈর্ব-'। ৯। ঘ-খ '-পালাঃ সমাগতাঃ'। ১০। ছ 'এবং তৈর্নি-'। ১১। খ '-মেতৈঃ'। ১২। ছ-দ 'তত্র'। ১৩। ঘ 'নাশিতম্'।

এবং বিজ্ঞাপ্যমানস্তং সুগ্রীবং [1]বানরর্ষভম্ ।
[2]অপৃচ্ছত মহা[3]বীর্য্যো লক্ষ্মণঃ পরবীরহা ॥ ১৪ ॥
কিময়ং বানরো রাজন্ বনপালঃ সমাগতঃ ।
[4]কঞ্চার্থমভিনির্দ্দিশ্য দুঃখিতো বাক্যমব্রবীৎ ॥ ১৫ ॥
এবমুক্তস্তু সুগ্রীবো লক্ষ্মণেন [5]মহাত্মনা ।
লক্ষ্মণং প্রত্যুবাচেদং বাক্যং [6]বাক্যবিশারদঃ ॥ ১৬ ॥
অঙ্গদপ্রমুখৈর্ব্বীরৈর্হৃতং মধুবনং মম ।
বিচিত্য দক্ষিণামাশামাগতৈর্[7]হরিযূথপৈঃ ॥ ১৭ ॥
[8]আগ[9]ত্যৈব [10]প্রবিষ্টস্তু তথা মধুবনং [11]মহৎ ।
অঙ্গদো বানরৈঃ সর্বৈর্হনুমৎপ্রমুখৈর্[12]বৃতঃ ॥ ১৮ ॥

১৫। লো-টী। কিং কিমর্থম্ ।
১৭। লো-টী। বিচিত্য অন্বিষ্য। 'বিচিন্ত্য' ইতি ক্বচিৎ পাঠঃ।

বানরর্ষভ সুগ্রীবের নিকট এইরূপ নিবেদন করিলে শত্রুসংহারক মহাবীর লক্ষ্মণ তাঁহাকে জিজ্ঞাসা করিলেন— ॥ ১৪ ॥

রাজন্, এই বনরক্ষক বানর কিজন্য আসিয়াছে এবং কোন্ বিষয় উল্লেখ করিয়া দুঃখিত হইয়া কথা বলিল ? ॥ ১৫ ॥

মহাত্মা লক্ষ্মণকর্ত্তৃক এইরূপ পৃষ্ট হইয়া বাগ্মী সুগ্রীব তাঁহাকে প্রত্যুত্তর করিলেন— ॥ ১৬ ॥

দক্ষিণ দিক্ অন্বেষণ করিয়া প্রত্যাগত অঙ্গদপ্রভৃতি বীর বানরদলপতিগণ আমার মধুবন বিনষ্ট করিয়াছে ॥ ১৭ ॥

অঙ্গদ আসিয়াই হনূমান্ প্রভৃতি বানরগণে পরিবৃত হইয়া বিশাল মধুবনে প্রবেশ করিয়াছে ॥ ১৮ ॥

১। গ 'প্লবগাধিপম্'। ২। ঙ 'আপৃ-'। ৩। ক '-প্রাজ্ঞো', গ '-বান্বা-'। ৪। ছ 'কং বার্থ-', ক 'কিঙ্কার্থ-'। ৫। গ 'সুসংহৃষ্টঃ'। ৬। গ '-বিদাং বরঃ'। ৭। ঘ '-পুঙ্গবৈঃ'। ৮। ঙ-পুস্তকে ইদমর্দ্ধং নাস্তি। ৯। খ '-ত্য চ'। ১০। ছ-খ 'প্রবিষ্টশ্চ', দ 'প্রহৃষ্টস্তু'। ১১। ঘ 'মম'। ১২। ঘ-খ '-বৈঃ সহ'।

নাশিতঞ্চ বনং সর্ব্বমুপভুক্তঞ্চ[1] বানরৈঃ।
বার্য্যমাণৈশ্চ সংকৃষ্টাঃ[2] পালা[3] জানুভিরাহতাঃ[4] ॥ ১৯ ॥

এতৎ[5] সর্ব্বময়ং বক্তুং প্রাপ্তো মধুবনপ্রভুঃ[6]।
দধিপূর্ব্বমুখো নাম্না হরিঃ[7] প্রখ্যাতবিক্রমঃ ॥ ২০ ॥

অনাদৃত্য প্রবিষ্টস্তু[8] যথা মধুবনং মম[9]।
অঙ্গদো বানরৈঃ সর্ব্বৈর্হনুমৎপ্রমুখৈঃ সহ ॥ ২১ ॥

দৃষ্টা[10] মন্যে তথা দেবী[11] সুমিত্রানন্দিবর্দ্ধন।
অভিগম্য যদেতে[12] স্ম পিবন্তি হরয়ো মধু ॥ ২২ ॥

অদৃষ্ট্বা ন হি তে সীতাং বানরাঃ পুরুষর্ষভ।
ধ্বংসয়েয়ুর্ম্মধুবনং ব্যক্তং দৃষ্টা ভবিষ্যতি ॥ ২৩ ॥

১৯। লো-টী। উপভুক্তং ভুক্তম্। পাদাভিঃ পুষ্পানি জানুভিঃ যেষাং তৈঃ, উৎকটৈ-র্নখৈঃ। "উৎকটস্তীব্রমত্তয়ো"রিতি কোষঃ। সংকৃষ্টাঃ ভূমৌ সম্যক্ ঘর্ষিতাঃ, অর্থাৎ বনপালকা ইত্যর্থঃ। 'সন্দষ্টাঃ পালা' ইতি পাঠে পালা বনপালাঃ। তৈঃ জানুভিঃ দুষিতার্থঃ।

বানরগণ সমস্ত বন নষ্ট করিয়াছে এবং উপভোগ করিয়াছে, নিষেধ করিলে বনরক্ষকদিগকে আকর্ষণ করিয়া জানুদ্বারা প্রহার করিয়াছে ॥ ১৯ ॥

মধুবনপালক দধিমুখনামে প্রসিদ্ধ বিক্রমশালী এই বানর এই সমস্ত বলিবার জন্য এখানে আসিয়াছে ॥ ২০ ॥

অঙ্গদ হনুমান্ প্রভৃতি বানরগণের সহিত অবজ্ঞাপূর্ব্বক আমার মধুবনে প্রবেশ করিয়াছে ॥ ২১ ॥

হে সুমিত্রানন্দন লক্ষ্মণ, আমি মনে করি—ইহারা সীতাদেবীকে দেখিয়াছে। যেহেতু এই বানরগণ মধুবনে প্রবেশ করিয়া মধু পান করিয়াছে ॥ ২২ ॥

পুরুষসিংহ লক্ষ্মণ, ঐ বানরগণ সীতাকে না দেখিয়া [কখনও] মধুবন ধ্বংস করিতে পারে না, [সুতরাং] স্পষ্টই প্রতীতি হইতেছে যে, ইহারা সীতাকে দেখিয়াছে ॥ ২৩ ॥

১। দ-ছ '-যুক্তঞ্চ'। ২। ছ 'সন্দষ্টাঃ', দ 'সন্দষ্টাঃ', দ 'সংক্রুষ্টাঃ'। ৩। দ 'পালি-'। ৪। ছ '-রুৎকটৈঃ'। ৫। ছ দ 'এবমর্থময়ং'। ৬। দ '-বনেশ্বরঃ'। ৭। দ 'কপিঃ'। ৮। ছ-ঙ দ-ব '-শ্চ'। ৯। দ 'তব'। ১০। দ 'দৃষ্ট্বা'। ১১। দ 'দেবীং'। ১২। ছ 'যথেতে হি', ঙ-দ 'যদেতস্তু', দ 'যদেতস্মিন'।

ততঃ প্রহৃষ্টৌ ধর্ম্মাত্মা লক্ষ্মণঃ সহরাঘবঃ।
শ্রুত্বৈতদ্বচনং সৌম্যং সুগ্রীববদনচ্যুতম্ ॥ ২৪ ॥

প্রহৃষ্টস্য তু রামস্য লক্ষ্মণস্য চ ধীমতঃ।
ইদং দধিমুখং বাক্যং সুগ্রীবো মুদিতোঽব্রবীৎ ॥ ২৫ ॥

প্রীতোঽস্মি মা ভূম্মন্যুস্তে কৃতকর্ম্মা স বানরঃ।
মর্ষণীয়ঞ্চ মে তস্য চেষ্টিতং কৃতকর্ম্মণঃ ॥ ২৬ ॥

গচ্ছ শীঘ্রং মধুবনং সংরক্ষ ত্বং যথোচিতম্।
তাংশ্চ প্রেষয় সর্ব্বাংস্ত্বং হনুমৎপ্রমুখান্ কপীন্ ॥ ২৭ ॥

২৫। গো·টী। প্রহৃষ্টস্য সতঃ।
২৬। গো·টী। মন্যুর্দৈন্যং ক্রোধো বা।

অনন্তর ধর্ম্মাত্মা লক্ষ্মণ রামচন্দ্রের সহিত সুগ্রীবের মুখনিঃসৃত এই কথা শ্রবণ করিয়া আনন্দিত হইলেন ॥ ২৪ ॥

সুগ্রীব প্রীত হইয়া আনন্দিত রাম এবং ধীমান্ লক্ষ্মণের সমীপে দধিমুখকে এইরূপ বলিলেন — ॥ ২৫ ॥

আমি সন্তুষ্ট হইয়াছি, তুমি ক্রোধ সংবরণ কর, সেই বানর কার্য্যসাধন করিয়াছে, সেই কৃতকার্য্য বানরের কার্য্য আমার ক্ষমা করা উচিত ॥ ২৬ ॥

তুমি শীঘ্র গমন করিয়া যথোচিত ভাবে মধুবন রক্ষা কর এবং সেই হনুমান্-প্রভৃতি বানরদিগকে আমার নিকট প্রেরণ কর ॥ ২৭ ॥

১। ঘ 'পরবীরহা'। ২। ঙ '-বস্তু মহাত্মনঃ'। ৩। চ '-নাচ্চ্যুতম্'। ৪। ছ-থ 'সংপ্রহৃষ্টস্য'। ৫। খ 'চ'। ৬। দ 'তু'। ৭। ঘ 'হর্ষিতো'। ৮। ধ 'সংরক্ষস্ব', ঙ 'রক্ষ ত্বক'। ৯ ঘ 'হরীন্'।

ইচ্ছামি[1] শীঘ্রং হনুমৎপ্রধানান্[2] শাখামৃগাংস্তান্ মৃগরাজদর্পান্[3]।
দ্রষ্টুং কৃতার্থান্ সহ রাঘবাভ্যাং শ্রোতুঞ্চ সীতাধিগমে প্রবৃত্তিম্[4] ॥ ২৮ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে দধিমুখনিবেদনং নাম
চতুঃষষ্টিতমঃ সর্গঃ ॥ ৬৪ ॥

২৮। লো-টী। মৃগরাজদর্পান্ সিংহদর্পান্, সীতাধিগমে সীতাজ্ঞানে প্রবৃত্তিং বার্ত্তাম্।
দধিমুখনিবেদনম্ ॥ ৬৪ ॥

রামচন্দ্র এবং লক্ষ্মণের সহিত আমি সিংহের ন্যায় পরাক্রমশালী কৃতকার্য্য হনূমান্প্রমুখ সেই বানরদিগকে দেখিতে এবং [তাহাদের] সীতা [র সন্ধান]-প্রাপ্তির সংবাদ শুনিতে ইচ্ছা করি ॥ ২৮ ॥

মহর্ষি বাল্মীকিপ্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে দধিমুখনিবেদননামক
৬৪ম সর্গ সমাপ্ত ॥ ৬৪ ॥

১। ছ 'সর্ব্বান্'। ২। খ 'প্রমুখান্'। ৩। খ '-দর্পিতান্'। ৪। খ 'হি বার্ত্তান্'।

(৬৫) পঞ্চষষ্টিতমঃ সর্গঃ

সুগ্রীবেণৈবমুক্তস্তু[১] হৃষ্টো[২] দধিমুখো হরিঃ ।
উক্ত্বা ধন্যোঽহমস্মীতি চরণাবভ্যবাদয়ৎ ॥ ১ ॥
স[৩] প্রণম্য[৪] তু সুগ্রীবং রাঘবং[৫] লক্ষ্মণং[৬]স্তথা ।
বানরৈঃ সহিতৈঃ[৭] সর্ব্বৈর্দিবমেবোৎপপাত হ ॥ ২ ॥
যথৈব[৮] চাগতঃ শ্রীমাংস্ত্বরিতং[৯] [১০] স যযৌ তথা[১১] ।
নিপত্য গগনাদ্ ভূমৌ তদ্বনং প্রবিবেশ হ[১২] ॥ ৩ ॥
প্রবিশ্য তন্মধুবনং[১৩] দদর্শ হরিযূথপান্ ।
বিমদানুত্থিতান্[১৪] সর্ব্বান্ বেপমানান্ মদাত্যয়ে ॥ ৪ ॥

২। লো-টী। দিবং গগনম্ ।
৪। লো-টী। বিমদান্ বিগতমদান্। চেতমানান্ চৈতন্যযুক্তান্। 'বেপমানানি'তি পাঠে আক্রান্তিয়া কম্পমানান্ ।

সুগ্রীব এই কথা বলিলে বানর দধিমুখ আনন্দিত হইলেন এবং 'আমি ধন্য হইলাম,' এই বলিয়া [সুগ্রীবের] চরণ বন্দনা করিলেন ॥ ১ ॥

তিনি সুগ্রীবকে এবং রাম ও লক্ষ্মণকে প্রণাম করিয়া সম্মিলিত সমস্ত বানরের সহিত আকাশে লম্ফপ্রদান করিলেন ॥ ২ ॥

এবং যেমন আসিয়াছিলেন সেই ভাবে গমন করিয়া আকাশ হইতে ভূতলে অবতরণপূর্ব্বক সেই বনে প্রবেশ করিলেন ॥ ৩ ॥

সেই মধুবনে প্রবেশ করিয়া [তিনি] বানরদলপতিগণকে দেখিতে পাইলেন, তখন তাহাদের নেশা কাটিয়া গিয়াছে, তাহারা মদাত্যয়ে কম্পিত হইতেছে ॥ ৪ ॥

১। ঘ 'প্রীতো'। ২। ঘ '-ণোঽব্রবীৎ'। ৩। ঙ-প 'প্রণম্য চ স'। ৪। ছ 'চ'। ৫। দ 'সহলক্ষ্মণম্'। ৬। অতঃ পরং দ-পুস্তকে 'বানরৈঃ সহিতৈঃ সর্ব্বৈর্দিবমেবোৎপপাত হ। যথৈব চাগতঃ শ্রীমাংস্ত্বরিতং স যযৌ তথা'। ইত্যাধিকম্। ৭। ঘ-ছ 'সহিতঃ'। ৮। প 'স তথৈবাগতঃ'। ৯। ঘ-ত '-তঃ'। ১০। ছ 'প্রযযৌ'। ১১। ঘ 'তদা'। ১২। ত 'সঃ'। ১৩। ঘ 'তদ্বনস্তত্র'। ১৪। ছ 'বিমর্দ্দাদ্দুঃখিতান্', ত 'বিমর্দ্দাদুত্থিতান্'।

স তানুপচরন্ বীরো বদ্ধা করপুটাঞ্জলিম্[1] ।
উবাচ বচনং[2] শ্লক্ষ্ণমিদং হৃষ্টবদঙ্গদম্ ॥ ৫ ॥

সৌম্য রোষো[3] ন কর্তব্যো যদেভিরসি[4] বারিতঃ ।
অজ্ঞানাদ্ যদি বা জ্ঞানান্ন কশ্চিন্নাপরাধ্যতি[5] ॥ ৬ ॥

যুবরাজস্ত্বমীশশ্চ বনস্যাস্য[6] মহাবল ।
মূর্খৈরেভির্[7]যদুক্তস্ত্বং তত্র বদ্ধো[8] ময়াঞ্জলিঃ ॥ ৭ ॥

শ্রান্তস্য দূরাৎ প্রাপ্তস্য স্বকং ভক্ষয়তো মধু ।
যো মৌর্খ্যাদপকারা[10] তে[11] তত্রাহং[12] ত্বাং প্রসাদয়ে ॥ ৮ ॥

৫। লো-টী। উপচরন্ সেবমানঃ।

৬। লো-টী। যদেভিরৈতৈরেভিঃ। ন কশ্চিন্নাপরাধ্যতি, অপি তু অপরাধ্যত্যেব।

৮। লো-টী। যে মম অপকারা মদীয়া জনাঃ। 'অপকর্তা স তে' ইতি পাঠে তে তব এতৎস্বামিনিত্তে।

বীর দধিমুখ তাহাদের শুশ্রূষা করিয়া কৃতাঞ্জলিপুটে সোল্লাসে অঙ্গদকে এই মধুর বাক্য বলিলেন— ॥ ৫ ॥

হে সৌম্য, ইহারা যে আপনাকে নিবারণ করিয়াছে, তাহাতে রুষ্ট হইবেন না, সজ্ঞানে অথবা অজ্ঞানে [কোনরূপ] অপরাধ করে না [জগতে] এমন কেহ নাই ॥ ৬ ॥

হে মহাবল, আপনি যুবরাজ এবং এই বনের অধিকারী। ইহারা মূর্খ, ইহারা আপনাকে যাহা বলিয়াছে, সেজন্য আমি অঞ্জলি বন্ধন করিতেছি ॥ ৭ ॥

আপনি দূর হইতে আগমন করিয়া এবং পরিশ্রান্ত হইয়া নিজস্ব মধু পান করিতেছিলেন, মূর্খতাবশতঃ যে আপনার প্রতিকূলতা করিয়াছে, তাহার প্রতি আমি আপনার অনুগ্রহ ভিক্ষা করিতেছি ॥ ৮ ॥

১। ন '-ঞ্জলিঃ'। ২। ছ '-নৈকেন শ্লক্ষ্ণং হৃষ্ট-'। ৩। ঘ 'ক্রোধো'। ৪। ঙ-খ-দ '-রক্ষি-'। ৫। ঙ-ত '-নপ-'। ৬। ঘ-খ '-ভুজঃ', ন '-বলঃ'। ৭। ছ '-রেতৈ-'। ৮। ছ-ত 'বদ্ধোঽহমঞ্জলিঃ'। ৯। ঘ 'মুখং' ১০। ছ '-কারো'। ১১। ঘ-ছ-ঙ-দ 'মে'। ১২। ধ 'তবাহং'।

যথৈব তু[১] পিতা তে স পূর্ব্বং কপিগণেশ্বরঃ[২]।
তথা ত্বমপি সুগ্রীবো নান্যস্তু[৩] হরিসত্তম ॥ ৯ ॥
আখ্যাতঞ্চ[৪] ময়া গত্বা পিতৃব্যস্য তব প্রভো।
ইহোপযানং যুষ্মাকং সর্ব্বেষাং হরিপুঙ্গব[৫] ॥ ১০ ॥
ত্বাস্তু প্রাপ্তমিহ শ্রুত্বা সহৈভির্হরিযূথপৈঃ।
সংহৃষ্টো[৬] ন চ সংক্রুদ্ধো বনং শ্রুত্বা প্রধর্ষিতম্ ॥ ১১ ॥
মাঞ্চাব্রবাৎ[৭] পিতৃব্যস্তে সুগ্রীবো বানরেশ্বরঃ[৮]।
শীঘ্রং প্রেষয় তান্ সর্ব্বানিতি চ্ছন্দেন[৯] গম্যতাম্ ॥ ১২ ॥
শ্রুত্বা দধিমুখস্যৈতদ্ বচনং শ্লক্ষ্ণমঙ্গদঃ।
অব্রবীত্তান্[১০] হরিবরান্ সর্ব্বানেব প্রহর্ষয়ন্ ॥ ১৩ ॥

৯। গো-টী। সুগ্রীবাৎ পরস্ত্বমেব নাথঃ। 'সুগ্রীবাদন্ত' ইতি পাঠে পূর্ব্বং তস্মাৎ গতা (?) ততঃ সুগ্রীবঃ। ততোঽনন্তরস্ত্বমেব প্রভুরিত্যর্থঃ।
১২। গো-টী। ছন্দেন ইচ্ছয়া।

হে বানরসত্তম, আপনার পিতা বালী পূর্ব্বে যেমন বানরগণের অধিপতি ছিলেন, [বর্ত্তমানে] সুগ্রীব এবং আপনিও সেইরূপ, অপর কেহ নহে ॥ ৯ ॥

হে প্রভো, হে বানরশ্রেষ্ঠ, আমি যাইয়া আপনার পিতৃব্যের নিকট আপনাদের সকলের উপস্থিতির বিষয় জ্ঞাপন করিয়াছি ॥ ১০ ॥

আপনি এই বানরদলপতিগণের সহিত এখানে উপস্থিত হইয়াছেন শুনিয়া তিনি আনন্দিত হইয়াছেন, বনভঙ্গের কথা শুনিয়াও ক্রুদ্ধ হন নাই ॥ ১১ ॥

আপনার পিতৃব্য বানররাজ সুগ্রীব আমাকে বলিলেন—'সত্বর তাহাদিগকে পাঠাইয়া দাও'। অতএব [আপনারা] স্বচ্ছন্দে গমন করুন ॥ ১২ ॥

দধিমুখের এই মধুর বাক্য শুনিয়া অঙ্গদ সেই বানরদলপতিগণের সকলের আনন্দ সঞ্চার করত বলিতে লাগিলেন— ॥ ১৩ ॥

১। ছ-ড 'তেহভূৎ', দ 'মে স'। ২। থ '-গণাধিপঃ'। ৩। ছ-ড '-বান্নাঽন্যো বৈ', থ '-বানন্যো বৈ', দ '-বানন্যো ন'। ৪। ছ 'সর্ব্বং'। ৫। ছ থ-দ '-সত্তম'। ৬। থ-ধ 'সংপ্রহৃষ্টো ন চ ক্রু-'। ৭। ছ-থ দ 'মামব্রবীৎ'। ৮। থ 'বানরাধিপঃ'। ৯। ছ-ড 'ছন্দেন'। ১০। দ 'হরীন্ সর্ব্বান্ বীরানেব'।

শঙ্কে শ্রুতোঽয়ং বৃত্তান্তো রাজ্ঞা বানরপুঙ্গবাঃ।
অয়ং হি হর্ষাদাখ্যাতি তেন জানীম[১] হেতুনা ॥ ১৪ ॥

পীতং মধু যথাকামং সর্ব্বৈরস্মাভিরুৎকটৈঃ।
তৎ[২] ক্ষমং[৩] গমনস্তত্র সুগ্রীবো যত্র বানরঃ ॥ ১৫ ॥

সর্ব্বে যথা মাং রক্ষন্তি[৪] ভবন্তো হরিযূথপাঃ।
তথা প্রতিবিধাতব্যং ভবৎসু পরবানহম্ ॥ ১৬ ॥

আজ্ঞাপয়িতুমীশোঽহং[৫] যুবরাজো হি যদ্যপি।
যুক্তঞ্চ[৬] কৃতকর্ম্মাণো যূয়ং সমনুবর্ত্তিতুম্ ॥ ১৭ ॥

১৪। লো-টী। 'জানীম' ইতি আর্ষো বিসর্গলোপঃ।

১৫। লো-টী। ক্ষমমুচিতম্।

১৬। লো-টী। রক্ষন্তি রক্ষিষ্যন্তি যথা তথা প্রতিবিধাতব্যং প্রতিকর্ত্তব্যম্। যতোঽহং পরবান্ অধীনঃ।

১৭। লো-টী। নমু এবং কথং বদসি ? যতো ভবান্ যুবরাজ ইত্যত আহ—আজ্ঞাপয়িতুমিতি। যদ্যপি যুষ্মানাজ্ঞাপয়িতুমহমীশঃ, হি যস্মাদহং যুবরাজঃ, তথাপি সমনুবর্ত্তিতুং যুষ্মাকং বশীভবিতুং মম যুক্তমুচিতম্। যতো যূয়ং কৃতকর্ম্মাণঃ। সর্ব্বজ্ঞেন 'যূয়ং কৃতকর্ম্মাণ' ইত্যত্র বিভক্তিব্যত্যয়ং কৃত্বা কৃতকর্ম্মণো যুষ্মানমুবর্ত্তিতুং যুক্তমিতি ব্যাখ্যাতম্।

হে বানরশ্রেষ্ঠগণ, মনে হয়, রাজা সুগ্রীব এই বৃত্তান্ত (আমাদের কৃতকার্য্যতার কথা) শুনিয়াছেন। এ [দধিমুখ] সানন্দে এই কথা বলিল, তাহাতেই বুঝিতে পারিতেছি ॥ ১৪ ॥

আমরা সকলেই উদ্ধত ভাবে ইচ্ছানুরূপ মধু পান করিয়াছি, সুতরাং [এক্ষণে] সুগ্রীবের নিকট গমন করা উচিত ॥ ১৫ ॥

হে বানরদলপতিগণ, আপনারা সকলে আমাকে যেন রক্ষা করেন, তেমন প্রতিবিধান করিবেন, আমি আপনাদের অধীন ॥ ১৬ ॥

যদিও আমি যুবরাজ এবং আদেশ করিবার ক্ষমতা আমার আছে, তথাপি আপনাদের অনুবর্ত্তন করা উচিত ; কারণ, আপনারা কার্য্য সাধন করিয়াছেন ॥ ১৭ ॥

১। খ-গ 'জানামি'। ২। দ 'গচ্ছেম তত্র সুগ্রীবো যত্র রামঃ সলক্ষ্মণঃ'। ৩। ঙ-ধ 'ক্ষেমং'।
৪। খ-গ 'রক্ষন্তি'। ৫। খ-ঘ '-জ্ঞোঽপি'। ৬। খ-ছ '-ক্তং হি', খ-ঘ '-ক্তাস্ত'।

ব্রুবাণস্যাঙ্গদস্যৈবং[1] শ্রুত্বা[2] বচনমুত্তমম্ ।
প্রহৃষ্টমনসঃ সর্ব্বে ব্যাজহ্রু[3]স্তে মহাবলাঃ ॥ ১৮ ॥
ক এবং[4] বক্ষ্যতে বাক্যং[5] প্রভুঃ সন্[6] বানরর্ষভ ।
ঐশ্বর্য্যমদমত্তো[7] হি সর্ব্বোঽহমিতি মন্যতে ॥ ১৯ ॥
তবেদং[8] সদৃশং বাক্যং ভুবি নান্যস্য কস্যচিৎ ।
সন্নতিহি তবাখ্যাতি ভবিষ্যচ্ছু[9]ভমঙ্গদ ॥ ২০ ॥
সর্ব্বে বয়মপি প্রাপ্ত[10] তত্র গন্তুং কৃতত্বরাঃ ।
স যত্র[11] হরিবীরাণাং সুগ্রীবঃ পতিরব্যয়ঃ ॥ ২১ ॥
ত্বয়া হ্যনুক্তে হরিভির্নৈব যুক্তং কথঞ্চন ।
ব্যাহর্ত্তুং হরিশার্দ্দূল তত্ত্বমেতন্নিবোধ নঃ ॥ ২২ ॥

২০। লো-টী। তবেদং বাক্যং 'পরবাণি'ত্যেবংরূপম্। সন্নতির্বিনয়ঃ। আখ্যাতি কথয়তি।

২২। লো-টী। ব্যাহর্ত্তুং বক্তুং ন যুক্তং নোচিতম্। এতদেব নোঽস্মাকং তত্ত্বং পরমার্থং নিবোধ। ইদানীং ত্বয়োক্তে সর্ব্বৈরেব তত্র গন্তব্যমিত্যর্থঃ।

অঙ্গদের এই উত্তম বাক্য শুনিয়া মহাবলশালী সেই বানরগণ সকলেই হৃষ্টচিত্তে বলিলেন— ॥ ১৮ ॥

হে বানরর্ষভ, প্রভুত্ব লাভ করিয়া কে এইরূপ বাক্য বলিবে? ঐশ্বর্য্যমদে মত্ত হইয়া সকলেই অহঙ্কারী হয় ॥ ১৯ ॥

এই বাক্য [সমগ্র] পৃথিবীমধ্যে [একমাত্র] আপনারই অনুরূপ, অন্য কাহারও নহে। হে অঙ্গদ, বিনয় আপনার ভবিষ্যৎ শুভ সূচনা করিতেছে ॥ ২০ ॥

হে প্রাজ্ঞ, বীর বানরগণের নির্ব্বিকার অধিপতি সুগ্রীব যেখানে অবস্থান করিতেছেন, আমরা সকলেও সেখানে যাইবার জন্য ত্বরান্বিত হইয়াছি ॥ ২১ ॥

হে বানরশ্রেষ্ঠ, [এ সম্বন্ধে] আপনি না বলিলে বানরগণের বলা কোনরূপেই উচিত নহে, ইহা আমাদের [বিলম্বের] তত্ত্ব বলিয়া জানুন ॥ ২২ ॥

১। ছ-ঙ-থ 'চৈবং'। ২। থ 'বাক্যমনুত্তমম্'। ৩। দ 'ব্যাহরুস্তে'। ৪। থ-থ 'মোক্ষ্যতে'। ৫। ছ-ঙ-থ 'বাচং', দ 'বাচঃ'। ৬। দ 'মত্তাঃ'। ৭। থ '-ত্তোঽপি'। ৮। ঙ-দ 'তাদৃশং'। ৯। থ '-ভাগ্যতাম্'। ১০। থ 'গন্তুং ত্বরা কৃতমনাঃ'। ১১। দ 'তত্র'।

এবন্তু[১] ব্রুবতাং তেষামঙ্গদঃ[২] সমহৃষ্যত[৩]।
বাঢ়ং গচ্ছামি[৪] চেত্যুক্ত্বা খমুৎপততি[৫] বানরঃ ॥ ২৩ ॥
উৎপতন্তমনুৎপেতুঃ[৬] সর্ব্বে তে হরিযূথপাঃ।
কৃত্বাকাশং নিরাকাশং যন্ত্রোৎক্ষিপ্তোপলা[৭] ইব ॥ ২৪ ॥
তেঽম্বরং সহসোৎপত্য বেগবন্তঃ প্লবঙ্গমাঃ।
ব্যনদন্[৮] সুমহানাদং মেঘা বাতেরিতা ইব ॥ ২৫ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে মধুবনাদ্ বানরপ্রয়াণং নাম
পঞ্চষষ্টিতমঃ সর্গঃ ॥ ৬৫ ॥

২৩। লো-টী। উৎপততি বানরঃ, 'উৎপতিতবান্ ভুবঃ' ইতি পাঠে ভুবঃ সকাশাৎ।
২৪। লো-টী। উপলাঃ পাষাণাঃ।

মধুবনাদ্ বানরপ্রয়াণম্ ॥ ৬৫ ॥

তাঁহারা এইরূপ বলিলে অঙ্গদ আনন্দিত হইলেন এবং 'সত্য, [চলুন] গমন করি,' এই বলিয়া ভূতল হইতে আকাশে উত্থিত হইলেন ॥ ২৩ ॥

সেই বানরদলপতিগণ সকলেই ঊর্দ্ধে উত্থিত অঙ্গদের পশ্চাতে যন্ত্রক্ষিপ্ত প্রস্তরখণ্ডের ন্যায় গগনমণ্ডল আচ্ছাদিত করিয়া ঊর্দ্ধে উত্থিত হইলেন ॥ ২৪ ॥

সেই বলবান্ বানরগণ সহসা আকাশে উৎপতিত হইয়া বায়ুচালিত মেঘের ন্যায় ভীষণ গর্জ্জন করিতে লাগিলেন ॥ ২৫ ॥

মহর্ষি বাল্মীকিপ্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে বানরগণের মধুবন হইতে
প্রস্থান-নামক ৬৫ম সর্গ সমাপ্ত ॥ ৬৫ ॥

১। ঙ '-বাণি'। ২। গ '-মঙ্গ প্রভাষত'। ৩। চ 'প্রত্যভাষত', ঙ 'সমভাষত'। ৪। চ-ঞ '-গচ্ছাব'। ৫। চ '-পতিতবান্ কপিঃ', ছ-ঝ '-পতিতবান্ প্রভুঃ', গ-ঘ '-পতিতবান্ ভুবঃ'। ৬। ছ '-স্তং পয়ু-', ঙ-খ-ঘ '-স্তং সমুৎ-'। ৭। ঘ-ঙ '-ক্ষিপ্ত ইবোপলাঃ'। ৮। গ '-নাদান্'।

(৬৬) ষট্ষষ্টিতমঃ সর্গঃ

তেষামাগমনং শ্রুত্বা সুগ্রীবো [১]বানরেশ্বরঃ।
উবাচ শোকাভিহতং রামং কমললোচনম্ ॥ ১ ॥
সমাশ্বসিহি ভদ্রন্তে দৃষ্টা সীতা ন সংশয়ঃ।
[২]আগন্তুমিহ নৈঃ [৩]শক্যমতীতে [৪]সময়ে ন হি ॥ ২ ॥
ন মৎসকাশমাগচ্ছেন্[৫]মৎকৃত্যে বিনিপাতিতে।
যুবরাজো মহাবাহুঃ প্লবতাং [৬]প্রবরোঽঙ্গদঃ ॥ ৩ ॥
যদি [৭]হ্যকৃতকার্য্যোঽসৌ [৮]মৎসকাশমুপক্রমেৎ।
স ভবেদ্দীনবদনঃ শ্রান্তো বিপ্লুতমানসঃ ॥ ৪ ॥

১-৪। লো-টী। সময়ে অতীতে সতি ন হি আগন্তুং শক্যম্। অস্মাদঙ্গদ ইত্যন্বয়ঃ। দেশং স্বদেশম্। স্বকৃত্যে স্বকার্য্যে বিনিপাতিতে বিপন্নে সতি। 'মৎসকাশ'মিতি পাঠঃ ক্বচিৎ, মৎকৃত্যে ইতি চ।

বানররাজ সুগ্রীব তাঁহাদের আগমনবার্ত্তা শ্রবণ করিয়া শোকসন্তপ্ত রামচন্দ্রকে বলিলেন— ॥ ১ ॥

আপনি আশ্বস্ত হউন, আপনার মঙ্গল হইবে, ইহারা সীতাকে দেখিয়াছে এবিষয়ে কোন সন্দেহ নাই, নির্দ্দিষ্ট সময় অতীত হওয়ার দরুণ এখানে আসিতে পারিতেছে না ॥ ২ ॥

সীতাদর্শনরূপ মদীয় কার্য্য নিষ্পাদিত না হইলে বানরপুঙ্গব যুবরাজ মহাবীর অঙ্গদ আমার সমীপে [ফিরিয়া] আসিত না ॥ ৩ ॥

ঐ অঙ্গদ যদি কার্য্য সম্পাদন না করিয়া আমার নিকট [ফিরিয়া] আসিত, তাহা হইলে তাহার মানসিক বিপ্লব, মুখের মলিনতা এবং ক্লান্তি লক্ষিত হইত ॥ ৪ ॥

১। ঘ-ঝ 'বানরাধিপঃ'। ২। ছ 'ন'। ৩। চ-দ '-ময়মে'। ৪। অতঃ পরং ছ-ত-পুস্তকয়োঃ "অঙ্গদস্য প্রহর্ষাত্ত্ব জানামি শুভদর্শনঃ।" ইত্যধিকম্। ৫। ছ '-দযুবং নিপাতিতঃ'। ৬। অতঃ পরং ছ-ত-পুস্তকয়োঃ "দর্শনীয়ো মহাবাহুর্বালিপুত্রঃ কৃতশ্রমঃ।" ইত্যধিকম্। ৭। দ 'হৃষ্টপাকৃত-', ঘ-ঝ 'যদিহাকৃত-'। ৮। থ '-পমুপাক্র-'।

পিতৃপৈতামহৈশ্চৈব[১] পূর্ব্বকৈরভিরক্ষিতম্[২]।
ন মে মধুবনং হন্যাদদৃষ্ট্বা কপিকুঞ্জরঃ।
কৌশল্যা সুপ্রজা রাম সমাশ্বসিহি মা[৩] শুচঃ[৪] ॥ ৫ ॥
দৃষ্টা[৫] সীতা ন সন্দেহো ন চান্যেন[৬] হনূমতঃ।
নান্যোঽস্য[৭] কর্ম্মণো হেতুঃ সাধনে তদ্বিধো ভবেৎ ॥ ৬ ॥
তথা[৮] হি দর্পিতোদগ্রাঃ সাঙ্গদাঃ কাননৌকসঃ।
নৈষামকৃতকার্য্যাণামীদৃশঃ স্যাদুপক্রমঃ ॥ ৭ ॥
বনভঙ্গেন জানামি মধুনো[৯] ভক্ষণেন চ।
দৃষ্টা হ্যেতে হি হরয়ো[১০] জানকীং ধ্রুবমেব চ[১১] ॥ ৮ ॥

৬। লো-টী। তদ্বিধোঽন্যো বানরঃ অস্য কর্ম্মণো হেতুর্ন ভবেৎ।
৭। লো-টী। দর্পিতো জাতদর্পঃ উদগ্রো মহান্ দর্পোৎসাহো যেষাং তে। উপক্রম আরম্ভঃ।
৮। লো-টী। 'দৃষ্টা' ইতি আর্ষং পদম্।

বানরপুঙ্গব (অঙ্গদ) সীতাকে না দেখিয়া পূর্ব্ববর্ত্তী পিতা-পিতামহগণকর্ত্তৃক সুরক্ষিত আমার মধুবন বিনষ্ট করিতে পারে না; হে রাম, কৌশল্যা সুসন্তানবতী, আপনি আশ্বস্ত হউন, শোক করিবেন না ॥ ৫ ॥

[ইহারা] সীতাকে দেখিয়াছে এবিষয়ে সন্দেহ নাই, তাহাও হনূমান্ ব্যতিরেকে অন্য কেহ নয়, কারণ, অন্য কোন বানর এতাদৃশ কার্য্য-সাধনে তাদৃশ সমর্থ নয় ॥ ৬ ॥

দেখা যাইতেছে—অঙ্গদের সহিত বানরগণ অত্যন্ত গর্ব্বিত ও যুদ্ধোন্মত্ত হইয়াছে, ইহারা সীতাদর্শনরূপ কার্য্য সম্পাদন না করিলে এরূপ আরম্ভ করিত না ॥ ৭ ॥

বনভঙ্গ এবং মধু-ভক্ষণের দ্বারা বুঝিতে পারিতেছি যে, ইহারা নিশ্চয়ই জনকনন্দিনী সীতাকে দেখিয়াছে ॥ ৮ ॥

১। ঙ-ঞ '-মহৈশ্চৈব'। ২। খ-ঙ '-রপি'। ৩। খ 'মধুরঃ'। ৪। ক 'শুচ'। ৫। ছ-ঝ-থ-দ 'নহি'। ৬। গ-ছ '-মতা'। ৭। ঘ-থ-দ 'নাশুক্ত'। ৮। থ 'তথা হ্যনগ্রা দৃশ্যন্তে', দ 'তথাপি'। ৯। ক 'মধুনাং'। ১০। ছ-থ 'হরিবরাঃ'। ১১। ছ-ঙ-থ '-মাগতাঃ'

হনূমতি হি সিদ্ধিশ্চ মতিশ্চ রঘুনন্দন।
ব্যবসায়শ্চ শৌর্য্যঞ্চ সূর্য্যতেজ ইব ধ্রুবম্ ॥ ৯ ॥

জাম্ববান্ যত্র নেতাভূদঙ্গদশ্চ বলেশ্বরঃ।[২]
হনূমানপ্যধিষ্ঠাতা ন তত্র গতিরন্যথা ॥ ১০ ॥

[৩]নৈবং চিন্তয়িতুং যুক্তং সংপ্রত্যমিতবিক্রম।
সর্ব্বথা খলু বৈদেহী লক্ষিতা নাত্র সংশয়ঃ ॥ ১১ ॥

[৪]ততঃ কিলকিলাশব্দং শুশ্রাব স তদাম্বরে।[৫]
হনূমৎকর্ম্মহৃষ্টানাং[৬] নদতাং কাননৌকসাম্।
কিষ্কিন্ধ্যামুপযাতানাং সিদ্ধিং কথয়তামিব ॥ ১২ ॥

৯। লো-টী। হনূমতি সিদ্ধিঃ কার্য্যসম্পত্তিঃ, মতিঃ কার্য্যসিদ্ধাবিচ্ছা, ব্যবসায়ো জ্ঞানং শৌর্য্যং চ ধ্রুবং নিশ্চিতম্।

১০। লো-টী। গতিশ্চেষ্টা অন্যথা ন ভবতি।

হে রঘুনন্দন, হনূমানের উপরই কার্য্যের সিদ্ধি এবং সূর্য্যের তেজের ন্যায় (উজ্জ্বল) জ্ঞান ও বীরত্ব নির্ভর করিতেছে, ইহা সুনিশ্চিত ॥ ৯ ॥

যেখানে জাম্ববান্ নেতা এবং অঙ্গদ সেনাপতি ও হনূমান্ অধ্যক্ষ, সেখানে চেষ্টা বৃথা হইবে না ॥ ১০ ॥

হে মহাবীর, আপনার এরূপ চিন্তা করা উচিত নহে, [ইহারা] নিশ্চয়ই বিদেহ-রাজনন্দিনী সীতাকে দেখিয়াছে, এবিষয়ে সন্দেহ নাই ॥ ১১ ॥

তারপর, কিষ্কিন্ধ্যাগামীদের কার্য্যসিদ্ধির কথা যেন বলিয়া দিতেছে—এইরূপ হনূমানের কার্য্যে আনন্দিত কোলাহলকারী বানরদিগের 'কিল্ কিল্' এইরূপ শব্দ তিনি তখন আকাশমার্গে শ্রবণ করিলেন ॥ ১২ ॥

১। ঘ-প '-মত্যাস্ত সি-'। ২। ঘ '-দো বানরেশ্বরঃ'। ৩। ছ-প 'নেব', ঘ-ত 'নৈবং নির্ণয়িতুং'। ৪। ক 'অতঃ'। ৫। ঘ '-ম্বরাৎ'। ৬। ঘ 'ঘনভাক বনৌকসাম্'।

ততঃ শ্রুত্বা কপীনাং[১] তং নিনদং[২] কপিসত্তমঃ।
আয়তাঞ্চিতলাঙ্গুলঃ সোঽভবদ্ধৃষ্টমানসঃ ॥ ১৩ ॥
আজগ্মু[৩]স্তেঽপি হরয়ো রামদর্শনকাঙ্ক্ষিণঃ।
অঙ্গদং পুরতঃ কৃত্বা হনূমন্তঞ্চ বানরম্ ॥ ১৪ ॥
তেঽঙ্গদপ্রমুখাঃ সর্ব্বে সংপ্রহৃষ্ট[৪]মুখাস্তদা।
নিপেতু[৫]র্হরিরাজস্য পাদয়ো রাঘবস্য চ ॥ ১৫ ॥
হনূমাংশ্চ মহাবাহুঃ প্রণম্য শিরসা ততঃ[৬]।
অভ্যবাদয়ত প্রহ্বো[৭] রামং কমললোচনম্[৮] ॥ ১৬ ॥
নিশ্চিতার্থস্ততস্তস্মিন্ সুগ্রীবঃ পবনাত্মজে[৯]।
লক্ষ্মণশ্চ পরং হৃষ্টো[১০] হনূমন্তমবৈক্ষত ॥ ১৭ ॥

১৩। লো-টী। আয়তং দীর্ঘমঞ্চিতং পূজিতং চক্রীকৃতং বা লাঙ্গুলং যেন সঃ।
১৬। লো-টী। প্রহ্বো বিনীতঃ।
১৭। লো-টী। নিশ্চিতোঽর্থো যেন সঃ।

…সুগ্রীববাক্যম্ ॥ ৬৬ ॥

অনন্তর কপিরাজ বানরদিগের আগমন-ধ্বনি শ্রবণ করিয়া প্রকাণ্ড লাঙ্গুল সঞ্চালিত করত আনন্দিত হইলেন ॥ ১৩ ॥

অঙ্গদ এবং হনূমান্‌কে অগ্রে করিয়া রাম-দর্শনাভিলাষী সেই বানরগণ আসিয়া উপস্থিত হইলেন ॥ ১৪ ॥

অঙ্গদপ্রমুখ সেই সকল বানর প্রসন্নমুখে বানররাজ সুগ্রীব এবং রামচন্দ্রের চরণে নিপতিত হইলেন ॥ ১৫ ॥

তারপর মহাবাহু হনূমান্ মস্তকদ্বারা প্রণাম করিয়া বিনীতভাবে রাম এবং লক্ষ্মণকে অভিবাদন করিলেন ॥ ১৬ ॥

১। ছ-গ '-নান্তু', ঘ 'নাঞ্চ'। ২। গ '-কুঞ্জরঃ'। ৩। ঙ 'চ'। ৪। খ-গ '-তনূরুহাঃ'। ৫। ছ '-তুঃ কপি-'। ৬। ঘ 'তদা'। ৭। ঘ 'প্রাজ্ঞো'। ৮। অতঃ পরং ছ-পুস্তকে 'নিয়তামক্ষতাং দেবীং রাঘবায় ন্যবেদয়ৎ।' ইত্যধিকম্। ৯। ঘ 'মারুতাত্মজে'। ১০। খ-গ 'প্রীতো'।

প্রীত্যা পরময়া যুক্তো রামশ্চ পরবীরহা।

বহুমানেন মহতা হনূমন্তমবৈক্ষত ॥ ১৮ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে সুগ্রীববাক্যং

নাম ষট্‌ষষ্টিতমঃ সর্গঃ ॥ ৬৬ ॥

অনন্তর সুগ্রীব এবং লক্ষ্মণ পবননন্দন হনূমানের নিকট সীতার সংবাদ অবগত হইবেন নিশ্চয় করিয়া হৃষ্টান্তঃকরণে তাহাকে দেখিতে লাগিলেন ॥ ১৭ ॥

শত্রুহন্তা রামও পরম প্রীতি সহকারে সম্মান-পুরঃসর হনূমান্‌কে অবলোকন করিতে লাগিলেন ॥ ১৮ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে সুগ্রীববাক্যনামক

৬৬ম সর্গ সমাপ্ত ॥ ৬৬ ॥

(৬৭) সপ্তষষ্টিতমঃ সর্গঃ

তে তু প্রস্রবণং[১] শৈলমাগত্য[২] হরিযূথপাঃ।
প্রণম্য শিরসা রামং লক্ষ্মণঞ্চ মহারথম্[৩] ॥ ১ ॥

যুবরাজং পুরস্কৃত্য সুগ্রীবমভিবাদ্য চ।
প্রবৃত্তিমথ সীতায়া আখ্যাতুমুপচক্রমুঃ[৪] ॥ ২ ॥

রাবণান্তঃপুরে রোধং রাক্ষসীভিশ্চ তর্জ্জনম্[৫]।
অনুরাগঞ্চ বৈদেহ্যা[৬] যশ্চাপি সময়ঃ কৃতঃ ॥ ৩ ॥

তদাচচক্ষিরে সর্ব্বং[৭] বানরা রামসন্নিধৌ[৮]।
বৈদেহীমক্ষতাং রামঃ শ্রুত্বা চোত্তরমব্রবীৎ[৯] ॥ ৪ ॥

১। লো-টী। প্রস্রবণং প্রস্রবণনামানং শৈলম্।

৩। লো-টী। রোধমাবরণম্। অনুরাগং রামে।

৪। লো-টী। অক্ষতাং রাক্ষসীভির্হিংসিতাম্ (?)। 'অক্ষতং ন দ্বয়োঃ পণ্ডে লাজেষু ত্রিষু [ত্রিষ- ?] হিংসিতে' ইতি কোষঃ।

সেই বানরদলাধ্যক্ষগণ প্রস্রবণনামক পর্ব্বতে আগমনপূর্ব্বক মহারথ রাম এবং লক্ষ্মণকে অবনতমস্তকে প্রণাম করিয়া এবং যুবরাজ অঙ্গদকে অগ্রে করত সুগ্রীবকেও অভিবাদন করিয়া সীতার বৃত্তান্ত বলিতে আরম্ভ করিলেন ॥ ১-২ ॥

বিদেহ-রাজনন্দিনী সীতার রাবণের অন্তঃপুরে অবরোধ, রাক্ষসীগণকর্তৃক ভৎর্সনা, রামের প্রতি অনুরাগ এবং একমাস পরে প্রাণত্যাগের সংকল্প, এই সমস্ত, বানরগণ রামচন্দ্রের নিকটে বলিলেন। বিদেহ-রাজনন্দিনী সীতা অক্ষত আছেন শুনিয়া রাম উত্তর করিলেন— ॥ ৩-৪ ॥

১। ঙ '-মাসাদ্য'। ২। ক '-পুঙ্গবাঃ'। ৩। খ-গ 'মহাবলম্'। ৪। ঙ 'ব্যাখ্যাতু-'। ৫। ঘ 'গর্জ্জনম্'। ৬। ছ 'সীতায়া'। ৭। ক 'সর্ব্বে'। ৮। খ-ছ 'রাজ-'। ৯। ছ 'বচন-'।

ক সীতা বর্ত্ততে দেবী কথঞ্চ ময়ি বর্ত্ততে।
এতন্মে সর্ব্বমাখ্যাত[1] বৈদেহীং প্রতি বানরাঃ ॥ ৫ ॥
রামস্য বচনং শ্রুত্বা হরয়ো রামসন্নিধৌ।
অচোদয়ন্ হনূমন্তং সীতাবৃত্তান্তকোবিদম্[2] ॥ ৬ ॥
শ্রুত্বা[3] তু বচনং তেষাং হনূমান্ মারুতাত্মজঃ।
উবাচ বাক্যং বাক্যজ্ঞঃ সীতায়া দর্শনং প্রতি[4] ॥ ৭ ॥
সমুদ্রং লঙ্ঘয়িত্বাহং শতযোজনমায়তম্[5]।
অগচ্ছং জানকীং সীতাং মার্গমাণো বিহায়সা ॥ ৮ ॥
লঙ্কা নাম পুরী তত্র[6] রাবণস্য দুরাত্মনঃ।
দক্ষিণস্য সমুদ্রস্য তীরে বসতি দক্ষিণে ॥ ৯ ॥

৭। লো-টী। দর্শনং যথাভূৎ তথা উবাচ।

বানরগণ, বিদেহ রাজনন্দিনী সীতাদেবী [রাবণের অন্তঃপুরমধ্যে] কোথায় অবস্থান করিতেছেন? এবং আমার প্রতি তাঁহার মনোভাব কিরূপ? তাঁহার সম্বন্ধে এই সমস্ত বৃত্তান্ত আমার নিকট বল ॥ ৫ ॥

রামের বাক্য শ্রবণ করিয়া বানরগণ সীতা-বৃত্তান্তাভিজ্ঞ হনূমান্‌কে [সীতার বৃত্তান্ত বলিবার জন্য] রামের নিকট প্রেরণ করিলেন ॥ ৬ ॥

বাক্‌পটু পবননন্দন হনূমান্ তাঁহাদের বাক্য শ্রবণ করিয়া সীতাকে যেরূপ দেখিয়াছেন, তাহা বলিতে লাগিলেন— ॥ ৭ ॥

আমি শতযোজন-বিস্তৃত সমুদ্র উল্লঙ্ঘন করিয়া আকাশপথে অন্বেষণ করিতে করিতে জনকনন্দিনী সীতার নিকটে গিয়াছিলাম ॥ ৮ ॥

সেখানে, দক্ষিণ-সমুদ্রের দক্ষিণ তীরে দুরাত্মা রাবণের লঙ্কানামক নগরী বর্ত্তমান আছে ॥ ৯ ॥

১। ঘ ঙ '-তং'। ২। খ '-বেদিনম্'। ৩। ঘ-ছ 'তদ্বচনং'। ৪। ছ-ঙ-দ 'যথা', খ 'তথা'।
৫। ঘ '-বিস্তৃতম্'। ৬। ছ 'যত্র'।

তত্র সীতা ময়া দৃষ্টা রাবণান্তঃপুরে সতী।
সংন্যস্য ত্বয়ি ভদ্রন্তে প্রাণান্ রাম [১]মনোরথৈঃ ॥ ১০ ॥
দৃষ্টা মে রাক্ষসীমধ্যে তর্জ্জ্যমানা পুনঃ পুনঃ।
রাক্ষসীভির্বিরূপাভী রক্ষিতা প্রমদাবনে ॥ ১১ ॥
দুঃখমাস্তে ভৃশং সীতা নিত্যং দেবী [২]সুখোচিতা।
রাবণান্তঃপুরে রুদ্ধা [৩]রাক্ষসীভিঃ সুরক্ষিতা ॥ ১২ ॥
একবেণীধরা দীনা ত্বচ্চিন্তা ত্বৎপরায়ণা।
অধঃশয্যা বিবর্ণাঙ্গী পদ্মিনীব হিমাগমে ॥ ১৩ ॥
রাবণাদ্বিনি[৪]বৃত্তাত্মা মর্ত্তব্যে কৃতনিশ্চয়া।
কথঞ্চিদেব কাকুৎস্থ [৫]তত্র [৬]সাসাদিতা ময়া ॥ ১৪ ॥

১০। লো-টী। মন এব রথাঃ, তৈর্মনোরথৈঃ, ত্বয়ি প্রাণান্ সন্ন্যস্য সতী বর্ত্তমানা।
১৩। লো-টী। পদ্মিনী পদ্মসংঘাত ইব।

সেই লঙ্কায় রাবণের অন্তঃপুরে সীতাকে আমি দেখিয়াছি। রামচন্দ্র! তিনি মনে মনে আপনাতে প্রাণ সমর্পিত করিয়া অবস্থান করিতেছেন, আপনার মঙ্গল হউক ॥ ১০ ॥

আমি রাক্ষসীগণ-মধ্যে, কুৎসিত-রাক্ষসীগণ-পরিবেষ্টিতা এবং তৎকর্ত্তৃক পুনঃ পুনঃ নিন্দিতা সীতাকে প্রমোদ-কাননে দেখিয়াছি ॥ ১১ ॥

সুখে থাকিবার উপযুক্তা সীতাদেবী রাক্ষসীগণে সুরক্ষিতা হইয়া রাবণের অন্তঃপুরে আবদ্ধা থাকায় সর্ব্বদা অত্যন্ত দুঃখ অনুভব করিতেছেন ॥ ১২ ॥

দুঃখিতা সেই সীতা সর্ব্বদা একটীমাত্র বেণী ধারণ করেন, তিনি আপনার চিন্তায় রত ও আপনিই তাঁহার একমাত্র আশ্রয়। তিনি ভূতলে শয়ন করেন এবং শীত ঋতুতে পদ্মিনীর ন্যায় তাঁহার অঙ্গসমূহ অতিশয় বিবর্ণ ॥ ১৩ ॥

হে কাকুৎস্থ, আমি সেখানে কোনরূপে (অতিকষ্টে) তাঁহার নিকট উপস্থিত হইয়াছিলাম। তাঁহার আত্মা রাবণের প্রতি পরাঙ্মুখ, তিনি মৃত্যুর জন্য কৃতনিশ্চয়া ॥ ১৪ ॥

১। খ '-রথৈ'। ২। ব-খ 'সুখোসিতা'। ৩। ঘ '-ভিঃ রক্ষিতা'। ৪। ক '-বৃত্তার্থা'। ৫। ছ 'সা ত্বয়াসাদিতা'। ৬। ঘ-খ 'সমাসিতা'।

ইক্ষ্বাকুবংশবিখ্যাতিং শনৈঃ কীর্ত্তয়[1]তা[2] তদা।
সা[3] ময়া রঘুশার্দ্দূল বিশ্বাসমুপপাদিতা ॥ ১৫ ॥
ততঃ সংভাষিতা দেবী[4] সর্ব্বমর্থঞ্চ[5] শ্রাবিতা।
রামসুগ্রীবসখ্যঞ্চ শ্রুত্বা[6] প্রীতিমুপাগমৎ[7] ॥ ১৬ ॥
বিনয়ঃ[8] সমুদাচারো ভক্তিস্তস্যাস্তথা[9] ত্বয়ি।
যন্ন হন্তি দশগ্রীবং সুমহাত্মা[10] স রাক্ষসঃ[11] ॥ ১৭ ॥
এবং ময়া মহাভাগা দৃষ্টা জনকনন্দিনী।
উগ্রেণ তপসা যুক্তা ত্বদ্‌ভক্তা পুরুষর্ষভ ॥ ১৮ ॥

১৫। গো-টী। সাময়া যোগিণা। 'সামর্ষা' ইতি পাঠে রাবণং প্রতি ক্রুদ্ধা। অভিপালিতা প্রাপিতা। 'প্রতিপাদিতা' ইতি বা পাঠঃ।

১৭। গো-টী। বিনয়াদিকং যদ্ যস্মাদ্ দশগ্রীবং ন হন্তি, অত এবং মন্যে স রাক্ষসঃ সুষ্ঠু মহান্ আত্মা মরণাভাবে যত্নো যস্য তাদৃশঃ।

হে রঘুশ্রেষ্ঠ রাম, আমি তখন ইক্ষ্বাকুবংশের যশঃ পুনঃ পুনঃ কীর্ত্তন করিয়া তাঁহার বিশ্বাস উৎপাদন করিলাম ॥ ১৫ ॥

তাহার পর সীতাদেবীর সহিত আলাপ করিয়া সমস্ত বিষয় তাঁহাকে শুনাইলাম, তিনি রামচন্দ্রের সহিত সুগ্রীবের বন্ধুত্বের কথা শ্রবণ করিয়া প্রীতি লাভ করিলেন ॥ ১৬ ॥

যেহেতু সীতার বিনয়, সদাচার, আপনার প্রতি ভক্তি—এই সমস্ত রাবণকে ধ্বংস করিতেছে না, অতএব [মনে হয়] সেই রাক্ষসের মহিমা অসাধারণ ॥ ১৭ ॥

হে পুরুষসিংহ, আমি মহাভাগা জনকনন্দিনী সীতাকে উৎকট তপস্যায় রতা এবং আপনার প্রতি অতিশয় ভক্তিমতী দেখিয়াছি ॥ ১৮ ॥

১। দ 'কথয়তা'। ২। ক 'ময়া'। ৩। ধ 'কথাঃদেব কাকুৎস্থ বিশ্বাসমুপপাদিতা'। ৪। 'দেবী'। ৫। ড '-ত্বম্'। ৬। ঘ 'প্রীততরাভবৎ'। ৭। দ '-গতা'। ৮। ঘ-থ 'নিকদ্ধঃ'। ৯। ড-থ ভক্তৃভাক্তস্তথা'। ১০। ছ 'তন্মহাত্মা'। ১১। ক '-সম্'।

তং মণিং দিব্যরূপঞ্চ দীপ্যমানং স্বতেজসা।
দত্ত্বা রামায় হনুমাংস্ততঃ প্রাঞ্জলিরব্রবীৎ ॥ ১৯ ॥
তাসামন্তরমাসাদ্য রাক্ষসীনাং বরাঙ্গনা[১]।
অব্রবীন্মাং[২] ততঃ সীতা শোকবাষ্পপরিপ্লুতা[৩] ॥ ২০ ॥
বক্তব্যস্তে[৪] নরব্যাঘ্রো রামঃ সত্যপরাক্রমঃ।
নিখিলেনেহ যদ্দৃষ্টং রাক্ষসীনাঞ্চ যচ্চ তম্ ॥ ২১ ॥
তর্জ্জিতং[৫] রাক্ষসেন্দ্রস্য গর্জ্জিতং[৬] ভীষণস্তথা।
দ্বৌ মাসৌ জীবিতব্যং মে স চাপি সময়ঃ কৃতঃ ॥ ২২ ॥
অয়ং তস্মৈ প্রদাতব্যো যত্নাৎ সুপরিপালিতঃ[৭]।
স চ মদ্বচনাদ্ বাচ্যঃ সুগ্রীবস্যৈব শৃণ্বতঃ[৮] ॥ ২৩ ॥

২০। লো-টী। অন্তরম্ অবসরম্
২৩। লো-টী। সুগ্রীবস্য উপশৃণ্বতঃ সমক্ষমিত্যর্থঃ।

হনুমান্ অতিশয় সুন্দর এবং স্বীয় প্রভায় প্রদীপ্ত সেই মণি রামের হস্তে অর্পণ করিয়া কৃতাঞ্জলিপুটে বলিতে লাগিলেন— ॥ ১৯ ॥

"অনিন্দ্যসুন্দরী সীতা সেই রাক্ষসীদের মধ্যে বাস করিয়া শোকে মুহ্যমান হইয়া অশ্রুপূর্ণনেত্রে আমাকে বলিলেন— ॥ ২০ ॥

তুমি এই স্থানে যাহা দেখিলে এবং রাক্ষসীদের নিকট যাহা শুনিলে— রাক্ষসরাজ রাবণের ভীষণ তর্জ্জন-গর্জ্জন এবং আর দু'মাস মাত্র আমার জীবনের সময়-নির্দ্দেশরূপ সেই প্রতিজ্ঞা, এই সমস্ত পুরুষসিংহ সত্যপরাক্রম রামচন্দ্রের নিকট সমগ্রভাবে বলিবে ॥ ২১-২২ ॥

অতিযত্নে সুরক্ষিত এই মণি তাঁহাকে প্রদান করিবে এবং সুগ্রীবের সমক্ষে আমার কথানুসারে তাঁহাকে বলিবে— ॥ ২৩ ॥

১। ঘ-ঙ '-ননা'। ২। ঘ-ছ 'তদা'। ৩। ঘ '-তাপ-'। ৪। ঘ '-মো ভাব-'। ৫। ঘ 'গর্জ্জিতং'। ৬। ঘ 'তর্জ্জনং'। ৭। ছ-ঘ '-রক্ষিতঃ'। ৮। ছ-ঙ '-স্তোপশৃণ্বতঃ'।

এষ চূড়ামণির্দ্দিব্যো ময়া [1]সুপরিরক্ষিতঃ।
[2]তব নির্যাতিতঃ সৌম্য যেনাহং জীবিতা বিভো।
মনঃশিলায়াস্তিলকং [3]তং স্মরস্বেতি চাব্রবীৎ ॥ ২৪ ॥
[4]বিজ্ঞাপ্যঃ স নরব্যাঘ্রো যত্নাদ্ বায়ুসুত ত্বয়া।
অখিলে[5]নেহ যদ্দৃষ্টমিতি [6]মামাহ [7]জানকী ॥ ২৫ ॥
এষ নির্যাতিতঃ শ্রীমান্ ময়া তে বারিসম্ভবঃ।
মণির্জ্জনকরাজস্য দুহিত্রা [8]প্রেষিতো[9]ঽনঘ ॥ ২৬ ॥
এনং দৃষ্ট্বা প্রহৃষ্যামি ব্যসনে[10]ঽপীহ চানঘ।
জীবিতং ধারয়িষ্যামি মাসং দশরথাত্মজ।
মাসাদূর্দ্ধং ন জীবেয়ং রাক্ষসীবশমাগতা ॥ ২৭ ॥

২৪। লো-টী। বচনমেবাহ দ্বাভ্যাম্—'এষ' ইতি। হে সৌম্য, হে বিভো, শ্রীরাম! যেন মণিনা জীবিতা জীবামি।

২৭। লো-টী। পুনরপি সীতাবচনম্ 'এন'মিতি সার্দ্ধেন।

'প্রভু, এই উৎকৃষ্ট চূড়ামণি আমি অতিযত্নে রক্ষা করিয়াছি; আপনার বিরহে ইহার সাহায্যে এপর্য্যন্ত জীবনধারণ করিয়াছি'। 'মনঃশিলার সেই তিলক স্মরণ করুন,' ইহাও তিনি বলিয়াছেন ॥ ২৪ ॥

জনকনন্দিনী সীতা আমাকে বলিয়াছেন—'পবননন্দন হনূমন্! তুমি এখানে যাহা দেখিলে তৎ-সমস্ত সেই পুরুষব্যাঘ্র রামচন্দ্রকে যত্ন-সহকারে নিবেদন করিবে' ॥ ২৫ ॥

হে অনঘ, জনকরাজনন্দিনী সীতাকর্তৃক প্রেরিত জল [অর্থাৎ সমুদ্র] হইতে উৎপন্ন অতি সুন্দর এই মণি আমি আপনার নিকট প্রত্যর্পণ করিতেছি ॥ ২৬ ॥

[সীতা বলিয়াছেন] 'হে দাশরথে, এই বিপদেও আমি এই মণি দেখিয়া আনন্দিত হইয়াছি। আমি আর এক মাস মাত্র জীবন ধারণ করিব। রাক্ষসীগণের অধীন হইয়া ইহার অধিক আর প্রাণ রাখিব না' ॥ ২৭ ॥

১। দ 'গুপ্তোঽর্হভ-'। ২। ত-দ-পুস্তকয়োরিদমর্দ্ধং নাস্তি। ৩। ত 'সংস্মরন্তীতি সা-', দ 'স্মরন্তী সাত্র চাব্র-'। ৪। ত-দ '-প্যশ্চ'। ৫। ত '-নোত'। ৬। খ-থ 'মৈথিলী'। ৭। অতঃ পরং ত-পুস্তকে 'তব নির্যাতিতঃ সৌম্য যেনাহং জীবিতা প্রভো'। ইত্যধিকম্। ৮। ছ 'মহ্যা'। ৯। অতঃ পরং ছ-পুস্তকে 'এনং দৃষ্ট্বা প্রহৃষ্যামি ব্যসনে পীড়িতানঘ।' ইত্যধিকম্। ১০। ত 'পীড়িতানন'।

ভূয়শ্চেদমভিজ্ঞানং বৈদেহ্যাঃ শৃণু রাঘব।
উত্তরে[1] চিত্রকূটস্য বৃত্তং পাদে মনোরমে ॥ ২৮ ॥

বাধমানস্য[2] বৈদেহ্যাং[3] মাংসার্থে বায়সস্য[4] তু।
ক্ষিপ্তামিষীকাং কাকস্য তস্যার্থে দুষ্টকর্ম্মণঃ ॥ ২৯ ॥

ঐষীকমস্ত্রমপি তৎ কাকার্থে সন্নিপাতিতম্[5]।
জহি পাপমিমং[6] রক্ষঃক্রূরং দারাপহারিণম্[7] ॥ ৩০ ॥

ইতি মামব্রবীৎ[8] সীতা ধর্ম্মজ্ঞা ধর্ম্মচারিণী।
রাবণান্তঃপুরে রুদ্ধা মৃগীবোৎফুল্ললোচনা ॥ ৩১ ॥

এতত্তে সর্ব্বমাখ্যাতং ময়া রাঘব তত্ত্বতঃ।
সর্ব্বথা সাগরজলে সন্তারং প্রবিচিন্তয়[9] ॥ ৩২ ॥

২৯। গো-টী। রোদমানস্য কপটেন দুঃখং জনয়ত ইতি সকাক্তঃ। 'রোরুদানস্যে'তি পাঠে বৈদেহ্যাং বৈদেহ্যাঃ সকাশং পুনঃ পুনরাগতঃ বায়সস্য বয়ো যৌবনং তদ্বিশিষ্টস্য কাকস্য ক্ষিপ্তামিষীকাং শৃণ্বিতি পূর্ব্বেণান্বয়ঃ।

৩০। গো-টী। 'দারাপহারিণ'মিতি পুংস্ত্বমার্ষম্। রক্ষসাং মধ্যে ক্রূরং বা।

রামচন্দ্র, বিদেহ-রাজনন্দিনী সীতার আরও স্মারক (কথা), যাহা চিত্রকূট-পর্ব্বতের প্রান্তবর্ত্তী মনোহর উত্তর-পর্ব্বতে ঘটিয়াছিল, শ্রবণ করুন ॥ ২৮ ॥

বিদেহ-রাজনন্দিনী সীতার পীড়া-উৎপাদক মাংসাভিলাষী দুষ্কার্য্যকারী সেই কাকের উদ্দেশ্যে ক্ষিপ্ত ইষীকা অস্ত্রের কথা স্মরণ করুন ॥ ২৯ ॥

'সেই কাকের জন্য ঐষীক অস্ত্রও প্রয়োগ করিয়াছিলেন। এই দারাপহারী ক্রূর পাপিষ্ঠ রাক্ষসকে বধ করুন' ॥ ৩০ ॥

রাবণের অন্তঃপুরে অবরুদ্ধা ধর্ম্মজ্ঞা ধর্ম্মচারিণী এবং হরিণীর ন্যায় চঞ্চল-নয়না সীতা এইরূপ আমাকে বলিয়াছেন ॥ ৩১ ॥

হে রাঘব, আমি আপনার নিকট সমস্ত বৃত্তান্ত যথার্থভাবে বর্ণনা করিলাম, [এক্ষণে] সমুদ্রজলে সন্তরণের সর্ব্বপ্রকার উপায় চিন্তা করুন ॥ ৩২ ॥

১। ঙ-দ '-পাদমনো-', গ '-পাদপসঙ্কুলে'। ২। ক 'রোচমানস্য', ও 'বোধমানস্য', গ 'রটমানস্য'। ৩। চ 'বৈদেহী'। ৪। খ 'রাঘবস্য চ'। ৫। খ 'বিনিপা-'। ৬। ছ ঙ '-মিদং'। ৭। ঘ-ধ 'হাত্মাপ-'। ৮। চ 'ত্বাম-'। ৯। দ 'প্রতিচি-'।

উপায়ো দৃশ্যতাং কশ্চিদ্ যথা নদনদীপতিম্।

ন চিরেণ ভবান্ ঘোরং সসৈন্যঃ সাগরস্তরেৎ ॥ ৩৩ ॥

[1]বার্ত্তাং শ্রুত্বা রাজপুত্রৌ প্রহৃষ্টৌ দৃষ্ট্বা সিদ্ধিং বানরেন্দ্রশ্চ রাজা।

[2]গাত্রাশ্লেষং লক্ষ্মণশ্চা[3]মিতাত্মা কৃত্বা দৃষ্ট্বা[4] বায়ুপুত্রং শশংসুঃ[5] ॥ ৩৪ ॥

জাতাশ্বাসৌ রাজপুত্রৌ বিদিত্বা তাঞ্চাভিজ্ঞাং[6] রাঘবায় প্রদায়।

[7]দেব্যাখ্যাতং সর্ব্বমেবানুপূর্ব্ব্যা তূষ্ণীমুক্ত্বা বায়ুপুত্রস্তদাভূৎ ॥ ৩৫ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে অভিজ্ঞানমণিসমর্পণং নাম সপ্তষষ্টিতমঃ সর্গঃ ॥ ৬৭ ॥

৩৩। লো-টী। দৃশ্যতে দৃশ্যতাম্। তদেব বা কচিৎ পাঠঃ। নচিরেণ শীঘ্রম্।

৩৪। লো-টী। সিদ্ধিং কার্য্যসিদ্ধিম্। নেত্রাশ্লেষং নেত্রৈর্হনূমদাশ্লেষণং কৃত্বা প্রসন্ননেত্রৈর্হনূমদবেক্ষণং কৃত্বা প্রশশংসুঃ। লক্ষ্মণঃ সশ্রীকো বানরেন্দ্রঃ। 'রামভ্রাতরি পুংসি স্যাৎ সশ্রীকেঽপ্যভিধেয়বৎ' ইতি কোষঃ।

...অভিজ্ঞানসমর্পণম্ ॥ ৬৭ ॥

আপনি কোন উপায় চিন্তা করুন, যাহাতে সসৈন্যে নদ-নদীপতি ভয়ঙ্কর সমুদ্র শীঘ্রই সন্তরণ করিতে পারেন ॥ ৩৩ ॥

[হনূমানের মুখে সীতার] বৃত্তান্ত শ্রবণ করিয়া রাজপুত্রদ্বয় আনন্দিত হইলেন, বানররাজ সুগ্রীবও কার্য্যসিদ্ধি দর্শন করিয়া আনন্দিত হইলেন এবং মহাত্মা লক্ষ্মণও পবননন্দন হনূমান্‌কে দেখিয়া আলিঙ্গন করিলেন এবং সকলে তাঁহার প্রশংসা করিতে লাগিলেন ॥ ৩৪ ॥

তখন হনূমান্ রাজপুত্রদ্বয় (রাম এবং লক্ষ্মণ)কে আশ্বস্ত হইতে দেখিয়া, রামচন্দ্রকে সেই স্মারক মণি প্রদান করিয়া এবং সীতাকর্তৃক উক্ত সমস্ত বৃত্তান্ত আনুপূর্ব্বিক বর্ণনা করিয়া চুপ করিয়া রহিলেন ॥ ৩৫ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে অভিজ্ঞানমণিসমর্পণ-নামক ৬৭ম সর্গ সমাপ্ত ॥ ৬৭ ॥

১। ক-পুস্তকে ইতঃ শ্লোকদ্বয়ং নাস্তি। ২। ত-দ 'নেত্রা-'। ৩। ত '-নে চামি-'। ৪। ত-থ 'হৃষ্টো'। ৫। থ-ত-দ 'শশংস'। ৬। ত-থ 'তচ্চাভিজ্ঞানং'। ৭। থ-ত-দ 'বেদা-'।

(৬৮) অষ্টষষ্টিতমঃ সর্গঃ

এবমুক্তো হনুমতা রামো[১] দশরথাত্মজঃ।
তং মণিং হৃদয়ে কৃত্বা[২] প্ররুরোদ সলক্ষ্মণঃ[৩] ॥ ১ ॥
নিরীক্ষ্য[৪] তং মণিশ্রেষ্ঠং[৫] রাঘবঃ শোককর্ষিতঃ[৬]।
নেত্রাভ্যাং বাষ্পপূর্ণাভ্যামিদং বচনমব্রবীৎ ॥ ২ ॥
যথৈব ধেনুঃ স্রবতি স্নেহাদ্ বৎসস্য বৎসলা।
এবং মে মণিরত্নস্য[৭] বৈদেহ্যা ইব দর্শনম্ ॥ ৩ ॥
[৮]মণিরত্নমিদং দত্তং বৈদেহ্যাঃ শ্বশুরেণ[৯] বৈ।
বধূকালে তদা বদ্ধমধিকং মূর্দ্ধ্যশোভত ॥ ৪ ॥

২-৩। লো-টী। নেত্রাভ্যামশ্রুপূর্ণাভ্যাং বিশিষ্টো রাঘবঃ। যদ্বা, নেত্রাভ্যামশ্রুপূর্ণাভ্যা-মিতি পরেণান্বয়ঃ। যথা ধেনুর্বৎসবিরহেণ পূর্ণাভ্যাং নেত্রাভ্যামশ্রু স্রবতি মুঞ্চতি এবং বৈদেহ্যা ইব মণিরত্নস্য বৈদেহীসদৃশস্য মণিরত্নস্য দর্শনং মে মম নেত্রাভ্যাং পূর্ণাভ্যাং সকলাভ্যাং সকাশাৎ অশ্রু স্রবতি পাতয়তীত্যর্থঃ। 'বারিপূর্ণাভ্যামি'তি পাঠঃ কচিৎ। 'অক্ষিণী বারি পূর্ণাভ্যা'মিতি সম্বন্ধসম্ভবঃ। যদ্বা, ধেনুর্যথা অশ্রু স্রবতি এবং বৈদেহীমণিরত্নবৎসলস্য মম দর্শনং নেত্রমশ্রু মুঞ্চতীত্যর্থঃ।

দশরথনন্দন রাম লক্ষ্মণের সহিত হনুমান্ কর্তৃক এইরূপ উক্ত হইয়া সেই মণি হৃদয়ে স্থাপন করিয়া আনন্দাশ্রু বর্ষণ করিতে লাগিলেন ॥ ১ ॥

শোকসন্তপ্ত রামচন্দ্র অশ্রুপূর্ণনেত্রে সেই শ্রেষ্ঠ মণি দর্শন করিয়া এই কথা বলিলেন— ॥ ২ ॥

স্নেহশীলা ধেনু যেরূপ বৎসদর্শনে স্নেহ-বশতঃ অশ্রু বিসর্জন করে, সেইরূপ বিদেহ-রাজনন্দিনী সীতাসদৃশ এই মণিরত্নদর্শনেও আমার নয়ন হইতে অশ্রু নির্গত হইতেছে ॥ ৩ ॥

আমার শ্বশুর (জনকরাজ) বিদেহরাজনন্দিনী সীতার বিবাহকালে এই মণিরত্ন দান করিয়াছিলেন, তখন উহা সীতার মস্তকে অতিশয় শোভা পাইত ॥ ৪ ॥

১। ক 'এবমুক্তা বচঃ'। ২। খ 'দৃষ্ট্বা'। ৩। খ '-হ স-'। ৪। খ-ছ 'চ'। ৫। খ '-বরং'। ৬। ছ-খ '-মূর্চ্ছিতঃ'। ৭। খ 'মৈথিল্যা'। ৮। খ-পুস্তকে অত আরভ্য ষট্‌শ্লোকাঃ নাস্তি। ৯। খ 'চ'

অয়ং হি জলসংভূতো মণিঃ পরমপূজিতঃ ।
রাজ্ঞে পরমতুষ্টেন [2] দত্তঃ শক্রেণ ধীমতা ॥ ৫ ॥

ইমং দৃষ্ট্বা মণিশ্রেষ্ঠং যথা তাতস্য দর্শনম্ ।
অত্যা[3]ভ্যুপগতঃ সৌম্য [4] বৈদেহ্যা ইব দর্শনম্ ॥ ৬ ॥

অয়ং মণিবরঃ কালং প্রিয়য়া ধারিতশ্চিরম্ ।
অস্যাস্য দর্শনেনাহং [5] দৃষ্টাং তামেব চিন্তয়ে ॥ ৭ ॥

[6] কিমাহ সীতা বৈদেহী ব্রূহি [7] সৌম্য পুনঃ পুনঃ ।
শোকাগ্নিনা দহ্যমানং সিঞ্চ মাং বাক্যবারিণা ॥ ৮ ॥

৬। লো টী। বৈদেহ্যা ইব বৈদেহ্যাঃ সদৃশস্য মণিবস্তুস্য দর্শনং যথোপগতঃ প্রাপ্তোঽস্মি, তথা ইমং মণিশ্রেষ্ঠং দৃষ্ট্বা তাতস্য দর্শনং প্রাপ্ত ইত্যন্বয়ঃ। যদ্বা, যথা তাতস্য দর্শনমুপগতঃ তথা বৈদেহ্যা ইবেতি বাক্যালঙ্কারে।

৭। লো-টী। চিরং কালং যথা ভবতি তথা ধারিতো ধৃত ইত্যর্থঃ। তাং দৃষ্টামিব চিন্তয়ে, 'দৃষ্টাং তামেবে'তি ক্বচিৎ পাঠঃ।

জল হইতে উৎপন্ন এই অত্যুৎকৃষ্ট মণি ধীমান্ দেবরাজ পরম সন্তুষ্ট হইয়া রাজা জনককে দান করিয়াছিলেন ॥ ৫ ॥

হে সৌম্য, এই শ্রেষ্ঠ মণি দর্শন করিয়া যেরূপ আমার শ্বশুরের দর্শন লাভ করিয়াছি বলিয়া মনে হয়, সেইরূপ সীতারও দর্শন লাভ করিয়াছি বলিয়া মনে হয় ॥ ৬ ॥

প্রিয়া সীতা বহুদিন যাবৎ এই শ্রেষ্ঠ মণি ধারণ করিয়াছেন, ইহার দর্শনে তাঁহাকেই দেখিয়াছি বলিয়া মনে হয় ॥ ৭ ॥

হে সৌম্য, বিদেহরাজনন্দিনী সীতা কি বলিয়াছেন, তাহা পুনঃ পুনঃ বল, শোকানলে দহ্যমান আমাকে বাক্যরূপ জলদ্বারা সিঞ্চন কর ॥ ৮ ॥

১। খ '-সুন্দরঃ'। ২। খ '-ও ইন্দ্রেণ'। ৩। খ-ছ 'অত্যাস্যু্পা-'। ৪। খ 'মৈথিল্যা'।
৫। ছ-ড-দ '-মিতি'। ৬। খ-পুস্তকে অতঃ প্রভৃতি দশমশ্লোকান্তং নাস্তি। ৭। খ 'মহাত্মকে'।

অতস্তু কিং দুঃখতরং[1] যদেনং বারিসম্ভবম্ ।
মণিং[2] পশ্যামি হনুমন্ বৈদেহীমাগতাং বিনা ॥ ৯ ॥
জীবিষ্যতি চিরং সীতা যদি[3] মাসং[4] ধরিষ্যতি ।
ক্ষণং সৌম্য ন জীবেয়ং বিনা তামিতি চিন্তয়ে ॥ ১০ ॥
নয় মাং তত্র[5] হনুমন্ যত্রাস্তে[6] সা মম প্রিয়া ।
মুহূর্ত্তং নাবতিষ্ঠেয়ং প্রবৃত্তিমুপলভ্য হি ॥ ১১ ॥
কথং সা মম সুশ্রোণী ভীরুরেকাকিনী[7] সতী ।
[8]ভয়াবহানাং ঘোরাণাং মধ্যে তিষ্ঠতি রক্ষসাম্ ॥ ১২ ॥

১০। লো-টী। ধরিষ্যতি প্রাণান্ ধারয়িষ্যতীত্যর্থঃ। তদা চিরং জীবিষ্যতি। উপৈষ্যতীতি পাঠে প্রত্যাসীতার্থঃ (?)। সৌম্য হে হনুমন্।

১১। লো-টী। নাবতিষ্ঠেয়মিত্যার্ষং পরস্মৈপদম্।

হে হনুমন্, বিদেহরাজনন্দিনী সীতাকে উপস্থিত না দেখিয়া যে এই জলজাত মণিরত্ন দেখিতেছি, ইহা হইতে কষ্টকর কি হইতে পারে? ॥ ৯ ॥

সীতা যদি আর একমাস প্রাণ ধারণ করিতে পারেন, তবে তিনি বহুকাল জীবিত থাকিবেন। কিন্তু, হে সৌম্য, সীতার বিরহে আমি ক্ষণকালও জীবন ধারণ করিতে সমর্থ নই—এইরূপ চিন্তা করিতেছি ॥ ১০ ॥

হে হনুমন্, যেখানে আমার সেই প্রিয়া সীতা অবস্থান করিতেছেন, আমাকে সেই স্থানে লইয়া চল, তাঁহার বৃত্তান্ত অবগত হইয়া আমি মুহূর্ত্তকাল [অন্যত্র] থাকিতে ইচ্ছা করি না ॥ ১১ ॥

আমার প্রিয়া ভয়াতুরা সেই সীতা কিরূপে ভয়ঙ্কর রাক্ষসগণমধ্যে বাস করিতেছেন? ॥ ১২ ॥

১। ছ-ঝ 'যদিদং'। ২। ক 'বস্ত্রাণি' (?)। ৩। গ 'মাং সমুপেক্ষ্যতি'। ৪। দ 'ধরিষ্যতি'। ৫। ছ 'হনুমংস্তত্র', খ 'চাপি হনুমন্ যত্র দৃষ্টা প্রিয়া কপে'। ৬। ঘ 'মম সা'। ৭। ঘ 'বধূঃ'। ৮। ড 'তথা বদ্ধা হ্যহো-'।

শারদস্তিমিরান্মুক্তো নূনং চন্দ্র ইবাম্বুদৈঃ।

আবৃতং[2] বদনং তস্যা ন বিরাজতি রাক্ষসৈঃ ॥ ১৩ ॥

কিমাহ সীতা হনুমংস্তত্ত্বতঃ কথয়স্ব মে[3]।

এতেন খলু জীবিষ্যে ভেষজেন যথাতুরঃ ॥ ১৪ ॥

মধুরং মধুরাভাষা কিমাহ মম সা প্রিয়া।

মদ্বিহীনা বরারোহা হনুমন্ কথয়স্ব মে ॥ ১৫ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে রামপরিদেবনং নাম অষ্টষষ্টিতমঃ সর্গঃ ॥ ৬৮ ॥

১৩। লো-টী। শারদশ্চন্দ্রঃ শরৎকালীনঃ, তিমিরাৎ কৃষ্ণাষ্টম্যাদিজাতান্মুক্তঃ, ততশ্চাম্বুদৈর্বিশিষ্টঃ।

১৪। লো-টী। এতেন সীতাসংবাদেন।

শ্রীরামপরিদেবনম্ ॥ ৬৮ ॥

অন্ধকারমুক্ত অথচ মেঘাবৃত শারদ শশীর ন্যায় রাক্ষসগণ-পরিবৃত সেই সীতার বদনমণ্ডল শোভা পাইতেছে না ॥ ১৩ ॥

হে হনূমন্, সীতা কি বলিয়াছেন তাহা সম্যক্ রূপে বল, ঔষধসেবনে রোগীর ন্যায় সীতার সংবাদশ্রবণে আমিও জীবন ধারণ করিতে পারিব ॥ ১৪ ॥

হে হনূমন্, মধুরভাষিণী আমার প্রিয়া সেই সীতা আমার বিরহে কি বলিয়াছেন, তাহা আমার নিকট বল ॥ ১৫ ॥

মহর্ষি বাল্মীকিপ্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে রামপরিদেবন নামক ৬৮ম সর্গ সমাপ্ত ॥ ৬৮ ॥

১। ছ 'সাম্র-'। ২। ঘ 'সংবৃতং'। ৩। ঘ-ণ 'মাম্'।

(৬৯) ঊনসপ্ততিতমঃ সর্গঃ

এবমুক্তস্তু রামেণ হনুমান্ বানরর্ষভঃ।[১]
পূর্ব্ববৃত্তমভিজ্ঞানং ভূয়ঃ সংপ্রত্যভাষত[২] ॥ ১ ॥
সুপ্তা কিল ত্বয়া সার্দ্ধং জানকী[৩] পুনরুত্থিতা।
অথাস্যা[৪] বায়সোঽভ্যেত্য বিদদার স্তনান্তরম্[৫] ॥ ২ ॥
দেব্যাস্ত্বমঙ্কে[৬] সুপ্তশ্চ নিদ্রামভিগতস্তদা।
পুনশ্চ কিল পক্ষী স দেব্যা অজনয়দ্ব্যথাম্[৭] ॥ ৩ ॥
উৎপত্যোৎপত্য সহসা বিদদার ভৃশং[৮] কিল।
ততস্ত্বং[৯] বুদ্ধবাংস্তত্র শোণিতেন সমুক্ষিতঃ[১০] ॥ ৪ ॥

৪। লো-টী। বুদ্ধবান্ জাগরিতবান্। সমুক্ষিতঃ সিক্তঃ।

রামচন্দ্র বানরশ্রেষ্ঠ হনুমান্‌কে এইরূপ বলিলে, হনুমান্ পুনরায় অভিজ্ঞান-সূচক পূর্ব্ববৃত্তান্ত বলিতে লাগিলেন— ॥ ১ ॥

[একদা] জনকনন্দিনী সীতা আপনার সহিত নিদ্রা যাইয়া পুনরায় উত্থিত হইলে, এক কাক আসিয়া তাঁহার স্তনমধ্যভাগ বিদীর্ণ করিল ॥ ২ ॥

আপনি তাঁহার ক্রোড়ে [মস্তক রাখিয়া] নিদ্রিত ছিলেন। সেই কাক পুনরায় তাঁহার পীড়া উৎপাদন করিতে লাগিল ॥ ৩ ॥

[সেই কাক সীতার স্তনোপরি] পুনঃ পুনঃ পতিত হইয়া সেই স্থান বিদীর্ণ করিল। তদনন্তর আপনি সেই রক্তে সিক্ত হইয়া জাগরিত হইলেন ॥ ৪ ॥

১। ঘ '-র্ষোত্তমঃ'। ২। চ 'সপ্রশ্রং'। ৩। ঘ 'মৈথিলী'। ৪। চ 'অথৈনাং', দ 'যদা-'। ৫। চ '-রে'। ৬। দ '-মঙ্কে'। ৭। ঘ 'ব্যজন-'। ৮। চ-ট-দ 'স্তনান্তরম্'। ৯। ক '-স্তু', খ-ঘ 'অভূস্তং বুদ্ধবাংস্তত্র'। ১০। খ-ঙ-ত-দ '-ক্ষিতাম্'।

বায়সেন চ[১] তেনৈব সততং[২] বধ্যমানয়া।
বোধিতঃ কিল সুপ্তস্ত্বং বৈদেহ্যা রঘুনন্দন ॥ ৫ ॥
তদা দৃষ্ট্বা বরারোহাং বিতুন্নাং[৩] তাং স্তনান্তরে।
আশীবিষ ইব ক্রুদ্ধঃ শ্বসন্ বাক্যমভাষথাঃ[৪] ॥ ৬ ॥
নখাগ্রৈঃ কেন[৫] তে ভীরু বিতুন্নং হি স্তনান্তরম্।
কঃ ক্রীড়তি সরোষেণ পঞ্চবক্ত্রেণ ভোগিনা ॥ ৭ ॥
নিরীক্ষমাণস্ত্বমথ বায়সং[৬] সমবৈক্ষথাঃ।
নখৈঃ সরুধিরৈ[৭]স্তীক্ষ্ণৈস্তামেবাভিমুখং স্থিতম্ ॥ ৮ ॥
পুত্রঃ কিল[৮] স শক্রস্য[৯] বায়সো বিহগোত্তমঃ[১০]।
ধারান্তরচরঃ[১১] শ্রীমান্ পবনস্য[১২] সমো গতৌ[১৩] ॥ ৯ ॥

৬। গো-টী। বিতুন্নাং ব্যথিতাম্।
৭। গো-টী। ভোগিনা সর্পেণ।
৯। গো-টী। ধারান্তরচরঃ খড়্গাধারান্তরচরঃ।

হে রঘুনন্দন, সেই বায়সকর্তৃক নিরন্তর আহত হইয়া সীতা আপনাকে নিদ্রা হইতে জাগরিত করিলেন ॥ ৫ ॥

তখন আপনি সীতাদেবীর স্তনমধ্যভাগ বিদীর্ণ দেখিয়া ক্রুদ্ধ সর্পের ন্যায় নিশ্বাস ছাড়িতে ছাড়িতে এই কথা বলিলেন— ॥ ৬ ॥

হে সীতে, কে তোমার স্তনমধ্যভাগ নখদ্বারা বিদারিত করিয়াছে? কে ক্রুদ্ধ পঞ্চমুখ সর্পের সহিত ক্রীড়া করিতেছে? ॥ ৭ ॥

অনন্তর আপনি চতুর্দ্দিকে অবলোকন করত সীতারই সম্মুখে অবস্থিত রুধিরাক্ত তীক্ষ্ণনখবিশিষ্ট বায়সকে দেখিতে পাইলেন ॥ ৮ ॥

খড়্গাধারার মধ্যে বিচরণকারী (অর্থাৎ অতিধূর্ত্ত) প্রিয়দর্শন পক্ষিশ্রেষ্ঠ সেই বায়স ইন্দ্রের পুত্র এবং বেগে পবনতুল্য ॥ ৯ ॥

১। ছ-ঙ দ 'তত্তস্তেন'। ২। খ 'তৎক্ষণং'। ৩। খ-থ 'বিচিতাং', ছ 'বিধ্বস্তাং'। ৪। খ '-মভাষত'। ৫। গ-প 'ভিন্নং কুহি স্তনান্তরম্'। ৬। ঙ '-বেক্ষ-', প '-বৈক্ষত'। ৭। ঘ 'সশোণিতৈঃ'। ৮। খ 'ন কিল'। ৯। ব 'বজ্রস্য'। ১০। ঘ 'বিহগাধমঃ'। ১১। ঘ-ভ 'বনান্তর-'। ১২। ঘ 'বায়ুবেগসমো'। ১৩। ছ 'জবে'।

ততস্ত্বং[1] হি মহাবাহো কোপসংবর্ত্তিতেক্ষণঃ।
বধে[2] হি তস্য[3] দুষ্টস্য[4] কৃতবানসি বৈ মতিম্ ॥ ১০ ॥

স ত্বং প্রদীপ্তং[5] চিক্ষেপ দর্ভং কিল খগং প্রতি।
দর্ভসংস্তরতস্তস্মাদিষীকামম্বযোজয়ৎ[6][7][8] ॥ ১১ ॥

স[9] দীপ্ত ইব কালাগ্নির্জ্জ্বালাভিমুখো[10] দ্বিজম্।
ততস্ত্বং বায়সং দীপ্তঃ স দর্ভোঽনুজগাম হ ॥ ১২ ॥

১০। গোবিন্দ। কোপেন সংবর্ত্তিতে ঘূর্ণিতে ঈক্ষণে যস্য সঃ। 'কোপসংবর্দ্ধিতেক্ষণ' ইতি পাঠঃ কাতকঃ।

১১। গোবিন্দ। দর্ভসংস্তরতো দর্ভযুক্তাৎ যজ্ঞাৎ। তস্মাৎ পূর্ব্বানুষ্ঠিতাৎ। ইষীকাং দর্ভমম্বযোজয়ঃ গৃহীতবান্। তঞ্চ দর্ভং সন্ধায় নদুর্নীত্যর্থঃ, পশ্চাৎ খগং প্রতি চিক্ষেপ। যদ্বা, সংস্তরঃ সংস্তরণমাস্তরণমিতি যাবৎ। দর্ভসংস্তরাৎ আস্তরণাৎ দর্ভমিষীকাম্ ইষীকাস্ত্রেণ নিরূপ্য অন্বযোজয়ঃ, বৈদিকৈর্মন্ত্রৈরিত্যর্থাৎ। অনু পশ্চাৎ দীপ্তদর্ভং প্রতিচিক্ষেপেত্যর্থঃ। অন্যৎ পূর্ব্ববৎ। যদ্বা, দর্ভসংস্তরাৎ দর্ভযুক্তপ্রস্তরাৎ। শেষং সমানম্। 'স ত্বং প্রদীপ্ত'মিতি পাঠে স ত্বং বলবত্ত্বং দৃঢ়মিত্যর্থঃ। 'সংস্তরঃ প্রস্তরে যজ্ঞে সঙ্গমে দৃঢ় চাপয়ো'রিতি কোষঃ। 'গৃহীত্বা কুস্তবান্ দর্ভং ব্রাহ্মেণাস্ত্রেণ যোজয়' ইতি সাম্প্রতঃ পাঠঃ। কুস্তবান্ কার্ম্মুকবান্ দর্ভং গৃহীত্বা ব্রাহ্মেণাস্ত্রেণ যোজয় ইতি। অন্যৎ সমানম্। 'কুস্তো রাজন্তরে হস্তবৃন্দাংশে রাক্ষসান্তরে। কার্ম্মুকে' ইতি কোষঃ। অত্র 'ইষীকা'পদং যত্র যত্রাস্তি তত্র তত্র ইষীকাপদেন দর্ভো লক্ষ্যতে। কিঞ্চ, যত্র যত্র দর্ভপদং তত্র তত্র দর্ভপদেন ইষীকা, তত এব সর্ব্বত্র সমাধিরনুসন্ধেয় ইতি।

হে মহাবাহো, তদনন্তর আপনি ক্রোধে নেত্র বিঘূর্ণিত করিয়া সেই পাপিষ্ঠ বায়সের প্রাণ সংহারের ইচ্ছা করিলেন ॥ ১০ ॥

সেই ক্রুদ্ধ আপনি যজ্ঞীয় আস্তীর্ণকুশ হইতে একটী প্রদীপ্ত কুশকে ইষীকাস্ত্রে (অর্থাৎ ইষীকাস্ত্র-মন্ত্রে) সংযোজিত (অর্থাৎ অভিমন্ত্রিত) করিয়া বায়সের প্রতি নিক্ষেপ করিলেন ॥ ১১ ॥

সেই প্রজ্বলিত কুশ বায়সপক্ষীর অভিমুখে প্রলয়কালীন অগ্নির ন্যায় প্রজ্বলিত হইল এবং তদনন্তর ঐ বায়সের অনুসরণ করিল ॥ ১২ ॥

১। গ '-বর্দ্ধিতেক্ষণঃ'। ২। ড 'বধার্থং'। ৩। ছ-দ 'তু'। ৪। খ-ছ 'পাপস্য'। ৫। গ-ছ 'দীপ্তং বিচিক্ষেপ'। ৬। দ 'সংস্তবত-'। ৭। জ-ড '-যোজয়ঃ'। ৮। অতঃ পরং ড-পুস্তকে 'গৃহীত্বা সংস্তরাত্তস্মাদ্ ব্রাহ্মেণাস্ত্রেণ যোজয়ঃ।' ইত্যাধিকম্। ৯। ছ 'সুদীপ্ত', ড-ধ 'প্রদীপ্ত-'। ১০। খ-থ '-মুখো খগম্'।

[1]পিত্রা চ স পরিত্যক্তঃ [2]সুরৈশ্চ সমহর্ষিভিঃ ।
পরিক্রম্য চ লোকাংস্ত্রীংস্ত্রাতারং [3]নাভ্যবিন্দত ॥ ১৩ ॥

স ত্বাং নিপতিতো ভূমৌ শরণ্যং শরণং গতঃ ।
বধার্হমপি [4]কাকুৎস্থ দয়য়া [5]তং ততোঽব্রবীৎ ॥ ১৪ ॥

[6]মোঘমস্ত্রং [7]ন শক্যস্তু [8]কর্ত্তুমেতন্ময়োদ্যতম্ ।
[9]ত্যজৈকমঙ্গং খচর যত্তে[10]ঽনিষ্টমিতি [11]প্রভো ॥ ১৫ ॥

তেন চৈকং পরিত্যক্তং নয়নং দীনচেতসা ।
ততস্তস্যাক্ষি কাকস্য [12]দক্ষিণং [13]শাতিতং ত্বয়া ॥ ১৬ ॥

১৫ । লো-টী । অনিষ্টমনিচ্ছাবিষয়ম্ ।
১৬ । লো-টী । শাতিতং নাশিতম্ ।

সেই কাক পিতা এবং মহর্ষিদের সহিত দেবগণ কর্ত্তৃক পরিত্যক্ত হইয়া স্বর্গ, মর্ত্ত্য ও পাতাল পরিভ্রমণ করিয়াও কোন রক্ষক লাভ করিল না ॥ ১৩ ॥

হে কাকুৎস্থ, [অবশেষে] সেই কাক ভূপতিত হইয়া শরণাগতবৎসল আপনার আশ্রয় গ্রহণ করিলে, আপনি সেই কাক বধযোগ্য হইলেও দয়া করিয়া তাহাকে বলিলেন— ॥ ১৪ ॥

হে বায়স, আমার নিক্ষিপ্ত এই অস্ত্র নিষ্ফল করিবার শক্তি নাই, অতএব যাহা তোমার অনভিপ্রেত এইরূপ একটা অঙ্গ বিসর্জ্জন কর ॥ ১৫ ॥

সেই দীনাত্মা কাক এক চক্ষু পরিত্যাগ করিতে স্বীকার করিলে, আপনি তাহার দক্ষিণ চক্ষু বিনষ্ট করিলেন ॥ ১৬ ॥

১ । খ 'স পিত্রা' । ২ । খ-ঙ 'সুমহ-' । ৩ । ছ-ঙ 'নাব-', দ 'নাধ্য-' । ৪ । ক '-স্থো' । ৫ । ছ ঙ ন ঃ তমব্রবীঃ' । ৬ । দ 'মোঘং মমাস্ত্রং ন শক্যং' । ৭ । খ '-স্ত্রমশক্যন্তু' । ৮ । ঘ-খ 'মিত্যেব রাঘব' । ৯ । ছ '-কাঙ্গং খগবর', খ 'ত্যক্তৈনম-' । ১০ । ঘ-ছ '-ষ্টতমং' । ১১ । ছ 'বিভো' । ১২ । ঘ খ 'পাতিতং দক্ষিণং' । ১৩ । ঙ-দ 'পাতিতং' ।

নমস্কৃত্বা[1] স তে রাম রাজ্ঞে দশরথায়[2] চ।
বিসৃষ্টঃ স ত্বয়া কাকঃ প্রতিপেদে স্বমালয়ম্[3] ॥ ১৭ ॥
এবমস্ত্রবিদাং শ্রেষ্ঠঃ[4] সত্ত্ববান্ বলবান্ স্থিরঃ[5]।
কিমর্থমস্ত্রং[6] রক্ষঃসু ন যোজয়সি রাঘব ॥ ১৮ ॥
ন নাগা ন চ গন্ধর্ব্বা[7] নাসুরা ন মরুদ্‌গণাঃ।
[8]তব রাম রণে শক্তা বেগং প্রতিসমাসিতুম্ ॥ ১৯ ॥
তব বীর্য্যবতঃ কশ্চিদ্[9] যদ্যস্তি ময়ি সংভ্রমঃ।
কিমর্থং ন শরৈস্তীক্ষ্ণৈঃ ক্ষয়ং নয়সি রাক্ষসান্ ॥ ২০ ॥

১৭। গো-টী। নমস্কৃত্বা স কাকঃ স্থিত ইতি শেষঃ। পশ্চাৎ স ত্বয়া বিসৃষ্টস্ত্বাঞ্জ হত্যন্বয়ঃ।

১৮। গো-টী। স্থিতঃ স্থিরঃ। [illegible] (?) [illegible]। 'স্থির' ইত্যপি কাচিৎ পাঠঃ।

১৯-২০। গো-টী। প্রতিসমাসিতুং সোঢ়ুং যদি কশ্চিদস্তি, তদা ময়ি সম্ভ্রমঃ সমাদর ভ্রমঃ।

হে রামচন্দ্র, সেই কাক আপনাকে এবং মহারাজ দশরথকে নমস্কার করিয়া আপনার নিকট বিদায় লইয়া স্বীয় বাসস্থানে গমন করিল ॥ ১৭ ॥

হে রাঘব, আপনি অস্ত্রবিদগণের মধ্যে শ্রেষ্ঠ, স্থির এবং বলবান্, আপনি কিজন্য রাক্ষসদিগের প্রতি অস্ত্র নিক্ষেপ করিতেছেন না? ॥ ১৮ ॥

হে রাম, নাগ, গন্ধর্ব্ব, অসুর ও দেবগণ কেহই যুদ্ধে আপনার পরাক্রম সহ্য করিতে সমর্থ নহে ॥ ১৯ ॥

আপনি বীর্য্যবান্; আমার প্রতি যদি আপনার কিছুমাত্র আদর থাকে, তবে তীক্ষ্ণ শরদ্বারা রাক্ষসদিগকে সংহার করিতেছেন না কেন? ॥ ২০ ॥

১। খ 'রাঘবায় নমস্কৃত্য'। ২। খ 'বৈ'। ৩। খ 'স্বমালয়ম্'। ৪। খ 'বীরঃ'। ৫। ছ 'স্থিতঃ'। ৬। ব '-মস্ত্রং'। ৭। ঘ-খ 'ন যক্ষা'। ৮। খ 'রণে রামস্য তেজসঃ'। ৯। চ-গ-ব 'ময়ি বর্ত্ততি'।

ভ্রাতুরাদেশমাদায় লক্ষ্মণো বা পরন্তপঃ।
স[২] কিমর্থঞ্চ[৩] মাং বীরস্ত্রায়তে ন মহামতিঃ ॥ ২১ ॥
শক্তৌ তৌ পুরুষব্যাঘ্রৌ বায়্বগ্নিসমতেজসৌ।
সুরাণামপি দুর্ধর্ষৌ[৪] কিমর্থং মামুপেক্ষতঃ[৫] ॥ ২২ ॥
নূনং মে দুষ্কৃতং[৬] কিঞ্চিন্মহদস্তি ন সংশয়ঃ।
সমর্থৌ সহিতৌ যন্মাং নাবেক্ষেতে পরন্তপৌ[৭] ॥ ২৩ ॥
বৈদেহ্যা বচনং[৮] শ্রুত্বা করুণং সাধুভাষিতম্[৯]।
পুনরপ্যহমার্য্যাং[১০] তামিদং বচনমুক্তবান্ ॥ ২৪ ॥
তচ্ছোকবশগো রামো দেবি সত্যেন তে শপে।
রামদুঃখাভিভূতশ্চ[১১] লক্ষ্মণঃ পরিতপ্যতে ॥ ২৫ ॥

২৩। গো টী। কিঞ্চ কিং বা, সহিতৌ একত্র বর্ত্তমানৌ।

শত্রুপীড়নকারী সেই মহামতি বীর লক্ষ্মণই বা কিজন্য ভ্রাতার অনুমতি লইয়া আমাকে উদ্ধার করিতেছেন না? ॥ ২১ ॥

শক্তিশালী পুরুষশ্রেষ্ঠ রাম ও লক্ষ্মণ বায়ু ও অগ্নির ন্যায় তেজস্বী এবং দেবতাদিগেরও দুর্দ্ধর্ষ; তাঁহারা কিজন্য আমাকে উপেক্ষা করিতেছেন? ॥ ২২ ॥

নিশ্চয়ই আমার কোন মহাপাপ আছে, সন্দেহ নাই; যেহেতু শত্রুপীড়নকারী রাম ও লক্ষ্মণ সামর্থ্য-সত্ত্বেও এবং একত্র সম্মিলিত থাকিয়াও আমার প্রতি দৃষ্টিপাত করিতেছেন না।" ॥ ২৩ ॥

সীতার কথিত এই করুণ বাক্য শুনিয়া আমি সেই পূজনীয়া সীতাদেবীকে পুনরায় এই কথা বলিলাম— ॥ ২৪ ॥

"হে দেবি, আপনার নিকট সত্য শপথ করিতেছি—রামচন্দ্র আপনার শোকে অবশ হইয়া পড়িয়াছেন এবং রামের দুঃখে অভিভূত হইয়া লক্ষ্মণও পরিতপ্ত হইতেছেন ॥ ২৫ ॥

১। খ '-ঃ পরবীরহা'। ২। খ 'কিমর্থং হনুমন্ বীর নেহেতঃ'। ৩। ক-ঙ 'স্তু'। ৪। খ 'মাং নার্থমুপেক্ষতঃ'। ৫। খ-ঙ 'মুপেক্ষতঃ'। ৬। খ '-হিং'। ৭। খ 'ঃ রাঘবৌ'। ৮। খ 'বাচমাকর্ণ্য'। ৯। খ '-সম্মতম্'। ১০। ক-ঙ '-মেবম্'। ১১। ঙ 'আর্ত-', খ-ঘ 'রামো দুঃ-'।

কথঞ্চিদ্[1] ভবতী[2] দৃষ্টা ন কালঃ পুনরাসিতুম্।
ন[3] চিরাত্[4] ত্বন্তু দুঃখানাং[5] পারং দ্রক্ষ্যসি মৈথিলি ॥ ২৬ ॥
তাবুভৌ নরশার্দ্দূলৌ রাজপুত্রৌ[7] বনিন্দিতৌ।
ত্বদ্দর্শনকৃতোৎসাহৌ লঙ্কাং ভস্মীকরিষ্যতঃ ॥ ২৭ ॥
হত্বা[8] চ সমরে[9] রৌদ্রং রাবণং সহবান্ধবম্।
রাঘবস্ত্বাং বরারোহে[10] স্বাং পুরীং প্রাপয়িষ্যতি ॥ ২৮ ॥
যত্তু[11] রামোঽভিজানীয়াদভিজ্ঞানমনিন্দিতে।
প্রীতিসংজননং তস্য প্রতিদাতুং[12] ত্বমর্হসি ॥ ২৯ ॥
সা সমীক্ষ্য দিশঃ সর্ব্বা বেণীগ্রথিতমুত্তমম্।
বিমুচ্য প্রদদৌ মহ্যং মণিরত্নমিদং শুভম্ ॥ ৩০ ॥

২৬। লো-টী। ভবতীং দৃষ্ট্বা কালো যমোঽপি পুনর্বাসিতুং স্থাতুং ন সমর্থ ইত্যর্থঃ, কুতো রাবণ ইতি। 'ভবতী দৃষ্টে'তি পাঠে কালেনাপি কথঞ্চিদ্ ভবতী দৃষ্টা চেৎ কালোঽপি নাশকঃ।

কোনরূপে আপনার দর্শন পাইয়াছি, [এখন] আর অবস্থান করিবার সময় নাই, হে মৈথিলি, আপনি অচিরেই দুঃখের পরপারে উত্তীর্ণ হইবেন ॥ ২৬ ॥

সেই অনিন্দনীয় পুরুষশ্রেষ্ঠ রাজপুত্রদ্বয় আপনার দর্শনার্থে উৎসাহিত হইয়া লঙ্কানগরীকে ভস্মীভূত করিবেন ॥ ২৭ ॥

হে বরারোহে (হে সুন্দরি), রামচন্দ্র ক্রূর রাবণকে যুদ্ধে সবান্ধবে নিহত করিয়া আপনাকে নিজ নগরে লইয়া যাইবেন ॥ ২৮ ॥

হে সুন্দরি, রামচন্দ্র যাহা চিনিতে পারিবেন, তাঁহার আনন্দদায়ক সেইরূপ একটী অভিজ্ঞান আপনি প্রদান করিতে পারেন" ॥ ২৯ ॥

তিনি চারিদিকে অবলোকন করিয়া বেণীমধ্যে গ্রথিত এই অত্যুৎকৃষ্ট সুন্দর মণিটী আমাকে প্রদান করিলেন ॥ ৩০ ॥

১। ছ-ঝ '-ষ্টাং'। ২। খ 'দৃষ্ট্বা', দ 'দৃষ্ট্বা'। ৩। খ-ঙ 'কালঃ'। ৪। ছ 'অচি-'। ৫। দ '-রাং খলু'। ৬। ছ-ঝ '-নাময়ঃ'। ৭। ঘ '-ত্রৌ পরন্তপৌ'। ৮। ঙ 'স'। ৯। ছ-ঝ-খ 'ক্রুদ্ধং', দ 'ক্রুদ্ধং'। ১০। ছ-ঙ-দ 'মহাবাহুঃ'। ১১। ঙ 'যাবদেতদ্ বিজানীয়া-'। ১২। ছ-খ 'প্রদাতুং মে'।

প্রতিগৃহ্য মণিং[1] দেব্যাস্তব হেতো রঘূত্তম[2]।
শিরসা তাং প্রণম্যাহমাগতোহস্মীহ সত্বরঃ ॥ ৩১ ॥
গমনে চ কৃতোৎসাহং[3] মাং বীক্ষ্য[4] বরবর্ণিনী।
[5]বর্দ্ধমানং স্বসদৃশমুবাচ জনকাত্মজা।
অশ্রুপূর্ণমুখী দীনা বাষ্পসন্দিগ্ধয়া[6] গিরা ॥ ৩২ ॥
ধন্যোহস্যনুগৃহীতোহসি সভাগ্যোহসি মহাকপে[7]।
যো[8] দ্রক্ষ্যসি মহাবাহুং রামং কমললোচনম্।
লক্ষ্মণঞ্চ মহাকীর্ত্তিং দেবরং মে যশস্বিনম্[9] ॥ ৩৩ ॥
এবমুক্তবতী সীতা ময়াপ্যুক্তা সুমধ্যমা।
দেবি মা[10] ত্বং বিলম্বস্ব পৃষ্ঠমারোহ[11] মে শুভে ॥ ৩৪ ॥
অদ্য ত্বাং দর্শয়িষ্যামি[12] সসুগ্রীবং[13] সলক্ষ্মণম্।
রাঘবং পৃথিবীপালমিতি মে নিশ্চিতা মতিঃ ॥ ৩৫ ॥

৩২। লো টী। স্বসদৃশং যথা তথা বর্দ্ধমানম্। উবাচেতিক্রিয়াবিশেষণং বা।

হে রঘুবর, আপনার জন্য তাঁহার মণিটি গ্রহণ করিয়া এবং অবনতমস্তকে তাঁহাকে প্রণাম করিয়া আমি সত্বর এখানে আগমন করিয়াছি ॥ ৩১ ॥

আমাকে নিজের অনুরূপভাবে বর্দ্ধিত এবং প্রস্থানোদ্যত দেখিয়া সুন্দরী জানকীর মুখমণ্ডল অশ্রুপ্লুত হইল; তিনি দুঃখিত হইয়া বাষ্পগদ্গদ স্বরে বলিতে লাগিলেন— ॥ ৩২ ॥

হে মহাকপে, তুমি কমললোচন মহাবাহু রামচন্দ্রকে এবং আমার মহাযশস্বী দেবর লক্ষ্মণকে দর্শন করিবে, তুমিই ধন্য, তুমিই অনুগৃহীত, তুমিই ভাগ্যবান্ ॥ ৩৩ ॥

সুমধ্যমা সীতা এইরূপ বলিলে আমিও তাঁহাকে বলিলাম,—দেবি, আপনি বিলম্ব করিবেন না, আমার পৃষ্ঠে আরোহণ করুন, আজই আপনাকে সুগ্রীব ও

১। ঘ-ছ-ঙ 'দিব্যং তব'। ২। খ 'রঘুপ্রবর'। ৩। ছ-খ '-হমবেক্ষ্য'। ৪। ঘ 'সা বরাননা'। ৫। গ-খ 'বিবর্দ্ধমানং সুভৃশং', ছ 'সা বর্দ্ধমানং সুভৃশং', ক 'মাং বর্দ্ধমানং সুভৃশং'। ৬। ঘ-খ '-গদ্গদয়া'। ৭। খ 'পরন্তপ'। ৮। দ 'দ্রক্ষ্যসে'। ৯। ঘ 'মনস্বিনম্'। ১০। ঙ 'রোমহৃষ্টা সম্প্রতি'। ১১। ঙ '-মারুহ্য'। ১২। খ '-ক্ষেহহং সুগ্রীবং সহলক্ষ্মণম্'। ১৩। ছ 'সুগ্রীবঞ্চ'।

সাব্রবীন্মাং ততো দেবী নৈষ ধর্ম্মো মহাকপে।
যত্তে[১] পৃষ্ঠে নিষীদেয়ং স্ব-বশা[২] হরিপুঙ্গব ॥ ৩৬ ॥
অবশাস্মি তদা বীর স্পৃষ্টা গাত্রেণ রক্ষসা।
তত্রাহং কিং করিষ্যামি কালেন পরিপীড়িতা ॥ ৩৭ ॥
গচ্ছ ত্বং কপিশার্দ্দূল যত্র তৌ নৃবরাত্মজৌ[৩]।
[৪]মাক্ষোৎপতনসংভ্রান্তং ভূয়ঃ সন্দেষ্টু[৫]মারভৎ ॥ ৩৮ ॥
হনূমন্ সিংহবিক্রান্তৌ তাবুভৌ রামলক্ষ্মণৌ।
সুগ্রীবঞ্চ সহামাত্যং[৬] ব্রুয়াঃ সর্ব্বমনামযম্ ॥ ৩৯ ॥

৩৬। লো-টী। স্ববশা স্বতন্ত্রা।
৩৮। লো-টী। উৎপতনে উৎপতনে সম্ভ্রান্তং সম্যক্ জ্ঞানং যস্য তং মাম্।
৩৯। লো-টী। অনাময়ং কুশলম্।

লক্ষ্মণ সহ ক্ষিতিপতি রামচন্দ্রের দর্শনলাভ করাইব, ইহা আমার নিশ্চিত অভিলাষ ॥ ৩৪-৩৫ ॥

তারপর সীতাদেবী আমাকে বলিলেন,—"হে কপিবর, আমি স্ববশে থাকিয়া তোমার পৃষ্ঠে উপবেশন করিব, ইহা ধর্ম্ম নহে ॥ ৩৬ ॥

রাক্ষস (রাবণ) যখন গাত্রদ্বারা আমাকে স্পর্শ করে, তখন আমি অবশ হইয়াছিলাম, কালই আমাকে পীড়িত করিয়াছিল, তাহাতে আমি কি করিব? ॥ ৩৭ ॥

হে কপিবর, সেই রাজপুত্রদ্বয় যেখানে আছেন, তুমি সেইখানে গমন কর।" আমি উল্লম্ফনের জন্য ত্বরান্বিত হইলে তিনি পুনরায় বলিতে লাগিলেন— ॥ ৩৮ ॥

হে হনুমন্, সিংহের ন্যায় বিক্রমশালী রাম-লক্ষ্মণ উভয়কে এবং সুগ্রীব ও তাঁহার মন্ত্রীদিগকে সর্ব্বাঙ্গীণ কুশল জ্ঞাপন করিবে ॥ ৩৯ ॥

১। দ 'বিসী-'। ২। ঘ 'কপিকুঞ্জরঃ'। ৩। ঘ 'রঘুনন্দনৌ'। ৪। ধ 'ইতোহবং মাং সমাভাষ্য'। ৫। ধ '-মাগতা'। ৬। ছ-ধ 'মহাসত্ত্বং'।

যথা চ স মহাবাহুর্মাং তারয়তি রাঘবঃ।

অস্মাদ্দুঃখমহাম্ভোধেস্তথা ত্বং কর্ত্তুমর্হসি ॥ ৪০ ॥

ইমঞ্চ তীব্রং মম শোকবেগং রক্ষোভিরেবং পরিভর্ৎসনঞ্চ।

বদের্বীরস্য গতঃ সমীপং শিবশ্চ তেঽধ্বাস্তু হরিপ্রবীর ॥ ৪১ ॥

এতাবদার্য্যা নৃপরাজপুত্রী জ্ঞানক্যভিজ্ঞানমুবাচ দেবী।

এতচ্চ বুদ্ধা গদিতং ময়া ত্বং সীতাপ্রলম্ভায় কুরুষ্ব বুদ্ধিম্ ॥ ৪২ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে হনুমদ্বাক্যং নাম ঊনসপ্ততিতমঃ সর্গঃ ॥ ৬৯ ॥

৪২। লো-টী। প্রলম্ভায় লাভায়। 'যথা সমভোতী'তি পাঠে যথা আয়াতি তথা বুদ্ধিং কুরুষ।

প্রত্যাগত-হনুমদ্বাক্যম্ ॥ ৬৯ ॥

মহাবাহু রামচন্দ্র যাহাতে দুঃখরূপ মহাসমুদ্র হইতে আমাকে উদ্ধার করেন, তুমি তাহা করিও ॥ ৪০ ॥

হে কপিবর, তুমি রামচন্দ্রের সমীপে গমন করিয়া আমার এই তীব্র শোক-বেগ এবং রাক্ষসগণের এই ভর্ৎসনার কথা বলিও, তোমার পন্থা কল্যাণময় হউক ॥ ৪১ ॥

রাজপুত্রী সাধ্বী সীতাদেবী এই পর্য্যন্ত অভিজ্ঞানের কথা বলিলেন। আপনি আমার উক্ত এই কথা বুঝিয়া সীতালাভের জন্য বুদ্ধি স্থির করুন ॥ ৪২ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে হনুমদ্বাক্য-নামক ৬৯ম সর্গ সমাপ্ত ॥ ৬৯ ॥

১। খ 'তস্মা-'। ২। দ 'শিবোঽস্তু'। ৩। ঘ 'কপিপ্র-'। ৪। ছ '-বহুক্তা'। ৫। খ 'নৃপসিংহ বীর সীতা বচঃ প্রাহ বিষাদযুক্তা'। ৬। ত 'এবঞ্চ'। ৭। থ 'ততঃ সীতোপলম্ভায়'। ৮। ছ 'সীতা সমপ্রেতি' (?)।

(৭০) সপ্ততিতমঃ সর্গঃ

উৎপতংশ্চ পুনর্ব্বাক্যং দেব্যোক্তোঽস্মি [১]সসংভ্রমম্ ।
তব স্নেহান্নরব্যাঘ্র মানয়ন্ত্যা চ সৌহৃদম্ ॥ ১ ॥
যদি বা [২]মন্যসে [৩]বীর [৪]বসৈকাহমরিন্দম ।
কস্মিংশ্চিৎ সংবৃতে দেশে [৫]বিশ্রান্তঃ শ্বো গমিষ্যসি ॥ ২ ॥
[৬]মম [৭]চাপ্যল্পভাগ্যায়া দর্শনেন তবানঘ ।
শোকস্যাস্যাপ্রমেয়স্য মুহূর্ত্তং স্যাদ্ যদি ক্ষয়ঃ ॥ ৩ ॥
গতে হি হরিশার্দ্দূল [৮]পুনরাগমনাত্ত্বয়ি ।
প্রাণানামপি সন্দেহো মম [৯]স্যান্নাত্র সংশয়ঃ । ৪ ॥

১ । লো-টী । সসংভ্রমং সাদরম্ ।

হে পুরুষশ্রেষ্ঠ, আমি উল্লম্ফন করিতে আরম্ভ করিলে আপনার প্রতি স্নেহ-বশে এবং সৌহার্দ্দ্যের সম্মানরক্ষার্থে দেবী পুনরায় সাদরে বলিলেন— ॥ ১ ॥

"হে বীর, যদি ইচ্ছা কর, তবে একদিন অবস্থান কর, কোনও সংবৃত প্রদেশে বিশ্রাম করিয়া আগামী কল্য গমন করিবে ॥ ২ ॥

হে অনঘ, আমি অভাগিনী ; তোমাকে দেখিয়া মুহূর্ত্তের জন্যও যদি আমার এই অসীম শোকের অবসান হয় ॥ ৩ ॥

হে বানরশ্রেষ্ঠ, তুমি গমন করিলে তোমার পুনরাগমন পর্য্যন্ত আমার জীবনসংশয় উপস্থিত হইবে, ইহাতে সন্দেহ নাই ॥ ৪ ॥

১ । খ 'সুসংযতম্', গ 'সুসংভ্রমম্' । ২ । ক 'মং' । ৩ । গ 'বীর' । ৪ । গ 'বসেকাহ-' । ৫ । খ '-স্তশ্চাগমিষ্যতি' । ৬ । খ-পুস্তকে অতঃ প্রভৃতি পঞ্চশ্লোকপূর্ব্বার্দ্ধং নাস্তি । ৭ । খ-ঙ-চ 'চৈবাল্প-' । ৮ । ঙ '-নং ত্বয়ি' । ৯ । খ '-মম্' ।

তবাদর্শনজং বীর[1] ভূয়ো মাং তাপয়িষ্যতি।
ইদং দুঃখতরং ভূতং দুঃখানাং মন্দভাগিনীম্ ॥ ৫ ॥

অয়ং হি বীর সন্দেহস্তিষ্ঠতীব মমাগ্রতঃ।
সুমহাংস্ত্বৎসহায়েষু হর্য্যক্ষেষু[2] চ সংশয়ঃ[3] ॥ ৬ ॥

কথন্তু[4] খলু দুষ্পারং তরিষ্যন্তি মহোদধিম্[5]।
তানি বানরসৈন্যানি তৌ বা নরবরাত্মজৌ ॥ ৭ ॥

ত্রয়াণামেব[6] ভূতানাং সাগরস্য[7] বিলঙ্ঘনে।
শক্তিঃ স্যাদ্ বৈনতেয়স্য তব বা মারুতস্য বা ॥ ৮ ॥

তদস্মিন্ কার্য্যসন্দেহে সংপ্রাপ্তবতি[8] দুষ্করে[9]।
কিং পশ্যসি সমাধানং ত্বং হি কার্য্যবিশারদঃ[10] ॥ ৯ ॥

৭। লো-টী। সন্দেহং বিবৃণোতি—'কথং নু' ইত্যাদিনা।

বহু দুঃখের মধ্যে তোমার অদর্শন-জন্য এই অতিশয় দুঃখ মন্দভাগিনী আমাকে পুনরায় সন্তপ্ত করিবে ॥ ৫ ॥

হে বীর, আমার সম্মুখে যেন এই সন্দেহ উপস্থিত, তোমার সহায় বানরগণের বিষয়েও অত্যন্ত সংশয় রহিয়াছে— ॥ ৬ ॥

সেই বানরসৈন্যগণ এবং সেই রাজপুত্রদ্বয় কি প্রকারে এই দুষ্পার সমুদ্র লঙ্ঘন করিবেন? ॥ ৭ ॥

সাগর-লঙ্ঘনে তিনটি প্রাণীর শক্তি আছে; গরুড়ের, তোমার এবং বায়ুর ॥ ৮ ॥

তুমি কার্য্যবিশারদ, তুমি এই উপস্থিত দুষ্কর কর্ত্তব্য-সংশয়ের সমাধান কি দেখিতেছ? ॥ ৯ ॥

১। ঘ 'পুনর্মাং'। ২। ছ-ঘ-ঙ 'ন'। ৩। ঘ '-য়ম্'। ৪। ছ-ঙ '-ন্নু'। ৫। ঘ 'মহার্ণবম্'। ৬। ছ-ঙ-ঘ '-মাপ'। ৭। ঘ '-স্যাপি লঙ্ঘনে'। ৮। ছ '-প্তেহত্রৈব', ঘ-ধ 'দেবৈরপি দুরাসদে'। ৯। ঘ-ছ 'দুস্তরে'। ১০। ছ-ঙ-ঘ '-বিদাং বরঃ'।

কামমস্য ত্বমেবৈকঃ কার্য্যস্য পরিসাধনে[1]।
পর্য্যাপ্তঃ পরবীরঘ্ন কিন্তু বিজ্ঞাপয়ামি তে ॥ ১০ ॥
বলৈঃ সমগ্রৈর্জ্জিত্বা মাং রাবণং যদি[2] সংযুগে।
[3]নয়েত স্বপুরীং রামস্তৎ স্যাৎ তস্য যশস্করম্ ॥ ১১ ॥
যথাহং তস্য বীরস্য বলাদ্[4]ুপধিনা[5] হৃতা।
জীবতাং রক্ষসামেব[6] তথা নার্হতি রাঘবঃ ॥ ১২ ॥
বলৈস্তু[7] সংকুলাং কৃত্বা[8] পুরীং পরবলার্দ্দনঃ।
মাং নয়েদ্ যদি কাকুৎস্থস্তৎ তস্য সদৃশং ভবেৎ ॥ ১৩ ॥
তদ্ যথা তস্য বিক্রান্তমনুরূপং মহাত্মনঃ[9]।
ভবত্যাহবশূরস্য তথা ত্বমুপপাদয়[10] ॥ ১৪ ॥

১২। লো-টী। উপধিনা ছলেন। জীবতাং রক্ষসাং জীবৎসু রক্ষঃসু। তথা তেন প্রকারেণ ছলেন রাঘবো নার্হতি কর্ত্তুমিত্যর্থঃ।

হে শত্রুবীরসংহারক, যদিও তুমি একাই এই কার্য্য সাধন করিতে সমর্থ, তথাপি তোমাকে জানাইতেছি— ॥ ১০ ॥

রামচন্দ্র যদি সমস্ত সৈন্যের সহিত রাবণকে যুদ্ধে পরাজিত করিয়া আমাকে নিজগৃহে লইয়া যান, তাহাই তাঁহার পক্ষে যশস্কর হইবে ॥ ১১ ॥

বীর রামচন্দ্রের নিকট হইতে আমি যেরূপ ছলপূর্ব্বক বলপ্রয়োগে অপহৃতা হইয়াছি, রাক্ষসগণ জীবিত থাকিতেই রামচন্দ্রের সেরূপ করা উচিত হইবে না ॥ ১২ ॥

রামচন্দ্র যদি [লঙ্কা-] নগরীকে সৈন্যে আকীর্ণ করিয়া শত্রুসৈন্যপরাভবপূর্ব্বক আমাকে লইয়া যান, তাহাই তাঁহার উপযুক্ত হইবে ॥ ১৩ ॥

অতএব, যুদ্ধবীর মহাত্মা রামচন্দ্রের অনুরূপ বিক্রম যাহাতে প্রকাশ পায়, তুমি সেইরূপ কার্য্য কর" ॥ ১৪ ॥

১। ঘ '-পালনে'। ২। ঘ-ছ 'সংযুগে যদি'। ৩। ঘ-ধ 'নয়েদ্ যদি পু.'। ৪। ধ-ধ 'পরোক্ষক বলোদ্ধৃতা'। ৫। দ '-দুপরি মাং'। ৬। ঘ-ছ-ত '-মেবং'। ৭। ত '-সৈন্য'। ৮। ত '-লীকৃত্য'। ৯। দ 'মহাবলাং'। ১০। ঘ 'ত্বং কুরু সর্ব্বথা'।

তদর্থোপহিতং[1] বাক্যং প্রস্থতং[2] হেতুসংহিতম্ ।
প্রশস্যাহং[3] ততঃ শেষং বাক্যমুত্তরমব্রবম্ ॥ ১৫ ॥
দেবি বানরসৈন্যানামীশ্বরঃ[4] প্লবতাং বরঃ ।
সুগ্রীবঃ[5] সত্ত্বসম্পন্নস্তবার্থে কৃতনিশ্চয়ঃ[6] ॥ ১৬ ॥
তস্য বিক্রমসম্পন্নাঃ[7] সত্ত্ববন্তো মহাবলাঃ[8] ।
মনঃসঙ্কল্পসম্পন্না নিদেশে হরয়ঃ[9] স্থিতাঃ ॥ ১৭ ॥
যেষাং নোপরি নাধশ্চ ন তির্য্যক্ সজ্জতে গতিঃ ।
ন তে কর্ম্মসু সীদন্তি মহৎস্বমিতবিক্রমাঃ[10] ॥ ১৮ ॥

১৫। লো-টী। তদর্থোপহিতং স্বপ্রয়োজনসহিতম্। প্রস্থতং বিনয়যুক্তম্। হেতুসহিতং কারণান্বিতং, প্রশস্য স্তুত্বা।

তারপর আমি সেই যুক্তিযুক্ত ও অর্থপূর্ণ বিস্তৃত বাক্যের প্রশংসা করিয়া প্রত্যুত্তরে অবশিষ্ট এই কথা বলিলাম— ॥ ১৫ ॥

দেবি, বানরসৈন্যের অধিপতি সত্ত্বসম্পন্ন বানরশ্রেষ্ঠ সুগ্রীব আপনার জন্য প্রতিজ্ঞাবদ্ধ হইয়াছেন ॥ ১৬ ॥

বিক্রম ও উৎসাহসম্পন্ন মহাবলশালী মনঃসংকল্পযুক্ত বানরগণ তাঁহার নির্দ্দেশবর্ত্তী ॥ ১৭ ॥

তাঁহাদের ঊর্দ্ধগতি, অধোগতি অথবা তির্য্যক্ গতি অর্থাৎ যে কোনরূপে পাশাপাশি গমন অপ্রতিহত; অমিতপরাক্রমশালী তাঁহারা গুরুতর কার্য্যেও অবসন্ন হন না ॥ ১৮ ॥

১। ছ-ঞ-থ 'প্রশ্রিতং'। ২। ধ-ঞ '-সঙ্গতম্'। ৩। ছ 'প্রণম্যাহং'। ৪। ঘ '-স্বো বানরর্ষভঃ'। ৫। ঘ '-বো বল-'। ৬। ঞ '-নির্ণয়ঃ'। ৭। ধ-ছ '-সিদ্ধার্থাঃ', ধ '-সিদ্ধাশ্চ'। ৮। ঞ 'বলান্বিতাঃ'। ৯। ঘ 'কপয়ঃ'। ১০। ঘ-ছ 'মহৎ স্বং মিত-'।

নৈকশস্তৈর্ম্মহাভাগৈঃ সসাগরধরাধরা[১]।
প্রদক্ষিণীকৃতা ভূমির্বায়ুমার্গানুসারিভিঃ[২] ॥ ১৯ ॥
মদ্ বিশিষ্টাস্তথা তুল্যাঃ সন্তি তত্র বনৌকসঃ[৩]।
মত্তঃ প্রত্যবরঃ কশ্চিন্নাস্তি সুগ্রীবসন্নিধৌ[৪] ॥ ২০ ॥
অহং তাবদিহ প্রাপ্তঃ কিং পুনস্তে মহাবলাঃ।
ন হি প্রকৃষ্টান্[৫] প্রেষ্যাংস্তু প্রেষয়[৬]ন্ত্যবরাবরান্ ॥ ২১ ॥
তদলং পরিতাপেন দেবি মন্যুরপৈতু তে।
একোৎপাতেন তে লঙ্কামেষ্যন্তি হরিপুঙ্গবাঃ[৭] ॥ ২২ ॥
মম পৃষ্ঠগতৌ তৌ হি[৮] চন্দ্রসূর্য্যাবিবোদিতৌ।
ত্বৎসকাশং মহাভাগৌ[৯] নৃসিংহাবাগমিষ্যতঃ ॥ ২৩ ॥

২০। লো-টী। প্রত্যবরো নিকৃষ্টঃ।

২১। লো-টী। ন হি প্রকৃষ্টানুত্তমান্ প্রেষয়ন্তি, কিন্তু অবরাবরান্ ন্যূনেভ্যোঽপি ন্যূনান্।

তাঁহারা বায়ুমার্গে বিচরণ করতঃ অনেকবার সাগর ও ভূধরসমন্বিত সমগ্র পৃথিবী প্রদক্ষিণ করিয়াছেন ॥ ১৯ ॥

সেখানে আমার তুল্য এবং আমা অপেক্ষা বিশিষ্ট বহু বানর আছেন, সুগ্রীবের নিকটে আমা অপেক্ষা নিকৃষ্ট কেহ নাই ॥ ২০ ॥

আমিই যখন এখানে উপস্থিত হইতে পারিয়াছি, তখন মহাবলশালী তাঁহাদের আর কথা কি? প্রকৃষ্ট ব্যক্তিকে দূত হিসাবে কেহ প্রেরণ করেন না, অপেক্ষাকৃত নিকৃষ্ট ব্যক্তিকেই প্রেরণ করেন ॥ ২১ ॥

অতএব, পরিতাপের কারণ নাই; দেবি, আপনার শোক অপগত হউক। সেই শ্রেষ্ঠ বানরগণ এক লাফে লঙ্কায় উপস্থিত হইবেন ॥ ২২ ॥

সমুদিত চন্দ্র ও সূর্য্যের ন্যায় পুরুষশ্রেষ্ঠ মহাভাগ রাম ও লক্ষ্মণ আমার পৃষ্ঠে আরোহণ করিয়া আপনার নিকট আগমন করিবেন ॥ ২৩ ॥

১। খ '-ধরাঃ'। ২। ঘ '-থায়িভিঃ'। ৩। খ 'চ বানরাঃ'। ৪। অতঃ পরং ছ-পুস্তকে 'মন্ত্রিণঃ প্রবরাশ্চান্যে সুগ্রীবস্য মহাত্মনঃ'। ইত্যধিকম্। ৫। ছ-দ '-ষ্ট'। ৬। ঘ-প 'প্রের-'। ৭। ঘ '-যূথপাঃ'। ৮। ছ-ঙ-ঘ 'চ'। ৯। ঘ '-স্যাবৌ'।

নচিরাদ্ দ্রক্ষ্যসে রামং সুগ্রীবঞ্চ মহাবলম্।
লক্ষ্মণঞ্চ ধনুষ্পাণিং [1]লঙ্কাদ্বারমুপস্থিতম্ ॥ ২৪ ॥
নখদং[2]ষ্ট্রায়ুধান্ বীরান্ সিংহশার্দ্দূলবিক্রমান্।
বানরান্ [3]বানরেন্দ্রাভান্ ক্ষিপ্রং [4]দ্রক্ষ্যসি চাগতান্ ॥ ২৫ ॥
[5]নীলাম্বুদনিকাশানাং [6]লঙ্কামলয়সানুষু।
[7]নর্দ্দতাং কপিসৈন্যানাং ন চিরাচ্ছ্রো[8]ষ্যসে ধ্বনিম্ ॥ ২৬ ॥
নিবৃত্ত[9]বনবাসঞ্চ [10]ত্বয়া সার্দ্ধমরিন্দমম্।
অভিষিক্তমযোধ্যায়াং ক্ষিপ্রং দ্রক্ষ্যসি রাঘবম্ ॥ ২৭ ॥

২৫। লো-টী। বানরেন্দ্রঃ সুগ্রীবঃ, তত্তুল্যান্। 'বানরেন্দ্রাভানি'তি পাঠঃ কচিৎ।

২৬। লো-টী। লঙ্কামলয়সানুষু লঙ্কাসম্বন্ধী যো মলয়ঃ পর্ব্বতঃ তস্য সানুষু।

প্রত্যাগতহনূমদ্বাক্যম্ ॥ ৭০ ॥

আপনি মহাবলশালী সুগ্রীব ও ধনুষ্পাণি রাম-লক্ষ্মণকে অচিরেই লঙ্কাদ্বারে উপস্থিত দেখিতে পাইবেন ॥ ২৪ ॥

নখ ও দন্তরূপ অস্ত্রসম্পন্ন সিংহ ও ব্যাঘ্রের ন্যায় পরাক্রান্ত বানররাজতুল্য বহু বানরকে সত্বর সমাগত দেখিবেন ॥ ২৫ ॥

অচিরেই লঙ্কানগরীর [সন্নিহিত] মলয়-পর্ব্বতের সানুদেশে নীলাম্বুদতুল্য বানরসৈন্যগণের গর্জ্জনধ্বনি শুনিতে পাইবেন ॥ ২৬ ॥

বনবাসপ্রত্যাগত শত্রুদমনকারী রামচন্দ্রকে শীঘ্রই আপনার সহিত অযোধ্যায় অভিষিক্ত দেখিবেন ॥ ২৭ ॥

১। ঘ '-মুপাশ্রিতম্'। ২। ধ '-কুঞ্জর-'। ৩। ছ 'বানরেন্দ্রেণ'। ৪। ধ 'মৈথিলি'। ৫। ছ-ত-দ 'শৈলাম্বুদ-'। ৬। ছ '-বলয়-'। ৭। ত 'নদতাং'। ৮। ছ-দ 'রবম্'। ৯। ঘ-থ '-সম্ভং'। ১০। ঘ-থ '-মনিন্দিতে'।

১ ২ ৩ ৪ ৫

তথা ময়া বাগ্‌ভিরদীনভাষিণী শিবাভিরিষ্টাভিরভিপ্রসাদিতা ।

৬ ৭ ৮

উবাচ শান্তিং মম চাপি জানকী ন চাপি শোকং প্রজহাবনিন্দিতা ॥ ২৮ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে হনূমদ্বাক্যং নাম

সপ্ততিতমঃ সর্গঃ ॥ ৭০ ॥

আমি উদারভাষিণী অনিন্দনীয়া জানকীকে এইরূপ কল্যাণময় প্রিয়বাক্যে প্রসন্ন করিলাম। তিনি আমার উদ্দেশ্যে শান্তি (আশীর্ব্বাদ, যাত্রামঙ্গল) উচ্চারণ করিলেন ; কিন্তু, শোক পরিত্যাগ করিলেন না ॥ ২৮ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে হনূমদ্বাক্য-

নামক ৭০ম সর্গ সমাপ্ত ॥ ৭০ ॥

(৭১) একসপ্ততিতমঃ সর্গঃ

শ্রুত্বা হনুমতো বাক্যং যথাবদভিভাষিতম্।
রামঃ প্রীতিসমাযুক্তম্[১]উত্তরং বাক্যমব্রবীৎ ॥ ১ ॥
কৃতং হনুমতা কৃত্যং[২] সুমহদ্ ভুবি বিশ্রুতম্।
মনসাপি যদন্যেন দুষ্করং স্যাদ্[৩]ধরাতলে ॥ ২ ॥
ন হি তং[৪] সংপ্রপশ্যামি যঃ প্লবেত[৫] মহার্ণবম্।
অন্যত্র গরুড়াদ্ বায়োরন্যত্র চ হনুমতঃ ॥ ৩ ॥
দেবদানবযক্ষাণাং[৬] গন্ধর্বোরগরক্ষসাম্।
অপ্রধৃষ্যা পুরা[৭] সা[৮] হি[৯] রাবণেন চ পালিতা ॥ ৪ ॥
গুপ্তা[১০] দুর্গা গিরেমূর্ধ্নি বীরেণৈকেন ধর্ষিতা।
এবং বীর্যবলোপেতো ন সমঃ[১১] স্যাদ্ধনূমতঃ ॥ ৫ ॥

হনুমানের যথাযথভাবে বর্ণিত বাক্য শুনিয়া রামচন্দ্র আনন্দিত হইয়া বলিতে লাগিলেন—॥ ১ ॥

পৃথিবীতে অন্য কেহ মনে মনেও যাহার কল্পনা করিতে পারে না, হনুমান্ এইরূপ জগদ্বিখ্যাত অতিশয় মহৎ কার্য করিয়াছে ॥ ২ ॥

গরুড়, বায়ু এবং হনুমান্ ভিন্ন এমন কাহাকেও দেখি না, যে মহাসমুদ্র লঙ্ঘন করিতে পারে ॥ ৩ ॥

রাবণপালিত লঙ্কাপুরী দেব, দানব, যক্ষ, গন্ধর্ব, উরগ এবং রাক্ষসগণেরও অগম্য ॥ ৪ ॥

বীর হনুমান্ একাকী পর্বতশিখরে অবস্থিত দুর্গম লঙ্কানগরীকে পরাভূত করিয়াছে ; হনুমানের ন্যায় এতাদৃশ বল-বীর্যসম্পন্ন আর কেহ নাই ॥ ৫ ॥

১। ছ '-যুক্ত উক্ত-', ঘ '-যুক্তমুত্তমং'। ২। ঘ 'কার্যং'। ৩। ঘ 'পৃথিবীতলে', খ 'বসুধাতলে'। ৪। খ 'তত্র প্র-'। ৫। ক 'প্লবতে'। ৬। ক 'পন্নগোরগ-'। ৭। ঘ-খ 'লঙ্কা'। ৮। খ 'রাবণস্য প্রবাসনঃ'। ৯। ঘ-ছ '-েনাভিপালিতা'। ১০। ছ 'গুপ্তদুর্গা'। ১১। ঘ 'সমং'।

ভৃত্যকার্য্যং হনুমতা সুগ্রীবস্য কৃতং মহৎ।
সুসংবিধায় স্ববলং সদৃশং বিক্রমস্য চ ॥ ৬ ॥
যো হি ভৃত্যো নিযুক্তঃ সন্ ভর্ত্রা কর্ম্মণি দুষ্করে।
কুর্য্যাত্তদনুরূপং হি তমাহুঃ পুরুষোত্তমম্ ॥ ৭ ॥
যো ভৃত্যঃ পরমং কার্য্যং ন কুর্য্যান্নৃপতেঃ প্রিয়ম্।
সর্ব্বোদ্যুক্তঃ সমর্থো হি তমাহুঃ পুরুষাধমম্ ॥ ৮ ॥
তন্নিয়োগনিযুক্তেন কৃতং কৃত্যং হনূমতা।
ন চাত্মা লঘুতাং নীতঃ সুগ্রীবশ্চাপি তোষিতঃ ॥ ৯ ॥

৬। লো-টী। বিক্রমস্য সদৃশং স্ববলং সুসংবিধায় সুষ্ঠু কৃত্বা।

৭। লো-টী। ভর্ত্রা দুষ্করে কর্ম্মণি নিযুক্তঃ ন 'নিযুক্তোঽপি' তদনুরূপং স্বানুরূপং কর্ম্ম কুর্য্যাৎ। 'নিযুক্ত' ইতি পাঠঃ কচিৎ।

৮। লো-টী। ভৃত্যপরমং ভৃত্যঃ পরমঃ শ্রেষ্ঠসাধনং যস্য তৎ, ভৃত্যসাধ্যমিত্যর্থঃ। 'ভৃত্য' ইতি বা পাঠঃ।

হনুমান্ পরাক্রমের অনুরূপ বলপ্রয়োগ করিয়া সুগ্রীবের ভৃত্যের কার্য্য উত্তমরূপেই করিয়াছে ॥ ৬ ॥

প্রভুকর্ত্তৃক দুষ্কর কার্য্যে নিযুক্ত হইয়া যে ব্যক্তি অনুরূপভাবে তাহা সম্পাদন করে, সে-ই উত্তম লোক (উত্তম ভৃত্য) ॥ ৭ ॥

সমস্ত উদ্যোগ ও সামর্থ্যশালী হইয়াও যে ভৃত্য রাজার প্রিয় উত্তম (প্রয়োজনীয়) কার্য্য সম্পাদন করিতে পারে না, সে নরাধম ॥ ৮ ॥

সা বানরাণাং ধ্বজিনী সুগ্রীবেণাভিপালিতা।
ত্রিধা নিবিষ্টা মহতী রামস্যার্থপরাঽভবৎ ॥ ২৫ ॥

সা মহার্ণবমাসাদ্য হৃষ্টা বানরবাহিনী।
বায়ুবেগসমুদ্ভূতং প্রেক্ষমাণা মহার্ণবম্ ॥ ২৬ ॥

দূরপারমসংবাধং যাদোগণনিষেবিতম্।
আসাদ্য বরুণাবাসং নিষেদুর্হরিযূথপাঃ ॥ ২৭ ॥

চণ্ডনক্রগ্রহং ঘোরং ক্ষরন্তং রজনীক্ষয়ে।
চন্দ্রোদয়সমুদ্ভূতং প্রতিচন্দ্রসমাকুলম্ ॥ ২৮ ॥

চণ্ডবেগং মহাবর্ত্তমন্তঃপংক্তিবিহারিভিঃ।
দীপ্তভোগৈঃ সমাকীর্ণং ভুজঙ্গৈর্ভুজগালয়ম্ ॥ ২৯ ॥

২৫। লো-টী। রামস্বার্থে প্রয়োজনেঽভবৎ। পরা প্রকৃষ্টা। 'রামস্বার্থে পরাভবা'দিতি পাঠে রামস্বার্থে ত্রিধা নিবিষ্টা পরাভবাৎ রক্ষসাং পরাভবাৎ। সা মহার্ণবমাসাদ্য হৃষ্টা ইত্যেকং বাক্যম্।

২৬-২৭। লো-টী। ততঃ মহার্ণবং বরুণাবাসমাসাদ্য প্রেক্ষমাণা হরিযূথপা নিষেদুরিতি সার্দ্ধেনান্বয়ঃ। অসম্বাধং ন বিদ্যতে সম্বাধঃ সঙ্কটং যস্মাৎ।

২৮-৩০। লো-টী। মহার্ণবং বিশিনষ্টি—চণ্ডেতি ত্রিভিঃ। চণ্ডাঃ নক্রা গম্ভীরা গ্রাহাশ্চ তিমিঙ্গিলাদয়ো যস্মিন্ তম্। ক্ষরন্তং স্যন্দমানমিতি সর্ব্বজ্ঞঃ। স্রবন্তমিত্যর্থঃ। রজনীক্ষয়ে উষঃকালে, চন্দ্রোদয়সমুদ্ভূতমিতি সহোক্তিঃ। প্রতিচন্দ্রং চন্দ্রপ্রতিবিম্বমিতি সর্ব্বজ্ঞঃ। মহান্ত আবর্ত্তা অম্ভসাং ভ্রমা যত্র তম্। অন্তঃ পংক্তিবিহারিভিঃ অন্তর্মধ্যে পংক্ত্যা পংক্তিরূপেণ

সুগ্রীবকর্ত্তৃক পরিচালিত ত্রিধা বিভক্ত সেই বিশাল বানরসৈন্য রামের প্রয়োজন-সাধনে তৎপর হইয়াছিল ॥ ২৫ ॥

সেই বানরসৈন্যগণ মহাসমুদ্রে আসিয়া প্রচণ্ড-বায়ুবেগে তরঙ্গায়িত (সমুদ্ভূত) সমুদ্রের অবস্থা দেখিয়া আনন্দিত হইল ॥ ২৬ ॥

বানরদলপতিগণ পারবিহীন এবং বাধাবিহীন জলজন্তুগণে পরিপূর্ণ, প্রচণ্ড হাঙ্গর ও তিমিঙ্গিল-পরিপূর্ণ, প্রাতঃকালে জলস্রাবী, চন্দ্রোদয়ে বৃদ্ধিশালী

১। ক-খ '-স্যার্থে প-'। ২। ক 'পশ্চাৎস্থা'। ৩। ঘ '-পুঙ্গবাঃ'। ৪। ঘ ঙ 'চরন্তং', খ 'বসন্তং'। ৫। ক 'দিবস-'। ৬। ঘ '-বৃংহম্'। ৭। ঙ-ছ-দ '-বর্ত্তং মনঃপক্ষি-'।

অবগাঢ়ং মহাসত্ত্বৈর্নানাগ্রাহ[1]সমাকুলম্[2] ।
দুর্গং[3] দুর্গমমার্গন্তমগাধমসুরালয়ম্[4] ॥ ৩০ ॥
মকরৈর্নাগ[5]ভোগৈ[6]শ্চ বিগাঢ়া[7] বাতলোড়িতাঃ ।
উৎপেতুশ্চ নিপেতুশ্চ[8] প্রবৃদ্ধা জলরাশয়ঃ ॥ ৩১ ॥
অগ্নিপূর্ণমিবাবিদ্ধং ভাস্বরাম্বু[9] মহোরগম্ ।
সুরারিবিষয়ং[10] ঘোরং পাতালবিষয়ং[11] সদা[12] ॥ ৩২ ॥

বিহর্ত্তুং শীলং যেষাং তৈঃ মৎস্যৈঃ সমাকীর্ণম্ । 'মনঃপক্ষিবিহারিভি'রিতি পাঠে মনস ইব পক্ষিণো গরুড়স্য বিহারো ভ্রমণং গমনমস্তি যেষু তৈর্ভুজঙ্গৈঃ । যতো ভুজগালয়মবগাঢ়ং বিলোড়িতম্ । নানাগ্রহা রাঘবাদয়ঃ । দুর্গমমার্গং দুঃখেন গম্যান্তে প্রাপ্যান্তে যে দেবাস্তেষাং মার্গং পন্থানম্ ।

৩১ । লো-টী । নাগভোগৈর্মকরগরুকৈর্বিগাঢ়াঃ সংযুক্তা জলরাশয়ঃ সাগরম্ উৎপেতুঃ তীরমুৎক্রম্য পতন্তি স্ম, স্বস্থানে পুনর্ন পতন্তি স্ম ইতি তৃতীয়েনান্বয়ঃ ।

৩২ । লো-টী । কিম্ভূতম্? আবিদ্ধং চলিতম্ । পুনঃ কিম্ভূতম্? ভাস্বরযুক্তান্যম্বূনি যত্র তম্ । 'অস্তা এব প্রাতরুদেতি অপঃ প্রবিশতী'তি শ্রুতেঃ । প্রাতরগ্নিপূর্ণমিব পূর্ণমগ্নিমিব সুরারিবিষয়ং সুরারিবসতিস্থানং পাতালবিষয়ং পাতালপর্য্যন্তম্ ।

চন্দ্রের প্রতিবিম্বযুক্ত, ভয়ঙ্কর বেগশালী আবর্ত্তযুক্ত, জলমধ্যে শ্রেণী সহকারে বিচরণশীল মৎস্যদ্বারা পরিপূর্ণ, উজ্জ্বল-ফণাবিশিষ্ট সর্পসমূহে সমাকীর্ণ, অন্যান্য ভীষণ জলচর প্রাণিদ্বারা সঙ্কুল এবং বহু জলচর কুম্ভীরাদি দ্বারা পরিব্যাপ্ত, পথরহিত অতএব দুর্গম, অতলস্পর্শ, অসুরদিগের আলয়, বরুণের বাসস্থান—সমুদ্রের নিকট আসিয়া উপবেশন করিলেন ॥ ২৭-৩০ ॥

মকর এবং সর্পশরীরদ্বারা সংযুক্ত বায়ুচালিত প্রবৃদ্ধ জলরাশি প্রথমে তীরে পতিত হইয়া পুনরায় [স্বস্থানে] নিপতিত হয় ॥ ৩১ ॥

যেন অগ্নিপূর্ণ উজ্জ্বল-জলযুক্ত, বিশাল-সর্পপরিপূর্ণ, অসুরদের বাসস্থান,

১ । ক-ঘ-ছ 'গ্রহ-' । ২ । ঘ '-বৃতম্' । ৩ । ছ 'দুর্গমমাক্রান্তমগাধং বরুণালয়ম্', থ 'দুর্গমমার্গন্তমগাধমকরালয়ম্' । ৪ । ঙ-ঘ '-থং বরুণা-' । ৫ । ঘ-ছ 'ধনদভিন্নবতাড়িতাঃ' । ৬ । ঘ-থ '-ঢ়ং', দ '-ঢ়াঃ সিতলোহিতাঃ' । ৭ । ঙ-থ 'পঙ্কনাম্বুতাঃ' । ৮ । ঙ-থ '-বিনি-' । ৯ । ঙ 'ভাস্ক-' । ১০ । ঘ 'ভীমং' । ১১ । ছ '-যমং' । ১২ । ঘ-থ 'তথা', ছ 'তদা' ।

সাগরং হ্যম্বরপ্রখ্যমম্বরং সাগরোপমম্।
অম্বরং সাগরক্ষোভৌ[1] নির্ব্বিশেষমদৃশ্যতাম্[2] ॥ ৩৩ ॥
[3]সংপৃক্তং নভসা হ্যম্ভঃ সংপৃক্তং চ নভোঽম্ভসা।
তাদৃগ্রূপে[4] স্ম দৃশ্যেতে[5] তারারত্নসমাকুলে ॥ ৩৪ ॥
সমুৎপতিত[6]মেঘস্য[7] মেঘমালাকুলস্য চ।
বিশেষো ন দ্বয়োরাসীৎ সাগরস্যাম্বরস্য চ ॥ ৩৫ ॥
অন্যোন্যৈ[8]রাহতাঃ সন্তঃ[9] সম্বনু[10]র্ভীমনিস্বনাঃ।
ঊর্ময়ঃ সিন্ধুরাজস্য মহাভের্য্য ইবাহতাঃ ॥ ৩৬ ॥

৩৪। লো-টী। অভ্রং গগনম্। 'অভ্রং মেঘে চ গগনে ধাতুভেদে চ কাঞ্চনে' ইতি কোষঃ।

৩৫। লো-টী। সমুৎপতিতমেঘস্য সমুৎপতিতা ইব মেঘা যত্র তস্য সাগরস্য।

পাতালস্পর্শী গগনসদৃশ সংক্ষুব্ধ সমুদ্র এবং সমুদ্রসদৃশ গগন দুই-ই সমান দেখাইতেছিল ॥ ৩২-৩৩ ॥

বহু রত্নপরিপূর্ণ গগনস্পর্শী সমুদ্রজল এবং সমুদ্রজলস্পর্শী তারকারাজি-পরিব্যাপ্ত গগন উভয়কেই তুল্যরূপ দেখা যাইতেছিল ॥ ৩৪ ॥

মেঘ যাহাতে সংলগ্ন হইয়াছে এতাদৃশ সমুদ্র এবং মেঘমালাসমাকুল গগন, উভয়ের মধ্যে কোনই পার্থক্য ছিল না ॥ ৩৫ ॥

পরস্পর আহত হইয়া ভয়ঙ্কর-শব্দকারী সমুদ্রের তরঙ্গসকল আহত (বাদিত) বিশাল ভেরীর ন্যায়ই শব্দ করিতে লাগিল ॥ ৩৬ ॥

১। ছ-ঝ-ণ '-ক্ষোভৌ'। ২। ক '-বশশ্যত', ঙ-ধ-ন '-মদৃশ্যত'। ৩। ছ-জ 'সংযুক্তমম্ভসা হ্যম্ভঃ পৃক্তং নভসা জলম্', দ 'সংযুক্তমম্ভসা হ্যভ্র যুক্তং নভসা জলম্', ষ-প 'সংযুক্তমম্ভসা হ্যম্ভঃ যুক্তং নভসা জলম্'। ৪। জ '-পেষু'। ৫। ষ '-বৃতে'। ৬। ছ 'সংবৃত্ত'। ৭। ক 'বীচিমালাকু-'। ৮। ছ '-ন্যমাহতাঃ'। ৯। ষ 'সর্ব্বে'। ১০। ছ 'সন্নদ্ধুঃ'।

রত্নৌঘং[1] জলসংনাদৈর্ব্বিযুক্তমিব[2] বায়ুনা।
উৎপতন্তমিব[3] ক্রুদ্ধং যাদোগণসমাকুলম্।
অপশ্যংস্তে মহাত্মানং বাতাহতজলাশয়ম্ ॥ ৩৭ ॥
অনিলোদ্ধূতমাকাশে[4] প্রবল্গন্তমিবোর্ম্মিভিঃ[5,6]।
ভ্রান্তোর্ম্মিজলসংনাদং প্রলোলমিব[7] সাগরম্ ॥ ৩৮ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে সাগরদর্শনং নাম
পঞ্চসপ্ততিতমঃ সর্গঃ ॥ ৭৫ ॥

৩৭-৩৮। লো-টী। রত্নৌঘজলসন্নাদৈঃ রত্নসমূহযুক্তজলসন্নাদৈঃ সহ নিযুক্তং বায়ুনা স্বস্থানে নিযুক্তমিব সাগরম্। 'বিযুক্তমিবে'তি পাঠে বায়ুনা প্রেরিতম্। তে বানরা অপশ্যন্নিতি সার্দ্ধদ্বয়েনান্বয়ঃ। পুনঃ কীদৃশম্? ক্রুদ্ধমিব উৎপতন্তমুদ্বিষ্ঠন্তম্, মহাত্মানং মহাধৈর্য্যাং সামর্থ্যে সত্যপ্যনুল্লঙ্ঘিতমর্য্যাদমিত্যর্থঃ। বাতাহতানি জলানি আশেরতে যত্র ইতি বাতাহতজলাশয়ম্। আকাশে প্রবল্গন্তং প্রচলন্তমিব, ভ্রান্তা উর্ম্ময়স্তদ্যুক্তৈর্জ্জলৈঃ সন্নাদং সঙ্কটস্থানম্। 'সন্নাদ'মিত্যপি ক্বচিৎ পাঠঃ। প্রকৃষ্টা লোলা কেলির্যস্য তং প্রকৃষ্টকেলিমন্তমিব। 'লোলা কেলিবিলাসয়ো'রিতি কোষঃ।

সাগরদর্শনম্ ॥ ৭৫ ॥

সেই বানরগণ জলজন্তুসমাকুল বাতান্দোলিত বিশাল জলধি দেখিতে পাইল—সেই জলধি যেন বায়ুবেগে বিচ্ছিন্ন (অর্থাৎ খণ্ড খণ্ড বিভক্ত) হইয়াছে এবং যেন ক্রুদ্ধ হইয়াই জলকল্লোল সহকারে রত্নরাশি উৎক্ষিপ্ত করিতেছে ॥ ৩৭ ॥

[তাহারা দেখিল —] সেই সাগর ঘূর্ণিত তরঙ্গ এবং জলকল্লোলে অতিশয় চঞ্চল হইয়া উঠিয়াছে এবং বায়ুবেগে উৎক্ষিপ্ত হইয়া তরঙ্গমালার সাহায্যে যেন আকাশাভিমুখে উত্থিত হইতেছে ॥ ৩৮ ॥

মহর্ষি বাল্মীকিপ্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে সাগরদর্শন-নামক
৭৫ম সর্গ সমাপ্ত ॥ ৭৫ ॥

১। ঘ-ঙ 'রত্নৌঘজলসংনাদৈর্বিযুক্তা ইব', ছ 'রত্নৌঘজালসম্পন্না জীমূতা ইব'। ২। খ '-ধা'। ৩। দ '-মাকুলং'। ৪। দ '-দ্ধত-'। ৫। ঘ-ঙ '-গং'। ৬। ঘ-ধ 'সংপ্রবন্তমিবোর্ম্মিভিঃ'। ৭। ঘ-ছ-দ 'প্রলীন-'।

(৭৬) ষট্‌সপ্ততিতমঃ সর্গঃ

সা তু নীলেন বিধিবৎ স্ববেক্ষা[১] সুসমাহিতা।
সাগরস্যোত্তরে তীরে[২] সেনা সাধু নিবেশিতা ॥ ১ ॥
মৈন্দশ্চ[৩] দ্বিবিদশ্চোভৌ[৪] তত্র[৫] বানরযূথপৌ।
চেরতুশ্চারক্ষ[৬]গতৌ[৭] তাং[৮] সেনাং সর্ব্বতোদিশম্[৯] ॥ ২ ॥
নিবিষ্টায়াস্তু সেনায়াং তীরে নদনদীপতেঃ।
পার্শ্বস্থং লক্ষ্মণং দৃষ্ট্বা রামো বচনমব্রবীৎ[১০] ॥ ৩ ॥
শোকঃ কিলেহ কালেন গচ্ছতা[১১] হ্যপগচ্ছতি।
মম ত্বপশ্যতঃ কান্তামহন্যহনি[১২] বর্দ্ধতে ॥ ৪ ॥

১। লো-টী। স্ববেক্ষা শোভনপ্রকারেণ আরক্ষণীয়া। 'সবক্ষে'তি পাঠে শোভনা রক্ষা রক্ষণং যস্যাঃ সা।

২। লো টী। আরক্ষণমারক্ষঃ তং গতৌ তদধিকারপ্রাপ্তৌ চেরতুঃ পালয়াঞ্চক্রতুঃ।

৪। লো-টী। বিবৃদ্ধঃ শোকবিরহাদি'তি পাঠে বিরহাজ্জাত ইত্যর্থঃ।

'নীল' শাস্ত্রানুসারে সর্ব্বতোভাবে সুরক্ষিত, অতএব নিরুদ্বিগ্ন সেই সৈন্যসমূহ সমুদ্রের উত্তরতীরে উপযুক্ত ভাবে সন্নিবেশিত করিলেন ॥ ১ ॥

সেই স্থানে বানরদলপতি মৈন্দ এবং দ্বিবিদ উভয়ে সেই সৈন্যগণকে সমস্ত দিক্ হইতে রক্ষা করত বিচরণ করিতে লাগিলেন ॥ ২ ॥

নদ-নদীপতি সমুদ্রের তীরে সেনা সন্নিবেশিত হইলে রামচন্দ্র পার্শ্বস্থিত লক্ষ্মণকে দেখিয়া বলিলেন— ॥ ৩ ॥

সাধারণতঃ শোক কিছুদিন অতিবাহিত হইলে বিদূরিত হয়; কিন্তু প্রিয়া সীতাকে না দেখিয়া আমার শোক প্রতিদিন বৃদ্ধি পাইতেছে ॥ ৪ ॥

১। চ ত 'রক্ষিতা', দ 'সুরক্ষা'। ২। দ 'সংবাসার্থং নিবেশিতাম্'। ৩। দ 'মৈন্দশ্চ'। ৪। দ '-দ্বৈব'। ৫। দ 'যত্র'। ৬। ত 'রক্ষতুস্তৌ মহৌজাঃ'। ৭। দ '-স্থা-'। ৮। দ-ত 'সেনাস্তাং'। ৯। দ ত 'দিশঃ'। ১০। দ 'বাক্যমথা-'। ১১। চ-খ-দ 'বিরহাদ্বর্ধতে বাধি'। ১২। দ 'সীতা-'।

ন মে দুঃখং প্রিয়া দূরে ন মে দুঃখং হৃতেতি বা[1]।
এতদেবানুশোচামি বয়ো[2] যদতিবর্ত্ততে ॥ ৫ ॥
তদ্‌বিয়োগেন্ধনবতা তচ্চিন্তাবিপুলার্চ্চিষা।
রাত্রিন্দিবং শরীরং মে দহ্যতে মদনাগ্নিনা[3] ॥ ৬ ॥
অবগাহ্যা[4]র্ণবং স্বপ্‌স্যে সৌমিত্রে মৈথিলীং বিনা।
কথঞ্চিৎ[5] প্রজ্বলন্[6] কামো[7] জলে সুপ্তং ন মাং দহেৎ ॥ ৭ ॥
[8]বাহি বাত যতঃ কান্তা তাং স্পৃষ্ট্বা মামপি স্পৃশ।
বহ্বেতৎ[9] কাময়ানস্য[10] শক্যং তেনাপি জীবিতুম্ ॥ ৮ ॥

৫। লো-টী। বয়ো যৌবনম্, অতিবর্ত্ততে অতিক্রামতি।

৬। লো-টী। তস্যা বিয়োগ এব ইন্ধনং কাষ্ঠং তদ্বতা তচ্চিন্তৈবাবিপুলা অর্চিঃ শিখা যস্মিন্ তেন।

৮। লো-টী। যতো বাত বাহি বাহি। বহু যথা ভবতি এতদ্বাতস্পর্শনং কাময়ানস্য ইচ্ছতো মম। তেনাপি বাতস্পর্শেনাপি।

প্রিয়া সীতা দূরদেশে [অবস্থান করিতেছেন], এইজন্য আমার দুঃখ নয়, অথবা অপহৃত হইয়াছেন, সেইজন্যও আমার দুঃখ নয়; কিন্তু ইহার যৌবন অতিবাহিত হইতেছে, এইজন্যই আমি দুঃখিত হইতেছি ॥ ৫ ॥

সেই সীতার বিরহরূপ ইন্ধন এবং তাহার চিন্তারূপ শিখাযুক্ত কামাগ্নি দিবারাত্র আমার শরীর দগ্ধ করিতেছে ॥ ৬ ॥

হে সুমিত্রানন্দন লক্ষ্মণ, আমি সমুদ্রে অবগাহন করিয়া রাজনন্দিনী সীতাকে বিনা একাকীই [উহার জলে] শয়ন করিব, জলে শয়ন করিলে কোন প্রকারে প্রজ্বলিত কামানল আমাকে দগ্ধ করিতে পারিবে না ॥ ৭ ॥

হে বায়ো, যেখানে আমার প্রিয়া সীতা অবস্থান করিতেছেন, সেই স্থানে প্রবাহিত হইয়া তাহাকে স্পর্শ করিয়া আমাকে স্পর্শ কর, বহুল ভাবে এই বায়ু-স্পর্শনাভিলাষী আমি তদ্দ্বারাও জীবন ধারণ করিতে সমর্থ হইব ॥ ৮ ॥

১। খ-ঙ 'চ', ঘ 'বৈ'। ২। গ 'যদতিবর্ত্ততে', ঘ 'যদভিবর্ত্ততে'। ৩। ঘ 'কামবহ্নিনা'। ৪। ঘ '-হ্যাহং'। ৫। খ-ঙ 'কথং বৈ'। ৬। ঙ 'প্রজ্বলেৎ'। ৭। ছ '-মঃ স মাং সুপ্তং ন মাং দহেৎ', ঘ '-মঃ স মাং সুপ্তং নাভিদহেৎ'। ৮। ঙ-ঘ 'বাহি'। ৯। ঙ 'বহ্বেতৎ'। ১০। ঙ-ব 'শক্যতে নাপি'।

তন্মে[১] দহতি গাত্রাণি[২] বিসর্পিত ইবানলঃ।
মহাসত্ত্ব[৩] প্রিয়া যন্মে করুণং পর্য্যদেবয়ৎ ॥ ৯ ॥
বহ্বেতৎ কাময়ানস্য নৈতদল্পং বিজানতঃ।
যদহং সা চ সুশ্রোণী ধরণীমাশ্রিতাবুভৌ ॥ ১০ ॥
কেদারস্যেব কেদারঃ সজলস্যেব নির্জ্জলঃ।
উপস্নেহেন জীবামি জীবন্তীং যচ্ছৃণোমি[৪] তাম্ ॥ ১১ ॥

৯। লো-টী। মহাসত্ত্ব মহাধৈর্য্যস্য মে মম লুপ্তষষ্ঠীকং পদং লক্ষ্মণসম্বোধনং বা। করুণং যথা ভবতি তথা পর্য্যদেবয়ং অরোদীদিতি যৎ তন্মে গাত্রাণি বিসর্পিত ইবানলঃ প্রক্ষিপ্তবিষো বহ্নিরিব দহতি।

১০। লো-টী। বিজানতো বিজ্ঞস্যাপি কাময়ানস্য মম এতদল্পং দুঃখং ন ভবতীত্যর্থঃ। কিন্তৎ? ধরণীমাশ্রিতাবুভৌ ধরণ্যাং সুপ্তৌ অহং রাজকুমারঃ সা চ রাজকুমারী, তথাপি কামিনাবাবাং যৎ ধরণ্যাং সুপ্তৌ ইতি দেবদুঃখস্তৎ।

১১। লো-টী। কেদারো ধান্যভূমিঃ, ধান্যং যথা ক্ষেত্রস্য উপস্নেহেন জলসম্বন্ধে জীবতি তথা উপস্নেহেন বৈদেহ্যা জীবামি, যত্তস্যাং জীবন্তীং শৃণোমীতি সম্বন্ধঃ। অন্যে তু কেদারস্য ক্ষেত্রাণি বালস্য উপস্নেহেন উপ অধিকেন ন্যূনেন বা স্নেহেন জলেন, কেদারো ধান্যক্ষেত্রম্, যথা বা সজলস্য নদ্যাদেরধিকেন ন্যূনেন বা স্নেহেন জলেন নির্জলো লোকঃ। 'নির্হ্রদ' ইতি পাঠঃ ক্বচিৎ। যথা বৈদেহ্যা অধিকেন ন্যূনেন বা স্নেহেন সৌহার্দ্দেনাহং জীবামি। যদ্ যতঃ। 'উপ স্যাদধিকার্থে চ হীনার্থাসন্নয়োরপি।' 'কেদারোঽদ্রৌ শিবে ক্ষেত্রে ভূমিভেদালবালয়ো'রিতি কোষঃ। 'স্নেহস্তৈলাদি-হার্দ্দয়ো'রিতি ভূরি০—ইতি বাচস্পতে।

হে বীর লক্ষ্মণ, আমার প্রিয়া সীতা যে করুণ বিলাপ করিয়াছিলেন, সেই বিলাপই বিসর্পিত বহ্নির ন্যায় আমার গাত্র দগ্ধ করিতেছে ॥ ৯ ॥

হে রাজপুত্র, আমি এবং সেই রাজকুমারী সীতা, এই দুই জনই যে ভূমিতে শয়ন করি, ইহা আমি বিজ্ঞ হইলেও কামার্ত্ত আমার পক্ষে অল্প দুঃখের কারণ নয় ॥ ১০ ॥

শুষ্ক ধান্যাদি যেরূপ সজল ধান্যক্ষেত্রের জলদ্বারা জীবিত থাকে, সেইরূপ আমিও 'সীতা জীবিত আছেন', ইহা শুনিয়াই জীবিত আছি ॥ ১১ ॥

১। ঙ-পুস্তকে ইতঃ শ্লোকত্রয়ং নাস্তি। ২। চ '-পীড়'। ৩। ছ-ত '-ত্ত্বা'। ৪। ত 'যৎ সংশোচিতাম্'।

কদা নু চারুদন্তোষ্ঠং তস্যাঃ পদ্মনিভং মুখম্[১] ।
ঈষদুন্নম্য পশ্যামি রসায়নমিবোত্তমম্ ॥ ১২ ॥
সা নূনমসিতাপাঙ্গী রাক্ষসীমধ্যগা[২] প্রিয়া ।
মন্নাথা নাথহীনেব ত্রাতারং নাধিগচ্ছতি ॥ ১৩ ॥
কদাবধূয় রক্ষাংসি সা বধূরুৎপতিষ্যতি ।
নির্ভিদ্য[৩] জলদং নীলং তড়িল্লেখেব[৪] জানকী[৫] ॥ ১৪ ॥
কদানু খলু সুশ্রোণীং পদ্মপত্রায়তেক্ষণাম্ ।
বিজিত্য[৬] শত্রুং দ্রক্ষ্যামি সীতাং স্ফীতামিব শ্রিয়ম্[৭] ॥ ১৫ ॥
কদা শোকমিমং ঘোরং মৈথিলীবিপ্রয়োগজম্ ।
সহসা বিপ্রমোক্ষ্যামি বাসঃ শুক্লেতরং যথা ॥ ১৬ ॥

১২। লো-টী। উন্নম্য উত্তোল্য।
১৪। লো-টী। অবধূয় প্রকম্প্য, শুক্লেতরং শুক্লাদিতরঞ্চ।

কবে সেই সীতার মনোহর দন্ত এবং ওষ্ঠবিশিষ্ট পদ্মসদৃশ উত্তম রসায়নের ন্যায় মুখখানি ঈষৎ উত্তোলিত করিয়া দেখিব ॥ ১২ ॥

আমি যাহার প্রভু সেই অসিতলোচনা আমার প্রিয়া সীতা রাক্ষসীদিগের মধ্যে অবস্থান করিয়া অনাথার ন্যায় কোন রক্ষক লাভ করিতে পারিতেছেন না ॥ ১৩ ॥

বিদ্যুল্লেখা যেমন সুনীল গগনমণ্ডল ভেদ করিয়া আবির্ভূত হয়, কবে আমার প্রিয়বধূ জানকী সেইরূপ রাক্ষসদিগকে অভিভূত করিয়া [আমার সমক্ষে] আবির্ভূত হইবেন ॥ ১৪ ॥

কবে শত্রুকে পরাজিত করিয়া সমৃদ্ধ রাজলক্ষ্মীর ন্যায় পদ্মপলাশ লোচনা বিশালনিতম্বিনী সীতাকে দেখিতে পাইব ॥ ১৫ ॥

মিথিলা-রাজনন্দিনী সীতার বিরহজনিত এই সুদারুণ শোক শুভ্রেতর মলিন বসনের ন্যায় কবে পরিত্যাগ করিব ॥ ১৬ ॥

১। ঘ '-ভলং'। ২। ঘ 'রক্ষসাং'। ৩। ত 'নির্জ্জিত্য'। ৪। ছ-খ 'শশিলেখেব'। ৫। ঘ 'মৈথিলী'। ৬। খ 'নির্জ্জিত্য'। ৭। ছ '-বাশ্রয়ম্'।

স্বভাবতনুরত্যর্থং শোকেনানশনেন চ।

ভূয়স্তনুতরা[১] সীতা দশাভাগ্যবিপর্য্যয়ে[২] ॥ ১৭ ॥

কদা নু[৩] রাক্ষসেন্দ্রস্য নিধায়োরসি সায়কান্[৪]।

সীতাং প্রত্যানয়িষ্যামি শোকবেগপরিপ্লুতাম্[৫] ॥ ১৮ ॥

এবং[৬] বিলপতস্তত্র তস্য রামস্য ধীমতঃ।

দিনক্ষয়ান্মন্দবপুর্[৭]ভাস্করোঽস্তমুপাগমৎ ॥ ১৯ ॥

[৮] ইতি স দয়িতাবিনাকৃতঃ সুরপতিতুল্যবপুর্নরেশ্বরঃ[৯]।

লবণজলমুদীক্ষ্য দুস্তরং জনকনরেন্দ্রসুতামচিন্তয়ৎ ॥ ২০ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে রামবিলাপো নাম
ষট্‌সপ্ততিতমঃ সর্গঃ ॥ ৭৬ ॥

১৭। লো-টী। স্বভাবত এব তন্বঃ ক্ষীণাঙ্গী, দশা সুপদশা, ভাগ্যবিপর্য্যয়ে পুণ্যক্ষয়ে।

১৮। লো-টী। শোকবেগঃ শোকপ্রবাহঃ তেন পরিপ্লুতাম্। 'বেগো জবে প্রবাহে চ মহাকালফলেঽপি চেতি' কোষঃ।

১৯। লো-টী। মন্দমন্দতেজঃ বপুর্যস্য সঃ।

২০। লো-টী। বিনাকৃতস্ত্যক্তঃ।

বেলাবনবিলাপঃ ॥ ৭৬ ॥

স্বভাবতঃ কৃশাঙ্গী সীতা ভাগ্যবিপর্য্যয়ে শোক এবং অনাহারে আরও অধিকতর কৃশা হইয়াছেন ॥ ১৭ ॥

কবে রাক্ষসরাজ রাবণের বক্ষে বাণ বিদ্ধ করত শোকসন্তপ্তা সীতাকে প্রত্যানয়ন করিব ॥ ১৮ ॥

ধীমান্ রামচন্দ্র এইরূপ বিলাপ করিতে লাগিলে দিবাবসান-হেতু ক্ষীণতেজা রবি অস্তমিত হইলেন ॥ ১৯ ॥

প্রিয়াবিরহী ইন্দ্রসদৃশ সেই নরেন্দ্র রামচন্দ্র দুস্তর লবণসমুদ্র দর্শন করিয়া জনকরাজ-নন্দিনী সীতাকে চিন্তা করিতে লাগিলেন ॥ ২০ ॥

মহর্ষি বাল্মীকিপ্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে রামবিলাপ-নামক
৭৬ম সর্গ সমাপ্ত ॥ ৭৬ ॥

১। ঘ-ছ-ধ 'ভাগা', দ 'যাত্রা'। ২। ঘ-দ '-ভাগ-'। ৩। দ 'তু'। ৪। ছ '-শায়কান্'। ৫। ত '-তং'। ৬। ঝ-দ '-এবং তত্র'। ৭। ছ '-রশ্মি-'। ৮। ক-পুস্তকে অয়ং শ্লোকো নাস্তি। ৯। ঘ-ত '-র্মহেন্দ্রপুরং'।

(৭৭) সপ্তসপ্ততিতমঃ সর্গঃ

[১] দগ্ধ্বা লঙ্কাং ততো যাতে হনুমতি মহামতৌ ।
রাক্ষসান্ নিহতান[২]ুগ্রান্ মহাবলপরাক্রমান্ ॥ ১ ॥
শ্রুত্বা পরমদুঃখার্তা জননী রক্ষসাং পতেঃ ।
সুতং পরম[৩]তত্ত্বার্থ[৪]মিত্যুবাচ বিভীষণম্ ॥ ২ ॥
ইষ্টান্ দারান্ মৃগয়তা প্রেষিতো হনুমানিহ ।
রাঘবেণ নয়জ্ঞেন সা চ দৃষ্টা বিভীষণ ॥ ৩ ॥
পুত্র রাক্ষসরাজস্য মহানয়মুপপ্লবঃ ।
বিদিতং তে মহাপ্রাজ্ঞ[৫] যথেদং বৈ ভবিষ্যতি ॥ ৪ ॥

২। লো-টী। পরমঃ শ্রেষ্ঠঃ তত্ত্বার্থো যস্য সঃ।

৩। লো-টী। নয়জ্ঞেন নীতিজ্ঞেন, উপপ্লবঃ মহানুৎপাতঃ।

৪। লো-টী। ইদং মহোৎপাতাদিকং। যথা যৎপ্রকারকং সর্ব্বনাশায় ভবিষ্যতীতি যত্তৎ তে বিদিতম্।

মহামতি হনুমান্ প্রবল-পরাক্রমশালী উদ্ধত রাক্ষসদিগকে বিনাশপূর্ব্বক লঙ্কানগরী দগ্ধ করিয়া গমন করিলে রাক্ষসরাজমাতা তাহা শ্রবণ করিয়া অত্যন্ত দুঃখিতা হইয়া পরমতত্ত্বজ্ঞ পুত্র বিভীষণকে এইরূপ বলিলেন— ॥ ১-২ ॥

হে বিভীষণ, প্রিয়তমা ভার্য্যার অনুসন্ধানকারী নীতিজ্ঞ রামচন্দ্র হনুমান্কে এই লঙ্কায় প্রেরণ করিয়াছিলেন এবং সেই হনুমান্ সীতাকে দেখিয়াছে ॥ ৩ ॥

হে অতিশয় বুদ্ধিমান্ পুত্র বিভীষণ, রাক্ষসরাজ রাবণের নিদারুণ বিপদ্ উপস্থিত, ইহার পরিণতি তোমার জানা আছে ॥ ৪ ॥

১। খ 'লঙ্কাং দগ্ধ্বা'। ২। ঘ '-সত্ত্ব-'। ৩। ঙ '-বিদিত-'। ৪। ছ '-তত্ত্বজ্ঞ-'। ৫। ঘ '-বুদ্ধে'।

অধর্ম্মেণ হি ধর্ম্মজ্ঞ ভুজ্যমানং [১]মহৎ সুখম্।
[২]আত্মহত্যাপদং ঘোরামসুহৃৎ[৩]প্রীতিবর্দ্ধিনীম্ ॥ ৫ ॥
তদিদং [৪]গর্হিতং কর্ম্ম কৃতং ভ্রাত্রা তবানঘ।
ন প্রীণয়তি [৫]মাং ভুক্ত[৬]মপথ্যমিব ভোজনম্ ॥ ৬ ॥
স হি সীতাং হৃতাং জ্ঞাত্বা সর্ব্বাস্ত্রগতিকোবিদঃ।
প্রকরিষ্যতি ধর্ম্মাত্মা রামঃ সদৃশমাত্মনঃ ॥ ৭ ॥
স হি সত্যব্রতশ্চৈব [৭]দিব্যে চাস্ত্রবলে স্থিতঃ।
গৃহীতচাপঃ সংক্রুদ্ধঃ শোষয়েদপি সাগরম্ ॥ ৮ ॥
[৮]যে হি যুদ্ধে পুরা তেন হতশে[৯]ষা নিশাচরাঃ।
ইহ প্রাপ্তাঃ পরিত্রস্তাস্তদ্বীর্য্যহতপৌরুষাঃ ॥ ৯ ॥

৫। গো-টী। ভুজ্যমানং সুখং কর্ত্তৃপদম্। অসুহৃৎ শত্রুস্তস্য প্রীতিবর্দ্ধিনীম্।
৬। গো-টী। গর্হিতং কর্ম্ম কর্ত্তৃপদম্।

হে ধর্ম্মজ্ঞ, অধর্ম্মদ্বারা যে সুখ ভোগ করা যায়, তাহা শত্রুর প্রীতিবর্দ্ধক ভয়ঙ্কর বিপদ্ জন্মায় ॥ ৫ ॥

হে অনঘ (পুণ্যাত্মন্), তোমার ভ্রাতা রাবণকর্ত্তৃক অনুষ্ঠিত এই গর্হিতকার্য্য অপথ্যদ্রব্য-ভোজনের ন্যায় আমাকে প্রীত করিতেছে না ॥ ৬ ॥

সমস্ত অস্ত্র পরিচালনে নিপুণ ধর্ম্মাত্মা সেই রামচন্দ্র সীতাকে অপহৃতা জানিয়া নিজের উপযুক্ত কার্য্য করিবেন ॥ ৭ ॥

সত্যপ্রতিজ্ঞ স্বর্গীয় অস্ত্রবলে বলীয়ান্ সেই রামচন্দ্র ক্রুদ্ধ হইয়া ধনুর্দ্ধারণ করিলে সমুদ্রকেও শোষণ করিতে পারেন ॥ ৮ ॥

ইতঃপূর্ব্বে যুদ্ধে তৎকর্ত্তৃক হতাবশিষ্ট যে সমস্ত রাক্ষস তাঁহার পরাক্রমে হতবীর্য্য ও ভীত হইয়া এস্থানে (লঙ্কায়) প্রত্যাবর্ত্তন করিয়াছে,

১। ঘ-ঙ-ঝ 'মহা-'। ২। ছ 'আত্মহত্যা-'। ৩। চ '-কীর্ত্তি-'। ৪। ঘ 'নিন্দিতং'। ৫। ছ-চ 'মে'। ৬। ঘ '-মপথ্য-'। ৭। ঘ '-দিব্যাস্ত্রবলে স্থিতঃ'। ৮। ঘ-ঝ 'যে'। ৯। ঘ '-শেষাশ্চ রাক্ষসাঃ'।

দুর্ব্বিগাহং[1] দুরাধর্ষং ক্রুদ্ধস্য শরদুর্দ্দিনম্।
তস্য বীরস্য দুস্তীর্ণং[2] বর্ণয়ন্তি নিশাচরাঃ ॥ ১০ ॥
চতুর্দ্দশসহস্রাণি রক্ষসাং ক্রূরকর্ম্মণাম্[3]।
কো নু মর্ত্ত্যস্তথা হন্যাদেকঃ পরমসংযুগে ॥ ১১ ॥
নূনং চরতি[4] লোকাংস্তু কালঃ স[5] নরবিগ্রহঃ।
তাদৃশং ন হি দেবেষু বীর্য্যমস্ত্যসুরেষু বা[6] ॥ ১২ ॥
খরস্যৈব বধাম্মন্যে[7] মারীচনিধনাত্তথা[8][9]।
ন রামসদৃশোঽস্তীতি নিশাচরগণেশ্বর ॥ ১৩ ॥
তমেবংগুণসম্পন্নং মত্বা দশরথাত্মজম্।
ন শান্তিমুপগচ্ছামি ভয়াৎ প্রব্যথিতেন্দ্রিয়া[10] ॥ ১৪ ॥

১০। লো-টী। দুরাধর্ষং ধর্ষয়িতুং প্রতিকর্তুমশক্যং দুর্বিগাহং বিগাহিতুং সমীপে গন্তুমপ্যশক্যম্।

১৩। লো-টী। হে নিশাচরগণেশ্বর।

তাহারা সেই ক্রুদ্ধ বীর রামচন্দ্রের শরবৃষ্টি অপ্রতিকার্য্য, অনধিগম্য ও দুস্তর বলিয়া বর্ণনা করে ॥ ৯-১০ ॥

ভীষণ যুদ্ধে কোন্ মানব ক্রূরকর্ম্মা চতুর্দ্দশ-সহস্র রাক্ষসকে একাকী বধ করিতে সমর্থ? ॥ ১১ ॥

নিশ্চয় সেই রামচন্দ্র সাক্ষাৎ কাল, নররূপ ধারণ করিয়া ত্রিভুবনে বিচরণ করিতেছেন; যেহেতু, তাঁহার সামর্থ্যের অনুরূপ সামর্থ্য দেবতা এবং অসুরদের মধ্যে দেখা যায় না ॥ ১২ ॥

হে রাক্ষসগণের প্রভু, খর এবং মারীচের বধেই আমি মনে করি—রামের তুল্য কেহ নাই ॥ ১৩ ॥

দশরথ-নন্দন সেই রামচন্দ্রকে এতাদৃশগুণসম্পন্ন জানিয়া ভয়ে ব্যাকুল হইয়া আমি শান্তি লাভ করিতেছি না ॥ ১৪ ॥

১। খ-ছ '-গাঢ়ং'। ২। খ 'বিস্তীর্ণং'। ৩। চ-ঙ-প 'ভীম-'। ৪। ঙ-দ 'হরতি'। ৫। ঙ 'পুনর্-'। ৬। ছ-ঙ-খ-দ 'চ'। ৭। দ 'বধং মন্যে'। ৮। খ '-চস্য বধা-'। ৯। খ '-স্ততঃ'। ১০। ঙ '-প্রমথিতে-'।

তদ্ যথা প্রাপ্তকালস্তে[১] বীর ন ব্যতিবর্ত্ততে।
তথাচর বিশালাক্ষ বুদ্ধ্যা পরমসূক্ষ্ময়া[২] ॥ ১৫ ॥
হিতং বচনমায়ত্যাং তদাত্বং[৩] মধুরোদয়ম্।
শ্রাবয়াশ্বৈব[৪] বাক্যত্ত্ব রাবণং যদি শক্যসে ॥ ১৬ ॥
অহমুদ্[৫]বৃত্তহৃদয়ং ধর্ম্মাচ্চলিত[৬]মানসম্।
ন হ্যেনমকৃতাত্মানমুৎসহে[৭] পুত্র শাসিতুম্ ॥ ১৭ ॥
সীতাং নির্যাতয়[৮]স্বেতি বচনং বদতাং বর।
পৌলস্ত্যঃ শ্রাব্যতাং শীঘ্রমেতদত্র হিতং ভবেৎ ॥ ১৮ ॥

১৫। লো-টী। হে বীর, তে তব পরমসূক্ষ্ময়া বুদ্ধ্যা প্রাপ্ত উপস্থিতঃ কালঃ, প্রাপ্তশ্চাসৌ কালশ্চেতি, ন ব্যতিবর্ত্ততে নাতিক্রামতি। অস্মানিতি শেষঃ। তথা আচর।

১৬। লো-টী। আয়ত্যামুত্তরকালে হিতং মধুরোদয়ং মধুরমুদয়ং বৃদ্ধিজনকং চ বচনম্। তদাত্বং তৎকালং প্রিয়ম্। 'তৎকালস্তু তদাত্বং স্যাদুত্তরঃ কাল আয়তি'রিতি রত্নমালা।

১৭। লো-টী। উদ্বৃত্তহৃদয়ং ধর্ম্মমুৎক্রম্য বর্ত্তমানং হৃদয়ং বুদ্ধির্যস্য তম্।

১৮। লো-টী। নির্যাতয়স্ব দেহি।

অতএব হে বীর, তোমার সূক্ষ্মবুদ্ধিদ্বারা সেইরূপ আচরণ কর যাহাতে উপস্থিত কাল অতিবাহিত না হয় (অর্থাৎ অবিলম্বেই উপায় স্থির কর) ॥ ১৫ ॥

যদি সমর্থ হও তবে, ভবিষ্যতে হিতজনক এবং বর্ত্তমানে প্রীতিকর বাক্য (উপদেশ) অদ্যই রাবণকে শ্রবণ করাও ॥ ১৬ ॥

হে পুত্র, ধর্ম্মবিরুদ্ধমতি অধর্ম্মপরায়ণ অসংস্কৃতচিত্ত এই রাবণকে আমি নিজে শাসন করিতে ইচ্ছা করিতেছি না ॥ ১৭ ॥

হে বাগ্মিবর, "সীতাকে প্রদান কর," এই কথা পুলস্ত্যনন্দন রাবণকে শীঘ্র বল, ইহাই এখন মঙ্গলকর হইবে ॥ ১৮ ॥

১। ক '-লস্থ'। ২। ঙ ধ '-সূক্ষ্মা'। ৩। ঘ-ধ 'তে'। ৪। ঘ ঙ 'ধর্ষিত'। ৫। ধ '-মুদ্বৃত্তং'। ৬। ঘ-ধ '-চরিত-'। ৭। ক '-সহেহত্মানুগা-', ঙ-ধ '-সন্নিহিতানুগা-'। ৮। ঘ-ধ '-পদ-'।

কর্ম্মভির্দ্দারুণৈঃ[১] শ্রান্তং হৃতমজ্ঞাননিদ্রয়া[২]।
ধর্ম্মবাক্যানিলৈঃ শীতৈরবুদ্ধিং[৩] প্রতিবোধয় ॥ ১৯ ॥
অস্মিন্ রক্ষোগণাকীর্ণে দারুণে লোমহর্ষণে।
ত্বমেকো ভ্রাজসে[৪] কীর্ত্ত্যা ঘনমুক্ত[৫] ইবোড়ুরাট্ ॥ ২০ ॥
ত্বয়া হ্যেকেন সর্ব্বোঽয়মধর্ম্মপ্রসৃতো[৬] জনঃ।
ধার্য্যতে[৭] সাধুবৃত্তেন সেতুনেব মহোদধিঃ ॥ ২১ ॥
যথা ন পাপগ্রহণেন গৃহ্যসে[৮] যথা ন[৯] কীর্ত্ত্যা পরয়া বিযুজ্যসে[১০]।
তথা যতস্বেহ হিতানুদর্শনে যথা ন মৃত্যোর্ব্বশমেষি সর্ব্বশঃ ॥ ২২ ॥

১৯। লো-টী। হৃতং সুপ্তম্।
২০। লো-টী। রক্ষোগণাকীর্ণে দেশে ইতি শেষঃ।
২১। লো-টী। অধর্ম্মঃ প্রসৃতো বেগবান্ যস্য সঃ। অধর্ম্মস্য প্রবাহে। জাতো যত্রেত্যর্থঃ। যদ্বা, অধর্ম্মস্য প্রসৃতং প্রসরণং জাতং যস্মাৎ সঃ 'প্রসৃতঃ সুপ্রসবে স্যাদ্বিনীতে বেগিতে ত্রিষিতি' কোষঃ। 'প্রসূত' ইতি পাঠেঽধর্ম্মঃ প্রসূতঃ সংজাতো যত্র সঃ। 'প্রসূতং কুসুমে ক্লীবং ত্রিষু সংজাতসূতয়ো'রিতি ভূরি০।
২২। লো-টী। পাপগ্রহণেন পাপলব্ধা পাপফলেনেতি যাবৎ। 'গ্রহণস্ত্ব গ্রাহবন্ধ্যাং স্বীকারাদপলব্ধি'রিতি (?) ভূরি০। ন গৃহ্যসে ন লিপ্যসে। সর্ব্বশঃ সর্ব্বপ্রকারেণ যতস্ব। এষি প্রাপ্নোষি। 'এতী'ত্যস্মিন্ কচিৎ পাঠঃ।

দারুণ কর্ম্মদ্বারা শ্রান্ত এবং অজ্ঞাননিদ্রায় সুপ্ত বুদ্ধিহীন রাবণকে ধর্ম্ম-বাক্যরূপ শীতল বায়ুদ্বারা জাগরিত কর ॥ ১৯ ॥

রাক্ষসগণ-সমাকীর্ণ রোমাঞ্চজনক এই দারুণ স্থানে মেঘমুক্ত চন্দ্রের ন্যায় তুমি একাই গৌরবের সহিত শোভা পাইতেছ ॥ ২০ ॥

তুমি একাই অধর্ম্মবহুল এই সমস্ত লোককে সেতুদ্বারা মহাসমুদ্রের ন্যায়, সৎস্বভাবদ্বারা ধারণ করিয়া রাখিয়াছ ॥ ২১ ॥

যাহাতে পাপজনক কার্য্যে লিপ্ত না হও, সৎ-কীর্ত্তি-বিরহিত না হও এবং যাহাতে সর্ব্বপ্রকারে মৃত্যুর বশীভূত হইতে না হয়, সেইরূপ হিতোপদেশ-দানে প্রবৃত্ত হও ॥ ২২ ॥

১। ছ '-র্দ্দারুণৈঃ'। ২। ঙ 'কৃত-'। ৩। '-র্দ্দুর্ব্বুদ্ধিং'। ৪। ঙ-খ 'রাজসে'। ৫। ছ 'রাহু-', ঙ 'ঘনমুক্ত-'। ৬। '-সৃতো'। ৭। ঙ 'বাধ্যতে'। ৮। ঙ-ছ-দ 'সৃজ্যসে'। ৯। ঘ-ছ 'চ'। ১০। ঘ-ছ-দ 'চ যুজ্য-'।

[১]

ইতস্ততো মদসুরভির্যথা দ্রবন্ নিবার্য্যতে পরমশিতৈর্ম্মহাঙ্কুশৈঃ।
মহাদ্বিপো রজনিচরাধিপস্তথা নিবার্য্যতাং হিতবচনাঙ্কুশৈর্বলাৎ॥ ২৩॥

অথৈবমুক্তশ্চরণৌ[২] নিপীড্য বৈ শুভৌ[৩] জনন্যা বিষয়েষ্বমৎসরী।
কৃতাভ্যনুজ্ঞঃ স তদা কৃতাঞ্জলির্জগাম রক্ষোঽধিপদর্শনোৎসুকঃ॥ ২৪॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে নিকষাবাক্যং নাম
সপ্তসপ্ততিতমঃ সর্গঃ॥ ৭৭॥

২৩। লো-টী। মদ ইব সুরভিশ্চারুঃ সুগন্ধবো (?) যস্য সঃ। 'সুরভির্গন্ধশল্লক্যাং ত্রিষু চারুসুগন্ধিষু' ইতি ভূরিং।

২৪। লো-টী। জনন্যা বিষয়েষু বাগ্বিনয়েষু অমৎসরা মাৎসর্য্যশূন্যঃ।

নিকষাবাক্যম্॥ ৭৭॥

ইতস্ততঃ সুগন্ধ-মদস্রাবী প্রকাণ্ড হস্তী যেরূপ তীক্ষ্ণ অঙ্কুশদ্বারা নিবারিত হয়, রাক্ষসরাজ রাবণকেও সেইরূপ হিতবাক্যরূপ অঙ্কুশদ্বারা বলপূর্ব্বক নিবারিত কর॥ ২৩॥

জননীর বাক্যে মাৎসর্য্যহীন বিভীষণ জননীকর্ত্তৃক এইরূপ উক্ত হইয়া কৃতাঞ্জলিপুটে তাঁহার পাদবন্দনা করত অনুমতি লাভ করিয়া রাক্ষসরাজ রাবণের দর্শনলালসায় উৎকণ্ঠিত হইয়া গমন করিলেন॥ ২৪॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে নিকষাবাক্য-নামক
৭৭ম সর্গ সমাপ্ত॥ ৭৭॥

১। ছ-খ 'ব্রজন্'। ২। ছ '-ভ্যৌ'। ৩। ঘ-ঙ-চ 'শুভৌ'।

(৭৮) [1]অষ্টসপ্ততিতমঃ সর্গঃ

ততঃ প্রত্যুষসি প্রাপ্তে প্রাপ্তধর্ম্মবিনিশ্চয়ঃ।
রাক্ষসাধিপতের্ব্বেশ্ম [4]ভীমকর্ম্মা বিভীষণঃ ॥ ১ ॥
[5]শ্বেতাভ্রবৃন্দসঙ্কাশং [6]গিরিশৃঙ্গ[7]মিবোচ্ছ্রিতম্।
সুবি[8]ভক্তমহাকক্ষং মহারথপরিগ্রহম্ ॥ ২ ॥
মতিমদ্ভির্মহা[9]মাত্যৈরভিযুক্তৈ[10]রধিষ্ঠিতম্।
রক্ষোভি[11]শ্চাপ্যুপায়জ্ঞৈঃ সর্ব্বতঃ [12]পরিবারিতম্ ॥ ৩ ॥
মত্তমাতঙ্গনিশ্বাসৈঃ সঙ্কুলীকৃতমারুতম্।
পরস্পরকৃতোৎসাহং প্রবলা[13]শ্বৈরলঙ্কৃতম্ ॥ ৪ ॥
প্রমদা[14]শতসংবাধং প্রবল্গিতমিবৌজসা।
রত্ন[15]বিদ্রুমবৈদূর্য্যভূষণোত্তমনিঃস্বনম্ ॥ ৫ ॥

অনন্তর প্রাতঃকালে ধর্ম্মতত্ত্বজ্ঞ ভীমকর্ম্মা দীপ্তিমান্ বীর বিভীষণ রাক্ষসরাজের শুভ্র মেঘবৃন্দসদৃশ, পর্ব্বতশৃঙ্গের ন্যায় উন্নত, বিভক্তীকৃত প্রকোষ্ঠযুক্ত, বিশাল রথের আশ্রয়, শাস্ত্রজ্ঞ বুদ্ধিমান্ মন্ত্রিগণকর্তৃক অধিষ্ঠিত, উপায়জ্ঞ রাক্ষসগণ কর্তৃক চতুর্দ্দিকে পরিবেষ্টিত, মত্ত হস্তীর নিশ্বাস-বায়ুদ্বারা ঘূর্ণায়মান বায়ুযুক্ত, পরস্পর উৎসাহিত বলবান্ অশ্বগণ কর্তৃক অলঙ্কৃত, রমণীগণে পরিব্যাপ্ত, শোভাদ্বারা (লোকের দৃষ্টি) বল্গার ন্যায় আকর্ষণকারী, রত্নপ্রবাল-বৈদূর্য্য ও উৎকৃষ্ট

১। সর্গোঽয়ং ক-পুস্তকে ন দৃশ্যতে। ২। ত-থ 'কৃতধর্ম্মার্থ-', দ 'কৃতকর্ম্মার্থ-'। ৩। ঘ '-বিনির্ণয়ঃ'। ৪। ঘ 'সাধু-', ছ-টী 'শুদ্ধ-'। ৫। ত 'সিতা-'। ৬। ত-থ-দ 'শৈল-'। ৭। ঘ '-স্থিতম্'। ৮। দ '-মিবাকাশং'। ৯। ঘ-থ '-রনু-'। ১০। ছ '-রনু-'। ১১। ত-থ-দ '-পাপর্য্যস্তৈঃ'। ১২। ঘ '-বেষ্টিতম্'। ১৩। ঘ '-বিভূষিতম্'। ১৪। ঘ '-সঙ্কীর্ণং'। ১৫। ত-দ 'নির্ঘোষ-'।

গন্ধর্ব্বাণামিবাবাসমালয়ং মরুতামিব।
রত্নসঞ্চয়সংবাধং ভবনং ভোগিনা[1]মিব ॥ ৬ ॥
তং মহাভ্রমিবাদীপ্তং[2] তেজোরাশিমিবোজ্জ্বলম্[3]।
অগ্রজস্যালয়ং বীরঃ প্রবিবেশ মহাদ্যুতিঃ[4] ॥ ৭ ॥
হৃষ্টঃ পুণ্যাহশব্দাংশ্চ বেদবিদ্‌ভিরুদীরিতান্।
শুশ্রাব স মহাতেজা[5] ভ্রাতু[6]র্ব্বিজয়সংহিতান্ ॥ ৮ ॥
পূজিতান্ দধিপাত্রৈশ্চ সসর্পিঃসুমনোহক্ষতৈঃ[7]।
তত্র মন্ত্রবিদো বিপ্রান্[8] দদর্শ স মহা[9]যশাঃ ॥ ৯ ॥
সন্দীপ্যমানং রক্ষোভির্দ্দীপ্তা[10]গ্নিমিব তেজসা।
আসনস্থং মহাভাগং ববন্দে নৈঋর্তর্ষভম্ ॥ ১০ ॥

অলঙ্কারের শব্দে মুখরিত, গন্ধর্ব্বদিগের বাসস্থানের ন্যায় এবং দেবতাদিগের গৃহস্বরূপ, পাতালপুরীর ন্যায় সঞ্চিত রত্নসমূহে পরিব্যাপ্ত, দীপ্তিসমূহে উজ্জ্বল, ভীষণ মেঘের ন্যায় শোভমান, অগ্রজ সেই প্রসিদ্ধ রাবণের গৃহে প্রবেশ করিলেন ॥ ১-৭ ॥

সেই মহাতেজস্বী বিভীষণ হৃষ্ট হইয়া বেদবিদ্ ব্রাহ্মণগণ কর্ত্তৃক উচ্চারিত ভ্রাতার বিজয়সূচক পুণ্যাহাদি শব্দ শুনিতে পাইলেন ॥ ৮ ॥

মহাযশস্বী বিভীষণ সেইখানে ঘৃত, পুষ্প এবং অক্ষতদ্বারা অর্চ্চিত দধিযুক্ত-পাত্র-হস্তে মন্ত্রজ্ঞ ব্রাহ্মণদিগকে দেখিতে পাইলেন ॥ ৯ ॥

[বিভীষণ] তেজে উজ্জ্বল অগ্নির ন্যায় রাক্ষসগণের সাহায্যে দীপ্যমান ঐশ্বর্য্যশালী আসনে উপবিষ্ট রাক্ষসশ্রেষ্ঠ রাবণকে অভিবাদন করিলেন ॥ ১০ ॥

১। ঘ 'যোগিনা-'। ২। ঙ '-দীপ্তং তেজো-'। ৩। ঙ-দ '-মিবাদ্‌ভুতম্', ঘ '-মিবোদিতম্'। ৪। ঘ '-মনাঃ'। ৫। ঙ-ধ 'সুমহা-'। ৬। ঘ '-প্রাজ্ঞঃ'। ৭। দ '-ক্ষিতৈঃ'। ৮। ঙ 'নম্রান্'। ৯। ঘ-ঙ-দ 'সুমহা-'। ১০। ঙ-দ-ধ '-দীপ্যমানমিবৌজসা'।

স[১] রাজ্ঞোদ্দিষ্টমাবেষ্টু[৩]মাসনং হৈম[২]মাপ্তবান্ ।
জগাম সমুদাচারং প্রযুজ্যাচারকোবিদঃ ॥ ১১ ॥
স রাক্ষসো মহাতেজা বিচার্য্য[৪] স্বামিসন্নিধৌ ।
উবাচ হিতমত্যর্থং বাক্যমায়তিনিশ্চিতম্ ॥ ১২ ॥
আসাদ্য ভ্রাতরং জ্যেষ্ঠং সাধ্বসোপক্রমে[৫] স্থিতঃ ।
দেশকালাভিসম্পাতং[৬] দৃষ্ট্বা[৭]চারপরাক্রমম্[৮] ॥ ১৩ ॥
যদা প্রভৃতি বৈদেহী সংপ্রাপ্তেহ পরন্তপ ।
তদা প্রভৃতি দৃশ্যন্তে নিমিত্তান্যশুভানি চ[৯] ॥ ১৪ ॥
বিস্ফুলিঙ্গঃ প্রশান্তার্চ্চিঃ[১০] সধূমঃ কলুষোদয়ঃ ।
মন্ত্রবিস্তপিতো[১১] বহ্নির্ন সম্যগভিপদ্যতে[১২] ॥ ১৫ ॥

আচারকুশল বিভীষণ উপযুক্ত আচরণ (যথাযোগ্য অভিবাদনাদি) করিয়া প্রবেশ করিলেন এবং উপবেশনার্থে মহারাজ রাবণকর্তৃক নির্দ্দিষ্ট সুবর্ণাসন প্রাপ্ত হইলেন ॥ ১১ ॥

অতিশয় তেজস্বী সেই রাক্ষস বিভীষণ জ্যেষ্ঠ ভ্রাতা রাবণের সমীপে আসিয়া সভয়ে অবস্থান করিয়া দেশকালানুযায়ী আচার এবং পরাক্রম বিবেচনা করত বিচারপূর্ব্বক প্রভু রাবণের সমীপে অবশ্যম্ভাবী অত্যন্ত হিতজনক বাক্য বলিতে আরম্ভ করিলেন—॥ ১২-১৩ ॥

হে শত্রুসন্তাপক রাবণ, যেদিন হইতে এই লঙ্কায় সীতা আসিয়াছেন, সেই দিন হইতে অশুভসূচক নিমিত্ত সকল দেখা যাইতেছে ॥ ১৪ ॥

স্ফুলিঙ্গ ও শিখাবিহীন ধূমযুক্ত অতএব মলিন উৎপন্ন অগ্নি মন্ত্রজ্ঞ ব্রাহ্মণদ্বারা তর্পিত হইয়াও সম্যক্ রূপে প্রজ্বলিত হইতেছে না ॥ ১৫ ॥

১। ছ 'স রাজ্ঞাদিষ্টমতুল-'। ২। দ 'হেম-'। ৩। ত-থ 'প্রগৃহ্যাচার-'। ৪। ত-থ-দ 'বিনয়ন্'। ৫। ত-থ-দ '-ক্রমস্থিতঃ'। ৬। দ '-সন্তাপী', ত থ '-সম্পাতী'। ৭। ছ 'রাম'। ৮। ত-দ '-ক্রমঃ'। ৯। ত-দ 'নঃ'। ১০। ত-থ-দ '-প্রসন্নার্চ্চিঃ'। ১১। ঘ-ত '-বরূপি-'। ১২। ত '-ধীয়সে', ঘ-থ '-তপ্যসে', দ '-ধীয়তে'।

অনিষ্টং হ্যগ্নিশাখাসু[১] তথা ব্রহ্মাসনেষু চ।
সরীসৃপা বিসর্পন্তে[২] হব্যেষু চ পিপীলিকাঃ ॥ ১৬ ॥
গবাং পয়াংস্য[৩]বর্ণানি বিমদা[৪]শ্চাপি কুঞ্জরাঃ।
দীন[৫]মশ্বাঃ প্রহ্রেষন্তে ন চ গ্রাসাভি[৬]নন্দিনঃ ॥ ১৭ ॥
খরোষ্ট্রাশ্চ তথা রাজন্ ভিন্নরোমাশ্রুবর্ত্তিনঃ।
স্বভাবে[৭]নানু[৮]তিষ্ঠন্তি বিধানৈরপি[৯] সংবৃতাঃ ॥ ১৮ ॥
বায়সাঃ সঙ্ঘশঃ[১০] ক্রূরা ব্যাহরন্তি ততস্ততঃ।
সমবেতাশ্চ দৃশ্যন্তে বিমানাগ্রেষু সংপ্রতি ॥ ১৯ ॥
গৃধ্রাঃ সংপর্য্যটন্তি চ পুরীমুপরি[১১] পিণ্ডিতাঃ।
উপরক্তে চ সন্ধ্যে দ্বে ব্যাহরন্ত্যশিবাঃ[১২] শিবাঃ ॥ ২০ ॥

অগ্নিহোত্রগৃহে অনিষ্টদর্শন হইতেছে এবং বেদের অধ্যয়নস্থানে সর্প ও দেবভক্ষ্য পুরোডাশাদিতে পিপীলিকা বিচরণ করিতেছে ॥ ১৬ ॥

গরুর দুগ্ধ বিবর্ণ, হস্তিসমূহ মদবিহীন, অশ্বগণ কাতরভাবে হ্রেষারব করে এবং ঘাসে আগ্রহ করিতেছে না ॥ ১৭ ॥

মহারাজ, গর্দ্দভ এবং উষ্ট্রগণ রোমাঞ্চিত-কলেবরে অশ্রুজল মোচন করিতেছে এবং নিয়মানুসারে প্রতিকার করিলেও প্রকৃতিস্থ হইতেছে না ॥ ১৮ ॥

ক্রূর বায়সগণ মিলিত হইয়া ইতস্ততঃ শব্দ করিতেছে এবং বর্ত্তমানে [উহাদিগকে] বিমানের উপরে একত্রিত দেখা যাইতেছে ॥ ১৯ ॥

লঙ্কানগরীর ঊর্দ্ধভাগে গৃধ্রগণ মণ্ডলাকারে পরিভ্রমণ করিতেছে। শৃগালগণ রক্তবর্ণ প্রাতঃকাল এবং সন্ধ্যাকালে অমঙ্গলকর শব্দ করিতেছে ॥ ২০ ॥

১। ঙ-ণ-দ 'চৈত্যাসনে-'। ২। গ ঙ-ণ '-ন্তি'। ৩। চ '-সি ক্ষরাণি' (?) ত '-সি বর্ণানি'। ৪। খ 'সব-'। ৫। ণ 'দীনশ্চাশ্বাঃ'। ৬। ছ '-তাঃ'। ৭। ঙ-ছ 'অভাবে'। ৮। ধ '-নৈব'। ৯। ঙ-ণ 'সঙ্গতাঃ'। ১০। ঙ-ণ 'সঙ্গতাঃ'। ১১। ত '-পতিতাঃ'। ১২। ঙ-ণ-দ '-শিবং'।

ক্রব্যাদানাং মৃগাণাঞ্চ পুরদ্বারি সমন্ততঃ।
শ্রূয়ন্তে পরুষা ঘোরাঃ সবিস্ফূর্জ্জিতগর্জ্জিতাঃ ॥ ২১ ॥

তদেবং প্রস্থিতে কার্য্যে প্রায়শ্চিত্তমিদং মহৎ।
রোচতাং বীর বৈদেহী রাঘবায় প্রদীয়তাম্ ॥ ২২ ॥

ইদং হি যদি বা মোহাৎ স্নেহাদ্বোদীরিতং[২] ময়া।
তত্রাপি[৩] খলু মে রাজন্ ন দোষং[৪] কর্ত্তুমর্হসি ॥ ২৩ ॥

অয়ং হি দোষঃ সর্ব্বস্য জনস্যাস্যোপলক্ষিতঃ।
প্রায়ো[৫] হ্যস্য কার্য্যস্য নিবৃত্তাস্তব মন্ত্রিণঃ ॥ ২৪ ॥

অবশ্যন্তু ময়া বাচ্যং দৃষ্টং বা যদি বা শ্রুতম্।
সংপ্রধার্য্য যথান্যায়ং তদ্ ভবান্ কর্ত্তুমর্হতি ॥ ২৫ ॥

চারিদিকে নগরীর দ্বারদেশে মাংসাশী [শৃগাল] প্রভৃতি পশু এবং মৃগগণের বজ্রনির্ঘোষের ন্যায় অতি কঠোর শব্দ শুনা যাইতেছে ॥ ২১ ॥

সুতরাং হে বীর, এক্ষণে বৈদেহীকে রামচন্দ্রের হস্তে প্রদান করুন। যে কর্ম্ম অনুষ্ঠিত হইয়াছে, তাহার উত্তম প্রায়শ্চিত্ত ইহাই। ইহা আপনার রুচিকর অর্থাৎ অভিপ্রেত হউক ॥ ২২ ॥

হে রাজন্, যদি আমি মোহবশে বা স্নেহবশে এই কথা বলিয়া থাকি, তাহা হইলেও আমার দোষ গ্রহণ করিবেন না ॥ ২৩ ॥

যেহেতু, এই দোষ এই সমস্ত ব্যক্তিরই দেখা গিয়াছে। [এক্ষণে] আপনার মন্ত্রিগণ এই কার্য্য (উপদেশ দান) হইতে প্রায় নিবৃত্ত হইয়াছেন ॥ ২৪ ॥

আমি যাহা দেখিয়াছি বা শুনিয়াছি, তাহা আমার অবশ্যই বক্তব্য। বিবেচনা করিয়া যাহা উচিত তাহা আপনি করিতে পারেন ॥ ২৫ ॥

১। ড-চ 'পুরী-'। ২। ঘ-থ '-বা কথিতং'। ৩। ঘ-চ 'অত্রা-'। ৪। ড-থ '-রোষং'। ৫। ড-ঘ-চ 'অপেক্ষয়াস্ত'।

হিতং হি [1]তস্মৈ মৃদু হেতুসংযুতং ব্যতীতদোষায়তি [2]সংপ্রতি ক্ষমম্ ।
বি[3]লক্ষয়ন্ কার্য্য[4]মুপস্থিতং বরং প্রসন্নবাগুত্তরমুক্তবানিদম্ ॥ ২৬ ॥
ভয়ং ন পশ্যামি [5]কুতশ্চিদপ্য[6]হং ন রাঘবঃ প্রাপ্স্যতি জাতু মৈথিলীম্ ।
সুরৈঃ সহেন্দ্রৈরপি স[7]ঙ্গতৈঃ কথং মমাগ্রতঃ স্থাস্যতি লক্ষ্মণাগ্রজঃ ॥ ২৭ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে ঔৎপাতিকবর্ণনং
নাম অষ্টসপ্ততিতমঃ সর্গঃ ॥ ৭৮ ॥

ভবিষ্যতে নির্দ্দোষ বর্ত্তমানকালোপযোগী যুক্তিযুক্ত মৃদু হিতোপদেশ ও উপস্থিত উত্তম কর্ত্তব্য লক্ষ্য করিয়া [রাবণ] তাঁহাকে প্রসন্ন বাক্যে প্রত্যুত্তরে এই বলিলেন— ॥ ২৬ ॥

"আমি কাহারও নিকট হইতে ভয়ের কারণ দেখি না, রাম কখনও সীতাকে পাইবে না ; লক্ষ্মণাগ্রজ রাম ইন্দ্রসহ সমস্ত সুরবৃন্দের সহিত সম্মিলিত হইয়াও আমার সম্মুখে অবস্থান করিবে কিরূপে ?" ॥ ২৭ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে ঔৎপাতবর্ণন-
নামক ৭৮ম সর্গ সমাপ্ত ॥ ৭৮ ॥

১। খ-ঘ তি°। ২। ঙ 'সংপ্রতিক্ষমম্', খ 'সংপ্রতিক্ষময়ম্'। ৩। খ '-ক্ষিতম্'। ৪। ঘ '-ক্ষয়ম্'
৫। খ 'কথঞ্চি-'। ৬। ঘ 'স'। ৭। ঙ-ঘ 'সমন্ততঃ'।

(৭৯) একোনাশীতিতমঃ সর্গঃ

[১]লঙ্কায়াং তৎ কৃতং কর্ম্ম দৃষ্ট্বা ঘোরং ভয়াবহম্।
রাক্ষসেন্দ্রো হনুমতা শক্রেণেব মহাত্মনা ॥ ১ ॥
অমাত্যানব্রবীৎ সর্ব্বান্ রাক্ষসান্ সবিভীষণান্[২]।
রোষসংরক্তনয়নঃ কোপাৎ কিঞ্চিদবাঙ্মুখঃ ॥ ২ ॥
[৩]আগতশ্চ প্রবিষ্টশ্চ হনুমান্ নগরীমিমাম্।
দৃষ্টা[৪] তেন চ বৈদেহী[৫] প্রবিশ্যান্তঃপুরং মম[৬] ॥ ৩ ॥
[৭]ধর্ষিতেয়ং পুরী লঙ্কা দুষ্প্রবেশা সুরৈরপি।
তেন বানরমাত্রেণ প্রাকৃতেন সুবুদ্ধিনা ॥ ৪ ॥
প্রাসাদশিখরং ভগ্নং প্রবরা রাক্ষসা হতাঃ।
[৮]আকুলা চ পুরী লঙ্কা সর্ব্বা হনুমতা কৃতা ॥ ৫ ॥

রাক্ষসরাজ রাবণ লঙ্কায় ইন্দ্রতুল্য মহাত্মা হনুমানের সেই ভয়াবহ দুষ্কর কার্য্য দেখিয়া ক্রোধে কিঞ্চিৎ অধোমুখ হইয়া কোপারক্তনেত্রে বিভীষণ, অন্যান্য সমস্ত মন্ত্রী ও রাক্ষসদিগকে বলিলেন— ॥ ১-২ ॥

"হনুমান্ আসিয়া এই নগরীতে প্রবেশ করিয়াছিল এবং সে আমার অন্তঃপুরে প্রবেশ করিয়া সীতাকে দেখিয়া গিয়াছে ॥ ৩ ॥

সাধারণ বানর মাত্র হইয়াও সুবুদ্ধি হনুমান্ এই দেবতাদিগেরও দুষ্প্রবেশ্য লঙ্কানগরী বিধ্বস্ত করিয়াছে ॥ ৪ ॥

হনুমান্ প্রাসাদশিখর ভগ্ন করিয়াছে, শ্রেষ্ঠ রাক্ষসগণকে নিহত করিয়াছে এবং সমস্ত লঙ্কানগরীকে আকুল করিয়া গিয়াছে ॥ ৫ ॥

১। ঘ-ছ '-ম্রান্ত'। ২। খ-ভ 'ভীমবিক্রমান্'। ৩। অতঃ পরং দ-পুস্তকে 'মন্ত্রকালঃ সমুৎপন্নো মন্ত্রাতাং যত্র যজ্জিতম্।' ইত্যধিকম্। ৪। ভ 'দৃষ্ট্বা তেন'। ৫। দ 'প্রধৃষ্যা-'। ৬। ছ-ঝ-থ 'মহৎ'। ৭। ক-দ পুস্তকয়োরয়ং শ্লোকো নাস্তি। ৮। ক 'ব্যাকু-'।

কিং করিষ্যামহে তত্র[1] কিং বা যুক্ত[2]মনন্তরম্ ।
উচ্যতাং যৎ সমর্থং নঃ[3] কিমত্র সুকৃতং ভবেৎ ॥ ৬ ॥
মন্ত্রমূলং হি বিজয়ং প্রাহুরার্য্যা[4] মনস্বিনঃ ।
তস্মাদ্বো[5] রোচতাং[6] মন্ত্রো রামং প্রতি মহাবলাঃ ॥ ৭ ॥
ত্রিবিধাঃ পুরুষা লোকে উত্তমাধমমধ্যমাঃ ।
তেষাস্তু[7] সমবেতানাং গুণদোষান্ বদাম্যহম্ ॥ ৮ ॥
[8]মন্ত্রিভির্হিতসংযুক্তৈঃ সমর্থৈ[9]র্মন্ত্রনিশ্চয়ে[10] ।
মিত্রৈর্ব্বাপি সমানার্থৈর্ব্বান্ধবৈর্ব্বা হিতে রতৈঃ ॥ ৯ ॥
[11]সহ সম্মন্ত্র্য যো মন্ত্রং কর্ম্মারম্ভং[12] প্রবর্ত্তয়েৎ[13] ।
[14]দৈবে চ কুরুতে যত্নং[15] তমাহুঃ পুরুষোত্তমম্ ॥ ১০ ॥

৬। লো-টী। নোহস্মাকং যৎ সমর্থং যোগ্যং তদুচ্যতাম্, অত্র অস্মিন্ সময়ে কিং সুকৃতং সুষ্ঠু কর্ম্ম ভবেৎ।

৯। লো-টী। মন্ত্রিভিঃ সহ মন্ত্রিতং ভবতি, যুক্তৈর্যোগ্যৈঃ কুলজাতৈরিত্যর্থঃ। সমর্থৈঃ হেতূপন্যাসসমর্থৈঃ। 'সর্ব্বৈর্মন্ত্রবিনিশ্চয়ে' ইতি ক্বচিৎ পাঠঃ।

১০। লো-টী। কর্ম্মারম্ভং কর্ম্মণ উদ্যমং প্রবর্ত্তয়েৎ করুতে। দৈবাচ্চ দৈবমনুকূলং প্রজ্ঞায়।

আমরা তাহাতে কি [প্রতিবিধান] করিব ? ইহার পর কি করা উচিত ? কি করিলে আমাদের যোগ্য ও সমীচীন কার্য্য করা হয়, বলুন ॥ ৬ ॥

হে মহাবলসম্পন্ন রাক্ষসগণ, শ্রেষ্ঠ মনীষিগণ বলেন—মন্ত্রণাই জয়লাভের মূল। অতএব, রামের সম্বন্ধে মন্ত্রণা করা আপনাদের অভিপ্রেত হউক (অর্থাৎ আপনারা মন্ত্রণা করুন) ॥ ৭ ॥

জগতে তিনপ্রকারের মানুষ আছে—উত্তম, মধ্যম ও অধম। আমি তাহাদের সকলের দোষ-গুণ বর্ণনা করিতেছি— ॥ ৮ ॥

মন্ত্রণাপূর্ব্বক কর্ত্তব্যনির্দ্ধারণে সমর্থ হিতৈষী মন্ত্রিবর্গ, সমান-প্রয়োজনসম্পন্ন

১। ঘ 'অত্র'। ২। গ 'যুক্ত-'। ৩। ছ 'কিং বা যুক্ততরং'। ৪। খ 'মনীষিণঃ'। ৫। ছ-ঘ '-স্বে'। ৬। ক 'রোচ্যতাং', ঙ 'রোচতে'। ৭। ছ '-স্তু'। ৮। ঘ-ছ 'মন্ত্রিতং মন্ত্রিভির্যুক্তৈঃ সমর্থৈর্মন্ত্র-', ঙ-গ 'মন্ত্রিতং যুক্তৈঃ,' খ '-ভির্ম্মন্ত্রিতং যুক্তৈঃ'। ৯। খ 'মন্ত্রি-'। ১০। ঘ-ঙ '-য়েঃ'। ১১। ছ-টী 'সহসা মন্ত্রয়িত্বা যো'। ১২। ঘ-ঙ '-স্তে'। ১৩। ছ-ঙ '-বর্ত্ততে'। ১৪। ছ 'দৈবাচ্চ', ঙ 'দৈবাদ্ যঃ', ঘ-ঘ 'দৈবার্থং'। ১৫। ঘ-ঙ 'মন্ত্রং'।

একোঽর্থং[১] বিমৃশত্যেকো ধর্ম্মস্য কুরুতে মতিম্।
একঃ কার্য্যাণি কুরুতে তমাহুর্ম্মধ্যমং নরম্ ॥ ১১ ॥
গুণদোষমচিন্ত্যৈব[২] ব্যক্তং[৩] দৈবব্যপাশ্রয়ঃ।
করিষ্যামীতি যঃ[৪] কার্য্যং কুরুতে স নরাধমঃ ॥ ১২ ॥
যথৈব পুরুষানাহুরুত্তমাধমমধ্যমান্।
তথা[৫] মন্ত্রোঽপি বিজ্ঞেয় উত্তমাধমমধ্যমঃ ॥ ১৩ ॥
ঐকমত্যমুপাগম্য শাস্ত্রদৃষ্টেন বর্ত্মনা[৬]।
[৭]মন্ত্রিণো যত্র নিরতাস্তমাহুর্ম্মন্ত্রমুত্তমম্ ॥ ১৪ ॥

১১। লো-টী। ধর্ম্মস্য ধর্ম্মে।
১২। লো-টী। ব্যক্তং কেবলং দৈবমেব ব্যপাশ্রয়ঃ আশ্রয়ো যস্য সঃ।
১৩। লো-টী। উত্তমাধমযুক্তো মধ্যমঃ উত্তমাধমমধ্যমঃ।

মিত্রবর্গ, অথবা হিতসাধনে নিরত আত্মীয়বর্গের সহিত পরামর্শ করিয়া যে ব্যক্তি কার্য্যারম্ভ করে এবং দৈবকে অনুকূল করিতে যত্ন করে, সে-ই উত্তম পুরুষ ॥ ৯-১০ ॥

যে একাকীই কর্ত্তব্য বিষয় বিচার করে, একাই ধর্ম্ম চিন্তা করে এবং একা কার্য্যসমূহ সম্পাদন করে, লোকে তাহাকে মধ্যম মনুষ্য বলে ॥ ১১ ॥

যে গুণ এবং দোষ চিন্তা না করিয়াই কেবল দৈবকে অবলম্বন করিয়া কার্য্যসকল ভবিষ্যতের জন্য রাখিয়া দেয়, সে নরাধম ॥ ১২ ॥

যেরূপ লোকে মনুষ্যদিগকে (গুণতারতম্যানুসারে) উত্তম, মধ্যম এবং অধম বলিয়া থাকে, মন্ত্রণাও সেইরূপ উত্তম, মধ্যম ও অধম বলিয়া জানিবে ॥ ১৩ ॥

মন্ত্রিগণ শাস্ত্রপ্রদর্শিত উপায়ে ঐকমত্য অবলম্বন করত যে মন্ত্রণায় নিরত হন, তাহাকেই উত্তম মন্ত্রণা বলা হয় ॥ ১৪ ॥

১। ধ 'বিমৃশত্যেকো'। ২। ঙ-থ '-মপা-'। ৩। ছ '-ম্রম্'। ৪। ঘ-ছ 'যৎ'। ৫। থ-পুস্তকে ইদমর্দ্ধং নাস্তি। ৬। ছ-ঙ-দ 'কর্ম্মণা', থ 'চক্ষুষা'। ৭। ঙ-থ দ 'মন্ত্রিণাং যোঽর্থনিয়মস্ত-' ঙ-থ দ 'মন্ত্রিণাং বিনয়োপেতঃ তমাহু-'।

বহ্বীরপি মতীর্দত্ত্বা[1] মন্ত্রিণাং[2] মন্ত্রনির্ণয়ে[3]।
পুনর্যত্রৈকতাং[4] যাতি স মন্ত্রো মধ্যমঃ স্মৃতঃ ॥ ১৫ ॥

গর্হিতান্যোন্যমতয়ো মন্ত্রিণো ব্রুবতে সদা।
ন চৈকমন্ত্রতাং[5] যাতি স মন্ত্রোঽধম উচ্যতে ॥ ১৬ ॥

তস্মাৎ সুমন্ত্রিতং সাধু ভবন্তো মন্ত্রিসত্তমাঃ।
কার্য্যং সংপ্রতিপদ্যন্তাং[6] তদ্ধি[7] কার্য্যতমং মতম্[8] ॥ ১৭ ॥

বানরাণাং হি বীরাণাং সহস্রৈঃ পরিবারিতঃ।
তরিষ্যতি পরিব্যক্তং[9] রাঘবঃ সাগরং সুখম্ ॥ ১৮ ॥

১৫। লো-টী। মন্ত্রিণাং স্থিতানামিতি শেষঃ।

১৬। লো-টী। মন্ত্রনির্ণয়ে 'মন্ত্রসিদ্ধয়ে' ইতি কচিৎ পাঠঃ। একতাম্ ঐকমত্যং ন অবাপ্নোতি, তেষামেকোঽপি মন্ত্রঃ, 'ন চৈকমত্যশ্রেয়োঽস্তী'তি পাঠে শেষঃ সম্বন্ধঃ।

১৭। লো-টী। সুষ্ঠু মন্ত্রিতং যত্তদেব সাধু, হে মন্ত্রিসত্তমাঃ, ভবন্তঃ ভবেদ্ যদিত্যপি কচিৎ পাঠঃ। কার্য্যং সংপ্রতিপদ্যন্তাং বিচারয়ন্তু, মম পুনস্তদেব কার্য্যতমমবশ্যং কার্য্যম্, 'কার্য্যং মতং মমে'তি পাঠঃ কচিৎ।

১৮। লো-টী। পরিব্যক্তমতীব স্ফুটম্।

মন্ত্রীদিগের মন্ত্র-নির্দ্ধারণ বিষয়ে যে-মন্ত্রণায় (তাঁহারা প্রথমতঃ) বহুমত প্রদান করিয়া অবশেষে একমত হয়েন, সেই মন্ত্রণা মধ্যম বলিয়া কথিত হয় ॥ ১৫ ॥

মন্ত্রিগণ যে-মন্ত্রণায় পরস্পরের মন্তব্যের নিন্দা করেন এবং পরিশেষেও একমত হইতে পারেন না, সেই মন্ত্রণাকে অধম বলা হয় ॥ ১৬ ॥

অতএব, হে প্রধান মন্ত্রিগণ, আপনারা উত্তমরূপে মন্ত্রণাপূর্ব্বক কার্য্যের বিচার করুন, আপনাদের সুচিন্তিত কার্য্যই [আমার] অবশ্য কর্ত্তব্য, মনে হয় ॥ ১৭ ॥

স্পষ্টই প্রতীয়মান হইতেছে যে, সহস্র-সহস্র বীর বানরকর্ত্তৃক পরিবেষ্টিত হইয়া রামচন্দ্র অনায়াসেই সমুদ্র উত্তীর্ণ হইতে পারিবেন ॥ ১৮ ॥

১। খ-ছ 'গতী-', ঙ-ঘ 'মতীঃ শ্রুত্বা'। ২। ছ-খ-দ '-পারমর্থনিশ্চয়ে'। ৩। ঙ '-নিশ্চয়ে'। ৪। খ 'যত্রৈকতাং'। ৫। ক 'চৈকমত্যঃ শ্রেয়োঽস্তি', ঙ 'নৈকঃ সুমন্ত্রতাং যাতো', খ 'নৈকঃ সুমন্ত্রতাং যাতি'। ৬। খ 'তু বু-'। ৭। ছ 'অপি'। ৮। খ-ছ 'মহৎ', খ 'শুভম্'। ৯। খ 'প রং ব্যক্তং'।

১ ২
তরসা মহতা যুক্তঃ সবলঃ সপদানুগঃ।
করিষ্যত্যাকুলাং লঙ্কাং ব্যক্তং রামো ন সংশয়ঃ ॥ ১৯ ॥
৩ ৪ ৫
তস্মিন্নেবংবিধে কার্য্যে বিরুদ্ধে মম রাক্ষসাঃ।
৬ ৭
হিতং পুরে চ সৈন্যে চ সর্ব্বং সংমন্ত্র্যতামিহ ॥ ২০ ॥
৮ ৯
ইতি রজনীচরাধিপেন রজনীচরাঃ স্বমতেন চোদিতাঃ।
বিধিবদনুচিন্ত্য সর্ব্বশো দশবদনেন কথাং প্রচক্রমুঃ ॥ ২১ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে রাবণবাক্যং নাম একোনাশীতিতমঃ সর্গঃ ॥ ৭৯ ॥

১৯। লো-টী। সবলঃ বলং সামর্থ্যং তৎসহিতঃ। তপসা সীতাহরণতাপেনেতি সর্ব্বজ্ঞঃ।
২১। লো-টী। সর্ব্বশঃ সর্ব্বানর্থান্ অনুবিচিন্ত্য।
রাবণবাক্যম্ ॥ ৭৯ ॥

অত্যন্ত-বেগশালী বলবান্ রামচন্দ্র পদব্রজে গমনকারী অনুচরবৃন্দের সহিত অবশ্যই লঙ্কানগরী ক্ষুভিত করিবেন, এবিষয়ে সন্দেহ নাই ॥ ১৯ ॥

হে রাক্ষসগণ, এইরূপ আমার বিরুদ্ধে তাদৃশকার্য্য উপস্থিত হইলে আপনারা নগরে এবং সৈন্যগণমধ্যে সমস্ত হিতকর বিষয় আলোচনা করুন" ॥ ২০ ॥

এইরূপে রাক্ষসাধিপতি দশানন রাবণ কর্তৃক রাক্ষসগণ স্বমতে অনুপ্রাণিত হইয়া সমস্ত বিষয় যথাশাস্ত্র বিচারপূর্ব্বক কথা বলিতে উপক্রম করিলেন ॥ ২১ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে রাবণবাক্যনামক ৭৯ম সর্গ সমাপ্ত ॥ ৭৯ ॥

১। ঘ-ঙ-দ 'তপসা'। ২। খ 'সপরঃ'। ৩। ঘ-দ 'অস্মি-'। ৪। খ 'বানরৈঃ সহ'। ৫। অতঃ পরং খ-পুস্তকে "যদস্মাকং ক্ষমং কার্য্যং তচ্ছীঘ্রং প্রবিধীয়তাম্।" ইত্যধিকম্। ৬। খ 'পুরেষু'। ৭। ছ-ত-খ '-মিতি'। ৮। ক-পুস্তকে অয়ং শ্লোকো নাস্তি। ৯। ঘ-ছ-ত-খ 'স্বমতানি বোধিতাঃ'।

(৮০) অশীতিতমঃ সর্গঃ

ইত্যুক্তা রাক্ষসেন্দ্রেণ রাক্ষসাস্তে[1] মহাবলাঃ।
ঊচুঃ প্রাঞ্জলয়ঃ সর্ব্বে রাবণং[2] রাক্ষসেশ্বরম্ ॥ ১ ॥
আপদেষা মহারাজ প্রাপ্তা যা প্রাকৃতাজ্জনাৎ।
হৃদি নেয়ং[3] ত্বয়া কার্য্যা[4] তং বধিষ্যাম রাঘবম্[5] ॥ ২ ॥
রাজন্ পরিঘশূলেন খড়্গপট্টিশসঙ্কুলম্।
সুমহত্তে বলং কস্মাদ্ বিষাদং ভজতে ভবান্ ॥ ৩ ॥
কৈলাসশিখরং গত্বা যক্ষৈর্বহুভিরাবৃতম্।
সুমহৎ কদনং কৃত্বা বশ্যস্তে ধনদঃ কৃতঃ ॥ ৪ ॥
তং মহেশ্বরসখ্যেন শ্লাঘমানং তদা বিভো।
নির্জ্জিত্য সমরে রাজন্ লোকপালং মহাবলম্ ॥ ৫ ॥

৫। গো টী। তং লোকপালং নির্জ্জিত্য ইদং পুষ্পকনামকং বিমানমাহৃতমিতি শেষেণান্বয়ঃ। মহেশ্বরস্য সখ্যেন 'বন্ধেন'।

রাক্ষসশ্রেষ্ঠ রাবণকর্তৃক সেই মহাবলশালী রাক্ষসগণ এইরূপ উক্ত হইয়া, তাহারা সকলে কৃতাঞ্জলিপুটে রাক্ষসরাজ রাবণকে বলিতে আরম্ভ করিল ॥ ১ ॥

মহারাজ, এই যে অতি নীচপ্রকৃতি জন হইতে বিপদ্ উপস্থিত হইয়াছে, এবিষয়ে আপনার হৃদয়ে স্থান দিবেন না, সেই রামচন্দ্রকে [আমরাই] বধ করিব ॥ ২ ॥

মহারাজ! পরিঘ, শূল, খড়্গ এবং পট্টিশধারী আপনার এই বিশাল সৈন্যসমূহ বর্ত্তমান রহিয়াছে, অতএব আপনি কেন বিষণ্ণ হইতেছেন? ॥ ৩ ॥

বহু-যক্ষপরিবৃত কৈলাস পর্ব্বতের শিখরদেশে গমন করিয়া ভয়ঙ্কর যুদ্ধ করত কুবেরকে আপনি পরাজিত করিয়াছেন ॥ ৪ ॥

হে প্রভো, আপনি মহেশ্বরের সহিত সৌহার্দ্দ্যবশতঃ শ্লাঘনীয় মহাবলশালী

১। ঘ '-সাস্ত'। ২। গ 'লোকরাবণম্'। ৩। গ 'নৈষা'। ৪। খ-ঙ-ছ 'বধিষ্যামি'। ৫। ঘ 'বানরম্'। ৬। ছ 'মহাবতে', গ 'পরং'। ৭। ঘ 'প্রভো'। ৮। ঘ 'মহেশ্বরম্'।

বিনিহত্য চ যক্ষৌঘান্ বিক্ষোভ্য চ নিগৃহ্য চ।
ত্বয়া কৈলাসশিখরাদ্ বিমানমিদমাহৃতম্ ॥ ৬ ॥
ময়েন দানবেন্দ্রেণ ত্বদ্‌ভয়াৎ সখ্যমিচ্ছতা।
দুহিতা তব ভার্য্যার্থে দত্তা রাক্ষসপুঙ্গব ॥ ৭ ॥
দানবেন্দ্রো মহাবাহো বীর্য্যোৎসিক্তো[২] মধুস্তথা।
প্রসহ্য বশমানীতঃ[৩] কুম্ভীনস্যাঃ কৃতে ত্বয়া ॥ ৮ ॥
নির্জ্জিতাস্তে মহাবাহো নাগা গত্বা রসাতলম্।
বাসুকিস্তক্ষকঃ পদ্মঃ শঙ্খকর্কোটকাদয়ঃ[৪] ॥ ৯ ॥
[৫]অক্ষয়া বলবন্তশ্চ শূরা লব্ধবরাঃ পুনঃ।
ত্বয়া সংবৎসরং যুদ্ধা নিবাতকবচা রণে ॥ ১০ ॥

৮। লো-টী। তব তুল্যাং বীর্য্যেণ বলেন উৎসিক্তঃ অহঙ্কৃতঃ। যুক্তঃ স্বকর্ম্মণি নিযুক্তঃ। 'মুক্ত' ইত্যপি ক্বচিৎ পাঠঃ।

সেই লোকপাল কুবেরকে যুদ্ধে পরাজিত করিয়া এবং যক্ষগণকে বিক্ষোভিত, নিগৃহীত ও পরিশেষে নিহত করিয়া কৈলাসপর্ব্বতের শিখরদেশ হইতে এই পুষ্পক-নামক বিমান আহরণ করিয়াছেন ॥ ৫-৬ ॥

হে রাক্ষসপুঙ্গব, আপনার ভয়ে, বন্ধুত্ব করিতে অভিলাষী দানবেন্দ্র 'ময়' তাঁহার কন্যা মন্দোদরীকে ভার্য্যারূপে আপনাকে দান করিয়াছেন ॥ ৭ ॥

হে মহাবাহো, (আপনার ভগিনী) কুম্ভীনসীর জন্য, আপনি বলোন্মত্ত দানবশ্রেষ্ঠ মধুকে বলপূর্ব্বক বশীভূত করিয়াছেন ॥ ৮ ॥

হে মহাবাহো, আপনি পাতালে গমন করিয়া বাসুকি, তক্ষক, পদ্ম, শঙ্খ ও কর্কোটক প্রভৃতি নাগদিগকে পরাজিত করিয়াছেন ॥ ৯ ॥

হে অরিন্দম, অবিনাশী বলবান্ বরপ্রাপ্ত নিবাতকবচনামক দৈত্যগণ, যাহারা নানাবিধ মায়ার আশ্রয় গ্রহণ করিয়া আপনার সহিত সংগ্রামে সংবৎসর যাবৎ যুদ্ধ

১। ঙ ঘ 'বিগাহ্য চ', খ 'বিগৃহ্য চ'। ২। ঙ-ছ-ঘ '-যুক্তা'। ৩। ছ '-বশগো মুক্তঃ', খ-ঘ 'বশগো যুক্তঃ'। ৪। খ 'পদ্মঃ ক-', ক 'শঙ্খকর্কট-'। ৫। খ-পুস্তকে দশমৈকাদশশ্লোকৌ ন স্তঃ।

স্বকং বলমবষ্টভ্য নীতাঃ সখ্যমরিন্দম।

মায়াশ্চ বিবিধাস্তত্র প্রাপ্তা রাক্ষসপুঙ্গব ॥ ১১ ॥

[১]শূরাশ্চ বলবন্তশ্চ বরুণস্য [২]সুতা রণে।

[৩]নির্জ্জিতাস্তে মহারাজ চতুর্ব্বিধবলানুগাঃ ॥ ১২ ॥

[৪]মৃত্যুদণ্ডমহাগ্রাহং শাল্মলীদ্রুমকণ্টকম্।

অবগাহ্য ত্বয়া রাজন্ যমস্য বল[৫]সাগরম্ ॥ ১৩ ॥

[৬]যশশ্চ বিপুলং প্রাপ্তং মৃত্যুশ্চ প্রতিষেধিতঃ।

সুযুদ্ধেন চ তে সর্ব্বে লোকাস্তত্রৈব তোষিতাঃ ॥ ১৪ ॥

ক্ষত্রিয়ৈর্ব্বহুভির্ব্বীরৈঃ শক্রতুল্যপরাক্রমৈঃ।

আসীদ্ বসুমতী পূর্ণা মহদ্ভিরিব পাদপৈঃ ॥ ১৫ ॥

১২। লো-টী। চতুর্ব্বিধং বলমনুগং পশ্চাদ্ভাগি যেষাং তে।

১৩। লো টী। শাল্মলীদ্রুমাঃ কণ্টকা যত্র তম্, যথা সাগরে নক্রাদয়ঃ কণ্টকাঃ। 'সঙ্কট'মিতি পাঠে তৈঃ সঙ্কটমগম্যম্, প্রতিষেধিতো নিরস্তঃ। 'প্রতিবোধিত' ইতি পাঠে স্ববলং প্রতিবোধিত ইত্যর্থঃ।

করিয়াছিল, হে রাক্ষসশ্রেষ্ঠ, আপনি স্বীয় বিক্রমের আশ্রয় লইয়া তাহাদিগকে [আপনার সহিত] সখ্যস্থাপনে বাধ্য করিয়াছেন ॥ ১০-১১ ॥

হে মহারাজ, চতুর্ব্বিধ সৈন্যদ্বারা অনুগত শৌর্য্যবীর্য্যসম্পন্ন বরুণের পুত্রগণ আপনাকর্ত্তৃক পরাজিত হইয়াছে ॥ ১২ ॥

রাজন, আপনি মৃত্যুদণ্ডরূপ বিশাল জলজন্তু-বিশিষ্ট এবং শাল্মলীবৃক্ষরূপ কণ্টকপরিপূর্ণ যমের সৈন্যসমুদ্র মথিত করিয়া বিপুল যশ লাভ করিয়াছেন, যমকে পরাভূত করিয়াছেন এবং উৎকৃষ্টরূপে যুদ্ধ করিয়া সেখানকার সমস্ত লোককে সন্তুষ্ট করিয়াছেন ॥ ১৩-১৪ ॥

বসুমতী বিশাল বৃক্ষের ন্যায়, পরাক্রমে ইন্দ্রতুল্য বহু বীর ক্ষত্রিয়ের দ্বারা পরিপূর্ণা ছিলেন ॥ ১৫ ॥

১। খ 'অজস্রা'। ২। খ 'পুত্রা'। ৩। খ 'নির্জ্জিতা-'। ৪। ক '-দণ্ডং ম-'। ৫। খ '-সাগরম্'। ৬। খ-ছ 'সমরে জিতঃ', খ-ঘ 'প্রতিবাধিতঃ'।

তেষাং বীর্য্যগুণোৎসাহৈর্ন সমো রাঘবো[1] রণে[2]।

প্রসহ্য তে ত্বয়া রাজন্ হতাঃ পরমদুর্জ্জয়াঃ ॥ ১৬ ॥

তিষ্ঠ ত্বঞ্চ[3] মহাবাহো শ্রমেণ তব কিং প্রভো[4]।

অয়মেকো মহাবাহুরিন্দ্রজিৎ প্রমথিষ্যতি ॥ ১৭ ॥

অনেন হি মহারাজ মহেশ্বরমনুত্তমম্।

ইষ্ট্বা যজ্ঞৈর্ব্বরো লব্ধো লোকে পরমদুর্ল্লভঃ ॥ ১৮ ॥

শক্তিতোমরমীনঞ্চ বিনিকীর্ণাস্ত্রশৈবলম্[5]।

দ্বিপকচ্ছপসংবাধমৎস্যমণ্ডূকসঙ্কুলম্[6] ॥ ১৯ ॥

চন্দ্রাদিত্য[7]মহাগ্রাহ[8]মরুদ্বসুভুজঙ্গমম্।

রথাশ্বগজতোয়ৌঘং[9] পদাতিপুলিনং মহৎ ॥ ২০ ॥

১৬। লো-টী। তে রাজন্ ত্বয়া হতা।
১৮। লো-টী। ন বিদ্যতে উত্তমো যস্মাত্তম্।
১৯। লো-টী। বিনিকীর্ণানি ইতস্ততঃ ক্ষিপ্তানি অস্ত্রাণি শৈবলানি যত্র। 'বিনিক্ষীর্ণাস্ত্রে'তি বা পাঠঃ। অস্ত্রাণি শৈবলানি যত্র তম্।

মহারাজ, রামচন্দ্র সেই সমস্ত বীর ক্ষত্রিয়দের শৌর্য্যবীর্য্যাদি গুণের তুল্য নহে, আপনি সেই অত্যন্ত দুর্জ্জয় ক্ষত্রিয়দিগকেই বলপূর্ব্বক নিহত করিয়াছেন। [অতএব, রামচন্দ্রকে বধ করিবেন, সে বিষয়ে কি চিন্তা ?] ॥ ১৬ ॥

হে মহাবাহো, আপনি অবস্থান করুন, হে প্রভো, আপনার পরিশ্রম করিবার প্রয়োজন নাই। এই মহাবাহু ইন্দ্রজিৎই [রামকে] পরাভূত করিবেন ॥ ১৭ ॥

হে মহারাজ, ইনি সর্ব্বোত্তমরূপে যজ্ঞদ্বারা মহেশ্বরের আরাধনা করিয়া জগতে অতি দুর্লভ বর লাভ করিয়াছেন ॥ ১৮ ॥

শক্তি এবং তোমররূপ মৎস্য ও বিক্ষিপ্ত অস্ত্ররূপ শৈবালযুক্ত, হস্তিরূপ কচ্ছপ

১। ক 'রাঘবো'। ২। অতঃ পরং খ-পুস্তকে "তে হতাঃ সমরে সর্ব্বে ত্বয়ৈকেন বলীয়সা। কিং পুনঃ ফলসন্তুষ্টান্ বানরানাগবজ্জেষ্যসি॥ তৌ বা দাশরথী বীরৌ তাপসৌ মন্দতেজসৌ। কথং ন বধ্যৌ রাজেন্দ্র যস্য তে বীর্য্যমীদৃশম্॥ মা বিষীদ মহাবাহো জেষ্যসে বানরান্ রণে। প্রকৃত্যা চপলৌ তৌ চ মানুষৌ ক্ষীণজীবিতৌ।" ইত্যধিকম্। ৩। খ-ড 'ত্বং বৈ'। ৪। খ-ঙ 'বিভো'। ৫। দ '-মেচকম্'। ৬। ক-পুস্তকে ইদমর্দ্ধং পরশ্লোকপূর্ব্বার্দ্ধং চ নাস্তি। ৭। ড 'রুদ্রা-'। ৮। ড '-গ্রাহং ম-'। ৯। ছ-ড-দ '-রেণু-'।

অনেন হি সমাসাদ্য দেবানাং বলসাগরম্ ।
গৃহীতো দৈবতপতির্লঙ্কায়াং চোপবেশিতঃ ॥ ২১ ॥
পিতামহনিয়োগাচ্চ[1] মুক্তঃ[2] শম্বরবৃত্রহা ।
গতঃ স্বভবনং রাজা সর্ব্বদেব[3]নমস্কৃতঃ ॥ ২২ ॥
ন চ তেঽস্ত্যজিতং রাজংস্ত্রিষু লোকেষু কিঞ্চন ।
সর্ব্বথা[4]ঽপ্রতিহার্য্যং হি তব বীর্য্যম[5]নুত্তমম্ ॥ ২৩ ॥
ত্বমেনং[6] ত্বং মহারাজ নিযুঙ্ক্ষ্বে[7]ন্দ্রজিতং প্রভো ।
[8]স হি বানরসেনান্তাং পরমাং নয়তি ক্ষয়ম্[9] ॥ ২৪ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে রাবণব্যবস্থাপনং নাম
অশীতিতমঃ সর্গঃ ॥ ৮০ ॥

২৩। লো-টী। রাজ্ঞা ইন্দ্রঃ অপ্রতিহার্য্যং সোঢ়ুমশক্যম্ ।
২৪। লো-টী। স ইন্দ্রজিৎ। 'যাবদি'তি পাঠে যাবতীং সেনাম্ ।
রাবণব্যবস্থাপনম্ ॥ ৮০ ॥

পরিপূর্ণ এবং অশ্বরূপ ভেকদ্বারা সঙ্কুল, চন্দ্র এবং সূর্য্যরূপ বিশাল হাঙ্গর এবং বায়ু ও বসুরূপ ভুজঙ্গপূর্ণ. রথের অশ্ব ও হস্তিরূপ জলপ্রবাহ এবং পদাতিরূপ বিশাল তটভূমিযুক্ত দেবতাদিগের সৈন্যরূপ সমুদ্র উন্মথিত করিয়া এই ইন্দ্রজিৎ দেবেন্দ্রকে গ্রহণপূর্ব্বক লঙ্কায় প্রবেশ করিয়াছিলেন ॥ ১৯-২১ ॥

সর্ব্ব দেবতা কর্ত্তৃক নমস্কৃত শম্বর এবং বৃত্রাসুরহন্তা দেবরাজ ইন্দ্র পিতামহের আদেশে [লঙ্কা হইতে] মুক্ত হইয়া স্বীয়গৃহাভিমুখে (স্বর্গে) প্রস্থান করিলেন ॥ ২১ ॥

রাজন্, স্বর্গ, মর্ত্ত্য, পাতালেও এরূপ কিছু নাই—যাহা আপনি জয় করেন নাই, সর্ব্বপ্রকারেই, আপনার পরাক্রম অন্যে সহ্য করিতে অসমর্থ ॥ ২৩ ॥

হে প্রভো, হে মহারাজ, আপনি এই ইন্দ্রজিৎকে [যুদ্ধে] নিয়োগ করুন, ইনি সেই বানরসেনাদিগকে সমূলে নিঃশেষিত করিবেন ॥ ২৪ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে রাবণব্যবস্থাপন-
নামক ৮০ম সর্গ সমাপ্ত ॥ ৮০ ॥

১। খ-ছ '-গান্ন'। ২। ঙ 'মুক্তঃ শম্বর-'। ৩। ঘ '-দৈব'। ৪। ঘ '-প্রাপ্র-'। ৫। ঘ '-মানুষম্'। ৬। ঙ-ঘ 'ত্ব'। ৭। ঘ '-যুঙ্ক্ষেন্দ্র-'। ৮। খ-ঙ-গ-ঘ 'যো বৈ', ছ 'যাবদ্বানরসেনান্তাং'। ৯। অতঃ পরং ঙ-ব-পুস্তকয়োঃ 'ত্বং হি রাজন্ মহাবাহো তব প্রকোপনেশ্বরঃ। কস্মাদস্মৃত্যমাত্রো বৈ বিনাবমুপগচ্ছসি ॥' ইত্যধিকম্।

(৮১) একাশীতিতমঃ সর্গঃ

ততো[1] নীলাম্বুদনিভঃ প্রহস্তো নাম রাক্ষসঃ।
অব্রবীৎ প্রাঞ্জলির্ব্বাক্যং শূরঃ সেনাপতিস্তথা ॥ ১ ॥
দেবদানবগন্ধর্ব্বাঃ পিশাচপতগোরগাঃ[2]।
ন ত্বাং ধর্ষয়িতুং শক্তাঃ কিং পুনর্ব্বানরা[3] রণে ॥ ২ ॥
সর্ব্বে প্রমত্তা[4] বিশ্বস্তা বঞ্চিতাঃ[5] স্ম[6] হনূমতা।
ন হি নো জীবতাং গচ্ছেজ্জীবন্ স বনগোচরঃ ॥ ৩ ॥
সর্ব্বাং সাগরপর্য্যন্তাং সশৈলবন[7]কাননাম্।
কুর্ম্মো নির্ব্বানরামুর্ব্বীমাজ্ঞপয়তু নো ভবান্ ॥ ৪ ॥

৩। লো-টী। প্রমত্তা মত্তাদিনা, বিশ্বস্তা জাতবিশ্বাসাঃ, তবাধিকারেহস্মেষাং গমনাভাবাৎ। জীবতাং সাবধানানাম্।

৪। লো-টী। শৈলজলকাননসহিতাম্, যদ্বা বনং নিবাসালয়ঃ। 'বনং নপুংসকে নীরে নিবাসালয়কাননে' ইতি কোষঃ।

অনন্তর নীল-জলধরসদৃশ সেনাপতি প্রহস্তনামক মহাবীর রাক্ষস কৃতাঞ্জলিপুটে এইরূপ বলিতে আরম্ভ করিলেন— ॥ ১ ॥

দেবতা, দানব, গন্ধর্ব্ব, পিশাচ, পক্ষী, পন্নগ—কেহই যুদ্ধে আপনাকে পরাভূত করিতে সমর্থ নয়, বানরেরা কি আর সমর্থ হইবে (অসম্ভব) ! ॥ ২ ॥

হনুমান্ প্রমত্ত এবং বিশ্বস্ত রাক্ষসদিগকেই প্রতারিত করিয়াছে। কিন্তু, সচেতন আমাদের নিকট হইতে সেই বনচর হনুমান্ জীবিতাবস্থায় যাইতে সমর্থ হইবে না ॥ ৩ ॥

মহারাজ, আপনি আমাদিগকে অনুমতি করুন, আমরা জল, অরণ্য ও পর্ব্বতযুক্ত সসাগরা পৃথিবীকে বানরশূন্য করি ॥ ৪ ॥

১। ঘ-ঙ '-নবা-'। ২। ছ-ঞ-ঝ '-চোরগরাক্ষসাঃ'। ৩। ঝ '-মানুষা'। ৪। ঞ-থ-দ 'বিষত্তাঃ'। ৫। ঝ 'স্মো'। ৬। ঘ-ঙ '-মত্তঃ'। ৭। ঞ-থ-দ '-গোচরান্'।

রক্ষাং প্রতি বিধাস্যামশ্চারং চ জয়তাং বর।
নাগমিষ্যতি নো দুঃখং কিঞ্চিদাত্মাপরাধজম্ ॥ ৫ ॥

অব্রবীদ্[১] বজ্রদংষ্ট্রস্তু রাক্ষসো রাক্ষসেশ্বরম্।
প্রগৃহ্য পরিঘং ঘোরং মাংসশোণিতরূষিতম্[২] ॥ ৬ ॥

কিং নো হনূমতা কার্য্যং কৃপণেন নিশাচরাঃ[৩]।
রামে তিষ্ঠতি দুর্দ্ধর্ষে সুগ্রীবে চ সলক্ষ্মণে[৪] ॥ ৭ ॥

অদ্য রামং নিহত্যাহং সুগ্রীবং সলক্ষ্মণম্[৫]।
পরিঘেণাপরান্[৬] হন্মি বিক্ষোভ্য হরিবাহিনীম্ ॥ ৮ ॥

অব্রবীত্তু[৭] সুসংক্রুদ্ধস্ত্রিশিরা নাম রাক্ষসঃ।
ইদং ন ক্ষমণীয়ং নঃ সর্ব্বেষাং বৈ প্রধর্ষণম্[৮] ॥ ৯ ॥

৫। লো-টী। ইতি বদ্ধো হনূমান্ কথং ভবদ্ভিস্তৈরেব ন হত ইত্যত আহ—রক্ষামিতি। চারং প্রতি রক্ষাং বিধাস্যামঃ। হে জয়তাং বর, ততশ্চাত্মাপরাধজং কিঞ্চিদপি দুঃখং নাগমিষ্যতি, নোঽস্মান্।

৬। লো-টী। রূষিতং সংযুক্তম্।

৭। লো-টী। কৃপণেন গর্হ্যেণ। 'কৃপণঃ সমগর্হ্যয়োঃ'রিতি ভূরি০।

৯। লো-টী। ইদং প্রধর্ষণং পরাভবঃ সর্ব্বেষাং নোঽস্মাকং ন ক্ষমণীয়ং ন ক্ষমাবিষয়ঃ।

হে বিজয়িশ্রেষ্ঠ, যাহাতে স্বীয় অপরাধজন্য দুঃখ আমাদের না হয়, এই জন্য চরকে (দূতকে) রক্ষা করিব ত ॥ ৫ ॥

বজ্রদংষ্ট্রনামক রাক্ষস মাংস এবং রক্তদ্বারা রঞ্জিত পরিঘনামক ভীষণ অস্ত্র গ্রহণ করত রাক্ষসরাজ রাবণকে বলিলেন — ॥ ৬ ॥

হে রাক্ষসগণ, দুর্দ্ধর্ষ রাম, লক্ষ্মণ এবং সুগ্রীব বর্ত্তমান থাকিতে নিন্দার্হ হনুমান দিয়া আমাদের কি হইবে ? (অর্থাৎ তাহাকে বধ করিবার প্রয়োজন নাই) ॥ ৭ ॥

অদ্য লক্ষ্মণের সহিত রাম এবং সুগ্রীবকে বধ করিয়া বানরসৈন্যদলকে বিক্ষুব্ধ করত পরিঘদ্বারা অপর বানরদিগকেও বধ করিব ॥ ৮ ॥

ত্রিশিরা নামে রাক্ষস অত্যন্ত ক্রুদ্ধ হইয়া বলিলেন—আমাদের সকলের এই পরাভব ক্ষমা করা উচিত নয় ॥ ৯ ॥

১। খ '-শ্চ'। ২। ঘ-ছ '-কর্দমম্'। ৩। খ '-চর'। ৪। খ 'সুগ্রীবে দুর্দ্ধর্ষে চ সলক্ষ্মণে'। ৫। ক 'সহসুগ্রীবলক্ষ্মণম্'। ৬। ক '-ঘেণ প-'। ৭। ছ-ঙ-খ '-বীচ্চ'। ৮। ঙ 'প্রকর্ষণম্'।

অয়ং পরিভবো ঘোরো বানরেণ বিশেষতঃ।
শ্রীমতো রাক্ষসেন্দ্রস্য পুরস্যান্তঃপুরস্য চ ॥ ১০ ॥
অস্মিন্ মুহূর্ত্তে হত্বাহং নিবর্ত্তিষ্যামি বানরান্।
ন হ্যহং ধর্ষণাং ঘোরাং মর্ষয়িষ্যামি ভর্ত্তরি ॥ ১১ ॥
ততো যজ্ঞহনো নাম রাক্ষসঃ পর্ব্বতোপমঃ।
ক্রুদ্ধঃ পরিলিহন্ বক্ত্রং জিহ্বয়া বাক্যমব্রবীৎ ॥ ১২ ॥
মোদন্তাং রাক্ষসাঃ সর্ব্বে প্রিয়াভিঃ সহ সঙ্গতাঃ।
একোঽহং ভক্ষয়িষ্যামি সর্ব্বাংস্তান্ হরিযূথপান্ ॥ ১৩ ॥
কাময়স্ব যথাকামং রাক্ষসেন্দ্র তব প্রিয়াম্।
অহং রামং হনিষ্যামি সসহায়ং রণাজিরে ॥ ১৪ ॥

১০। লো-টী। অন্বচ্চ শ্রীমতো রাক্ষসেন্দ্রস্যাসং পরিভবঃ ঘোরো ভয়ানকঃ। সর্ব্বেষাং বলস্য সৈন্যস্য।

১৪। লো-টী। যথাকামং স্বেচ্ছামনতিক্রম্য কামং নির্ভয়ং যথা আস্স্ব তিষ্ঠ।

মণ্ডিবাকাম্ (কুম্ভবাকামিতি ক্বচিৎ পাঠঃ) ॥ ৮১ ॥

বিশেষতঃ, শ্রীমান্ রাক্ষসরাজ রাবণের নগরী ও অন্তঃপুরের, বানরকর্ত্তৃক এই ভীষণ পরাভব [কখনই উপেক্ষা করা উচিত নহে] ॥ ১০ ॥

আমি এই মুহূর্ত্তেই বানরদিগকে বধ করিয়া নিবর্ত্তিত হইব, প্রভুর প্রতি [এইরূপ] ভীষণ অবমাননা আমি কখনই সহ্য করিব না ॥ ১১ ॥

অনন্তর পর্ব্বতসদৃশ যজ্ঞহন-নামক রাক্ষস অত্যন্ত ক্রুদ্ধ হইয়া জিহ্বাদ্বারা বক্ত্র লেহন করিতে করিতে এই কথা বলিলেন— ॥ ১২ ॥

রাক্ষসগণ সকলে প্রিয়ার (রাক্ষসীর) সহিত মিলিত হইয়া আনন্দ উপভোগ করুক, আমি একাকীই সেই সকল বানরদলাধিপতিকে ভক্ষণ করিব ॥ ১৩ ॥

হে রাক্ষসরাজ, আপনি আপনার প্রিয়ার সহিত যথেচ্ছভাবে বিহার করুন, আমি রণক্ষেত্রে রামচন্দ্রকে সবান্ধবে বধ করিব ॥ ১৪ ॥

১। ঙ-খ 'বল-'। ২। ঘ '-রামপালেষ্বিতি' (?)। ৩। ঘ 'সংযুগাঃ'। ৪। খ '-পুঙ্গবান্'। ৫। ছ '-যথাস্ব', জ-খ যথাসুখ'। ৬। ছ-ঙ-ঘ 'ত্বমাপ্র-'। ৭। ঘ 'বধিষ্যামি'।

সুতোঽথ[1] কুম্ভকর্ণস্য কুম্ভঃ পরমকোপনঃ।
অব্রবীৎ পরমক্রুদ্ধো রাবণং লোকরাবণম্ ॥ ১৫ ॥
তিষ্ঠন্ত্বিমে মহারাজ সচিবাঃ সঙ্গতাস্তব[2]।
সুস্থাঃ ক্রীড়ন্তু নিশ্চিন্তাঃ পিবন্তু বরবারুণীম্ ॥ ১৬ ॥
অহমেকো হনিষ্যামি সুগ্রীবং সহলক্ষ্মণম্।
অঙ্গদং[3] সহনূমন্তং রামং শত্রুনি[4]বর্হ[5]ণম্ ॥ ১৭ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে মন্ত্রিবাক্যং
নাম একাশীতিতমঃ সর্গঃ ॥ ৮১ ॥

অনন্তর কুম্ভকর্ণের পুত্র অত্যন্ত ক্রোধপরায়ণ 'কুম্ভ' ক্রুদ্ধ হইয়া লোকরাবণ রাবণকে বলিলেন— ॥ ১৫ ॥

মহারাজ, এই মন্ত্রিগণ আপনার সহিত মিলিত হইয়া অবস্থান করুন এবং সুস্থশরীরে ক্রীড়া করত নিশ্চিন্ত হইয়া উত্তম মদ্য পান করুন।

আমি একাকীই লক্ষ্মণের সহিত সুগ্রীব, হনূমানের সহিত অঙ্গদ এবং শত্রুহন্তা রামচন্দ্রকে বধ করিব ॥ ১৬-১৭ ॥

মহর্ষি বাল্মীকিপ্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে মন্ত্রিবাক্য-নামক
৮১ম সর্গ সমাপ্ত ॥ ৮১ ॥

১। খ 'সুতো যঃ'। ২। ঘ 'সংহতা-', দ 'সহ সঙ্গতাঃ'। ৩। ঘ-খ 'সাঙ্গদং'। ৪। ক-খ '-নিসূদনম্'। ৫। ঘ-ছ '-হণ'।

(৮২) দ্ব্যশীতিতমঃ সর্গঃ

ততো নিকুম্ভো রভসঃ সূর্য্যশত্রুর্ম্মহাবলঃ[১] ।
সুপ্তঘ্নো যজ্ঞকোপশ্চ মহাপার্শ্বমহোদরৌ ॥ ১ ॥
অগ্নিকেতুর্ম্মহাবাহু[২] রশ্মিকেতুশ্চ রাক্ষসঃ ।
ইন্দ্রজিচ্চ[৩] মহামায়ো বলবান্ রাবণাত্মজঃ ॥ ২ ॥
প্রঘসোঽথ বিরূপাক্ষো বজ্রদংষ্ট্রো মহাবলঃ ।
ধূম্রাক্ষোঽথ প্রহস্তশ্চ[৪] দুর্ম্মুখশ্চৈব[৫] রাক্ষসঃ ॥ ৩ ॥
পরিঘান্[৬] পট্টিশান্ প্রাসান্ শক্তিশূলাসিমুদ্গরান্ ।
চাপানি নিশিতান্ বাণান্ গদাশ্চ কনকাঙ্গদাঃ ॥ ৪ ॥
প্রগৃহ্য পরমক্রুদ্ধাঃ সমুৎপত্য চ রাক্ষসাঃ ।
অব্রুবন্ রাবণং সর্ব্বে প্রদীপ্তা[৭] ইব তেজসা ॥ ৫ ॥

অনন্তর নিকুম্ভ, রভস, মহাবলশালী সূর্য্যশত্রু, সুপ্তঘ্ন, যজ্ঞকোপ, মহাপার্শ্ব, মহোদর, মহাবাহু অগ্নিকেতু, রশ্মিকেতু, রাবণপুত্র বীর মায়াবী ইন্দ্রজিৎ, প্রঘস, বিরূপাক্ষ, বলবান্ বজ্রদংষ্ট্র, ধূম্রাক্ষ, প্রহস্ত ও দুর্ম্মুখ প্রভৃতি রাক্ষসগণ সকলে পরিঘ, পট্টিশ, প্রাশ, শক্তি, শূল, মুদ্গর, চাপ, তীক্ষ্ণবাণ ও সুবর্ণালঙ্কৃত গদা প্রভৃতি অস্ত্র অত্যন্ত ক্রোধের সহিত গ্রহণ করত উত্তোলিত করিয়া যেন তেজে প্রদীপ্ত হইয়া রাবণকে বলিতে লাগিলেন — ॥ ১-৫ ॥

১। ঘ '-শূরঃ'। ২। ত-থ 'বীর্য্যবান্'। ৩। ত-থ '-বাহবঃ'। ৪। ঘ-ত '-স্তোহথ'। ৫। অতঃ পরং ছ-ত-দ-পুস্তকয়োঃ "অসহো (তথৈব ত-দ) বজ্রনাভশ্চ ভূরি- (ভূমি-) বেগশ্চ রাক্ষসঃ। বিদ্যুজ্জিহ্বো বজ্রশিখো (ত-দ '-হ্বোঽথ শিশিরা) মেঘবর্ণবরস্তথা।" ইত্যধিকম্। ৬। ছ-থ 'কুন্তান্', ত 'পাশান্'। ৭। ছ-ত-থ দ '-গ্নমিব'।

অদ্য রামং হনিষ্যামঃ[১] সসুগ্রীবং[২] সলক্ষ্মণম্ ।
কৃপণঞ্চ হনূমন্তং লঙ্কা যেন প্রধর্ষিতা ॥ ৬ ॥
তান্ গৃহীতা[৩]য়ুধান্ সর্ব্বান্ বারয়িত্বা বিভীষণঃ ।
অব্রবীৎ প্রাঞ্জলির্বাক্যং পুনঃ প্রত্যুপবেশ্য[৪] তান্ ॥ ৭ ॥
ত্রিভিরাদ্যৈরু[৫]পায়ৈস্তু যোঽর্থঃ প্রাপ্তুং ন শক্যতে ।
তস্য বিক্রমকালাংস্ত্রীন্ কথয়ন্তি মনীষিণঃ ॥ ৮ ॥
[৬]প্রমত্তেষ্বভিযুক্তেষু দৈবেনোপহতেষু চ ।
বিক্রমাস্তাত সিধ্যন্তি [৭]পরীক্ষ্য বিধিবৎ কৃতাঃ ॥ ৯ ॥
[৮]অপ্রমত্তং কথং রামং বিজিগীষুং রণে স্থিতম্ ।
জাতকোপং দুরাধর্ষং প্রধর্ষয়িতুমি[৯]চ্ছসি ॥ ১০ ॥

৮। লো-টী। ত্রিভিরুপায়ৈঃ সামদানভেদৈঃ। তস্য অর্থস্য।

৯। লো-টী। প্রমত্তেষু অনবহিতেষু, অভিযুক্তেষু অপরবৈরিণা রুদ্ধেষু। 'অভিযুক্তঃ পরৈ রুদ্ধে তৎপরেঽপ্যভিধেয়বদ্' ইতি কোষঃ।

১০। লো-টী। বিজিগীষুমিত্যনেন উভয়াভাবং দর্শয়তি। দুরাধর্ষং পরৈর্ধর্ষয়িতুমভিভবিতুমশক্যম্।

আমরা সুগ্রীব ও লক্ষ্মণের সহিত রামচন্দ্র এবং লঙ্কা-প্রধর্ষণকারী নীচ (দুর্ব্বৃত্ত) হনুমান্‌কে অদ্য বধ করিব ॥ ৬ ॥

বিভীষণ সেই সমস্ত অস্ত্রধারী রাক্ষসকে নিবারণ করিয়া পুনরায় তাহাদিগকে উপবিষ্ট করত বদ্ধাঞ্জলি হইয়া এইরূপ বলিলেন— ॥ ৭ ॥

সাম, দান ও ভেদরূপ প্রথম তিন প্রকার উপায়ে যে বিষয় লাভ করা যায় না, পণ্ডিতেরা সেই বিষয় লাভের জন্য বিক্রমপ্রকাশের তিনটি সময় বলিয়াছেন— ॥ ৮ ॥

অনবহিত, অন্য শত্রুদ্বারা আক্রান্ত, অথবা দৈবদুর্বিপাকে উৎপীড়িত ব্যক্তিদের উপর পরীক্ষাপূর্ব্বক ন্যায়ানুসারে প্রযুক্ত পরাক্রমই সফল হয় ॥ ৯ ॥

যুদ্ধে স্থির (দৃঢ়, অচঞ্চল) মত্ততাবিহীন জয়াভিলাষী জাতক্রোধ দুর্দ্ধর্ষ রামচন্দ্রকে কিপ্রকারে পরাভূত করিতে ইচ্ছা করিতেছ ? ॥ ১০ ॥

১। খ-ঙ-ঘ-গ 'বধিষ্যামঃ'। ২। খ 'সুগ্রীবং সহলক্ষ্মণম্'। ৩। খ-ঘ '-ত্যায়ু-'। ৪। খ '-বিশ্য'। ৫। খ '-শ্চ'। ৬। ছ 'প্রমত্তং হেতু যু-'। ৭। ঙ 'পরোক্ষে'। ৮। খ 'সুপ্র-'। ৯। ঙ-ঘ-খ '-মিচ্ছথ'।

সমুদ্রং[1] লঙ্ঘয়িত্বা হি ঘোরং নদনদীপতিম্ ।
গতিং হনুমতো লোকে কশ্চিন্তয়িতুমর্হতি ॥ ১১ ॥
বলান্যপরিমেয়ানি বীর্য্যাণি চ নিশাচরাঃ ।
পরেষাং সহসাবজ্ঞা ন কর্ত্তব্যা[2] কথঞ্চন ॥ ১২ ॥
কিঞ্চ রাক্ষসরাজস্য রামেণাপকৃতং[3] পুরা ।
আজহার জনস্থানাদ্ ভার্য্যাং যস্য মহাত্মনঃ ॥ ১৩ ॥
খরো[4] যদ্যতিবৃত্তস্তু রামেণ নিহতো রণে ।
অবশ্যং প্রাণিভিঃ প্রাণা রক্ষিতব্যা যথাবলম্ ॥ ১৪ ॥
রাজপুত্রী[5]নিমিত্তস্তু মহদ্[6] ভয়মুপাগতম্ ।
তস্মাৎ সীতা পরিত্যাজ্যা কুলার্থে নাত্র সংশয়ঃ ॥ ১৫ ॥

১১। লো-টী। লঙ্ঘয়িত্বা স্থিতস্য হনুমতো গতিং পন্থানম্ ।
১২। লো-টী। বলানি বীর্য্যাণি চ।
১৩। লো-টী। কিঞ্চ কিমপকৃতমিত্যম্বয়ঃ ।
১৪। লো-টী। অতিবৃত্তঃ অতিপতিতং বৃত্তং দুষ্টচরিতং যস্য সঃ। অতিক্রান্তং বৃত্তং সচ্চরিতং যেনেতি বা।

নদনদীপতি ভীষণ সমুদ্র উল্লঙ্ঘন করিয়া অবস্থিত হনুমানের গতি জগতে কে চিন্তা করিতে সমর্থ ? ॥ ১১ ॥

হে রাক্ষসগণ, শত্রুর সৈন্য এবং পরাক্রম অপরিমেয়; সুতরাং কোন প্রকারেই অবজ্ঞা করা উচিত নহে ॥ ১২ ॥

[রাবণ] যে মহাত্মার ভার্য্যাকে দণ্ডকারণ্য হইতে অপহরণ করিয়াছেন, সেই রামচন্দ্র পূর্ব্বে রাক্ষসরাজ রাবণের কি অপকার করিয়াছিলেন ? ॥ ১৩ ॥

যদিও রামচন্দ্র যুদ্ধে দুরাচার খরকে নিহত করিয়াছেন, তথাপি [রামচন্দ্রের কোন দোষ নাই, কারণ—] অবশ্যই প্রাণিগণের স্বীয় প্রাণ সামর্থ্যানুসারে রক্ষা করা উচিত ॥ ১৪ ॥

রাজনন্দিনী সীতার নিমিত্ত ভীষণ ভয় উপস্থিত হইয়াছে। অতএব বংশের রক্ষার নিমিত্ত তাহাকে পরিত্যাগ করা উচিত, এবিষয়ে কোন সন্দেহ নাই ॥ ১৫ ॥

১। ছ-ঙ-থ 'তু'। ২। ব 'কদাচন'। ৩। ঘ-থ '-স্কৃতং'। ৪। ত '-য়োহয়মতিবীর্য্যশ্চ'।
৫। ছ 'রামপত্নীনিমিত্তং হি', ঙ-ব '-পুত্রীনিমিত্তং হি'। ৬। ছ 'সুমহদ্ ভয়া-'।

কুলং রাক্ষসরাজ্যঞ্চ লঙ্কাঞ্চেমাং সরাক্ষসাম্ ।
ঐশ্বর্য্যঞ্চৈব[1] দুষ্প্রাপ্যং মত্বা সীতা প্রদীয়তাম্ ॥ ১৬ ॥
[2]ন তে ক্ষমং বীর্য্যবতা তেন ধর্ম্মানুবর্ত্তিনা ।
বৈরং নিরর্থকং কর্ত্তুং দীয়তাং তস্য মৈথিলী[3] ॥ ১৭ ॥
যাবন্নাশ্বগজাকীর্ণাং বহুরত্নসমাকুলাম্ ।
পুরীং দারয়তে তাবন্মৈথিলী তস্য দীয়তাম্[4] ॥ ১৮ ॥
যাবল্লক্ষ্মণবাণৌঘৈর্ভিন্নপ্রাকারতোরণা ।
ন ভস্মীক্রিয়তে লঙ্কা তাবৎ সীতা প্রদীয়তাম্ ॥ ১৯ ॥
যাবৎ সুঘোরা মহতী[5] দুর্দ্ধর্ষা হরিবাহিনী ।
নাবস্কন্দতি নো[6] লঙ্কাং তাবৎ সীতা প্রদীয়তাম্ ॥ ২০ ॥

১৬। লো-টী। কুলং পুলস্ত্যপ্রভবং কুলম্। রাক্ষসরাজ্যং রাজত্বম্।
১৭। লো-টী। নৈব তে তব ক্ষমং যুক্তম্।
২০। লো-টী। নাবস্কন্দতে ন নাশয়তি। 'পরিস্কন্দতি নো লঙ্কা'মিতি পাঠে নো নিষেধে। 'নাবস্কন্দতী'তি পাঠেঽপ্যয়মর্থঃ।

[স্বীয় শ্রেষ্ঠ] বংশ, রাক্ষসরাজ্য এবং রাক্ষসগণের সহিত এই লঙ্কানগরী ও দুষ্প্রাপ্য ঐশ্বর্য্য, এই সব বিষয় চিন্তা করিয়া সীতাকে প্রদান করুন ॥ ১৬ ॥

পরাক্রমশালী ধার্ম্মিক সেই রামচন্দ্রের সহিত আপনার নিরর্থক শত্রুতা করা যুক্তিযুক্ত নয়, মিথিলা-রাজনন্দিনী সীতাকে তাঁহার নিকট প্রদান করুন ॥ ১৭ ॥

অশ্ব-গজ-সমাকীর্ণা এবং বহুরত্নে পরিপূর্ণা লঙ্কানগরীকে [রামচন্দ্র] বিধ্বস্ত করিবার পূর্ব্বে মিথিলা-রাজনন্দিনী সীতাকে তাঁহার নিকট প্রদান করুন ॥ ১৮ ॥

লক্ষ্মণের বাণসমূহ প্রাচীর এবং তোরণ বিদীর্ণ করত লঙ্কানগরীকে ভস্মীভূত করিবার পূর্ব্বে সীতাকে প্রদান করুন ॥ ১৯ ॥

ভয়ঙ্কর দুর্দ্ধর্ষ বিশাল বানরসৈন্যগণ লঙ্কানগরীকে বিনষ্ট করিবার পূর্ব্বে সীতাকে প্রদান করুন ॥ ২০ ॥

১। ত-থ-দ '-ঞ্চ সুদুষ্প্রাপ্যং'। ২। থ-পুস্তকে অতঃ শ্লোকদ্বয়ং নাস্তি। ৩। অতঃ পরং দ-পুস্তকে "যাবল্লক্ষ্মণবাণৌঘৈর্ভিন্নপ্রাকারতোরণা। বৈরং নিরর্থকং কর্ত্তুং দীয়তাং তস্য মৈথিলী।" ইত্যধিকম্। ৪। খ-ঙ 'সংপ্রদীয়তাম্'। ৫। খ 'দুর্দ্ধর্ষা মহতী'। ৬। খ-ত-থ 'তে'।

বিনশ্যেত[১] পুরী লঙ্কা শূরাঃ সর্ব্বে চ রাক্ষসাঃ।
রামস্য যদি পত্নী সা ন স্বয়ং[২] প্রতিদীয়তে ॥ ২১ ॥

প্রসাদয়ে[৩] ত্বাং বন্ধুত্বাৎ[৪] কুরুষ্ব বচনং মম।
ব্রবীম্যহং হিতং পথ্যং দীয়তাং তস্য জানকী ॥ ২২ ॥[৫]

ন তে ক্ষমং বীর্য্যবতা মহৌজসা মহাত্মনা ধর্ম্মপরেণ ধীমতা।
নিরর্থকং বৈরমমিত্রঘাতিনা প্রদীয়তাং দাশরথায় মৈথিলী ॥ ২৩ ॥

পুরী বিশালা গজবাজিশোভিতা প্রভূতরত্না বররাক্ষসাবৃতা[৬]।
ন চেদিয়ং নশ্যতি[৭] বানরার্দ্দিতা প্রদীয়তাং দাশরথায় মৈথিলী ॥ ২৪ ॥

২১। লো-টী। বিনশ্যতি বিনঙ্ক্ষ্যতি।

[হে রাবণ,] আপনি যদি নিজে রামপত্নী সীতাকে প্রদান না করেন, তবে লঙ্কানগরী এবং সমস্ত বীর রাক্ষসগণ অবশ্যই ধ্বংসপ্রাপ্ত হইবে ॥ ২১ ॥

বন্ধুত্ব হেতু আপনাকে অনুরোধ করিতেছি, আমার বাক্য রক্ষা করুন। আমি হিতকর এবং উপযুক্ত কথা বলিতেছি, জনকনন্দিনী সীতাকে রামের নিকট অর্পণ করুন ॥ ২২ ॥

বলবান্ তেজস্বী মহাত্মা ধার্ম্মিক বুদ্ধিমান্ শত্রুহন্তা রামচন্দ্রের সহিত আপনার নিরর্থক বিরোধ করা উচিত নয়। অতএব, মিথিলা-রাজনন্দিনী সীতাকে দশরথ-তনয় রামচন্দ্রের নিকট প্রদান করুন ॥ ২৩ ॥

দশরথনন্দন রামচন্দ্রের নিকট মিথিলা-রাজনন্দিনী সীতাকে প্রদান করুন, যদি না করেন, তবে হস্তী এবং অশ্বশোভিতা বহু-রত্নপরিপূর্ণা রাক্ষসগণে পরিবেষ্টিতা এই বিশাল লঙ্কানগরী বানরগণকর্ত্তৃক আক্রান্ত হইয়া ধ্বংসপ্রাপ্ত হইবে ॥ ২৪ ॥

১। ছ-ঝ '-শ্যেচ্চ'। ২। গ-ছ 'স্বয়ং ন'। ৩। ছ-ঙ '-য়েঽহং'। ৪। ঙ 'বন্ধুং ত্বাং', দ 'বন্ধুত্বং'। ৫। অতঃ পরং ছ-ঝ-পুস্তকয়োঃ "যস্য বানরবারেণ পুরীয়ং ব্যাকুলীকৃতা। কথং তেন সহ যুধ্যেত বুদ্ধিমন্ রাক্ষসেশ্বর॥" ইত্যধিকম্। ৬। ছ 'সাবৃতা', দ '-সৈন্যতা'। ৭। ঙ 'পশ্যতি'।

পুরা শরান্ সূর্য্যমরীচিসন্নিভান্ নৃপাত্মজোঽসৌ নিশিতান্ সুপর্ব্বণঃ।
সৃজত্যমোঘান্ বিশিখান্ বধায় তে প্রদীয়তাং দাশরথায় মৈথিলী ॥ ২৫ ॥
পুরা রণে রাঘববাণপীড়িতা[১] দ্রবন্ত্যমী শোণিতরক্তমূর্দ্ধজাঃ।
নিশাচরাঃ সংযতি বানরার্দ্দিতাঃ প্রদীয়তাং দাশরথায় মৈথিলী ॥ ২৬ ॥
পুরা সুঘোরা হরিবাহিনী পুরীমিমামবস্কন্দ্য বলাৎ প্রধর্ষয়েৎ[২]।
দুরাসদা[৩] রাঘববাহুপালিতা প্রদীয়তাং দাশরথায় মৈথিলী ॥ ২৭ ॥
ন তে বিনশ্যেন্নগরী সরাক্ষসা সুদুর্ল্লভং জীবিতমাত্মনশ্চ[৪] তে।
কুরুষ্ব সত্যং সুহৃদাং হিতং বচঃ প্রদীয়তাং দাশরথায় মৈথিলী ॥ ২৮ ॥[৫]

২৫। লো-টী। পুরঃ পূরুষেব দর্শনমাত্রেণৈব শরান্ বিশিখাংস্তোমরাংশ্চ। 'বিশিখাস্তোমরে শরে' ইতি কোষঃ।

২৬। লো-টী। পুরা শীঘ্রমেব দ্রবন্তি দ্রবিষ্যন্তি। তিষ্ঠন্তি চেৎ, তদা শোণিতৈ রক্তা রঞ্জিতা মূর্দ্ধজা যেষাং তে ভবিষ্যন্তীত্যন্বয়ঃ। সংযতি যুদ্ধে।

২৭। লো-টী। অবস্কন্দ্য প্রাপ্য, প্রধর্ষিতা ভবিষ্যতীতি শেষঃ। 'প্রধর্ষিতে'তি পাঠে প্রাগল্‌ভাবতী ভবিষ্যতীত্যর্থঃ। দুরাসদা গ্রহীতুমশক্যা।

২৮। লো-টী। তে তব আত্মনো জীবনঞ্চ ন নশ্যেদিত্যর্থঃ।

অচিরেই আপনাকে বধ করিবার নিমিত্ত রাজপুত্র রামচন্দ্র সূর্য্যকিরণতুল্য তীক্ষ্ণ অব্যর্থ বাণসকল ক্ষেপণ করিবেন। [অতএব] মিথিলা-রাজনন্দিনীকে রামচন্দ্রের নিকট প্রদান করুন ॥ ২৫ ॥

অচিরেই যুদ্ধে বানরকর্ত্তৃক উৎপীড়িত এই রাক্ষসগণ রামচন্দ্রের বাণে জর্জ্জরিত হইয়া রক্তাক্ত মস্তকে পলায়ন করিতে থাকিবে। [সুতরাং] সীতাকে রামচন্দ্রের হস্তে প্রদান করুন ॥ ২৬ ॥

অচিরেই রামবাহু-পালিতা দুর্দ্ধর্ষ ভয়ঙ্কর বানরসেনা বলপূর্ব্বক এই লঙ্কানগরীকে আক্রমণ করিয়া পরাভূত করিবে ; [সুতরাং] সীতাকে রামচন্দ্রের হস্তে প্রদান করুন ॥ ২৭ ॥

আপনার এই রাক্ষসগণপরিপূর্ণা লঙ্কানগরী এবং সুদুর্ল্লভ স্বীয় জীবন যাহাতে ধ্বংস না হয়, তজ্জন্য বন্ধুগণের হিতকর বাক্য প্রতিপালন করুন। মিথিলা-রাজনন্দিনী সীতাকে দশরথনন্দন রামচন্দ্রের নিকট প্রদান করুন ॥ ২৮ ॥

১। খ-ছ-ত-দ '-তাড়িতা'। ২। ক '-প্রধর্ষিতা'। ৩। খ-ত 'দুরাধরা'। ৪। খ 'জীবন-'।
৫। অতঃ পরং চ-পুস্তকে "মহেন্দ্রবজ্রধ্বনমুষ্টিতং মহদ্ধনুর্ব্বরং কাঞ্চনবজ্রচিত্রিতম্। রণে শরান্ মুঞ্চতি বজ্রসন্নিভান্ প্রদীয়তাং দাশরথায় মৈথিলী ॥" ইত্যধিকম্।

ইমাং পরিত্রাহি পুরীং সরাক্ষসাং সমৃদ্ধমন্তঃপুরমগ্র্যমেব চ।
ত্বদাশ্রয়ং ভৃত্যজনং চ রাবণ প্রদীয়তাং দাশরথায় মৈথিলী ॥ ২৯ ॥

ত্যজস্ব কোপং[১] কুলকীর্ত্তিনাশনং[২] ভজস্ব ধর্ম্মং শুভকীর্ত্তিবর্দ্ধনম্[৩]।
প্রসীদ জীবেম সপুত্রবান্ধবাঃ[৪] প্রদীয়তাং দাশরথায় মৈথিলী ॥ ৩০ ॥

স যাবদেবেহ শরৈর্ন লক্ষ্মণঃ করোতি লঙ্কাং তপনীয়ভূষিতৈঃ[৫]।
মহীমিব প্রাবৃষি শস্যশালিনীং[৬] মহেন্দ্রতোয়ৈঃ[৭] প্রবলৈর্বিচিত্রিতাম্[৮] ॥ ৩১ ॥

ন[৯] লক্ষ্মণেন প্রহিতাঃ শরোত্তমা নগেষু শৈলেষু গজেষু বাজিষু।
মহৎসু বৈ কঙ্কটবর্ম্ম[১০]সন্ধিষু প্রসজ্জয়েরন্নিতি মে ধ্রুবা মতিঃ ॥ ৩২ ॥

২৯। লো টী। ইমাং পুরীমধস্থং দেহং ত্যক্ত্বা পরিত্রাং কুরুধ্বে ইতি পূর্ব্বক্রিয়য়া সম্বন্ধঃ। অন্তঃপুরমগ্র্যং শ্রেষ্ঠঞ্চ কুরুব। ভৃত্যজনং সমৃদ্ধঃ সোৎসাহং কুরুব।

৩১। লো-টী। শরৈর্বিচিত্রিতাং ন করোতি যাবৎ, তাবৎ প্রদীয়তামিতি পূর্ব্ব-ক্রিয়য়া সম্বন্ধঃ। মহাম্ভো যে ইন্দ্রগোপাঃ কীটবিশেষাঃ, তৈর্যথা ঈশ্বরঃ করোতি। 'মহেন্দ্র-তোয়ৈ'রিতি পাঠে মহেন্দ্র ইতি লোপ আর্ষঃ। মহেন্দ্র ইব।

৩২। লো টী। কঙ্কট উরশ্ছদম্বরপূরিতকবচঃ। 'উরশ্ছদঃ কঙ্কটকো জগরঃ কবচো-ঽস্ত্রিয়া'মিত্যমরঃ। 'জগরঃ কঙ্কটে যোগঃ সন্নহস্ত (?) উরশ্ছদ' ইতি বোপদেবঃ। বর্ম্ম তদুপরি কবচং অস্বং সন্ধিশ্চ তেষু চ মহৎসু ন প্রসজ্জয়েরন্ প্রসক্তা ভবন্তু। তান্ ভিত্ত্বা ভূমং প্রবিশন্তীত্যর্থঃ।

হে রাবণ, রাক্ষসগণের সহিত এই লঙ্কানগরী, সমৃদ্ধ ও শ্রেষ্ঠ অন্তঃপুর এবং আপনার আশ্রিত ভৃত্যবর্গকে রক্ষা করুন। মিথিলা-রাজনন্দিনী সীতাকে দশরথনন্দন রামচন্দ্রের নিকট প্রদান করুন ॥ ২৯ ॥

কুলকীর্ত্তিনাশক ক্রোধ পরিত্যাগ করুন এবং সুকীর্ত্তিবর্দ্ধক ধর্ম্মের ভজনা করুন, প্রসন্ন হউন, আমরা পুত্র ও বন্ধুগণের সহিত জীবিত থাকি। মিথিলা-রাজনন্দিনী সীতাকে দশরথনন্দন রামচন্দ্রের নিকট প্রদান করুন ॥ ৩০ ॥

বর্ষাকালে যেরূপ দেবরাজ ইন্দ্রের প্রবল জলবর্ষণে শস্যশালিনী পৃথিবী বিচিত্রিত হয়, সেইরূপ সুবিশ্রুত লক্ষ্মণের সুবর্ণশোভিত শরসমূহদ্বারা এই লঙ্কানগরীকে বিদ্ধ করিবার পূর্ব্বে সীতাকে প্রদান করুন ॥ ৩১ ॥

লক্ষ্মণকর্ত্তৃক প্রক্ষিপ্ত উৎকৃষ্ট বাণসমূহ মহীরুহ, পর্ব্বত, হস্তী, অশ্ব, উরশ্ছদ ও কবচের সন্ধিতেও আসক্ত হয় না অর্থাৎ তাহাও ভেদ করিয়া চলিয়া যায়— ইহা আমার ধ্রুব নিশ্চয় ॥ ৩২ ॥

১। খ 'সুখধর্ম্ম-'। ২। ছ 'কুলধর্ম্ম-'। ৩। ঘ-ঙ-থ '-রতি-'। ৪। থ 'সবান্ধবা বয়ং'। ৫। ত '-ভূষিতাম্'। ৬। ঘ-ছ '-মালিনীম্'। ৭। ছ-থ '-গোপপ্রতিমৈ-', দ '-ন্দ্রগোপৈঃ প্রচলৈর্ব্বিচিত্রিতাম্'। ৮। ত '-প্রবগৈঃ'। ৯। ত 'তে'। ১০। ছ 'চর্ম্ম-'।

[১]

পুরা পুরীয়ং কপিভির্মহাবলৈঃ প্রবৃদ্ধশৈলপ্রতিমৈঃ সমস্ততঃ।

অভিদ্রুতা বিদ্রুতরাক্ষসাঙ্গনা বিনশ্যতে ভগ্নবিটঙ্কতোরণা ॥ ৩৩ ॥

নিশাচরাশ্ছিন্নশিরোরুবাহবঃ পতন্তি ভূমৌ নিহতা ইব দ্রুমাঃ।

ক্ষুরপ্রবর্ষৈর্নিশিতৈর্মহাত্মনো ধনুশ্চ্যুতৈর্দাশরথেরিহাস্যতঃ ॥ ৩৪ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে বিভীষণবাক্যং নাম
দ্বাশীতিতমঃ সর্গঃ ॥ ৮২ ॥

৩৩। লো-টী। অভিদ্রুতা আগতৈঃ বিক্ষতাঃ ক্ষতীভূতা রাক্ষসাঙ্গনাঃ স্ত্রিয়ো যস্যাং সা। 'বিদ্রুত'ইতি পাঠে বিদ্রুতাঃ পলায়িতবত্যঃ। বিনশ্যতে বিনশ্যতি।

৩৪। লো-টী। 'শিরোরুবাহব' ইতি সন্ধিরার্ষঃ। ইহ যুদ্ধে অস্যতঃ ক্ষিপতঃ। 'পিণ্ডং দত্ত্বান্ গয়াশিরে' ইতি বৎ শিরঃশব্দোঽকারান্তো বা।

বিভীষণবাক্যম্ ॥ ৮২ ॥

অচিরেই মহাবলশালী উন্নত-পর্ব্বততুল্য বানরগণকর্ত্তৃক বিটঙ্ক এবং তোরণ ভঙ্গপূর্ব্বক লঙ্কানগরী আক্রান্ত হইয়া বিনষ্ট হইবে এবং রাক্ষসীগণ পলায়ন করিতে থাকিবে ॥ ৩৩ ॥

রাক্ষসগণ বাণক্ষেপকারী রামচন্দ্রের ধনুর্ম্মুক্ত অতি তীক্ষ্ণ শরদ্বারা মস্তকে, বক্ষে এবং বাহুতে বিদ্ধ হইয়া ছিন্ন বৃক্ষের ন্যায় ভূমিতে পতিত হইবে ॥ ৩৪ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে বিভীষণবাক্য-
নামক ৮২ম সর্গ সমাপ্ত ॥ ৮২ ॥

১। ক-পুস্তকে ইদং শ্লোকদ্বয়ং নাস্তি।

(৮৩) ত্র্যশীতিতমঃ সর্গঃ

বিভীষণবচঃ শ্রুত্বা ধর্ম্মার্থসহিতং হিতম্ ।
মন্ত্রিভিঃ সহ মেধাবী মন্ত্রয়ামাস রাবণঃ ॥ ১ ॥
বাক্যবিদ্ বাক্যকুশলো দৃপ্তো দৃপ্তসহায়বান্ ।
রাক্ষসাধিপতির্ব্বাক্যং যুক্তার্থমিদমাদদে ॥ ২ ॥
স্বশক্তিং পরশক্তিঞ্চ দেশকালঞ্চ তত্ত্বতঃ ।
সমীক্ষ্যারভতে কর্ম্ম[1] যঃ স বুদ্ধ[2] ইতি স্মৃতঃ ॥ ৩ ॥
অনর্থং সানুবন্ধং[3] যো বিদিত্বা সর্ব্বকর্ম্মসু[4] ।
অর্থমর্থানুবন্ধঞ্চ পর্য্যেষ্যতি[5] স পণ্ডিতঃ ॥ ৪ ॥

২ । লো-টী । দৃপ্তো বলোৎসাহযুক্তঃ । আদদে বক্তুমারভতে স্ম ।

৩ । লো-টী । বৃদ্ধঃ প্রাজ্ঞঃ । 'বুদ্ধ' ইতি পাঠে স এবার্থঃ । 'বৃদ্ধো জীর্ণে বুধে প্রাজ্ঞে বুদ্ধো জ্ঞাতে জিনে বুধে' ইতি ভূরি° ।

৪ । লো-টী । অনর্থং সংপ্রত্যস্মিন্ কর্ম্মণি কৃতে অয়মনর্থো ভবতি । সানুবন্ধং পশ্চাদবিষ্যমাণদোষসহিতং বিদিত্বাঽর্থং কার্য্যং কিংভূতমর্থং স্বকার্য্যানুরূপমনুবধ্নাত্যর্থানুবন্ধং পর্য্যেষ্যতি আরভতে । 'অনুবন্ধঃ শিশৌ দোষোৎপাদে মুখ্যানুযায়িনীতি' ভূরি° । সানুবন্ধং সমূলমিতি সর্ব্বজ্ঞঃ ।

রাবণ বিভীষণের ধর্ম্ম ও অর্থযুক্ত হিতকর বাক্য শ্রবণ করিয়া মন্ত্রিগণের সহিত মন্ত্রণা করিতে আরম্ভ করিলেন ॥ ১ ॥

বাগ্মী উৎসাহী এবং উৎসাহযুক্ত-সহায়সম্পন্ন রাক্ষসরাজ রাবণ এইরূপ যুক্তিযুক্ত বাক্য বলিতে আরম্ভ করিলেন— ॥ ২ ॥

যিনি স্বসামর্থ্য, পরসামর্থ্য, দেশ এবং কালের বিষয় সম্যক্ রূপে আলোচনা করিয়া কার্য্য করিতে আরম্ভ করেন, তিনি প্রাজ্ঞ বলিয়া কথিত হন ॥ ৩ ॥

যিনি প্রত্যেক কার্য্যে বর্ত্তমান এবং ভাবী দোষ অবগত হইয়া অর্থের অনুকূল কার্য্য আরম্ভ করেন, তিনিই পণ্ডিত ॥ ৪ ॥

---

১ । ছ 'কার্য্যং' । ২ । ছ 'বৃদ্ধ' । ৩ । ছ '-বন্ধ' । ৪ । ছ 'স্বকর্ম্মসু' । ৫ । ছ 'যঃ পর্য্যেতি' ।

সুব্যবস্থিতমন্ত্রেণ পরমর্ম্মাভিঘাতিনা।[1]
ভবিতব্যং নরেন্দ্রেণ ন কামবশবর্ত্তিনা।
ঐশ্বর্য্যমদমত্তেন সর্ব্বলোকাবমানিনা[2] ॥ ৫ ॥
অপ্রতর্ক্যমনিশ্চিন্ত্যং[3] দৈবং কর্ম্ম সনাতনম্।
অর্থানর্থফলং লোকে সর্ব্বপ্রাণিষু বর্ত্ততে ॥ ৬ ॥
তত্র যন্মানুষং কর্ম্ম ন কিঞ্চিদপরীক্ষিতম্।
যত্তু[4] তস্মানুষাদন্যদ্দৈবং তদসমীক্ষিতম্ ॥ ৭ ॥

৫। লো-টী। পরেষাং শত্রূণাং কর্ম্মাণি অভিগন্তুং শীলং যস্য তাদৃশেন ভবিতব্যম্, ন কামবশবর্ত্তিনা ন স্বেচ্ছাবশবর্ত্তিনা। তথা ঐশ্বর্য্যমদমত্তেন তথা সর্ব্বলোকেষু আত্মানমতিশয়িতং মন্যমানেন ভবিতব্যম্। 'অভিমানিনে'তি পাঠে সর্ব্বেষু লোকেষু অভিমানঃ প্রণয়ঃ স্নিগ্ধতা বর্ত্ততে যস্য তদ্বতা। 'অভিমানোঽর্থাদিদর্পে জ্ঞানে প্রণয়হিংসয়ো'রিতি কোষঃ।

৬। লো-টী। রাক্ষসেন্দ্রস্য তব প্রাচীনপুণ্যেনৈব রণং রামং জেষ্যামঃ, তত্রালং চিন্তয়েত্যত আহ—অপ্রতর্ক্যমিতি। দৈবং প্রাগ্ভবং শুভাশুভং কর্ম্ম সনাতনং নিরন্তরং যথা ভবতি, অর্থানর্থৌ ফলে যস্মাৎ তদর্থানর্থফলং তচ্চ অপ্রতর্ক্যং শুভং কর্ম্মাস্তীতি জ্ঞাতুমশক্যম্। অস্য বা তৎ পরাজয়হেতুকং বেত্যনিশ্চিন্ত্যং চিন্তয়িতুমশক্যম্। 'অবিচিন্ত্যঞ্চে'ত্যপি দৃশ্যতে পাঠঃ।

৭। লো-টী। অতো দৈবস্য হেতোর্মানুষং কর্ম্ম প্রতি ন হেলনং কার্য্যং জ্ঞানবিষয়ত্বাদিত্যাহ—তত্রেতি। তত্র তয়োর্দৈবমানুষয়োঃ কর্ম্মণোর্মধ্যে মানুষকর্ম্ম অপরীক্ষিতমজ্ঞাতং নাস্তি। অতো মানুষকর্ম্ম দৈবাতার্থং মন্ত্রণীয়মিতি। তে তথা মন্ত্রমূলানি কার্য্যাণি ভবন্তি।

রাজার সুনিয়ন্ত্রিত মন্ত্রণাসম্পন্ন এবং পরমর্মাভিঘাতী হওয়া উচিত; কিন্তু সমস্ত লোকের অপমানজনক ঐশ্বর্য্যগর্ব্বে গর্ব্বিত এবং স্বেচ্ছাচারী হওয়া উচিত নয় ॥ ৫ ॥

অজ্ঞেয় অচিন্তনীয় অর্থ এবং অনর্থের মূলীভূত জন্মান্তরীণ [শুভাশুভ] কর্ম্ম সমস্ত প্রাণীর উপর প্রবর্ত্তিত হয় ॥ ৬ ॥

তন্মধ্যে মনুষ্যকৃত কর্ম্ম কিছুই অপরীক্ষিত নয়, কিন্তু মনুষ্যকর্ম্ম ভিন্ন যে দৈবকর্ম্ম, তাহা অপরীক্ষিত ॥ ৭ ॥

১। ছ '-মর্ম্মাভিঘাতিনা'। ২। ছ '-মানিনা'। ৩। ছ 'অচিন্ত্যঞ্চ'। ৪। ছ 'যত্তু'।

অর্থানামনুপশ্যন্তি গতিং যে বুদ্ধিচিন্তকাঃ।
তান্ কৃতান্তঃ প্রভুর্ভূত্বা যথেষ্টমনুবর্ত্ততে ॥ ৮ ॥

কথং বানরমাত্রেণ লঙ্কা হ্যেবং বিগাহিতুম্।
শক্যা দৈবাদৃতে তস্মাদ্দৈবং সুমহদদ্ভুতম্ ॥ ৯ ॥

বিপন্নেষ্বপি কার্য্যেষু[1] যস্মাদ্ বৃত্তবলাবলাঃ।
নয়তোঽপি[2] বশং যান্তি তস্মান্মন্ত্রঃ[3] পরো নয়ঃ ॥ ১০ ॥

ব্রাহ্মণানামিবৌঙ্কারঃ প্রাধীতানামিহা[4]ভবৎ।
মন্ত্রমূলানি কর্ম্মাণি তথা রাজ্ঞাং বিশেষতঃ ॥ ১১ ॥

অধীতো হি যথৌঙ্কারঃ[5] শ্রুতিমার্গপ্রদর্শকঃ[6]।
কুরুতে তদ্বদেবেহ মন্ত্রঃ কর্ম্মপরিগ্রহে ॥ ১২ ॥

১২। লো-টী। শ্রুতিমার্গপ্রদর্শকঃ। 'শ্রুতিমার্গপ্রদর্শন'মিতি পাঠে শ্রুতিফলপ্রদর্শনং কুরুতে তথা পরিগ্রহে যুদ্ধস্বীকারে কর্ম্ম কুরুতে 'পরিগ্রহঃ পরিজনে পত্ন্যাং স্বীকারমূলয়ো'রিতি ভূরি০। যদ্বা, পরিগ্রহে পরিজনে।

যে সব চিন্তাশীল বুদ্ধিমান্ ঘটনার অবস্থা পর্য্যালোচনা করেন, দৈব সহায় হইয়া তাঁহাদের অনুকূল হয় ॥ ৮ ॥

দৈব ব্যতিরেকে কিপ্রকারে সাধারণ বানর লঙ্কায় প্রবেশ করিতে সমর্থ হইল ? অতএব, দৈবই অতি মহৎ আশ্চর্য্য ॥ ৯ ॥

যেহেতু কার্য্যসমূহ বিনষ্ট হইলেও প্রবল বা দুর্ব্বল শত্রুকে নীতি দ্বারাও বশীভূত করা যায়, অতএব মন্ত্রণা করা উত্তম নীতি ॥ ১০ ॥

ওঙ্কার যেমন ব্রাহ্মণগণের অধ্যয়নের মূল, সেইরূপ সমস্ত কার্য্যই মন্ত্রণামূলক, বিশেষতঃ রাজাদের ॥ ১১ ॥

অধীত ওঙ্কার যেরূপ বেদমার্গের প্রদর্শক হয়, মন্ত্রণা সেইরূপ কর্ত্তব্য কর্ম্মের পথ প্রদর্শন করে ॥ ১২ ॥

১। ক 'চার্থেষু'। ২। ছ 'ন সত্ত্বোঽপি'। ৩। ছ '-মন্ত্রপরো'। ৪। ছ '-মিবা-'। ৫। ছ 'যথোঙ্কারঃ'। ৬। ছ '-প্রদর্শনম্'।

যাদৃশৈর্ম্মন্ত্রিভির্ম্মন্ত্রঃ[১] পরিরক্ষ্যশ্চ যাদৃশৈঃ[২]।
[৩]রাজ্ঞো নয়বতো মন্ত্রঃ সর্ব্বমেতৎ সুনিশ্চিতম্ ॥ ১৩ ॥
[৪]যুক্তমষ্টাঙ্গয়া বুদ্ধ্যা সৌহার্দ্দগুণভূষণম্।
অথাভিজনসম্পন্নং রাজা মন্ত্রিণমিচ্ছতি।
বিপরীতস্ততঃ সর্ব্বো বর্জ্জনীয় ইতি স্মৃতিঃ ॥ ১৪ ॥
তস্মাৎ সর্ব্বৈ[৫]গুণৈর্যুক্তৈর্ভবদ্ভিঃ সহ মন্ত্র্যতে।
অত্রায়ং সর্ব্বসঙ্কল্পঃ[৬] শ্রূয়তাং নিশ্চয়ান্মম ॥ ১৫ ॥

১৩। লো-টী। স্বগোষ্ঠ্যাং কৃতো মন্ত্রঃ নয়বতো রাজ্ঞো যাদৃশৈর্মন্ত্রিভিঃ সহ মন্ত্রঃ কর্ত্তব্যঃ যাদৃশৈশ্চ পরিরক্ষ্যঃ এতৎ সর্ব্বং সুনিশ্চিতং শাস্ত্রবিদ্ভিঃ সুনির্ণীতম্।

১৪। লো-টী। তত্র সুমন্ত্রিণমাহ অষ্টাঙ্গয়া শুশ্রূষাগ্রহণসেবনাদিরূপাষ্টাঙ্গয়া। সৌহার্দ্দগুণো ভূষণং যস্য তম্।

১৫। লো-টী। পূর্বোক্তৈরষ্টাঙ্গরূপৈঃ।

নীতিজ্ঞ রাজার যেরূপ মন্ত্রিবর্গের সহিত মন্ত্রণা করা কর্ত্তব্য এবং যাদৃশ মন্ত্রিবর্গের সহিত সেই মন্ত্রণা রক্ষা করা উচিত, এই সমস্তই শাস্ত্রকারগণ উৎকৃষ্টরূপে নির্ণয় করিয়াছেন ॥ ১৩ ॥

রাজা অষ্টাঙ্গসম্পন্নবুদ্ধিযুক্ত সৌহার্দ্দরূপ গুণে অলঙ্কৃত খ্যাতিসম্পন্ন [বা সদ্বংশপ্রসূত] মন্ত্রী কামনা করেন; ইহার বিপরীত সর্ব্বপ্রকার মন্ত্রী বর্জ্জনীয় ॥ ১৪ ॥

অতএব, সর্ব্বগুণসম্পন্ন আপনাদের সহিত মন্ত্রণা করিতেছি; এই মন্ত্রণা বিষয়ে আমার নিশ্চয় হেতু সমস্ত সঙ্কল্প শ্রবণ করুন ॥ ১৫ ॥

১। ছ '-মন্ত্রাঃ'। ২। ছ 'যাদৃশঃ'। ৩। ছ 'রাজ্ঞা নয়বতা'। ৪। ছ 'সুষ্ঠা-'। ৫। ছ 'পূর্ব্বৈ-'। ৬। ছ '-সংক্ষেপঃ'।

ঐকমত্যঞ্চ ভবতাং যৎ কুর্য্যাত্নুপরোধনম্।

[১]কার্য্যৈকৈকার্থতাঞ্চৈব পরেষাং মম চৈব হি ॥ ১৬ ॥

বিদিত্বা মন্ত্র্যতাং মন্ত্রঃ সুবিনিশ্চয়লক্ষণঃ।

ন হি কারয়িতুং শক্যং [২]রাজ্যং চিরমনাময়ম্ ॥ ১৭ ॥

যঃ [৩]কার্য্যনিশ্চয়ং কৃত্বা বিষয়ান্ বিষয়াধিপঃ।

প্রাপ্তুং কাময়তে লোকে স রাজ্যফলমশ্নুতে ॥ ১৮ ॥

অর্থানর্থৌ বিমৃষতা চেষ্টমানেন নিশ্চিতম্।

ভবিতব্যং বিশেষেণ রাজ্ঞা নিত্যং [৪]মহাত্মনা ॥ ১৯ ॥

১৬-১৭। লো-টী। যোঽসৌ সর্ব্বসংক্ষেপস্তমাহ সার্দ্ধেন ঐকমত্যঞ্চেতি। ভবতাং যদৈকমত্যং পরেষামুপরোধনং কার্য্যপ্রধ্বংসং মম চ কার্য্যং কুর্য্যাদনুঞ্চ একার্থতাম্ একপ্রয়োজনত্বঞ্চ বিদিত্বা মন্ত্রো মন্ত্র্যতাম্। বিনিশ্চয়ো যস্য লক্ষ্যতেঽনেন ইতি বিনিশ্চয়লক্ষণঃ। মন্ত্রং বিনা চিরং বহুকালং রাজ্যমনাময়মুপদ্রবশূন্যং কারয়িতুমশক্যম্। যদ্বা, সবস্থা রাবণমুখেনৈব রাবণস্য ভাবামনিষ্টং সূচয়তি—মন্ত্রিভিঃ সহ মন্ত্রেঽপি রাজ্ঞো রাজ্যং চিরমনাময়ং কারয়িতুমশক্যম্।

১৮। লো-টী। তর্হি মন্ত্রণা ন কার্য্যা কিং তত্রাহ—মন্ত্রিভিঃ সহ কার্য্যনিশ্চয়ং কৃত্বা বিষয়ান্ দেশান্। 'কার্য্যবিষয়'মিতি পাঠেঽপি সোঽর্থঃ। তস্মান্মন্ত্রণমপি কার্য্যমিত্যর্থঃ।

১৯। লো-টী। কিঞ্চ বিমৃষতা পর্যামৃষতা নিশ্চিতং তয়োর্মধ্যে নিশ্চিতমর্থং চেষ্টমানেন কুর্ব্বতা জনেন ভবিতব্যম্।

আপনাদের ঐকমত্য শত্রুদের কার্য্যধ্বংস এবং আমার কার্য্য সম্পাদন করিবে। ইহা জানিয়া এবং একপ্রয়োজনত্ব অবগত হইয়া সুনিশ্চিতরূপে মন্ত্রণা করুন। মন্ত্রণা ব্যতিরেকে রাজ্যকে উপদ্রবশূন্য করা অসম্ভব। যে নৃপতি কার্য্য স্থির করিয়া দেশ অধিকার করিতে ইচ্ছা করেন, জগতে তিনিই রাজ্যফল ভোগ করেন ॥ ১৬-১৮ ॥

বিশেষতঃ, মহাত্মা নৃপতিগণ অর্থ এবং অনর্থ আলোচনা করিয়া যাহা নিশ্চয় করিবেন, সর্ব্বদা তদনুযায়ী কার্য্য করিবেন ॥ ১৯ ॥

১। ছ '-মেকা-'। ২। ছ 'কার্য্যং'। ৩। ছ '-নিশ্চয়ং'। ৪। ছ 'মনস্বিনা'।

১
অলক্ষ্যা হি যথা লোকৈর্ব্যোম্নি চন্দ্রার্কয়োর্গতিঃ।
নক্ষত্রাণাং গ্রহাণাঞ্চ তথা বৃত্তং মহাত্মনাম্ ॥ ২০ ॥
২
যঞ্চ পন্থানমাক্রম্য প্রয়াতি মনুজেশ্বরঃ।
তেনেশ্বরনিপাতেন পথা যাতি মহাজনঃ ॥ ২১ ॥
৩
বলস্য চতুরঙ্গস্য নায়কানুগতির্নয়ঃ।
যথা লোকে তথা রাজ্ঞো বৃত্তানুগমনং নয়ঃ ॥ ২২ ॥
পর্য্যাপ্তং চাপ্যভিজ্ঞানমিহ স্বাধীনতাং প্রতি।
যৎ প্রাপ্যাপীহ বৈদেহীং ন মাং সংস্পৃশতে মদঃ ॥ ২৩ ॥

২০। লো-টী। কিঞ্চ শক্রণাং গতিং দুর্বিভাব্যাং সদৃষ্টান্তমাহ—অলক্ষ্যা ইতি। মহাত্মনাং মহাবুদ্ধীনাং শক্রণাং বৃত্তং চরিত্রম্।

২১। লো-টী। কিঞ্চ নিপতনাপত্তিহেতোঃ লোকানুগ্রহার্থং নীতিরনর্থমনুসর্তব্যেত্যাহ—যশ্চেতি দ্বয়েন। ঈশ্বরস্য রাজ্ঞো নিপাতো নিশ্চয়েন পতনং গমনং যত্র তেন পথা।

২২। লো-টী। ন কেবলং মহাজনস্য রাজপথানুগমনম্, অপি স্বীয়লোকস্যাপীত্যাহ—বলস্য সৈন্যস্য বন্ধুবর্গস্য চ। 'চতুরঙ্গস্যে'তি ক্বচিৎ পাঠঃ। নায়কানুগতিঃ নায়কস্য রাজ্ঞোঽনুগতিঃ অনুগমনং নয়ো নীতিঃ। 'নায়কানুগত' ইতি ক্বচিৎ পাঠঃ। ন চ রাজ্ঞো লোকস্য বা অসদ্বৃত্তানুগমনং নীতিরিত্যাহ—যথেতি। যথা রাজ্ঞস্তথা লোকে লোকস্যাপি বৃত্তানুগমনম্।

২৩। লো-টী। যদি সদ্বৃত্তানুগমনং নীতিস্তর্হি বৈদেহ্যা হরণং কথং কৃতমিত্যাহ—পর্য্যাপ্তমিতি। স্বাধীনতাং বৃত্তানুগমনোচিতাং মদঃ কাম ইতি সর্ব্বজ্ঞঃ। যদ্বা, স্বাধীনতাং প্রতি জিতেন্দ্রিয়তাং প্রতি যদভিজ্ঞানং সর্ব্বতোভাবেন জ্ঞানং তদেতেনৈব পর্য্যাপ্তং কেন যস্মাদ্ মদঃ কামঃ। 'প্রাপ্তায়ামপি বৈদেহ্যা'মিতি ক্বচিৎ পাঠঃ।

যেরূপ আকাশে চন্দ্র, সূর্য্য, নক্ষত্র এবং গ্রহগণের গতি লক্ষ্য করা যায় না, মহাত্মাদিগের চরিত্রও সেইরূপ দুর্জ্ঞেয় ॥ ২০ ॥

নরপতি যে পথ অবলম্বন করিয়া গমন করেন, মহাজনগণ সেই নরপতির অনুসৃত মার্গই আশ্রয় করেন ॥ ২১ ॥

চতুরঙ্গ (হস্তী, অশ্ব, রথ, পদাতি) সৈন্যের যেরূপ নৃপতির অনুগমন করাই নীতি, সেইরূপ সাধারণ লোকেরও রাজচরিত্রের অনুসরণ করাই নীতি ॥ ২২ ॥

১। ছ 'লোকে ব্যোম্নি'। ২। ছ 'যচ্চ'। ৩। ছ '-কানুগতে'।

অত্র কেচিৎ কৃতাত্মানস্তপস্বিজনধর্ষণাৎ।

গর্হেয়ুস্তত্র মে বুদ্ধিরিয়ং প্রাগেব নিশ্চিতা ॥ ২৪ ॥

তাপসানামলঙ্কারং বনে ধারয়তা[১] কথম্।

বাণচাপাসিহস্তেন বিদ্রাব্যা বনচারিণঃ ॥ ২৫ ॥

নন্নু শান্তাত্মভির্নান সর্ব্বভূতদয়াপরৈঃ।

ভবিতব্যং ফলাহারৈর্নিত্যং চাশ্রমবাসিভিঃ ॥ ২৬ ॥

সূক্ষ্মরক্তাম্বরধরা তপ্তকুণ্ডলধারিণী।

কা দ্বিতীয়া যথা সীতা বসত্যাশ্রমবাসিনী ॥ ২৭ ॥

২৪। লো-টী। তপস্বিজনস্য রামস্য ধর্ষণাৎ পরাভবাৎ মামিতি শেষঃ।

২৫। লো-টী। অলঙ্কারং জটাচীরবল্কলং ধারয়তা রামেণ কথং বিদ্রাব্যা হিংসিতা ইত্যন্বয়ঃ। তস্মাত্তপস্বী ন ভবতীত্যর্থঃ।

২৭। লো-টী। তপ্তং তপ্তসুবর্ণং যথা বসতি তথা তপস্বিনাং দ্বিতীয়া পত্নী কা ঈদৃশীত্যর্থঃ। দ্বিতীয়া দ্বিপাদিঃ পত্ন্যোঃ পূরণে ভূতয়ে ত্রিষ্বিতি কোষঃ।

[আমার] স্বাধীনতার (অর্থাৎ জিতেন্দ্রিয়তার) বিষয়ে ইহাই যথেষ্ট নিদর্শন যে, এই লঙ্কায় সীতাকে লাভ করিয়াও মত্তত। আমাকে স্পর্শ করিতেছে না (তাহার প্রতি আমি বলপ্রয়োগ করিতেছি না)॥ ২৩ ॥

এবিষয়ে কোন কোন মাজ্জিত-বুদ্ধিসম্পন্ন ব্যক্তি তপস্বীর উপর অত্যাচার করিবার জন্য আমাকে নিন্দা করিবেন, সে বিষয়ে (তদুত্তরে) পূর্ব্বেই আমি এইরূপ বুদ্ধি (অর্থাৎ বক্তব্য) নিশ্চয় করিয়াছি ॥ ২৪ ॥

তপস্বীদিগের অলঙ্কার জটাবল্কল প্রভৃতি পরিধানকারী এই রামচন্দ্র ধনুর্ব্বাণ প্রভৃতি হস্তে ধারণ করিয়া বনে বনচরদিগকে ভীত করিবে কেন ? ॥ ২৫ ॥

আশ্রমবাসীদের সর্ব্বদা প্রশান্তচিত্ত, সর্ব্বভূতে দয়াপরবশ এবং ফলাহারী হওয়া উচিত ॥ ২৬ ॥

সীতার ন্যায় সূক্ষ্ম-রক্তবস্ত্র-পরিহিতা উজ্জ্বল-সুবর্ণকুণ্ডলধারিণী আশ্রমবাসিনী অপর কোন রমণী আছেন কি ? ॥ ২৭ ॥

১। ঘ '-বতাং'।

কেন নূপুরনির্ঘোষাঃ সকাঞ্চ্যাভরণস্বনাঃ।
শ্রুতপূর্ব্বা মনুষ্যেণ ধর্ম্মার্থং বসতা বনে ॥ ২৮ ॥

রাক্ষসানাং বধশ্চৈব যস্মাৎ তেন কৃতো মহান্।
তস্মাৎ স্বধর্ম্মচরণাদ্ বিনিবৃত্তস্তু রাঘবঃ।
রাক্ষসানাং বধাদেব গর্হ্যো হ্যেষ দিবৌকসাম্ ॥ ২৯ ॥

অবিহস্তঃ স্ববিদ্যাসু সংযুগেঽথ পরাক্রমে।
প্রহস্তঃ প্রথমং বাক্যমিদং বক্তুমুপাদদে ॥ ৩০ ॥

যৎ কিঞ্চিদ্ গুণসম্পন্নমনুরূপং মহাত্মনাম্।
চেষ্টিতং সর্ব্বভূতেষু সর্ব্বং তৎ ত্বয়ি বর্ত্ততে ॥ ৩১ ॥

কো হি নাম গুণৈর্যুক্তৈস্তৈস্তৈরেব[১] মহাবলৈঃ।
মন্ত্রমূলানি কর্ম্মাণি রাজন্নাত্মনি ভাবয়েৎ[২] ॥ ৩২ ॥

২৮। লো-টী। বনে ধর্ম্মার্থং বসতা কেন মনুষ্যেণ।

৩০। লো-টী। অবিহস্তঃ অবিকলঃ 'বিহস্তব্যাকুলৌ সমৌ' বিত্যমরঃ।

৩১। লো-টী। মহাত্মনামনুরূপং গুণসম্পন্নং গুণসম্পত্তিঃ। সর্ব্বভূতেষনুরূপং যচ্চেষ্টিতম্।

৩২। লো-টী। তৈস্তৈর্দশগুণৈর্নীতিশাস্ত্রাদিভিঃ সহ আত্মনি স্বস্মিন্ ভাবয়েৎ চিন্তয়েৎ। কোপি রাজনেতু (?) সর্ব্বজ্ঞঃ।

বনে ধর্ম্মের জন্য বাসকারী কোন্ মনুষ্য পূর্ব্বে নূপুরধ্বনি এবং কাঞ্চী ও অন্যান্য আভরণের শব্দ শ্রবণ করিয়াছেন? ॥ ২৮ ॥

যেহেতু সেই রামচন্দ্র রাক্ষসদিগকে বধ করিয়াছে, অতএব সে স্বীয় ধর্ম্মানুষ্ঠান হইতে নিবৃত্ত হইয়াছে। রাক্ষসদিগের বধের জন্যই এই রামচন্দ্র দেবতাদিগের নিকট নিন্দনীয় ॥ ২৯ ॥

অনন্তর যুদ্ধে পরাক্রম বিষয়ে স্বীয় বিদ্যায় সুনিপুণ প্রহস্ত প্রথমে এই কথা বলিতে আরম্ভ করিলেন ॥ ৩০ ॥

মহাত্মাদিগের অনুরূপ যে কোন গুণযুক্ত (অর্থাৎ উৎকৃষ্ট) কার্য্য সমস্ত প্রাণীতে বর্ত্তমান, সে সমস্তই আপনাতে বর্ত্তমান রহিয়াছে ॥ ৩১ ॥

১। ছ 'মহদ্গুণৈঃ'। ২। ছ 'ভাবয়ে'।

ভবন্তি হি বিশেষেণ নিত্যমুন্মত্তচারিণঃ।

রাজানঃ প্রসভং লোকে সমদা ইব হস্তিনঃ॥ ৩৩॥

ন কিঞ্চিদপ্যকর্ত্তব্যং[1] কৃতং নাপি করিষ্যতি।

ন হ্যেবংলক্ষণাদ্ধর্ম্মাদ্বিচলন্তি নয়ানুগাঃ॥ ৩৪॥

অথ যে সর্ব্বকার্য্যেষু চত্বারঃ সমুদাহৃতাঃ।

উপায়াঃ কার্য্যসিদ্ধ্যর্থং তান্ নিবোধ যদীচ্ছসি[2]॥ ৩৫॥

সাম চোপপ্রদানঞ্চ ভেদো দণ্ডশ্চ[3] সর্ব্বশঃ।

এতে সর্ব্বাত্মনা রাজ্ঞা প্রয়োক্তব্যা বিশেষতঃ॥ ৩৬॥

তত্র সাম প্রয়োক্তব্যমার্য্যেষু গুণবৎসু চ।

দানং লুব্ধেষু ভেদশ্চ শঙ্কিতেম্বিতি নিশ্চয়ঃ॥ ৩৭॥

মহারাজ, সেই সেই প্রসিদ্ধ গুণ এবং [আমাদের মত] মহাবলশালী বীরগণের সহিত যুক্ত হইয়া [আপনি ভিন্ন অপর] কোন্ ব্যক্তি নিজের সম্বন্ধে মন্ত্রমূলক কার্য্যসমূহ চিন্তা করেন? ॥ ৩২॥

সাধারণতঃ জগতে রাজারা মত্ত হস্তীর ন্যায় সর্ব্বদা অত্যন্ত স্বাধীন ও উন্মত্ত ভাবে বিচরণ করেন॥ ৩৩॥

আপনি কোন অকার্য্য করেন নাই এবং করিবেন না। নীতিমার্গানুসারী রাজারা এতাদৃশ ধর্ম্মমার্গ হইতে বিচলিত হন না॥ ৩৪॥

অনন্তর সমস্ত কার্য্যসিদ্ধির জন্য যে চারিটি উপায়ের কথা উক্ত আছে, যদি ইচ্ছা করেন, তবে তাহা শ্রবণ করুন॥ ৩৫॥

সাম, দান, ভেদ ও দণ্ড এই চারিটি উপায় রাজা সর্ব্বপ্রকারে প্রয়োগ করিবেন॥ ৩৬॥

সেই সাম, দান, ভেদ ও দণ্ডের মধ্যে গুনবান্ শ্রেষ্ঠ ব্যক্তিদিগের প্রতি সাম, লোভীদের প্রতি দান এবং শঙ্কিতব্যক্তিদের প্রতি ভেদ প্রয়োগ করা কর্ত্তব্য, ইহাই সিদ্ধান্ত॥ ৩৭॥

১। ছ 'ন হি কিঞ্চিদকর্ত্তব্যং'। ২। ছ 'যদিচ্ছসি'। ৩। হ '-গুণাপরঃ'।

দণ্ডো হীনেষু পাত্যস্তু নিত্যকালং দুরাত্মসু।

অপকারিষু চৈবেহ এষ শাস্ত্রবিনিশ্চয়ঃ ॥ ৩৮ ॥

যদা বিক্রমযোগেন রামোঽস্মান্ পূর্ব্বমাগতঃ।

কথং বলবতা শক্যঃ কর্ত্তুং দুর্ব্বলসংশ্রয়ঃ ॥ ৩৯ ॥

ননু নৈব বয়ং যুক্তাস্তেন সামাদিভির্গুণৈঃ।

দুর্ব্বলেন বলৈর্যুক্তাঃ[1] সর্ব্বযত্নৈঃ প্রযাচিতুম্ ॥ ৪০ ॥

তত্ত্বং[2] প্রতীহি পর্য্যাপ্তং দণ্ড এবাত্র[3] কারণম্।

উপায়াংস্ত্রীনতিক্রম্য যদ্দণ্ডপর[4] এব সঃ ॥ ৪১ ॥

৩৯। লো-টী। বলবতা ত্বয়া, দুর্ব্বলস্য রামস্য সংশ্রয়ঃ আশ্রয়ঃ।

৪০। লো-টী। বলৈঃ সৈন্যৈর্যুক্তা বয়ম্, তেন রামেণ দুর্ব্বলেন সমং নূনং সামাদিভিঃ প্রযাচিতুং নৈব যুক্তাঃ, সর্ব্বেষু কার্য্যেষু যত্নো যেষাং তৈঃ। বলৈরিত্যস্য বিশেষণম্।

৪১। লো-টী। অতঃ স্তব্ধমনস্কং রামং প্রতি এতদেব হি যুদ্ধমেব হি কারণং করণং করণীয়মিত্যর্থঃ, তদাহ—উপায়ানিতি। যদ্দণ্ড পরঃ অম্বিতঃ স রামঃ। 'তত্ত্বং প্রতীহি পর্য্যাপ্তং দণ্ড এবাত্র কারণ'মিতি পাঠে পর্য্যাপ্তং তত্ত্বং পরমার্থং প্রতীহি জানীহি। কিন্তৎ? অত্র রামে দণ্ডঃ কারণং করণমিত্যর্থঃ। 'কারণং করণে হেতুবধয়োশ্চ নপুংসক'মিতি কোষঃ।

হীন দুরাত্মাদিগের প্রতি এবং অপকারী ব্যক্তিবর্গের প্রতি সর্ব্বদাই দণ্ড-প্রয়োগ করা কর্ত্তব্য; ইহাই শাস্ত্রের নির্দ্ধারণ ॥ ৩৮ ॥

যখন রাম বলপ্রকাশপূর্ব্বক পূর্ব্বেই আমাদিগকে আক্রমণ করিয়াছে, তখন বলবান্ আপনি কিপ্রকারে দুর্ব্বল রামের আশ্রয় গ্রহণ করিতে পারেন? ॥ ৩৯ ॥

আমরা সৈন্যবলে সমৃদ্ধ, রাম দুর্ব্বল; তাহারই সর্ব্বপ্রযত্নে সামাদি-প্রয়োগে আমাদের নিকট যাচ্ঞা করা উচিত ছিল না কি? ॥ ৪০ ॥

আপনি যাথার্থই জানুন—দণ্ডই এক্ষেত্রে প্রয়োজ্য। যেহেতু, রাম তিন উপায় পরিত্যাগ করিয়া দণ্ডপ্রয়োগ করিয়াছে ॥ ৪১ ॥

১। ছ '-রত্নৈঃ'। ২। ছ 'তত্ত্বং'। ৩। ছ '-মেবহেবাত্র'। ৪। ছ '-দণ্ডঃ পর'।

এবং কৃতে যথান্যায়ং দণ্ড এবাত্র সাধকঃ।

সুখং চৈব হি সোঽর্থো নো হ্যনুরূপশ্চ সর্ব্বথা[1] ॥ ৪২ ॥

অথবা বৈ পরগুণাং বুদ্ধিং প্রত্যাদিশন্তি নঃ।

সামাদীনামিতঃ[2] কর্ত্তুং ভবেদ্ যুক্তং প্রবর্ত্তনম্[3] ॥ ৪৩ ॥

তত্রাপি সুমহান্ দোষঃ সর্ব্বথা প্রতিভাতি মে।

যৎ পরঃ[4] কৃতবান্ পূর্ব্বং প্রসভং দূতবিগ্রহম্ ॥ ৪৪ ॥

শাস্ত্রবিদ্বাক্যকুশলঃ সুহৃৎ সপ্রতিভঃ শুচিঃ।

কুলে মহতি চোৎপন্নো দূত এষ সতাং মতঃ ॥ ৪৫ ॥

৪২। লো-টী। এবং কৃতে দণ্ডার্থমুদ্যমে কৃতে, সাধকঃ ইষ্টসাধকঃ।

৪৩। লো-টী। 'অথবা বৈ পরগুণাং বুদ্ধিং প্রত্যাদিশন্তি ন' ইতি। পরগুণাং পরস্য শত্রোরস্মদ্গুণামনুকূলাং বুদ্ধিং নোঽস্মান্ ভবন্তঃ প্রত্যাদিশন্তি, কিন্তৎ? সামাদীনামিতি। 'অথবা পরবৈগুণ্যং বুদ্ধ্যা প্রত্যাদিশন্নপী'তি সম্যক্পাঠে পরস্য রামস্য বৈগুণ্যং গুণরাহিত্যং বুদ্ধ্যা প্রতিদিশন্ প্রকাশয়ন্নপি যৎ সামাদীনাং প্রবর্ত্তনং কর্ত্তুং যুক্তমিতি, নেতি শেষঃ।

৪৪। লো-টী। দূতবিগ্রহং দূতদ্বারেণ যুদ্ধম্।

৪৫-৪৬। লো-টী। শ্রীরামস্য দূতকরণানভিজ্ঞত্বং প্রদর্শয়ন্ দূতস্থানয়মাহ—শাস্ত্রবিদিতি দ্বাভ্যাম্। আত্মনো রামস্য কার্য্যবিঘাতার্থমনয়ং প্রদর্শয়ন্ বিগ্রহং কৃতবানিতি পূর্ব্বক্রিয়মাহস্মঃ।

যথাযথভাবে এইরূপ করিলে দণ্ডই এক্ষেত্রে ফলসাধক হইবে। দণ্ডপ্রয়োগই আমাদের পক্ষে সর্ব্বপ্রকারে অনুরূপ এবং তাহাই আমাদের সুখাবহ ॥ ৪২ ॥

অথবা, যদি এক্ষেত্রে সামাদি প্রয়োগ করা উচিত—এইরূপ শত্রুর অনুকূল বুদ্ধি পোষণ করিতে আমাদিগকে উপদেশ করেন, তাহাতেও অত্যন্ত দোষ দেখা যাইতেছে, যেহেতু শত্রু প্রথমেই বলপূর্ব্বক দূতদ্বারা যুদ্ধ করিয়াছে ॥ ৪৩-৪৪ ॥

শাস্ত্রবিৎ, বাক্যপ্রয়োগনিপুণ, প্রতিভাবান্, মনস্বী এবং সদ্বংশসম্ভূত—এইরূপ দূতই পণ্ডিতগণের অভিপ্রেত ॥ ৪৫ ॥

১। ছ 'সর্ব্বদা'। ২। ছ '-মতঃ'। ৩। ছ 'প্রবর্ত্তনম্'। ৪। ছ 'শত্রু-'।

বিপরীতগুণঃ সোঽয়ং[1] রামেণ প্রহিতশ্চরঃ।
আত্মকার্য্যবিধানার্থ[2]মনয়ং সংপ্রদর্শয়ন্ ॥ ৪৬ ॥
কুর্ব্বতশ্চেদৃশং কর্ম্ম কথং কার্য্যং হি শাসনম্।
যুদ্ধকামসহায়স্য বুদ্ধিমোহাদিহেশ্বর ॥ ৪৭ ॥
তস্মাদভ্যর্থিতঃ[3] শ্রীমান্ যুদ্ধকালোঽয়মাগতঃ।
চিরাৎ প্রভৃতি যোধানামনিশং যুদ্ধকাঙ্ক্ষিণাম্ ॥ ৪৮ ॥
গদাশ্চাপানি[4] শক্তীশ্চ[5] নূনং পরশ্বধাংশ্চ নঃ।
যুদ্ধেম্বাহর্ত্তু[6]মিচ্ছন্তি যোধা বিক্রমভূষণাঃ ॥ ৪৯ ॥

৪৭। লো-টী। যুদ্ধে কামোঽভিলাষো যেষাং তে বানরাঃ সহায়া যস্য তস্যেদৃশং দূতদ্বারেণ কর্ম্ম যুদ্ধং বুদ্ধিমোহাৎ কুর্ব্বতো রামস্য তব শাসনং কথং কার্য্যম্? হে ঈশ্বর! যদ্বা, যুদ্ধকামরাক্ষস-সহায়স্য তব বুদ্ধিমোহাদীদৃশং কর্ম্ম সীতাহরণং কুর্ব্বতঃ রামস্য শাসনমাজ্ঞা সীতাসমর্পণরূপং কার্য্যং কথম্? 'ঈশ্বর' ইতি সবিসর্গ-পাঠে যতস্ত্বমীশ্বরঃ।

৪৮। লো-টী। অভ্যর্থিতঃ প্রাপিতঃ।

৪৯। লো-টী। পারসবং লোহং তন্ময়াঃ পারসবাঃ। আহর্ত্তুং রণে শত্রূন্ আনেতুং প্রহর্ত্তুং বা।

রাম যে দূত প্রেরণ করিয়াছিল, সে ইহার বিপরীত-গুণসম্পন্ন। সে স্বকার্য্য-সিদ্ধির জন্য দুর্নীতি প্রদর্শন করিয়াছে ॥ ৪৬ ॥

রাজন্, যাহার সহায়গণ বুদ্ধিভ্রংশবশতঃ যুদ্ধার্থী এবং যে এতাদৃশ কার্য্য করিয়াছে, তাহার শাসন কিরূপে করা যায়? ॥ ৪৭ ॥

সুতরাং বহুকাল হইতে যুদ্ধাভিলাষী যোদ্ধৃবৃন্দের যুদ্ধের এই সুন্দর সুযোগ উপস্থিত ॥ ৪৮ ॥

আমাদের বিক্রমভূষিত যোদ্ধৃবৃন্দ যুদ্ধে গদা, চাপ, শক্তি, শূল ও পরশু গ্রহণ করিতে ইচ্ছা করেন ॥ ৪৯ ॥

১। ছ 'সোঽপি'। ২। ক-ছ '-বিধাতার্থ-'। ৩। ছ '-হিতঃ'। ৪। ছ '-চাপানি-'। ৫। ছ 'শূলং চাপি পরশ্বধান্'। ৬। ছ '-ষাদাতু-'।

সুব্যক্তং তৃষিতা ভূমিঃ শোণিতং পাতুমিচ্ছতি।

হতানাং সংযুগেঽস্মাভির্ব্বানরাণামিহেশ্বর ॥ ৫০ ॥

লক্ষ্মণঃ সহ রামেণ সুব্যক্তং শয়নং গতঃ।

ভবত্যধিগতঃ[১] কালে দুঃস্বপ্নপ্রতিবোধনঃ ॥ ৫১ ॥

কবন্ধনিকরা ভূমিঃ শোণিতার্দ্রবিলেপনা।

হতৈর্যোধৈঃ সুদর্শনৈর্নূনং হসিতুমিচ্ছতি ॥ ৫২ ॥

ব্যাদেশঃ সর্ব্বযোধানামদ্যৈব ক্রিয়তামিহ।

যেন যঃ সংযুগে রাজন্ হন্তব্যঃ[২] সমরে রিপুঃ ॥ ৫৩ ॥

৫১। লো-টী। অধিগতঃ আগতঃ লক্ষ্মণঃ শয়নং গতঃ মৃত্যুশয্যাং প্রাপ্তঃ, ভবতি ভবিষ্যতি। দুঃস্বপ্নস্য দুঃস্বপ্নফলস্য প্রতিবোধনমুদয়ো যস্মিন্ সঃ। কালে যুদ্ধকালে।

৫২। লো-টী। কবন্ধা বিকটাঃ পৃথবো যস্যাং সা পৃথুকবন্ধেত্যর্থঃ। 'বিকটো দন্তুরে পৃথা'বিতি ভূরি০। সুদর্শনৈঃ শোভনৈর্দন্তৈঃ।

৫৩। লো-টী। ব্যাদেশ আজ্ঞা, বিচিত্রা আদেশ ইতি সর্ব্বজ্ঞঃ। সস্তাহ্বাগং (?) যুগলং তত্র তস্মিন্ সমরে দ্বন্দ্বযুদ্ধে ইত্যর্থঃ।

প্রহস্তবাক্যম্ ॥ ৮৩ ॥

হে রাজন্, তৃষিতা পৃথিবী যে এই যুদ্ধে আমাদের হস্তে নিহত বানরগণের শোণিত পান করিতে ইচ্ছা করিতেছে,—ইহা সুস্পষ্ট ॥ ৫০ ॥

যথাকালে রামের সহিত সমাগত লক্ষ্মণ মৃত্যুশয্যায় শয়ন করিবে—তাহার সে [মহা-] নিদ্রা আর ভঙ্গ হইবে না ॥ ৫১ ॥

পৃথিবী নিশ্চয়ই আর্দ্রশোণিতলিপ্ত ও কবন্ধ-সমাকীর্ণ হইয়া নিহত যোদ্ধৃ-বৃন্দরূপ উত্তম দশনপংক্তির সাহায্যে হাস্য করিতে ইচ্ছা করিতেছে ॥ ৫২ ॥

রাজন্! আপনি অদ্যই এইস্থানে আদেশ করুন, দ্বন্দ্বযুদ্ধে কে কোন্ শত্রুর সংহার করিবে? ॥ ৫৩ ॥

১। ছ '-ত্যবগতঃ'। ২। ছ 'প্রবরো'।

১
উদ্যতাভির্গদাভিশ্চ রাক্ষসৈর্ব্বাহুশালিভিঃ।

বলং তালবনাকারং ভবত্বদ্ভুতদর্শনম্ ॥ ৫৪ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে প্রহস্তবাক্যং
নাম ত্র্যশীতিতমঃ সর্গঃ ॥ ৮৩ ॥

উদ্যত গদাসমূহে ও বিশালবাহু রাক্ষসবৃন্দে [আমাদের] বাহিনী তালবনের ন্যায় বিচিত্রদর্শন হউক ॥ ৫৪ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে প্রহস্তবাক্যনামক
৮৩ম সর্গ সমাপ্ত ॥ ৮৩ ॥

১। ছ '-ত্বাসিন্ধি-'।

(৮৪) চতুরশীতিতমঃ সর্গঃ

মহান্ বুদ্ধৌ চ যুদ্ধে চ যাতুধানোঽব্রবীদ্ বচঃ।
ইদং মতিমতাং[1] মধ্যে মতিযুক্তং মহোদরঃ ॥ ১ ॥

বিস্পষ্টং রাজচন্দ্রেণ বুদ্ধিরশ্মিময়ং মহৎ।
[2]যদুক্তং তেন তৎ সর্ব্বং সন্দিগ্ধমিব ভাষিতম্ ॥ ২ ॥

সংস্কৃতং হেতুসম্পন্নমর্থবচ্চ যদুক্তবান্।
প্রহস্তস্তদ্বচঃ সর্ব্বমস্মদ্বাক্যৈকতাং গতম্ ॥ ৩ ॥

মমাপি বচনং রাজন্ ব্রুবতঃ শ্রোতুমর্হসি।
প্রাগেব হি ময়া বুদ্ধ্যা বহুধা [3]তৎ সমীক্ষিতম্ ॥ ৪ ॥

২। লো-টী। বুদ্ধেরেব রশ্মিস্তন্ময়ং বুদ্ধিপূর্ব্বকং ভাষিতং বাক্যং যং তে ত্বয়া উক্তং তৎ সন্দিগ্ধমিব, অযুক্তার্থত্বাৎ।

৩। লো-টী। প্রহস্তশ্চ যদ্বচঃ 'সাম চোপপ্রদানঞ্চ ভেদো দণ্ডশ্চ সর্ব্বশ' ইত্যুক্তবান্, কিম্ভূতং বচঃ? সংকৃতং সম্যঙ্নীতিজ্ঞৈরনুষ্ঠিতম্। 'সংস্কৃত'মিতি পাঠে পূজিতম্। হেতুসম্পন্নং 'সর্ব্বথা সুমহান্ দোষঃ সর্ব্বদা প্রতিভাতি মে' ইত্যাদি। অর্থবৎ 'ব্যাদেশঃ সর্ব্বসৈন্যানাঞ্চৈব ক্রিয়তা'মিতি।

৪। লো-টী। নোঽস্মাকং বাক্যমেতৎ সর্ব্বং সর্ব্বেষাং যথা যথাবৎ সংবিদিতং জ্ঞাতং জ্ঞায়ত ইত্যর্থঃ।

বুদ্ধিমান্ এবং সংগ্রামনিপুণ মহোদরনামক রাক্ষস প্রাজ্ঞদিগের মধ্যে এইরূপ পাণ্ডিত্যপূর্ণ কথা বলিলেন— ॥ ১ ॥

মহারাজরূপ চন্দ্র বিবেচনাপূর্ব্বক অতি স্পষ্টভাবে বুদ্ধিজ্যোৎস্না-সমুদ্ভাসিত যে কথা বলিলেন, তৎ-সমস্তই সন্দেহযুক্ত ॥ ২ ॥

'প্রহস্ত' সাধুজনমান্য যুক্তি এবং অর্থপূর্ণ যে সমস্ত কথা বলিলেন, তৎসমস্তই আমাদের কথার অনুরূপ ॥ ৩ ॥

রাজন্, আমিও কিছু বলিতে ইচ্ছা করি, তাহা শুনিতে পারেন। আমি আমার বক্তব্য পূর্ব্বেই বহুবার স্বীয় বুদ্ধিদ্বারা বিবেচনা করিয়াছি ॥ ৪ ॥

১। ছ 'শ্রেষ্ঠো'। ২। ছ 'ত্বদ্বচঃ'। ৩। ছ 'যৎ'।

সর্ব্বেষামেব[১] নঃ সর্ব্বমেতৎ সংবিদিতং যথা।
ভিন্নং যে মন্ত্রিণো মন্ত্রমন্যোন্যেনাভিসংহিতম্[২]।
সহিতা হ্যনুবর্ত্তন্তে প্রীতিযোগাৎ পরস্পরম্ ॥ ৫ ॥
ভিন্না নৈকার্থতাং যান্তি কার্য্যেষু সুহৃদঃ সদা।
পরস্পরমতে রাজংস্তে[৩] হি চিত্তানুবর্ত্তিনঃ ॥ ৬ ॥
অভিন্নত্বং[৪] তু রাজেন্দ্র ভবত্যেকার্থতাং[৫] প্রতি।
যদি[৬] নিঃশ্রেয়সো মন্ত্রস্তৎ পরং ভূতিলক্ষণম্ ॥ ৭ ॥
এবঞ্চ মন্ত্রভেদশ্চ সংযোগশ্চ ন শোভনঃ।
উভৌ হ্যেতৌ মহাদোষৌ রাজ্ঞাং মন্ত্রবিনাশনৌ ॥ ৮ ॥

৫। লো-টী। ভিন্নং স্ব-স্ব-বুদ্ধৌ প্রতিভাতম্, অন্যোন্যেনাভিসংহিতং ন বিচারিতং পরস্পরপ্রীতিযোগাৎ সহিতা মিলিতা সন্ত অনুবর্ত্তন্তে তে মন্ত্রিণঃ। 'অন্যোন্যমভিসংহিত'মিতি পাঠঃ কচিৎ। 'অন্যোন্যং' নাভিসংহিতমপি। যথা, ভিন্নং স্বমতাদ্বিন্নমপি পরস্পরপ্রীতিযোগাৎ সহিতাঃ সন্তঃ অনুবর্ত্তন্তে গৃহ্লন্তি। নাহঙ্কারাৎ দূষয়ন্তি, ন বা উপেক্ষন্তে, ত এব মন্ত্রিণঃ।

৬। লো-টী। কার্য্যেষূপস্থিতেষু যে সুহৃদঃ সদা ভিন্নাঃ ভিন্নভিন্নমন্ত্রাঃ, তে একার্থতামেকপ্রয়োজনতাং ন যান্তি ন প্রাপ্নুবন্তি, হি যস্মাৎ পরস্পরং মতে স্বমতে চিত্তমনুবর্ত্তয়িতুং শীলং যেষাং তে স্ব-স্ব-মতমেব গৃহ্লন্তীত্যর্থঃ।

৮। লো-টী। সংযোগশ্চ মন্ত্রকালেঽনেকসংসর্গঃ।

আমাদের সকলেরই ইহা জানা আছে যে, মন্ত্রিগণ পরস্পর প্রণয় বশতঃ বিরুদ্ধ মতও মিলিত হইয়া গ্রহণ করেন ॥ ৫ ॥

[কেহ কেহ] সর্ব্বদা সৌহার্দ্দসম্পন্ন হইলেও কার্য্যক্ষেত্রে ভিন্ন-মতাবলম্বী। তাঁহারা নিজ নিজ মতেই চিত্তকে অনুবর্ত্তিত করিয়া পরস্পর একমত হইতে পারেন না ॥ ৬ ॥

মহারাজ, যদি কোন এক প্রয়োজনে সকলেরই মন্ত্রণা এক হয়, তবে সেই মন্ত্রণা রাজার ঐশ্বর্য্যের সূচনা করে ॥ ৭ ॥

অতএব, বিভিন্ন মন্ত্রণা এবং মন্ত্রণা-সময়ে অনেকের উপস্থিতি, এই দুইটী রাজার মন্ত্রণানাশক এবং অত্যন্ত অনিষ্টকারক ॥ ৮ ॥

১। ছ '-মেবং'। ২। ছ '-ভিসংহি'। ৩। ছ 'দূরাস্ত-'। ৪। ছ '-ন্নতাং'। ৫। ছ 'ভবত্যেকা-'।
৬। ছ 'যথা'।

হেতুভির্ভজমানৈশ্চ সবিশেষৈঃ পরীক্ষিতঃ।
আশ্রাবিতো বিশুদ্ধার্থো মন্ত্রঃ স পরমো মতঃ ॥ ৯ ॥

যুদ্ধকালমিমং সর্ব্বে বয়ং বিদ্মঃ সকারণম্।
তস্মাদ্ যুদ্ধবিধৌ রাজন্ বিচেতব্যং বলাবলম্ ॥ ১০ ॥

কে বয়ং কে পরে যুদ্ধে কানি প্রহরণানি চ।
দেশকালবলঃ[১] কশ্চ কেষামিহ সুখাবহঃ ॥ ১১ ॥

পরে চ নিরধিষ্ঠানাঃ সাধিষ্ঠানাশ্চ যদ্বয়ম্।
এষ চাভ্যধিকোঽস্মাকং গুণো গুণবতাং বর[২] ॥ ১২ ॥

৯। লো-টী। ভজমানৈর্ভক্তৈঃ সবিশেষৈঃ বিশেষজ্ঞৈঃ জনৈর্হেতুভিঃ পরীক্ষিতো বিচারিতো বিশুদ্ধার্থঃ পরিণামশুভঃ আশ্রাবিতঃ স্বামিনি কথিত ইতি সর্ব্বজ্ঞঃ। 'অশ্রাবিত' ইতি পাঠে স্বাম্যতিরিক্তজনে ন শ্রাবিতঃ।

১০। লো-টী। 'বিদ্মঃ' ইতি সবিসর্গঃ পাঠঃ। নির্বিসর্গোঽপি কুত্রচিৎ। ন কারণং নম (?) গোবৃন্দেঽহিতং পরস্যাবলবত্ত্বাদিতি (?) সর্ব্বজ্ঞঃ। 'সকারণ'মিতি পাঠে সীতায়া অসমর্পণমেব কারণং তৎসহিতং বিচেতব্যমন্বেষণীয়ম্।

১১। লো-টী। কে বয়ং কীদৃশা বয়ম্, পরে শত্রবোঽপি কে কীদৃশাঃ? দেশকালবলঞ্চ বিচেতব্যমিত্যন্বয়ঃ। ইহ এষু স্বেষু পরেষু মধ্যে কেষাং কঃ কো দেশঃ কো বা কালঃ সুখাবহ ইত্যর্থঃ। 'দেশকালবল' ইতি পাঠে কশ্চাবয়োর্মধ্যে দেশকালবলঃ দেশকালাভ্যাং বলং যস্য সঃ। কেষাঞ্চিৎ সুখাবহো বিগ্রহ ইতি সর্ব্বজ্ঞঃ।

১২। লো-টী। নিরধিষ্ঠানাঃ দুর্গমস্থানরহিতাঃ। স্পষ্টমন্যৎ।

অনুরক্ত এবং বিশেষজ্ঞ লোকদ্বারা সুপরীক্ষিত পরিণাম-সুখকর প্রভু ভিন্ন অন্যের নিকট সংগোপিত মন্ত্রই সর্ব্বোৎকৃষ্ট বলিয়া কথিত ॥ ৯ ॥

মহারাজ, আমরা সকলেই সীতাকে প্রত্যর্পণ না করার দরুণ বর্ত্তমান সময়ে যুদ্ধ হইবে বলিয়া মনে করি; অতএব, যুদ্ধ-বিষয়ে সামর্থ্য এবং অসামর্থ্য বিবেচনা করা উচিত ॥ ১০ ॥

যুদ্ধবিষয়ে আমরাই বা কিরূপ [শক্তিশালী] এবং শত্রুরাই বা কিরূপ [শক্তিশালী] এবং কাহাদের কিরূপ অস্ত্রশস্ত্র ও দেশ এবং কালের বলাবল কোন্ পক্ষে কিরূপ? ॥ ১১ ॥

শত্রুগণের কোন দুর্গম আশ্রয় নাই এবং আমাদের আশ্রয় আছে। হে গুণিশ্রেষ্ঠ, ইহাই আমাদের অধিক (উৎকৃষ্ট) গুণ ॥ ১২ ॥

১। ঙ '-বিবেকশ্চ'। ২। ঙ 'রাজন্'।

রক্ষসাং রজনীকালঃ সংযুগেষু প্রশস্যতে।
তস্মাদ্রাজন্ নিশাযুদ্ধে জয়োঽস্মাকং ন সংশয়ঃ ॥ ১৩ ॥
তত্র যোধৈর্যুযুৎসদ্ভির্নৈর্ঋতৈঃ শস্ত্রকোবিদৈঃ।
রাত্রিযুদ্ধং মহারাজ প্রয়োক্তব্যং বিশেষতঃ ॥ ১৪ ॥
কর্ত্তৃণাং কারণং হেতুর্গুণযুক্তং গুণাবহম্।
মন্ত্রশ্চাভ্যধিকো যুদ্ধে চারিত্র্যং[1] মহতামিব ॥ ১৫ ॥
এবং[2] দেশশ্চ কালশ্চ শক্তিশ্চ[3] বহুভির্গুণৈঃ।
অস্মাকং সর্ব্বমস্তীহ তস্মাদ্ যুদ্ধং বিধীয়তাম্ ॥ ১৬ ॥
শস্ত্রাণাং কবচানাঞ্চ কৃত্বা সম্যগুপার্জ্জনম্।
যুদ্ধমেবাভিগচ্ছামো বয়ং গুণসমন্বিতাঃ ॥ ১৭ ॥

১৫। লো-টী। কর্ত্তৃণাং প্রকৃতে যুদ্ধকর্ত্তৃণাং কারণং সাধনং ব্রহ্মাস্ত্রাদি। গুণযুক্তমুপক্রমোপগুণযুক্তং হেতুর্জয়ে, গুণাবহং কীর্ত্তিমানঞ্চ তথাপি মন্ত্রোঽপি অভ্যধিকঃ। 'অত্যধিক' ইতি ক্বচিৎ পাঠঃ। মহতাং সতাং চারিত্র্যং যথা গুণাবহম্।

রাত্রিকালই রাক্ষসদিগের পক্ষে যুদ্ধ করিবার প্রশস্ত সময়; অতএব হে মহারাজ, রাত্রিযুদ্ধে আমাদের জয় অবশ্যম্ভাবী ॥ ১৩ ॥

হে মহারাজ, অস্ত্রবিদ্যায় পারদর্শী সংগ্রামাভিলাষী রাক্ষস-যোদ্ধৃগণকর্ত্তৃক বিশেষভাবে রাত্রিযুদ্ধের অনুষ্ঠান করা উচিত ॥ ১৪ ॥

মহাত্মাদিগের চরিত্রের ন্যায়ই যুদ্ধে যোদ্ধাদিগের সমরসাধন অস্ত্রাদি এবং মন্ত্রণাসকল জয়ের কারণ হয় ॥ ১৫ ॥

নানাবিধ গুণের সহিত আমাদের [যুদ্ধোপযোগী] দেশ, কাল এবং সামর্থ্য সকলই আছে; অতএব যুদ্ধের আয়োজন করুন ॥ ১৬ ॥

শস্ত্র এবং কবচ বিশেষ ভাবে সংগ্রহ করিয়া বহুগুণে গুণবান্ আমরা যুদ্ধক্ষেত্রেই গমন করিব ॥ ১৭ ॥

১। ছ 'চারিত্রং'। ২। ছ 'এতদ্দে-'। ৩। ছ 'শক্তিভির্-'।

[১]নিহতানাং রণে তাবদ্বানরাণামিহেশ্বর।
পিবন্তু রুধিরং স্বাদু রাক্ষসাস্তৃষিতা ইব ॥ ১৮ ॥
রাঘবস্য রণে তাবদ্রণশৌণ্ডৈঃ সমাহিতম্।
ভবত্বধিরথৈঃ ক্ষিপ্রমাননং রুধিরোক্ষিতম্ ॥ ১৯ ॥
অভয়ং যাচমানৈশ্চ কূজদ্ভিশ্চ পরি[২]ক্ষতৈঃ।
[৩]বানরৈর্লক্ষ্যতাং ভূমিঃ কিঞ্চিৎপ্রমথিতৈর্ময়া ॥ ২০ ॥
যদি ব্যূহেন বা ব্যূহ্য যোদ্ধব্যং বা যথা[৪]তথম্।
তত্তদ[৫]দ্যৈব নঃ সর্ব্বমি[৬]হৈবাস্তু বিনিশ্চিতম্ ॥ ২১ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে মহোদরবাক্যং
নাম চতুরশীতিতমঃ সর্গঃ ॥ ৮৪ ॥

১৮। লো-টী। নিকৃত্তানাং ছিন্নানাম্।
১৯। লো-টী। রাঘবস্য আননং রণশৌণ্ডৈঃ সমাহিতং লক্ষীকৃতং রুধিরোক্ষিতং ভবতু।
২০। লো-টী। ময়া প্রমথিতৈর্বানরৈঃ কূজদ্ভিঃ ভূমিঃ লক্ষ্যতাং দৃশ্যতাম্।
২১। লো-টী। ব্যূহেনৈব যোদ্ধব্যমেব, যথা তথা যেন তেন প্রকারেণ, তত্তদা।
মহোদরবাক্যম্ ॥ ৮৪ ॥

হে প্রভো, যুদ্ধে নিহত বানরদিগের অতি সুস্বাদু রুধির রাক্ষসগণ তৃষ্ণার্ত্তের ন্যায় পান করুক ॥ ১৮ ॥

সমরকুশল রথারূঢ় রাক্ষসগণ কর্ত্তৃক লক্ষীকৃত হইয়া যুদ্ধে রামচন্দ্রের মুখমণ্ডল শীঘ্রই রক্তরঞ্জিত হউক ॥ ১৯ ॥

অভয়-প্রার্থনাকারী যুদ্ধোন্মত্ত শব্দকারী বানরগণ আমাকর্ত্তৃক কিঞ্চিৎ আহত হইয়া মাটীর দিকে চাহিয়া থাকুক (অর্থাৎ অধোমুখে ভূতলে পতিত হউক) ॥ ২০ ॥

সৈন্যসমূহদ্বারা ব্যূহ রচনা করিয়া অথবা যে কোন প্রকারেই হউক, যদি যুদ্ধ করিতে হয়, তবে অদ্যই এই স্থানেই আমাদের ঐ ঐ বিষয় সমস্ত স্থিরীকৃত হউক ॥ ২১ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে মহোদরবাক্য-
নামক ৮৪ম সর্গ সমাপ্ত ॥ ৮৪ ॥

১। ছ 'নিকৃত্তানাং'। ২। ছ 'রণোৎসুকৈঃ'। ৩। চ '-র্দক্ষ্যা'। ৪। ছ 'তথা'। ৫। ছ '-বাদ্যেব'। ৬। ছ 'বিশদাঃ'। অতঃ পরং চ-পুস্তকে "অনকাং সাগরং তর্ত্তুমপ্রবৃত্তা পুরা তথা" ইত্যধিকম্।

(৮৫) পঞ্চাশীতিতমঃ সর্গঃ

বৃহস্পতিসমো বুদ্ধ্যা সমরে চ দুরাসদঃ।
বিরূপাক্ষঃ ক্রমাপেক্ষী ততো বচনমব্রবীৎ ॥ ১ ॥
রথিনঃ সাদিনশ্চৈব গজারোহাশ্চ রাক্ষসাঃ।
পত্তয়শ্চ মহাকায়া বলমেতচ্চতুর্ব্বিধম্ ॥ ২ ॥
ব্যূহং[১] ব্যূহেন বিধিনা রাক্ষসৈঃ সুমহাবলৈঃ।
ন নিবর্ত্তয়িতুং শক্যং বানরৈরিতি মে মতিঃ ॥ ৩ ॥
স্থৈর্য্যং চ চলচিত্তেষু বানরেষু ন বিদ্যতে।
ন চ নিশ্চলচিত্তত্বমস্তি তদ্বানরে[২] বলে ॥ ৪ ॥

১। লো-টী। পাঠে ক্ষমং যুদ্ধমপেক্ষিতুমবেক্ষিতুং শীলং যস্য সঃ। ক্ষমা পৃথিব্যা-মপেক্ষাবানিতি বার্থঃ। 'ক্ষমা ভূমৌ তথা ক্ষান্ত্যাং স্ত্রিয়াং যুক্তে নপুংসক'মিতি কোষঃ।

৩। লো-টী। ব্যূহং কৃতমিতি শেষঃ। ব্যূহমিতি নপুংসকত্বমার্ষম্। 'ব্যূহঃ স্যাদ্বল-বিন্যাসে নির্ম্মাণে বৃন্দতর্কয়োঃ'রিতি কোষঃ।

৪। লো-টী। স্থৈর্য্যং স্থিরপ্রযত্নো নাস্তি তাবৎ নিশ্চলচিত্তত্বং চাঞ্চল্যাভাবমাত্রমপি নাস্তীত্যর্থ ইতি সর্গজ্ঞঃ। যদ্বা, ইদমবশ্যং কর্ত্তব্যমিতি স্থিরতা নাস্তি। ন চ ন বা, নিশ্চলচিত্তত্ব-মস্তীতি পাঠে। যদ্বা, বলে বলে চ ন চিত্তত্বং তম্মোহস্মাকং নাস্তি (?)।

অনন্তর বুদ্ধিতে বৃহস্পতিতুল্য যুদ্ধে দুর্দ্ধর্ষ ক্রমানুসারে অপেক্ষাকারী বিরূপাক্ষ বলিতে আরম্ভ করিলেন ॥ ১ ॥

রথারূঢ়, অশ্বারূঢ়, গজারূঢ় ও বিশালকায় পদাতিক সৈন্যসমূহ, এই চতুর্ব্বিধ রাক্ষসসৈন্য ॥ ২ ॥

মহাবলশালী রাক্ষসগণ কর্ত্তৃক নিয়মানুসারে রচিত ব্যূহ বানরগণ ভেদ করিতে পারিবে না বলিয়া আমার মনে হয় ॥ ৩ ॥

সেই বানরসৈন্যমধ্যে [কাহারও] চিত্তের স্থিরতা নাই। চঞ্চলচিত্ত বানরগণের কোন কার্য্যেরও স্থিরতা নাই ॥ ৪ ॥

১। ছ 'বিধৌ'। ২। ছ 'বধান-'

গর্জ্জিতাস্ফোটিতৈস্তত্র বহুভিশ্চ করস্বনৈঃ[১]।
অনবস্থিতচিত্তানাং দ্রবন্তীং পশ্য বাহিনীম্ ॥ ৫ ॥
রাক্ষসৈর্নিহতানাঞ্চ শরীরাণি বিভাগশঃ।
দৃশ্যন্তাং বানরেন্দ্রাণাং প্লবা ইব বিসর্পিণঃ ॥ ৬ ॥
রক্ষোমধ্যগতাঃ সন্তু সমরে তত্র বানরাঃ।
মেঘানামন্তরগতাঃ সূর্য্যস্যেব গভস্তয়ঃ ॥ ৭ ॥
তাড়িতানাং বিশীর্ণানাং[২] বিমলা দন্তপংক্তয়ঃ।
বানরাণাং প্রদৃশ্যন্তাং তুষারনিকরা[৩] ইব ॥ ৮ ॥
তত্র তত্র চ রাজেন্দ্র বানরৈর্নিহতৈশ্চিতা।
ভবত্বধিকয়া লক্ষ্ম্যা বল্মীকশবলেব ভূঃ ॥ ৯ ॥

৬। লো-টী। প্লবা ভেকা ইব বিসর্পিণো গচ্ছন্তঃ। 'প্লবঃ স্যাৎ প্লবনে ভেকে হরৌ চ শ্বপচেঽপি চে'তি বিশ্বঃ।

৭। লো-টী। মেঘানামিবেতি, মেঘৈর্যথা সূর্য্যগভস্তয়ঃ আব্রিয়ন্তে তথেত্যর্থঃ।

৮। লো-টী। তুষারনিকরা হিমসমূহাঃ।

৯। লো-টী। বল্মীকশবলা ইতি যথা ভূর্বল্মীকমিশ্রিতা তথা ভূর্হতবানরশরীর-মিশ্রিতা ভবত্বিত্যর্থঃ।

গর্জ্জন, আস্ফোটন এবং বহু হস্তধ্বনিসহকারে পলায়মান চঞ্চলচিত্ত বানরগণের সৈন্যসমূহ অবলোকন করুন ॥ ৫ ॥

রাক্ষসগণকর্ত্তৃক নিহত ভেকের ন্যায় গমনকারী শ্রেষ্ঠ বানরদিগের শরীরসমূহ দর্শন করুন ॥ ৬ ॥

মেঘাচ্ছাদিত সূর্য্যকিরণের ন্যায় সেই যুদ্ধে বানরগণ রাক্ষসগণকর্ত্তৃক পরিবেষ্টিত হউক ॥ ৭ ॥

আহত এবং জীর্ণ-শীর্ণ বানরদিগের শুভ্র দশনরাজি তুষাররাশির ন্যায় পরিদৃষ্ট হউক ॥ ৮ ॥

মহারাজ, যুদ্ধে নিহত বানরগণকর্ত্তৃক সমাকীর্ণ ভূভাগ বিচিত্র বল্মীকভূমির ন্যায় সমধিক শোভাযুক্ত হউক ॥ ৯ ॥

১। হ '-তৈঃ করনিস্বনৈঃ'। ২। হ 'বিশীর্ণাশ্চ'। ৩। হ '-রনিকরা'।

রাক্ষসা হি সুযুদ্ধেন ভবন্ত্বদ্য রণাজিরে।
আহারকলিতাঃ সর্ব্বে যুগপৎ কপিভোজনাঃ ॥ ১০ ॥

[১] উদ্ভূতং ধূমসঙ্কাশং রণসংমর্দ্দজং রজঃ।
শত্রূণাং প্রশমং যাতু হতানাং শোণিতাম্বুনা ॥ ১১ ॥

রাক্ষসৈর্ব্বিক্ষতাঙ্গাশ্চ[২] বানরাঃ প্রস্তরা[৩] ভুবি।
রুধিরস্রবণৈঃ[৪] সন্তু গৈরিকাণামিবাকরাঃ ॥ ১২ ॥

অস্মাকং সমরে[৫] তাবন্নিশিতাঃ[৬] শস্ত্রপাণয়ঃ।
শত্রূণাং জীবপুষ্পাণি বিচিম্বন্তু নগেম্বিব ॥ ১৩ ॥

সমরে বানরাঃ[৭] সন্তু শতশঃ শস্ত্রবিক্ষতাঃ।
শোণিতাম্বুপরিক্লিন্নাঃ সনির্য্যাসা ইব দ্রুমাঃ ॥ ১৪ ॥

১০। লো-টী। আহারকলিতা আকাঙ্ক্ষিতাহারা যুগপদেব কপিভোজনা ভবন্তু।
১২। লো-টী। বিক্ষতৈরঙ্গৈ রুধিরস্রবণৈর্বিশিষ্টা বানরা ভুবি সন্তু। গৈরিকাণামাকর-প্রস্তরা গৈরিকৈর্বিশিষ্টা ভবন্তি, তথা।
১৩। লো-টী। নিশিতাস্তীক্ষ্ণাঃ ক্রূরা ইতি যাবৎ। 'নিশ্চিতা' ইতি পাঠে রণং কর্ত্তুং নিশ্চিতার্থাঃ। নগেষু বৃক্ষেষু।

অদ্য রণক্ষেত্রে সমস্ত রাক্ষস তাহাদের অভিলষিত বানররূপ খাদ্য লাভ করিয়া যুগপৎ ভোজন করুক ॥ ১০ ॥

যুদ্ধকালীন পরস্পর সংঘর্ষোত্থিত ধূমসদৃশ ধূলিসমূহ নিহত শত্রুদিগের রুধিররূপ জলদ্বারা প্রশমিত হউক ॥ ১১ ॥

রাক্ষসগণ কর্ত্তৃক ক্ষতবিক্ষত-দেহ বানরগণ গৈরিকের আকর-প্রস্তরের ন্যায় ভূতলে পড়িয়া থাকুক ॥ ১২ ॥

লোকে হস্তদ্বারা যেরূপ বৃক্ষ হইতে পুষ্প চয়ন করে, সেইরূপ আমাদের তীক্ষ্ণ-অস্ত্রধারী সৈন্যগণ রণক্ষেত্রে শত্রুদিগের প্রাণ-পুষ্প চয়ন করুক ॥ ১৩ ॥

অস্ত্রবিক্ষত শত শত বানর যুদ্ধক্ষেত্রে নির্য্যাসযুক্ত বৃক্ষের ন্যায় রক্তাক্ত-কলেবরে অবস্থান করুক ॥ ১৪ ॥

১। ছ-পুস্তকে অয়ং শ্লোকো নাস্তি। ২। ছ '-বিক্ষতাঙ্গাশ্চ'। ৩। ছ '-প্রস্তরা'। ৪। ছ 'রুধিরপ্রস্রবৈঃ'। ৫। ক 'শিবিরে'। ৬। ছ '-নিশ্চিতাঃ'। ৭। ছ '-রাজয়'।

হতৈঃ শক্রশরীরৈশ্চ শতশোঽথ গতাসুভিঃ।
ভারার্ত্তা ভূমিরস্ত্বাশু কিংশুকাকরসন্নিভৈঃ ॥ ১৫ ॥
শাখামৃগাণাং সমরে শরীরং শস্ত্রসঙ্কুলম্‌।
বায়ুনা কর্ণিকারাণাং বনমুন্মথিতং যথা ॥ ১৬ ॥
ব্যাদেশঃ ক্রিয়তাং তাবন্মহাবীর্য্য মহারণে।
যস্তত্র প্রবরঃ শক্রুর্হন্তব্যঃ স ময়া বিভো ॥ ১৭ ॥
তঞ্চ হত্বা হনিষ্যামি যে তত্র সমনন্তরাঃ।
ভবিষ্যন্তি দ্বিষন্তো মে যে চ তত্র পদানুগাঃ ॥ ১৮ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে সুন্দরকাণ্ডে বিরূপাক্ষবাক্যং নাম
পঞ্চাশীতিতমঃ সর্গঃ ॥ ৮৫ ॥

১৫। লো-টী। কিংশুকাঃ পলাশবৃক্ষাঃ।
১৬। লো-টী। সুসংকুলা উন্মথিতা ভূমিরস্ত্বিতি পূর্ব্বেণান্বয়ঃ। উন্মথিতং নাশিতম্‌।
১৮। লো টী। সমনন্তরা অনুবর্ত্তিনঃ, তান্‌ হনিষ্যামি।

বিরূপাক্ষবাক্যম্‌ ॥ ৮৫ ॥

রাশি রাশি পলাশপুষ্পের ন্যায় শত শত আহত ও মৃত শক্রশরীরদ্বারা শীঘ্রই পৃথিবী ভারাক্রান্ত হউক ॥ ১৫ ॥

বায়ুদ্বারা উৎপাটিত কর্ণিকারবনের ন্যায় যুদ্ধক্ষেত্রে শস্ত্রাহত বানরগণের শরীরসমূহ পতিত হউক ॥ ১৬ ॥

হে প্রভো, হে মহাবীর, আপনি আদেশ করুন, সেই ভীষণ সমরক্ষেত্রে আমি পরাক্রান্ত সেই শক্রকে নিহত করিব ॥ ১৭ ॥

তাহাকে বধ করিয়া তাহার অনুগমনকারীদিগকে এবং যাহারা সেই যুদ্ধে আমার শক্রতাচরণ করিবে তাহাদিগকে বধ করিব ॥ ১৮ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের সুন্দরকাণ্ডে বিরূপাক্ষবাক্য-নামক
৮৫ম সর্গ সমাপ্ত ॥ ৮৫ ॥

১। ছ '-কাকার-'। ২। ছ '-রৈস্ত সুসঙ্কুলম্‌'।

(৮৬) ষড়শীতিতমঃ সর্গঃ

১
ধর্ম্মে চার্থে চ কুশলো ধৈর্য্যেণ চ সমন্বিতঃ।
অব্রবীন্মধুরং বাক্যমিদং ভূয়ো বিভীষণঃ ॥ ১ ॥
যৎ প্রিয়ঞ্চ হিতঞ্চৈব সানুবন্ধঞ্চ সর্ব্বশঃ।
ঊচুস্তন্মন্ত্রিণো বাক্যং বহু চৈব বিশেষতঃ ॥ ২ ॥
২
প্রাপ্য কার্য্যং গরীয়স্তু প্রিয়মুৎসৃজ্য দূরতঃ।
৩
হিতমেব হি বক্তব্যং সুহৃদা মন্ত্রিণা সদা ॥ ৩ ॥
৪
তব রাজেন্দ্র বিস্তীর্ণৈর্গুণৈর্ব্বিশ্রব্ধতাং গতঃ।
৫
ইমমর্থং প্রবক্ষ্যামি হিতবুদ্ধ্যা পরীক্ষিতম্ ॥ ৪ ॥

২। লো টী। সানুবন্ধং রণে ন কৃতে যো দোষোৎপাদস্তৎসহিতং বিশেষতো মন্ত্রিভেদেন চ বহু চ বাক্যং সর্ব্বশো গুণনিরূপণেন।

৪। লো-টী। বিশ্রব্ধতাং বিশ্বস্ততাং প্রাপ্তঃ। পরীক্ষিতং বিচারিতম্।

ধর্ম্ম এবং অর্থ বিষয়ে নিপুণ ধৈর্য্যশীল বিভীষণ পুনরায় এইরূপ মধুর বাক্য বলিতে আরম্ভ করিলেন— ॥ ১ ॥

মন্ত্রিগণ আপনার যাহা প্রিয় ও হিতকর এবং যুদ্ধ না করিলে যে সমস্ত দোষ হইতে পারে, তৎসমস্তই বিশেষ ভাবে বহুবার বলিয়াছেন ॥ ২ ॥

মহৎকার্য্য উপস্থিত হইলে হিতৈষী মন্ত্রীর সর্ব্বদা প্রিয় কথা দূর হইতে পরিত্যাগ করিয়া হিত কথাই বলা উচিত ॥ ৩ ॥

হে মহারাজ, আপনার সুবিস্তীর্ণ গুণরাশিদ্বারা বিশ্বস্ত হইয়া আমি হিতকর বোধে অর্থযুক্ত এবং সুপরীক্ষিত এই কথা বলিব ॥ ৪ ॥

১। ছ 'বীর্য্যেণ'। ২। ছ 'প্রাপ্তকালং'। ৩। ছ '-মেবেহ'। ৪। ছ 'রাজন্ গু-'। ৫। ছ 'হিতং'।

ইহ ধর্ম্মার্থকামানামবাপ্তিফলমিষ্যতে।

তত্রার্থঃ সহ কামেন নিরীক্ষ্যো ধর্ম্মচক্ষুষা ॥ ৫ ॥

পরিত্যজ্য হি[১] যো ধর্ম্মমর্থমর্থায় পশ্যতি।

কামং বা কামলাভায় ন স বৃদ্ধেষু[২] বুদ্ধিমান্ ॥ ৬ ॥

মন্ত্রিতোঽয়ং বহুবিধো নিঃসারঃ সারদর্শিভিঃ।

অমাত্যৈস্তব যো মন্ত্রঃ সন্নিয়োগাদ্বিগর্হিতঃ ॥ ৭ ॥

পরদারাভিমর্ষস্তু কো ধর্ম্ম ইতি বর্ণয়েৎ।

মতিমান্ রাজমন্ত্রেষু যথাবৎ কৃতনিশ্চয়ঃ ॥ ৮ ॥

৬। লো-টী। অর্থায় স্বাপেক্ষিতার্থং কামং স্ত্র্যাদি, কামলাভায় রত্যৈ বিশেষায়েত্যর্থঃ। বৃদ্ধেষু পণ্ডিতেষু মধ্যে।

৭। লো-টী। তব সন্নিয়োগাৎ তবাজ্ঞাতঃ যোঽয়ং মন্ত্রো মন্ত্রিতঃ, ততঃ সন্নিয়োগমবেত্য ইতি বা। নিঃসারঃ অর্থরহিতঃ বিগর্হিতশ্চ।

৮। লো-টী। যথাবৎ রাজমন্ত্রেষু কৃতো নিশ্চয়ো যেন সঃ।

এই সংসারে লোক ধর্ম্ম, অর্থ এবং কাম লাভ করিতে ইচ্ছা করে। তাহার মধ্যে ধর্ম্মরূপ চক্ষুদ্বারা কামের সহিত অর্থ দর্শন করা উচিত ॥ ৫ ॥

যে ধর্ম্ম পরিত্যাগ করিয়া অর্থের জন্য (অভীষ্ট সিদ্ধির জন্য) অর্থের, অথবা কামসুখ লাভ করিবার জন্য কামের আকাঙ্ক্ষা করে, সে পণ্ডিতদিগের মধ্যে বুদ্ধিমান্ বলিয়া গণ্য হয় না ॥ ৬ ॥

তত্ত্বার্থদর্শী অমাত্যগণ আপনার আদেশানুসারে এই যে মন্ত্রণা করিলেন, তাহা অসার এবং নিন্দিত ॥ ৭ ॥

রাজাদিগের মন্ত্রণা-বিষয়ে স্থিরসঙ্কল্প এরূপ কোন্ বুদ্ধিমান্ ব্যক্তি পরস্ত্রী-ধর্ষণকে ধর্ম্ম বলিয়া বর্ণনা করিতে পারেন ? ॥ ৮ ॥

১। ঙ 'তু'। ২। ক 'বুদ্ধিষু'।

যত্ত্বিদং কথ্যতে রামকৃতং ব্যুত্থিতলক্ষণম্।
তত্র কিং লক্ষ্যতে রামে ধর্ম্মাদ্ব্যুত্থিতলক্ষণম্ ॥ ৯ ॥
যদা চ ভবনাদ্রামশ্চাপপাণির্ব্বিনির্গতঃ।
ক্ষাত্রমেবাভিসন্ধায় ধর্ম্মাদ্বিচলিতঃ কথম্ ॥ ১০ ॥
যদি তস্য ব্যতিক্রান্তং ভবেদ্রামস্য ধীমতঃ।
ক্রিয়াতস্তস্য দোষো হি ন ভবেদ্বনবাসিনঃ ॥ ১১ ॥

